# মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | বৈশাখ, ১৩৪৯ | ১ম সংখ্যা

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY
75·6·3
·001/3

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

(ECONOMIC PROGRESS)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. *h.* BENOY KUMAR SARKAR, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent **bankers**, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

***N.B.*** About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

**Annual subscription Rs. 3/- (excluding postage).**

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE

**Section 1. Wealth of Bengal:** The Economic Transformations in Bengal during the War. Control of the Prices of Foodstuffs in Calcutta. Index Numbers of the Cost of Living of Calcutta Labourers. Forecasts of *Rabi* Crops. Forecasts of Wheat Crops. (pp. 1-3).

**Section 2. Economic India:** The Import and Export Trade of India in 1941-42. The Income of the State Railways. The Indian Wheat Production and the Export of Indian Wheat. Export of Indian Myrobalan. Export of Indian Cocoanut. (pp. 4-7).

**Section 3. World Economy:** The Number of Banks in America. American Currencies. Essential War Order in Great Britain. British National Expenditure. The Upper Limit of British Paper Currency. British Coal Control during the War British Tobacco and Cigarette Control. Australian Steel (pp. 8-10).

**Section 4. Men, Institutions and Movements:** The Immortal Rabindra Nath. Dr. A. C. Ukil on Nutritious Food Production in Bengal. Buying of Cloth by Bengal Government. Labour Control in Australia during the War and Government Policy on it. Sir Kingsley Wood on British Finance Bill. American Trade Commission in India. The next Session of the Bengal Legislative Assembly. Measures regarding the Evacuees in Bengal. (pp. 11-13)

**Section 5. Interviews:** Bengali Culture as a System of Mutual Acculturation. (pp. 14-22).

P24,083

**Section 6. World of Journals:** The Agricultural Situation. Crops and Markets. International Labour Review. (pp. 23-24).

**Section 7. Reviews:** *The War, First Year. The Second War of Independence. The Gold Rushes. The Integration of American Society. Citizens without Work: a Study of the Task of making a Living without a Job.* (pp. 25-26)

**Section 8. Bibliography:** 13 books announced. (p. 27).

**Articles:** Wages and Production.
By Sudha Kanta De, M.A., B.L. (pp. 28-32).

---


## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs 6. (Demy).

**The Political Philosophies since 1905.** Vol. I. Pages 401. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. **Part III.** Pages 368. Rs. 8. (Demy).

**The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).

**Introduction to Hindu Positivism.** Pages 770. Rs 16. (Royal).

**Creative India.** Pages 725. Rs. 15. (Demy).

**The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).

**Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).

**Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts Rs. 5. (Royal).

10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal

**N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL: Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 600. Rs. 12. (Royal)

—বাঙলার ও বাঙালীর নিজস্ব সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠান—

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

বাঙালী প্রতিষ্ঠিত, সম্পূর্ণ ভারতীয় আদর্শে ৩৪ বৎসরকাল সুপরিচালনের বাঙালীর নিজস্ব সর্ব্ববৃহৎ আর্থিক প্রতিষ্ঠান। ইহাতে জীবন বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

আপনার প্রয়োজন অনুযায়ী বিবিধ সুবিধাজনক বীমাপত্রের ব্যবস্থা আছে।

**আর্থিক পরিচয়**

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ১৬ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫৭ |
| মোট সম্পত্তি | ৪ |
| দাবী শোধ (১৯০৭-৪০) | ১ ২৫ ,, ,, ,, |

হিন্দুস্থানের বীমাপত্র যেমন নিরাপদ তেমন লাভজনক

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

ব্রাঞ্চ—বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।

এজেন্সি—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/
   The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
   The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
   Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2
   Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
   Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্ঃ**—যুদ্ধকালীন আর্থিক পরিবর্তন। কলিকাতায় খাদ্যদ্রব্যাদির দর নিয়ন্ত্রণ। জীবনযাত্রার সূচী সংখ্যা। বাংলার রবি-শস্যের পূর্ব্বাভাষ। বাংলায় গম চাষের পূর্ব্বাভাষ। ( ১-৩ )

**আর্থিক ভারতঃ**—১৯৪১-৪২ সনে ভারতে আমদানি ও রপ্তানি বাণিজ্য। সরকারী রেলওয়েসমূহের আয়। ভারতীয় গম। ভারতবর্ষের হরিতকী রপ্তানি। ভারতীয় নারিকেল রপ্তানির হিসাব। ( ৪-৭ )

**দুনিয়ার ধনদৌলতঃ**—আমেরিকায় চল্‌তি ব্যাঙ্কের হিসাব। আমেরিকায় প্রচলিত টাকার পরিমাণ। গ্রেটব্রিটেনে মূল কাজের চাহিদা। ব্রিটেনে ভারতীয় ব্যয়। বিলাতে কাগজী মুদ্রার উৎকর্ষসাধন। যুদ্ধে বিলাতী কয়লার নূতন অবস্থা। বিলাতী ধূমপায়ীদের অসুবিধা। অষ্ট্রেলিয়ার ইস্পাত সম্পদ। ( ৮-১০ )

**ব্যক্তি ও সঙ্ঘঃ**—রবীন্দ্রনাথের অমরতা। পুষ্টিকর খাদ্যের পরিকল্পনা। বাংলা সরকারের বস্ত্র ক্রয়। যুদ্ধের সময় অষ্ট্রেলিয়ায় শ্রমিক নিয়ন্ত্রণ। শ্রমিক সম্বন্ধে অষ্ট্রেলিয়ায় গবর্ণমেণ্ট নীতি। বৃটিশ ফাইনান্স বিল সম্বন্ধে কমন্স সভায় স্যার কিংসলী উড। মার্কিণ শিল্প মিশন। বঙ্গীয় আইন সভার অধিবেশন। আশ্রয়প্রার্থীদের সম্পর্কে ব্যবস্থা। ( ১১-১৩ )

**মোলাকাৎঃ**—বঙ্গ-সংস্কৃতির লেন-দেন। ( ১৪-২২ )

**পত্রিকা-জগৎ** ২৩

**সমালোচনা** ২৫

**গ্রন্থপঞ্জী** ২৭

**প্রবন্ধঃ**

**মজুরি ও উৎপাদন**—শ্রীরাধাকান্ত দে, এম এ, বি এল



## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও দ্বিজেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১।০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ।০।

**চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্**

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

বৈশাখ—১৩৪৯ ১৭শ বর্ষ—১ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাডাশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

CALCUTTA UNIVERSITY

পরাক্রমের মূর্ত্ত আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## যুদ্ধকালীন আর্থিক পরিবর্ত্তন

বর্ত্তমান বিশ্বযুদ্ধ আরম্ভ হওয়ার পর থেকে দুনিয়ার বিভিন্ন জনপদে আর্থিক ব্যবস্থার ওলোটপালোট হইয়া গেছে। ইতিপূর্ব্বে যুদ্ধ দূরে ছিল, কিন্তু জাপানের যুদ্ধ-ঘোষণার পর হইতে যুদ্ধ ঘরের দরজায় আসিয়া পৌঁছিয়াছে, বিশেষত বাংলা ও আসাম এক্ষণে যুদ্ধক্ষেত্রের খুবই কাছে আসিয়া পড়িয়াছে।

সামরিক ও অসামরিক দেশ-রক্ষার জন্য শত শত খাতে কোটি কোটি টাকা খরচ হইতেছে। শুধু জল, স্থল ও আকাশ সৈন্য বিভাগে যে বহু লোকের চাকরী জুটিতেছে, তা নয় ; অন্য অনেক নূতন চাকরীর সৃষ্টি হইয়াছে। যানবাহন, ডাকতার, রসদসংগ্রহ, এ আর পি, সিভিক গার্ড অনেক লোকের বেকার সমস্যা ঘুচাইয়াছে। আমরা চোখের সামনে দেখিতে পাইতেছি, অসংখ্য ট্রেঞ্চ খোঁড়া হইয়াছে, হাজার হাজার দেশী ও বিদেশী সৈন্য কলিকাতার ও অন্যান্য স্থানের রাস্তায় যাতায়াত করিতেছে, মাথার উপর এরোপ্লেন উড়িতেছে ; কিন্তু ইহার অন্তরালে দেশের আর্থিক গঠনে যে রূপান্তর ঘটিতেছে, তা দৃষ্টিগোচর হইতেছে না।

অন্য দিকে, দেশবাসীকে অনেক অসুবিধা ও নিয়ন্ত্রণ সহ্য করিতে হইতেছে। পেট্রোল হ্রাসে যানবাহনের এক দফা অসুবিধা ঘটিয়াছিল। তারপর নৌকা, সাইকেল ইত্যাদি সম্বন্ধে বিধি নিষেধের ফলে আরো এক দফা অসুবিধা হইয়াছে। বলা বাহুল্য, এই সব অসুবিধার প্রতীকারের উপায়ও লোকে উদ্ভাবন করিতেছে। অথবা নূতন অবস্থার সহিত খাপ খাওয়াইয়া লইতেছে। আমদানি রপ্তানি স্বাভাবিকভাবে হওয়া সম্ভব নহে। দেশের মধ্যে উৎপাদনও এত যথেষ্ট নয় যে আমাদের সকল অভাব পূরণ হইতে পারে। এই অবস্থায় টান যোগানের বৈষম্যের সুযোগ লইয়া অতিরিক্ত লাভের প্রত্যাশা জন্মিতে পারে,

কিন্তু তাতে সাধারণ ক্রেতার অসুবিধার অন্ত থাকে না। সেইজন্ত সরকার অত্যন্ত কঠোরভাবে অনেক জিনিষের দর বাঁধিয়া দিয়াছেন। কেহ এই নিয়ম লঙ্ঘন করিলে তার তৎক্ষণাৎ শাস্তি হইতেছে। এইভাবে অনেক ব্যবসায়ীর জরিমানা হইয়াছে। কলিকাতা গেজেটের বিভিন্ন সংখ্যা নাড়াচাড়া করিলে বুঝা যায়, এই দর সম্বন্ধে সরকার কিরূপ অবহিত আছেন। আরও খাদ্য বৃদ্ধির জন্ত সরকার হইতে প্রচেষ্টা চলিতেছে।

### কলিকাতায় খাদ্যদ্রব্যাদির দর নিয়ন্ত্রণ

কলিকাতায় বাংলা সরকার কর্তৃক বিভিন্ন প্রকার খাদ্য-দ্রব্যাদির খুচরা দর নিম্নভাবে নিয়ন্ত্রিত করা হইয়াছে :—লঙ্কা প্রতি সের—।৶০ ; হলুদ প্রতি সের—।৶০ হইতে ৷৹ ; মুগ দর্বীন ডাল প্রতি সের—৶০ ; অড়হর ডাল ( দ্বিতীয় শ্রেণী ) প্রতি সের—৵৬ পাই হইতে ৶০ ; কলাই ( দ্বিতীয় শ্রেণী ) প্রতি সের—৵৬ পাই হইতে ৵৯ পাই ; ছোলার ডাল ( দ্বিতীয় শ্রেণী ) প্রতি সের—৵৬ পাই ; ভাঙ্গা মুগের ডাল প্রতি সের—৶৬ পাই হইতে ।৹ ; খেসারীর ডাল প্রতি সের—৵৬ পাই ; ১নং আটা প্রতি সের—৶৯ পাই ; লাল চক্ষোমী হিন্দুস্থান আটা প্রতি সের—৶১০৷ পাই ; লাল আটা—৶৭৷ পাই ; সাদা আটা—৶১০৷ পাই ; নারিকেল তেল প্রতি সের—।৶০ ; ১নং সরিষার তেল প্রতি সের—।৹ ; ২নং সরিষার তেল প্রতি সের—।৶০ ; লবণ প্রতি সের—৵০ ; কেরোসিন তেল প্রতি ২৬ আউন্স বোতল—৶০ ; লাল কেরোসিন তেল প্রতি ২৬ আউন্স বোতল—৵৯ পাই ; পেট্রোল—১৸৶৬ পাই ; দিয়াশালাই ৮০ কাঠিযুক্ত প্রতি বাক্স—১ পাই ; ৪০ কাঠিযুক্ত বাক্স—৬ পাই ; ৪০ কাঠিযুক্ত প্রতি বাক্স—৪৷ পাই ; জ্বালানি কয়লা প্রতি মণ—১।০ আনা ; সাদা চিনি প্রতি সের—।/২ পাই ; মাকারি সাদা চিনি প্রতি সের—।/৬ পাই সাধারণ সাদা চিনি প্রতি সের—।/৩ পাই।

### জীবন-যাত্রার সূচী সংখ্যা

কলিকাতায় ও অন্যত্র জিনিষ পত্রের খুচরা দর নিয়ন্ত্রিত হইয়াছে। এই খুচরা দরের সম্পর্কে কলিকাতা ও আশেপাশের জীবন-যাত্রা নির্ব্বাহের খরচ জানা থাকিলে বর্ত্তমান অবস্থাটা মোটামুটি বুঝা যায়। ২১ মে ১৯৪২ তারিখে সাধারণ শ্রমিকের ঐ খরচ ও সূচী সংখ্যা নীচে দেওয়া হইতেছে :—

| | বিষয় | যুদ্ধ-পূর্ব্ব দর | বর্ত্তমান দর | যুদ্ধ-পূর্ব্ব দরকে ১০০ ধরিলে বর্ত্তমান সূচী সংখ্যা |
|---|---|---|---|---|
| | ডাল ( মুসরি, অড়হর, কলাই ছোলা, খেসারি,—গড়ে ) | ৵৪ পাই (প্রতি সের) | ৵৮ পাই (প্রতি সের) | |
| | চিনি ( দেশী ) | ।৬ | ।/৭৷ পাই | |
| | ঘী ( দেশী ও ডালডা ) | | ১৸৵০ | |
| | আটা ( চাকী, লাল ) | ৵৯ পাই | ৶৭৷ | |
| | ময়দা | ৵৩ | ৶৯ | |
| | সরিষার তৈল | ।৵৬ ,, | ।৶৩ | |
| | মসলা (জিরা, ধনে, হলুদ, লঙ্কা, গোলমরিচ) | ।/১১ ,, | ।৶১০ ,, | ১৩২ |
| ৮। | কেরোসিন তৈল | ৵৯ ,, প্রতি বোতল | ৶০ প্রতি বোতল | ১১১ |
| ৯। | লবণ | ৵০ প্রতি সের | ৵৭৷ পাই প্রতি সের | ১৬৩ |

| বিষয় | যুদ্ধ-পূর্ব্ব দর | বর্ত্তমান দর | যুদ্ধ-পূর্ব্ব দরকে ১০০ ধরিলে বর্ত্তমান সূচী সংখ্যা |
|---|---|---|---|
| কয়লা ( রাণিগঞ্জ ) | ।৹ প্রতি মণ | ১৲ প্রতি মণ | ২০৬ (?) |
| মোটা কাপড় (৮ রকম গড়) | ১৸৵১ পাই জোড়া | ৩৵৭ পাই জোড়া | ১৯৮ |
| চাউল ( ৮ রকম গড় ) | ৪৸৵৪½ পাই প্রতি মণ | ৮৸৵১½ পাই প্রতি মণ | ১৪৭ |
| দিয়াশালাই (৩ রকম গড়) | ৩½ পাই প্রতি বাক্স | ৬½ প্রতি বাক্স | ১৮০ |

| (ক) খাদ্য দ্রব্য | ভারসাম্য (ওয়েটেজ) | যুদ্ধ-পূর্ব্ব সূচী | বর্ত্তমান সূচী | ভারসাম্য × বর্ত্তমান সূচী |
|---|---|---|---|---|
| চাউল | ২৪ | ১০০ | ১৪৭ | ৩,৫২৮ |
| আটা ও ময়দা | ১১·৩ | ১০০ | ১৮৭ | ২,১১৩ |
| ডাল | ৬·৭ | ১০০ | ১১৪ | ৭৬৪ |
| ঘী | ৭·৭ | ১০০ | ১৩০ | ১,০০১ |
| তৈল | ৫ | ১০০ | ১১২ | ৫৬০ |
| লবণ ও মসলা | ৪·৩ | ১০০ | ১৪৮ | ৭৮৫ |
| চিনি | ৫ | ১০০ | ১২৫ | ৬২৫ |
| চা | ১ | | | ১০০ |
| দুধ | ৯ | | | |
| তরকারী ও মাছ | ২১ | | | ২,১০০ |
| | | | | ১২,৮৭৬ |
| | | | | ১২৯ |
| (খ) জ্বালানি ও বাতি | | | | |
| কেরোসিন তৈল | ৩১ | | | ৪,২৮৫ |
| কয়লা ও কাঠ | ৫১ | | | ৯,৩৩৩ |
| দিয়াশালাই | ৪ | | | ৭২০ |
| | | | | ১৬,০৩৮ |
| | | | সূচী | ১৬০ |
| (গ) মোটা কাপড় | ১০০ | ১০০ | ১৯৮ | |
| (ঘ) ও (ঙ) বিবিধ ও বাড়ীভাড়া পূর্ব্ববৎ। | | | | |
| মোট সূচী | | | | |
| (ক) খাদ্যদ্রব্য | ৫২·৫ | | | |
| (খ) জ্বালানি ও বাতি | ৭·৫ | | | ১,২০৯ |
| (গ) মোটা কাপড় | ৭ | | | ১,৩৮৬ |
| (ঘ) বিবিধ | | | | ১,৯০০ |
| (ঙ) বাড়ী ভাড়া | ১৪ | | | ১,৪০০ |
| | | | | ১২,৬৪৮ |
| | | | জীবনধারণ খরচা সূচী | ১২৭ |

## বাংলার রবি-শস্যের পূর্ব্বাভাষ

বাংলার ১৯৪১-৪২ সালের রবিশস্যের পূর্ব্বাভাষে প্রকাশ যে, আলোচ্য বৎসরে বৃষ্টি কম হওয়ায় এবং পঙ্গপাল ও শস্যের ক্ষতিকারক পোকার উৎপাতে রবিশস্যের অনেক ক্ষতি হইয়াছে। আলোচ্য বৎসরে বাংলা দেশে ৩৪,৮৮,২০০ একর জমিতে রবিশস্যের চাষ হইয়াছে বলিয়া অনুমিত হইয়াছে; পূর্ব্ব বৎসরে ৩৪,৭৯,০০০ একর জমিতে এরূপ চাষ হইয়াছিল। ইহার মধ্যে গ্রীষ্মকালীন ধানের চাষ হইয়াছে ৪,৪৩,৬০০ একর জমিতে এবং তামাকের চাষের জমির পরিমাণ হইতেছে ৩,২১,৫০০ একর; পূর্ব্ব বৎসরে ধান ও তামাক চাষের জমির আয়তন ছিল যথাক্রমে ৪,৩৭,৪০০ একর এবং ৩,২১,৮০০ একর। আলোচ্য বৎসরে প্রতি একর জমিতে ১৪৫০ মণ হারে গড়পড়তায় চাউল উৎপাদিত হইয়াছে এবং এইরূপ উৎপন্ন চাউলের মোট পরিমাণ হইতেছে ২,১৭,২০০ মণ; পূর্ব্ব বৎসরে এইরূপ উৎপন্ন চাউলের পরিমাণ ছিল ২,০২,৭০০ মণ। যদি প্রতি একর জমির তামাক উৎপাদনের পরিমাণ গড়পড়তায় ৯৮৬ পাউণ্ড ধরা যায়, তাহা হইলে বর্ত্তমান বৎসরে উৎপন্ন তামাকের পরিমাণ দাঁড়াইবে ১,১৬,০০০ টন. পূর্ব্ব বৎসরে ১,০৮,৩০০ টন তামাক উৎপন্ন হইয়াছিল।

( আর্থিক জগৎ )

## বাংলায় গম চাষের পূর্ব্বাভাষ

১৯৪১-৪২ সালে বাংলায় গম চাষের তৃতীয় পূর্ব্বাভাষে ১,১০,০০০ হাজার একর জমিতে গমের চাষ হইয়াছে বলিয়া অনুমিত হইতেছে; পূর্ব্ব বৎসরে গম চাষের জমির পরিমাণ ছিল ১,৬২,১০০ একর। যদি প্রতি একর জমিতে গড়পড়তায় ৯ মণ ২৪ সের করিয়া গম জন্মে তাহা হইলে আলোচ্য বৎসরে বাংলাদেশে ৪৫,৬০০ টন গম উৎপন্ন হইবে বলিয়া আশা করা যায়; পূর্ব্ব বৎসরে ৩৪,০০০ টন গম উৎপন্ন হইয়াছিল। ( আর্থিক জগৎ )

## ১৯৪১-৪২ সনে ভারতে আমদানি ও রপ্তানি বাণিজ্য

১৯৪১ সনের এপ্রিল মাস হইতে ১৯৪২ সনের মার্চ মাস পর্য্যন্ত ভারতের আমদানি ও রপ্তানির মোট মূল্য নিম্নরূপ :—

| | আমদানি | রপ্তানি |
|---|---|---|
| মাছ ( টিনে সংরক্ষিত মাছ বাদে ) | | |
| ফল ও সব্জী | | |
| শস্য, ডাল ও ময়দা | | |
| মদ | | |
| বিস্কুট, কেক্ ইত্যাদি | | |
| মসলা | | |
| চিনি | ৩,১৭৮,৪৪৮ | |
| চা | ৩৯২,৭৬৫,১৭৫ | |
| তামাক | ২১,৯৮৮,৭০১ | |
| কয়লা | ১৪,৬৪২,১৪৩ | |
| পশুর খাদ্য | ৫৪৩,২২২ | |
| কাঁচা চামড়া | ৪৭,৭৪৭,৩৩১ | |
| ভেষজ, পনিজ ও প্রাণিজ তৈল | | |
| ঘইল | | |
| কাগজের সরঞ্জাম | | |
| রবার | | |
| বীজ | | |
| মোম ও চর্বি | | |
| তুলা | | |
| পাট | | |
| রেশম ও রেশমের শুটী | | |
| কাঁচা পশম | | |
| কাঠ | | |
| অস্ত্র ও গোলা বারুদ | | |
| ঔষধ ও রাসায়নিক দ্রব্য | | |
| ছুরি কাঁচি ইত্যাদি | ৫৪,৩৮৪,১৮৭ | |
| রং ও রঞ্জন দ্রব্য | ৬৯,৬২২,২৯৫ | |
| বৈদ্যুতিক সরঞ্জাম ও কলকব্জা | ২৪,০০৮,২২৪ | — |
| কাঠের আসবাব পত্র | ১,৭৮৬,৬২৫ | ২৮৭,৫৭৪ |
| কাঁচ ও মাটির জিনিষ | ১০,০২১,৪৬১ | ১,২৮৪,৬২৩ |
| ট্যান করা চামড়া | ৬,২৯০,৪২৭ | ৬০,২৫৮,৫৪১ |
| কলকব্জা | ১৩৭,২৯১,৮৬৩ | ৬৫৩,২৪২ |
| লৌহ ও লৌহ নির্ম্মিত জিনিষ | | |
| কাগজ, পেষ্টবোর্ড ও ষ্টেশনারী জিনিষ | | |
| রবারের জিনিষ | | |
| মোটরকার ও অন্যান্য যান | ১৩০,৩৪৬,৩৪৩ | |
| কার্পাস বস্ত্র ও সূতা | ৬৭,৯১১,৩৮৪ | |
| পাটের সূতা ও থলে চট ইত্যাদি | | |

| | | |
|---|---|---|
| রেশমী সূতা ও কাপড় | ৩,৮২০,১০৬ | ২৭৩,৪৭৪ |
| পশমী সূতা ও কাপড় | ১৯,২১২,৫২২ | ৭,৮৮৩,২৮৫ |
| বহুজাতীয় অন্যান্য জিনিষ | ৪৭,৬৮৩,৮২০ | ১৩,৭৮৩,৬১০ |
| ডাক বিভাগের মারফতে আমদানী | | |

## সরকারী রেলওয়েসমূহের আয়

১৯৪১ সালের ১লা এপ্রিল হইতে ১৯৪২ সনের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত ভারতে সরকারী রেলওয়েসমূহের আয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১২১ কোটি ৬০ লক্ষ টাকা। পূর্ব্ব বৎসরে অনুরূপ সময়ের আয় এর চেয়ে ১৪ কোটি ৪৪ লক্ষ টাকা কম ছিল। নিম্নে দুই বৎসরের তুলনামূলক আয়ের হিসাব দেওয়া হইল :—

| রেলওয়ের নাম | ১৯৪২ সনের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত | ১৯৪১ সনের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত |
|---|---|---|
| এ, বি | ২২,৬০০,০০০ | ২০,৯০০,০০০ |
| বি, এন | ১৩২,৮০০,০০০ | ১২০,৭০০,০০০ |
| বি, বি অ্যাণ্ড সি, আই | ১১৯,০০০,০০০ | ১৪০,৮০০,০০০ |
| ই, বি | ৭২,৪০০,০০০ | ৬৭,৭০০,০০০ |
| ই, আই | ২৭০,১০০,০০০ | ২৪৪,২০০,০০০ |
| জি, আই, পি, | ২০৯,৪০০,০০০ | ১৬৭,৬০০,০০০ |
| এম অ্যাণ্ড এস, এম | ৯৫,৩০০,০০০ | ৮১,৩০০,০০০ |
| এন, ডব্লু | ২২০,৯০০,০০০ | ১৯০,৮০০,০০০ |
| এস, আই | ৬৮,০০০,০০০ | ৫৮,৪০০,০০০ |
| ত্রিহুত অ্যাণ্ড লক্ষ্ণৌ বেরিলী | | ২৩,৩০০,০০০ |
| অন্যান্য রেলওয়ে | | ৪,৮০০,০০০ |
| | ১,২৭৬,০০০,০০০ | ১,১২১,৬০০,০০০ |

## ভারতীয় গম

সমগ্র পৃথিবীতে যত গম উৎপন্ন হয় তাহার আট ভাগের একভাগ উৎপন্ন করে ভারতবর্ষ। ভারতবর্ষে পাঞ্জাব ও যুক্তপ্রদেশের লোকে গম সব চেয়ে বেশী ব্যবহার করে। ছয়টি দেশ গম রপ্তানি করিয়া থাকে : ক্যানাডা, অষ্ট্রেলিয়া, আর্জ্জেনটাইন, সোভিয়েট রুশিয়া, ভারতবর্ষ এবং আমেরিকার যুক্তরাষ্ট্র। এই কয় দেশের গম উৎপাদন ও রপ্তানি নিম্নের তালিকায় দেওয়া হইল :—

১৯৩৫-৩৬ সনের উৎপাদন ও রপ্তানি

| | অনুমিত উৎপাদন ১৯৩৫-৩৬ | রপ্তানি ১৯৩৫-৩৬ আগষ্ট হইতে জুলাই ৩১ | উৎপাদনের শতকরা কত অংশ রপ্তানি হয় |
|---|---|---|---|
| | ( টন ) | ( টন ) | |
| সোভিয়েট রুশিয়া | ৩০,৩১৪,০০০ | ৭৪২,০০০ | |
| আমেরিকার যুক্তরাষ্ট্র | ১৬,৬৮৩,০০০ | ৭,০০০ | |
| ভারতবর্ষ | ৯,৪৩৫,০০০ | | |
| আর্জ্জেনটাইন রিপাবলিক | ৩,৭৩৬,০০০ | | ৪১·৯ |
| ক্যানাডা | ৭,৪২২,০০০ | | ৮৩·৬ |
| অষ্ট্রেলিয়া | ৩,৮১৬,০০০ | | ৫১·৩০ |

* 'মান্থলি ক্রপ্ রিপোর্ট অ্যাণ্ড এগ্রিকালচার্যাল ষ্ট্যাটিসটিক্স অব্ দি ইণ্টারন্যাশন্যাল ইন্‌স্টিটিউট্ অব্ এগ্রিকালচার,' রোম, অক্টোবর, ১৯৩৬।

আমাদের দেশে প্রতি একরে ১,৫০০ থেকে ১,৬০০ পাউণ্ড গম জন্মিয়া থাকে। কিন্তু ফেব্রুয়ারী মাসে যদি বৃষ্টি পড়ে তাহা হইলে শস্য বিনষ্ট হয়। শুষ্ক ভূমিতে, যেখানে জলসেচন হয় না, সেখানে প্রায় ৮০০ পাউণ্ড ভাল শস্য জন্মায়। মার্চ্চ ও এপ্রিল মাসে গমের চাষ আরম্ভ হইয়া থাকে। সুবৎসরে অতিরিক্ত ফসল ইয়োরোপের বাজারে পাঠান হয়। আমাদের দেশে ফসল যাহা হয় তাহাতে দেশের লোকের অভাব হওয়ার কথা নয়। নহিলে রপ্তানি হইত না।

১৯১৪ সন হইতে করাচী বন্দর যে গম রপ্তানি করিয়াছে তাহার তালিকা নিম্নে দেওয়া গেল :—

( টন হিঃ )

| মাস | ১৯১৯ | ১৯৩৪ | | ১৯৩৬ |
|---|---|---|---|---|
| জানুয়ারী | ১,২৪৯ | ৮৩ | | ৪১ |
| ফেব্রুয়ারী | ৪৪৩ | | | ৩৬ |
| মার্চ্চ | ৯২২ | | | ৩৩ |
| এপ্রিল | | | | ৩১ |
| মে | | | | ৩৯৬ |
| জুন | | | | ৫,১২৩ |
| জুলাই | | | | ৪,১৩৮ |
| আগষ্ট | | | | |
| সেপ্টেম্বর | ৫৫,৯৬৭ | ১,৫৬৪ | ২,১৮৯ | ৩৭,৩৮৫ |
| অক্টোবর | ৮৭,৭৪২ | ১,২৪৭ | ২,৭৮৬ | ৫৩,১২২ |
| নবেম্বর | ৫৪,৬১৫ | ৩২৩ | ২,৫২৩ | (ক) |
| ডিসেম্বর | ৩৬,৪৯৪ | ২৫১ | ৫০ | (ক) |
| | ৮৭৭,০১৬ | ৯,৪৮৮ | ৭,৯০৩ | (ক) |

১৯৩৪-৩৫ অবধি উৎপন্ন ভারতীয় গমের হিসাব

| জমির আয়তন | উৎপাদন | রপ্তানি |
|---|---|---|
| একর | টন | টন |
| ৩১,৬১৪,০০০ | ১০,৪৬৯,০০০ | ১২৬,৫০৫ |
| ৩২,১৮৯,০০০ | ৯,৩০৬,০০০ | ২০,২১৫ |
| ৩৩,৮০৩,০০০ | ৯,০২৪,০০০ | ২,১২৪ |
| ৩২,৯১৬,০০০ | ৯,৪৪৫,০০০ | ২,০৬০ |
| ৩৫,৯৯২,০০০ | ৯,৪২৪,০০০ | ১০,৯৬২ |
| ৩৪,৪৯০,০০০ | ৯,৭২৮,০০০ | ৯,৫৯০ |

(ক) যখন তালিকা তৈয়ারী হয় তখন সংখ্যা পাওয়া যায় নাই।

## ভারতবর্ষের হরিতকী রপ্তানি

হরিতকী সারা ভারতে প্রায় সর্ব্বত্র দেখা যায়। ইহার দ্বারা চামড়া ট্যান করা হয়। বিলাতে পাঁচরকম হরিতকীর আমদানি হইয়া থাকে :—

বিমলি—মাদ্রাজের বিমলিপাট্টাম নামক স্থান হইতে যায়।

রাজাপোর্স, ভেঙ্গুরলাস } বোম্বাইতে পাওয়া যায়।

জাব্বোলপোর্স { মধ্য প্রদেশে পাওয়া যায়। মাদ্রাজেও দেখা যায়।

মাদ্রাজ ১নং হরিতকীর দাম বিলাতী বাজারে খুব বেশী। নির্য্যাস তৈয়ারীর জন্য কাটা হরিতকীর রপ্তানি বেশী হইয়াছিল।

১৯১৩-১৯৩৬ অবধি কি পরিমাণ হরিতকী রপ্তানি হইয়াছে তাহার হিসাব নিম্ন তালিকায় দেওয়া গেল :

| বৎসর | পরিমাণ (টন) | মূল্য (পাউণ্ড) |
|---|---|---|
| | | ৩৭৯,৬২৯ |
| | | ৩২৮,৯৩৬ |

উৎপন্ন ১৯১৩-১৪

| দ্রব্য | পরিমাণ | মূল্য (পা) | পরিমাণ | মূল্য (পা) |
|---|---|---|---|---|
| নারিকেল সংখ্যা | ৩৪৪,১১১ | ১,৫১৭ | ৬৮,৬৩৫ | ৩০৬ |
| নারিকেল খোলা হন্দর | ১৪,৮১২ | ১১,৪৪৯ | ৩,৬২০ | ২,৩৪৮ |
| ছড়ি ইত্যাদি | ৭১২,২৬২ | ৫৯২,৭৪১ | ৬৮৪,৪৬৭ | ৬৫৬,১৯১ |
| কর্ড ,, | ৬০,৪২০ | ৭০,১৮৯ | ৪৮,১৬৩ | ৫১,৩৯৩ |
| কোপ্রা টন | ৩৮,১৯১ | ১,০৩৯,৮২৬ | ৪৮ | ১,৩২৪ |
| নারিকেল শাঁস হন্দর | ৮৪,১৬৬ | ২৬,২৬৫ | ৭৬,৪০০ | ১৯,০৭৫ |
| নারিকেল তৈল টন | ৪,৫৪৮ | ১৫৫,০৭৩ | ১৩৬ | ৩,২৩৪ |
| মোট মূল্য | | ১,৮৯৭,৭৬০ | | ৭৩৩,৮৭১ |

সুবিধার জন্য ২৪০ গ্যালনে ১ টন ধরা হইয়াছে। ত্রিবাঙ্কুরের নারিকেল উৎপাদন গত মহাযুদ্ধের সময়ে খুব বাড়িয়াছিল এবং এ্যালেপ্পি বন্দর হইতে অনেক টাকার মাল রপ্তানি করা হইত।

| | | |
|---|---|---|
| ১৯৩১-৩২ | ৬৩,৫৪২ | ৪৯৬,৩৮০ |
| ১৯৩২-৩৩ | ৪৩,১০২ | ৪১৭,৯৫৫ |
| ১৯৩৩-৩৪ | ৬১,৮৩৫ | ৪১৯,৪৮৯ |
| ১৯৩৪-৩৫ | ৬৭,৭৭৭ | ৩৪৯,৪১৮ |
| ১৯৩৫-৩৬ | ৭৪,১১৭ | ৩৫০,৪২৯ |

কলিকাতার হরিতকী রপ্তানি হইয়া থাকে ডিসেম্বর হইতে জুন পর্য্যন্ত। যুদ্ধের পূর্ব্বে হরিতকীর বাজার ছিল আমেরিকায়, জার্ম্মাণীতে, ইংলাণ্ডে, বেলজিয়ামে, ফ্রান্সে, অষ্ট্রেলিয়াতে এবং কিছু পরিমাণ হাঙ্গারীতে।

## ভারতীয় নারিকেল রপ্তানির হিসাব

আজ নারিকেল তৈলের সের ১৶০, ১।০ হইয়াছে। কোচিন হইতে তৈল আসা নাকি বন্ধ হইয়া গিয়াছে। কিন্তু অপর্য্যাপ্ত নারিকেল ভারতবর্ষের মাটিতে জন্মায়। আর আমরা তাহা বাহিরের বাজারে বিক্রয়ও করিয়া থাকি।

নারিকেল রপ্তানির প্রধান প্রধান বন্দর হইল কোচিন, কালিকট, কোকনাদ, মাসুলিপাট্টাম এবং ভিজাগাপাট্টাম।

নিম্নলিখিত তালিকায় রপ্তানির কিঞ্চিৎ হিসাব দেওয়া হইল।

## আমেরিকায় চলতি ব্যাঙ্কের হিসাব

| | সভাশ্রেণীভুক্ত ব্যাঙ্ক | | | ব্যক্তিগত ব্যাঙ্ক | |
|---|---|---|---|---|---|
| | মোট | জাতীয় | রাষ্ট্রীয় | মিউচুয়াল সেভিংস ব্যাঙ্ক | অন্যান্য ব্যাঙ্ক |
| ১৯৩৮ জুন ৩০ | | | | | |
| ডিসে ৩১ | | | | | |
| ১৯৩৯ জুন ৩০ | | | | | |

## আমেরিকায় প্রচলিত টাকার পরিমাণ

( নিযুত ডলার )

| | স্বর্ণ সার্টিফিকেট | রৌপ্য ডলার | রৌপ্য সার্টিফিকেট | ট্রেজারি নোট | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| | ৬৮ | ৪১ | | | ৩৭৫ |
| | ৬৮ | ৪৫ | | | ৩৭৭ |
| | ৬৭ | ৪৬ | | | ৩৮২ |
| জুন | ৬৭ | ৪৬ | | | ৩৮৬ |
| জুলাই | | ৪৬ | | | ৩৮৬ |
| আগষ্ট | | | | | ৩৮৯ |
| সেপ্টেম্বর | | | | | ৩৯৪ |

| মাসের শেষে | মোট | স্বর্ণ সার্টিফিকেট | রৌপ্য ডলার | রৌপ্য সার্টিফিকেট | ট্রেজারি নোট | অন্য-মুদ্রা |
|---|---|---|---|---|---|---|
| অক্টোবর | ৮,৩০০ | ৬৫ | ৪৮ | ১,৬২০ | ১ | ৫০০ |
| নবেম্বর | ৮,৪২২ | ৬৫ | ৪৯ | ১,৬৫৮ | ১ | ৬০৭ |
| ডিসেম্বর | ৮,৭৩২ | ৬৫ | ৫০ | ১,৬৬৭ | ১ | ৬১২ |
| ১৯৪১ জানুয়ারী | ৮,৫৯৩ | ৬৪ | ৫০ | ১,৫৯৫ | ১ | ৪০৩ |
| ফেব্রুয়ারী | ৮,৭৮১ | ৬৪ | ৫০ | ১,৬৩৫ | ১ | ৭০৬ |
| মার্চ্চ | ৮,৯২৯ | ৬৪ | ৫১ | ১,৬৫১ | ১ | ৪১৩ |
| এপ্রিল | ৯,০৭১ | ৬৩ | ৫১ | ১,৬৫৪ | ১ | ৭১৮ |

## গ্রেটবৃটেনে মূল কাজের চাহিদা

২৫শে জুলাই ১৯৪১ সনে গ্রেটবৃটেনে মূল কাজের চাহিদা ( এসেনশিয়েল ওয়ার্ক অর্ডার ) কিরূপ ছিল তাহা নিম্নের তালিকায় দেওয়া গেল :—

| অর্ডার | কাজের সংখ্যা | কর্ম্মীর সংখ্যা |
|---|---|---|
| জেনারাল প্রভিসনস্ | ৮,৪৮৩ | ২,৭০৩,১৯১ |
| জাহাজ তৈয়ারী ও মেরামত | ৪২১ | ১৭৯,৪১৩ |
| কয়লার খনি | ১,২৭১ | ৭২৮,৬৫৩ |
| বাড়ী ও সিভিল ইঞ্জিনিয়ারিং | ২৩১ | ৮৪,১২৬ |

## বৃটেনে জাতীয় ব্যয়

১৯৪২ খৃষ্টাব্দে নূতন যে আর্থিক বৎসর আরম্ভ হইয়াছে, তার প্রথম ৩২ দিনে বৃটেনের মোট জাতীয় ব্যয় ৩৮½ কোটি পাউণ্ড বা প্রায় ৬৪০ কোটি টাকা, অর্থাৎ দৈনিক ১½ কোটি পাউণ্ড বা ২০ কোটি টাকার বেশী খরচ করিতে বিলাতী জনগণ অভ্যাস করিতেছে। এ বিষয়ে আমাদের সহিত তাদের কোন তুলনা চলে না। বাংলার বাৎসরিক খরচ সাধারণত ১২ হইতে ১৫ কোটি টাকা। আর কলিকাতা কর্পোরেশনও সাধারণত ২½ বা ৩ কোটি ব্যয় করে বৎসরে। দেখা যাইতেছে, বিলাতে একদিনে আমাদের বাংলা দেশের এক বৎসরের চেয়ে বেশী ব্যয় হয়। এখানে বলা দরকার, স্বাভাবিক অবস্থায় বৃটেনে এত ব্যয় হয় না। গত আর্থিক বৎসরের শেষ তিন মাসে যে হারে বৃটেনে খরচ হইয়াছিল, তার চেয়ে বেশী খরচ ইতিপূর্ব্বে আর কোন দিন হয় নাই। কিন্তু এবারকার প্রথম ৩২ দিনের নমুনা সেই খরচকেও ছাড়াইয়া গিয়াছে।

## বিলাতে কাগজী মুদ্রার উর্দ্ধসীমা

নোট বা কাগজীমুদ্রা বাহির করা সম্বন্ধে বিলাতে বাঁধা-ধরা নিয়ম আছে। কিন্তু আর্থিক দুর্যোগ, যুদ্ধ প্রভৃতি কারণে এই কাগজী মুদ্রার পরিমাণ কখন কখন বাড়াইতে হয়। এ যাবৎ কাগজী মুদ্রা প্রচলনের সর্ব্ব উচ্চ পরিমাণ ছিল ৭৮ কোটি পাউণ্ড। কিন্তু এই বৎসরের এপ্রিলের শেষে এই উর্দ্ধসীমা বাড়াইয়া ৮৩ কোটি পাউণ্ড করা হইয়াছে। ২৯শে এপ্রিল প্রচারিত এক বিজ্ঞপ্তি অনুসারে জানা যায় যে তখন প্রচারিত মোট কাগজী-মুদ্রার পরিমাণ ছিল, ৭৭ কোটি ১২ লক্ষ পাউণ্ড। এই বৎসরের গোড়া হইতে এ পর্য্যন্ত প্রায় ২ কোটি পাউণ্ড বা ৩% বৃদ্ধি ঘটিয়াছে। এটাকে খুব বেশী হারে বৃদ্ধি বলা চলে না।

## যুদ্ধে বিলাতী কয়লার নূতন অবস্থা

যুদ্ধের দরুন বিলাতে অনেক জিনিষের ব্যবহার নিয়ন্ত্রিত করা হইয়াছে, ইংরেজগণ হাসিমুখে অনেক অসুবিধা সহ্য করিতেছে। সঙ্গে সঙ্গে যে সকল নূতন সমস্যার উদয় হইতেছে, তার সমাধানের চেষ্টাও চলিতেছে।

যুদ্ধ যখন আরম্ভ হয় তখন বিলাতী কয়লার ব্যবসায়ে পৌনে আট লক্ষ লোক নিযুক্ত ছিল, আর উৎপাদিত কয়লার পরিমাণ ছিল ২৪ কোটি টন ( ১৯৩৯ )। ইহার মধ্যে স্বদেশে খরচ হইত ১৮ কোটি টন এবং বাকীটা বাহিরে চালান যাইত। ইতালি যুদ্ধে যোগ দিলে এবং ভূমধ্যসাগর অধিকৃত অঞ্চলে ইংরেজের বাজার বন্ধ হইলে, ইয়োরোপে ইংল্যণ্ডের রপ্তানি বন্ধ হইয়া যায়। সুতরাং

৬ কোটি টন কয়লা স্বদেশে ব্যবহার করিবার সুযোগ ঘটে।

এদিকে স্বদেশে যুদ্ধ সরঞ্জাম তৈরী বৃদ্ধি পাওয়ায় গত তিন বৎসরে কয়লার কাটতি প্রভূত বাড়িয়াছে। এই অবস্থায় যদি কয়লার ব্যবসাতে যত লোক নিযুক্ত ছিল এখনও তত লোক নিয়োগ করা যাইত, তা হইলে কয়লার খরচ কমানোর কোন কথা উঠিত না। কিন্তু কয়লার ব্যবসায়ে নিযুক্ত ব্যক্তিদের ১০% যুদ্ধে যোগ দিবার জন্য আহূত হইয়াছে। কয়লার শ্রমিকদের মধ্যে ১৪% হয় সৈন্যবাহিনীতে নয় যুদ্ধ-সংক্রান্ত কাজে যোগ দিয়াছে। যে সময়ে এইরূপে লোক চলাচল হইয়াছিল, সে সময়ে ইয়োরোপীয় বাজার বন্ধ থাকাতে বিলাতে কয়লা মজুত হয় প্রচুর। এখন যুদ্ধ সংক্রান্ত কাজের নিমিত্ত কয়লার চাহিদা ক্রমাগত বাড়িয়া যাওয়ায় ঐ মজুত কয়লা অল্পবেগে কমিয়া গিয়াছে। আর পূর্বের কয়লা-শ্রমিকদিগকে আবার কয়লার খনিতে কাজে লাগানো দুঃসাধ্য ব্যাপার। সুতরাং কয়লার ব্যবহার নিয়ন্ত্রণ আবশ্যক হইয়া দাঁড়াইয়াছে। গার্হস্থ্য ব্যবহার নিয়ন্ত্রণ করিয়া ১ কোটি টন কয়লা বাঁচানোর অর্থ ৩০ হাজার কয়লার খনির মজুরের পরিশ্রমের ফল বাঁচানো।

## বিলাতী ধূমপায়ীদের অসুবিধা

তামাকের ব্যবহার নিয়ন্ত্রণ বিলাতী সরকার একবারে করেন নাই। প্রথমতঃ, তাঁরা আবেদন করেন যেন সিগারেট প্রভৃতি কম করিয়া খাওয়া হয়। কিন্তু এ আবেদনে ফল হয় নাই। ১৯১৪-১৮ খৃষ্টাব্দের বিশ্বযুদ্ধে দেখা গিয়াছিল যে রাত্রির কাজ ও বেশী কাজ করিতে শ্রমিকেরা রাজী রাখার জন্য ধূমপানের মাত্রা বাড়িয়া গিয়াছিল। এবারকার যুদ্ধেও তাই ঘটিয়াছে। শেষ শান্তির বৎসরে ধূমপানের পরিমাণ যা ছিল, এখন তা প্রায় ২০ % বাড়িয়াছে। সরকার সোজাসুজি ধূমপান নিয়ন্ত্রণের ব্যবস্থা করা সমীচীন মনে করেন নাই। তাঁরা সিগারেট ও তামাকের মূল্য বাড়াইয়া দিয়াছেন।

এই বৎসরের এপ্রিল মাসের মাঝামাঝি তামাক ও সিগারেটের দাম ২৫% হইতে ৩৩% পর্যন্ত বাড়িয়াছে। ১৯৩৯ সনে যে দর ছিল এখন তার দ্বিগুণ দর ধূমপায়ীদিগকে দিতে হইতেছে। ইহাতে ধূমপান নিয়ন্ত্রণের কাজ হইয়াছে। এযাবৎ অনুসন্ধান করিয়া জানা গিয়াছে যে, ধূমপায়ীদের শতকরা প্রায় ৬ জন তামাক ও সিগারেট কেনা একেবারে ছাড়িয়া দিয়াছে, আর বাকী ২৪ জন তাদের ধূমপান ২০ হইতে ২৫% কমাইয়া দিয়াছে।

## অষ্ট্রেলিয়ার ইস্পাত সম্পদ

২৬ বৎসর আগে অষ্ট্রেলিয়ায় ইস্পাত প্রস্তুত হইত না। সেখানে আজ প্রকাণ্ড ইস্পাত ব্যবসা গড়িয়া উঠিয়াছে। নিউ সাউথ ওয়েল্‌স প্রদেশের নিউ ক্যাসলে হান্টার নদীর সমীপবর্তী একখানের অনুর্বর অনাবাদী ভূমিতে আজ ৩৫০ একর ব্যাপী ইস্পাত ও আনুষঙ্গিক কারখানা জোরের সহিত চলিতেছে। প্রথম উৎপাদন ছিল বৎসরে মাত্র ১½ লক্ষ টন, এখন বৎসরে ১০ লক্ষ টন উৎপন্ন হইতেছে। এটা মাত্র এক স্থানের হিসাব। কেম্বালা বন্দরে বৎসরে ৭ লক্ষ টন উৎপন্ন হইতেছে। অষ্ট্রেলিয়ার মোট উৎপাদন এখনে জানান হইতেছে না।

## রবীন্দ্রনাথের অমরতা

রবীন্দ্রনাথের জন্মতিথি (৯ মে ১৯৪২) উপলক্ষ্যে আবার মনে পড়িতেছে যে,—

রবীন্দ্রনাথ ছিলেন যৌবন-শক্তির প্রতিমূর্তি। সারা জীবন ভরিয়া তিনি যৌবনের ভাঙা-গড়ার হাত খেলাইয়াছেন। তিনি অফুরন্ত যৌবনের অবতার। যৌবন ছাড়া তাঁহার সাহিত্যের ও চিত্রশিল্পের আর কোন্ বিষয়-বস্তু ছিল না।

রবীন্দ্র-সাহিত্যের আর রবীন্দ্র-শিল্পের প্রধান মূল্য স্বাধীনতা। ব্যক্তির, ব্যক্তিগত স্বাধীনতা ও চিন্তার স্বাধীনতা একদিকে,—আর একদিকে সমাজের দলগত স্বাধীনতা, জাতীয় স্বাধীনতা, আর্থিক স্বাতন্ত্র্য, রাষ্ট্রিক স্বরূপ রবীন্দ্র প্রতিভার গোড়ার কথা।

রবীন্দ্রনাথের বিশ্বকোষে যুবক ভারত ও যুবক দুনিয়া চিরকাল এই ভাঙা-গড়ার ক্ষমতা ও স্বাধীনতার ভাবুকতা লাভ করিবে। মানুষের ও জগতের জন্য উন্নতির কাজে রবীন্দ্রনাথ অমর শক্তি।

## পুষ্টিকর খাদ্যের পরিকল্পনা

গত ১২ই মে তারিখে ডাঃ অমূল্যচরণ উকিল কলিকাতায় রোটারী ক্লাবে এক বক্তৃতা প্রসঙ্গে পুষ্টিকর খাদ্যের চাষ বৃদ্ধির পরিকল্পনা সম্বন্ধে আলোচনা করেন। তিনি বাংলা দেশের পুষ্টিকর খাদ্য সম্বন্ধে বলেন যে, দুধই এখানকার জনসাধারণের একমাত্র সর্বপ্রধান পুষ্টিকর খাদ্য। দুধের পরিবর্তে শুধু সয়াবীন এবং সয়াবীনজাত দুধই অভাব মিটাইতে পারে। তিনি বলেন যে, বাংলা দেশে ছানা এবং অন্যান্য মিষ্ট সামগ্রী প্রস্তুত করিতে দৈনিক ৩০ হাজার মণ দুধ অথথা খরচ হইয়া থাকে। এই দুধ সময়কালীন খাদ্য পরিকল্পনা অনুযায়ী অন্যান্য প্রকৃষ্ট উপায়ে ব্যবহৃত হওয়া উচিত। বাংলা দেশে খাদ্যসমস্যা সমাধানের জন্য ডাঃ উকিল নিম্নলিখিত কর্মপন্থা অবলম্বন করিবার পরামর্শ দেন:—(১) যে ২০ লক্ষ একর জমি পাটচাষের নির্দ্ধারিত জমি হইতে বাদ দেওয়া হইয়াছে, তাহার মধ্যে লক্ষ একর জমিতে সয়াবীন, ৪ লক্ষ একর জমিতে ছোলা ও মাসকলাই, ২ লক্ষ ৫০ হাজার একর জমিতে সরিষা এবং ২ লক্ষ ৫০ হাজার একর জমিতে চীনাবাদামের চাষ করা উচিত; (২) ইক্ষু চাষের নির্দ্দিষ্ট পরিমাণ জমি হইতে যে ২ লক্ষ ৫০ হাজার একর জমি খাদ্যশস্য চাষের জন্য পৃথক করিয়া রাখা হইয়াছে, তাহার মধ্যে ১ লক্ষ ২৫ হাজার একর জমিতে আলু এবং ১ লক্ষ ২৫ হাজার একর জমিতে শাকশব্জীর চাষ হওয়া দরকার (৩) চা-বাগানের আয়তন হ্রাস করিয়া উদ্বৃত্ত জমিতে সয়াবীনের চাষ করিতে হইবে, (৪) বাংলা দেশের নাকুলা জমির মধ্যে যে শতকরা ১৬ ভাগ বনভূমি আছে তাহাতে গবাদি পশুর জন্য ঘাস উৎপাদন করা উচিত (৫) বাংলা দেশে যে ১ কোটি ২০ লক্ষ ৫০ হাজার একর অনাবাদী ও পতিত জমি আছে, উপযুক্ত সেচের ব্যবস্থা করিয়া তাহার চাষের ও উন্নয়নের বন্দোবস্ত করা দরকার। (আর্থিক জগৎ)

## বাংলা সরকারের বস্ত্র ক্রয়

প্রকাশ, বিশেষ জরুরী অবস্থার উদ্ভব হইলে যাহাতে বাংলার অধিবাসীদিগকে প্রয়োজনীয় বস্ত্র সরবরাহ করা যায়, তজ্জন্য ভারতের বিভিন্ন অঞ্চলের কলসমূহ হইতে বাংলা

সরকার বহু লক্ষ জোড়া ধুতি কাপড় ক্রয় করিবেন বলিয়া স্থির করিয়াছেন।

## যুদ্ধের সময় অষ্ট্রেলিয়ায় শ্রমিক নিয়ন্ত্রণ

একটি নূতন শ্রম-বিভাগ এখানে খোলা হইয়াছে। ইহার প্রধান কাজ হইল, ১৯৪১ সনের ফেব্রুয়ারী মাস থেকে অনুমতি-পত্র ("পারমিট") দেওয়া। ফলে, যে সকল কলকারখানা যুদ্ধের সরঞ্জাম তৈরীর জন্য নিযুক্ত আছে তাহারা উক্ত বিভাগের সম্মতি ব্যতিরেকে কোন শ্রমিক শিক্ষার্থী নিযুক্ত করিতে পারিবে না। যাহারা গোলা বারুদ কার্য্যে নিযুক্ত নহে তাহাদেরও 'অনুমতি' আবশ্যক হয়।

গোলা বারুদ কার্য্যের জন্য বেশ ভাল মাহিনা দেওয়া হয়। উপরি সময়ের ব্যবস্থা স্বতন্ত্র। সপ্তাহে মোটা টাকা রোজগার হয়।

## শ্রমিক সম্বন্ধে অষ্ট্রেলিয়ায় গবর্ণমেণ্ট নীতি

অষ্ট্রেলিয়ার কাঠামো এত জটিল যে এখানে শ্রমিক সম্বন্ধে কোন সহজ বা সরল নীতি অবলম্বন সম্ভব নহে। ১৯৪০ সনের শেষ অবধি 'কমনওয়েল্থ ডিপার্টমেণ্ট অব লেবার' বলিয়া কিছু ছিল না। কমনওয়েল্থের কাঠামো আইন অনুযায়ী শ্রম সম্বন্ধে গোলমাল বা ঝগড়া মিটাইবার এবং যথাযথ ব্যবস্থা করিবার ব্যবস্থা হইত। দিন দিন যত কলকারখানার বৃদ্ধি হইতে লাগিল ততই রাষ্ট্রের ক্ষমতা বাড়িয়া চলিল। রাষ্ট্রের সালিশী বিচারালয়ে যে কোন প্রদেশ মোকর্দ্দমা আনিতে পারে। যুদ্ধ আরম্ভ কালে অষ্ট্রেলিয়ায় রাষ্ট্রীয় মহাসমিতিতে শ্রমিক দল প্রবল ছিল। পরে ইহাদের শক্তি আরও বাড়ে, ইউনাইটেড অষ্ট্রেলিয়ান পার্টি এবং কন্ট্রি পার্টি উভয়েই মিলিত হইয়া গিয়াছে।

## বৃটিশ ফাইনান্স বিল সম্বন্ধে কমন্স সভায় স্যার কিংসলী উড

কমন্স সভায় ফাইনান্স বিলের তৃতীয় দফা আলোচনার পর অদ্য তাহা লর্ড সভায় প্রেরণ করা হইয়াছে। তৃতীয় দফার আলোচনা কালে অর্থ সচিব স্যার কিংসলী উড বলেন, যথাসম্ভব সস্তায় ঋণ গ্রহণ চলিতে থাকিবে বলিয়াই তিনি আশা করেন। জিনিষপত্রের মূল্যও স্থির থাকিবে। অপ্রয়োজনীয় জিনিষপত্রের দরুন অসামরিক জনসাধারণ যে পরিমাণ অর্থ ব্যয় করেন তাহা আরও কমানো যাইবে এবং সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব হইবে। প্রতি সপ্তাহে এক হাজার হিসাবে সেভিংস গ্রুপ্ প্রতিষ্ঠা হইতেছে; ক্রমশ উহা দ্বিগুণ বা তিনগুণ বৃদ্ধি হইবার আশা আছে। অতিরিক্ত লাভ করের হিসাব ছাড়িয়া দিয়া দেখা যায় যে নূতন কর বাবদ মোট ১৩৪০ লক্ষ ষ্টার্লিং সংগ্রহ হইবে।

গবর্ণমেণ্টের কর নীতির ফলে যুদ্ধোত্তর কালের সমস্যার সমুখীন হওয়া সম্ভব হইবে। আগামী বৎসরের অর্থনৈতিক জীবনকে সুপ্রতিষ্ঠিত রাখিয়া আমরা অগ্রসর হইতেছি।

## মার্কিণ শিল্প মিশন

স্যার পুরুষোত্তম দাস মার্কিণ শিল্প মিশনের সুপারিশ সম্পর্কে আমেরিকান ইউনাইটেড প্রেসের প্রতিনিধির সহিত এক বিশেষ সাক্ষাৎকার প্রসঙ্গে বলেন, ভারত গবর্ণমেণ্টের প্রতি যথাযোগ্য সম্মান রাখিয়াই আমি বলিতে চাই যে যেরূপ সংক্ষিপ্ত রিপোর্ট প্রকাশিত হইয়াছে তাহাতে চলিবে না। যদি এ রিপোর্টের দ্বারা কোনওরূপে ভারতের হিতসাধন করা উদ্দেশ্য থাকে তবে মূল রিপোর্টের একটি হুবহু অনুলিপি জনসাধারণের নিকটে প্রকাশ করা উচিত; তাহা হইলে তাহারা তখন উহাতে আপত্তি জানাইতে, উহা গ্রহণ করিতে বা প্রত্যাখ্যান করিতে পারিবে। ডাঃ গ্রেভির মিশন ভারতে পরিভ্রমণ কালে ভারতীয় শিল্প প্রতিষ্ঠান সমূহের মালিকগণ যেরূপ মনোভাব গ্রহণ করিয়াছিলেন তাহাতে মিশন ভালরূপ বিবেচনা না করিয়া যে কোনরূপ সুপারিশ বা প্রস্তাব করিবেন এরূপ মনে হয় না।

## বঙ্গীয় আইন সভার অধিবেশন

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেন এম, এল, এ নিম্নলিখিত বিবৃতি পাঠাইয়াছেন :—

"১৯৪২ সনের ১লা জুন তারিখে সংবাদপত্রগুলি এক সংবাদে প্রকাশ করেন যে তাঁহারা বিশ্বস্তসূত্রে জানিতে পারিয়াছেন যে, বঙ্গীয় আইন সভার জুলাই অধিবেশন বসিবার বিশেষ সম্ভাবনা নাই। এই সংবাদ যদি সত্য হয় তাহা হইলে বলিতে হইবে যে, ব্যবস্থাটির দ্বারা সুষ্ঠু পন্থা নির্দ্দেশিত হয় নাই। একথা বলিতেই হইবে যে, এই সিদ্ধান্ত গ্রহণ অত্যন্ত অবিবেচনার কার্য্য হইয়াছে।

"জনরক্ষা প্রচেষ্টায় সহযোগিতা, সমন্বয়, পরামর্শ ইত্যাদি বহু কথাই আমরা শুনিতে পাই। শত্রুরা আমাদের দ্বারদেশে আসিয়া উপস্থিত হইয়াছে। অথবা ইহা অপেক্ষাও বেশী। তাহারা ইতিমধ্যেই চট্টগ্রাম, আসামের দুইটি সহর, ভিজাগাপট্টম, কোকনদ এবং অন্যান্য স্থানে বোমা বর্ষণ করিয়াছে এবং মেসিনগান চালাইয়াছে। জনসাধারণের, বিশেষ করিয়া আইন সভায় তাহাদের প্রতিনিধিদের, সহিত পরামর্শ করিবার ইহাই উপযুক্ত সময়। মাত্র ২রা এপ্রিল তারিখে, বাংলার গবর্ণর বাহাদুর, ব্যবস্থা পরিষদে বক্তৃতা দিবার সময় জনরক্ষা ব্যবস্থা সম্পর্কে কিছু কিছু আভাষ দিয়াছেন এবং সে সম্বন্ধে সরকারী মনোভাব বিশ্লেষণ করিয়াছেন। ইহার পরেই পরিষদের কার্য্য শেষ হয়। সদস্যবর্গকে জনসাধারণ বা কর্ত্তৃস্থানীয় ব্যক্তিদের নিকট তাঁহাদের অভিমত বলিবারও অবসর দেওয়া হয় নাই। গবর্ণমেণ্ট যদি জনসাধারণ বা তাহাদের প্রতিনিধিদের উপরে আস্থা স্থাপন করিতে না পারেন তাহা হইলে জাতীয় বা অন্য কোন সম্মেলিত বোঝাপড়ার গঠন কিরূপে সম্ভব হইতে পারে? এই সঙ্কটকালেও যদি আইন সভার সদস্যদের সহিত পরামর্শ করা না হয় অথবা তাঁহাদের বক্তব্য বলিবার মত তাঁহাদের কোন সুযোগ দেওয়া না হয়, তাহা হইলে শাসন ব্যবস্থা স্থগিত রাখিয়া পুরাতন অবস্থায় ফিরিয়া যাওয়াই মঙ্গল। প্রতি মাসে কেন প্রত্যেক সদস্যকে ১৫০৲ টাকা করিয়া দেওয়া হইবে? তাঁহাদিগকে সরাইয়া দিয়া, শাসকদের নিজেদের ইচ্ছামত কাজ করিতে দেওয়া হউক। এই দেশের আইন সভার কোন দায়িত্ব নাই, কোন কর্ত্তৃত্ব নাই, কোন ক্ষমতা নাই এবং নিজে হইতে কোন কিছু করিবার মত সুযোগও নাই।

"বহির্গত বিপদের আশঙ্কা ইংলণ্ডে অনেক বেশী। তথাপি সেখানকার পার্লামেণ্টের কাজ স্বাভাবিক সময়ের মতই চলিতেছে। অথবা আরও সঠিকভাবে বলা যাইতে পারে যে, তাহার কাজ স্বাভাবিকের অপেক্ষাও অধিক আগ্রহের সহিত করা হইতেছে।

মন্ত্রিমণ্ডলীর নিকটে আমার একান্ত অনুরোধ এই যে, তাঁহারা যেন গবর্ণর বাহাদুরকে অনতিবিলম্বে আইন সভার অধিবেশন আহ্বান করিতে পরামর্শ দেন। গোপনীয়তা অবলম্বন করার নীতিতে কোন লাভ নাই। জনসাধারণের অঙ্গপ্রত্যঙ্গ ও সম্পত্তির ক্ষতির সম্ভাবনা রহিয়াছে। তাহাদিগকে তাহাদের বক্তব্য বলিতে দেওয়া অবশ্য কর্ত্তব্য।"

## আশ্রয়প্রার্থীদের সম্পর্কে ব্যবস্থা

একটি সরকারী বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে :—ব্রহ্ম ও প্রাচ্য যুদ্ধ এলাকার অন্যান্য দেশ হইতে আগত নিঃস্ব ও অর্দ্ধ নিঃস্ব আশ্রয়প্রার্থীদিগকে ত্রাণ দেওয়ার ভার জেলা ম্যাজিষ্ট্রেটদিগের উপর কর্ত্তৃত্বভার অর্পণ করা হইয়াছে। সুতরাং যে সকল আশ্রয়প্রার্থী এইরূপ ত্রাণ গ্রহণ করিতে ইচ্ছুক তাহারা কলিকাতায় বাস না করিলে তাহাদের পক্ষে সরাসরি গবর্ণমেণ্টের নিকটে আবেদন করার প্রয়োজন নাই। যে সকল আশ্রয়প্রার্থী মফঃস্বলে বাস করিতেছে তাহাদিগকে স্বাভাবিকভাবে জেলা ম্যাজিষ্ট্রেটের নিকটে আবেদন করিতে হইবে। ব্রহ্ম হইতে আগত এ্যাংলো-ইণ্ডিয়ান ও এ্যাংলো-বর্ম্মণ আশ্রয়প্রার্থীগণকে প্রথমে কলিকাতা, ১০ নং চৌরঙ্গী রোডে, এ্যাংলো ইণ্ডিয়ান ও এ্যাংলো-বর্ম্মণ আশ্রয়প্রার্থীদের জন্য নিযুক্ত ব্রহ্মের গবর্ণরের প্রতিনিধি মেসার্স ম্যাক জি ইলিয়ট এণ্ড সিবসনের নিকটে আবেদন করিতে হইবে। প্রতিনিধিগণ প্রয়োজন হইলে বাঙ্গলা গবর্ণমেণ্টের নিকট তাঁহাদের আবেদনসমূহ প্রেরণ করিবেন।

# বঙ্গ-সংস্কৃতির লেন-দেন

( পূর্বপ্রকাশিতের পর )

## বাঙলার মুসলমান

প্র:—রবিবাবু হিন্দুধর্মকে বাঙালীর পক্ষে বিদেশী ধর্ম বিবেচনা করেন দেখিতেছি। এই হিন্দুধর্মকে বাঙালী ধর্ম রূপ করিয়াছে। তাঁহার মতে ইহা একপ্রকার দিগ্‌বিজয়। কিন্তু মুসলমান ধর্মের বেলায় বাঙালী ধর্ম দিগ্‌বিজয়ী হইতে পারিয়াছে কি?

উ:—পারিয়াছে। নদী সভ্যতা ও সংস্কৃতির উপর বিজয়-কেতন ওড়ানো বাঙালীর স্বভাবসিদ্ধ। বক্তিয়ার খিলজী হইতে সিরাজদ্দৌলার সময় পর্যন্ত মধ্য যুগের ওই সাড়ে পাঁচশ' বছর ধরিয়াও সব জায়গায় বঙ্গ-সংস্কৃতির সাম্রাজ্য নানা শ্রেণীর ও নানা জাতের নরনারীর জীবনে বেশ-কিছু প্রকট ছিল। এখানে বলা প্রয়োজন যে, এই সময়ে বঙ্গদেশ দিল্লীর সঙ্গে অর্থাৎ উত্তর ভারতের সঙ্গে মাত্র পঞ্চাশী বৎসরের জন্য সংযুক্ত ছিল। অর্থাৎ সমগ্র মুসলমান আমলে অতি সামান্য সময় মাত্র বঙ্গদেশের সঙ্গে অবশিষ্ট ভারতের সাক্ষাৎভাবে রাষ্ট্রিক যোগাযোগ ছিল। বাঙালী জাত চিরকালই স্বাধীন। বাঙালীর এই স্বাধীনতার ধারা অতি প্রাচীনকাল হইতে চলিয়া আসিতেছে।

যাহা হউক, ধর্ম ও সংস্কৃতি সম্বন্ধে বক্তব্য এই যে, ১২০০ খৃষ্টাব্দ পর্যন্ত বাঙলার অনেক লোক অহিন্দু ও অবৌদ্ধ ছিল—বিশেষ করিয়া পূর্ববঙ্গে ইহা আরও বেশি পরিষ্কারভাবে বুঝিতে হইবে। হাজার দেড়েক বৎসরের প্রচারের ফলেও "সমগ্র" বাঙালী জাতি এই দিগ্বিজয়ী হিন্দু ও বৌদ্ধ ধর্মের আওতায় আসিয়া পড়ে নাই। অনেক ক্ষেত্রে বাঙালী জাতির হিন্দুকরণ বা আর্যীকরণ পাইকারী হিসাবে সাধিত হয় নাই। অনেক ক্ষেত্রেই তাহাদের পক্ষে হিন্দু বা বৌদ্ধ ধর্ম গ্রহণ নামে মাত্র চলিয়াছিল। এই কথাটা শক্ত মুঠায় পাকড়াও করা আবশ্যক।

এই প্রসঙ্গে দুনিয়ায় খৃষ্ট ও ইসলাম ধর্ম-প্রচারের কথা ধরা যাউক। আমরা জানি যে, ইয়োরামেরিকা, আফ্রিকা ও এশিয়ায় খৃষ্ট ও ইসলাম ধর্মের প্রচার হইয়াছে। কিন্তু এই ধর্মপ্রচারের ফলে কোনো জনপদেই রাতারাতি সমগ্র জাতের ধর্মান্তর ঘটে নাই। যাহা ঘটিয়াছে তাহাও পরিমাণে বেশি নয়। ঐ সকল দেশের অনেক লোক এখনও নিম্‌-খৃষ্টিয়ান ও নিম্‌-মুসলমান। বাঙলা দেশের হিন্দু ও বৌদ্ধ ধর্ম সম্বন্ধেও ঠিক একই কথা খাটে। ইন্দো-আরিয়ান ধর্মের প্রচারের পরেও দেশের অনেক লোক অহিন্দু ও অবৌদ্ধ অর্থাৎ সংস্কৃতি হিসাবে "অনার্য্য" রহিয়া গিয়াছিল। আধা-হিন্দু ও আধা-বৌদ্ধের সংখ্যাও কম ছিল না। ত্রয়োদশ শতাব্দীর প্রথম ভাগেও আর্য্য সংস্কৃতির দিগ্বিজয়ের এই "ঢিমা তেতালা" ভাবটা মালুম হয়। তখনও সেই দিগ্বিজয়ের বহরটা বেশি ছিল না,

তখনও পাহাড়-জঙ্গলবাসী অনেক "চিড়িয়া"কে আর্য্যধর্ম্মে আনা বাকী রহিয়া গিয়াছে। বিনয় বাবু বলেন যে, সেন বংশের সময়ে বাঙলা দেশের সমস্ত বা অধিকাংশ লোক হিন্দু কিংবা বৌদ্ধ হইয়াছে বলিলে ভুল হইবে। তখনও বাঙলা দেশে এমন অনেক লোক ছিল যারা হিন্দুও হয় নাই, কিংবা বৌদ্ধও বনিয়া যায় নাই। তখনও তাহারা ছিল বঙ্গ-ধর্ম্মী, অর্থাৎ বাঙালী মাত্র।

এই আলোচনার ভিতর বিনয় বাবু যেখানে-যেখানে "আর্য্য" শব্দ ব্যবহার করিয়াছেন সেই সকল স্থানে আর্য্য ভাষা, সাহিত্য, কৃষ্টি ও সংস্কৃতি বুঝিতে হইবে। কোথাও কোনো নির্দ্দিষ্ট রঙের, চুলের বা মুখাকৃতির নরনারী বুঝিতে হইবে না। আর্য্য শব্দটা ভাষা-বিষয়ক,—শরীরের গড়ন বিষয়ক নয়। কাজেই বিনয় বাবুর পারিভাষিকে "অনার্য্য" শব্দের অর্থ যে-লোকটা সংস্কৃত ভাষা জানে না সেই লোক। আর্য্য ধর্ম্মের অর্থ সংস্কৃত ভাষায় যে সকল নরনারী কথা বলে তাহাদের ধর্ম্ম এবং সংস্কৃতি। ধর্ম্মের সঙ্গে-সঙ্গে সর্ব্বত্রই কৃষ্টি আর সংস্কৃতিও সম্বিতে হইবে।

বাঙলাদেশের বিভিন্ন জনপদে হিন্দু ও বৌদ্ধ ধর্ম্মের দিগ্বিজয়ের আকার-প্রকার ও বহর সম্বন্ধে রক্তনিষ্ঠ ঐতিহাসিক প্রমাণ পাওয়া সুকঠিন। সেন আমলের হিন্দু ও বৌদ্ধ ধর্ম্মের যথার্থ পরিধি ও প্রভাব সম্বন্ধে যাহা-কিছু বলা হইল তাহা এখনও বহু গবেষণা-সাপেক্ষ। হিন্দু ও বৌদ্ধ ধর্ম্মের এবং সংস্কৃতির বাঙালী-করণ সম্বন্ধে যথোচিত খোঁজ চালানো হয় নাই। এই দিকে পঠন-পাঠন ও অনুসন্ধান আবশ্যক। বাঙালী জাত কবে কোথায় কতখানি আর্য্যীকৃত হইয়াছিল তাহার একটা তথ্যনিষ্ঠ খতিয়ান হওয়া দরকার। বিশেষতঃ ত্রয়োদশ শতাব্দীর প্রথমদিকে বাঙলা দেশের আর্য্যীকরণের সীমানা ও চৌহদ্দি সম্পর্কে টন্‌টনে জ্ঞান থাকা বাঞ্ছনীয়। বর্ত্তমানে ঠারেঠোরে ধরিয়া লওয়া গেল যে, সেকালের বঙ্গ সমাজে নানা কেন্দ্রে অনেকগুলা অহিন্দু বা নিম্ন-হিন্দু এবং অনেকগুলা অবৌদ্ধ বা নিম্ন-বৌদ্ধ পরিবার আদিম অনার্য্য চিড়িয়া শ্রেণীর লেন-দেন ও রীতি-নীতি লইয়াই জীবন-ধারণ করিত। এই আব-হাওয়ার ভিতর ইসলাম আসিয়া দেখা দিল।

প্র:—তাহা হইলে বাঙলা দেশে মুসলমান ধর্ম্মগ্রহণ করিল কাহারা?

উ:—ত্রয়োদশ শতাব্দী হইতে অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত সময়ের ভিতর এই সকল অহিন্দু ও অবৌদ্ধদের কেহ-কেহ মুসলমান ধর্ম্ম গ্রহণ করে। ঐতিহাসিক তথ্যের জোরে প্রমাণ করা সুকঠিন যে, মুসলমানদের জোর-জবরদস্তিতে বহুসংখ্যক হিন্দু ও বৌদ্ধ ইসলাম ধর্ম্ম গ্রহণ করিয়াছিল। বোধ হয় হিন্দু বা বৌদ্ধদের মধ্যে খুব কম লোকই মুসলমান হইয়াছে। অনেকের ধারণা,—হিন্দু সমাজের উচ্চ জাতির অত্যাচার-উৎপাতে বিরক্ত হইয়া তথাকথিত নীচ জাতিরা দলকে-দল মুসলমান হইয়া যায়। বিস্তৃত ক্ষেত্রে এইরূপ দলে-দলে ধর্ম্মান্তর-গ্রহণের প্রমাণ পাওয়া যায় কি না সন্দেহ। অব্রাহ্মণদের উপর ব্রাহ্মণদের উৎপাত হয়ত কোনো-কোনো ক্ষেত্রে ঘটিয়াছে—কিন্তু অনেক ক্ষেত্রেই এই অভিযোগ একেবারে বুজরুকি ছাড়া আর কিছু নয়। রাষ্ট্রিক, সামরিক ও ব্যবসা-বাণিজ্যের ধুরন্ধরদের মধ্যেই সাধারণতঃ হিন্দু ও বৌদ্ধধর্ম্ম প্রসার লাভ করে। এইরূপ ধরিয়া লওয়া সঙ্গত। কিন্তু এই সকল শ্রেণীর বাহিরের নরনারী অহিন্দু ও অবৌদ্ধ রহিয়া যায়। ইহাদের অনেকের উপর আর্য্যধর্ম্মের ও আর্য্যসংস্কৃতির প্রভাবটা ভাসা-ভাসা রকমের ছিল। এই সকল অহিন্দু ও ভাসা-ভাসা হিন্দু, অবৌদ্ধ ও ভাসা-ভাসা বৌদ্ধ অর্থাৎ নিম্ন-আর্য্যীকৃত নরনারীর ভিতরেই ইসলাম ধর্ম্মের প্রচারটা সাধিত হয় মোটামুটি এইরূপ ধরিয়া লইতে পারি।

দেখিতেছি এইবার আমরা সংখ্যাতত্ত্ব বা

স্ট্যাটিস্‌টিক্‌সের আওতায় আসিয়া পড়িলাম। এই সকল বিতর্কে চুলচেরা হিসাব করিয়া দেখানো প্রয়োজন যে, ঠিক কতজন লোক, কতটি পরিবার হিন্দু বা ইসলাম ধর্ম মানিয়া লইয়াছে। কিন্তু এইসব চুলচেরা হিসাব করিবার দিকে আজ পর্যন্ত ভারতীয় ঐতিহাসিকগণ মাথা খেলান নাই। মাথা খেলানো সহজও নয়। কাজেই এই সকল ব্যাপারে মাথা না ঘামাইয়া সেন বংশের সময়কার সকল বাঙালীকেই হিন্দু বা বৌদ্ধ বলিয়া ধরিয়া লওয়া রেওয়াজ রহিয়াছে। বলা-বাহুল্য সমাজ-বিজ্ঞানের তরফ হইতে এ সিদ্ধান্ত মানিয়া লওয়া যায় না। ধর্মান্তর-গ্রহণ বা সংস্কৃতীকরণ সামাজিক মেলামেশা বিষয়ক প্রক্রিয়া। এই সম্বন্ধে যে সকল পণ্ডিত বিশ্লেষণ চালাইতে অভ্যস্ত তাহাদের পক্ষে সেন আমলের প্রত্যেক বাঙালীকে সোজাসুজি হিন্দু বা বৌদ্ধ সমঝিয়া রাখা সম্ভবপর নয়। বাঙালী জাতের মুসলমান-যোগাযোগ সম্বন্ধে ইহাই হইল বিনয় বাবুর অতি-বড় কথা। এই জন্য বারে-বারে এই কথাটা উল্লেখ করিতেছি।

প্র:—যাহা হউক, অহিন্দু ও অবৌদ্ধ অর্থাৎ "অনার্য্য" বাঙালীরা মুসলমান ধর্মেরও সংস্কৃতির উপর কিরূপ প্রভাব বিস্তার করিয়াছে? বাঙালীর ইস্‌লাম-বিজয়ের লক্ষণ কি কি?

উ:—বাঙালীর স্বজনশক্তি ইসলামকেও সহজে পথ ছাড়িয়া দেয় নাই। হিন্দু এবং বৌদ্ধ ধর্মের মতো ইসলামকেও বাঙালীদের নিকট পরাজয় স্বীকার করিতে হইয়াছে। এই সকল ক্ষেত্রে ধর্মের সঙ্গে সংস্কৃতিও বুঝিয়া রাখিতে হইবে। অহিন্দু ও অবৌদ্ধদেরকে মুসলমান-বানানোর আর একটা বাধা আসিল চৈতন্যের বৈষ্ণব ধর্মের ভিতর দিয়া। সেই সময়কার অনেক অহিন্দু ও অবৌদ্ধদের ভিতর কেহ-কেহ গ্রহণ করিল বৈষ্ণব ধর্ম, কেহ-কেহ গ্রহণ করিল ইসলাম। বাঙালী ধর্ম ও সংস্কৃতি এবং অবাঙালী হিন্দু, অবাঙালী বৌদ্ধ ও অবাঙালী মুসলমান ধর্মের ও সংস্কৃতির সংমিশ্রণে দেখা দিল শেখ শুভোদয়া, কবিকঙ্কন চণ্ডী, রাধা-কৃষ্ণের গান ইত্যাদি সাহিত্য। দেখা যাইতেছে যে, এই সময়ে অবাঙালী ধর্ম বা সংস্কৃতি তিন প্রকারের—হিন্দু, বৌদ্ধ ও মুসলিম। এই তিন অবাঙালী ধর্ম একই সঙ্গে চলিতেছে। কিন্তু এই তিন বিদেশী সংস্কৃতির প্রত্যেকেই বাঙালীর খাঁটি স্বদেশী অর্থাৎ আদিম পারিয়া ও চিড়িয়া-জাতীয় সংস্কৃতির সঙ্গে বুঝাপড়া চালাইতেছে। বাঙলা দেশে এই উপায়ে দেশী ও বিদেশী সংস্কৃতির সমকৌতা চলিতেছে। বিদেশী সংস্কৃতিগুলার উপর স্বদেশী সংস্কৃতির প্রভাব গভীরভাবে লক্ষ্য করিবার বিষয়।

হিন্দু, বৌদ্ধ এবং ইসলাম সংস্কৃতি ও ধর্মের উপর খাঁটি বাঙালীর ধর্ম ও সংস্কৃতি যে প্রভাব বিস্তার করিয়াছে তাহার দৃষ্টান্ত সেকালের বাংলা সাহিত্যে প্রচুর পরিমাণে দেখিতে পাই। শেখ শুভোদয়া গ্রন্থে আছে ইসলামের উপর আদিম বঙ্গ-সংস্কৃতির ছাপ। কবিকঙ্কন-চণ্ডীতে ইসলাম ও বঙ্গ-ধর্মের সমকৌতা পরিস্ফুট। সঙ্গে-সঙ্গে চলিতেছে বাঙালী সংস্কৃতির সঙ্গে অবাঙালী হিন্দু ও বৌদ্ধ সংস্কৃতির দহরম-মহরম। বৈষ্ণব সাহিত্য রাধা-কৃষ্ণের গানের সমুদ্র বিশেষ। এই সকল গানের ভিতর মামুলি স্বদেশী অর্থাৎ পারিয়া ও "অনার্য্য" জনসাধারণের চিত্ত তথাকথিত আর্য্য, হিন্দু বা বৌদ্ধ সংস্কৃতিকে রূপান্তরিত করিয়াছে। মুসলমান কাজি-রচিত বৈষ্ণব গানে ও পারিয়া এবং ইসলামের পারস্পরিক লেনদেন দেখা যায়। এই যে তিন শ্রেণীর সাহিত্যের কথা বলিতেছি ইহার প্রত্যেকটারই আবহাওয়া অতি গভীরভাবে স্বদেশী,—অর্থাৎ অনার্য্য পারিয়া শ্রেণীর হাবভাব রীতিনীতি ও আশা-আকাঙ্ক্ষা ছাড়া আর-কিছু নয়। মধ্যযুগের বাংলা সাহিত্যের সর্বত্রই দেখিতে পাই যে, অবাঙালী সংস্কৃতিগুলা—সে-সব

আর্যাই হউক বা ঐসলামিকই হউক—বেশ-কিছু স্বদেশী বনিয়া গিয়াছে। এই সব সংস্কৃতি বঙ্গ-সংস্কৃতির সঙ্গে বনিবনাও চালাইতে প্রাণপণ চেষ্টা করিতেছে। কোনো কোনো ক্ষেত্রে পারস্পরিক খাপ-খাওয়াটা অল্প-বিস্তর সাধিত হইয়াছে। মোদ্দা কথা, আর্য্য ধর্ম্মওলা ও মুসলমান ধর্ম্ম দুইই বাঙালী-আওতায় রূপান্তরিত হইতেছে। বাঙালী হরিজনদের সঙ্গে আসিয়া মিশিল জলচল হিন্দু ও মুসলমান ধর্ম্ম। ছোট জাত, অস্পৃশ্য, আদিম অধিবাসীদের সঙ্গে ইহারা হাতে হাত মিলাইল।

## বাঙালী-করণ

প্রঃ—বঙ্গ-ধর্ম্ম ও বঙ্গ-সংস্কৃতি তাহা হইলে কি চিজ ?

উঃ—অনেকবারই বলা হইয়াছে যে, "অনার্য্য", আদিম, বুনো, "পারিয়া", "কাক-পায়রা", পাহাড়ী ইত্যাদি নর-নারীর ধর্ম্ম ও/বা সংস্কৃতি হইল বাঙালীর খাঁটি স্বদেশী ধর্ম্ম ও/বা সংস্কৃতি। এইটাই ভিত্তি বা গোড়ার কথা। তাহার পর সকল যুগেই দেশী-বিদেশীর সংশ্লেষনে বঙ্গ-ধর্ম্ম ও বঙ্গ-সংস্কৃতির ক্রম-বিকাশ। বঙ্গ-সংস্কৃতির বনিয়াদ বলিলে একমাত্র তথাকথিত বঙ্গদেশের ভিতরকার লোকজনের কৃষ্টি বুঝিতে হইবে না। নেপাল, তিব্বত, ভুটান, চীন, ব্রহ্মদেশ, আসাম একদিকে এবং উড়িষ্যা, ছোট-নাগপুর, বিহার অন্যান্য দিকে খাঁটী স্বদেশী পারিয়া বা চিড়িয়া-জাতীয় বাঙালী নরনারীর "হাড়মাস" এবং সংস্কৃতি জোগাইয়াছে।

বনিয়াদটা সম্বন্ধে আরও বিস্তৃতরূপে আলোচনা চলে। বাঙালী হিন্দু ও বাঙালী মুসলমানদের আচার-ব্যবহার ও চালচলনে মিল আছে। কারণ কি ? সাধারণের ধারণা,—হিন্দুদের কেহ-কেহ মুসলমান হইয়া যাওয়ায় এইরূপ ঘটিয়াছে। কথাটার ভিতর কিছু সত্য আছে। কিন্তু আসল কারণ,—হিন্দু ধর্ম্মের মত মুসলমান ধর্ম্মেও অনার্য্য বাঙালী আদিম লোকদের আচার-ব্যবহার আর চালচলন ঢুকিয়া গিয়াছে। হিন্দু ও মুসলমান দুই ধর্ম্মেই "বাঙ্‌লামি"র প্রলেপ পড়িয়াছে। হিন্দু ও মুসলমান ধর্ম্মের উপর বাঙালার খাঁটি স্বদেশী সংস্কৃতি দিগ্বিজয় চালাইতেছে। এই কথাটা মনে রাখিলে বাঙালী হিন্দু এবং মুসলমানদের রীতিনীতির ভিতর ঐক্য ও সাদৃশ্যগুলা সহজে বুঝিতে পারিব। দুই সংস্কৃতিই "বাঙালীকরণের" প্রভাবে অনেকটা একরূপ দেখাইয়া থাকে।

খৃষ্টিয়ান ধর্ম্মের প্রভাব আপাততঃ বাদদিলে দেখিতে পাইব যে, অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে বাঙালী সংস্কৃতিতে তিন-তিনটা প্রবল ধারার সমাবেশ হইয়াছে। প্রথমটা আদি ও অপরাজেয় বাঙালী ধর্ম্ম। দ্বিতীয়টা আর্য্য ধর্ম্মের নয়া-পুরাণা ও নানা সংস্করণ। তৃতীয়টা ইসলাম। ইসলাম ধর্ম্মের প্রসারের সময়েও বৈদিক হিন্দু ধর্ম্ম, বৌদ্ধ ধর্ম্ম, বৈষ্ণব ধর্ম্ম, শাক্ত ধর্ম্ম বা তান্ত্রিক ধর্ম্ম প্রভৃতি বিভিন্ন নামে তথাকথিত "আর্য্য" ধর্ম্মের দিগ্বিজয় চলিতে থাকে। অনেক সময় দেখা যায় যে, যাহাকে হিন্দু বলিতেছি মানসিক ও সামাজিক গড়নে সে হয়ত একই সঙ্গে আধা-হিন্দু ও আধা-মুসলমান। অধিকন্তু সঙ্গে-সঙ্গে সে তাহার প্রাচীন "অনার্য্য" বঙ্গধর্ম্মও বজায় রাখিয়া চলিতেছে। এই সমস্যকার মুসলমান সম্বন্ধেও ঠিক এই কথাই খাটে। সে একই সঙ্গে হয়ত মুসলমান, হিন্দু ("আর্য্য") ও পারিয়া। বাঙালী মুসলমানের ধর্ম্ম ও সংস্কৃতি একমাত্র অথবা পুরাপুরি ঐসলামিক নয়। তাহার ভিতর আছে (আর্য্য-হিন্দু-বৌদ্ধ) ও অনার্য্য-পারিয়া মাল। চৈতন্যের সময়ে এই বিভিন্ন সম্প্রদায়ের সংজ্ঞা খুব পরিষ্কার ছিল কি না সন্দেহ। জাতি, ধর্ম্ম, শ্রেণী প্রভৃতির প্রভেদ বুঝাইবার জন্য আজ এই বিংশ শতাব্দীতে নৃতত্ত্ব, অর্থনীতি, রাজনীতি ও ধর্ম্মের দিক হইতে যে সমস্ত সংজ্ঞা আমদানী হইয়াছে—তাহা অষ্টাদশ শতাব্দীর বাঙালী হিন্দু ও মুসলমান এবং আধা-হিন্দু ও আধা-

মুসলমানদের অজানা ছিল। কথাগুলা নিরেট ঐতিহাসিক প্রমাণের জোরে প্রতিষ্ঠিত করিবার দিকে গবেষণা চালানো উচিত।

প্রঃ—বাঙালী হিন্দুরা যে-সকল দেবদেবী পূজা করে আর সংস্কার, আচার, উৎসব ও পার্ব্বণ ইত্যাদি মানিয়া চলে সে সম্বন্ধে "দেশ-বিদেশী" বিচার তাহা হইলে কিরূপ?—এই সব জিনিষ হিন্দু না অহিন্দু?

উঃ—বিনয়বাবুর প্রধান কথা,—হাজার-হাজার বছর ধরিয়া বাঙালীদের আসল ধর্ম্ম বাঙালী ধর্ম্ম—হিন্দু-ধর্ম্ম নহে। আর নেহাৎ যদি হিন্দু বলিতেই হয় তবে বলা উচিত যে, উহা বঙ্গ-হিন্দু ধর্ম্ম। এই বঙ্গ-হিন্দু ধর্ম্ম পাঞ্জাবী, কনৌজীয়, তামিল এবং অন্যান্য হিন্দুধর্ম্ম হইতে প্রায় সম্পূর্ণ আলাদা চিজ। দুর্গা, লক্ষ্মী, জগদ্ধাত্রী, কালী, চণ্ডী, সরস্বতী, রাধা, মনসা, বেহুলা, শীতলা এবং অন্যান্য যে সব দেবতার পূজা বা মানত্ কিম্বা পরব্ বাঙলাদেশের বিভিন্ন জাতির বহু সংখ্যক নর-নারী করিতেছে অন্যান্য প্রদেশে তার কোনো অস্তিত্ব নাই বলিলেই চলে।* অথবা সেই সকল অবাঙালী পূজার গড়নে আর বাঙালী পূজার গড়নে আকাশ-পাতাল ফারাক। এই সকল দেবীরা আসলে সবাই বাঙালী নারী,—বাঙলার ঘরে-ঘরে বিরাজিত মা, বোন, স্ত্রী বা মেয়ে। বাঙালীর বস্তুনিষ্ঠ কল্পনাশক্তি, মানব-প্রীতি ও সৃজনীপ্রতিভা এই সকল বাঙালী মেয়েকে দেবীর আসনে বসাইয়াছে। আবার শিব, কৃষ্ণ, কার্ত্তিক, গণেশ, দক্ষিণরায় প্রভৃতি দেবতা আসলে বাঙালী পুরুষ ছাড়া আর কিছুই নহে—এরা বাঙালীর প্রতি গৃহের বাবা, ভাই, স্বামী বা ছেলে। বাঙালীরা যখন নানা প্রকার স্তব-স্তুতি ও অবোধ্য সংস্কৃত মন্ত্র আওড়াইয়া এই সকল দেবদেবীর পূজা করে তখন তাহারা বাঙালী ছেলেমেয়েরই তারিফ করে, তাহাদের নিজ হাতে গড়া জিনিসই পূজা করে। বাঙালীর হিন্দুধর্ম্মে বাস্তবের আর মানুষের ও সংসারের স্থান খুব বেশী। ইহা আধ্যাত্মিকতায় ভরপুর এইরূপ বলা নেহাৎ বুজরুকি,—কমসেকম্ এইরূপ বলিলে ষোল আনা সত্য বলা হয় না। দেবদেবীগুলি বাঙালীদের নিজস্ব, স্বাধীন সৃষ্টি। এই সবই বাঙালীর বাচ্চা। শক্তি, স্বাস্থ্য, সম্পদ ও উদ্যমের মূর্ত্তিরূপে অথবা স্রষ্টারূপে এগুলি বাঙালীর মগজ হইতে বাহির হইয়াছে। বাঙালী জীবনের অগ্রগতির জন্য বাঙলার নরনারীকে মজবুদ ও কর্ম্মঠ করিয়া তুলিবার জন্য এই সকল দেবদেবীর জন্ম। বাঙলার নরনারীর কাছে বঙ্গ-হিন্দুধর্ম্ম একটা ছেলেখেলা। বাঙালী মানবিকতার অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন হইল বঙ্গ-হিন্দু ধর্ম্ম।*

বঙ্গ-হিন্দু ধর্ম্মের পূজাপার্ব্বণের আবহাওয়ায় প্রায় ষোল আনাই অনার্য্য, পারিয়া, "বাঙালী"। শুধু মন্তরটা "আর্য্য", কেন না ইহা সংস্কৃত ভাষায় আওড়ানো হয়। সংস্কৃতের ছোঁয়াচটুকু বাদ দিলে বঙ্গীয় হিন্দুধর্ম্মে আর্য্যামির টিকি পর্য্যন্ত দেখা যাইবে কি না সন্দেহ। ইহার মুড়ো হইতে পা পর্য্যন্ত প্রায় সবই "বাঙলামি"তে ভরপুর।

একদিকে যেমন ইসলাম ধর্ম্ম বাঙালী রূপ গ্রহণ করিতে থাকে, অপর দিকে "আর্য্য" হিন্দুধর্ম্মও তেমনি বাঙলার মাটিতে বাঙলার দেবদেবীকে স্বীকার করিয়া লইয়া নতুন ভোল লয়। এই দুই রূপান্তরসাধন একই সঙ্গে একই সময়ে চলিতে থাকে। ডোম, হাড়ি, চামার, বাগ্দী প্রভৃতি তথাকথিত "ছোট" জাতও এই সকল দেবদেবী বানানোর কাজ সাহায্য করিয়াছে। এই ব্যাপারে অনার্য্য এবং তথাকথিত ছোটজাতগুলার সৃষ্টিশক্তি বিশেষভাবে উল্লেখযোগ্য। সর্ব্বভারতীয় হিন্দুধর্ম্ম বঙ্গ-ধর্ম্মের প্রভাবে বঙ্গ-হিন্দুধর্ম্ম বনিয়াছে বলিলে ঠিক বলা হয় না। বস্তুতঃ ইহা পুরাপুরি সত্য নহে। প্রকৃত অবস্থায় দেখা যায় যে,

* বিনয় সরকার,—"পজিটিভ ব্যাক্গ্রাউণ্ড অব্ হিন্দু সোশিওলজি", প্রথম ভাগ (এলাহাবাদ, ১৯০৭), বেঙ্গলি পজিটিভিজ্‌ম্ অধ্যায় দ্রষ্টব্য।

বাঙালী লোকধর্মই সংস্কৃত ভাষায় নিবদ্ধ ভারতীয় সংস্কৃতির ছিটেফোঁটার উপর বঙ্গপ্রভাব বিস্তার করিয়াছে। কাজেই হিন্দুধর্মের অল্পবিস্তর যাহা-কিছু হোমিওপ্যাথিক ডোজে বাঙ্‌লা দেশে প্রবেশ করিয়াছিল তাহা বঙ্গ-সংস্কৃতির দৌলতে রূপান্তরিত হইয়াছে। হিন্দুধর্ম বঙ্গধর্মকে রূপান্তরিত করিয়াছে না বলিয়া যদি বলি বঙ্গধর্মই হিন্দুধর্মকে রূপান্তরিত করিয়াছে, তাহা হইলে রূপান্তর-গ্রহণের চিত্রটা যথোচিতরূপে নিষ্পন্ন হয়। চণ্ডী, কালী, রাধা, বেহুলা ইত্যাদি ঠাকুরুণদের আর হোলি, গাজন, গম্ভীরা প্রভৃতি উৎসবওলার গান ও পাঁচালী হইতে বুঝা যায় যে, তথাকথিত অনার্যের আর্যীকরণ অপেক্ষা তথাকথিত আর্যের অনার্যীকরণ হইয়াছে অনেক বেশি।• মোটের উপর, "পারস্পরিক" দিগ্‌-বিজয়ের কথাটা বারে-বারে মনে রাখা আবশ্যক।

প্রঃ—বাঙালী মুসলমানদের দেশী-বিদেশী সংস্কৃতি সম্বন্ধে বিনয়বাবু কি বলেন?

উঃ—তাঁহার মতে বাঙালী মুসলমানদের আদর্শ, ধর্ম ও রীতি-নীতি আলোচনা করিলেও দেখিতে পাই যে, ইসলামের উপর বঙ্গ-শক্তি, বঙ্গ-সংস্কৃতি ও বঙ্গ-ধর্মের জবর প্রভাব। পশ্চিম এশিয়ার ও উত্তর ভারতের ইসলাম ধর্ম বঙ্গদেশে আসিয়া সনাতন-বঙ্গধর্মের প্রভাবে বাঙালীকৃত হইয়াছে। বাঙালী মুসলমানের ধর্ম দুনিয়ার অন্যান্য মুসলমানের ধর্ম হইতে বেশ-কিছু পৃথক। বাঙালীর প্রভাবে ইসলামের যথেষ্ট ভোল বদলাইয়াছে। বাঙালী মুসলমানদের মহরম-পার্বণটার ভিতর হাসান, আর হোসেন এই নাম দুইটা অ-বাঙালী। আর সব-কিছুই,—মিছিল চালানো, দলে-দলে তাজিয়া বাহির করা, মার বিসর্জন পর্যন্ত,—বাঙালী। বাঙালী হিন্দুদের উপর সংস্কৃত ভাষা যতটুকু জাঁকিয়া বসিয়াছে, বাঙালী মুসলমানদের উপর আরবি ও ফার্সি ভাষা এমন কি ততটুকুও চাপিয়া বসে নাই। বাংলা ভাষাই বাঙালী মুসলমানের প্রাণের ভাষা। ভক্তি ও শক্তি প্রকাশের জন্য বাঙালী মুসলমান আরবি ও ফার্সি ভাষা অপেক্ষা বাংলা পদ ও বাক্যই বেশি ব্যবহার করিয়া থাকে। এই সকল বিষয়ে যাঁহা হিন্দু তাঁহা মুসলমান। অর্থাৎ দুই মিঞাই বিদেশী ভাষাকে কলা দেখাইয়া স্বদেশী ভাষায় ধর্ম-অর্থ-কাম-মোক্ষ চালাইতে অভ্যস্ত। জননী বঙ্গভাষা দুইয়েরই দরদ মিটাইয়া থাকে। আর্যের বা অনার্যের ইসলামীকরণ অপেক্ষা বাঙলায় ইসলামের অনার্যীকরণই বেশী প্রকট। আবার দিগ্‌বিজয়ের সেই "পারস্পরিকতা" মাথা চাড়িতেছে। এই সকল বিষয়ে বিনয় বাবু বহুসংখ্যক তথ্যমূলক নৃতাত্ত্বিক গবেষণা চাহিয়া থাকেন। অনুসন্ধান চালানো জরুরি সন্দেহ নাই।

## একালের বঙ্গ-সংস্কৃতি

প্রঃ—একালের বঙ্গ-সংস্কৃতির ভিতর দেশী-বিদেশী বিশ্লেষণ চলিবে কি? পারস্পরিক সংস্কৃতী-করণের দৃষ্টান্ত পাওয়া যাইবে কি?

উঃ—নিশ্চয়। বিশ শতাব্দীর বাঙালী সংস্কৃতিতে বাঙালী কাক-চিড়িয়া-পাথরিয়া, অর্থাৎ বাঙালী অনার্যের প্রভাব সাবেক কালের মতোই বজায় আছে। প্রথমতঃ এই অনার্য ধর্ম ও সংস্কৃতি অনুসারে এখনও বহুসংখ্যক লোক জীবনধারণ করিতেছে। মুণ্ডা-ওরাওঁ-সাঁওতাল, খাসি-গারো চাকমা ইত্যাদি নামে তাহারা পরিচিত। গুনতিতে তাহারা কতগুলা সম্প্রতি তাহার খতিয়ান করিবার প্রয়োজন নাই। তবে তাহাদের অনেকেই এখনও হিন্দু নামেও পরিচিত নয়, মুসলমান নামেও পরিচিত নয়, খৃষ্টিয়ান নামেও পরিচিত নয়। তাহারা সাধারণতঃ আদিম, পাহাড়ী, বুনো ইত্যাদি রূপে

হরিদাস পালিত,—"আজের খঞ্জনী" (কলিকাতা, ১৯১১) এবং "বাংলা ও সংস্কৃতি ধাতুর গোড়া এক" (কলিকাতা, ১৯৩৭)। বিনয় সরকার,—"হিন্দুজেন্‌ অ্যাণ্ড টাউন্‌স্‌ অ্যাজ সোস্যাল প্যাটার্ন্‌স্‌" (কলিকাতা, ১৯৪১)।

বিস্তৃত। আজকাল তাহাদিগকে "আদিবাসী" বলা হইতেছে। দ্বিতীয়তঃ এই অনার্য্য বঙ্গ-ধর্ম্ম ও সংস্কৃতি হিন্দুধর্ম্মের উপর, মুসলমানধর্ম্মের উপর এবং খৃষ্টিয়ান-ধর্ম্মের উপর বঙ্গপ্রভাব বিস্তার করিতেছে। হিন্দু, ইসলাম ও খৃষ্টিয়ান ধর্ম্ম এই তিনটাই অনার্য্য বঙ্গ-ধর্ম্মের আওতায় বাঙালীকৃত হইতেছে। অনার্য্যীকরণের দিগ্বিজয় আজও প্রবল ধারায় দেখিতে পাই। ফলতঃ এই অনার্য্য বঙ্গ-ধর্ম্মের প্রভাব বাঙলাদেশের অন্যান্য রীতিনীতি ও অনুষ্ঠান-প্রতিষ্ঠানে মূর্ত্তিমন্ত রহিয়াছে। বাঙলা-দেশে এমন অনেক নরনারী আছে যাহা-দিগকে একই সঙ্গে হিন্দু বলিয়া মনে হয় আবার মুসলমান বলিয়াও মনে হয়। তাহাদিগকে সামাজিক ও ধর্ম্মের ছাঁচ অনুসারে কখনও বা হিন্দু বলিলেও বলিতে পারি আবার মুসলমান বলিলেও বলিতে পারি। একই সঙ্গে তাহারা আধা-হিন্দু ও আধা-মুসলমান। এই সকল শ্রেণীর নরনারীর জীবনে অনার্য্য বঙ্গ-ধর্ম্মের প্রভাব সর্ব্বদাই লক্ষ্য করিতে হইবে। মধ্যযুগেও এইরূপ আধা-হিন্দু আধা-মুসলমান উন্নতিতে কম ছিল না। সমাজ-শাস্ত্রের তরফ হইতে আধা-হিন্দু, আধা-বৌদ্ধ, আধা-মুসলমান, আধা-শিন্তো, আধা-কনফিউশিয়, আধা-খৃষ্টিয়ান ইত্যাদি ধরণের চিত্র, সংস্কৃতি ও ধর্ম্ম বিশেষরূপেই উল্লেখযোগ্য। এই সকল বিষয়ে গবেষণা চাই।

:—বর্ত্তমান যুগের বঙ্গ-সংস্কৃতিকে পুরাপুরি পরানুকরণের যুগ এবং বৈদেশিক প্রভাবের যুগ বলা উচিত কি?

উ:—বিনয় বাবুর জবাব হইবে,—"না"।

প্রথমেই উল্লেখ করা উচিত যে, ক্লাইভের সময় হইতে ১৯১১ সন পর্য্যন্ত রাষ্ট্রশাসন সম্বন্ধে বাঙলাদেশ উত্তর ভারত হইতে পৃথক ছিল। বরং বলা উচিত যে, এই সময়ে বাঙলা দেশই গোটা ভারতের রাজধানী। ইহাতে রাজ-নীতিক্ষেত্রে বাঙালীদের যথেষ্ট সুবিধা জুটিয়াছে।

যাহা হউক রামমোহনের আমল হইতে আজ পর্য্যন্ত ছোট-বড়-মাঝারি গ্রন্থকার বা সাংবাদিকের রচনা বিশ্লেষণ করিলে বুঝা যাইবে যে, বিদেশী সংস্কৃতির আক্রমণ প্রতিরোধ করিবার ক্ষমতা এই বঙ্গ-সংস্কৃতির আছে বিস্তর। বাঙালী সংস্কৃতি শুধু আত্মরক্ষাই করে নাই,—বিদেশী জ্ঞান-বিজ্ঞান-কলা-দর্শন ইত্যাদি কৃষ্টিকে নিমন্ত্রণ করিয়াও আনিয়াছে। তাহা ছাড়া বাঙলার নরনারী বিদেশী সংস্কৃতিকে ভাঙিয়া-চুরিয়া নিজের ছাঁচে ঢালিয়া লইয়াছে। ইহাই আসল কথা। বিদেশী সংস্কৃতির বাঙালীকরণ ঊনবিংশ ও বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতির খুব বড় তথ্য। এক হিসাবে ঊনবিংশ ও বিংশশতাব্দীর বঙ্গ-সংস্কৃতি আগাগোড়া ইয়োরামেরিকান সংস্কৃতির মফঃস্বল বা উপনিবেশ মাত্র। আর এক তরফ হইতে বলিতে হইবে যে, পাশ্চাত্য সংস্কৃতির উপর আধিপত্য স্থাপনের ফলে একালের বঙ্গ-সংস্কৃতি মূর্ত্তি লাভ করিয়াছে। মোটের উপর আবার পারস্পরিক দিগ্‌বিজয় লক্ষ্য করা কর্ত্তব্য। খৃষ্টিয়ান ধর্ম্ম, পাশ্চাত্য সংস্কৃতি, ইংরেজী শিক্ষা সব-কিছুই এই বঙ্গ-প্রভাব, এবং বাঙালীর দিগ্বিজয় ও আধিপত্য মানিয়া লইয়াছে।

রামমোহন অষ্টাদশ শতাব্দীর পাশ্চাত্য যুক্তি-নিষ্ঠাকে বাঙালী রূপ দিয়াছেন। দান্তে ও মিলটনের বিশ্বব্যাপী পৌরুষ ও শক্তিযোগ বাঙালী মূর্ত্তিতে ফুটিয়া উঠিয়াছে মধুসূদনের লেখায়। ভিক্টোরিয় যুগের গণশক্তি, সমাজতন্ত্র ও নারীত্বকে বাঙালী পোষাক পরাইয়াছেন রঙ্গলাল, বিহারী, হেম ও নবীন। কঁৎ ও মিলের প্রচারিত "পজিটিভিজম্" বা মানবতন্ত্র ও সংসার-নিষ্ঠা বাঙালী-রূপে দেখিতে পাই বঙ্কিমচন্দ্রের ধর্ম্ম-সাহিত্যে, কৃষ্ণ-চরিত্রে এবং মার "বন্দে মাতরম্" মন্ত্রে। কিথ্‌টে ও কার্লাইলের আদর্শবাদের বঙ্গরূপ দিলেন বিবেকানন্দ। একালের বিজ্ঞান-সাধনা পথ-প্রদর্শক জগদীশ ও প্রফুল্লচন্দ্রের কর্ম্মপটুত্বের ফলে যুবক-

বাঙলার রক্তের সঙ্গে বেশ-কিছু মিশিতে সুরু করিয়াছে। মাৎসিনি ও কাণ্টের অধ্যাত্মনিষ্ঠা, কর্ত্তব্যজ্ঞান ও যৌবনশক্তি বাঙালীকৃত হইল অরবিন্দের রাইসাধনায়। আধুনিক আর্থিক ব্যবস্থার পুঁজিতন্ত্র ও শিল্পনিষ্ঠা বাঙালী আবহাওয়ায় মিশিল অম্বিকা উকিলের আন্দোলনে ও কর্ম্ম-প্রচেষ্টায়। ব্রাউনিং ও হুইট্‌ম্যানের ব্যক্তিস্বাতন্ত্র্য বাঙালী সংস্করণে দেখা দিল রবীন্দ্র-সাহিত্যে। দস্তয়েভস্কির রচনাতে যে মানবপ্রীতি ও নীতিবৈচিত্র্যের কদর দেখিতে পাই তাহা নতুন বাঙালী রূপ পাইয়াছে শরৎচন্দ্রের রচনায়। ১৯১৭-২০ সনের (লেনিনের যুগ) পর হইতে বাঙালী কবি, গল্পলেখক, বৈজ্ঞানিক, অর্থশাস্ত্রী এবং রাষ্ট্রিক পণ্ডিত ও বক্তারা সমাজতন্ত্রের (সোস্যালিজ্‌মের) একটা মানানসই রূপ দিবার জন্য কর্ম্মঠভাবে মাথা ঘামাইতেছেন।

বাঙালীরা বর্ত্তমান যুগে ইয়োরামেরিকার সংস্কৃতি এমন জবর ভাবে দখল করিয়া লইয়াছে যে, পাশ্চাত্য চিন্তাধারার সঙ্গে যথেষ্ট ও গভীর পরিচয় না থাকিলে সাধারণ-শিক্ষিত বাঙালীর পক্ষে বলা শক্ত,—পাশ্চাত্য ভাবধারা বাঙালীর চিন্তাকে আদৌ প্রভাবান্বিত করিয়াছে কিনা। উনবিংশ ও বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি ও বঙ্গ-ধর্ম্ম বাঙলার নরনারীর পক্ষে অগৌরবের জিনিষ নয়। এই সব পুরামাত্রায় বঙ্গ-সৃষ্টির অপূর্ব্ব বিকাশ। এই সকল সৃষ্টি ও কৃষ্টি সম্বন্ধেও বাঙালী জাতকে দিগ্‌বিজয়ী বলিতে হয়। এমন কি বাঙলার নরনারীর ভিতর যাহারা খৃষ্টিয়ান ধর্ম্ম লইয়াছে তাহাদের আওতায়ও খৃষ্ট-সংস্কৃতি বাঙালী-কৃত হইয়াছে। সর্ব্বত্রই দেখা যায় বাঙালী-করণের জয়জয়কার।

প্রঃ—বাঙালীরা বেশী দিগ্‌বিজয়ী না অ-বাঙালী ভারত-সন্তানেরা বেশী দিগ্‌বিজয়ী? এই বিষয়ে বিনয় বাবুর মত কি?

উঃ—দিগ্‌বিজয়ের মাপকাঠি ও বহর লইয়া আগে আলোচনা করা দরকার। যখনই কোনো লোক অপর কোনো লোকের চিত্ত বা মগজ দখল করে তখনই বিনয়বাবুর মতে লোকটা দিগ্‌বিজয়ী। এই হিসাবে প্রত্যেক কবি, গল্পলেখক, দার্শনিক, রাষ্ট্রিক, বক্তা, নট-নটী, গায়ক-গায়িকা, পালোয়ান, চাষী, মিস্ত্রী, দরোয়ান, সকলেই অল্পবিস্তর দিগ্‌বিজয়ী। কিন্তু দিগ্‌বিজয়ের চৌহদ্দিটা সকলের সমান নয়। কাহারও দিগ্‌বিজয় নিজ পরিবার পার হয় না,—যাকে বলে "মাগের কাছে পেগের বড়াই"। কাহারও দিগ্‌বিজয় নিজ পাড়ার সীমাবদ্ধ। কেহ বা জেলা পর্য্যন্ত দিগ্‌বিজয়ী। প্রদেশ-বিজয় কাহারও-কাহারও কপালে ঘটে ইত্যাদি। সম্রাট ধর্ম্মপাল, চৈতন্য এবং নব্যন্যায় প্রভৃতির কথা বাদ দিলে মালুম হইবে যে, অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত বাঙালী কবি, দার্শনিক, বৈজ্ঞানিক বা ধর্ম্ম-প্রচারকেরা সর্ব্বভারতীয় খ্যাতি লাভ করেন নাই। বাঙালী গুণী, কবি, পণ্ডিত, রাষ্ট্রিক ইত্যাদি শ্রেণীর দৌড় ছিল প্রধানতঃ বাঙলাদেশের চৌহদ্দির ভিতর গণ্ডীবদ্ধ। বাঙলার বাহিরে বাঙালীর ইজ্জত সেকালে নেহাৎ সামান্য ছিল। আদিম ও মধ্যযুগের ভারতীয়দের মতো সর্ব্বভারতীয় খ্যাতি বাঙালীদের বরাতে জুটিয়াছে উনবিংশ শতাব্দীতে এবং ইদানীং কয়েক বছর। এই হিসাবে অবাঙালীরা বাঙালীর চেয়ে বেশী দিগ্‌বিজয়ী।

রাজনীতি, সামরিক বিদ্যা, সাহিত্য, বিজ্ঞান, শিল্পকলা প্রভৃতি ক্ষেত্রে আদিম ও মধ্যযুগের অবাঙালীকে বাঙালী সংস্কৃতি কতটা প্রভাবান্বিত করিয়াছে, আদৌ করিয়াছে কিনা, করিয়া থাকিলে কোন্ সময়ে করিয়াছে—এই সকল বিষয়ে তথ্য আবিষ্কার করা প্রয়োজন। এইরূপ আবিষ্কারের জন্য এক-একটা করিয়া প্রদেশ ধরিয়া বঙ্গ-প্রভাব সম্বন্ধে ঐতিহাসিক গবেষণা চালানো দরকার। বিনয় বাবু এই সকল গবেষণার প্রয়োজনীয়তা সম্বন্ধে খুব জোর দিয়া থাকেন।

অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত বাঙালী মুসলমানেরা

P24, 083

রাজনীতি, সাহিত্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতিতে যে সৃজনশক্তির পরিচয় দিয়াছে তার মধ্যে একমাত্র "সৈয়ার মুতাক্ষরিন" কিছুটা সর্ব্বভারতীয় খ্যাতি লাভ করিয়াছে। এই ক্ষেত্রেও গবেষণার প্রয়োজন। বিশেষ করিয়া দেখা দরকার যে, ইহার গ্রন্থকার গোলাম হোসেনকে আদপেই বাঙালী বলা চলে কিনা।

কি হিন্দু, কি মুসলমান, দুই প্রকার বাঙালীই বিনয় বাবুর বিবেচনায় অবাঙালী হিন্দু-মুসলমানের চেয়ে মধ্যযুগে খাটো ছিল। এই দুয়ের কাহাকেই "ভদ্রলোকের পাতে দেওয়া" চলিত কিনা সন্দেহ।*

প্রঃ—বর্ত্তমান যুগে বঙ্গ-সংস্কৃতির দিগ্‌বিজয় কোথায় বা কতটুক?

উঃ—গোটা দুনিয়ার বাটখারায় মাপিলে দেখা যাইবে যে, অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত অবাঙালী ভারতীয় সৃজনশক্তি যে স্তরে উঠিয়াছিল বাঙালী সৃজনশক্তি ততটা উঁচু স্তরে উঠিতে পারে নাই। পূর্ব্ব, উত্তর ও পশ্চিম এশিয়ায় ভারতীয় সংস্কৃতি-প্রসারের ফলে বিদেশে যে "বৃহত্তর ভারত" গড়িয়া উঠিয়াছিল—তাহার মূলে প্রধানতঃ অবাঙালী হিন্দু ও বৌদ্ধদেরই কেরামতি দেখা যায়। আদিম এবং মধ্যযুগে বাঙালীরা "বৃহত্তর ভারত" গঠনে কিছু করিয়াছে বলিয়া সন্তোষজনক ও বেশী খবর পাওয়া যায় না। অন্ততঃ যথার্থ ঐতিহাসিকভাবে নির্ভরযোগ্য প্রমাণ খুব কম। একমাত্র পাহাড়পুরের (রাজসাহী) স্থপতিবিদ্যা ও কারুশিল্প যবদ্বীপ, শ্যাম, ব্রহ্মদেশ প্রভৃতি জায়গায় দেখিতে পাওয়া যায়। বিক্রমপুরের (ঢাকা) "বাঙাল বাচ্চা" বৌদ্ধ দীপঙ্কর তিব্বতে যে প্রচারকার্য্য করিয়াছেন তাহা অবশ্য বিশেষ-ভাবেই উল্লেখযোগ্য। এই সকল বিষয়ে বহুসংখ্যক গবেষকের মোতায়েন থাকা বাঞ্ছনীয়।

১৮৯৩ সনে আমেরিকার সঙ্গে বিবেকানন্দের সম্পর্ক স্থাপিত হইবার পর হইতে দুনিয়ার সংস্কৃতির আসরে বাঙালীকে "ভদ্রলোকের পাতে" দেওয়া যাইতেছে। ১৯০৫ সনের সুবদ বাঙলার স্বদেশী বিপ্লব বর্ত্তমান যুগের আন্তর্জ্জাতিক রাজনীতি ও সভ্যতায় একটা উল্লেখযোগ্য শক্তি হইয়া দাঁড়াইয়াছে। বিগত ৩৫-৩৬ বৎসর ধরিয়া বাঙলার নরনারী শিল্প, বিজ্ঞান, কলা, দর্শন, সাহিত্য, ধর্ম্ম, সংস্কৃতি, রাষ্ট্রিক আন্দোলনপ্রভৃতি বিষয়ে যাহা-কিছু করিতেছে দেশ-বিদেশের বিভিন্ন সুধীপরিষদে সেই সমুদয়ের অল্প-বিস্তর আলোচনা চলিতেছে। বাঙালী লেখকদের রচনাবলীও নানাবিধ আন্তর্জ্জাতিক পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইতেছে। এই সকল কারণে বাঙলার সুধী ও "কেজো" লোকদেরকে দুনিয়ার পণ্ডিত ও জননায়কগণ উল্লেখযোগ্য সহ-যোগীরূপে সমাদর করিতে সুরু করিয়াছে। বলিয়া রাখা ভালো যে, এই যুগে ভারতের অবাঙালী সুধী এবং কর্ম্মীরাও জ্ঞানবিজ্ঞানের নানা ক্ষেত্রে দেশবিদেশে কৃতিত্ব দেখাইতে পশ্চাৎপদ নয়।

বিশ্বসংস্কৃতিতে ভারতীয় ভাবসাম্রাজ্যের দ্বিতীয় যুগ আরম্ভ হইয়াছে। বিনয় বাবু বর্ত্তমান ভারতের এই দিগ্বিজয়কে প্রাচীন ও মধ্যযুগের বৃহত্তর ভারতেরই পরবর্ত্তী ধাপ বা ধারা বিবেচনা করিতে অভ্যস্ত। বিংশশতাব্দীর এই "বৃহত্তর ভারত" প্রতিষ্ঠায় বাঙালী রাষ্ট্রনেতা ও সংস্কৃতি-নায়কদের কর্ম্মনিষ্ঠা বেশ-উঁচু ঠাঁই অধিকার করে। আজ ১৯৪১ সনে বাঙালীরা উঁচু হইতে নিচের দিকে নামিয়া যাইতেছে না বরং ক্রমশঃ উচ্চ হইতে উচ্চ-স্তরে উঠিতেছে। অবশ্য একথা অস্বীকার করিবার যো নাই যে, উন্নতিটা একটু "ঢিমা তেতালায়" সাধিত হইতেছে। উন্নতির হার ও মাত্রা নেহাৎ অল্প। কিন্তু উন্নতি বটে।

বাঙালী জাতের উন্নতি, বাড়তি বা প্রগতি সম্বন্ধে বিনয় বাবুর প্রাণের কথা নিম্নরূপ :—

"এত উচ্চে উঠেছি তবু উচ্চতমের অনেক দেরি।"

* বিনয় সরকার,—"সমাজবিজ্ঞান" প্রথম ভাগ (কলিকাতা, ১৯৩৮),—বঙ্গ-সংস্কৃতির দিগ্‌বিজয় অধ্যায় দ্রষ্টব্য।

## "দি এগ্রিকালচার্যাল সিচুয়েশন"

( এপ্রিল ১৯৪১ )

বিভিন্ন পত্রের আলোচনা—

চাহিদা, আয়, মূল্য, পরিকল্পনা প্রভৃতি।

২। রক্ষণ-মূলক কার্য্যধারার অংশ গ্রহণ।

৩। জমির সার : মূল্য উৎপাদন।

৪। ক্ষেতখামারে লোক-সংখ্যার পরিবর্ত্তন।

৫। ক্ষেতের উৎপাদন ; উৎপাদনকারী হইতে খাদক পর্য্যন্ত।

## "ক্রপ্‌স্ অ্যাণ্ড মার্কেট্‌স্"

( ওয়াশিংটন—মার্চ্চ ১৯৪১ )

শস্য সংবাদ—

সাইট্রাস ফল, উৎপাদনের ধারা।

ক্ষেতে নিয়োগ।

মোহায়েষ উৎপাদন, ১৯৩৯ এবং ১৯৪০।

চাষীদের পাওনা মূল্য।

পশম উৎপাদন, ১৯৩৯ এবং ১৯৪০।

বাজার সংবাদ—

তুলা।

গোপালন ও মুরগী পালন।

শস্য।

জীবজন্তু।

## "ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ"

( জেনিভা—অক্টোবর ১৯৪১ )

"রেরাম নোভেরামের" পঞ্চাশৎ বাৎসরিক।

অষ্ট্রেলিয়াতে যুদ্ধের সময়ে শ্রমিক সমস্যা।

ভারতবর্ষ, গ্রেটবৃটেন, ফ্রান্স এবং পর্তুগালে সামাজিক নীতি।

সংখ্যা : জীবনধারণের খরচা এবং দ্রব্যমূল্য—মাহিয়ানা এবং খাটিবার সময়।

১। ১৯৪১ সনের ১লা জুন তারিখে ধর্ম্ম-সার্ব্বভৌম পোপ্ দ্বাদশ পায়াস ক্যাথলিক খৃষ্টানদের লক্ষ্য করিয়া একটি বেতার বক্তৃতা দেন। উক্ত বক্তৃতাটির মূল বক্তব্য বিষয় হইল পোপ ত্রয়োদশ লিও কর্ত্তৃক প্রচারিত এন্‌সাইক্লিক্যাল রেরাস নোভেরাম সম্বন্ধে। ক্যাথলিক সামাজিক আন্দোলনের চার্টার স্বরূপ এই এন্‌সাইক্লিক্যাল রেরাস নোভেরামকে গণ্য করা হয়।

যে যুগে শ্রমিকরা সঙ্ঘবদ্ধ হইলে আইনভঙ্গ করার অপরাধে অপরাধী হইত এবং তাহাদিগকে উত্তম মধ্যম শাস্তি দেওয়া হইত, সেই যুগে ত্রয়োদশ লিও প্রচার করিয়াছিলেন, সঙ্ঘবদ্ধ হওয়ার ক্ষমতা মানুষের পক্ষে স্বাভাবিক এবং ইহা শ্রমিকদের পবিত্র অধিকার। চিরদিন দেখা যায় যে পুরোহিত শ্রেণী সবলের পক্ষপাতী হইয়াই কথা কহিয়া আসিয়াছে, কিন্তু ত্রয়োদশ লিও তাহার বিপরীত আচরণ করিয়াছেন। মানুষের আকৃতি থাকিলেই মানুষ

হওয়া যায় না—তাহার মধ্যে পবিত্র মনুষ্যত্বের অগ্নি যেদিন ত্যাগের ও সাহসের পরিচয়কে উজ্জ্বল করিয়া তোলে সেইদিন তাকে আমরা মানুষ বলি। লিঙ্কন ছিলেন সেই ধরণের সত্যিকারের মানুষ। সভ্যতার মুখোস্ পরিধান করিয়া অত্যাচারের করাত চালানো তাঁহার স্বভাববিরুদ্ধ ছিল।

মানুষের আর্থিক ও সামাজিক জীবনে রাষ্ট্র কতটা হস্তক্ষেপ করিতে পারে সে সম্বন্ধে এখন একটা মীমাংসা প্রায় হইয়া গিয়াছে। কিন্তু ১৮৬১ খৃষ্টাব্দে উহার মত ছিল একটা কথার কথা। রাষ্ট্র তখন আর্থিক বিষয়ে একেবারেই হস্তক্ষেপ করিত না, কারণ লোকে মনে করিত যে সাধারণ জীবন-ধারণ সম্বন্ধে রাষ্ট্রের হস্তক্ষেপ করা একান্ত অবাঞ্ছনীয়। কাজেই যাহারা দুঃখ ভোগ করিত, আমাদের দেশের অদৃষ্টবাদীদের মত তাহারাও অদৃষ্টের দোষ দিয়া নিশ্চিন্ত থাকিত এবং নীরবে সকল কষ্ট সহ্য করিত, কিন্তু জাতির হাতেই যে ব্যক্তির অদৃষ্ট, অদৃষ্ট যে সঙ্ঘের বা সমাজের গঠনের উপর, তখন সে কথা কেহই চিন্তার মধ্যে আনিতে পারিত না। ঠিক সেই সময়ে ত্রয়োদশ লিঙ্ক দেখাইয়া দিলেন যে রাষ্ট্রের অধিকার কেবল প্রজার উপর অত্যাচার আর শাসন করা নয়, তাহার কর্ত্তব্য রহিয়াছে শাসিতকে সর্ব্বপ্রকারে রক্ষা করা।

২। যুদ্ধের সময়ে অষ্ট্রেলিয়াতে শ্রমিক সমস্যা সম্বন্ধে অবলম্বিত নীতি লইয়া লিখিয়াছেন ই, রোনাল্ড ওডাকার (তাস্মেনিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক)। যুদ্ধের সময়ে শ্রমিক সমস্যাকে প্রধানত দুই দিক হইতে বিচার করা যায়।—১ম, সামগ্রিক যুদ্ধে শ্রমিক আর্থিক সংস্থান স্বরূপ গণ্য হয় এবং তাহাদিগকে নিয়মিতভাবে খাটানোর জন্য সব চেয়ে অধিক যুদ্ধের সরঞ্জাম উৎপাদনের জন্য নিয়ন্ত্রণ করা দরকার। ২য়, যুদ্ধের গতি হইতে উদ্ভূত নূতন নূতন নীতি এবং তাহাদের প্রভাব শ্রমিকের জীবনধারার উপর বর্ত্তে। প্রবন্ধটিতে এই দুই দিক্ হইতে বিশদ্ আলোচনা রহিয়াছে।

"দি ওয়ার, দাট ইয়ার" . এডগার ম্যাক্‌ইনিস প্রণীত ; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক, ১৯৪০ ; পৃ: ৩১২ ; মূল্য ১·৫০ ডলার।

প্রথম বৎসরের যুদ্ধ বিষয়ে ম্যাক্‌ইনিস বস্তুনিষ্ঠ, সংক্ষিপ্ত এবং প্রাঞ্জল আলোচনা করিয়াছেন। প্রথম অধ্যায়ের নাম "ব্যাকগ্রাউণ্ড অ্যাণ্ড অরিজিন" ( জন্মের ইতিহাস ), এবং পরবর্তী চারটি অধ্যায়ের প্রত্যেকটি প্রতি তিন মাসের ঘটনা বিবৃত করিয়াছে। প্রথম অধ্যায়ে অষ্ট্রিয়া, চেকোশ্লোভাকিয়া এবং পোল্যাণ্ডের আক্রমণ বর্ণিত হইয়াছে। তৎপরবর্তী অধ্যায়সমূহে ১৯৩৯ সনের সেপ্টেম্বর মাস হইতে ১৯৪০ সনের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত ঘটনাগুলিকে কেন্দ্র করিয়া লিখিত হইয়াছে।

যুদ্ধের প্রথমাংশে রসদ সম্বন্ধে আলোচনায় দেখা যায় যে মিত্রশক্তির বল কোন অংশে চক্রশক্তি অপেক্ষা কম ছিল না, বরং উভয় পক্ষই সমান শক্তি সঞ্চয় করিয়াছিল বলিয়া মনে হয়। অবশ্য এই ধরণের তত্ত্ব যদি গ্রহণযোগ্য বলিয়া মনে হয় তাহা হইলে পরাজয়ের কারণ নাই। এ কথা সত্য যে কোন লেখকই উপস্থিত সময়ে সঠিক বর্ণনা দিয়া কোন আলোচনা করিতে অক্ষম, কারণ যে সকল ঘটনা প্রাপ্ত হওয়া যায় তাহা পর্য্যাপ্ত ও অবিমিশ্র নয়। ম্যাকইনিস্ বস্তুনিষ্ঠভাবে রাজনৈতিক ঘটনাগুলির ব্যাখ্যা করিতে সক্ষম হন নাই এবং সামরিক রীতিনীতির বিশ্লেষণও বৈজ্ঞানিকভাবে করেন নাই। কিন্তু ঘটনাগুলির ক্রমিক বিন্যস্তি সুন্দর ভাবে হইয়াছে একথা স্বীকার করিতে হইবে এবং সমাজ-বিজ্ঞানের গবেষকদের কাছে এ পুস্তকের দাম আছে।

"দিস্ সেকেণ্ড ওয়ার অব ইণ্ডিপেণ্ডেন্স্" , উইলিয়াম এস্ রাম প্রণীত , ইউ সি ডাটন অ্যাণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক, ১৯৭০ ; পৃ: ২৬০ ; মূল্য ২·০০ ডলার।

রাম পূর্ব্বে "ফ্রিয়েনা হেরটবুর্নে" নামক পত্রিকার প্রধান সম্পাদকের পদে কার্য্য করিতেন। ইনি একখানি পুস্তিকা প্রকাশ করিয়াছেন—যাহার নাম দিয়াছেন "দিস্ সেকেণ্ড ওয়ার অব ইণ্ডিপেণ্ডেন্স্।" বইখানি ঠিক গবেষণামূলক নহে, যুদ্ধে আহ্বান করিবার উদ্দেশ্যেই ভাবোদ্রেককর আলোচনা মাত্র। বইখানিতে দশটি অধ্যায় আছে। লেখক নিজেই স্বীকার করিয়া লইয়াছেন যে লোকে তাঁহাকে মূর্চ্ছা রোগী বলিয়াও যদি গণ্য করে তাহা হইলে তাহাতেও তাঁহার আপত্তি নাই। ফরাসীরা সহজে মাথার ঘী বিনষ্ট করে না, কিন্তু যখন করে তখন বুঝিতে হইবে যে তাহাদের রক্ত উত্তপ্ত হইয়া উঠিয়াছে।

গত ছয় মাসের মধ্যে এই ধরণের অন্তত পক্ষে কুড়িখানি পুস্তক বাহির হইয়াছে। মিঃ রাম্ আর একখানি পুস্তিকা তাহাতে যোগ করিয়াছেন মাত্র।

"দি গোল্ড রাশেস্" ; ডবলিউ পি রয়েল প্রণীত ; ম্যাকমিলান অ্যাণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; পৃ: ৪২৭ মূল্য ৩·০০ ডলার।

বইখানির একাদশ অধ্যায়ের মধ্যে চতুর্থ অধ্যায়টিতে ক্যালিফোর্নিয়া গোল্ড রাশ সম্বন্ধে আলোচনা হইয়াছে। ঊনবিংশ শতাব্দীতে অন্যান্য বহু রাশ দেখা যায় যাহাতে পৃথিবীর সরবরাহকে প্রায় শত শত মিলিয়ন আউন্স সোণার দ্বারা উদ্বেলিত করিয়া তোলা হইয়াছিল।

লেখক স্বীকার করিয়াছেন যে অপরাধমূলক ওয়েষ্টার্ণ ক্যাম্পেন কাষাকলাপের কথা বাদ দিয়া নিউজিল্যাণ্ড ও অষ্ট্রেলিয়াতে স্বর্ণ খনন কার্য্য চলিয়াছিল, তাহা নিতান্ত ধরাবাঁধা ও শিষ্টাচারসম্পন্ন বলিতে পারা যায় না। সাধারণ শ্রমিক নিয়োগ করা ছাড়াও ব্রাজিলে ও সাইবেরিয়ার "দাস নিয়োগের" কথাও নাকি এক্ষণে প্রকাশ পাইয়াছে। আফ্রিকাতে আবার চাড়া করিয়া চীনা শ্রমিক লইয়া যাওয়া হইয়াছিল।

"দি ইন্টিগ্রেশন অব আমেরিকান সোসাইটী"; রবার্ট কুলি এ্যাকেল প্রণীত; ম্যাকগ্রহিল বুক কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৪১; পৃঃ ২১৮; ২·৫০ ডলার।

আশ্চর্য্যের বিষয় এই যে সমাজতন্ত্রের দিক হইতে খাঁটী সমাজতন্ত্রের পুস্তক কমই দেখা যায়। কিন্তু আলোচ্য পুস্তকখানিকে সেদিক হইতে পরীক্ষা করিলে আমরা তাহা বলিতে পারি না। সাধারণ অবস্থায় গোঁড়া সমাজতান্ত্রিক হয় তো বলিয়া বসিবেন যে এ বিষয়ে লেখক এমন কোন আলোচনা করেন নাই যাহাতে সমাজের বিশেষ কোন সমস্যার সমাধান হইয়াছে। কিন্তু বর্ত্তমান সঙ্কট-কালে এই ধরণের আলোচনায় সর্ব্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করা বাঞ্ছনীয় বলিয়া মনে হয়।

গবেষণার প্রধান গতি হইল বিভিন্ন "সঙ্ঘ" বা "দল" এবং তাহাদের ঐক্যে সমাজের উপকরণ অনুসন্ধান করা। পূর্ব্বে বাবিন যেখে স্থান অনুসারে সঙ্ঘের উৎপত্তি ও স্বার্থ গঠন হইত। একণে সমকর্ম্মী বা সম-ব্যবসায়ী বা সম-শ্রেণীর উপজীবিকেন্দ্রদের মধ্যে একটা ঐক্য সৃষ্টি হইয়া স্থানকাল ভেদ করিয়া সঙ্ঘ গঠিত হইবার চেষ্টা করিতেছে। সেই জন্য সমাজ এখন পূর্ব্বের ঐক্য ধরিয়া রাখিতে না পারায় সঙ্ঘের স্বার্থ রক্ষা ও উন্নয়ন কঠিন ও জটিল হইয়া উঠিতেছে এবং নূতন ঐক্যের সন্ধান করা ছাড়া উপায় থাকিতেছে না।

লেখকের আলোচনার প্রধান দুর্ব্বলতা এই যে বৈজ্ঞানিকদের একটা "মাপকাঠি" নির্দ্দেশ দরকার, তাঁহার সমস্যা বা সমাধান বা গবেষণার কোনও স্থানেই তার উল্লেখ নাই। লেখক ইহাও ভাল করিয়া বলেন নাই যে সমাজের ঐক্য কোন বিশেষ "অর্ডার" বা ধারার উপর নির্ভর করিয়া গঠিত হইবে। যাহাই হউক বইখানি ভালই হইয়াছে।

"সিটিজন্‌স্ উইদাউট ওয়ার্ক; এ হ্যাণ্ডি অব দি টোষ অব মেকিং এ লিভিং উইদাউট এ জব"; ই ওয়াই বার্কে প্রণীত; ইয়েল ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত। নিউহ্যাভেন, ১৯৪০; পৃঃ ৪৬৫; মূল্য ৪·০০ ডলার।

এই পুস্তকখানিতে বেকার জীবনের ছবি যেভাবে অঙ্কিত হইয়াছে তাহাতে লেখকের মৌলিকত্ব দেখা যায়। ধর্ম্ম, জীবনের আনন্দ, রাজনৈতিক জীবন এবং গৃহস্থের উপর বেকারের প্রভাব সুন্দর ভাবেই পুস্তকখানিতে চিত্রিত হইয়াছে। লেখক দেখাইয়াছেন যে বেকার হইলেই চরিত্র নষ্ট হইয়া পড়ে এবং নিজের উপর বিশ্বাস হারাইয়া ফেলে,—তাহা নহে। প্রথম কথাই হইল "মেন ক্যান'ট লুজ মোর দ্যান দে অলরেডি হ্যাভ অফ কোরসাইট" (ইতিপূর্ব্বে ভবিষ্যৎ দৃষ্টি হারাইয়া লোক যা হারাইয়াছে তার চেয়ে বেশী কিছু আর হারাইতে পারে না।) যে সমাজে দুর্ব্বলের দমন ও সবলের পক্ষ-সমর্থন নীতি নহে তাহা উক্ত চিন্তা করিতে সক্ষম হয়। আমরা মনে করি নিঃসহায়কে কোন প্রকারে তার সম্পত্তি ও সংস্থান বিচ্যুত করিয়া খেয়াল পরিতৃপ্তিতে বাহাদুরি আছে। এই ধরণের মনোভাব জগতের অন্য কোন সমাজে থাকিতে পারে বটে কিন্তু এত ব্যাপক কি না সন্দেহ। এই জন্য বইখানি আমাদের পাঠের উপযোগী। কারণ ইহাতে দেখানো হইয়াছে, মানুষের সম্মান রাখাই মনুষ্যত্ব, তাহার আর্থিক সম্পত্তির স্থৈর্য্য ও দৃঢ়তা করণই সমাজের কাজ এবং শ্রমিকের স্বাধীনতাই তার বিকাশের পথ। লেখক দেখাইয়াছেন যে খুব কম স্থলে কর্ম্মীর গুণ ও শ্রমের সঠিক মূল্য দেওয়া হয়। কোথাও নিগুণ সহস্র সহস্র টাকা রোজগার করে, কোথাও সম্পূর্ণ সৎ ও নিষ্ঠাবান্ কর্ম্মী তাহার আহার সংস্থান করিবার মত অর্থ সংগ্রহের সাহায্য সমাজ বা রাষ্ট্রের নিকট পায় না। এই জন্য লেখক খুবই জোর দিয়া বলিয়াছেন যে "আর্থিক নিরাপত্তা" নূতন জীবনের প্রধান ধারা হইবে।

"ট্রেনিং ওয়ার্কার্স অ্যাণ্ড সুপারভাইজার্স"; চার্লস রিটেল প্রণীত; দি গোলাণ্ড প্রেস কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ১৮২; মূল্য ১·৪০ সেণ্ট।

"ক্যানাডা অ্যাণ্ড দি ফার ইষ্ট—১৯৪০"; এ. আর. এম. লোয়ার প্রণীত; ইন্‌ষ্টিটিউট অব প্যাসিফিক রিলেশনস্ কর্তৃক প্রকাশিত; ১৯৪৭; পৃঃ ১৫২।

"আমেরিকাস্ ইকনমিক লেন"; সি. হে. হিচ্ প্রণীত; অক্সফোর্ড প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ১১৪।

৪। "নাৎসি ইয়োরোপ অ্যাণ্ড ওয়ার্ল্ড ট্রেড"; রিণ্ডনা লিউইস প্রণীত; দি ব্রুকিংস্ ইনস্টিটিউশন কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ২০০; মূল্য ২·০০ ডলার।

৫। "ইকনমিক ডিফেন্স অব ল্যাটিন আমেরিকা"; পার্সি, ডবলিউ বিড্‌ওয়েল্ প্রণীত; ওয়ার্ল্ড পিস ফাউণ্ডেশন কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ৯৬; মূল্য ৫০ সেণ্ট।

৬। "গুড্ নেবার্স, আরজেন্টিনা, ব্রাজিল, চিলি অ্যাণ্ড আদার সেভেনটিন কান্ট্রিস্"; হিউবার্ট হেরিং প্রণীত, নিউ হ্যাভেন; ১৯৪১; ইয়েল ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ৩৮১; মূল্য ৩ ডলার।

"নেবার্স এম্‌স্ ইন ওয়ার এণ্ড পিস"; সি. আর. এট্‌লি, আর্থার গ্রীণ্‌উড্ অ্যাণ্ড আদার্স প্রণীত; লিনকল্‌ন্ প্রাগার কর্তৃক প্রকাশিত, ১৯৪০, লণ্ডন; পৃঃ ১৫৫।

৮। "দি কোল ইণ্ডাষ্ট্রি, এ ষ্টাডি ইন্ সোশিয়াল কণ্ট্রোল"; গ্লেন লজোন পার্কার প্রণীত; আমেরিকান কাউন্সিল অব পাবলিক এ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত; ওয়াশিংটন; ১৯৪০; পৃঃ ১৯৮; মূল্য ২·০০।

৯। "ষ্টাটিসটিক্স্ এ্যাপ্লায়েড টু এডুকেশন অ্যাণ্ড সাইকলজি"; ক্লারেন্স টি গ্রে অ্যাণ্ড ডেভিড এফ্ ভোটাস প্রণীত; দি রোনাল্ড প্রেস কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৩৯; পৃঃ ২৭৮; মূল্য ৩·২৫ ডলার।

"রুর‍্যাল আমেরিকা রিডস্; এ ষ্টাডি অব রুর‍্যাল লাইব্রেরি সারভিস" ম্যারিয়ন হ্যাথর্ন্ কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৩৮, পৃঃ ১০১, মূল্য ১·০০ ডলার।

১১। "এ্যাডাল্ট এডুকেশন কাউন্সিলস্" রুথ কোটিঙ্গহি প্রণীত; আমেরিকান এসোসিয়েশন ফর এডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত, নিউ ইয়র্ক; ১৯৪০; পৃঃ ১৭২; মূল্য ১·২৫ ডলার।

১২। "এডোকেশানাল ইক্যুয়েষ্ট প্যাটার্ণস্; এ ষ্টাডি ইন্ দি সাইকলজি অব এডোকেশনস্"; ডোনাল্ড ই সুপার প্রণীত; ষ্ট্যানফর্ড ইউনিভার্সিটি কর্তৃক প্রকাশিত; ক্যালিফোর্ণিয়া; ১৯৪০; পৃঃ ১৪৮; মূল্য ২·২৫ ডলার।

১৩। "ট্রেনিং ফর রিক্রিয়েশন; এন একাউণ্ট অব দি ইএ-সারভিস ট্রেনিং প্রোগ্রাম; ডিভিসন অব রিক্রিয়েশন, ওয়ার্কস্ প্রোগ্রেস এ্যাডমিনিষ্ট্রেশন, অক্টোবর; ১৯৩৭"; ডোরোথি হে. ক্লাইন প্রণীত, ইউনিভার্সিটি অব চিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ১৩০; মূল্য ·৬০ ডলার।

# মজুরি ও উৎপাদন

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল

সাধারণো এই ধারণা প্রচলিত আছে যে, চড়া হারে মজুরি দিলে জিনিষের দাম চড়া হয় এবং মুনাফা কম হয়। এই ধারণা সত্য কি না পরীক্ষা করিয়া দেখা যাক্।

জিনিষের দাম বলিতে আমরা কি বুঝি? কোন জিনিষ তৈরী করিতে নানা রকম শ্রমের প্রয়োজন হয়। শিল্প-বিপ্লবের পর হইতে উৎপাদনের প্রণালীতে আমূল পরিবর্ত্তন ঘটিয়াছে। বহু হাতের কাজ কলের কাজে পরিণত হইয়াছে, এবং সূক্ষ্মাতিসূক্ষ্ম শ্রম-বিভাগ দেখা দিয়াছে। কিন্তু শিল্প-বিপ্লবের ফল পৃথিবীর সকল দেশ সমানভাবে গ্রহণ করে নাই। সেই জন্য, ১৯৪২ খৃষ্টাব্দেও এমন দেশের অভাব নাই যেখানে প্রাক্-বিপ্লবীয় আধিক গড়ন দেখা যায়। তথাপি মোটামুটি এই কথা বলা চলে যে, বর্ত্তমান যুগে সকল দেশে উৎপাদন-ব্যবস্থা ক্রম-যুক্ত অর্থাৎ ব্যক্তি বা সমাজের পক্ষে কোন একটি পুরা জিনিষ তৈরী করার দৃষ্টান্ত বিরল।

শ্রম বা শ্রমের দাম আর জিনিষের দাম এক বস্তু নয়। ইহা মনে না রাখার দরুন যত গোলযোগ ঘটে। যদি কোন জিনিষ তৈরী করিতে শ্রম ছাড়া আর কিছুর প্রয়োজন না হইত, তা হইলে বলা চলিত যে ঐ জিনিষের দাম শ্রমের দামের উপর নির্ভর করে। [দ্রষ্টব্য যে, তা হইলেও বলা চলিত না, জিনিষের দাম শ্রমের **পরিমাণের** উপর নির্ভর করে।] প্রকৃত পক্ষে, কোন জিনিষ তৈরী করিবার জন্য শ্রম ছাড়া আরও কতকগুলি সহায়ক দরকার হয়।

এই সহায়কগুলির মধ্যে পুঁজি বা মূলধন বা টাকা প্রধান। বস্তুত, আজকের দিনে যে ব্যবসা করিতে যাই, বা যা কিছু উৎপাদন করিতে চাই, টাকা ছাড়া করা সম্ভব নহে। বিভিন্ন সভ্যদেশের অভ্যন্তরে অর্থাৎ অন্ত দেশ নিরপেক্ষভাবে এখন সাধারণত পণ্যের বিনিময়ে পণ্য দেওয়া চলে না, টাকা দিয়াই পণ্য কিনিতে হয়। বর্ত্তমান মহাযুদ্ধে (১৯৪২) কোন কোন দেশ টাকার পরিবর্ত্তে পণ্য-বিনিময় প্রথার প্রচলন করিয়াছে। তা ব্যতিক্রম মাত্র। চাষবাস করি, কিংবা কারখানা খাঁধি, কিংবা সামান্য দোকান খুলি, সর্ব্বত্র টাকার দরকার। টাকার পরিমাণ অবস্থানুসারে কম-বেশী হইতে পারে। কোথাও অল্প কয়েকটি মুদ্রা চাই, কোথাও লক্ষ লক্ষ টাকা চাই। কেহ কেহ বলিতে পারেন, ধারেও ত কারবার চালান যায়। যায় বৈকি; ধার, হুণ্ডি, চেক্, নোট—সবই টাকার রকমফের মাত্র। সুতরাং জিনিষের উৎপাদকরূপে টাকাকে গণনা করিতে হইবে।

টাকা চাই। কিন্তু প্রশ্ন হইল, টাকা দিবে কে? কারও টাকা আছে, কারও টাকা নাই। যদি অর্থশালী ব্যক্তি নিজে উৎপাদনের কাজে নামেন, তা হইলে মনে হইতে পারে গোল মিটিয়া গেল। কিন্তু সকল ক্ষেত্রে এইরূপ অর্থশালী ব্যক্তি কাজে প্রবৃত্ত হন না। কারবারীকে এক বা একাধিক অন্য ব্যক্তির টাকা ধার বা গচ্ছিতরূপে লইতে হয়। ধার লইলে তার সুদ আছে, আর অংশীদারের বা আমানতদাতার গচ্ছিত টাকার জন্য সুদ, লভ্যাংশ প্রভৃতি দিতে হয়। এগুলি হইল টাকার দাম। এখানে টাকার দামের উঠা-পড়া বিশ্লেষণ না করিয়া বলা চলে যে, এই দাম দিতে প্রস্তুত না থাকিলে যোগ্য অর্থহীন বা অযোগ্য অর্থশালী ব্যক্তি কিছুই করিতে পারেন না। দ্বিতীয়তঃ, যিনি ব্যবসায়ে টাকা খাটাইবেন, তিনি নিজেই যদি অর্থবান্ হন, তা হইলেও তাঁকে তার জন্য একটা টাকার দাম ধরিয়া দিতে হয়। তা না হইলে তিনি কোন ব্যবসায়ে টাকা খাটাইতে সহজে অগ্রসর হইবেন না।

সুদ দেওয়া উচিত কিনা, সে সম্বন্ধে কৌটিল্য ও এরিষ্টটলের আমল হইতে মার্শ্যাল ও বিনয় সরকারের আমল পর্য্যন্ত অনেক তর্ক হইয়া গিয়াছে। বর্ত্তমান প্রবন্ধে

আমরা কশিয়ার মত এমন কোন সামাজিক অবস্থার আলোচনা করিতেছি না, যেখানে ব্যক্তিগত সম্পত্তি ও তজ্জনিত লাভ নাই। জগতের অধিকাংশ স্থলে যে আর্থিক গঠন দেখা যায়, তার ভিত্তি টাকা ও টাকার দাম। বাংলা দেশে মহাজনী আইন প্রভৃতি সমাজ সংস্কারমূলক যে সকল ব্যবস্থা কায়েম হইয়াছে, অথবা পরিবর্তিত চিন্তাধারা দেখা দিয়াছে, সেগুলি টাকার দাম—সুদ, লভ্যাংশ ইত্যাদি—অস্বীকার করিতেছে না। আনুষঙ্গিক কুফলগুলিকে মাত্র দূর করিতে বা কমাইতে চেষ্টা পাইতেছে।

টাকার দামের মূলকথা এই যে, টাকা যে জমায় সে তার বর্ত্তমান ভোগকে কতক পরিমাণে খণ্ডিত করে, অর্থাৎ নিজেকে সে সেই পরিমাণে বঞ্চিত করে। সাধারণ মানুষের স্বভাব হইতেছে, তার অর্জিত অথবা প্রাপ্ত ধন ভোগ করা। কিন্তু যখন সেই স্বভাবের ব্যতিক্রম দেখা যায়, তখন নিশ্চয় তার গুরুতর কারণ থাকে। সেই কারণটা কি? কি কারণে ভোগেচ্ছু মানুষ তার সাম্প্রতিক স্বার্থ ও আনন্দ ত্যাগ করে? শুধু অর্থ সঞ্চয়ে যার আনন্দ, সেই কৃপণের কথা এখানে ধরিতেছি না। কিন্তু ইহা অনায়াসে বুঝিতে পারা যায় যে, যে সাম্প্রতিক সুখভোগ হইতে বিরত থাকিতেছে, সে নিশ্চয় অধিকতর সুখভোগের আশা করে। আর সেই আশাতেই সে বর্ত্তমানে ত্যাগ করিতে প্রস্তুত। ধরুন, এক ব্যক্তি হাজার টাকা মাহিনা পান। তিনি প্রতি মাসে হাজার টাকা হইতে আড়াই শ টাকা জমান। এই জমানোটা এক বা অধিক প্রকারে ঘটিতে পারে। তিনি টাকা ব্যাঙ্কে বা সেভিংস ব্যাঙ্কে রাখিলে প্রতি বৎসর একটা সুদ পাইবেন। কত সুদ পাইবেন তা টান-যোগান ও আর্থিক, রাষ্ট্রনৈতিক, সামাজিক অবস্থার উপর নির্ভর করে। তিনি জীবন-বীমা করিয়া টাকা জমাইতে পারেন। তিনি কোম্পানির শেয়ার কিনিতে পারেন। ইত্যাদি। প্রত্যেক ক্ষেত্রে কি দেখিতে পাই? দেখিতে পাই যে, প্রতি মাসে তিনি যে আড়াই শ টাকা জমাইতেছেন, সময়ের ব্যবধানে তা আরও টাকা প্রসব করিতেছে এবং সময় যত বেশী অতিবাহিত হয় তিনি আড়াই শ টাকার উপর তত বেশী টাকা পান। এই লাভের আশা না থাকিলে স্বাভাবিক ও সাধারণ অবস্থায় তিনি হয় টাকা জমাইবেন না অথবা কম করিয়া জমাইবেন; অর্থাৎ সাম্প্রতিক সুখভোগ তিনি খর্ব্ব করিবেন না। অন্য দিকে তাঁর এইরূপে টাকা জমানোর ফল কি হয়? টাকাটাকে যদি না খাটাইয়া রাখা হয়, তা হইলে কখনও তা বাড়িতে পারে না। ব্যাঙ্ক হোক্, ব্যবসা-বাণিজ্য প্রতিষ্ঠান হোক্, বীমা কোম্পানি হোক্,—সকলের একমাত্র প্রচেষ্টা হইল এই সব উদ্বৃত্ত টাকা সংগ্রহ করা ও সেগুলিকে তাদের হাতে তুলিয়া দেওয়া, যারা পূর্ণ সদ্ব্যবহার করিবে; অন্য কথায়, নিজ যোগ্যতা দ্বারা প্রতিষ্ঠানের উন্নতি করিবে। এইরূপে যে টাকা জমায় আর যে অর্থহীন যোগ্য ব্যক্তি টাকা পায়, উভয়েই উপকৃত হয়, সমাজ অধিক উন্নতির পথে অগ্রসর হয়।

উপরে যা বলিলাম, এখন পর্য্যন্ত তাই প্রচলিত ধারণা। এই ধারণা বর্ত্তমান থাকা পর্য্যন্ত উৎপাদনে টাকা ও টাকার দামের কথা ধরিতে হইবে। এইস্থানে টাকার দামকে সুদ কথা দ্বারা নির্দ্দেশ করা যাইতেছে।

টাকা ও টাকার সুদের মত জমি ও জমির খাজনাও উৎপাদকের হিসাবের মধ্যে পড়ে। জমি ছাড়া চাষ হয় না। কলকারখানার জন্যও জমি দরকার। তার উপর বাড়ী চাই। জমি চাষী বা কারবারীর নিজের হোক্ বা অন্য কেহ তাকে ব্যবহার করিবার জন্য ধার দিক্, মূলত উৎপাদন খরচার মধ্যে তাকে খাজনাকে অন্যতম দফারূপে গণ্য করিতে হইবে। কারখানার বেলা উপরন্তু ভাড়ার কথাটাও বিশেষভাবে বিবেচনা করিতে হয়।

জমি, পুঁজি ও লোক এই তিনটির যোগাযোগ হইবামাত্র কোন উৎপাদন সম্ভব হয় না। এই যোগাযোগ ঘটাইবার জন্য কেহই অগ্রসর হইবে না যদি না আশা থাকে যে ঐরূপ যোগাযোগের ফলে লাভ বা মুনাফা পাওয়া যাইবে। বস্তুত, এই মুনাফাই সকল প্রকার আর্থিক কর্ম্মপ্রচেষ্টার মূল। এমন বহু স্থলে ঘটে যে, যাঁরা পুঁজি বা জমির মালিক তাঁরা গণনায় ভুল করেন এবং ফলে তাঁদের চেষ্টা ব্যর্থ হয়। লাভালাভ সম্বন্ধে অনিশ্চয়তা প্রত্যেক কারবারীর

আছে। অনেক কারবারকে ঝুঁকি লইয়া হাত গুটাইতে হয়। আবার অনেক লাভজনক কারবার ঝুঁকির বা ঝুঁকি উপস্থিত হইলে ভীষণ আঘাত প্রাপ্ত; কেহ টাল সামলাইতে পারে, কেহ পারে না। কারবারের মুনাফার হারও সর্ব্বত্র একপ্রকার নহে। কিন্তু মোট মুনাফাটা সর্ব্বত্র বেশী হওয়া দরকার। নচেৎ কারবারে নামিবার অর্থাৎ নূতন উৎপাদনে বা পুরাতন উৎপাদন বৃদ্ধিতে কেহ উৎসাহ বোধ করিবেন না। বস্তুত আজকার শিল্পনিষ্ঠ সভ্য দেশগুলিতে এই মুনাফার মোট পরিমাণ সাধারণত এত বেশী হয় যে, তার সহিত মজুরি, সুদ, খাজনার তুলনাই চলে না। সুদখোর ও খাজনাগ্রাহকের প্রতি সাধারণ লোকের ভাব প্রীতিপ্রদ নহে। এমন কি, ইহাদিগকে সমাজের পরগাছা আখ্যা দিতেও কেহ কেহ কুণ্ঠিত হন নাই। কিন্তু তথাপি সুদ ও খাজনার সহিত মজুরির সম্বন্ধ সকলের নিকট তেমন পরিষ্কার ও ধারণাযোগ্য নহে বলিয়া মনে হয় যেন সংঘাতটা সাধারণত মুনাফা ও মজুরির মধ্যেই প্রবল ও প্রত্যক্ষভাবে আবদ্ধ। [ দ্রষ্টব্য, কার্ল মার্কসের শ্রেণী-সংগ্রাম। ]

মজুরির যুক্তি এই যে, যারা প্রকৃত পক্ষে বাস্তবিক উৎপাদক, যারা গায়ের রক্ত জল করিয়া সমাজের উৎপাদন-স্রোত অব্যাহত রাখিয়াছে, তারা কেন এতটা বঞ্চিত হইবে? তাদের এমনভাবে শোষণ করিবার অধিকার মুনাফা-ভোগীদের কে দিল? আজকার জগতে লক্ষ লক্ষ শ্রমিক অন্ন, বাতাস ও আলোহীন অবস্থায় পশুর জীবন যাপন করে, উচ্চতর জীবনের স্বাদ পায় না, দারিদ্র্যে, রোগে ও অশিক্ষায় নিষ্পীড়িত পিষ্ট হয়; আর তাদেরই সম্মুখে মুষ্টিমেয় কতকগুলি লোক মানবের পক্ষে কাম্য সর্ব্বপ্রকার সুখভোগ করে;—যে সমাজ-ব্যবস্থা এইরূপ বিধান করিয়াছে, তাকে কখনই ন্যায্য বলা যায় না। সুতরাং প্রয়োজন হইলে শ্রমিকদের দলবদ্ধভাবে বিদ্রোহ করিয়া অধিকতর সুখ, স্বাচ্ছন্দ্য অর্থাৎ এক কথায় মজুরি কাড়িয়া লইতে হইবে। [ দ্রষ্টব্য, প্রয়োজন না হইলে বিদ্রোহের দরকার নাই। ] মুনাফার মোটা অংশ পুঁজিদারের কুক্ষিগত না হইয়া শ্রমিকদের মধ্যে বণ্টিত হইলে শোভন হয়। তার ব্যবস্থা করিতে হইবে।

পুঁজিপতি বা মুনাফা-ভোগীর যুক্তি এই যে, পুঁজি ও ঝুঁকি তার। ব্যবসার দুর্দিনে বা ক্ষতিতে শ্রমিকদের যতটা স্বার্থত্যাগ করিতে হয়, তাঁকে তার চেয়ে ঢের বেশী করিতে হয়। যে মাথা চালনা করিতেছে, যে কারবারের সকল প্রকার দায়িত্ব বহন করিতেছে, তার পক্ষে মুনাফার মোটা অংশ দাবী ও উপভোগ করা অযৌক্তিক নহে।

এই তর্কের মধ্যে আমরা সম্প্রতি প্রবেশ করিতেছি না।

উৎপাদনের তত্ত্ব বিশ্লেষণ করিয়া আমরা এই সিদ্ধান্তে উপনীত হইলাম যে, একা শ্রমিক কিছুই করিতে পারে না; কোন জিনিষ তৈয়ী করিতে হইলে দরকার

(১) জমি
(২) পুঁজি
(৩) মজুর
(৪) কারবার পরিচালনা;

আরও দেখিলাম যে, উৎপাদনের খরচা বলিতে শুধু মজুরি বাবদ্ খরচা না বুঝিয়া নিম্নলিখিত দফাগুলির একত্রিত খরচাকে বুঝিতে হইবে—

(ক) জমির খাজনা
(খ) পুঁজির সুদ
(গ) মজুরের মজুরি
(ঘ) কারবার-পরিচালকের মুনাফা।

বলা বাহুল্য, পৃথিবীর অধিকাংশ দেশে প্রচলিত বর্ত্তমান সমাজ ব্যবস্থায় মুনাফাই কারবার গঠনের প্রধান প্রেরণা ও উৎসাহ-দাতা।

সুতরাং উৎপাদন খরচ = খাজনা (ক) + সুদ (খ) + মজুরি (গ) + মুনাফা (ঘ)।

কিন্তু ইহা মনে করিবার কোন কারণ নাই যে, উপরি উক্ত চারিটি দফার খরচ সকল অবস্থাতেই এক অনুপাত রক্ষা করে। ক, খ, গ ও ঘ'এর বহুবিধ সমাবেশ হইতে পারে কোন জিনিষ উৎপাদন করিতে। ইহাদের পরস্পরের সম্পর্কটা নিশ্চয়ভাবে নির্দ্দেশ করা চলে না। তবে পরস্পরের কিরূপ সম্বন্ধ হওয়া উচিত তা লইয়া অর্থশাস্ত্রীদের অনেক গবেষণা আছে। বস্তুত তাই হইল অর্থশাস্ত্রের বণ্টন-তত্ত্বের মূলকথা।

একথা জলের মত সহজে বুঝা যাইতেছে যে, ক+খ+গ+ঘ=জিনিষ, হইলেও গএর দাম বেশী হইলেই যে জিনিষের দাম বেশী হইবে, তা নয়। যদি গ এর দরুন বেশী টাকা খরচ করা সত্ত্বেও অথবা তারই ফলে ক, খ ও ঘ এর জন্য অপেক্ষাকৃত কম খরচ করা হয় তা হইলে জিনিষের দাম না বাড়িতেও পারে। ধরুন, ক+খ+গ+ঘ=১০০। নির্দ্দিষ্ট কোন জিনিষ উৎপাদন করিতে গিয়া দেখা গেল ১০০ নিম্নরূপভাবে বণ্টিত হইয়াছে। ক=৫; খ=৩; গ=৫০; ঘ=৪২। এই অবস্থার পরিবর্ত্তন করিয়া যদি গকে ৭৫ দেওয়া হয়, তা হইলে ১০০কে সম্ভবত নিম্নলিখিতভাবে বণ্টন করিতে হইবে: ক=৬; খ=৪; গ=৭৫; ঘ=১৫। অর্থাৎ উৎপাদন খরচ পূর্ব্ববৎ থাকিলেও, মজুরি খরচ বাড়ানো অসম্ভব নয়। সাধারণত মজুরি বাবদ বেশী টাকা দিলে সমগ্র খরচটা বাড়িবার প্রবণতা স্বাভাবিকভাবে দেখা দেয়। অর্থাৎ আমাদের কল্পিত ১০০ ছাড়াইয়া যায়। কিন্তু এই বৃদ্ধিটা কতদূর হয়? যদি মজুররা এমন ধরণের হয় [দ্রষ্টব্য, 'এমন ধরণের হয়' শব্দগুলির উপর জোর দেওয়া হইতেছে] যে, মজুরি বাড়িবার ফলে তাদের কার্য্যক্ষমতা বৃদ্ধি পায় অর্থাৎ বেশী মজুরি লইয়া তারা বেশী বা উৎকৃষ্টতর উৎপাদন করে, তা হইলে উৎপাদন খরচা না বাড়িতেও পারে, অথবা বাড়িলেও আনুপাতিক বৃদ্ধি কম হইতে পারে, অর্থাৎ ধরুন মোট মজুরি খরচ ৫% বাড়াইলে মোট উৎপাদন খরচ ১% বা তার চেয়ে কম বাড়িতে পারে। এরূপ সম্ভাবনাই বরং বেশী যে, শ্রমিকের শ্রীবৃদ্ধিতে, অর্থাৎ কি না তার মজুরি বা ক্রয়-শক্তির উচ্চতায়, তার বর্দ্ধিত কর্ম্মশক্তি ও পটুতার ফলে, জিনিষের দাম পূর্ব্ববৎ থাকিবে, চাই কি কমিয়া যাইবে, মজুরির খাতে বেশী ব্যয় করা সত্ত্বেও। সুতরাং সাধারণত, মজুরি বৃদ্ধি অর্থাৎ শ্রমিকদের জন্য অধিকতর ব্যয় দ্বারা জিনিষের দর চড়ার আশঙ্কা অমূলক হইলেও হইতে পারে। সেরূপ ক্ষেত্রে মজুরি-বৃদ্ধির আন্দোলন সমর্থনের অযোগ্য নয়। ধরুন, এক জোড়া ভাল জুতা আমি ৫৲ টাকায় পাই। বলা বাহুল্য, জুতার কারখানায় বিভিন্ন দামের ও ধরণের জুতা প্রস্তুত হয়। অন্য দিকে সেখানে বিভিন্ন শ্রেণীর মজুর মোতায়েন আছে ও তারা বিভিন্ন হারে মজুরি পায়। প্রত্যেকের মজুরির হার বাড়াইয়া দেওয়া হইল। তাতে দৈনিক ১০০০৲ টাকা বেশী মজুরি দেওয়া হইতে লাগিল। ইহার জন্য কি ৫৲ টাকার জুতা ও অন্যান্য মূল্যের জুতার দাম বাড়াইতে হইবে? এই প্রশ্নের উত্তর চট করিয়া দেওয়া যায় না। কারবারের আকার কি, (কত জন লোক, কত টাকা ইত্যাদি খাটিতেছে); উহা কোন্ স্থানে অবস্থিত (যানবাহনের সুবিধা আছে কি নাই); সময় কিরূপ (দুর্য্যোগ বা যুদ্ধবিগ্রহ আছে কিনা); আর্থিক শাসন (শুল্ক ইত্যাদি) কি প্রকারের, প্রভৃতি বহু প্রশ্নের উত্তরের সহিত উহা জড়িত। যদি এমন দেখা যায় যে, কারবারের আকৃতি প্রভৃতি সেইরূপ যাতে দৈনিক হাজার টাকা মজুরি বৃদ্ধির ফলে জুতা উৎপাদনের সংখ্যা সেই পরিমাণ বৃদ্ধি পায় যাতে দিনে ঐ হাজার টাকা উঠিয়া আসে, তা হইলে ঐরূপ মজুরি বৃদ্ধি ঘটিলেও আমার জুতা জোড়াটির জন্য ৫৲ টাকার বেশী দিতে হইবে না। কিন্তু যদি ঐ হাজার টাকার কম বা বেশী উঠিয়া আসে, তা হইলে ফল অন্যরূপ হইবে। হেনরি ফোর্ড ডেট্রয়টে তাঁর মোটর তৈরীর কারখানায় এইরূপ বহু পরীক্ষা করিয়াছেন। ১৯১৪-১৮ খৃষ্টাব্দের যুদ্ধের সময় তিনি মজুরি বাড়াইয়াও ক্রমাগত অধিকতর কম দামে উৎকৃষ্টতর মোটর গাড়ী দিতে সমর্থ হইয়াছিলেন।

চাষও কারবার, ব্যবসাও কারবার। আমরা কারবার কথাটা ব্যাপক অর্থে ব্যবহার করিতেছি। ব্যবসা সম্পর্কে উদাহরণ দেওয়া হইয়াছে। চাষের মজুরি সম্পর্কেও আমাদের মন্তব্যগুলি প্রযোজ্য। উৎপাদন-খরচার প্রধান চারিটি দফার উল্লেখ করিয়াছি। এ ছাড়া আরও দফা আছে। যেমন, মাল ও লোক চলাচলের ব্যয়, শুল্কাদি, কর ও শুল্ক, বীমা, ইত্যাদি। এগুলিকে ভিন্নভাবে উল্লেখ না করিয়া মুনাফার বা মজুরির খরচের মধ্যে ধরা হইয়াছে। যেমন আফিস্ খরচ মজুরি খরচের অন্তর্গত অন্যতম বিষয়।

সাধারণ ধারণা এই যে, জিনিষের দাম চড়া হইলে লাভ বেশী হয়। আর্থিক টান-যোগানের সমীকরণ সম্বন্ধে যার জ্ঞান আছে, তিনি অবশ্য জানেন সর্ব্বাপেক্ষা বেশী লাভ দায়ক দাম এক সূক্ষ্ম সূত্রার উপর ঝুলিয়া আছে। একটা সীমা আছে, যে সীমার নীচে দাম নামাইলে ক্রেতা বেশী হইলেও লাভ বেশী হয় না; আবার ঐ সীমার উপরে দাম উঠাইলে কম বিক্রীর জন্য লাভ কম হয়। এই উভয় সীমার মধ্যে দাম সযত্নে স্থির করিতে হয়। এই সীমা স্থির করা কারবারীর পক্ষে প্রধান কাজ। আমরা উপরে দেখাইয়াছি, চড়া মজুরির অর্থ জিনিষের চড়া দাম নহে। এমন অবস্থা কল্পনা করা যায় যখন জিনিষের দাম আগের চেয়ে কম হইলেও মোট মুনাফা বেশী আসিতেছে। তার অর্থ এ নয় প্রতিবারের মুনাফাও বেশী হইবে। পরন্তু, প্রতি বার মুনাফা কম হইলেও মোট মুনাফা বেশী হইতে বাধা নাই। যেখানে বৎসরে ২৫০০০ জুতা তৈরী করিয়া মুনাফা হইয়াছে ২৫০০০৲ টাকা, সেখানে জুতার দাম পড়ে কিছু কমাইয়াও ২৫০০০৲ টাকা বা বেশী মুনাফা পাওয়া যাইতে পারে। তা কিরূপ অবস্থায় সম্ভব তাই বিবেচ্য। তা হইতে পারে দুই উপায়ে: (১) প্রত্যেক মজুরের হার কমাইয়া দিয়া; (২) প্রত্যেক মজুরকে দিয়া আগের চেয়ে বেশী উৎপাদন করাইয়া। আপাততঃ দৃষ্টিতে প্রথম উপায়টি বেশী লাভজনক মনে হইতে পারে। কিন্তু যিনি ঐ উপায় অবলম্বন করিবেন তিনি শেষ পর্য্যন্ত ঠকিবেন। কারণ মজুরি কমানোর ফলে অসন্তোষ বৃদ্ধি ত হইবেই, তাছাড়া কর্ম্মশক্তিও কমিবে। এবং ফল সেই সময় উপস্থিত হইবে যখন মজুররা প্রায় শক্তিহীন হইবে। অন্য দিকে মজুরি বাড়াইয়া মজুরদের দিয়া বেশী কাজ করাইয়া লওয়াই কারবারীর স্বার্থের পক্ষে বেশী অনুকূল উপায়। অবশ্য মজুরি বৃদ্ধির অর্থই সর্ব্বক্ষেত্রে মজুরের অবস্থা ও কর্ম্মশক্তির উন্নতি নহে। সাধারণতঃ তাই।

অতএব, আমাদের সিদ্ধান্ত এই: দেশে উৎপাদন যত বৃদ্ধি পাইবে, তত মজুরি বৃদ্ধি করিতে হইবে। সেই মজুরি-বৃদ্ধি স্বতঃপ্রণোদিত বা আন্দোলনের ফল হইতে পারে। কিন্তু মজুরি-বৃদ্ধির ফল সর্ব্বদা জিনিষপত্রের দাম বৃদ্ধি বা কারবারীর মুনাফা-হ্রাস নহে।

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্।

২নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | জ্যৈষ্ঠ, ১৩৪৯ | ১ম সংখ্যা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | [illegible] | প্রতি সংখ্যা ।৵ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April. 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar. *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

**Annual subscription Rs. 3/- (excluding postage).**

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**Dr. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE MAY-JUNE NUMBER, 1942

**Section 1 Wealth of Bengal:** The Brighter Side of the War: Rural Development and Reconstruction Endeavours in Bengal—Barisal, Dinajpur, Dacca, Nadia, Noakhali, Sirajganj (Pabna), Netrakona (Mymensingh), Rajshahi, Faridpore. Prices of Petrol and Kerosene—of *Atta* and Flour—of Rice. A Banking Disaster in Bengal. (pp. 33-37)

**Section 2. Economic India:** Contributions by the Indian Government to the different Provinces for Rural Development. Rise in the Production and Consumption of the *Khaddar*. India's Foreign Trade. The Estimated Cotton Crop Production of India. Import of Cotton into Bombay by Land and Sea. Two-Rupees Notes. Radio Establishments in India Trade and Industry in Mysore—its Cottage Industries. Flour and Cotton in Gwalior. Labour Colony in Rampore State. Fisheries Industry in Baroda. Glass Industry in Kashmir. (pp. 38-40)

**Section 3. World Economy:** Unemployed and Patients among the Insured Labour in Scotland. Foreign Trade of England. Distress in France. Market Prices of New York Cotton. Japan's "New Order" in Asia and its Chances weighed. Reclamation of Land in China. Australia getting industrialised in a hurry. (pp. 41-43)

**Section 4. Men, Institutions and Movements:** The American Technical Mission. Indian Representative in the U.S.A.—Sir Girija Sankar Bajpeyi. On South African Indians—the Indian High Commissioner Sir Safaat Ahmed Khan. Indian Statistical Conference. Late Raghavendra Rao. Electricity Control in Bengal. Appeal of Medical Aid Society. Indian Prisoners in Europe. (pp. 44-45)

**Section 5. Interviews:** Conversation about Economic and Social Changes during the War. (pp. 46-47)

**Section 6. World of Journals:** *Commerce and Industry*. (pp. 48-49)

**Section 7. Reviews:** *Problems of Administration in Social Work. Income and Wealth*. p. 50

**Section 8. Bibliography:** 13 books announced.

**Articles:**

The Sixteenth Year of the Arthik Unnati—a Retrospect.
By Pankaj Kumar Mukherjee, M.A., B.L. (pp. 52-58)

Labour and Labour-Values.
By Sudha Kanta De, M.A., B.L. (pp. 58-64)

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 820. Nine Charts. Rs. 6. (Demy).

**The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).

4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 310. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

—বাঙলার ও বাঙালীর নিজস্ব সর্বৃহৎ বীমা-প্রতিষ্ঠান—

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

বাঙালী প্রতিষ্ঠিত, সম্পূর্ণ জাতীয় আদর্শে ৩৪ বৎসরকাল সুপরিচালিত বাঙালীর নিজস্ব সর্বৃহৎ আপিক প্রতিষ্ঠান। ইহাতে জীবন বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন। আপনার প্রয়োজন অনুযায়ী বিবিধ সুবিধাজনক বীমাপত্রের ব্যবস্থা আছে।

আপিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ১৬ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫৭ |
| মোট সম্পত্তি | |
| দাবী শোধ (১৯০৭-৪০) | ,, ২৫ ,, ,, ,, |

হিন্দুস্থানের বীমাপত্র যেমন নিরাপদ তেমন লাভজনক

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

ব্রাঞ্চ—বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।

এজেন্সি—ভারতের সর্বত্র ও ভারতের বাহিরে।

## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Mesanges of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar. Edited by Prof. Banesvar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্ঃ**—যুদ্ধের আর একদিক : জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টার নমুনা :—বরিশাল, দিনাজপুর, ঢাকা, নদীয়া, মোয়াখালী, সিরাজগঞ্জ (পাবনা), নেত্রকোণা (ময়মনসিংহ), রাজসাহী, ফরিদপুর। পেট্রোল ও কেরোসিনের মূল্য। আটা ও ময়দার দর। চাউলের দর। বাংলায় ব্যাঙ্কিং দুর্ঘটনা। (৩৩-৩৭)

**আর্থিক ভারতঃ**—পল্লীউন্নয়ন সম্পর্কে ভারত সরকারের সাহায্য দান। খদ্দর উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি। ভারতের বহির্বাণিজ্য। ভারতে তুলার আনুমানিক হিসাব। রেল ও সমুদ্রপথে বোম্বাইতে তুলা আমদানি। দুই টাকার নোট। ভারতে বেতারযন্ত্রের সংখ্যা। মহীশূর রাজ্যে শিল্প-বাণিজ্যের অতিমান। কুটির-শিল্পে উদ্যোগী মহীশূর। মোয়ালিয়রে ময়দা ও তুলা। রামপুর ষ্টেটে শ্রমিক কলোনি। বড়োদা ষ্টেটে মাছের কারবার। কাশ্মীরে কাচ শিল্প। (৩৮-৪০)

**দুনিয়ার ধনদৌলতঃ**—ষ্টক্‌হ্যাণ্ডে বেকার শ্রমিক ও রোগী শ্রমিক। ইংলাণ্ড ও বহির্বাণিজ্য। ফরাসীদেশের দুরবস্থা। নিউ ইয়র্কে তুলার বাজার দর। জাপানের নব-বিধানে বাধা। চীনদেশে জমির পুনরুদ্ধার। অষ্ট্রেলিয়ার কারখানা। (৪১-৪৩)

**ব্যক্তি ও সঙ্ঘঃ**—আমেরিকান্ টেকনিক্যাল মিশন। মার্কিণে ভারত সরকারের প্রতিনিধি। দক্ষিণ আফ্রিকার ভারতীয়গণ। ভারতীয় সংখ্যাতত্ত্ব সম্মেলন। পরলোকে শ্রীযুক্ত রাজেন্দ্র রাও। বিদ্যুৎ নিয়ন্ত্রণ ব্যবস্থা। মেডিক্যাল এইড্ সোসাইটির আবেদন। ইয়োরোপে ভারতীয় বন্দীর সংখ্যা। (৪৪-৪৫)

**মোলাকাৎঃ**—(শ্রীযুক্ত পঙ্কজকুমার মুখোপাধ্যায়ের সহিত কথোপকথনের সারমর্ম।) (৪৬-৪৭)

**পত্রিকা-জগৎ** ৪৮

**সমালোচনা** ৫০

**গ্রন্থপঞ্জী** ৫১

**প্রবন্ধাবলীঃ**

(১) "আর্থিক উন্নতি"র ষোল বৎসর
শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়, এম এ, বি এল

(২) শ্রম ও শ্রমের দাম
শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল ৫৮



## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৷৷০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (পঙ্কজ বিশ্বাস) ।০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্
১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

CALCUTTA UNIVERSITY

আর্থিক উন্নতি

জ্যৈষ্ঠ—১৩৪৯ ১৭শ বর্ষ—২য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## যুদ্ধের আর একদিক :

## জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টার নমুনা

দুর্দ্দান্ত বা প্রাণচঞ্চল নদীর এক পাড় ভাঙ্গে অন্য পাড় গড়ে। যুদ্ধের গতির সহিত নদীর গতির তুলনা করা যাইতে পারে। যুদ্ধের জন্য তৈরী হওয়া মানে দেশকে নানা দিকে স্বয়ংসম্পূর্ণ করিয়া তোলা। তার উপর, ধ্বংস-লীলার সঙ্গে সঙ্গে সৃষ্টি ও রক্ষার নানা উপায় উদ্ভাবন ও প্রচলন করিতে হয়। যুদ্ধ বাংলার সীমান্তে আসিয়া পড়াতে আমাদের জীবন-যাত্রার ধারার মধ্যে ভাঙ্গা-গড়ার ছন্দ শুনিতে পাইতেছি। জীবন-গঠনের দিকে মনোযোগের কিঞ্চিৎ নমুনা এখানে দেওয়া যাইতেছে।

### বরিশাল

গত ৩রা মে বরিশাল জিলার গৌরনদী থানার অন্তর্গত ৭নং বাগধা ইউনিয়নের এলাকাধীন আমবেউলা গ্রামে পল্লীমঙ্গল সমিতির ২য় বার্ষিক অধিবেশন সম্পন্ন হইয়া গিয়াছে। সমিতির উদ্যোগে এবং স্থানীয় মধ্য-ইংরেজী স্কুলের ছাত্রবৃন্দের প্রচেষ্টায় অধিবেশনটি সাফল্যমণ্ডিত হয়। সভায় প্রায় ৮০০ শত লোকের সমাবেশ হইয়াছিল। জুট রেগুলেশন বিভাগের এসিষ্টেন্ট ইনস্‌পেক্টর বাবু সুরেন্দ্র চন্দ্র চক্রবর্ত্তী, বি, কম, লাইসেন-সিং এসিষ্টেন্ট বাবু রমেশ চন্দ্র মণ্ডল এবং মৌলবী আবদুল ওহাব খাঁ সরকার বাহাদুরের পাটচাষ নিয়ন্ত্রণ এবং পল্লী-উন্নয়নের মুখ্য উদ্দেশ্য উপস্থিত জনসাধারণকে বিশেষভাবে বুঝাইয়া দেন। তাঁহারা ইহাও বুঝাইয়া দেন যে, বাঙলার শতকরা নব্বই জন লোক পল্লীবাসী, সেই পল্লীর প্রকৃত কল্যাণই সমগ্র দেশের কল্যাণ এবং বর্ত্তমান যুদ্ধ-পরিস্থিতির জন্য জাপান ও রেঙ্গুন হইতে খাদ্যশস্য পাইবার কোনই সম্ভাবনা নাই; সুতরাং পাটের চাষ কমাইয়া খাদ্যশস্যের চাষ আবাদ বাড়ান একান্ত আবশ্যক।

অতঃপর সমিতির সেক্রেটারী মৌলবী আবদুল মালেক মিয়া সমিতির কার্য্যবিবরণী পাঠ করেন। সমিতি এযাবৎ নিম্নলিখিত উন্নয়নের কার্য্যগুলি করিতে সক্ষম হইয়াছে :—

(১) বয়স্কদের শিক্ষার জন্য একটি নৈশ-বিদ্যালয় স্থাপন পূর্ব্বক ১২০ জন ব্যক্তির নিরক্ষরতা দূর করা হইয়াছে।

(২) একটি মধ্য-ইংরেজী বিদ্যালয় ও একটি বালিকা বিদ্যালয় সমিতি কর্ত্তৃক গঠিত ও সুচারুরূপে পরিচালিত হইতেছে।

(৩) পাঁচটি পুকুরের সংস্কার সাধন করা হইয়াছে।

(৪) পাঁচ একর পরিমিত বন জঙ্গল পরিষ্কার পূর্ব্বক শাক-সব্জীর চাষ করা হইয়াছে।

(৫) গ্রামের প্রায় সমস্ত ডোবা, নালা এবং পুকুরের কচুরীপানা ধ্বংস করা হইয়াছে।

(৬) দুইটি পুল ও একটি রাস্তা নির্ম্মাণ করা হইয়াছে।

(৭) পাঁচখানা বাড়ী বিজ্ঞানসম্মতভাবে গঠন করা হইয়াছে।

অতঃপর সেক্রেটারী সাহেব সমিতির উপকারিতা সম্বন্ধে এক নাতিদীর্ঘ বক্তৃতা দেন। সমিতির পরিচালিত মধ্য ইংরেজী স্কুলের হেড্ মাষ্টার মৌলবী মুজাফ্ফর আলী সাহেব বক্তৃতা প্রসঙ্গে গ্রামরক্ষী দল গঠনের উপকারিতা বিশদ্‌ভাবে বুঝাইয়া দেন।

### দিনাজপুর

দিনাজপুর জেলার হরিপুর থানার ৫নং হরিপুর ও ৬নং ভাতুরিয়া ইউনিয়নবোর্ডের প্রেসিডেন্ট, মেম্বারগণ, হরিপুর থানার স্যানিটারী ইন্সপেক্টার, পাট নিয়ন্ত্রণ বিভাগের সহকারী ইন্সপেক্টার এবং ডাঃ রামপদ সেন প্রমুখ কতিপয় গ্রামবাসীর উদ্যোগে এবং কর্ম্মতৎপরতায় (১) খোলরা হইতে যাদবপুর হইয়া গড়ভবানীপুর রাস্তার এবং (২) মশানগাঁও হইতে পশ্চিমে ডোরবা ডিষ্ট্রীক্ট বোর্ড রাস্তা পর্য্যন্ত বিস্তৃত প্রায় ৩।৪ মাইল রাস্তার নির্ম্মাণ কার্য্য গত চৈত্র মাস হইতে পূর্ণোদ্যমে চলিতেছে। প্রতি-সপ্তাহের দুই দিন স্থানীয় পাঁচ ছয় খানা গ্রামের প্রায় ২৫০ শত অধিবাসীর সহযোগিতায় আশা করা যাইতেছে শীঘ্রই উল্লিখিত উভয় রাস্তার প্রয়োজনীয় অংশের নির্ম্মাণ এবং সংস্কার কার্য্য সম্পন্ন হইবে। এই রাস্তা নির্ম্মাণ কার্য্যের পদ্ধতি পরিদর্শন করিতে গিয়া ডি, এস, বোর্ডের স্পেশাল অফিসার এবং পীরগঞ্জ থানার ডুট বিভাগের ইন্সপেক্টার স্বহস্তে মাটি কাটিয়া রাস্তা নির্ম্মাণে গ্রামবাসীদের উৎসাহিত করিয়াছেন।

### ঢাকা

ঢাকা জিলার মুন্সীগঞ্জ মহকুমার অন্তর্গত টঙ্গিবাড়ী থানার এলাকাধীন সোনার টঙ্গিবাড়ী ইউনিয়নের নাটেশ্বর, সোনারং, নেত্রাবতী, পুরাপাড়া, আমতলী, টঙ্গিবাড়ী ও বড়লীরাম অধিবাসিবৃন্দের এক মহতী সভা সোনারং হাইস্কুল প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। সভায় বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। বাবু জিতেন্দ্রনাথ বানার্জ্জি, এম, এ, (হেড্ মাষ্টার, সোনারং হাই স্কুল) সভাপতির আসন গ্রহণ করেন। পাট নিয়ন্ত্রণ বিভাগের প্রোপাগাণ্ডা এসিষ্টেন্ট বাবু গোপালচন্দ্র দত্ত রায় ও এসিষ্টেন্ট ইন্সপেক্টর মৌলভী গোলাম রব্বানি সাহেব উক্ত সভায় দেশের বর্ত্তমান অবস্থা, গ্রাম্য রক্ষীবাহিনী গঠন ও খাদ্যশস্য বহুল পরিমাণে উৎপাদন করার উপযোগিতা প্রাঞ্জল ভাষায় সকলকে বুঝাইয়া দেন। নয় জন সদস্য লইয়া গ্রাম্য রক্ষীবাহিনী গঠন করার জন্য একটি প্রাথমিক কমিটি করা হয়। উক্ত কমিটির নির্দ্দেশ অনুযায়ী গত ২৪ এপ্রিল তারিখে সোনারং টঙ্গিবাড়ী ইউনিয়নের প্রতি গ্রামে পল্লীরক্ষীবাহিনী গঠন করা হইয়াছে এবং সেই দিনই পল্লী-উন্নয়ন কমিটিও গঠন করা হয়।

### নদীয়া

জেলা নদীয়া, দৌলতপুর থানার ২৭নং সার্কেলের পাটচাষ নিয়ন্ত্রণ বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী মৌলবী আবকার উদ্দীন মুন্সী সাহেবের ঐকান্তিক চেষ্টায় এতদঞ্চলের ছয়টি ইউনিয়নে পল্লী সংস্কারের কাজ আরম্ভ হইয়াছে। এ পর্য্যন্ত এই এলাকায় ৬৭টি সোসাইটি গঠিত এবং ৯৩টি নৈশ বিদ্যালয়, ১টি প্রাথমিক

বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয় ও ১টি দাতব্য চিকিৎসালয় স্থাপিত হইয়াছে। বর্ত্তমান অর্থসঙ্কটের দিনেও প্রচার-কার্য্যের ফলে দুঃস্থ পল্লীবাসী মুষ্টিভিক্ষা প্রদান করিতেছে এবং তদ্দ্বারা প্রতিষ্ঠানগুলি নিয়মিত পরিচালিত হইতেছে। তাছাড়া আরও একটি বিরাট কার্য্যে হস্তক্ষেপ করা হইয়াছে। কারাকপুর হইতে কেদোমারি পর্য্যন্ত একটি প্রশস্ত রাস্তা বহুকাল হইতে জীর্ণাবস্থায় পড়িয়া থাকায় পার্শ্ববর্ত্তী কয়েকটি গ্রামের জনসাধারণ ভীষণ অসুবিধা ভোগ করিয়া আসিতেছিল। মিঃ মুন্সীর উদ্যোগে ও স্থানীয় বিশিষ্ট ব্যক্তিগণের সহযোগিতায় কারাকপুর, সালিমপুর, তারাগুনিয়া, হোগলবাড়ীয়া ও গঙ্গারামপুর গ্রামের ৭০।৮০ জন লোক গত ১৩ই এপ্রিল হইতে এই রাস্তাটি সংস্কারের জন্য প্রত্যহ নিয়মিত খাটিতেছে। এযাবৎ ২৫০৲ টাকার কাজ হইয়াছে বলিয়া অনুমিত হয়।

### নোয়াখালী

নোয়াখালী জেলার রামগঞ্জ থানার অন্তর্গত চাটখিল জুট রেগুলেশন সার্কেলের অধীন পাঁচটি ইউনিয়নে জুট রেগুলেশন বিভাগের কর্ম্মচারিবৃন্দের চেষ্টায় এ পর্য্যন্ত ৯৬টি পল্লী-উন্নয়ন সমিতি গঠিত হইয়াছে।

শঙ্করপুর পল্লী-উন্নয়ন সমিতি নিজ গৃহ নির্ম্মাণ কার্য্য সমাধা করিয়াছে এবং টবগা পল্লী-মঙ্গল সমিতি ইতিমধ্যে ১৭০৲ টাকার মত নগদ তহবিল সংগ্রহ করিয়া যৌথ ক্রয় কমিটি স্থাপন করত কেরোসিন প্রভৃতি জিনিষ গ্রামবাসি-গণকে ন্যায্য মূল্যে সরবরাহ করিতেছে।

### সিরাজগঞ্জ ( পাবনা )

পঞ্চক্রোশী ইউনিয়ন বোর্ডের বন্যাকান্দি গ্রামে নব-নির্ম্মিত বোর্ড-গৃহে সিরাজগঞ্জের সবডিভিসনাল অফিসার সাহেব গত ২রা এপ্রিল তারিখে উপস্থিত হইয়া বিরাট জনতার হর্ষধ্বনির মধ্যে দ্বার উদ্ঘাটন করেন। উক্ত অফিসের সম্মুখে এক বিরাট সভার অধিবেশন হয় এবং এস, ডি, ও সাহেব সভাপতিত্ব করেন। সভায় এই অফিস হইতে নল ষ্টেশন পর্য্যন্ত একটি ছয় হাত চওড়া রাস্তা বাহির করিবার প্রস্তাব করা হয় এবং এস, ডি, ও এবং সার্কেল অফিসার মহোদয়গণ পল্লী-উন্নয়ন সমিতির মেম্বার এবং উপস্থিত জনসাধারণের সহযোগিতায় প্রস্তাবিত রাস্তাটির নির্ম্মাণকার্য্য স্বহস্তে আরম্ভ করিয়া দেন।

গত ৩১শে মার্চ্চ তারিখে উল্লাপাড়া থানার অধীন বড়হর ইউনিয়নের বড়হর-দক্ষিণপাড়া গ্রামে একটি এবং ৯ই এপ্রিল তারিখে উল্লাপাড়া থানার সলপ ইউনিয়নের অন্তর্গত তারাবাড়ীয়া গ্রামে আর একটি সভায় উল্লাপাড়ার সার্কেল অফিসার মৌঃ এ, খালেক সাহেব সভাপতির আসন গ্রহণ করেন। পল্লী-উন্নয়ন, শিক্ষা, পাট-চাষ নিয়ন্ত্রণ ও বর্ত্তমান যুদ্ধ-প্রচেষ্টায় দেশবাসীর কর্ত্তব্য সম্বন্ধে বক্তৃতা হয়। বড়হর-দক্ষিণপাড়া গ্রামে জলকষ্ট নিবারণকল্পে পল্লী-উন্নয়ন কর্ম্মিবৃন্দ দ্বারা ৮ বিঘা জমির উপর একটি বৃহৎ পুষ্করিণী খননের পরিকল্পনা গৃহীত হয়। সার্কেল অফিসার সাহেব সভায় উপস্থিত জনতার হর্ষধ্বনির ভিতর স্বহস্তে কোদালি ধরিয়া মাটি কাটেন ও মাথায় বহন করেন। তারাবাড়িয়া গ্রামের পল্লী-উন্নয়ন কর্ম্মচারিগণের সাহায্যে এক রাস্তা নির্ম্মাণ করা হয়, এবং ৪ বিঘা জমি লইয়া একটি খেলার মাঠ প্রস্তুত করা হয়।

### নেত্রকোনা ( ময়মনসিংহ )

পাট-চাষ নিয়ন্ত্রণ ও পল্লী-উন্নয়ন বিভাগের কর্ম্মচারী মৌঃ আবদুল আজিজ, প্রোপাগাণ্ডা এসিষ্টেন্ট মৌঃ আবদুল ওয়াহেদ ও স্থানীয় ভদ্রলোকগণের প্রচেষ্টায় বিগত ১৩ই ও ১৪ এপ্রিল তারিখে ময়মনসিংহ জেলার অন্তর্গত নেত্রকোণা মহকুমার অধীন গারো পাহাড়ের সংলগ্ন কলমাকান্দা থানায় পাঁচ সহস্রাধিক লোকের এক বিরাট পল্লী-উন্নয়ন সভার অনুষ্ঠান হইয়াছে।

নৈশ-বিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকদের মধ্যে প্রায় ২৫০৲ আড়াই শত টাকা পুরস্কার বিতরণ করা হইয়াছে। দীনেশ-চন্দ্র তালুকদার মহাশয় বালিকা বিদ্যালয়ের একটি ছাত্রীর সঙ্গীতে সন্তুষ্ট হইয়া স্বর্ণপদক উপহার দিয়াছেন। উক্ত থানার অন্তর্গত হরিণধারা গ্রামে কচুরীপানা ধ্বংসোৎসব, কুটির শিল্প প্রদর্শনী ইত্যাদি বহু জনহিতকর কার্য্য অনুষ্ঠিত হইয়া এই অনুষ্ঠানকে আরো সাফল্যমণ্ডিত করিয়াছে।

### রাজশাহী

রাজশাহী জেলার অধীন চারঘাট থানার অন্তর্গত পাট নিয়ন্ত্রণ ও পল্লী-উন্নয়ন বিভাগের চারঘাট পূর্ত্ত সার্কেলের এসিষ্টেন্ট ইন্সপেক্টর মহোদয়ের চেষ্টায় মীরগঞ্জ গ্রামে একটি মধ্য-ইংরেজী বিদ্যালয় স্থাপিত হইয়াছে। গত ২০শে ফেব্রুয়ারী তারিখে মণিগ্রাম ইউনিয়ন জুট কমিটির চেয়ারম্যান ও ইউনিয়ন বোর্ডের ভূতপূর্ব্ব প্রেসিডেন্ট মুন্সী এরশাদ আলি সরকার সাহেবের সভাপতিত্বে মীরগঞ্জে একটি সভা হয় এবং উক্ত মধ্য-ইংরেজী বিদ্যালয়ের উন্নতি-কল্পে নানা বিষয় আলোচনা হয়। স্থানীয় চারঘাট পূর্ত্ত সার্কেলের এসিষ্টেন্ট ইন্সপেক্টর সাহেব উক্ত সভায় উপস্থিত ছিলেন। তিনি স্থানীয় নেতাদের সহিত একত্রে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া নগদ ৫০০৲ পাঁচ শতাধিক টাকা ও অনুমান ১০০৲ একশত টাকার স্কুলের সরঞ্জাম সংগ্রহ করেন। রাজশাহীর সদর মহকুমা ম্যাজিষ্ট্রেট সাহেব উক্ত স্কুলের দ্বারোদ্ঘাটন করিয়াছেন। মণিগ্রাম ইউনিয়নে বহু দিনের আকাঙ্ক্ষিত ও অত্যন্ত প্রয়োজনীয় একটি নূতন রাস্তা প্রায় ৩।০ মাইল প্রস্তুত হইয়াছে। এস, ডি, ও সাহেবের সুপারিশে জেলা ম্যাজিষ্ট্রেট সাহেব নিজে পরিদর্শন করিয়া সন্তুষ্ট হইয়া তাহুকর নৈশবিদ্যালয়ের জন্য ২০৲ বুড়ি টাকা মঞ্জুর করিয়াছেন। ইহা ব্যতীত হাবাস-পুর গ্রামে একটি জুনিয়ার মাদ্রাসা স্থাপনের পরিকল্পনা হইয়াছে এবং আশা করা যায় উহাও কার্য্যকরী হইবে।

### ফরিদপুর

ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমায় পাটচাষ নিয়ন্ত্রণ ও পল্লী-উন্নয়ন বিভাগের কর্ম্মচারিগণের উদ্যোগে কোটালিপাড়া থানার কাঠিগ্রাম মৌজার মাঠে ২১শে ফেব্রুয়ারী শনিবার বেলা ১২ ঘটিকার সময় এক বিরাট সভার অধিবেশন হয়। সভায় বহু লোকের সমাগম হয়। সভা ভঙ্গের পর একটি প্রকাণ্ড পুকুরের কচুরীপানা পরিষ্কার করা হয়। ২ ঘণ্টার ভিতর পুকুর সম্পূর্ণরূপে পরিষ্কার হইয়া যায়।

( বাঙলার কথা )

### পেট্রোল ও কেরোসিনের মূল্য

গত ১৩ই মার্চ্চ কেরোসিন ও পেট্রোলের দরের সর্ব্বশেষ পরিবর্ত্তন সাধন করা হইয়াছে। ব্রহ্মদেশ হইতে সরবরাহ বন্ধ হইয়া যাওয়ায় বর্ত্তমানে পরিদর্শন খরচা, শুল্ক, বীমা এবং যুদ্ধের দরুন অতিরিক্ত হার সহ অধিক দরে বিদেশ হইতে মাল আমদানী করা প্রয়োজন হইয়া পড়িয়াছে। তৈল কোম্পানীগুলি যাহাতে এই অতিরিক্ত ব্যয়ভার বহন করিতে পারে, তজ্জন্য ভারত সরকার ১৬ই এপ্রিল হইতে আগামী ৩০শে জুন পর্য্যন্ত উক্ত পণ্যের দর কিঞ্চিৎ বৃদ্ধি করিয়াছেন। বাঙলা সরকারের মূল্য-নিয়ন্ত্রণকারীর আদেশানুযায়ী স্থানীয় দরেরও পরিবর্ত্তন সাধন করা হইয়াছে। উক্ত আদেশ অনুসারে কলিকাতা সহর ও কলিকাতা সহরতলীতে ১৬ই এপ্রিল হইতে আগামী ৩০শে জুন পর্য্যন্ত পেট্রোল ও কেরোসিনের দর নিম্নলিখিতরূপ বলবৎ থাকিবে :—

| পণ্য | নিয়ন্ত্রিত মূল্য |
|---|---|
| পেট্রোল | প্রাদেশিক ট্যাক্স বাদে প্রতি গ্যালনের দর ১৸/১০ |
| কেরোসিন (উৎকৃষ্ট শ্রেণীর) | ৷৶১৪ ( এক সঙ্গে প্রতি ৩ ইম্পিরিয়াল গ্যালন ) |
| | ৷৷৵৪ ( ৪ ইম্পিরিয়াল গ্যালন ভর্ত্তি প্রতি টিন ) |
| | ৵৹ ( ২৬ আউন্সের প্রতি বোতল ) |
| কেরোসিন ( নিকৃষ্ট শ্রেণীর) | ৷৷৹ ( এক সঙ্গে প্রতি ৩ ইম্পিরিয়াল গ্যালন ) |
| ঐ | ৷৷১০ ( ৪ ইম্পিরিয়াল গ্যালন ভর্ত্তি প্রতি টিন ) |
| | ৵১৪ ( ২৬ আউন্স ভর্ত্তি প্রতি বোতল ) |

### আটা ও ময়দার দর

আটা ও ময়দার পাইকারী ও খুচরা দাম নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। ভারত গবর্ণমেণ্ট যুক্তপ্রদেশ, পাঞ্জাব ও সিন্ধুদেশে যে দাম বাঁধিয়া দিয়াছেন, তাহার

উপর ভিত্তি করিয়াই এখানে ঐ দর বাঁধিয়া দেওয়া হইয়াছে। ভারত গবর্ণমেণ্ট প্রথমে প্রতি মণের দাম ৩৷৵০ চারি টাকা ছয় আনা ধার্য্য করিয়া দিয়াছিলেন, তৎপর হাপুর ও লায়ালপুর গমের মূল্য বৃদ্ধি করিয়া ৵৫ পাঁচ টাকা ধার্য্য করা হইয়াছে। কাজেই এখানকার মূল্যও পরিবর্ত্তন করা গেল। চিফ্ কণ্ট্রোলার অব প্রাইসেসের আদেশ অনুসারে ১৩৪২ সনের ১৭ই এপ্রিল তারিখ হইতে আটা ও ময়দার দাম নিম্নলিখিতমত হইবে :—

| দ্রব্যের নাম | মিলের দর প্রতি মণ | পাইকারী দর প্রতি মণ | খুচরা দর প্রতি মণ |
|---|---|---|---|
| লাল আটা ( সকল মিলের সর্ব্ব প্রকার ) | ৮৷০ | ৮৷৵০ | ৯৲ ( প্রতি সের ৵৭৷০ পাই ) |
| সাদা আটা ( সকল মিলের সর্ব্বপ্রকার ) | | | ৯৸০ ( প্রতি সের ৵১০৷০ পাই ) |
| লাল চন্দৌসি আটা ( হিন্দুস্থান মিল ) | | | ৯৷০ ( প্রতি সের ৵১০৷০ পাই ) |
| আটা ( কলিকাতা হাউসহোল্ড এণ্ড কোঃ যাবতীয় আটা ) | | | ৯৷৵০ ( প্রতি সের ৵৯ পাই ) |

## চাউলের দর

বাঙ্গলা সরকারের মূল্য নিয়ন্ত্রণ বিভাগের প্রধান কর্ম্মকর্ত্তা ১লা জানুয়ারীর এক বিজ্ঞপ্তির সংশোধন করিয়া জানাইয়াছেন যে আগামী ১লা জুলাই হইতে কলিকাতা ও সহরতলীর জন্য চাউলের নিম্নলিখিত দর ধার্য্য হইল :— মোটা চাউল পাইকারী দর প্রতি মণ ৫৸০, খুচরা দর প্রতি মণ ৬৷০ ; মাঝারি ধরণের চাউল পাইকারী দর প্রতি মণ ৬৸০, খুচরা দর প্রতি মণ ৬৸০।

## বাংলায় ব্যাঙ্কিং দুর্ঘটনা

প্রায় অর্দ্ধশতাব্দী কাল ধরিয়া অন্যতম বৃহৎ ব্যাঙ্ক ভবানীপুর ব্যাঙ্কিং কর্পোরেশন নামের সহিত কাজ করিবার পর গত ৭ই মে হইতে গ্রাহকদের দাবী শোধ করা বন্ধ রাখিয়াছেন। ফলে দক্ষিণ কলিকাতার বৃহৎ অংশের এবং অন্যান্য স্থানের নর-নারীগণ অত্যধিক ক্ষতিগ্রস্ত হইলেন। বেঙ্গল ন্যাশনাল ব্যাঙ্কের পতনের পর ইহাই সর্ব্ববৃহৎ দুর্ঘটনা।

কয়েক মাস পূর্ব্বে ভবানীপুর ব্যাঙ্কের আর একবার পতন আসন্ন হইয়াছিল। কিন্তু সে সময়ে জনৈক বাঙালী ব্যবসায়ীর তৎপরতায় এবং কয়েকজন দেশবরেণ্য নেতৃবৃন্দের চেষ্টায় ব্যাঙ্কটি রক্ষা পায় এবং ব্যাঙ্কটি গ্রাহকদের টাকা সম্পূর্ণ মিটাইয়া দিতে সমর্থ হওয়ায় পুনরায় কাজ চলিতে থাকে, যদিও পূর্ব্বের তুলনায় উহা হ্রাস পায়। সেই ধাক্কা কাটাইয়া উঠিতে না উঠিতেই আন্তর্জ্জাতিক দুর্য্যোগ ভারত তথা বাংলায় দেখা দেয়। একদিকে কলিকাতার ঘরবাড়ী, জমিজমার মূল্য কমিয়া যায়, অন্যদিকে গ্রাহকগণ ক্রমান্বয়ে তাহাদের আমানত তুলিয়া লইতে থাকে। এই ধাক্কাই ব্যাঙ্কটি কাটাইয়া উঠিতে পারিল না। প্রথমবারে হীন প্রচারে ব্যাঙ্কের প্রভূত ক্ষতি হয়। এবারের কারণ অবশ্য স্বতন্ত্র। ইম্পিরিয়াল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া যে ছাব্বিশ লক্ষ টাকা ধার দিয়াছিল, তন্মধ্যে ১২ লক্ষ টাকা পাইবার দাবী জানায়। কিন্তু এতদিন গ্রাহকবর্গের ক্রমবর্দ্ধমান দাবী মিটাইতে হইয়াছে ; এবং মূল্যবান সম্পত্তির মধ্যে আছে কলিকাতায় নিজস্ব বাড়ী, জমিজমা ইত্যাদি ; উহাদের জামিনে উপযুক্ত পরিমাণ টাকা না পাওয়ায় ব্যাঙ্কের পক্ষে আর কাজ চালানো সম্ভব হইল না। সম্প্রতি কয়েকজন লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তি এই ব্যাঙ্ককে রক্ষা করিবার নিমিত্ত চেষ্টা করিতেছেন বলিয়া আমরা খবর পাইলাম।

## পল্লীউন্নয়ন সম্পর্কে ভারত সরকারের সাহায্য দান

( হাজার টাকা )

| | প্রথম কিস্তি | দ্বিতীয় কিস্তি | মার্চ অবধি | ১৯৪১ মার্চ মাস অবধি খরচা | ১৯৩৯সনের নবেম্বরে শেষ রিপোর্টের পর খরচা |
|---|---|---|---|---|---|
| মাদ্রাজ | | | | | ৪,৪১ |
| বোম্বাই | | | | | ১,৬৮ |
| বাংলা | | | | | ৮,৩৮ |
| যুক্ত প্রদেশ | | | | | ৭,৬৭ |
| পাঞ্জাব | ৮,৫০ | | | | ২,১৩ |
| বিহার | ৯,৬৮ | | | | ২,৪০ |
| মধ্য প্রদেশ | ৫,০০ | | | | ২,০২ |
| উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ | ৩,০০ | | | | ১,৫২ |
| আসাম | ৫,০০ | | | | ১,২৫ |
| উড়িষ্যা | ৩,০১ | | ৫,৩৬ | | ১,৩৬ |
| সিন্ধু | ১,৩৮ | | ১,৭৪ | | ৭৮ |
| দিল্লী | ৫০ | | | | ৩ |
| আজমীঢ়—মারবাড় | | | | ৮৫ | ১৩ |
| কুর্গ | ৫০ | ৫০ | ১,০০ | ৬৮ | ৯৫ |
| মোট | ৮৭,৫০ | ২৮,০০ | ১,৩২,৮৫ | ১,৩৫,৮৫ | ৩২,৫৫ |

## খদ্দর উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি

নিখিল ভারত কাটুনী সঙ্ঘের বার্ষিক রিপোর্টে প্রকাশ, ১৯৪০ খৃষ্টাব্দে প্রায় ৫০ লক্ষ টাকার খাদি বোনা হইয়াছিল। হাতে কাটা সূতায় ও হাতের তাঁতে বোনা ২ লক্ষ ৮৪ টাকার পশমী ও ৪ লক্ষ ৫৭ হাজার টাকার রেশমী খাদিও ঐ হিসাবে ধরা হইয়াছে। মোট ৬০৮টি কেন্দ্রে খাদি উৎপন্ন হয়। প্রথম নয় মাসে বিক্রয় বৃদ্ধি না পাওয়ায় উৎপাদনও পূর্ব্ব বৎসরের তুলনায় বাড়ানো হয় নাই। প্রদেশভেদে উৎপাদনের হিসাবে দেখা যায় যে, মধ্যপ্রদেশে মহারাষ্ট্রভাষাভাষী অঞ্চলে উৎপাদন ৮৭ হাজার টাকা বৃদ্ধি ও তামিলনাদ শাখায় ১ লক্ষ ৪২ হাজার টাকা হ্রাস পাইয়াছিল।

আলোচ্য বৎসরে প্রায় ৭৮ লক্ষ টাকার খাদি বিক্রীত হইয়াছিল। বৎসরের শেষ তিন মাসে বিক্রয় যথেষ্ট বৃদ্ধি পায়। পূর্ব্ব বৎসরে বিক্রয়ের তুলনায় পাঞ্জাব, বোম্বাই,

বিহার ও যুক্তপ্রদেশ শাখায় এই বৎসর বিক্রয় কিঞ্চিদধিক এক লক্ষ টাকা হিসাবে বৃদ্ধি পাইয়াছে। অন্যদিকে তামিলনাদ শাখায় বিক্রয় ১ লক্ষ ১৫ হাজার টাকা হ্রাস পাইয়াছে।

## ভারতের বহির্ব্বাণিজ্য

১৯৪২ সনের মার্চ্চ মাসে ভারতের আমদানি রপ্তানির বহর দেখিয়া অনুমান করা শক্ত পৃথিবী এত বড় বিপর্য্যয়ের মধ্য দিয়া যাইতেছে। আমদানি ৫·৯১ কোটি টাকা আর রপ্তানি ২১·৬৮ কোটি টাকা। পুন রপ্তানি বাদ দিলে দেখা যায় ভারতের রপ্তানি ২১·১৮ কোটি থেকে ১৯·২২ কোটি টাকায় নামিয়াছে, কিন্তু পূর্ব্ব মাসের তুলনায় ১·৪১ কোটি টাকার বেশী আমদানি হইয়াছে। ১৯৪০-৪১ সনের সহিত তুলনায় ১৯৪১-৪২ সনে ঐমাসে রপ্তানি ৫ লক্ষ টাকা কম ও আমদানি ৭০ লক্ষ টাকা বেশী হইয়াছে।

## ভারতে তূলার আনুমানিক হিসাব

| | ১৯৪১ | | |
|---|---|---|---|
| | জমির আয়তন (একর) | উৎপাদন (পাউণ্ড) | জমির আয়তন (একর) |
| বাংলা | ২,৬৫৪,০০০ | ৮৬৩,০০০ | ২,৮০৭,০০০ |
| আমেরিকান | ২,৯০৭,০০০ | ১,৩৭০,০০০ | ২,৫০৫,০০০ |
| উম্‌রা | ৬,৫৩৮,০০০ | ১,৪২৪,০০০ | ৮৮৮,০০০ |
| ব্রোচ্ | ৮৫৯,০০০ | ২৮৬,০০০ | ৬৫৬,০০০ |
| সুরাট | ৭০৪,০০০ | ১৫৮,০০০ | |
| দোলেরা | ২,১৯০,০০০ | ৩৭৬,০০০ | ২,০৫০,০০০ |
| অন্যান্য | ৭,৬৬৫,০০০ | ১,৪০৩,০০০ | ৭,৩২২,০০০ |
| মোট | ২৩,৫৪৭,০০০ | ৫,৯৮০,০০০ | ২২,৯০২,০০০ |

## রেল ও সমুদ্রপথে বোম্বাইতে তূলা আমদানি

২৭শে এপ্রিল পর্য্যন্ত সপ্তাহে (বেল)

| ১৯৪২ | ১৯৪১ |
|---|---|
| ২,৭৮৪ | ৩,৬৯৬ |

১লা সেপ্টেম্বর হইতে ২৭শে এপ্রিল (বেল)

| ১৯৪১-৪২ | ১৯৪০-৪১ |
|---|---|
| ১,৩৭,৫৩২ | ২,৩২,৮০৬ |

| | ১৯৪১-৪২ |
|---|---|
| রেল ও সমুদ্রপথে আসিয়াছে ১লা হইতে ৪ঠা মে পর্য্যন্ত | |
| রেল ও সমুদ্রপথে পাওয়া গিয়াছে ১লা সেপ্টেম্বর হইতে ৪ঠা মে পর্য্যন্ত | ২০,৭৩,১৮৩ |
| শিপমেণ্ট | |
| ১লা হইতে ৪ঠা মে | |
| ১লা সেপ্টেম্বর হইতে ৪ঠা মে | |

## দুই টাকার নোট

ভারতবর্ষে শীঘ্রই দুই টাকার নোটের প্রচলন হইবে। রিজার্ভ ব্যাঙ্কের প্রস্তাব অনুসারে এই নোট প্রচলনের নীতি ভারত সরকার অনুমোদন করিয়াছেন এবং এক্ষণে এই প্রস্তাব কার্য্যকরী করার আয়োজন চলিতেছে। এই নোট ভারত সরকার বাহির করিবেন, না রিজার্ভ ব্যাঙ্ক বাহির করিবে, তৎসম্পর্কে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই, তবে মনে হয় রিজার্ভ ব্যাঙ্কই ইহা বাহির করিবে। নোট ছাপিবার কাগজ বাহির হইতে আনিতে হয়। দুই টাকার নোট বাহির হইলে কাগজ অনেকটা বাঁচিবে। সাধারণের পক্ষেও এই নোট সুবিধাজনক হইবে। বিগত যুদ্ধের সময় ভারত সরকার এই উদ্দেশ্যেই আড়াই টাকার নোট বাহির করিয়াছিলেন, তবে অল্প দিনের মধ্যেই তাহার প্রচলন বন্ধ করিয়া দেওয়া হইয়াছিল। সিংহলে দুই টাকার নোট বিশেষ আদৃত হইয়াছে, ভারতেও হইবে বলিয়া আশা করা যায়।

## ভারতে বেতারযন্ত্রের সংখ্যা

১৯৪২ সনের মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত ভারতে লাইসেন্স প্রাপ্ত বেতার যন্ত্রের সংখ্যা দাঁড়াইয়াছে ১,৫৫,৭৩৩; পূর্ব্ব বৎসরের অনুরূপ সময় পর্য্যন্ত এইরূপ

বেতারযন্ত্রের সংখ্যা ছিল ১,২৭৩৪৭। গত ১২ মাসে ৩০,৩০৬টি লাইসেন্স বাড়িয়াছে, ইহার মধ্যে ৩,৮৪১টি নূতন লাইসেন্স।

## মহীশূর রাজ্যে শিল্প বাণিজ্যের খতিয়ান

১৯৪২ সালের জানুয়ারী মাসে মহীশূর রাজ্যে ৪১,৭৩,০০০ গজ তুলাজাত বস্ত্রাদি উৎপাদিত হইয়াছে এবং কলসমূহে ২৩,৪৫,০০০ পাউণ্ড সূতা উৎপন্ন হইয়াছে। আলোচ্য মাসে ডিনি এবং দিয়াশলাইয়ের উৎপাদনের পরিমাণ দাঁড়াইয়াছে যথাক্রমে ২,৫০৮ টন এবং ৭,১৩৬ গ্রোস। এই মাসে সরকারী রেলপথের আয় হইতেছে ৬,৩৮,৬৭৭ টাকা; ১৯৪১ সালের ডিসেম্বর মাসে এই আয়ের পরিমাণ ছিল ১১,৭২,১৭৪ টাকা।

## কুটির শিল্পে উদ্যোগী মহীশূর

মহীশূরের কুটির শিল্প দিন দিন উন্নতির পথে অগ্রসর হইতেছে। তাহার বড় বড় কারখানাগুলি অন্যান্য ষ্টেটের তুলনায় অগ্রগামী বলিয়া গণ্য। এক্ষণে কয়েকটি কুটির শিল্প খোলা হইয়াছে এবং আরও অনেকগুলি খোলা হইবে। কাঁচের চুড়ি তৈয়ার করিবার জন্য একজন চুড়ি নির্ম্মাণ বিশেষজ্ঞকে নিযুক্ত করা হইয়াছে। উত্তর ভারত হইতে একজন বিশেষজ্ঞকে আনা হইয়াছে "ল্যাকার ওয়ার" তৈয়ারী শিক্ষা দিবার জন্য। কাগজ তৈয়ারী, চামড়ার কাজ ও মাটির খেলনা নির্ম্মাণের জন্যও ব্যবস্থা করা হইয়াছে। যাহারা শিক্ষা গ্রহণ করিবে তাহাদিগকে যথেষ্ট সুবিধা দেওয়া হইবে এবং যাহাতে শিক্ষার পর নিজ নিজ গ্রামে উক্ত শিল্পগুলি চালাইতে পারে তাহার জন্য বিশেষ সাহায্য দানের ব্যবস্থা রহিয়াছে।

## গোয়ালিয়ারে ময়দা ও তুলা

এবার গোয়ালিয়ারে মোট গম চাষের ভূমির আয়তন ১৩,৭৪৪·১৬ একর। উক্ত জমির পরিমাণ গত বৎসর অপেক্ষা ১০% কম। এবার ফসল কতক নষ্ট করিয়াছে অনাবৃষ্টি এবং কতক নষ্ট করিয়াছে শীতের কুয়াসা, কারণ অক্টোবরের দ্বিতীয় সপ্তাহে এই সকল স্থানে গমের বীজ রোপণ করা হয়। মোট ফসলের পরিমাণ ৩,০৭,৪১৯ টন। পূর্ব্ব বৎসরের ফসলের তুলনায় ইহা ২% কম।

## রামপুর ষ্টেটে শ্রমিক কলোনি

"রাজা টেক্সটাইল লিমিটেড্ কোম্পানী"র নিমন্ত্রণে রামনগরের নবাব বাহাদুর "অওলানগর" নামক একটি আদর্শ শ্রমিক কলোনি প্রতিষ্ঠা করেন। ইহা রাজা টেক্সটাইল লিঃ কোম্পানীর উদ্যোগেই সৃষ্ট হইয়াছে। এই কলোনির নাম অওলানগর রাখা হইয়াছে, অওলাপ্রসাদ শ্রীবাস্তবের স্মৃতি রক্ষার জন্য। উক্ত অওলাপ্রসাদই এখানকার ম্যানেজিং ডিরেক্টর। এই কলোনিতে চারিশত লোকের বাসস্থান হইয়াছে এবং ইহার খরচা পড়িয়াছে ১,৬০,০০০৲ টাকা। এখানে দোকান, বিদ্যালয়, হাসপাতাল, পোষ্ট অফিস প্রভৃতি সমস্তই স্থাপিত হইয়াছে। শ্রমিকেরা তাহাদের স্ত্রীপুত্র লইয়া বসবাস করিতে পারে।

## বড়োদা ষ্টেটের মাছের কারবার

বড়োদায় মাছের ব্যবসার বিস্তৃত ক্ষেত্র পড়িয়া রহিয়াছে। এক্ষণে ষ্টেটের ফিসারি ডিপার্টমেণ্ট সমুদ্রে ও দেশের নদীতে মাছ ধরা ও মাছের ব্যবসা করার জন্য একটি খসড়া প্রস্তুত করিতেছে। জেলেদের থাকিবার জন্য একটি কলোনি যাহাতে প্রস্তুত করা যাইতে পারে তদুদ্দেশ্যে একটি উপযুক্ত স্থানের অনুসন্ধানও চলিতেছে। এই ডিপার্টমেণ্টের সাহায্যেই কোল্লিার প্রভৃতি অঞ্চলে লিভার অয়েল প্রস্তুত করিবার উদ্যোগ সাফল্য লাভ করিয়াছে। জেলেদের বাসস্থান ও কলোনি নির্ম্মাণের জন্য খরচা হিসাব করা হইয়াছে ১৫,০০০৲ এবং তন্মধ্যে ৫৫০০৲ পৌনঃপুনিক খরচা। দরবার হইতে উক্ত টাকা মঞ্জুর হইয়াছে বলিয়া জানা যায়।

## কাশ্মীরে কাঁচের শিল্প

জম্মুতে একটি কাঁচ শিল্পের কারখানা তৈয়ারির জন্য কাশ্মীরের মহারাজা একটি স্কিম অনুমোদন করিয়াছেন।

## স্কটল্যাণ্ডে বেকার শ্রমিক ও রোগী শ্রমিক

নিম্নলিখিত তালিকায় ১৯৩০-৩১ হইতে ১৯৩৬-৩৭ পর্য্যন্ত বেকারের হিসাব এবং যে সকল রোগে মানুষকে শয্যাশায়ী করে তাহার হিসাব দেওয়া গেল।

| ৩০শে জুন বৎসর শেষ | বেকার বীমাকারীদের বেকার অবস্থায় শতকরা হিসাব | শয্যাশায়ী রোগীর শতকরা হিঃ বৎসর আরম্ভে | বৎসর শেষে | গড় দৈনিক হিসাব প্রতি বৎসর |
|---|---|---|---|---|
| ১৯৩০-৩১ | ২৯·৪২ | ১৮·০ | ১·৩৫ | ৪৫·০৫ |
| ১৯৩১-৩২ | ২৭·১২ | ১৬·৫ | ১·২৯ | ৪৬·৪৩ |
| ১৯৩২-৩৩ | ২১·৭৪ | ১৬·৪ | ১·৪৭ | ৪৫·৬৭ |
| ১৯৩৩-৩৪ | ২৪·৩৭ | ১৭·২ | ১·৪৬ | ৪৯·৪৭ |
| ১৯৩৪-৩৫ | ২২·১৭ | ১৭·৭ | ১·৭৩ | ৪৬·৯৯ |
| ১৯৩৫-৩৬ | ২০·০২ | ১৯·৬ | | ৪২·২১ |
| ১৯৩৬-৩৭ | ১৬·৭৪ | ১৯·২ | | ৪১·৭৬ |

## ইংল্যণ্ড ও বহির্বাণিজ্য

বর্ত্তমান যুদ্ধের আড়াই বৎসরে বাণিজ্য জগতে নব নব পরিবর্ত্তন দেখা দিয়াছে। ভারতবর্ষের আন্তঃপ্রাদেশিক ও আন্তর্জ্জাতিক বাণিজ্যও যথেষ্ট প্রভাবিত হইয়াছে। ইয়োরোপের বহু খরিদ্দার আমাদের হাতছাড়া হইয়া গিয়াছে। আমাদের ছোট আঁশযুক্ত তুলার খরিদ্দার, জাপানের যুদ্ধ ঘোষণার সঙ্গে সঙ্গে বিলুপ্ত হইয়া গিয়াছে। বাড়ীর কাছে হংকং, মালয় এমন কি ব্রহ্মদেশ পর্য্যন্ত আজ বাণিজ্যিক সম্বন্ধ চ্যুত। এইগুলি হইল বহির্বাণিজ্যের খারাপ দিক্। কিন্তু অন্য দিকে আমেরিকার যুক্তরাষ্ট্র, অষ্ট্রেলিয়া ও কানাডা আমাদের ভাল ক্রেতায় পরিণত হইতেছে।

ইংলণ্ডে ভারতীয় দ্রব্যের আমদানী ১৯৪২ সনের ফেব্রুয়ারী মাসে ৩,০৫ লক্ষ টাকা, পূর্ব্ব বৎসরে ঐ সময়ে তাহা ছিল, ২,৩৩ লক্ষ টাকা। ভারতবর্ষ হইতে রপ্তানির মূল্য ৪,৮১ লক্ষ টাকা।

## ফরাসীদেশের দুরবস্থা

ফরাসী দেশে এরূপ বস্ত্রাভাব হইয়াছে যে মহিলা পলিয়া শিশুদের কাপড় হিসাবে ব্যবহার হইতেছে। আমেরিকার রেডক্রস সোসাইটি ভিসি গবর্ণমেণ্টকে যে মহিলা পাঠায় তাহা নিঃশেষ হইয়া গেলে উক্ত পলিথাকে কাটিয়া শিশুদের জন্য ব্যবহার করা হইতেছে।

ফ্রান্সে ব্যবহৃত "সেলিন" আচারল্যাণ্ডে তৈয়ারী হয়। বাছাই করা পাট হইতে উহা উৎপাদিত।

## নিউ ইয়র্কের তুলার বাজার ঘর

লাভাল ভিসি গবর্ণমেণ্টের কর্ণধার হইলে নিউ ইয়র্কের বাজারের উপর প্রতিক্রিয়া দেখা দেয় ও বিশেষ কোন কাজ হয় না। বাজার ঘর কমতি মুখেই রহিয়া গেল এবং তুলার দর প্রায় ১৯। সেণ্টের চারিদিকে ঘোরাফেরা করিতে থাকিল।

আমেরিকার যুক্তরাষ্ট্রে তুলার ব্যবহার এত বেশী যে

উহার ঘর পূর্ব্বাবস্থায় প্রত্যাবর্ত্তন করিতে দেরী হইল না। এই ফতুর প্রথম আট মাসের তুলার খাদন ছিল ৭,২৫১,০০০ বেল।

ওয়াশিংটন গবর্ণমেণ্ট বলেন যে, চাষীদের হাতে তুলার চাষের জন্য যত জমি আছে নিয়োগ করিলে তার পরিমাণ হইবে মোট ২৭,৫০০,০০০ একর ভূমি। কিন্তু জানা গিয়াছে যে, খাদ্যশস্যের জন্য অনেক জমি ব্যবহৃত হইয়াছে এবং সার ও চাষীর অভাব বশত উক্ত ভূমি কর্ষিত হওয়া সম্ভব হইবে না। আশা করা যায় যে, আগামী বৎসরে ১০,৫০০,০০০ বেল তুলা জন্মাইবে।

## জাপানের নব-বিধানে বাধা

প্রসিদ্ধ সাংবাদিক মিঃ জন ম্যাকডোনাল্ড লিখিয়াছেন :—জাপান নিজেকে "প্রাচ্য দেশের বৃটেন" বলিয়া প্রচার করে, এবং ইহাতে সে গৌরবও অনুভব করে। কোন কোন বিষয়ে জাপান ও বৃটেনের মধ্যে কতকগুলি নিকট সামঞ্জস্য আছে বটে—উভয়ই দ্বীপময় দেশ, উভয় জাতিই সমুদ্রপ্রিয় এবং উভয় দেশের সুখসম্পদও বহির্ব্বাণিজ্যের উপর নির্ভর করে। তবে জাপানীদের একটি বিশেষত্ব আছে, উহারা ভয়ানক অনুকরণপ্রিয়।

ইয়োরোপের সহিত ব্যবসাবাণিজ্য আরম্ভ করার পর হইতে জাপানের বাণিজ্য অতি আশ্চর্য্যজনকভাবে বৃদ্ধি পাইতে থাকে, এবং চীন আক্রমণ করিবার পূর্ব্ব (১৯৩৭) পর্য্যন্ত ইহা খুব বাড়িয়া যায়। জাপান আজ যুদ্ধরত; পৃথিবীর প্রধান প্রধান বাণিজ্যকেন্দ্রগুলি হইতে সে আজ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে; কিন্তু জাপানের অবস্থা এখনও একেবারে শোচনীয় হইয়া পড়ে নাই। বৃটেন যদি এইভাবে সমস্ত বাণিজ্যকেন্দ্র হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িত, তাহা হইলে বৃটেনের অবস্থা অত্যন্ত শোচনীয় আকার ধারণ করিত।

জাপানের শিল্পের মধ্যে কাপড়ের কলই সব চাইতে বেশী; কিন্তু কাঁচা তুলা প্রধানতঃ আমেরিকা ও ভারতবর্ষ হইতে আসিত। যুদ্ধে লিপ্ত হওয়ার পর হইতে জাপান এই তুলা আর পায় না। জাপানের মোট শ্রমিকদের মধ্যে শতকরা ২৪ জনই কাজ করে কাপড়ের কলে। কাপড়ের কল বন্ধ হইলে এই সমস্ত শ্রমিক বেকার হইয়া পড়িবে। অবশ্য অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কারখানায় উহাদের অনেকে হয়ত কাজ করিতে পারিবে, কিন্তু সকল শ্রমিককে কাজ দেওয়া সহজসাধ্য নহে। জাপানে আর একটি সমস্যা হইল রেশম-শিল্প। রেশম-শিল্প জাপানীদের একটি অন্যতম প্রধান অবলম্বন, প্রতি পাঁচটি অন্তর একটি পরিবার এই শিল্প দ্বারাই জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে। পাঁচ বৎসর পূর্ব্বেও জাপানে বাৎসরিক ৩ লক্ষ গাঁইট রেশম প্রস্তুত হইত।

তবে বিদেশের সহিত সর্ব্বপ্রকার বাণিজ্য ছিন্ন হইলেও এক বিষয়ে জাপান ইংলণ্ড অপেক্ষা আত্মনির্ভরশীল—তাহা হইল খাদ্য সম্পর্কে। সর্ব্বপ্রকার বৈদেশিক বাণিজ্য বন্ধ হইয়া গেলে খাদ্য সমস্যা লইয়া ইংলণ্ডে যে ভীষণ প্রতিক্রিয়া দেখা দিতে পারে, জাপানে তাহার আশঙ্কা নাই। অনেকে হয়ত বলিবেন যে, জাপানের সহিত সমস্ত বৈদেশিক বাণিজ্য বন্ধ হইয়া গেলেও জাপান প্রশান্ত মহাসাগরে যে সব দেশ জয় করিয়াছে সেই সব দেশ লইয়া নিজেই একটি মণ্ডল (ব্লক) গঠন করিবে, এবং ঐ সমস্ত দেশের ধনসম্পদ দিয়াই বৈদেশিক বাণিজ্যের সমস্ত সুখসুবিধা আয়ত্ত করিতে পারিবে। কিন্তু ইহা সত্য নহে। জাপান সাময়িকভাবে যে সব দেশ জয় করিয়াছে সেই সব দেশ যদি যুদ্ধের ফলে নানাভাবে বিধ্বস্ত নাও হইত, তবু সমস্ত দেশের উৎপন্ন দ্রব্যসম্ভার দ্বারা নিজের প্রয়োজনীয় সমুদয় মালমশলা জাপান পাইত না; কোন জিনিষ বেশী পাইত যাহা সম্পূর্ণ তাহার কাজে লাগিত না, আবার কোন জিনিষ প্রয়োজনের অনেক কম পাইত। কাজেই বিদেশের সহিত বাণিজ্যের প্রয়োজনীয়তা জাপানের আরও বাড়িয়া যাইত। মনে করুন, জাপান চীন, ফিলিপাইন, নেদারল্যাণ্ড ইষ্ট-ইণ্ডিজ, মালয়, ফরাসী ইন্দোচীন, শ্যাম এবং ব্রহ্ম দেশ লইয়া একটি মণ্ডল গঠন করিল। এইরূপ একটি মণ্ডল গঠন করিয়া এই সমস্ত দেশ শোষণ করিয়া জাপান কি পাইত? পাইত—(১) পৃথিবীর উৎপন্ন রবারের শতকরা ৯০ ভাগ, কিন্তু তেল

৪০ ভাগের মাত্র একভাগ। (২) পৃথিবীর উৎপন্ন সোয়াবীনের শতকরা ৭৫ ভাগ, কিন্তু তুলা শতকরা ১০ ভাগেরও কম। (৩) পৃথিবীর প্রায় সমুদয় রেশম (গুটি পোকা হইতে উৎপন্ন), কিন্তু পশম শতকরা একভাগেরও কম। (৪) পৃথিবীর উৎপন্ন টিনের অর্দ্ধেকেরও বেশী, কিন্তু তামা শতকরা ৫ ভাগেরও কম। (৫) পৃথিবীর উৎপন্ন চাউলের ৭৫ ভাগের বেশী, কিন্তু গম ৮ ভাগের একভাগ। (৬) তামা শতকরা ৭৫ ভাগের কিছু বেশী, কিন্তু আর বক্সাইট (এলুমিনিয়াম তৈয়ারির জন্য) হয়ত শতকরা ৫ ভাগ. কিংবা কিছু বেশী। (৭) পৃথিবীর উৎপন্ন এন্টিমনি ধাতুর প্রায় অর্দ্ধেক, কিন্তু সোণা ১০ ভাগেরও কম। (৮) পৃথিবীর উৎপন্ন টাঙ্গষ্টেন ধাতুর প্রায় অর্দ্ধেক, কিন্তু লোহা মাত্র এক-পঞ্চমাংশ। জাপানে এখনও ব্যবসায়ী মনোভাবাপন্ন এমন বহু লোক আছে যাহারা সর্ব্বদা তাহাদের দেশের পূর্ব্ব গৌরবের কথা—"প্রাচ্যের বৃটেনের কথা" —স্মরণ করে। তাহারা বুঝে যে জাপানের "অর্থনৈতিক মণ্ডল গঠনের চিন্তা "অর্থনৈতিক স্বপ্নবিলাস" ছাড়া আর কিছুই নহে। (ঢাকা প্রকাশ)

## চীনদেশে জমির পুনরুদ্ধার

| পুনরুদ্ধার জেলা | মাউ হিঃ জমির পরিমাণ | বাসিন্দার সংখ্যা | পরিচালনা |
|---|---|---|---|
| ইয়েলো ড্রাগন, মাউন্টসেনসি | | | জাতীয় |
| লাইসিং, সেন্‌সি | | | |
| কিয়ান-কিউকিয়াং-টাইহো, কিয়াংসি | | | প্রাদেশিক |
| চুয়ান-ফুকিন্ | | | |
| সেকিয়াং ইউনান্‌লিং | ৪৫,৮০০ | ৪,০০০ | |
| টেঙ্গসিন্, হোনান | ৭০০,০০০ | ৪০,০০০ | |
| লিউচো-কেনসাংহো | × | ১,০০০ | |
| কোবেলিন | ১১৯,৩০০ | ৮,৪৮০ | বেসরকারী |
| কিন্সুই | ৯,২৬০ | ১,৮০০ | |
| পাওচিকেংসিং | ৪০,০০০ | ৫,০০০ | |
| সাওসেন রেলুজি কার্ম | ২,১৪২ | ১২০ | |
| চুয়সেন হপে | ৯,০০০ | ১,৪০০ | |

## অষ্ট্রেলিয়ার কারখানা

অষ্ট্রেলিয়া দুই বৎসরের মধ্যে একটি বিরাট কল কারখানার দেশ হইয়াছে। এরই মধ্যে উড়োজাহাজ তৈয়ারীর কারখানা, জাহাজ তৈয়ারীর কারখানা এবং যুদ্ধের সরঞ্জাম তৈয়ারীর ব্যবস্থা সবই এখানে গড়িয়া উঠিয়াছে, যদিও অষ্ট্রেলিয়াতে উড়োজাহাজের কারখানা পূর্ব্বে শিশু অবস্থায় ছিল। অষ্ট্রেলিয়ায় তৈয়ারী ১,০০০ উড়োজাহাজ এখন ব্যবহারে আসিয়াছে। ১৯৪২ সনে অষ্ট্রেলিয়া ১০০০ প্লেনেরও অধিক উৎপাদন করিতে সক্ষম, হইবে।

সমগ্র কমনওয়েল্‌থে ইস্পাত উৎপাদন বৃদ্ধি পাইয়াছে ১২ লক্ষ টন। সার আলেকজান্দার রোজার্স টাইম্‌স্ পত্রিকায় একখানি চিঠিতে জানান যে এই ইস্পাত উৎপাদনের কারখানার জন্ম হইয়াছে মাত্র ৭ বৎসর আগে। এখানকার যে জাহাজ নির্ম্মাণের ডিম আছে তাহা একণে দ্বিতীয় ধাপে রহিয়াছে। ১৪টি জাহাজ এখানে তৈয়ারী হইতেছে ৬০ লক্ষ পাউণ্ড খরচায়। রয়েল ইণ্ডিয়ান নেভির জন্য জাহাজ তৈয়ারী হইতেছে অষ্ট্রেলিয়ার জাহাজী কারখানায়। এরই মধ্যে দুইখানি জাহাজ জলে নামিয়াছে।

### আমেরিকান্ টেকনিক্যাল মিশন

১৯৪১ সনে ঋণদান ও ইজারা আইন আমেরিকায় চাঞ্চল্য সৃষ্টি করিয়াছিল। তখন ভারতের সহিত মার্কিণের সম্বন্ধ ছিল সহজ। ভারত হইতে আমেরিকা ক্রয় করিতেছিল অভ্র, ম্যাঙ্গানিজ এবং অন্যান্য কাঁচামাল। আর আমেরিকা হইতে ভারতবর্ষ কিনিতেছিল মোটরগাড়ী, চেলিস, কলকব্জা ও অন্যান্য দ্রব্য। অবশ্য অন্যান্য জিনিষপত্রও যে আমদানী এখানে না হইত তাহা নহে। বাণিজ্যের প্রধান বাধা ছিল ডলার এক্সচেঞ্জের অবস্থা। কিন্তু আমেরিকায় ইণ্ডিয়ান পার্চেজিং মিশন গিয়া উপস্থিত হইবামাত্র অবস্থা অন্যরূপ ধারণ করিল। ভারতকে ঋণদান ও ইজারা আইনের সুবিধা গ্রহণের জন্য বলা হইল। সার ধনুষ্কম চেট্টির প্রভাবে আমেরিকার গবর্ণমেণ্ট স্থির করিলেন যে একটা টেকনিক্যাল মিশন ভারতে পাঠাইলে সুবিধা হইতে পারে এবং তাহাতে ভারতবর্ষও লাভবান হইবে। ভারত-গবর্ণমেণ্টও তৎক্ষণাৎ উক্ত প্রস্তাব সাগ্রহে গ্রহণ করেন। এই সূত্রে কর্ণেল লুইস জনসন আমেরিকান এ্যাডভাইজারি মিশনের কর্ত্তা হইয়া এখানে আসেন।

### মার্কিণে ভারত সরকারের প্রতিনিধি

যুক্তরাষ্ট্রে ভারতের নবনিযুক্ত এজেণ্ট জেনারেল সার গিরিজাশঙ্কর বাজপেয়ী সেখানে গিয়া পৌছিয়াছেন। তাঁহার সহিত কথাবর্ত্তা বলিয়া সাংবাদিকদিগের ধারণা হইয়াছে যে প্রশান্ত মহাসাগর অঞ্চলের অবস্থা সম্পর্কে ভারতবর্ষ অতিশয় উৎকণ্ঠিত হইয়া পড়িয়াছে এবং তথায় চক্রশক্তির প্রভুত্ব স্থাপনের চেষ্টা ব্যর্থ করার উদ্দেশ্যে যথাসাধ্য চেষ্টা করিবে। সাংবাদিকদিগের প্রথম বৈঠকে আলোচনা প্রসঙ্গে তিনি বলেন, চীনের স্বাধীনতা আমাদের জীবন মরণের প্রশ্ন বলিয়াই আমরা মনে করি। প্রশান্ত মহাসাগর অঞ্চলে অবস্থা খারাপ হইলে সুয়েজের পূর্ব্বদিকে বৃটিশ সাম্রাজ্য রক্ষার ব্যাপারে ভারতীয় সৈনিকগণ বৃহত্তর অংশ গ্রহণ করিবে।

তিনি আরও বলেন, গণতন্ত্র রক্ষার জন্য ভারতবর্ষ ও বৃটেন পাশাপাশি দাঁড়াইয়া যুদ্ধ করিতেছে।

### দক্ষিণ আফ্রিকার ভারতীয়গণ

দক্ষিণ আফ্রিকার নবনিযুক্ত ভারতীয় হাই কমিশনার সার শাফায়ৎ আলেদ খান সেই স্থানে পৌছিয়া বলেন, তিনি আশা করেন যে, দক্ষিণ আফ্রিকা ইউনিয়ন গবর্ণমেণ্ট ও ইয়োরোপীয় অধিবাসীদের অধিকাংশের সহায়তা এবং শিক্ষা ও সমাজ সংস্কার সম্বন্ধে ভারতে লব্ধ অভিজ্ঞতার বলে তিনি দক্ষিণ আফ্রিকায় অবস্থানকারী ভারতীয়গণের অবস্থার উন্নতি সাধন করিতে পরিবেন। তিনি আরও বলেন, "আমার এস্থানে আগমনের সঙ্গে সঙ্গে ভারতীয় ও দক্ষিণ আফ্রিকান সৈন্যগণ যে বৃটিশ কমনওয়েলথের অন্যান্য স্থানের সৈন্যগণের সহিত একযোগে সম্মানজনকভাবে সারেনাইকায় অগ্রসর হইতেছে, ইহা অতি শুভ সূচনা। ভারত হইতে মধ্য প্রাচ্যের রণাঙ্গনে সৈন্য, সমরোপকরণ প্রভৃতি প্রেরিত হইতেছে।"

### ভারতীয় সংখ্যাতত্ত্ব সম্মেলন

বড়োদা সরকারের আমন্ত্রণে ১৯৪২ সনের জানুয়ারী মাসে বড়োদায় ভারতীয় সংখ্যাতত্ত্ব সম্মেলনের পঞ্চম

অধিবেশন অনুষ্ঠিত হইয়া গিয়াছে। ৩রা জানুয়ারী ৯-৩০টায় বড়োদার মহারাজা গাইকোয়ার সম্মেলনের উদ্বোধন করিয়াছিলেন। তিনি সম্মেলনের পৃষ্ঠপোষক হইতেও সম্মতি জানাইয়াছেন। বড়োদার দেওয়ান স্যার ভি টি কৃষ্ণমাচারী এবং নায়েব-দেওয়ান মিঃ এ ডি ঘুখাল্ডি যথাক্রমে স্বাগত অভ্যর্থনা সমিতির সভাপতি ও সহ সভাপতি হইতে সম্মত হইয়াছেন। উদয়পুরের প্রধান মন্ত্রী স্যার টি বিজয় রাঘবাচার্য্য সম্মেলনে সাধারণ সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

## পুরলোকে শ্রীযুক্ত রাঘবেন্দ্র রাও

ভারত সরকারের অসামরিক দেশরক্ষা বিভাগের মন্ত্রী মাননীয় মিঃ রাঘবেন্দ্র রাও মারা গিয়াছেন। বড়লাটের সম্প্রসারিত শাসন পরিষদে কার্য্যভার গ্রহণের জন্য তিনি বিলাত হইতে ভারতে প্রত্যাবর্ত্তন করিবার পর হইতেই অসুস্থতা বোধ করিতেছিলেন।

মিঃ রাঘবেন্দ্র রাও এক সময়ে মধ্য-প্রদেশের একজন প্রতিপত্তিশালী জাতীয়তাবাদী নেতা এবং স্বরাজ্য পার্টির একজন বিশিষ্ট সদস্য ছিলেন। তিনি মধ্যপ্রদেশ কংগ্রেস কমিটির সভাপতির পদেও অধিষ্ঠিত হইয়াছিলেন। তিনি মধ্যপ্রদেশ ব্যবস্থাপক সভায় দুইবার সদস্য নির্ব্বাচিত হইয়াছিলেন এবং দুইবার মধ্যপ্রদেশ গবর্ণমেণ্টের মন্ত্রীও নিযুক্ত হইয়াছিলেন। ১৯৩০ সনে মিঃ রাঘবেন্দ্র রাওকে শাসন পরিষদের সদস্য নিয়োগ করা হয়। তিনি লণ্ডনে গোলটেবিল বৈঠকে যোগদান করিয়াছিলেন। ১৯৩৬ সনে তিনি অস্থায়ীভাবে মধ্যপ্রদেশের গবর্ণর পদেও নিযুক্ত হন। ১৯৩৭ সালে কংগ্রেস নূতন শাসনতন্ত্রে মন্ত্রিত্ব গ্রহণে অস্বীকার করিলে এপ্রিল হইতে জুলাই মাস পর্য্যন্ত অস্থায়ী প্রধান মন্ত্রীরূপে মধ্যপ্রদেশের শাসনকার্য্য পরিচালনা করেন। ১৯৩৯ সালে ভারতসচিবের পরামর্শ-দাতারূপে তিনি ইংলণ্ডে গমন করেন এবং বড়লাটের শাসন পরিষদের সদস্য নিযুক্ত হইবামাত্র কয়েক মাস পূর্ব্বে বিলাত হইতে স্বদেশে প্রত্যাবর্ত্তন করিয়াই তিনি অসুস্থ হইয়া পড়েন।

## বিদ্যুৎ নিয়ন্ত্রণ ব্যবস্থা

বাঙ্গলার বিভিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানের বিদ্যুৎ, বিশেষ করিয়া ৫০ কিলোওয়াটের অনধিক বিদ্যুৎ, সরবরাহের জন্য নূতন আবেদন সম্পর্কে কেরূপ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা বিধিনিষেধের প্রয়োজন তাহা প্রয়োগ করার ব্যাপারে কেন্দ্রীয় বিদ্যুৎ নিয়ন্ত্রণ বোর্ড ও বাঙ্গলা গবর্ণমেণ্টকে পরামর্শ দিবার জন্য ভারত গবর্ণমেণ্ট বাঙ্গলা গবর্ণমেণ্টকে একটি বঙ্গীয় বিদ্যুৎ নিয়ন্ত্রণ বোর্ড গঠনের কর্ত্তৃত্ব দিয়াছেন। এতদনুসারে বাঙ্গলা গবর্ণমেণ্ট একটি বঙ্গীয় বিদ্যুৎ নিয়ন্ত্রণ বোর্ড গঠন করিয়াছেন।

## মেডিক্যাল এইড্ সোসাইটির আবেদন

পীড়িত দুঃস্থ নরনারীর বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করার জন্যই মেডিক্যাল এইড সোসাইটি প্রতিষ্ঠিত হইয়াছে। সোনারপুর "শান্তি সংসদের" সহৃদয় সহযোগিতায় তত্রত্য পল্লীতে প্রথম চিকিৎসা কেন্দ্র স্থাপিত হইয়াছে। এই সোসাইটি বিভিন্ন পল্লীতে এবং বস্তীতে আরও বিস্তৃতভাবে চিকিৎসা কেন্দ্র স্থাপনের চেষ্টা করিতেছেন। প্রত্যেক সহৃদয় চিকিৎসক মহোদয়, চিকিৎসা বিদ্যা শিক্ষার্থী ছাত্র বন্ধু, সাধারণ ছাত্র সমাজ এবং জনসাধারণের নিকট সানুনয় অনুরোধ তাঁহারা যেন আর্থিক সাহায্য এবং ঔষধপত্রাদি দ্বারা এই সোসাইটিকে সাহায্য করেন।

## ইয়োরোপে ভারতীয় বন্দীর সংখ্যা

ভারতীয়দের সুখসুবিধা তহবিলের লণ্ডন অফিসের রিপোর্টে প্রকাশ ইয়োরোপে ভারতীয় বন্দীর অনুমিত সংখ্যা ২৬৪২। ইহাদের মধ্যে জার্ম্মাণীতে সৈন্য ১৬২০ ও জাহাজী ৬০০ এবং ইতালিতে সৈন্য ৩৩৬ ও বিবিধ ৮৬ জন বন্দী রহিয়াছে।

# মোলাকাৎ



( শ্রীযুক্ত পঙ্কজকুমার মুখোপাধ্যায় মহাশয়ের কথোপ-কথনের সারমর্ম। )

প্রঃ—যুদ্ধের সময়ে কি সামাজিক নীতির পরিবর্ত্তন ঘটে ?

উঃ—ঘটে বৈ কি। সমাজ-বিবর্ত্তন অবশ্যম্ভাবী। যুদ্ধের ফলে সমাজ-নীতি বিষম ঘা খাইতেছে এবং তৎস্থলে নূতন নূতন ব্যবস্থা কায়েম হইতেছে।

প্রঃ—আচ্ছা, যুদ্ধকালীন সামাজিক নীতি বলিতে আপনি কি বুঝেন ?

উঃ—ধরুন, বর্ত্তমান ইংরেজ সরকার সৈন্য ও শ্রমিক সম্বন্ধে কত সব নূতন নীতি অবলম্বন করিয়াছেন। আজ সমাজের বহু প্রয়োজনীয় বিভাগও পাত্তা পাইতেছে না।

প্রঃ—সাধারণ মানুষের জীবনও ত উপেক্ষণীয় নয় ?

উঃ—তা ত নয়ই। যুদ্ধের ফলে একদিকে মানুষের মূল্য কমিয়াছে, সেইজন্যই অকাতরে মনুষ্য বলি হইতেছে ; অন্য দিকে ভারতবর্ষে ও বিলাতে বহু কাজে বেতন-বৃদ্ধি হইয়াছে। অর্থাৎ সরকার স্বীকার করিয়া লইয়াছেন, বর্ত্তমান মজুরি অনেক ক্ষেত্রে ন্যায়সঙ্গত নয়।

প্রঃ—এই নীতি অনুসরণ করিয়া কি কিছু লাভ হইয়াছে ? এক হাতে সরকার বেশী টাকা মাহিনা বাবদ্ দিতেছেন, সমস্ত জিনিষের দাম বাড়ায় অন্য হাতে খরচ হইয়া যাইতেছে।

উঃ—বিলাতী মহাসমিতির "সাদা কাগজে" ঠিক এই কথাই বলা হইয়াছে। মাহিনা বৃদ্ধি করিয়া সঙ্গে সঙ্গে যদি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করা না হয়, তাহা হইলে মাহিনা বাড়াইয়া কোন ফল হইবে না। [দ্রষ্টব্য, ষ্টেটমেণ্ট বাই হিজ্ ম্যাজেষ্টিস্ গবর্ণমেণ্ট অব্ প্রাইসেস্ ষ্টেবিলিজেশন -অ্যাণ্ড ইওয়ারিয়েল পলিসি, জুলাই ১৯৪১]

প্রঃ—সরকার ত মাসে মাসে মূল্য নিয়ন্ত্রণ করিয়া দেন। কিন্তু তা সফলতা লাভ করে না কেন ?

উঃ—তার কারণ এই যে, পূর্ব্বে বাজারে যত মাল মজুত থাকিত, এখন আর তত থাকে না। এখন চাহিদা বেশী, যোগান কম। কাজেই জিনিষ পত্রের মূল্য স্বাভাবিক কারণেই বাড়িবার কথা। বাজারে যথেষ্ট মাল না থাকার কারণগুলি এই : জাহাজ কম যাতায়াত করে ; রেল কম মাল নেয় ও গাড়ীর সংখ্যা হ্রাস করিয়াছে ; মজুরেরা হয় যুদ্ধে যাইতেছে, নয় যুদ্ধ সম্পর্কিত কাজে লিপ্ত হইতেছে ; কলকারখানা পরিবর্ত্তন করিয়া যুদ্ধের জিনিষ প্রস্তুত হইতেছে ; ইত্যাদি।

প্রঃ—তা হইলে উপায় কি ?

উঃ—উপায় সোজা। বিলাতের "সাদা কাগজে" বলা হইয়াছে যে বাবুগিরি ত বন্ধ করতে হইবেই, অধিকন্তু শান্তির সময়ে যে সকল জিনিষ অত্যাবশ্যক মনে করা হইত, সেগুলিও কমাইতে হইবে। আর না কমাইয়াই বা উপায় কি ? মাহিনা বা আয় যতই বাড়ুক না কেন, জিনিষপত্র ত আর পাওয়া যাইবে না।

প্রঃ—ধরুন যদি 'ইন্‌ফ্লেশন' বা ফাঁপ হয়, তা হইলে কি অবস্থা হইবে ?

উঃ—আর্থিক অবস্থা আরও ঘোরাল ও অনিশ্চিত হইয়া যাইবে। তাতে জাতির উৎপাদিকা শক্তি হ্রাস পাইবে। কিন্তু যারা "লাভ" মারিবার মৎলবে ওৎ পাতিয়া বসিয়া আছে তাদের পৌষ মাস দেখা

দিবে। আর যে যে শ্রেণী এই "লাভ"-কারীদের বাহিরে পড়ে, যাদের আয় অল্প, অথবা যারা পেন্সন ভোগ করে, তাদের আর কষ্টের সীমা থাকিবে না।

প্র:—প্রতীকারের কি কোন উপায় নাই ?

উ:—প্রতীকার বাৎলাইতে গেলে আপনি আতঙ্কগ্রস্ত হইবেন। কতকটা এলোপ্যাথিক চিকিৎসার মত। রোগী মরুক, কিন্তু অস্ত্রোপচার ভাল হউক, —এই ধরণের। কি প্রতীকার শুনিবেন ? কর, আরও কর ধার্য্য করা ; দ্রব্যাদির ব্যবহার সম্বন্ধে কড়াকড়ি পরিমাণ নির্দ্দেশ ; মূল্য নিয়ন্ত্রণ ; আর কত বলিব ? তার কিছু কিছু ত আমাদের চারিদিকেই দেখিতে পাইতেছেন। ১৯৩১-৩২ সনে দেখা গেল যে বিলাতে জাতীয় আয় ৫০ কোটি পাউণ্ডের অধিক। এই টাকাটাকে দেশের দ্রব্যক্রয়শক্তির সীমা বলিয়া ধরা হইল। তারপর কর, দ্রব্য নিয়ন্ত্রণ, মূল্য নিয়ন্ত্রণ প্রভৃতি দ্বারা পরীক্ষা চালিয়া ঐ শক্তি কতদূর নামাইয়া আনা যায়।

প্র:—গবর্ণমেণ্ট কি আর কোনরূপ জনসাধারণের সাহায্য করিতেছেন ?

উ:—করিতেছেন বই কি। "সাদা কাগজের" মারফৎ গবর্ণমেণ্ট প্রত্যেক কলকারখানার মালিককে জানাইয়াছেন যে, তাঁদের মনে রাখা কর্ত্তব্য যেন উৎপাদন খরচ কিছুতেই না বাড়ে, আর "নষ্ট" না হয়। প্রত্যেক কল এমন ভাবে চালাইতে হইবে যেন সব চেয়ে কম খরচে সব চেয়ে বেশী উৎপাদন করিতে পারা যায়।

প্র:—এর ফল কি ?

উ:—উৎপাদন খরচ কম হইলে দ্রব্যের মূল্য বৃদ্ধির সম্ভাবনা কম। অন্যদিকে "নষ্ট" কমাইতে পারিলে বা কাঁচা মাল বার বার ব্যবহার করিতে পারিলে কারখানা ক্ষতিগ্রস্ত হয় না।

প্র:—আপনি বলিতেছেন যে যুদ্ধের সময়ে বিলাতে সমাজ-নীতির পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু তাতে কি ভারতের কোন লাভ হইয়াছে ?

উ:—লাভ যে হইয়াছে তা ত বোঝাই যায়। ভারত-রক্ষা সভায় ভারতীয়েরা স্থান পাইয়াছেন। ভারত সরকারের কার্য্যনির্ব্বাহক সভাতেও এখন ভারতীয়েরা দলে পুরু।

প্র:—আমাদের দেশেও সরকার মূল্য-নিয়ন্ত্রণকে নীতি হিসাবে গ্রহণ করিয়াছেন। তাতে কি কোন উপকার হইয়াছে ?

উ:—প্রায়ই দেখিবেন নূতন আইনজারির ফলে এখানে সেখানে মোকর্দ্দমা বা অর্থদণ্ড হইতেছে। অর্থাৎ এ জিনিষ আমাদের ধাতে সহজে সয় না। কিন্তু প্রত্যেক দোকানদারের উপর চোখ রাখা ত সহজ নয়। কাজেই আটা সম্বন্ধে সরকার দাম বাঁধিয়া দিলে পর যদি দোকানদার আটা, সুজি, ময়দা বিক্রয় বন্ধ করে, তা হইলে সরকারের পক্ষে সেই সেই স্থলে জনসাধারণের অসুবিধা দূর করা সম্ভব নয়। তথাপি মোটামুটি জনসাধারণ-ক্রেতা উপকৃত হইতেছে বই কি।

"কমার্স অ্যাণ্ড ইণ্ডাষ্ট্রী"

( নয়াদিল্লী—১৩ই মে )

পঞ্চম পাঞ্জরা—( ভারতবর্ষের রাজনীতি ক্ষেত্রে পশ্চাদপসরণ।

২। ভারতীয় শিল্পনীতি সম্বন্ধে ডাঃ গ্রেডি।

৩। ভারতীয় করদরাজ্য।

৪। ইষ্টার্ণ গ্রুপ প্রোজেক্ট সম্বন্ধে খবর।

৫। আমদানী নিয়ন্ত্রণে কঠোরতা অবলম্বন।

৬। বৃটিশ যুদ্ধ খরচার নূতন পরিস্থিতি।
যুদ্ধের ঝুঁকি বীমা সম্বন্ধে বণিকদের দাবী।

৮। ভারতীয় রক্ষা সমস্যায় মিঃ শীতলভাদ।

ডাঃ হেনরি গ্রেডি আমাদের কাছে নূতন নহেন, কারণ গত বৎসরেও প্রেসিডেন্ট রুজভেল্টের নিকট হইতে স্পেশাল ইকনমিক ইনভেষ্টিগেটর হিসাবে ভারতবর্ষে আসিয়াছিলেন। তাঁহার সেই সময়ে উদ্দেশ্য ছিল, ইষ্টার্ণ কাণ্ট্রিতে আবশ্যকীয় কাঁচামাল কতদূর পাওয়া যায় তাহার অনুসন্ধান করা এবং তাহা কি ভাবে চাহিদা অনুসারে বণ্টন করা যায় তাহার সন্ধান করা। আজকে তিনি আসিয়াছেন আমেরিকার যুক্তরাষ্ট্রের টেক্‌নিক্যাল মিশনের কর্ত্তা হইয়া।

আমরা ডাঃ গ্রেডির সঙ্গে একমত যে এই অবস্থায় আমেরিকা হইতে ভারতবর্ষে যতটা সম্ভব তৈজসপত্র এবং কলকব্জা আনয়ন করিলে এখন হইতে আরম্ভ করিয়া শান্তি স্থাপনের সময় পর্য্যন্ত নানা রকম শিল্পকারখানা গড়িয়া উঠিতে পারে। আমেরিকার মত শিল্প-বাণিজ্যের প্রসার জগতে খুবই কম দেখা যায়। যদি সেই স্থানের শিল্প-বিশেষজ্ঞের সাহায্য প্রাপ্ত হওয়া যায় তাহা হইলে আমাদের দেশে কয়েকজন ভাল লোকও তৈয়ারী হইতে পারে। বিশেষত আমেরিকার কলকব্জা এই সময়ে আমাদের খুবই প্রয়োজনীয় এ কথা অস্বীকার করা চলে না।

ডাঃ গ্রেডি বলেন যে ভারতবর্ষের পক্ষে পূর্ণ রক্ষণশীল নীতি অবলম্বন করিলে ভুল হইবে। তাহা ছাড়া তিনি দেখাইয়াছেন যে একটা "ব্যালেন্সড্ ইকনমি" বা সামঞ্জস্য-পূর্ণ আর্থিক সংগঠনের দ্বারা ভারতের উপকার হইবে।

ডাঃ গ্রেডির শিল্পনীতি ছাড়া যুদ্ধের সময়ে ঝুঁকি সম্বন্ধে বীমা লইয়া আজকাল বেশ আলোচনা চলিতেছে। সে দিন ভারত সরকার "ওয়ার রিস্ক অর্ডিন্যান্স" জারি করিয়াছেন। বোম্বাই ভারতীয় বণিক্ সভা তার-যোগে তাঁহাদের কয়েকটি মতামত উক্ত অর্ডিন্যান্সে যোগ করিয়া দিবার জন্য জানাইয়াছেন। উহাতে জানানো হইয়াছে যে দ্বিতীয় ধারাটি অসম্পূর্ণ, কারণ উহাতে আরও বলিতে হইবে যে, সকল প্রকার ষ্টোর, কলকব্জা, কারখানার অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি যাহা কারখানায় অথবা গবর্ণমেণ্টের হুকুমে স্থানান্তরিত কারখানায় অবস্থিত তাহাদিগকেও বীমার উপযোগী বস্তু হিসাবে গণ্য করিতে হইবে। ওয়ার রিস্ক বলিলে বোঝানো উচিত, শত্রুপক্ষ কর্ত্তৃক যে দ্রব্যাদি বা সম্পদাদি ধৃত বা গৃহীত হইয়াছে এবং যে সকল উপায় সাবধানতাজ্ঞাপক বা প্রাথমিক উপায় হিসাবে ধরা যায়, যাহার দ্বারা সম্পত্তি বা কারখানা গবর্ণমেণ্টের হুকুম দ্বারাই স্থানান্তরিত করা হইয়াছে বা

হইতেছে। তাহাতে যে কোন ক্ষতি বা লোকসানকেও ঝুঁকির মধ্যে গণ্য করা বাঞ্ছনীয়। বীমাযোগ্য মূল্য বলিতে বোঝানো উচিত, নূতন করিয়া বাড়ী, কলকব্জা অথবা অন্যান্য সাজসরঞ্জাম বসাইবার খরচা। উহার মূল্য নির্দ্ধারণ হইবে অবশ্য যে তারিখে অভিন্যান্স জারী হইবে সেই তারিখের মূল্য অনুসারে। যদি কখন পোড়ামাটি নীতি অথবা অন্য কোন কারণে এই সকল কারখানার জিনিষপত্র নষ্ট করা হয় তাহা হইলে উহাদের শতকরা ১০০৲ হিসাবে মূল্য দেয়, কিন্তু অন্য কোন ভাবে যদি বিনষ্ট হয় তাহা হইলে ক্ষতিপূরণ ৮০% হইলেও চলিবে। উপরে যে নূতন করিয়া বসাইবার কথা বলা হইল তাহাও ঐ ৮০% ভিত্তিতে। এই হিসাবে টাকা দেওয়া বাঞ্ছনীয়। ৪ নং ধারার (১) এবং (২) উপধারায় ক্ষতিপূরণ দেওয়ার যে ব্যবস্থা আছে তাহা কল-কারখানার আর্থিক শক্তির উপর সুপ্রভাব বিস্তার করিবে না।

৪% হিসাবে প্রিমিয়াম হার বেশী বলিয়া বিবেচিত হইবে। কারণ মালিকের যখন ঝুঁকির ২০% বহন বিধেয় ধরা হইতেছে তখন ৪% হিসাবে প্রিমিয়াম দেওয়া মানে গড়পড়তায় দাঁড়ায় শতকরা ৩%। তাহা ছাড়া কি ভাবে দাখী করা যাইতে পারে এবং কি উপায়ে তাহা দেওয়া হইবে উভয়ের সম্বন্ধেই পরিষ্কারভাবে লেখা আবশ্যক। ঝুঁকি লইবার পর হইতে ছয় মাসের মধ্যেই ক্ষতিপূরণ দেওয়ার দরকার। যেখানে স্থির করিবার বিলম্ব থাকিবে সেখানে গবর্ণমেণ্টকে ৩% সুদ বহন করিতে হইবে। অবশ্য যে টাকাটা দেয় নির্দ্ধারণ হইবে তাহারই উপর সুদ হিসাব করিতে হইবে।

৩ নং ধারার ৪(ঙ) উপধারায় বলা হইয়াছে যে, গবর্ণমেণ্ট কারখানাকে হুকুম দিতে পারেন, অন্যত্র সরাইয়া লইয়া তাহা পুনর্গঠন করা হউক। তাহাতে কতকগুলি মুস্কিল হইবে। উক্ত পদ্ধতি তুলিয়া দিবার জন্য অনুরোধ জানান হইয়াছে।

বণিক্ সভা আরও বলেন, যে টাকাটা প্রিমিয়াম হিসাবে দেওয়া হইবে এবং যে ২০% ঝুঁকি মালিকরা বহন করিবেন তৎসমুদয় যেন খরচা হিসাবে ইনকাম ট্যাক্স অফিস ধরেন।

'প্রব্লেম্ অব সেল্ফ ডিফেন্স' নামক প্রবন্ধে জে, সি, শীতলভাদ বলেন যে আমাদের সমস্যা হইতেছে আত্মরক্ষা। তিনি বলেন যে যদিও ক্রিপস্ মিশন ভারতবর্ষে সাফল্যমণ্ডিত হইতে পারে নাই তথাপি যেন আমাদের দেশের লোকে আত্মরক্ষা সম্বন্ধে চেতনা না হারায়। সঙ্গে সঙ্গে আত্মরক্ষামূলক কার্য্যও যেন অপ্রতিহতভাবে চলিতে থাকে। তিনি মনে করেন যন্ত্র ব্যবহার সম্বন্ধে আমাদের উপর নিষেধ তুলিয়া লইতে হইবে। সাধারণের মধ্যে আত্মরক্ষামূলক কার্য্যের অনুপ্রেরণা আনিবার জন্য কয়েকটি এ, আর, পির কার্য্য সাধারণের স্কন্ধে চাপাইয়া দিলে ভাল হয়।

সব চেয়ে বড় বাধা হইল, আত্মরক্ষামূলক কার্য্যে গবর্ণমেণ্ট সাধারণকে বিশ্বাস করিতে অক্ষম। দেশের বড় বড় নেতারা দেশের লোককে নিজদিগকে রক্ষা করিবার জন্য তৈয়ারি হইতে অনুরোধ জানাইতেছেন, ভীত হইতে বারণ করিতেছেন, ইহা শুভলক্ষণ। তিনি দুঃখ প্রকাশ করেন যে ক্রীপস্‌কে নিরাশ হইয়া ঘরে ফিরিতে হইয়াছে। কিন্তু তাঁহার আশার আকাশ-কুসুম এখনও শুষ্ক হয় নাই এবং তিনি মনে করেন যে যেখান হইতে উভয় পক্ষের বিচ্ছেদ হইয়াছে সেখান হইতে আবার একটি পুল তৈয়ার করিয়া মিলনের শুভক্ষণটি ফিরাইয়া আনা যায়। সেই জন্য তিনি বলেন যে, নূতন বৃটিশ যুদ্ধ মন্ত্রী সভা এবং ভারতীয় নেতৃবৃন্দ আবার যদি মুখোমুখি হইয়া বসেন তাহা হইলে নূতন করিয়া মিলন হয়তো আসিতে পারে।

মিঃ শীতলভাদ আমেরিকান মিশনের আশ্বাসবাণী সানন্দে অভিনন্দিত করিয়া বলেন যে, তাঁহাদের দ্বারা ভারতের বহু উপকার সাধিত হইতে পারে; তবে যে সকল কলকারখানা এখানে নূতন করিয়া বসিবে সেগুলিও জাতীয় পরিচালনা পুঁজির অধীন হওয়া দরকার। মিশনের দৈনন্দিন কার্য্যে এবং পরে যেন বেসরকারী লোকের পরামর্শ গ্রহণ করা হয়।

১। "প্রব্লেম্‌স্ অব্ অ্যাডমিনিষ্ট্রেশন ইন সোশিয়াল ওয়ার্ক", পিয়ার্স অ্যাটওয়াটার প্রণীত; ইউনিভার্সিটি অব্ মিনেসোটা প্রেস কর্তৃক প্রকাশিত; মিনিয়াপলি, ১৯৪০; পৃ: ৩১৯, মূল্য ৩'৫০ ডলার।

সমাজ-সেবা সম্বন্ধে দুইটি মত দেখিতে পাওয়া যায়। একদল বলেন যে শাসনকার্য্য বা অ্যাডমিনিষ্ট্রেশন জ্ঞান-মূলক ব্যাপার, কিন্তু সে জ্ঞান বিষয়গত কার্য্যকরী জ্ঞান নাও হইতে পারে। দ্বিতীয় মত হইল যে, পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ ও অভিজ্ঞতা দ্বারা সামাজিক শাসন সম্বন্ধীয় প্রকৃত জ্ঞান গঠিত হয়। কোন কোন বিশেষ ব্যক্তিগত গুণ ও কৌশল যাঁহার থাকে তাঁহাকে উক্ত শাসন কার্য্যের ভার দেওয়া সঙ্গত। আলোচ্য পুস্তকের লেখক শেষের মত পোষণ করেন।

সামাজিক কার্য্য সম্বন্ধে লেখক নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা পুস্তকের মধ্যে সযত্নে গ্রথিত করিয়াছেন। যাঁহারা সামাজিক কার্য্যে জীবন উৎসর্গ করিয়া তাহাতেই ব্রতী আছেন, তাঁহাদের পক্ষে পুস্তকখানি বিশেষ কার্য্যকরী হইবে। যদি কেহ বইখেতে শাসন সম্বন্ধে কার্য্যকরী উপদেশ অনুসন্ধান করেন, তাহা হইলে তাঁকে নিরাশ হইতে হইবে। লেখকের বহু সমস্যার সন্ধান এবং তাহার সমাধান প্রচেষ্টা পুস্তকের সর্ব্বত্র চোখে পড়ে। বিরুদ্ধ মতবাদ এবং 'কমিউনিটি এফেক্ট' তাঁহার মস্তিষ্কে সমাজ-সেবার অঙ্গ হিসাবে প্রবেশলাভ করিয়াছে।

সমাজ সেবা নিয়ন্ত্রণ সম্বন্ধে কয়েকটি অধ্যায় বহু তথ্যপূর্ণ। "শাসন সংক্রান্ত কাজে ব্যক্তিগত গুণ" অধ্যায়ে দেখা যায় যে লেখক তাঁহার বহু নিজস্ব অভিজ্ঞতাকে সাধারণের উপকারার্থে প্রকাশিত করিয়াছেন। "কাজের নীতি ও কিরূপে তাহা নির্ণীত হয়" এবং "সমাজ সেবার কর্তৃপক্ষ ও রাষ্ট্রবিজ্ঞান" দুইটি পড়িবার মত অধ্যায়।

২। "ষ্টাডিজ ইন্ ইন্‌কাম অ্যাণ্ড ওয়েলথ" (তৃতীয় ভাগ); ন্যাশন্যাল বিউরো অব্ ইকনমিক রিসার্চ কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; মূল্য ৩'৫০ ডলার মাত্র।

আমেরিকার যুক্তরাষ্ট্রের আয় ও ঐশ্বর্য্য সম্বন্ধে বিভিন্ন সংখ্যাতত্ত্ববিদ যে সকল মতামত প্রকাশ করিয়াছেন তাহার সমালোচনা ও মূল্য নির্দ্ধারণ এই পুস্তকে করা হইয়াছে।

প্রথমে সি এস্ মেরউইন (জুনিয়র) "সাইক্লাস" দ্বারা আয় ও ঐশ্বর্য্য বণ্টনের একটি সুন্দর চিত্র উপস্থাপিত করেন। তাঁর দৃষ্টি বৈজ্ঞানিকের দৃষ্টি। তবে দুই স্থলে তাঁহার বিচ্যুতি ঘটিয়াছে; তিনি বলেন, (১) সংখ্যাবিন্যাসের একটা কোন উদ্দেশ্য থাকা বাঞ্ছনীয়; (২) বণ্টন চারি প্রকারে না হইয়া একপ্রকারে হওয়া উচিত।

সিমন্ কুৎস্‌নেট্‌স্ মিঃ মেরউইনের কাগজখানি সম্বন্ধে কয়েকটি চমৎকার মন্তব্য প্রকাশ করিয়াছেন। প্রথমে দেখাইয়াছেন যে উক্ত লেখকের সংখ্যা নির্ণয়ের ধারাতে আছে একটা পূর্ব্বাপর ভাব।

দ্বিতীয় অংশে চার্লস্ ষ্টুয়ার্ট উচ্চ আয় ও ঐশ্বর্য্য সম্বন্ধে যে তথ্য প্রদান করিয়াছেন তাহাতে ১৯২২ হইতে ১৯৩৯ পর্য্যন্ত উচ্চতর আয় গৃহীত হইয়াছে। এই সকল সংখ্যাতে "লেম্যান্ প্রণালী" অনুযায়ী "নিট সম্পত্তি তথ্য" ও "পুঁজীকৃত লভ্যাংশ তথ্য" উভয়কে একত্রিত করা হইয়াছে। মিলটন্ ফ্রিড্‌ম্যান বহু যুক্তি দেখাইয়া প্রমাণ করিতে চাহিয়াছেন যে ষ্টুয়ার্টের সংখ্যা বিশ্বাসযোগ্য নহে। কিন্তু ফ্রিড্‌ম্যানের আক্রমণ দুর্ব্বল, এবং তিনি ষ্টুয়ার্টের সংখ্যাকে অবিশ্বাস্য প্রতিপাদন করিতে অক্ষম হইয়াছেন।

তৃতীয় অংশে এনিড্ বেয়ার্ড এবং সেলমা গাইন দেখাইয়াছেন যে, "যুক্তরাষ্ট্রীয় আয়কর তথ্য" কি ভাবে "ন্যাশন্যাল রিসোর্স কমিটি" কর্তৃক গৃহীত হইয়াছে ও ব্যবহৃত হইয়াছে। এত অল্প পরিসরে বিষয়টির প্রতি যথেষ্ট সুবিচার করা হয় নাই।

চতুর্থ অংশে আর ভবলিউ গোল্ডস্মিথ এবং ওয়ালটার শোলাট দেখাইয়াছেন, যুক্তরাষ্ট্রের "সেভিংস" কি ভাবে হয় ইত্যাদি। মেথডলজির আলোচনা হিসাবে ইহার মূল্য আছে। ঐশ্বর্য্য ও আয় সম্বন্ধে বহুবিধ "পরিবর্ত্তনীয়ের" সম্যক আলোচনা লেখক করিয়াছেন। এই সকল বিষয়ে তথ্য সংগ্রহ কত কঠিন তাহা অনুমেয় এবং যে ভাবে লেখক তাহা পরিশ্রম করিয়া সংগ্রহ করিয়াছেন,তাহাতে তিনি প্রশংসার্হ।

১। "সোশিয়্যাল অ্যাণ্ড বায়োলজিক্যাল এ্যাসপেক্টস্ অব মেণ্টাল ডিফিজ"; বেঞ্জামিন মাল্‌ৎস্‌বার ইউটিকা প্রণীত; ষ্টেট্ হস্‌পিট্যাল প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ৩৯০, মূল্য ২·৫০ ডলার।

২। "দি বস্"; ডেটন ডেভিড ম্যাক্‌কিন প্রণীত; জেইন, ১৯৪০; হাফটন মিফ্‌লিন কোম্পানি কর্তৃক প্রকাশিত; পৃঃ ২৮৫, মূল্য ৩·০০ ডলার।

৩। "দি প্যাটার্ণ অব পোলিটিক্স্"; জন্ টি সলটার প্রণীত; নিউইয়র্ক, ১৯৪০; ম্যাক্‌মিল্যান কোম্পানী কর্তৃক প্রকাশিত, পৃঃ ২৪৬; মূল্য ২·২৫ ডলার মাত্র।

৪। "লন্ডনেরম্যান অ্যাণ্ড দেয়ার হোম্‌স্"; এলিজাবেথ অগ্ প্রণীত; গ্রীনউইচ হাউস কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; পৃঃ ৫৮; মূল্য ১০ শিলিং মাত্র।

৫। "হাউসিং দি ম্যাসেস্"; ক্যারল এ্যরোভিসি প্রণীত; জন ওয়াইলি অ্যাণ্ড সন্স কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; পৃঃ ২৯১; মূল্য ৩·৫০ ডলার।

৬। "হাউসিং দি মেশিন এজ"; জোরেল্স আর্থার পেল্জি প্রণীত; রাসেল সেজ ফাউণ্ডেসন কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; পৃঃ ২৬১; মূল্য ২·৫০ ডলার।

৭। "পাবলিক হাউসিং ইন আমেরিকা"; এম্, বি, স্যাপস্ প্রণীত; এইচ্, ডবলিউ উইলসন কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; পৃঃ ৩৬৯; মূল্য ১·২৫ ডলার।

৮। "এ্যাডমিনিষ্ট্রেশন্ অব পাবলিক এফেয়ার্স"; আর, ষ্টাইন্, হোয়াইট প্রণীত; আমেরিকান বুক কোম্পানী কর্তৃক প্রকাশিত; পৃঃ ৪২৭, মূল্য ৩·৫০ ডলার।

৯। "দি ইলিনিও এমারজেন্সি কমিশন" ফ্রাঙ্ক জে, মিক্ প্রণীত; ইউনিভার্সিটি অব চিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত; চিকাগো, ১৯৪০; পৃঃ ২৪৭; মূল্য ৪·৫০ ডলার।

১০। "পাবলিক এ্যাসিষ্ট্যান্ট" (ভলিউম ১) আমেরিকান প্রিন্সিপল্‌স্ এণ্ড পলিসিস; এডিথ এ্যাবট প্রণীত; চিকাগো ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; চিকাগো, ১৯৪০; পৃঃ ৮৯৪ ৪·৫০ ডলার।

১১। "ট্রেনিং ফর দি অব্ . ভোকেশানাল এডুকেশন ফর এ্যাডাল্টস্"; ফ্রাঙ্ক আর্নেষ্ট হিল্ প্রণীত; আমেরিকান এ্যাসোসিয়েশন ফর এ্যাডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক, ১৯৪০; পৃঃ ১৬০; মূল্য ১·২৫ ডলার।

১২। "দি রোড টু স্পার্টিং", টি, আর এ্যাডাম প্রণীত; আমেরিকান এ্যাসোসিয়েশন ফর এ্যাডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩০; পৃঃ ১৬২; মূল্য ১·২৫ ডলার।

১৩। "দি মিউজিয়ম অ্যাণ্ড পপুলার কালচার"; টি, আর এ্যাডাম প্রণীত; আমেরিকান এ্যাসোসিয়েশন ফর এ্যাডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৩৯; পৃঃ ১৭৭; মূল্য ১·০০ ডলার।

# "আর্থিক উন্নতি"র ষোল বৎসর

( ১৯২৬ এপ্রিল-১৯৪২ এপ্রিল )

শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায় এম এ, বি এল ( সম্পাদক, বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষৎ )

দেখিতে-দেখিতে "আর্থিক উন্নতি" ষোল বৎসর পূর্ণ করিল। সপ্তদশ বর্ষে পা ফেলার সঙ্গে-সঙ্গে "আর্থিক উন্নতি"র ও বঙ্গীয় ধনবিজ্ঞান-পরিষদের নতুন-কিছু বলিবার নাই। লাভ-লোকসানের পরোয়া না রাখিয়া যাহাদের কাজ চালানো অভ্যাস তাহারা কোনো-কিছুতে দমেও না অথবা লাফালাফিও করে না। ঘুড়ি-মুড়কি খাওয়ার মতন কর্তব্য-পালন তাহাদের কাছে আটপৌরে কাজ মাত্র।

বিভিন্ন অধ্যায়ের মারফৎ "আর্থিক উন্নতি" বাঙ্‌লা, ভারত ও তাবাম দুনিয়ার আর্থিক ( ও সামাজিক ) তথ্য ও তত্ত্ব বাঙালী জাতের নিকট বাঁটিয়া চলিয়াছে। এই ব্যবস্থায় দেশের সঙ্গে দুনিয়া এক আসরে দেখা দিতে পারে। বিশেষ উল্লেখযোগ্য এই যে,—কয়েক বৎসর ধরিয়া সমাজ-বিজ্ঞানের নানা কথা "আর্থিক উন্নতি"তে বাহন স্বরূপ ব্যবহার করিতেছে। বাঙ্‌লা দেশে,—আসল কথা গোটা ভারতেই,—সমাজবিজ্ঞান এখনো স্বতন্ত্র পত্রিকা পাইবার কোঠে উঠে নাই। সত্য কথা, এমন কি ধন-বিজ্ঞানই আজ পর্য্যন্ত বাঙালী ও অন্যান্য ভারত-সন্তানের প্রিয় বস্তু হইতে পারে নাই।

বাঙ্‌লা দেশে ধনবিজ্ঞানের চর্চ্চা সন্তোষজনকরূপে বাড়িতেছে না কেন তাহা বাঙালী স্বদেশ-সেবকগণের পক্ষে বিশেষ করিয়া ভাবিবার কথা। সে বিষয়ে আমরা অনেক সময়েই "আর্থিক উন্নতি"র পরিচালক ডক্টর নরেন সাহার বারান্দায় ও লাইব্রেরিতে বসিয়া গুলতান করিয়া থাকি। এ যাত্রায় সেদিকে পথ মাড়াইব না। এখন চলুক বর্ষশেষের হিসাব-নিকাশ। আমাদের "সর্দ্দার-পোড়ো" সুধাংশু আর অন্যতম সতীর্থ-সুহৃৎ সুবোধ ভায়া ইত্যাদি গবেষকদের সঙ্গে যোলাকার চালাইয়া একটা বৃত্তান্ত খাড়া করিতেছি। আমার নিজের সাক্ষাৎ যোগাযোগ অবশ্য "আন্তর্জাতিক বঙ্গ"পরিষৎ আর বঙ্গীয় সমাজবিজ্ঞান-পরিষদের সঙ্গে।

ধনবিজ্ঞানের দিক হইতে প্রথমেই আমাদের নজরে আসে যুদ্ধের অর্থ-কথা। এই সম্বন্ধে বহুলোকের মতামত আমরা দেখিয়াছি। বিনয় সরকারের ইংরেজিতে লিখিত "যুদ্ধাবদানের অর্থকথা" সময়োপযোগী। এই প্রবন্ধ বাঙ্‌লায় বাহির হইয়াছে "দুনিয়ার আর্থিক পুনর্গঠন" নামে। "আর্থিক উন্নতি"র পাঠকদের সুপরিচিত। বঙ্গীয় সমাজবিজ্ঞান-পরিষদের অন্যতম গবেষক ক্ষিতি মুখোপাধ্যায় বাঙ্‌লা তর্জ্জমার জন্য দায়ী। তিনি ধনবিজ্ঞান-পরিষদের এক সভায় বিনয়বাবুর প্রবন্ধটা বাঙ্‌লায় আলোচনা করিয়াছিলেন। আমেরিকা হইতে শিক্ষাশিক্ষক আসিয়াছেন, ইহা সুসংবাদ। এতদিন বিনয় সরকার বলিয়া আসিয়াছেন যে বিদেশী যন্ত্রপাতি, বিদেশী পুঁজি ও বিদেশী শিক্ষা না হইলে দেশকে তোলা সম্ভব নহে। আজ ঘোর দুর্দিনে সেই বাক্য সম্পূর্ণভাবে ফলিতেছে এবং কার্য্যে পরিণত হইতেছে। অথচ এই মত ভারতীয় ধনবিজ্ঞানসেবীরা আজও বরদাস্ত করিতে রাজি কিনা সন্দেহ। মজার কথা সন্দেহ নাই।

যুদ্ধের গতি পর্য্যবেক্ষণ করিলে বেশ বোঝা যায় যে প্রথম পর্য্যায় কাটিয়া গিয়াছে, এক্ষণে দ্বিতীয় পর্য্যায় চলিতেছে। প্রথম পর্য্যায়ের হারজিত এবং দ্বিতীয় পর্য্যায়ের হারজিত দেখিয়া মনে হয়, মিত্রপক্ষের ধারার বড়ে সরানো হইতেছে; কিন্তু নীতির দিক হইতে বা "ডিপ্লোমেসির" জয়ের দিক হইতে অস্বীকার করা চলে না যে মিত্রপক্ষেরই জয় চলিতেছে। আফ্রিকা পাওয়ারে ভাদন ধরাইয়া রুশিয়াকে যে দিন হস্তগত করা হইয়াছে

সে দিনই মিত্রপক্ষীয় ডিপ্লোমেসির সব চেয়ে বড় জয় হইয়াছে। ঠিক এই ধরণে দেখা যায় যে মিত্রপক্ষীয় ডিপ্লোমেটিক চাল ইরাক, ইরাণ, সিরিয়া ও মাডাগাস্কার প্রভৃতি ক্ষেত্রে জয়মাল্যে বিভূষিত হইয়াছে।

ধনবিজ্ঞান-পরিষদের কার্য্যপরিচালনা সম্বন্ধে গত ভাদ্র মাসের "আর্থিক উন্নতি"র 'পঞ্চদশ বর্ষ' শীর্ষক প্রবন্ধে আলোচনা হইয়াছে। ইতিপূর্ব্বে আরও অনেক স্থলেই এই ধরণের আলোচনা দৃষ্টিগোচর হইবে। "বাংলায় ধনবিজ্ঞান" গ্রন্থের দুই খণ্ডে তাহার পরিচয় আছে। কাজেই উহা এই প্রবন্ধে বাদ দেওয়া গেল।

"আর্থিক উন্নতি"র ধরণের কাগজে লাভ কি? কাহারও অর্থের উন্নতি এই কাগজ পড়িয়া হয় কি? এক কথায় সোজা জবাব দিতেছি। কি উপায়ে দু'পয়সা কামানো যায় তাহার হদিশ দেওয়া হয় না এই কাগজে। লোকে যাহা চায় তাহার জোগান দেওয়া এক ধরণের কাগজের উদ্দেশ্য। আর এক ধরণের কাগজের উদ্দেশ্য হইল বেপরোয়া ভাবে তথ্য ও তত্ত্ব সরবরাহ করা। প্রথম ধরণের কাগজের উদ্দেশ্য টাকা অর্জ্জন করা। দ্বিতীয় ধরণের কাগজের উদ্দেশ্য জ্ঞান বিতরণ করা। ঘোলগন্ধ অথবা চটকদার সংবাদ যেমন আবশ্যক, আবার নীরস সংখ্যা সংগ্রহ এবং জগতের পরিণতি পর্য্যবেক্ষণ তেমনি আবশ্যক। বঙ্গীয় ধনবিজ্ঞান-পরিষৎ শেষোক্ত উদ্দেশ্যকে ভিত্তি করিয়াই কাজ চালাইয়া থাকে। এই মতলবেই "আর্থিক উন্নতি"র জন্ম। আজ পর্য্যন্ত বিনয় সরকারের আদর্শ বা উদ্দেশ্য পথচ্যুত হয় নাই। আরও আনন্দের কথা, তাঁহার আদর্শে ও উদ্দেশ্যে কখির জোগাইবার জন্য প্রথম হইতে আজ পর্য্যন্ত মোতায়েন আছেন নরেন সাহা।

বিলাতী ধনবিজ্ঞান-পরিষদের পত্রিকায় গবর্ণমেণ্ট পলিসির বিরুদ্ধতা বা সপক্ষতা করা মূলমন্ত্র নহে। জন-সাধারণের আকাঙ্ক্ষা মিটাইবার জন্য প্রাণপণ প্রতিজ্ঞাও নাই। সেখানে আছে আদর্শ "জ্ঞানের চর্চ্চা", "তথ্য সংগ্রহ" এবং "পুস্তকাদির সমালোচনা"। মার্কিণ ধনবিজ্ঞান-পরিষৎ পত্রিকার পৃষ্ঠা কয়টি পাল্টাইলে দেখা যাইবে ঠিক তাহাই রহিয়াছে। তবে ঐ সকল দেশে অধ্যাপকেরা তথ্য-সংগ্রহে, তত্ত্ব-প্রতিষ্ঠায়, পুস্তকাদির সমালোচনায় সময় কাটাইতে অভ্যস্ত। আমাদের দেশের অধ্যাপকদের সে বালাই এক প্রকার নাই বলিলেই চলে। বাঙ্‌লা দেশে গোটা সত্তরেক কলেজ। ধনবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ইত্যাদি বিদ্যার জন্য বোধ হয় সাড়ে তিন বা চার শ' অধ্যাপক বাঙ্‌লা দেশে বাহাল আছেন। তাঁহারা যদি বিলাতী ও মার্কিণ আদর্শে উদ্বুদ্ধ হন তাহা হইলে "আর্থিক উন্নতি"র আকার-প্রকার বদ্‌লাইয়া যাইতে পারে। আরও দুই একখানা এই ধরণের পত্রিকা চালানো যাইতে পারে। সকল বাঙালী অধ্যাপকই এই "আর্থিক উন্নতি"কে তাঁহাদের ধনবিজ্ঞান চর্চ্চার বাহন স্বরূপ ব্যবহার করিবেন এরূপ বলিতেছি না। লেখালেখির মেজাজ যদি অধ্যাপকদের গড়িয়া উঠে তাহা হইলে তাঁহারা এই ধরণের বে-পরোয়া কাগজ আরও কয়েকখানা চালাইতে পারেন।

এই বৎসরের অন্যতম উল্লেখযোগ্য রচনা—"বৈদেশিক মুদ্রা-বিনিময়।" প্রবন্ধটি নগেন্দ্র চৌধুরী কর্ত্তৃক লিখিত হইয়াছে। বর্ত্তমান লেখক-প্রণীত "বণ্টন" এই পত্রিকায়ই বাহির হইয়াছে। বলিয়া রাখি যে, রবি ঘোষের "টাকা কড়ি" কয়েক বৎসর ধরিয়া বইয়ের আকারে পাওয়া যায়। বৈদ্যুতিক এঞ্জিনিয়ার মধুসূদন মজুমদার "যুদ্ধকালীন আর্থিক ভারত" আলোচনা করিয়াছেন। ইহাতে জাতীয় বাণিজ্যের জন্য প্রেরণা আছে।

"ক্ষয়িষ্ণু হিন্দু" সম্বন্ধে এক আলোচনা এই বৎসরের আর একটা উল্লেখযোগ্য ঘটনা। প্রবন্ধটি লেখা হইয়াছে সমাজ-বিজ্ঞান পরিষদের বৈঠকে যে আলোচনা হইয়াছিল তাহাকেই ভিত্তি করিয়া। "আনন্দবাজার পত্রিকা"র সম্পাদক প্রফুল্ল সরকার প্রণীত বই এই আলোচনার জন্য দায়ী। সভায় প্রফুল্ল সরকার উপস্থিত ছিলেন। সংখ্যাশাস্ত্রী যতীন দত্ত প্রফুল্ল বাবুর সহিত ঐ বিষয়ে একমত। প্রফুল্ল বাবু বলেন যে, "সংস্কৃতি, সাহস, অর্থ বা ধীশক্তি প্রভৃতি কোন বিষয়ে বাঙ্‌লার হিন্দুরা অবনতির দিকে যাইতেছে না।"

প্রসঙ্গক্রমে জানিয়া রাখা আবশ্যক যে, চারশোকা, আরশোলা, ছাগল, শূকর প্রভৃতির বৃদ্ধি-হার ভয়াবহ, অতএব তারা বর্দ্ধিষ্ণু। আর্য্যজাতি যখন অনার্য্যের অপেক্ষা সংখ্যায় অনেক অল্প ছিল তখনই ভারতবর্ষ জয় করিয়া সিন্ধুর তীরে ঋগ্বেদের সৃষ্টি করিয়াছিল। একমাত্র সংখ্যার দ্বারা কোনো জাতির কমাবাড়া মাপ ঠিক নয়। মিশর যেদিন সংখ্যাগরিষ্ঠ ছিল সেদিন তাহার সভ্যতা জগতে আলোক বিকীর্ণ করিয়াছিল। বাবিলন, রোম, আরব, প্রত্যেকের বিষয়ে একই কথা বলা চলে। রুশ জাতির সংখ্যা ইংরেজ জাতির সংখ্যা অপেক্ষা অনেক বেশী, অতএব ইংরেজ অপেক্ষা রুশ বর্দ্ধিষ্ণু আর ইংরেজ ক্ষয়িষ্ণু এ কথা বলা বাতুলের সাজে। অবশ্য এই সকল কথা প্রফুল্ল সরকারের বইয়ের ভিতর নাই। তবে লোক-সংখ্যার আলোচনায় এই দিকে নজর রাখা ভাল। এই সঙ্গে উল্লেখযোগ্য অধ্যাপক হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের "ভারতের লোকসংখ্যা ও দারিদ্র্য"।

"বঙ্গদেশে বারিপাত, মৃত্যুহার ও পাটের দরের তারতম্যের তরঙ্গগতি" শীর্ষক প্রবন্ধে বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের গবেষক সোপাল রায় সংখ্যাবিজ্ঞানের পরিচয় দিয়াছেন। কান্তিক সংখ্যায় লক্ষ্মীধর সিংহ একটি অভিজ্ঞতা-প্রসূত প্রবন্ধ লিখিয়াছেন। তাহার নাম হইল "ন্যাপলাহের সমাজ-কথা"। লেখাটিতে এমন অনেক তথ্য আছে যাহা আমরা কোন পুস্তক হইতে সংগ্রহ করিতে পারিতাম না। কিন্তু লেখক সেখানে ছিলেন বলিয়া তাহা জানিতে পারিয়াছেন। "ভারতের যৌথ কারবার" সম্বন্ধে লিখিয়াছেন কালাচাঁদ চক্রবর্ত্তী। গবেষক প্রফুল্ল-রতন বিশ্বাস "জাতীয়তাবাদের জনক ভারতীয় মনীষী রিপ্‌লে" সম্বন্ধে আলোচনা করিয়াছেন। "ভারতের বিদেশী ও স্বদেশী কল" তাঁহারই অন্যতম রচনা।

আগেই বলা হইয়াছে যে, "আর্থিক উন্নতি"র ভিতর সমাজবিজ্ঞানের মাল অল্প-অল্প প্রবেশ করিতেছে। কয়েক সংখ্যায় প্রফুল্লরতন বিশ্বাস প্রগতি, উন্নতি, বাড়তি ইত্যাদি বিষয় লইয়া করাসী মনীষীদের যে সকল চিন্তা আছে তাহার বৃত্তান্ত প্রকাশ করিয়াছেন। বৃত্তান্তটা স্বতন্ত্র প্রবন্ধাকারেও পাওয়া যায়। বর্ত্তমান লেখকের কোনো-কোনো প্রবন্ধে মানব-চরিত্রের দু-চু বিশ্লেষিত হইয়াছে। আবার মোলাকাতের আকারেও ব্যক্তিত্বের এই দুই দিক আলোচিত হইতেছে। অধিকন্তু অপরাধ ও শাস্তি সম্বন্ধে বর্ত্তমান লেখকের রচনাও প্রকাশিত হইয়াছে। সমাজ-বিজ্ঞানের আসরে মানুষের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক দু-সমূহ বিস্তৃতভাবে দেখাইয়া দিবার প্রয়োজন আছে। বঙ্গীয় সমাজবিজ্ঞান পরিষৎ এই সম্বন্ধে সজাগ। বঙ্গীয় সমাজবিজ্ঞান পরিষদের গবেষক কিতিশ মুখোপাধ্যায় মোলাকাতের মারফৎ "বঙ্গসংস্কৃতির লেন-দেন" সম্বন্ধে বিনয় বাবুর মতামত প্রচার করিয়াছেন।

আমাদের দেশে নানা ধরণের কাগজ বাহির হয়। তাহাদের কাটতি নির্ভর করে পড়ুয়াদের চাহিদা মাফিক লেখার উপর। সাধারণ আর্থ্যালিজমের প্রথম ও প্রধান লক্ষ্য হইল পাঠকের মনস্তত্ত্ব নির্দ্ধারণ করিয়া ভাষা ও তথ্য দেওয়া। কিন্তু "আর্থিক উন্নতি"র প্রচার পাঠকের পছন্দসই পোষাক যোগায় কিনা সন্দেহ। ইহার উদ্দেশ্য অন্য প্রকার। জ্ঞানকে কেন্দ্র করিয়া বস্তুনিষ্ঠভাবে জগতের নানা প্রকার তথ্য পরিবেষণ করাই ইহার লক্ষ্য। ইহার বিভিন্ন অধ্যায়ে বাঙ্‌লা, ভারত, এশিয়া, ইয়োরামেরিকা প্রভৃতি জগতের প্রত্যেকটি দেশ সম্বন্ধে তথ্য সংগ্রহ করিয়া বাঙ্‌লায় তাহা সরবরাহ করা হয়। বিভিন্ন-মনীষীর লেখা অনুবাদ করা ও তাঁহাদের সম্বন্ধে সমালোচনা করা ইহার আর একটি কর্ম্মপন্থা। সাধারণ পাঠ্য পুস্তকের মাল "আর্থিক উন্নতি"তে বাহির করা উদ্দেশ্য নয়। বি-এ, এম-এ পাশ করার পর অর্থশাস্ত্রীদের পক্ষে যে সকল তথ্য, তত্ত্ব, পুস্তিকা, পত্রিকা বা গ্রন্থাবলী কাজে আসে সেই সকল জিনিষের সঙ্গে "আর্থিক উন্নতি"র ঘনিষ্ঠ সম্বন্ধ। কাজেই সর্ব্বদা "গুরু কাঠ ভিটভাত্রে।"

আলোচ্য বৎসরে ভূমিরাজস্ব বিভাগের রিপোর্ট অনুযায়ী জানা যায় যে, বর্দ্ধমানের ক্যানাল অঞ্চলে এবং অনুকূল আবহাওয়ার ফলে হাওড়া, চট্টগ্রাম, ত্রিপুরা, নোয়াখালী ও জলপাইগুড়ী জেলায় আর্থিক উন্নতি কিছু দেখা দিয়াছে। বাঙ্‌লার অপর কোথাও অর্থ-

নৈতিক অবস্থার বিশেষ কোন পরিবর্ত্তন দেখা যায় নাই। বেশীর ভাগ জেলাতে খয়রাতি দান ও অপরাপর ধরণের সাহায্যের ব্যবস্থা করিতে হইয়াছে। বাঁকুড়া, বর্দ্ধমান ও বীরভূমে পুষ্করিণী সংস্কার আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে এবং বর্দ্ধমান, বীরভূম ও মেদিনীপুরে পরীক্ষামূলকভাবে সাহায্য-ভাণ্ডার স্থাপন করা হইয়াছে। কৃষিজাত পণ্যের দর যথেষ্ট বৃদ্ধি পাইলেও কৃষকের কোনই লাভ হয় নাই, কারণ সব জিনিষেরই দর এত বৃদ্ধি পাইয়াছে যে, তাহাতে কেহই কিছু করিয়া উঠিতে পারিতেছে না। তাহা ছাড়া দরবৃদ্ধির পূর্ব্বেই সাধারণতঃ চাষীরা বেশীর ভাগ মাল বিক্রয় করিয়া দেয়। কাজেই লাভের ভাগ যায় ফড়িয়া বা "মিড্‌ল্‌ম্যানের" পকেটে। মধ্যবিত্ত শ্রেণীর বেকার সমস্যা এ, আর, পি, সৈনিক বিভাগ ও কলকারখানার দৌলতে যতটা কম হইবে বলিয়া আশা করা গিয়াছিল তাহা হয় নাই। কারণ ঐ সকল কাজে ঠিক শিক্ষিত মধ্যবিত্তের ভরণপোষণের উপযুক্ত ব্যবস্থা নাই। তাহা ছাড়া অন্যান্য অসুবিধাও যথেষ্ট।

যুদ্ধ-পরিস্থিতির ফলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য এত অধিক বৃদ্ধি পাইয়াছে যে তাহা একমাত্র লাভের প্রত্যাশীদের কথা ছাড়া আর কিছু বলা যায় না। ইংলণ্ডে, যেখানে প্রায় সমস্ত জিনিষই আমদানী করিতে হয় সেখানে, মাসিক ১% দ্রব্য মূল্য বৃদ্ধি পাইতে দেখা গিয়াছে। ইংলণ্ডে ১৯৩৯ সনের নবেম্বর মাস হইতে ১৬ মাসের মধ্যে সাধারণ দ্রব্যের ২৭% এবং খাদ্যাদির ২৪%, কাঁচামালের ২৮% দর বৃদ্ধি হইয়াছে। ( বঙ্গের ইকনমিক সোসাইটির মেমোরাণ্ডাম নং ৮৬ দ্রষ্টব্য )। অথচ ভারতবর্ষে যে জিনিষ জন্মাইতে পারে তাহারই মূল্য অন্ততঃ পক্ষে ৫০% হইতে ৮০% বৃদ্ধি হইয়াছে; যথা সুপারি, ঘরের, লবণ, চিনি, আটা, ময়দা ইত্যাদি। ময়দার দর ছিল পাঁচপোয়া ৵১০ ( খুব বেশী দাম ), তাহার স্থলে এক্ষণে পাঁচপোয়া ।/০; সুপারির সের ছিল চারি আনা হইতে ছয় আনা, এক্ষণে তাহা ২৲ দরে বিক্রয় হইতেছে; চিনি ৵১০ হইতে ৵০ মধ্যে সের ছিল, এক্ষণে তাহা কোথাও ॥০ সের আর কোথাও ।৵০ সের।

খাদ্যদ্রব্যের পর অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বিষয়েও একই কথা বলা চলে,—তাহাদেরও অগ্নিমূল্য হইতে চলিয়াছে। সুতা, কাপড় ও কাগজ দিন দিন যেরূপ অতিমাত্রায় দুর্ম্মূল্য ও দুষ্প্রাপ্য হইয়া পড়িতেছে তাহাতে নগ্নতা আর শিক্ষাভাবের আভাষ প্রত্যক্ষ হইয়া উঠিতেছে। কাগজ সম্বন্ধে অবশ্য বলা চলে যে, প্রায় বেশীর ভাগই বাহির হইতে আমদানী করিয়া আনা হয়, কিন্তু সুতা ও কাপড় সম্বন্ধে সে যুক্তি আর চলে না। সুতা ও কাপড় দোকানে প্রচুর মজুত থাকা সত্ত্বেও বাজারে দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছে। বস্ত্র-ব্যবসায়ীদের কাটকাবাজী যে এই অতিমাত্রায় মূল্যবৃদ্ধির প্রধান কারণ তাহা প্রায় নিঃসঙ্কোচে বলা যায়। তাঁতের কাপড় সেই লোকের হাতের কাজ; আজ তাঁতিরাও সুবিধা বুঝিয়া দাম চড়াইতেছে, কারণ অনেকেই মিলের কাপড় ছাড়িয়া তাঁতের কাপড় ক্রয় করিতে ইচ্ছুক। ফলে তাঁত-শিল্প উন্নতি করিতে যদিও পারিত "অতি লোভে তাঁতি নষ্ট হইবে।" অনেকে বলেন যে তাঁত ঘরে ঘরে স্থাপিত হউক এবং তুলার চাষও করা হউক; কিন্তু কথা হইল, চাষের তুলায় সুতায় কি কাপড় তৈয়ারী সম্ভব হইবে? বাহিরের সুতা ক্রয় করা ব্যতিরেকে প্রত্যেক বাড়ীর সকল লোকের কাপড়ের চাহিদা মেটান সম্ভবপর নহে। গবর্ণমেণ্ট মূল্যনিয়ন্ত্রণ ব্যবস্থা করিয়াছেন সত্য, কিন্তু তাহা কতদূর কার্য্যকরী হইয়াছে সে সম্বন্ধে সাধারণের অজানিত কিছুই নাই। চিনির মূল্য নিয়ন্ত্রিত হইল ।/০ সের; উহা বাজারে বিক্রয় করা বন্ধ হইয়া গেল এবং যদি কেহ দয়া করিয়া বিক্রয় করিতও তবে ।৵০ হইতে আরম্ভ করিয়া ॥০ পর্য্যন্ত দর দিতে হইত। নারিকেল তৈলের দর নির্দ্ধারিত হইল ৵১০ সের, কিন্তু বাজারে ক্রয় করিতে গেলে ৸৵০ সের। এইভাবে প্রত্যেক দ্রব্য—আটা, ময়দা, চাউল প্রভৃতির দাম কোথাও স্থির নাই। নিয়ন্ত্রণনীতি যদি ভারতরক্ষা আইনের মত প্রয়োগ করা হইত তাহা হইলে কিছু ফল হইতে পারিত।

বেকার শিক্ষিত ভদ্রলোকের সংখ্যা এক্ষণে অতিরিক্ত বৃদ্ধি পাইয়াছে। স্কুল ও কলেজ বিশেষ করিয়া স্কুলগুলি

অকেজো হইয়া যাওয়ায় শিক্ষকশ্রেণীর অত্যন্ত আর্থিক কষ্ট হইতেছে; বলিতে গেলে তাঁহাদের সাময়িক বেকার হিসাবে গণ্য হওয়াই উচিত। আইন-ব্যবসায়ীদেরও যথেষ্ট ক্ষতি হইতেছে কারণ বহু গ্রাম শূন্য হইয়া যাইতেছে এবং বহু জেলায় মোকর্দ্দমার সংখ্যা কমিয়া যাইতে বাধ্য হইয়াছে। শ্রমিকদের মধ্যে যাহারা যুদ্ধসংক্রান্ত কলকারখানায় কাজ করে একমাত্র তাহারাই বেশ-কিছু রোজগার করিতে পারিতেছে। গবর্ণমেণ্টের চাকরী যাঁহারা করেন তাঁহাদের ভাতা বৃদ্ধি হইয়াছে। ট্রাম কোম্পানীর শ্রমিকরা ধর্ম্মঘট করিয়া কিছুটা সুবিধা অর্জ্জন করিয়াছে। কিন্তু সাধারণ কেরাণী বা ভদ্রলোক কর্ম্মীদের জীবনে যে দুরবস্থা আসিয়া দেখা দিয়াছে তাহা বর্ণনাতীত। লক্ষের জীবনে কোন কোন স্থানে অন্নাভাব, আশ্রয়াভাব, দুশ্চিন্তা ও মর্ম্মান্তিক দুঃখের ছায়া পতিত হইতেছে। যুদ্ধ যেখানে বাস্তবতার আকার ধারণ করিয়াছে সেখানেও বাংলার মত দুর্দ্দশা আসিয়াছে কি না সন্দেহ।

যুদ্ধের জন্য গবর্ণমেণ্টের ব্যয়ভার অত্যন্ত বৃদ্ধি পাওয়ায় ট্যাক্সের বহর অতি মাত্রায় বৃদ্ধি করার ব্যবস্থা হইয়াছে। এ পর্য্যন্ত যে সমস্ত ট্যাক্স ধার্য্য হইয়াছে তাহা নিম্নে দেওয়া গেল: ১। তুলার উপর আমদানী শুল্ক ৫৫ লক্ষ টাকা গবর্ণমেণ্ট পাইবেন বলিয়া ধার্য্য করিয়াছেন; ২। চিনি ও পেট্রোলের উপর আমদানী ও উৎপাদনের শুল্ক হিসাবে গবর্ণমেণ্ট পাইবেন ৩ কোটি ৩০ লক্ষ টাকা; ৩। অতিরিক্ত লাভের উপর ট্যাক্স (১ম ধারা) ৪ কোটি টাকা পাইবেন এবং ২য় ধারায় ২ কোটি ৫০ লক্ষ টাকা পাইবেন; ৪। আয়কর ও সুপারট্যাক্স ১ম ধারায় পাইবেন ৪ কোটি টাকা এবং ২য় ধারায় পাইবেন ১ কোটি ৯০ লক্ষ টাকা, ৫। চিঠির টিকিট ও খাম-মাশুল বৃদ্ধি হওয়ায় গবর্ণমেণ্ট পাইবেন ২ কোটি টাকা; ৬। দিয়াশলাইয়ের উপর উৎপাদন শুল্কে ১ কোটি ৫০ লক্ষ টাকা পাইবেন; ৭। কৃত্রিম রেশমের উপর উৎপাদন-শুল্কে ১ কোটি ৫০ লক্ষ টাকা পাইবেন; ৮। চামড়ার ও টিউবের উপর উৎপাদন শুল্কে ৩৫ লক্ষ টাকা গবর্ণমেণ্টের আমদানী হইবে; ৯। যাত্রী ও মালের ভাড়া বৃদ্ধি বাবদ ৬ কোটি ৫০ লক্ষ টাকা হারে গবর্ণমেণ্ট প্রাপ্ত হইবেন। মোট ২৬ কোটি ৯৬ লক্ষ টাকা এই সকল ট্যাক্স হইতে গবর্ণমেণ্টের পাইবার ব্যবস্থা হইয়াছে। স্যার জেরাল্ড কোন এক প্রসঙ্গে বিক্রয়-করনীতি সম্বন্ধে বলিয়াছেন—"গণতান্ত্রিক গবর্ণমেণ্টের আমলে কর আদায় করা সমর্থনীয়,—যদি সে কর ধনীদের নিকট হইতে আদায় করিয়া গরীব জনসাধারণের জন্য খরচ করা হয়। কিন্তু বর্ত্তমান বঙ্গীয় বিক্রয়-কর আইনটায় প্রকৃতপক্ষে গরীব জনসাধারণ ক্রেতার নিকট হইতেই কর সংগৃহীত হইতেছে।"

ডক্টর নরেন্দ্রনাথ লাহা বেঙ্গল ক্যাশন্যাল চেম্বার অব্ কমার্সের সভায় বক্তৃতা প্রসঙ্গে করনীতি সম্বন্ধে বলিয়াছেন—"আমি ইহা উপলব্ধি করি যে যুদ্ধের জন্য সরকারের অর্থাভাব ঘটিয়াছে। দেশে যে অবস্থার উদ্ভব হইয়াছে তাহা বিবেচনা করিয়া আমি ইহা বলিতে পারি না যে, যতদূর মিতব্যয়িতার সহিত শাসন কার্য্য পরিচালনা করা যাইতে পারে সরকার সেইভাবে শাসনকার্য্য পরিচালনা করিতেছেন। সরকারের অতিরিক্ত অর্থের প্রয়োজনের জন্যই করের হার বৃদ্ধি সমর্থন করা যাইতে পারে না।"

ভারতবর্ষে যুদ্ধোপকরণ প্রস্তুত হইতেছে এবং তজ্জন্য অস্ত্রাগারও নির্ম্মিত হইয়াছে। চ্যাটফিল্ড কমিটি ক্ষুদ্র আগ্নেয়াস্ত্রের জন্য গোলাগুলির পরিমাণ যতটা বৃদ্ধি করিবার সুপারিশ করিয়াছিলেন, বর্ত্তমানে তাহার প্রায় দ্বিগুণ পরিমাণ উৎপাদনের এক পরিকল্পনা প্রস্তুত হইয়া গিয়াছে। সৈন্যদলের প্রয়োজনীয় রবারের বিবিধ দ্রব্যাদি ভারতবর্ষে প্রস্তুত হইতেছে। শিরিষ কাগজ প্রভৃতিও এখানে তৈয়ারি হইতেছে বলিয়া জানা যায়। এইগুলি হইল যুদ্ধ সম্বন্ধে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট শিল্প যাহা এখন উন্নতি লাভ করিয়াছে। মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্‌নিক্যাল এক্সপার্টের সাহায্যে আশা করা যায় ভারত আরও উন্নত হইবে।

মিলের কাপড় তৈয়ারী মন্থরীভূত হইয়া আসায় এবং মিলের কাপড়ের মূল্য অত্যধিক বৃদ্ধি পাওয়ায় এক্ষণে দেশে তাঁতশিল্পের বেশ চাহিদা বৃদ্ধি হইয়াছে। চাহিদা বৃদ্ধি

পাওয়ার সঙ্গে সঙ্গে উহার কাটতিও ভাল হইতেছে। কাজেই বলা চলে যে, তাঁতশিল্প অল্পকালের মধ্যে বেশ উন্নতি লাভ করিবে।

যুদ্ধাবস্থা থাকা সত্ত্বেও বীমার উন্নতি অপ্রতিহত। গত কয়েক বৎসরেও উহার যেরূপ প্রসার দেখা গিয়াছে তাহাতে উন্নতি করিতেছে না বলা ভুল হইবে। নিম্নের তালিকা দেখিলে বোঝা যাইবে যে গত তিন বৎসর যাবৎ উহার প্রসার কি ভাবে হইতেছে—

| | নূতন কাজ | কত কাজ ঠিক আছে | বৎসরের আয় | জীবন-তহবিল |
|---|---|---|---|---|
| ১৯৩৬ | ৩,৭৮০ | ১৭৫ | ১,১৩৪ | ৪,০২৪ |
| ১৯৩৭ | ৪,১৭৪ | ১৯১ | ১,২০২ | ৪,৫০১ |
| ১৯৩৮ | ৪,৬৬৮ | ২১১ | ১,৪১৩ | ৫,০৫৭ |

ব্যাঙ্কের কার্য্যের বিশেষ প্রসার লাভ সম্ভবপর নহে, কারণ আন্তর্জ্জাতিক বাণিজ্য ও লেনদেনই ব্যাঙ্কের জীবনে উন্নতি আনয়ন করে, এক্ষণে তাহা প্রায় বন্ধ। দ্বিতীয়তঃ মূল্যহার সাধারণভাবে এত বৃদ্ধি পাইয়াছে যে তাহাতে সাধারণ লোক ভরণপোষণ চালাইয়া অর্থ সঞ্চয় করার ব্যবস্থা করিতে পারে না। কাজেই "ডিপজিট" কমা সম্ভব। অবশ্য যুদ্ধ সংক্রান্ত ব্যবসায়ীরা খুবই লাভ করিতেছেন এবং গবর্ণমেণ্টের লোকেই কিছু টাকার মুখ দেখিতে পাইতেছে। সাধারণের জীবন একেবারে ভীষণভাবে বিপন্নাপন্ন।

সমবায়-সমিতি আমাদের দেশে যথেষ্ট উন্নতি সাধন করিতেছে এবং ইহার প্রসারও নানা বিষয়ে এবং নানা দিকে সাধিত হইতেছে। যথা :—মৎস্যজীবী সমিতি, মহিলা প্রতিষ্ঠান, গৃহনির্ম্মাণ সমিতি, সমবায় ও বীমা সমিতি, দুগ্ধ সঙ্ঘ ইত্যাদি। কেন্দ্রীয় ম্যালেরিয়া প্রতিরোধ সমিতির সহিত সংশ্লিষ্ট সমিতির সংখ্যা ১,০০৭ হইতে ১,০৮৩ পর্য্যন্ত বৃদ্ধি পাইয়াছিল। কলিকাতা দুগ্ধ সঙ্ঘ প্রায় ১০৬ মণ দুগ্ধের কারবার করিয়া থাকে। বাঁকুড়া শিল্প-ইউনিয়ন গবর্ণমেণ্টের নিকট হইতে নূতন মূলধন হিসাবে ৪,০০০৲ এবং যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় করার জন্য ১,০০০৲ পাইয়াছে। ১৯৩০ সনের শেষভাগে ব্যাঙ্কসমূহের সংখ্যা ছিল ১১৭ এবং গত বৎসর উহার সংখ্যা ছিল ১১৮। অন্তর্ভুক্ত সমিতিসমূহের সংখ্যা সামান্য বৃদ্ধি পাইয়াছিল। মোট লাভে সামান্য বৃদ্ধি পরিলক্ষিত হয়। উহা ১৮৯ হইতে ১৯০ লক্ষ টাকা হইয়া ছিল। ঢাকা বিভাগে, রায়পুর এবং বিক্রমপুর সেণ্ট্রাল ব্যাঙ্ক ভাল কাজ করিয়াছিল। ঢাকা সেণ্ট্রাল ব্যাঙ্কের উপর জনসাধারণের আস্থা আছে, এবং ইহার আর্থিক অবস্থা মোটের উপর ভাল। নারায়ণগঞ্জ সেণ্ট্রাল ব্যাঙ্কও বেশ ভাল কাজ করিতেছে। বাখরগঞ্জের ৭টি সেণ্ট্রাল ব্যাঙ্কের মধ্যে বরিশাল সেণ্ট্রাল ব্যাঙ্ক সুপরিচালিত।

কলিকাতা সহরতলীর পুলিশের কার্য্য সম্পর্কে ১৯৪০ সনে বাৎসরিক রিপোর্ট একটি বাহির হইয়াছিল। ২৪জন লোককে সন্ত্রাসবাদী হিসাবে গ্রেপ্তার করিয়া জেলে রাখা হইয়াছে। এই বৎসরে ৬০টি ধর্ম্মঘট হয়। উহাদের অধিকাংশই অল্পকাল-স্থায়ী। হলওয়েল মনুমেণ্ট আন্দোলন সম্পর্কে ৩২৯ জন সত্যাগ্রহীকে গ্রেপ্তার করিয়া বিভিন্ন সময়ের মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়। কমিউনিষ্ট ও সমাজতন্ত্রবাদী প্রতিষ্ঠানের সংখ্যা ২৫০টি, অন্যান্য শ্রমিক সভার ৩৭২টি—মোট সংখ্যা ৫৭৭টি। উক্ত রিপোর্টে আরও বলা হইয়াছে যে, আশ্রয়প্রার্থিগণ সহ সমস্ত আগন্তুকদিগের পরিচয় গ্রহণ করা হয় এবং তাহাদের কাগজপত্র পরীক্ষা করা হয়। উহাদের মধ্যে অনেককে দার্জ্জিলিঙ্ কাটা-পাহাড়ে প্রেরণ করা হয়। ইতালী যুদ্ধে ঘোষণা করিলে, কলিকাতা অধিবাসী সমস্ত ইতালীয়গণকে অর্থাৎ মোট ১৩৫ জন ইতালীয়কে গ্রেপ্তার করা হয়। "ইমুমরেল ট্রাফিক অ্যাক্টের" কোন প্রকার ব্যবহার এখন আর দেখাই যায় না। অত্যাচারী পুরুষ যেমন থাকে তেমনি অত্যাচারী নারীও আছে এবং বহু নারীই ইহাদের হস্তে পড়িয়া বিপথে চলিয়া যায়। যাহারা স্বেচ্ছায় পথ বাছিয়া লয় তাহারা যাহা ইচ্ছা করুক কিন্তু জোর পূর্ব্বক বা কায়দায় ফেলিয়া যে সকল নারী বাভিচারের পথে লইয়া যায় এবং তাহাদের সাহায্যকারী যে পুরুষের দল অর্থ দিয়া সংগঠন কার্য্য চালায় তাহাদের বিরুদ্ধে পুলিশের নজর আরও হওয়া বাঞ্ছনীয়।

"আর্থিক উন্নতি"র পরিচালক ডক্টর নরেন্দ্রনাথ লাহা এই বৎসর বেঙ্গল ন্যাশন্যাল চেম্বার অব কমার্স নামক বঙ্গীয় বণিক্ সঙ্ঘের সভাপতি ছিলেন। "আর্থিক উন্নতি"র পৃষ্ঠায় কোনো বিশিষ্ট মতের স্বপক্ষে অথবা বিপক্ষে প্রচার কার্য্য চালাইবার ব্যবস্থা নাই। এই জন্য পরিচালক মহাশয়ের মতামত সাধারণতঃ স্বতন্ত্রভাবে উল্লেখ করা হয় না। "আর্থিক উন্নতি"র সম্পাদক্ বিনয় সরকারের অর্থ-নৈতিক মতামত দেশের ভিতরকার বিভিন্ন পত্রিকায় বাহির হইয়া থাকে। সেই সবও "আর্থিক উন্নতি"তে অনেক সময়েই ঠাঁই পায় না। আবার বলিয়া রাখিতেছি যে, বিলাতী, মার্কিণ ও অন্যান্য বিদেশী ধনবিজ্ঞান-পরিষদের পত্রিকাগুলার আদর্শ সম্মুখে রাখিয়া "আর্থিক উন্নতি" সম্পাদন করা হয়। কোনো মত বেচিয়া টাকা রোজগার করিবার সুযোগ এই পত্রিকার আবহাওয়ায় নাই।

লড়াইয়ের ধাক্কা ভারতের গায়ে,—বিশেষতঃ বাঙলার গায়ে,—প্রায় লাগ্'-লাগ্' হইয়াছে। এই সময়ে দেশের লোক অনেকটা ঝাঁৎকাইয়া উঠিয়াছে অথবা উঠিতেছে। কিন্তু অত্যধিক আতঙ্কে পড়িবার কোনো কারণ দেখা যায় না। এই লড়াই প্রধানতঃ বোমার লড়াই। বোমার লড়াইয়ে যুদ্ধের সরঞ্জামওয়ালা বাড়ীঘর, কারখানা, বন্দরের জাহাজ বোট ইত্যাদি নষ্ট হয় বেশী বেশী। কিন্তু লোক মরে আপেক্ষিক হিসাবে খানিকটা কম। বর্ত্তমান যুগে শান্তির সময়েই মামুলি কারখানায় এবং ট্রাম-বাস ইত্যাদির দৌরাত্ম্যে দুর্ঘটনা ঘটে বেশ-কিছু। যে সকল নরনারী এই সকল কারখানার ও সড়কের দুর্ঘটনায় অভ্যস্ত তাহারা বোমার লড়াইয়ে মারা পড়িবার জন্যে অত্যধিক জড়সড় না হইবারই কথা। অধিকন্তু লড়াইয়ের ক্ষতিগ্রস্ত বাড়ী-ঘর সম্পত্তি ইত্যাদি সম্বন্ধে গবর্মেণ্টের বীমা জারি আছে। ক্ষতি-পূরণের ব্যবস্থা করা হইয়াছে। লড়াইয়ের দরুণ লোক জখম হইলে অথবা মারা পড়িলে গবর্মেণ্ট ভাতা দিতে রাজি। পরিবারবর্গও ভাতা পাইবে। এই সকল ব্যবস্থায় বর্ত্তমান জগতের সুপ্রচলিত রেওয়াজ দেখিতেছি। অতএব বাঙলার নরনারী বেশ-কিছু নির্ভয়ে জীবন চালাইতে থাকুক এইরূপই আমাদের আকাঙ্ক্ষা।

১৯১৪-১৮এর লড়াইয়ে ভারতের শিল্পোন্নতি ঘটিয়াছিল। ১৯৩৯ সনের যে লড়াই সুরু হইয়াছে তাহাতেও আমাদের শিল্পোন্নতি ঘটিতেছে। বর্ত্তমান লড়াইয়ের আবহাওয়ায় কারখানাগুলার আর শিল্পদ্রব্যের বিজ্ঞাপন প্রচারিত হয় না। কিন্তু সবই বেশ মোটা হারে ফুলিয়া উঠিতেছে। তবে ভারতীয় নরনারী দেশের আর্থিক উন্নতি যত তাড়াতাড়ি দেখিতে চায় এবং যত উঁচু ধরের উন্নতি ভোগ করিতে চায় তত তাড়াতাড়ি আর তত উঁচু হার ভারতে ঘটা অসম্ভব। অষ্ট্রেলিয়া, নিউজীল্যাণ্ড, দক্ষিণ আফ্রিকা ইত্যাদি দেশের সঙ্গে তুলনায় লড়াইয়ের যুগের ভারতীয় উন্নতি যার পর নাই খাটো থাকিতে বাধ্য। ভারতবর্ষ স্বাধীন দেশ নয়।

# শ্রম ও শ্রমের দাম

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল

যে প্রাপ্তবয়স্ক মানুষ অলস বা কোন কাজ করে না, অর্থাৎ কোন কিছু উৎপাদনে সাহায্য করে না, তার মজুরি পাইবার কথা নয়। তার কাজ করিবার ক্ষমতা থাকিতে পারে, কিন্তু যে পর্য্যন্ত সে কাজে লিপ্ত না হয়, সে পর্য্যন্ত কোন রাষ্ট্র-ব্যবস্থাতেই ( অর্থাৎ বোলশেভিক ব্যবস্থা বাদ দেওয়া হইতেছে না ) তার মজুরি পাওয়া থাকে না। [ দ্রষ্টব্য, কাজ বলিতে এখানে মাথার ও হাতের উভয় প্রকার কাজই বুঝাইতেছে। ] যারা শারীরিক বা

মানসিক কারণে অকর্মণ্য অথবা ব্যাধিগ্রস্ত, যারা অপ্রাপ্ত-বয়স্ক শিশু বা অশক্ত বৃদ্ধ তাদিগকে ঐরূপ মানুষের কোঠা হইতে বাদ দেওয়া যাইতেছে। অবশ্য এই বাদ দেওয়া সম্বন্ধে কোন সর্ব্বদেশসম্মত নিয়ম নাই। বিভিন্ন দেশে বিভিন্ন আইন প্রচলিত আছে। কোথাও শ্রমিক তার ১২ বৎসরের ছেলেকে দিয়াও উপার্জ্জন করাইতে পারে, আবার কোথাও বা ১৪, এমন কি ১৬ বৎসরের নীচে ছেলেকে পড়িতে না পাঠাইয়া কাজে লাগাইলে আইন অনুসারে অভিভাবক দণ্ডনীয় হয়। কাজ না করিবার পক্ষে বয়সের উর্দ্ধসীমা সম্বন্ধেও সর্ব্বত্র প্রচলিত কোন বাঁধা-ধরা নিয়ম নাই, যদিও বহু দেশের সরকারী চাকুরীতে একটা বয়সের পর সাধারণত চাকুরেকে অবসর গ্রহণ করিতে হয়। পরন্তু নারী-শ্রমিক বিষয়েও নিশ্চিত নির্দ্দেশ সম্ভব নয়। পৃথিবীর অসংখ্য স্ত্রীলোক অর্থাৎ পুরুষের চেয়ে অনেক বেশী সংখ্যক স্ত্রীলোক নানা কারণে আর্থিক দিক্ হইতে কিছু উৎপাদন করে না। নিজের বা পরের বাড়ীতে যারা রান্না-বান্না করে, বাসন মাজে এবং অন্য শত প্রকার দাসত্ব করে ( পৃথিবী জুড়িয়া এই অবস্থা ) তারা তাদের শ্রমের বদলে খাওয়া-পরা ছাড়া কোন মজুরি পায় না, যদিও তাদের শ্রম নিরর্থক বা নিরুৎপাদক নয়। এদেরকেও হিসাব হইতে বাদ দিতেছি।

আরও এক শ্রেণীর মানুষের শ্রমকে মজুরি পাইবার যোগ্য বলিয়া মনে করা যাইতে পারে না। একটু চিন্তা করিলেই এই শ্রেণীর লোকদিগকে চেনা যায়। চোর-ডাকাত তাদের ব্যবসাতে অনেক পরিশ্রম করিতে পারে। কিন্তু ব্যক্তিগতভাবে চুরি বা ডাকাতি জনিত শ্রমের জন্য কোন মজুরি প্রাপ্য, তা কেহ স্বীকার করিবে না। 'ব্যক্তিগত-ভাবে' বলিবার তাৎপর্য্য এই যে, চুরি বা ডাকাতি যদি প্রবল রাষ্ট্র, সমাজ বা দল কর্ত্তৃক অনুষ্ঠিত হয়, তা হইলে তা নিরর্থক বলিবার সাহস দুর্ব্বল পক্ষের থাকে না। আর নিরর্থক বলিলেও তা অপরাধী রাষ্ট্র প্রভৃতি মানিয়া লয় না। চুরি বা ডাকাতিতে যে ব্যক্তি লিপ্ত হয়, সকল সভ্য দেশে সে আইন অনুসারে দণ্ডনীয়। সেইরূপ যে জাল-জুয়াচুরি, হত্যা লুঠতরাজ বা বাড়িচার করে, রাষ্ট্র তাকেও শাস্তি দেয়। বলা বাহুল্য, এ সব ক্ষেত্রে অপরাধী ধরা পড়া ও তার দোষ যথারীতি প্রমাণিত হওয়া দরকার, নচেৎ সে শাস্তি পাইবে না। [ কখন কখন এর ব্যতিক্রম দেখা যায়। যেমন, রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধ করিলে বিনা প্রমাণেও আটক করিবার বা শাস্তি দিবার অধিকার রাষ্ট্রের আছে। কোন কোন দেশে রাষ্ট্রের নিরাপত্তার জন্য সেরূপ ক্ষেত্রে বিচার পর্য্যন্ত না হইতে পারে। ] কেহ যদি লুকাইয়া অপরাধ করে, অথবা ধরা না পড়ে, অথবা নাগালের বাহিরে চলিয়া যায়, তা হইলে দণ্ডদান করিয়াও তাকে শাস্তি দেওয়া সম্ভব না হইতে পারে। বিশেষত সমগ্র বৃটিশ সাম্রাজ্যে নিয়ম এই যে, বরং নয়জন দোষী ছাড়া পাক্, তথাপি যেন একজন নির্দ্দোষকে শাস্তি দেওয়া না হয়। শাস্তি পাক্ বা না পাক্, চুরি প্রভৃতি জনিত শ্রম কোনরূপ দক্ষিণা বা মজুরি পাইবার উপযুক্ত বলিয়া বিবেচিত হয় না। এই কথা বলার সঙ্গে সঙ্গে ইহাও বলা প্রয়োজন যে, সমাজের নৈতিক, নৃতাত্ত্বিক, ঐতিহাসিক প্রভৃতি অবস্থার উপর নির্ভর করে, কোন্ ধরণের শ্রম সমাজ গ্রাহ্য করিবে বা করিবে না। সমাজের স্বীকার বা গ্রহণ একটা জরুরী বিষয়। তারপর, ব্যক্তিগত ও সমাজগত শ্রম বিচার করিবার মাপকাঠি এক নাও হইতে পারে। প্রায়শ হয় না। তার ভূরি ভূরি প্রমাণ আমরা নিত্য পাইতেছি। আজকার ইয়োরোপ ও এশিয়ার যুদ্ধমত্ত জাতিদের প্রতি একবার দৃষ্টিপাত করুন। এরা পৃথিবীর সর্ব্বাপেক্ষা সভ্য ও অগ্রসর জাতি, অথচ যুদ্ধোপলক্ষে এদের দ্বারা কত না লুণ্ঠন, হত্যা, বাড়িচার প্রভৃতি অনুষ্ঠিত হইতেছে। প্রথমত, এদের শাস্তি দিবার কেহ নাই। দ্বিতীয়ত, এদের শ্রমকে নিজ নিজ সমাজ অনুমোদন করিতেছে, অন্তত তার বিপরীত ভাব দেখা দেয় নাই। পরন্তু, রাজা-জয়, পরাজিত শত্রুর নিকট খেসারত-আদায়—এদের শ্রমের মজুরি স্বরূপ হইবে। [ স্মর্ত্তব্য, ইতালির আবিসিনিয়া ও জাপানের মাঞ্চুরিয়া অধিকার ; বর্ত্তমান মহাযুদ্ধের সূচনায় জার্ম্মাণি কর্ত্তৃক বিভিন্ন ইয়োরোপীয় দেশ জয়। ] এই সব সামাজিক বা রাষ্ট্রীয় দুর্নীতি ও

নীতিহীনতাকে তিরস্কার করিতে পারি, কিন্তু তাতে কেহ কাণ দিবে না। পরন্তু, যুদ্ধের ফলে আর্থিক জগতে উৎপাদন ও বণ্টনে ঘোরতর বিপ্লব দেখা দিবে। আমাদের অবলম্বিত সাধুতা ও অসাধুতা, ভালো ও মন্দের বাটখারা কোন প্রভাব বিস্তার করিতে পারিবে না।

সোজাসুজি বলা চলে, যে শ্রম করে সে মজুরি পায়। অথবা, আরও নিখুঁতভাবে বলিতে গেলে বলিতে হয়, বর্ত্তমান সামাজিক অবস্থায় মজুরি পাওয়া না পাওয়া দিয়া আর্থিক শ্রম নিরূপণ করিতে হয়; কারণ শ্রম করিয়া মজুরি পাওয়া যাইতেছে না এইরূপ সম্ভাবনাও আছে। আর্থিক শ্রম বলিতে বুঝায়, শ্রমিক কোন পণ্য উৎপাদন করিতেছে; অথবা উৎপাদনে সাহায্য করিতেছে; অথবা সমাজের কোন না কোন প্রকার সেবা করিতেছে। পূর্ব্বেই বলিয়াছি, শ্রম দ্বারা ব্যক্তি যা উৎপাদন করে, তা সমাজ-গ্রাহ্য না হইলে তার জন্য মজুরি মিলে না। [ দ্রষ্টব্য, যদিও চুরি, ডাকাতি, হত্যা প্রভৃতিকে লক্ষ্য করিয়া এ কথা বলা হইতেছে, তথাপি ইহা সাধারণ সূত্ররূপে গ্রহণযোগ্য। ] কিন্তু সমাজ-গ্রাহ্য শ্রম-মাত্রই কি ইন্দ্রিয়গোচর ও অনুভবগম্য বস্তু উৎপাদন করে? এমন হইতে পারে যে, শ্রম দ্বারা কিছুই উৎপাদন হইল না, অর্থাৎ কি উৎপন্ন হইল বোঝা গেল না। যেমন ধরুন, ভূতত্ত্ববিদেরা অনেক পরিশ্রম ও পরীক্ষার পর বলিলেন যে, অমুক জায়গায় সোনা বা কয়লা বা তৈল পাওয়া যাইবে। এই গেল একপ্রস্থ শ্রম। এই সব বিষয়ে সাধারণ লোক বা ব্যবসায়ীরা বৈজ্ঞানিকদের কথা দ্বারা পরিচালিত হয়। সুতরাং, তারপর ধরুন কোন ব্যক্তি অথবা ব্যবসা-প্রতিষ্ঠান বহু টাকা খাটাইয়া সোনা, কয়লা বা তৈল তুলিবার জন্য চেষ্টিত হইলেন। এই চেষ্টার অর্থ অনেক টাকা খরচ, যন্ত্রপাতির ব্যবহার, অভিজ্ঞ ও বিশেষজ্ঞদের নিয়োগ, হাজার হাজার মজুর আনয়ন, ইত্যাদি। আবার অনেক প্রস্থ শ্রম। কিছুদিন বাদে ধরা পড়িল যে, ভুল হইয়াছে; বৈজ্ঞানিকদের অনুমান যথার্থ নহে। অর্থাৎ তাঁদের এবং তারপর সমুদয় লোক ও যন্ত্রের শ্রম ব্যর্থ হইয়াছে। [ এই সম্পর্কে আমেরিকান গ্রন্থকার আপ্টন সিনক্লেয়ার প্রণীত "তৈল" নামক উপন্যাসের কাহিনী স্মরণযোগ্য। ] এই শ্রমকে কি উৎপাদক বা ফলবান্ বলা হইবে?

আবার এক শ্রেণীর শ্রম দ্বারা এমন কিছুর উৎপাদন হইতে পারে, যা প্রত্যক্ষ নয় অথবা যার উপযোগিতা নিঃসন্দেহে প্রমাণিত হয় না। কবি, গ্রন্থকার, চিত্রকর, ভাস্কর, বৈজ্ঞানিকদের কথা স্মরণ করুন। কবি কবিতা লেখেন, গ্রন্থকার গ্রন্থ রচনা করেন, চিত্রকর ছবি আঁকেন, ভাস্কর মূর্ত্তি গড়েন, বৈজ্ঞানিক গবেষণা করেন, ইত্যাদি। এঁদের প্রত্যেককে দুরূহ শ্রম করিতে হয়। সে শ্রম কি আর্থিক শ্রম? সে শ্রমের কি কোন আর্থিক মূল্য আছে? এই শ্রেণীর লোকেরা যা উৎপাদন করেন, কখন কখন দৃষ্টতঃ তার কোন আর্থিক মূল্য নাও থাকিতে পারে। অর্থাৎ এঁদের শ্রম মজুরি দিয়া কিনিবার লোক পাওয়া যায় না বলিয়া অনেকে বহুকাল অথবা চিরকাল দারিদ্র্যে দিন কাটাইতে বাধ্য হইতে পারেন। এই শ্রমকে ফলবান বলিব, না নিষ্ফল বলিব? মজুরি সম্পর্কে এইরূপ শ্রমকে গণনা করা হইবে কি হইবে না? এ সম্বন্ধে মতভেদও দেখা যায়। টলষ্টয় প্রথম শ্রেণীর ভাবুক ও কথাশিল্পী ছিলেন। তাঁর গল্প ও উপন্যাস দেশ-বিদেশের লক্ষ লক্ষ লোক পড়িয়াছে এবং পড়িয়া নানাভাবে অনুপ্রাণিত হইয়াছে। তাঁর রচনাগুলি অনন্ত আনন্দের খনি, যদিও তিনি বলিতেন, তাঁর লেখা লোক-শিক্ষা দিবার জন্য। তিনি নিজে খুব ভাল মুচির কাজ জানিতেন। আশ্চর্য্য এই, তিনি তাঁর হাতের কাজের চেয়ে তাঁর সৃষ্ট সাহিত্যকে নিকৃষ্ট মনে করিতেন। তাঁর মতে জুতার এক পাটি তৈরী করা মানেও দেশের সম্পদ্ বৃদ্ধি করা এবং তার মূল্য অবিনশ্বর; এবং সেই এক পাটি জুতা তাঁর রচিত গল্প বা উপন্যাসের চেয়ে মূল্যবান্। তাঁর রচিত 'বোকা আইভান' গল্পে তিনি মাথার কাজের চেয়ে হাতের কাজের শ্রেষ্ঠতা প্রতিপাদনের চেষ্টা করিয়াছেন। ক্রপট্‌কিন তাঁর বিখ্যাত গ্রন্থ "অন্ন বস্ত্র সুকৌশল" (আসলে "রুটি-বিপ্লব" )এ দেখাইয়াছেন, প্রত্যেক মানুষের কর্ত্তব্য হইতেছে পৃথিবীর

অন্ন বৃদ্ধি করা এবং সে কর্তব্য সম্পাদনের যথেষ্ট সুযোগ সব দিক দিয়া রহিয়াছে।

রবীন্দ্রনাথ অপূর্ব কবিতা লিখিয়াছেন, জগদীশ বসু চিরজীবন বিজ্ঞানের সাধনা করিয়া গিয়াছেন, অবনীন্দ্রনাথ ছবি আঁকিতেছেন। এঁরা আমাদের ভাব-সম্পদ বৃদ্ধি করিয়াছেন, কিন্তু এঁদের কাজের দ্বারা কোন আর্থিক উন্নতি হয় নাই। মানুষের বাস্তব ভোগসুখের উপকরণ-সৃষ্টি এঁদের শ্রমের উদ্দেশ্য নয়। ভাল কবিতা, গল্প, ছবি প্রভৃতি মানসিক উৎকর্ষের জন্য প্রয়োজন হইতে পারে; কিন্তু আর্থিক উন্নতির জন্য ঐগুলির প্রয়োজন আছে কি? অন্ন, বস্ত্র, আশ্রয়-স্থান বাড়িবে অথবা উন্নত হইবে, কলকারখানার দেশ ছাইয়া যাইবে, নূতন নূতন শিল্প ও বাণিজ্য দেখা দিবে, উন্নত ধরণের বৈজ্ঞানিক কৃষি-ব্যবস্থার প্রচলন হইবে অর্থাৎ উৎকৃষ্ট ফসল অধিক পরিমাণে পাওয়া যাইবে, অন্ন সমুদয় সুখ-স্বাচ্ছন্দ্য ও ভোগের প্রাচুর্য দেখা দিবে [ যেমন ধরুন, প্রত্যেকের একটি মোটর গাড়ী ও রেডিও থাকিবার আদর্শ ], তবেই না বলিব মানবের বাস্তব সুখ-বৃদ্ধি ও মূল্য-প্রাপ্তি ঘটিয়াছে? এবং অর্থশাস্ত্রে ওগুলি সংক্রান্ত সকল সমস্যার স্থান হইতে পারে। কিন্তু যেগুলিতে মানুষের এক কোঁটা বাস্তব সুখ-বৃদ্ধি ঘটে না, সেগুলির সম্পর্কে শ্রমকে কোন্ কোঠায় ফেলা হইবে?

বলা বাহুল্য, টলষ্টয়ের মত চরম মত এবং গ্রহণযোগ্য নয়। কারণ, হাতের কাজই একমাত্র কাজ নয়। কাজ বলিতে মাথার কাজকেও ধরিতে হইবে। কবি, চিত্রকর, ডাক্তার, বৈজ্ঞানিক প্রভৃতি বিভিন্ন শ্রেণীর লোকও ত শ্রম করেন। তাঁরা পুরস্কার বা মজুরি পান বা না পান, পাইবার যোগ্য। পুস্তক ইত্যাদি মুদ্রণ ও প্রকাশ আধুনিক সভ্য জগতে একটা বড় ব্যবসা হইয়া দাঁড়াইয়াছে। তারপর উহার চারিপাশে আরও কত না ব্যবসা গড়িয়া উঠিয়াছে। এমন কবি, চিত্রকর প্রভৃতি কে আছেন যিনি চান না তাঁর সৃষ্ট যিনিষ সর্বাধিক মূল্যে বিক্রীত হয়? কেহ কেহ আপন খেয়ালের আনন্দে অথবা নিজেদের স্বচ্ছল অবস্থায়, প্রতিদান স্বরূপ মূল্য বা মজুরি না চাহিতে পারেন, অথবা নিজ শ্রমের ফল বিনামূল্যে বিলাইয়া দিতে পারেন; কিন্তু সেরূপ লোক বিরল। মানুষ যে খ্যাতিলাভের বা পরকে প্রীতি দিবার জন্য বা অন্য কারণে মূল্য না লইয়া শ্রম করিতে পারে, আমরা এখানে তা ভুলিয়া যাইতেছি না। অর্থশাস্ত্রের মত বাস্তব বিজ্ঞানেও খ্যাতির স্থান অনেকখানি। ছোট-বড়, উচ্চ-নীচ সকল সমাজে খ্যাতির আকাঙ্ক্ষা লোককে কাজে বা উৎকর্ষ সাধনে প্রবৃত্তি দেয়। ভাবী সন্তান-সন্ততি ও বংশধরদের সুখস্বাচ্ছন্দ্যের জন্য কত অসংখ্য লোক না স্বার্থত্যাগ করে। প্রাণান্ত শ্রম-ফল নিজে ভোগ না করিয়া সঞ্চিত রাখে। সুতরাং মনে রাখা দরকার যে, মানুষ শুধু আর্থিক জীব নয়। মানব-সমাজে প্রচলিত আর্থিক ব্যবস্থা এবং তাতে ওতপ্রোত ও অনুস্যূত আর্থিক নিয়মাবলী অর্থশাস্ত্রের আলোচনা ও আবিষ্কারের বিষয় বটে, কিন্তু ভুলিয়া গেলে চলিবে না ধনবিজ্ঞানের সকল আলোচনার কেন্দ্র হইল মানুষ। মানুষকে বাদ দিয়া কোন আলোচনা চলিতে পারে না। মানুষ ও মনুষ্য-সমাজের কিসে উন্নতি হয়, তাই দেখিতে হইবে। সর্বাঙ্গীন উন্নতি। তার মধ্যে আর্থিক উন্নতি একটা অংশ-মাত্র। একথা সত্য নয় যে, আর্থিক উন্নতির জন্য রবীন্দ্র-নাথের কবিতা, অবনীন্দ্রনাথের ছবি বা জগদীশচন্দ্রের বৈজ্ঞানিক আবিষ্কার নিরর্থক এবং তাঁদের শ্রম নিষ্ফল বা নিরুৎপাদক। বস্তুত, এই সবের অভাবে আমরা যে শুধু ভাবসম্পদে হীন হইতাম, তা নয়; আর্থিক দিক্ দিয়াও দুই কারণে দরিদ্র থাকিতাম। প্রথমত, রবীন্দ্রনাথ ও তাঁর কল্পনাকে কেন্দ্র করিয়া পুস্তক-প্রকাশ হইতে বিশ্ব-ভারতী গঠন পর্যন্ত কত বিপুল মূল্য সৃষ্টি হইয়াছে। অন্যদের সম্বন্ধেও ঐ কথাই প্রযোজ্য। দ্বিতীয়ত, রবীন্দ্র-নাথের কবিতা, অবনীন্দ্রনাথের ছবি ইত্যাদি আনন্দ ও তৃপ্তিদান করিয়া আমাদের দৈনন্দিন শ্রমজনিত ক্লান্ত ও নিরানন্দকে লাঘব করিয়াছে, আমাদিগকে নানারূপ অবস্থায় পথ নির্দেশ করিয়াছে ও আমাদের কর্মশক্তি বাড়াইয়াছে। এই দুই দিকে বঞ্চিত হইতাম।

শান্তির সময়েও প্রত্যেক দেশে জল স্থল ও আকাশ সৈন্য প্রস্তুত থাকে। তাদের কোন কাজ বা প্রয়োজন

না থাকিলেও প্রত্যেক রাষ্ট্র সদম্ভ সেনা-পোষণ করা কর্তব্য বলিয়া মনে করে এবং তজ্জন্য যথেষ্ট অর্থ ব্যয় করিয়া থাকে। বর্তমান সময়ে সমগ্র যুদ্ধ-ব্যাপারটাতেই বহু বৈজ্ঞানিক পরিবর্তন সাধিত হইয়াছে। বলা বাহুল্য, এজন্য অর্থ-ব্যয় অনেক বাড়িয়াছে। শান্তির সময়েও কোন রাষ্ট্র টলষ্টয় বা মহাত্মা গান্ধীকে অনুসরণ করিয়া সৈন্যদিগকে বিদায় করিয়া দিতে পারে না। যুদ্ধের সময়ে ত কথাই নাই, শান্তির সময়েও আধুনিক রাষ্ট্রসমূহ সেনা ও মারণাস্ত্র সম্বন্ধে যথেষ্ট চর্চা করিতে বাধ্য থাকে। স্বতই প্রশ্ন উঠে, সৈন্যরক্ষা ও অস্ত্র-নির্মাণে রাষ্ট্রসমূহ যে বিপুল ব্যয় করে, তার কি কোন সার্থকতা আছে? একটু ভাবিয়া দেখিলে বুঝা যাইবে, রাষ্ট্রিকগণের যাতে স্বাধীনভাবোগে এবং নিজেদের সর্ববিধ ব্যক্তিগত উন্নতি-প্রচেষ্টায় কোন প্রকার বাধা না জন্মে অথবা তন্মিলে দূরীভূত হয়, তজ্জন্য আভ্যন্তরীণ শৃঙ্খলা ও নিরাপত্তা-রক্ষা এবং প্রয়োজনস্থলে বিদ্রোহ ও অশান্তি দমন, এবং বাহিরের শত্রুর আক্রমণ হইতে রাষ্ট্রের অস্তিত্ব ও স্বাধীনতা রক্ষা,—প্রত্যেক রাষ্ট্রের প্রথম ও প্রধান কর্তব্য বলিয়া বিবেচিত হইবে। এই কর্তব্য পালনের জন্য নানা শ্রেণীর লোক রাষ্ট্রকে সাহায্য করে। যেমন, পুলিশ, বিচারক, ম্যাজিষ্ট্রেট, উকীল ইত্যাদি। কিন্তু এমন অবস্থা কল্পনা করা চলে যখন ইহাদের সাহায্য যথেষ্ট নয়। বাংলা দেশে ও ভারতের অন্যান্য স্থানে এইরূপ ঘটনা আমরা অনেক দেখিয়াছি যখন বেসামরিক সাহায্য যথেষ্ট মনে হয় নাই, সামরিক সাহায্য লওয়া হইয়াছে। বাহিরের আক্রমণে কোন রাষ্ট্র বিপন্ন হইলে এই প্রকার সামরিক সাহায্যের আরও বেশী দরকার হয়। সুতরাং সকল সময়ে ব্যবহার করিতে না হইলেও, সৈন্য পোষণ করিতে হয়। তবে কখন কোথায় কি পরিমাণ সৈন্য দরকার সে বিষয়ে মতভেদ থাকিতে পারে। বস্তুত, তা লইয়া আলোচনাও হইয়া থাকে। অন্য দিকে, আর্থিক দিক্ হইতেও সৈন্যের প্রয়োজনীয়তা অস্বীকার করা যায় না। উহাদের অভাবে কখন কখন সমাজের আর্থিক জীবন অচল হইয়া যাইবার সম্ভাবনা আছে। স্বাভাবিক আর্থিক কার্যকলাপ সজীব রাখিবার জন্য সৈন্য থাকিবে। সুতরাং সৈন্য ও মারণাস্ত্র নিষ্ফল বা নিরুৎপাদক নয়। কিন্তু তাই বলিয়া যুদ্ধবিগ্রহ কি সমর্থনযোগ্য? বর্তমানে যে ভয়াবহ ধ্বংসলীলা দেখা দিয়াছে, বিভিন্ন রাষ্ট্রগুলি পরস্পর ঘোর রণে মত্ত হইয়াছে, ইহার কি কোন সার্থকতা আছে? আত্মরক্ষার্থ যুদ্ধকে কোন মতে নিষ্ফল বলা চলে না। আমাদের মতে বর্তমান যুদ্ধের মত ভয়াবহ যুদ্ধও নিরর্থক ও নিরুৎপাদক নয়। সত্য বটে, ইহার ফলে লক্ষ লক্ষ লোক মৃত্যুমুখে পতিত হয়, ঘরবাড়ী, জমি, ধনরত্ন, প্রাকৃতিক সম্পদ নষ্ট হয়। তার চেয়েও দুঃখজনক মানুষের পরম সাধনা ও গর্বের বিষয় এবং বহু শতাব্দীর পরিশ্রমের ফল গ্রন্থাগার, বিদ্যালয় প্রভৃতি পুড়িয়া ছাই হইয়া যায়। তথাপি ইহার অন্য দিক্ সম্বন্ধে আমরা উদাসীন থাকিতে পারি না; যুদ্ধের ফলে—

(১) বেকার-সমস্যার বহুল পরিমাণে সমাধান হইয়াছে;

(২) কৃষিশিল্পবাণিজ্য প্রভৃতিতে দেশগুলি স্বয়ংসম্পূর্ণ হইবার চেষ্টা করিতেছে;

(৩) সমস্বার্থবিশিষ্ট রাষ্ট্রসমূহ সঙ্ঘবদ্ধ হইতে শিখিতেছে; এবং

(৪) পরাধীন দেশ ও মানুষ স্বাধীনতা অর্জনের সুযোগ পাইতেছে।

সুতরাং কেমন করিয়া বলিব, যুদ্ধ কিছুই উৎপাদন করে না? যুদ্ধ শুধু অশুভ নয়, শুভও বটে। মিনিটে মিনিটে কামানের গোঁয়ায় লক্ষ লক্ষ টাকা নষ্ট হইয়া যায়। শুধু সেদিকে দৃষ্টি দিলে চলিবে না; উহার উজ্জ্বলতর দিকটাও দেখিতে হইবে।

এক সময় ছিল যখন ইয়োরোপে বিশেষ বিলাতে লোকেরা ব্যক্তি বা সমাজের জীবনে রাষ্ট্রের হস্তক্ষেপ-মাত্রকেই অবাঞ্ছনীয় ও অশুভ মনে করিত। অ্যাডাম স্মিথ, রিকার্ডো, মিল প্রভৃতি চিন্তানায়কগণ ব্যক্তি-স্বাতন্ত্র্যের জয় ঘোষণা করিয়া গিয়াছেন। সেই সময়ে রাষ্ট্রের সর্বপ্রকার হস্তক্ষেপের বাহনকে অশুভ বলিয়া মনে করা হইত। এইরূপ মতবাদিগণের সংখ্যা বর্তমান সময়ে

কমিয়া গেলেও শূন্য নয়। এইরূপ ভাবের ভাবুকগণ রাষ্ট্রীয় হস্তক্ষেপকে অশুভ মনে করিলেও প্রয়োজনীয় অশুভ বলিয়া মনে করেন। অর্থাৎ দেশরক্ষার জন্য তা বরদাস্ত করা উচিত মনে করেন। এই হস্তক্ষেপ সম্বন্ধে তাঁরা সর্ব্বদা সাবধানবাণী উচ্চারণ করিয়া থাকেন যে, যেন উহা যতদূর সম্ভব নিম্নসীমায় অবস্থিত থাকে। অর্থশাস্ত্রী ও রাষ্ট্রতাত্ত্বিকদিগের মধ্যে এমন চিন্তাশীল ব্যক্তিও দেখা যায় যাঁরা আদৌ শাসন-ব্যবস্থার এবং কাজে কাজেই পুলিশ, ম্যাজিষ্ট্রেট, বিচারক প্রভৃতির প্রয়োজনীয়তা স্বীকার করেন না। তাঁরা অরাজক রাষ্ট্রের কল্পনা করেন। কিন্তু তাঁদের কথা বর্ত্তমানে বিবেচনা করা হইতেছে না।

সৈন্যদের সার্থকতা ও উৎপাদনশীলতা সম্বন্ধে আমরা যে যুক্তির অবতারণা করিয়াছি, তা পুলিশ এবং নানাশ্রেণীর সরকারী কর্ম্মচারী সম্বন্ধেও প্রযোজ্য। রাষ্ট্রের নিরাপত্তা ও স্বাভাবিক আর্থিক জীবনের স্রোত অব্যাহত রাখিবার জন্য পুলিশের দরকার। উহাদের সাহায্য ব্যতীত নির্ব্বিবাদে ও নির্ব্বিঘ্নে প্রাপ্য বা অর্জ্জিত অর্থ বা সম্পত্তি বা অন্য কিছু ভোগ করা কঠিন। চোর, ডাকাত এবং আভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও বিদ্রোহ বর্ত্তমান থাকিলে রাষ্ট্রের আর্থিক কার্য্যকলাপ চলে না। শান্তি ও নিরাপত্তা না থাকিলে আর্থিক সমৃদ্ধি হইতে পারে না। সিন্ধুদেশে হরদের উপদ্রবে বর্ত্তমানে স্বাভাবিক আর্থিক জীবন কিরূপ বিপন্ন হইয়া উঠিয়াছে, তা সকলেই জানেন। ডাকার দাঙ্গা কিরূপভাবে বার বার সমগ্র জেলার দৈনন্দিন জীবনযাত্রাকে ও আর্থিক কার্য্যকলাপকে দুঃসাধ্য করিয়া তুলিয়াছিল, তা সকলেরই মনে আছে। ধনপ্রাণ রক্ষার জন্য পুলিশ। তারা কোথাও কোথাও তাদের কর্ত্তব্য অবহেলা করিতে পারে, কিন্তু তাতে তাদের প্রয়োজন নাই, এরূপ সূচিত হয় না। পুলিশের প্রয়োজন সর্ব্বদা আছে, যদিও তাদের উৎকর্ষ-সাধনের অবকাশ রহিয়াছে। পরন্তু, পুলিশও শ্রমিক এবং উৎপাদক। তারা এমন অবস্থার সৃষ্টি করে যা রাষ্ট্রের স্বাভাবিক আর্থিক অবস্থাকে অব্যাহত রাখে এবং জনসাধারণকে নিরাপদে ও নির্ব্বিঘ্নে নিজ নিজ কর্ত্তব্য সাধনে স্বাধীনতা দেয়। পুলিশকে নিষ্কর্ম্মা বলা চলে না।

মহাত্মা গান্ধী ১৯২১ খৃষ্টাব্দে যখন প্রথম আইন-অমান্য আন্দোলন আরম্ভ করেন তখন তিনি উকীল ও ব্যারিষ্টার-দিগকে তাঁদের ব্যবসা এবং ছাত্রদিগকে তাদের ইস্কুল ও কলেজ ছাড়িতে বলেন। সেই সময়ে আমরা অনেক রাষ্ট্রনৈতিক বক্তার মুখে শিক্ষায়তনগুলিকে গোলামখানা বলিয়া উল্লেখ করিতে শুনিয়াছিলাম। কারও কারও মতে উকীল ব্যারিষ্টারগণ সমাজের পরগাছা স্বরূপ। ওকালতি ও অনুরূপ পেশা সম্বন্ধে প্রতিকূল মনোভাব বুদ্ধিমান্ লোকদের মধ্যেও দেখা যায়। ইহারা পরামর্শ দেন যে, বৈজ্ঞানিক বা কার্য্যকরী শিক্ষার প্রচলন হউক। আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় মহাশয় বহুবার বলিয়াছেন, দেশের আইন কলেজগুলি কিছুকালের জন্য বন্ধ থাকিলে দেশের মহা উপকার হইবে; অর্থাৎ লোকে ব্যবসা-বাণিজ্যের দিকে বেশী ঝুঁকিবে ও দেশের আর্থিক শ্রীবৃদ্ধি ঘটিবে। ডাক্তারি পেশা ও ডাক্তারদের প্রতিও কেহ কেহ বীতশ্রদ্ধ। প্রসিদ্ধ ফরাসী নাট্যকার মলিয়ের এবং বর্ত্তমান কালে ইংরেজ নাট্যকার বার্ণার্ড শ ডাক্তার ও ডাক্তারি লইয়া উপহাস করিয়াছেন। এইরূপে স্থানভেদে ও কালভেদে বিভিন্ন প্রকার শ্রমকে কম ফলবান্ বা নিষ্ফল মনে করিবার উদাহরণ সহজেই খুঁজিয়া বাহির করা যাইতে পারে। শিক্ষা বিশেষত উচ্চ-শিক্ষার প্রয়োজনীয়তা সম্বন্ধেও কেহ কেহ সন্দিহান। একথা ঠিক যে, সেক্সপীয়ার বা কালিদাস পড়িয়া একটি নূতন আর্থিক বস্তু যোগ করিবার ক্ষমতা জন্মে না। এমন কি, তাঁরা নিজেরাও বস্তুগত সুখ বা স্বাচ্ছন্দ্যে কিছুই যোগ করেন নাই। দেশের আর্থিক উন্নতি বা বাস্তব স্বাচ্ছন্দ্য-বৃদ্ধি বিদ্যা-চর্চ্চা বা ওকালতি অভ্যাস দ্বারা হয় না। অর্থশাস্ত্র বা রাষ্ট্রবিজ্ঞান অধ্যয়ন অধ্যাপনা দ্বারাও দেশের অর্থ-বৃদ্ধি হয় না। বিলাতী অর্থশাস্ত্রী মার্শ্যাল বিপুলায়তন তিনটি গ্রন্থ লিখিয়াছেন। কিন্তু সেগুলি নিঙড়াইয়া একটি পয়সা ত পাওয়া যাইবে না। পরন্তু বৈজ্ঞানিক বা অবৈজ্ঞানিক প্রণালীতে চাষ, গোপালন, শিল্প বাণিজ্য প্রভৃতি দ্বারা

দেশের বাস্তব স্বার্থের পুষ্টি হয়। এমন কি, সামান্য দোকান করিয়াও আর্থিক অভাবমোচন হইতে পারে এবং দুপয়সা ঘরে আসে। অতএব, ওকালতি, সুকুমার বিদ্যা প্রভৃতির কোন প্রকার আর্থিক উৎপাদনের ক্ষমতা নাই বলিয়া সেগুলির প্রয়োজন প্রায় শূন্য। অর্থাৎ এইগুলির জন্য প্রযুক্ত-শ্রম আর্থিক শ্রম নহে এবং সে শ্রম নিরুৎপাদকও বটে।—এই ধরণের যুক্তির মূলে রহিয়াছে এই ধারণা যে, ধরা-ছোঁয়া যায় এমন বাস্তব পণ্য প্রস্তুত করিতে না পারিলে কোন শ্রমকে উৎপাদক বা ফলবান্ শ্রম বলা যায় না। এই ধারণা অনুযায়ী যুদ্ধ, যুদ্ধোপকরণ, সৈন্য, পুলিশ, উকীল প্রভৃতি নিষ্ফল শ্রমের জনক। প্রথম চারিটির সম্বন্ধে ইতিপূর্ব্বে দেখাইয়াছি যে সেগুলি নিরুৎপাদক নয়। উকীল বা ব্যারিষ্টারের পেশাও নিরর্থক নয়। এই শ্রেণীর লোকেরা রাষ্ট্রকে নিজ শাসন ও যথাযথ পরিচালনা করিতে সমর্থ করেন, এবং তার ফলে দেশের আর্থিক জীবন অব্যাহত থাকে।

আর উদাহরণ বাড়াইবার প্রয়োজন নাই। উপরে যা বলা হইয়াছে তা হইতে মোটামুটি বুঝা যাইবে, আর্থিক শ্রম বলিতে আমরা কি বুঝি এবং কোন্ প্রকার শ্রম ফলবান্ বা উৎপাদক আর কোন প্রকার শ্রম নয়।

ক্রমশঃ

১নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# আর্থিক উন্নতি

## ধনবিজ্ঞানবিষয়ক মাসিক পত্র

শ্রীবিনয়কুমার সরকার
সম্পাদিত

১৬শ বর্ষ—১৩৪৮

কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ
পঞ্চানন ঘোষ লেন, কলিকাতা।

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

# সূচীপত্র


## বাংলার সম্পদ

নলছিটী ন্যাশন্যাল অয়েল মিল। বরিশাল শিক্ষা বোর্ড। বঙ্গদেশের নদী-সমস্যা। পদ্মার মৎস্যজীবী। পদ্মার মৎস্যজীবীদের অভাব-অভিযোগ। নোয়াখালী কলেজ। বীরভূমে অন্নসমস্যা নারায়ণপুরে বৃক্ষ-প্রদর্শনী। ভিখারী বিল। আদমসুমারী। (১-৯)

পাট-সমস্যা ও তাহার সমাধান। সরকারী পরীক্ষাকেন্দ্রে রাসায়নিক পরীক্ষার সুযোগ। (৩৭-৪১)

পশ্চিম মেদিনীপুরের বনাঞ্চল। কলিকাতায় নলকূপ। কলার চাষ। আক ও আদার রোগ। বরিশাল মিউনিসিপ্যালিটীর ইতিহাস। (৭০-৭৩)

নদীয়ায় পল্লী-উন্নয়ন কার্য্য। যশোহরে গ্রামোন্নতির কার্য্য। ভাঙ্গা বাসনের কদর। বিদ্যালয়-গৃহ ভস্মীভূত। আদমসুমারীতে সাঁওতালদের বিক্ষোভ। বাংলার জন-স্বাস্থ্য। আবহাওয়া ও ফসলের অবস্থা। হস্ত-চালিত তাঁত-শিল্প। (১০১-১০৩)

সমবায় বিভাগের কাজকর্ম্ম। নূতন ব্যবস্থা। সমিতি ও প্রতিষ্ঠানসমূহ। মৎস্যজীবী সমিতি। মহিলা প্রতিষ্ঠান। গৃহ-নির্ম্মাণ সমিতি। কেন্দ্রীয় সমবায় প্রতিষ্ঠান। দুগ্ধ-সঙ্ঘ। শিল্প-সঙ্ঘ। কেন্দ্রীয় ব্যাঙ্ক। বঙ্গীয় প্রাদেশিক সমবায় ব্যাঙ্ক। বঙ্গীয় সমবায় সংগঠন সমিতি। বাংলার আর্থিক দুর্গতি। (১৩৩-১৩৭)

পাটচাষের প্রাথমিক পূর্ব্বাভাষ। পাট ও পাটজাত দ্রব্যাদি সম্পর্কে গবেষণা। বিশ্ববিদ্যালয়ের সহিত সহযোগিতা। শ্রেণী-বিভাগ কেন্দ্র। কলিকাতায় চাউলের বাজার দর। চাউল সম্বন্ধে পল্লীর মন্তব্য। (১৬৪-১৬৮)

গ্রামোন্নয়ন প্রচেষ্টা। বস্ত্র-মূল্য বৃদ্ধির প্রতীকার। নোয়াখালীর সীমার সার্ভিস। মফঃস্বলের হাসপাতাল ও চিকিৎসালয়। বাংলার গ্রাম। (১৯৭-২০০)

পাট ও শণে প্রস্তুত দ্রব্য। জলসাবনে মেদিনীপুরের অবস্থা। ইণ্ডিয়ান ন্যাশন্যাল ব্যাঙ্ক লিঃ। (২৩১ ২৩৩)

মেদিনীপুরে পল্লী-উন্নয়ন: রাস্তাঘাট। জল-সরবরাহ ও স্বাস্থ্যরক্ষা। শিক্ষা। কৃষিকার্য্য। গোল আলুর চাষে বাংলা ও ভারত। (২৬৩-২৬৭)

সুতা, কাপড় ও কাগজের দুর্ম্মূল্যতা। কেরোসিন তৈল সিণ্ডিকেট। গ্রামে ফিরিয়া যাও। চাউলের দর-নিয়ন্ত্রণ। খাসিয়া ও জৈন্তিয়ার নূতন রাজস্বের হার। (২৯৭-২৯৭)

বাংলার অর্থনৈতিক দুর্গতি। কলিকাতায় চুরি ও ও চোরাই মাল। বাজার-দর বিভ্রাট। কলিকাতায় নলকূপ। (৩২৭-৩৩০)

যুদ্ধকালীন আর্থিক দায়। বাংলায় সমবায় ভূমি বন্ধকী ব্যাঙ্ক। সহরের সঙ্কটময় অবস্থা। (৩৩৯-৩৬১)

## আর্থিক ভারত

দিয়াশলাইয়ের মূল্যবৃদ্ধি। ভারতের নূতন অস্ত্রাগার। ভারতে প্রস্তুত রবারের জিনিষ ও শিরিষ কাগজ। ভারতবর্ষে গোলাগুলির উৎপাদন-বৃদ্ধি। (১০-১১)

ময়ূরভঞ্জ রাজ্যে গাছপালার অনুসন্ধান। ময়ূরভঞ্জে বাঁশের চাষ। ভারতের প্রধান প্রধান শিল্প-প্রতিষ্ঠান। সহর ও মফঃস্বলের লোকসংখ্যার অনুপাত। রেলওয়ের আয়। (৪২-৪৪)

প্রধান প্রধান বন্দর ও ব্যবসায়-কেন্দ্র। এডেন। করাচী। রেলওয়ে বোর্ডের বাৎসরিক রিপোর্ট। (৭৪-৭৬)

ভারতীয় বীমার উন্নতি। জীবনবীমার অ্যাসেট্‌স্। বীমা কোম্পানীর আয়-ব্যয়। ভারতে পাটের কারবার। আমেরিকার বাণিজ্য। ভারতীয় আয়-কর হইতে বাণিজ্যের গতি নির্ণয়। দেশীয় তুলার ব্যবহার। পাটজাত দ্রব্য উৎপাদন। যুদ্ধজনিত ট্যাক্স। (১০৪-১০৬)

ভারতীয় বন্দর: বেদি। ওখা। পোরবন্দর। ভবনগর। সুরাট। (১৩৮-১৪০)

ভারতে তুলার দ্রব্যের উৎপাদন। ভারতে মাথাপিছু

কাপড়ের খাদন ও হাওলুমের উৎপাদন। ভারতীয় বন্দর : মারমুগাও। বোম্বে। ভারতে মোটর শিল্প স্থাপনের প্রস্তাব। ইণ্ডিয়ান মেশিন টুল ম্যানুফ্যাকচারিং কোং লিঃ। কেরোসিন ও পেট্রোলের দরে সামান্য বৃদ্ধি। ৬ লক্ষ ৪৯ হাজার বন্দর। সমরপ্রধর্শনী দল। ভারতে কার্পাস-জাত বস্ত্রাদির আমদানি। (১৬৯-১৭২)

তৈলবীজ। ভারতীয় নগর ও বন্দরের অর্থকথা : রেল ও সমুদ্র সংযোগ। বন্দর পরিচালনার কার্য্য। বোম্বে বন্দরটী কেমন? (২০১-২০৪)

কাপড়ের কলের কার্য্যকাল বৃদ্ধি। ভারতীয় বন্দর—বোম্বে। মাদ্রাজের। টেলিচেরি। মাহী। (২৩৪-২৩৭)

ভারতের লোকসংখ্যা। বৃটিশ ভারত ও করদ রাজ্য-সমূহের জনসংখ্যা ও শিক্ষিতের সংখ্যা। ইংলণ্ডে ভারতীয় ছাত্রদের শিক্ষা। ভারতীয় দ্রব্যের চাহিদা। (২৬৮-২৭০)

কাগজ-নিয়ন্ত্রণের ব্যবস্থা। ব্রহ্মে চাউল নিয়ন্ত্রণ পরিকল্পনা। বিহার জেলে বন্দীদের শিক্ষা। ভারতের আমদানি। কারখানা-নির্ম্মাণ সম্পর্কে নিষেধাজ্ঞা। লৌহ ও ইস্পাত। ত্রিবাঙ্কুরের বাণিজ্য। কাথিওয়াড় ষ্টেটের বিদেশী বাণিজ্য। ব্রুটিগারের বাণিজ্য। (২৯৮-৩০১)

কোচিন বন্দর। অন্নাভাবের প্রাদেশিক হিসাব। ডাক্তারী দ্রব্য তৈরীর উন্নতি। ভারতে লৌহ-উৎপাদন। মেশিনারি ও মিল ওয়ার্ক। ভারতে কেরোসিন আমদানি। মোটর গাড়ী আমদানি। মোটর, ওম্নিবাস, ভ্যান প্রভৃতি আমদানি। (৩৩১-৩৩৪)

কারখানায় বাধ্যতামূলক বীমা। ভারতে সামরিক বুট উৎপাদন। দরুজ চা। (৩৬২-৩৬৪)

## দুনিয়ার ধনদৌলত

মার্কিণ সাম্রাজ্য হইতে স্বর্ণ আমদানি-রপ্তানি। মার্কিণরাজ্যে ইণ্ডাষ্ট্রিয়াল লোন কর্পোরেশন। নিউইয়র্কের ব্যাঙ্ক। আমেরিকার কার্পের মাহিনার হার এবং তাহার ইণ্ডেক্স নম্বর। ইষ্ট ইণ্ডিজ হইতে শিশল রপ্তানি। (১২-১৪)

ব্রিটেনের যুদ্ধব্যয়। ইংলণ্ডে যুদ্ধের সময়ে সঞ্চয়। ইংলণ্ডে যুদ্ধের সময়ে সাধারণ জীবনে খরচা। যুদ্ধের সময়ে এক খাদ্যের পরিবর্ত্তে অন্য খাদ্যের ব্যবহার। সোভিয়েট রুশিয়ার পাটচাষ। (৪৫-৪৬)

আমেরিকায় জমি খরিদ। মার্কিণ দেশে তামাক। চীনদেশে অহিফেন। চীনের লৌহ ও ষ্টীল। চীনের নূতন চায়ের বাজার। যুক্তরাজ্য হইতে পশমের রপ্তানি। ফরাসী দেশের রপ্তানি। ফরাসী উৎপাদনশক্তির উপর গত যুদ্ধের প্রভাব। ইংলণ্ডে বেকার। ইংলণ্ডে ইন্‌সিওর্ড বেকারের সংখ্যা। (৭৭-৮০)

জাপানে জন-সংখ্যার চাপ বৃদ্ধি। নিউজিলাণ্ডের ঋণ। হেম্পের অনুকল্প। ব্রিটেনে নারী শ্রমিকের সংখ্যা-বৃদ্ধি। পৃথিবীর বৃহত্তম বোমারু বিমান। আমেরিকার কলকারখানাতে শ্রমিকের মজুরী ও কার্য্যকাল। অক্টোবর মাসে আমেরিকায় উৎপন্ন ফসল। (১০৭-১০৯)

মার্কিণ দেশে চাষ আবাদ। মার্কিণদেশে যুদ্ধের সময়ে আধিক বাড়্‌তি। মার্কিণদেশে পনীর উৎপাদন। মার্কিণদেশে মার্গারিণ। চীনে চায়ের চাহিদা। চীনদেশে যুদ্ধের সাহায্য। (১৪১-১৪৩)

ফরাসী, ব্রিটিশ ও বেলজিয়ামের উপনিবেশসমূহে তুলার উৎপাদন। মধ্য ও দক্ষিণ আমেরিকার রেঁড় সিল্কের অবস্থা। আমেরিকার স্থাশন্যাল ডিফেন্স। ব্রাজিলে শ্রমিকদের বেনিফিট গ্রাণ্ট। স্পেনে তুলার কারখানায় মজুরির ব্যবস্থা। চীনদেশের টুঙ্‌ষ্টেন বা উল্‌ফ্রাম। চীনে ১৯৪০ সনে শূকরের ব্রিসল্ রপ্তানি। (১৭৩-১৭৫)

গ্রেট ব্রিটেনে বেকার। গ্রেটব্রিটেনে ইন্‌সিওর্ড আন-এম্প্লয়েড্। গ্রেট ব্রিটেনে রোজগার। মার্কিণ দেশে স্থাশন্যাল ডিফেন্স প্রোগ্রাম। মার্কিণদেশে শিল্প ও কারখানাজাত দ্রব্যাদি। ব্রাজিলের বৈদেশিক বাজার। মার্কিণদেশ হইতে পশু রপ্তানি। (২০৫-২০৮)

চীনদেশের শিল্পজাত দ্রব্য। ফ্রান্সে কয় অনুমর্থ মজুর। চেকোশ্লোভাকিয়ার কয় অনুমর্থ মজুর। চীন হইতে ধাতু রপ্তানি। (২৩৮-২৪০)

দুনিয়ার পেট্রল। দুনিয়ায় পাটের চাহিদা। ব্রাজিলে পাটের ব্যবসা। আর্জ্জেন্টিনায় পাটের অবস্থা। মার্কিণ যুক্তরাষ্ট্রে পাটকল। পাটের শ্রেণী-বিভাগ। মার্কিণ দেশের

আমদানি ও রপ্তানির বহর। রপ্তানির আধিক্য। মার্কিণ দেশের বাণিজ্যিক লোকসান। যুদ্ধে বিনষ্ট বাণিজ্য-জাহাজ। ফ্রান্সের পতনের পর ব্রাজিলের বিদেশী বাজার। (২৭১-২৭৫)

বুলগেরিয়ায় শিশু-মঙ্গল সমিতি। শিশুদের জন্য কি কি বিষয়ে খরচা করা হয়? বুলগেরিয়ায় গৃহস্থের সেবায় দানের পরিমাণ। বার্ম্মা রোডে ম্যালেরিয়া নাশ। (৩০২-৩০৩)

চীনের কো-অপারেটিভ মুভ্‌মেণ্ট। গ্রীসের মেটারনিটি মুভ্‌মেণ্ট। বিভিন্ন দেশের ধান চাষের বিবরণ। বিভিন্ন দেশে গম আমদানি ও রপ্তানি। (৩৩৬-৩৩৮)

অধিকৃত রাজ্যে জার্ম্মাণির মুদ্রানীতি ও ব্যাঙ্কিং। মার্কিণ দেশে আবাদী উৎপন্নের মূল্যহার। আমেরিকায় মজুরদের আয়। শ্রমিকদের মাথা-পিছু আয়। চীনের ন্যাশনাল রিলিফ কমিশন। চীনে পণ্যমূল্যের হ্রাস-বৃদ্ধি বন্ধের চেষ্টা। বুলগেরিয়ায় ভীষণ বন্যা। (৩৬৫-৩৬৯)

## ব্যক্তি ও সঙ্ঘ

সমাজতন্ত্রবাদের ক্রমবিকাশ ও আধুনিক সমাজ। বেঙ্গল ন্যাশন্যাল চেম্বার অব্ কমার্সের সভা। (১৫-১৭)

ছাত্র সম্প্রদায়ের স্বাস্থ্য। ছাত্রীদের স্বাস্থ্য। স্বাস্থ্যোন্নতি সাধনের জন্য কমিটীর সুপারিশ। জুতা-নির্ম্মাণে পাটের ব্যবহার। (৪৭-৪৮)

স্যার তেজবাহাদুরের অভিভাষণ। আদিম অধিবাসী-দের উন্নয়ন-প্রচেষ্টা। পাট-গবেষণার লেবরেটরী। বিমান যুদ্ধে নিহত কালীপ্রসাদ চৌধুরী। (৮১-৮৪)

বোম্বাইয়ের সমাজ-বিজ্ঞান প্রতিষ্ঠান। বেঙ্গল ব্যাঙ্কস্ এসোসিয়েশনের সভায় ডাঃ নরেন্দ্রনাথ লাহার বক্তৃতা। পণপ্রথা-নিয়ন্ত্রণ বিল। (১১০-১১৬)

বাংলার পাব্লিক সার্ভিস কমিশন। ইয়োরোপীয়ান ও এ্যাংলো-ইণ্ডিয়ানদের শিক্ষা। ঔষধের মূল্য-নিয়ন্ত্রণ। (১৭৬-১৭৮)

নিখিল বঙ্গ জমীদারি কর্ম্মচারী সম্মেলন। সাহিত্য পরিষদের বার্ষিক সভা। (১৪৪-১৪৭)

ইণ্ডিয়ান বেকারী এসোসিয়েশন। সিসিলির যুদ্ধে ভারতীয় সৈন্যদের বীরত্ব। টেলিফোন কোম্পানীর দেয়ার। মহীশূর বিশ্ববিদ্যালয়। বিক্রয়কর আইনের প্রতিবাদ। দর্শন ও বর্ত্তমান যুগ। পুলিশের কার্য্য-বিবরণী। (২০৯-২১২)

নোয়াখালীর ঝড়বন্যা সম্বন্ধে করাটিয়া কলেজের অধ্যক্ষ ইব্রাহিম খাঁর বর্ণনা। যুক্তরাষ্ট্রের দেশরক্ষা ব্যবস্থা। বাংলার জনস্বাস্থ্য: রোগ নিবারণ। জন্মমৃত্যু। ম্যালেরিয়া ও যক্ষ্মা। প্রসূতি-কল্যাণ। (২৪১-২৪৪)

মুসলিম সাহিত্য পরিষদে বিনয় সরকারের যন্ত্রনিষ্ঠা। নারীর অভিযোগ। ভারতীয় সংবাদপত্র-সেবী সঙ্ঘ। (২৭৬-২৭৯)

বঙ্গীয় অর্থনৈতিক তদন্ত বোর্ডের কার্য্যবিবরণী। এক্সিস্-বিরোধী শক্তি-সঙ্ঘ। হুগলী জেলায় পল্লী-উন্নয়ন কার্য্যাবলী। (৩০৪-৩০৬)

মনীষী অক্ষয়কুমার মৈত্রেয়। স্ত্রীধনমূল্য নিয়ন্ত্রণ। কলিকাতায় শিল্প-প্রদর্শনীর অনুষ্ঠান। পরিব্রাজক চিত্তরঞ্জন দাস। (৩৩২-৩৩৪)

কলিকাতায় গমের অভাব। কিং জর্জ্জ রাজকীয় সামরিক স্কুলগুলির প্রসার। ভারতের জাহাজ নির্ম্মাণ শিল্প। বঙ্গীয় মিল মালিক সমিতি। লডাইয়ের বিপদে বাঙ্গালীর কর্ত্তব্য। (৩৭০-৩৭৩)

## মোলাকাৎ

সমাজ সেবার প্রতিষ্ঠান। (১৮, ১১৭, ১৭৯)
সমাজ বিজ্ঞানে মূল্যতত্ত্ব। ৪৯
চট্টগ্রামের মধ্যবিত্ত শ্রেণী। ৮৫
প্রসূতি ও শিশুমঙ্গল প্রতিষ্ঠান। ১৪৮
সমাজ-তত্ত্বে কথা ও কাজ। (২)৩-২১৯)
সমাজ-বিজ্ঞানে প্রাতিষ্ঠানিক বিশৃঙ্খলতা।
সমাজ-গঠন বিজ্ঞান। ২৮০
গোষ্ঠী-গবেষণার আধুনিক গতি। ৩০৭
সমাজ-বিজ্ঞানে ভবিষ্যদ্বাণী। ৩৪৫
বঙ্গ-সংস্কৃতির লেন-দেন। ৩৭৪

## পত্রিকাজগৎ

২১, ৫২, ৮৮, ১২০, ১৫২, ১৮৪, ২২০, ২৫০, ২৮৩, ৩১০, ৩৪৯, ৩৭৮।

## সমালোচনা

২৪, ৫৫, ৯০, ১২৩, ১৫৫, ১৮৭, ২২৩, ২৫৩, ২৮৫, ৩১১, ৩৫১, ৩৮০।

## গ্রন্থপঞ্জী

২৬, ৫৮, ৯২, ১২৬, ১৫৭, ১৮৯, ২২৬, ২৫৬, ২৮৬, ৩১৩, ৩৫৩, ৩৮১।

## প্রবন্ধাবলী

আর্থিক উন্নতির পঞ্চদশ বর্ষ
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ
আন্তর্জাতিকতাবাদের অন্যতম আর্থাণ মনীষী ফিখ্‌টে
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ
দুনিয়ার আর্থিক পুনর্গঠন
অধ্যাপক বিনয়কুমার সরকার
দেশরক্ষা বাহিনীতে ভারতীয়দের অবস্থা
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ
পূর্ব্ব ইয়োরোপে কৃষি-সংস্কার
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ
বঙ্গদেশে বারিপাত, মৃত্তিকার ও পাটের দরের তারতম্যের তরঙ্গগতি
শ্রীগোপালচন্দ্র রায়, বি এস সি, বি, এল্
বৈদেশিক মুদ্রা-বিনিময়
শ্রীনগেন্দ্রনাথ চৌধুরী, এম এ (আমেরিকা) ২৭, ৬৫, ৯৩
ব্যক্তিগত প্রকৃতি ও ঘটনা
শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়, এম এ, বি এল ১৩০, ১৪৮
ভারতের বিদেশী ও স্বদেশী কল
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ
ভারতের যৌথ কারবার
শ্রীকালাচাঁদ চক্রবর্ত্তী
ভারতের লোকসংখ্যা ও দারিদ্র্য
অধ্যাপক শ্রীহীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় ১১, ১২৭
যুদ্ধকালীন আর্থিক ভারত
শ্রীমধুসূদন মজুমদার, বি এস ই ( মিশিগান ), এম এস ( ইলিনয় )
ল্যাপল্যাণ্ডের সমাজ-কথা
শ্রীলক্ষ্মীশ্বর সিংহ
শাস্তি-ব্যবস্থায় প্রোবেশন-রীতি
শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়, এম-এ, বি এল্
ক্ষয়িষ্ণু হিন্দু
শ্রীপ্রফুল্লরতন বিশ্বাস, এম এ

৯ নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# প্রাথমিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | আষাঢ়, ১৩৪৯ | ৩য় সংখ্যা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | ডাক মাশুল ৵০ অতিরিক্ত | প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

**Annual subscription Rs. 3/- (excluding postage).**

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

**Section 1. Wealth of Bengal:** Rural Development Scheme in Bengal. Preliminary Forecast of Jute. Index of Prices of Calcutta Jute. Export of Burlop from Calcutta. Prices of Sugar at different Factories. Price Control of *Dal*, Rice and other Necessaries of Life. Scarcity of Salt, Kerosene and Sugar in Barisal. Municipal Light and Water in Noakhali. Midnapore—(1) Canal, (2) Want of Cash. (pp. 65-69)

**Section 2. Economic India:** Exprot of Jute from India. Jute Stocks. Trade Relations of India with different Countries. The Number of Trams and Buses in Bombay. Indian Camp-Building Industry. The Aerograph Post between India and England. Parachute Silk in India Coal and other Wagons in Indian Railways. Production and Stocks of Sugar. Repayment of Rupee Loan. Export of Indian Cotton. Import of Cotton into India. Consumption of Cotton in Indian Mills. (pp. 70-73)

**Section 3. World Economy:** Production of Gold in the different Countries of the World. World's Petrol and Kerosene. Export of Lamb-skins into the U.S.A. from Afghanistan. The Amount of Insurance Money daily paid in America. Deposits by Foreign Banks in the U.S.A. Burlop Consumption in the U.S.A. Road Accidents in Great Britain. War Insurance in England. Family Pension in Spain. Fire in Canadian Factories. Chinese War Supply. Cotton Production in Egypt. (pp. 74-77)

**Section 4. Men, Institutions and Movements:** Selborne Scheme. International Labour Organization. Government on the Acquisition of Necessaries. The Bombay Military Educational Centre. The Homes of Evacuees. (pp. 78-79)

**Section 5. Interviews:** Conversation about the Method of the Analysis of Psycho-Drama in Family Life. (pp. 80-82)

**Section 6. World of Journals:** *The Agricultural Situation. Industry. Indian Spectator.* (83-84)

**Section 7. Reviews:** (1) *Methods of Family Living Studies: Income-Expenditure-Consumption.* (2) *Prologue to Politics.* (3) *Modern Dictatorship.* (4) *Propaganda in Germany during the third year's War.* (5) *Democracy through Public Opinion.* (pp. 85-86)

**Section 8. Bibliography:** 14 books announced. p. 87

**Article:**

Labour and Labour-Values.
By Sudha Kanta De, M.A., B.L. (pp. 88-96)

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 358. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 10. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL: Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

—বাঙলার ও বাঙালীর নিজস্ব সর্ব্বরহৎ বীমা-প্রতিষ্ঠান—

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

বাঙালী প্রতিষ্ঠিত, সম্পূর্ণ জাতীয় আদর্শে ৩৪ বৎসরকাল সুপরিচালিত বাঙালীর নিজস্ব সর্ব্বরহৎ আর্থিক প্রতিষ্ঠান। ইহাতে জীবন বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন। আপনার প্রয়োজন অনুযায়ী বিবিধ সুবিধাজনক বীমাপত্রের ব্যবস্থা আছে।

**আর্থিক পরিচয়**

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ১৬ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৩ ,, ৫৭ ,, ,, ,, |
| মোট সম্পত্তি | ৪ ,, ৫ ,, ,, ,, |
| দাবী শোধ (১৯০৭-৪০) | ২ ,, ২৭ ,, ,, ,, |

হিন্দুস্থানের বীমাপত্র যেমন নিরাপদ তেমন লাভজনক

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

ব্রাঞ্চ—বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।

এজেন্সি—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Suchin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Choudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Suchin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী

**বাংলার সম্পদ্** ঃ—বাংলা দেশে পল্লী-উন্নয়ন-কার্য্য। পাটচাষের প্রাথমিক পূর্ব্বাভাষ। কলিকাতা পাটের দরের সূচী সংখ্যা। কলিকাতা হইতে ক্যাম্বিস কাপড় রপ্তানি। বিভিন্ন ফ্যাক্টরীর চিনির দর। তালের মূল্য নিয়ন্ত্রণ। চাউলের মূল্য নিয়ন্ত্রণ। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দর। বরিশালে লবণ, কেরোসিন ও চিনির অভাব। নোয়াখালিতে জল ও আলোর অব্যবস্থা। মেদিনীপুর—(১) খাল, (২) ডাক্তারের অভাব। (৬৫-৬৯)

**আর্থিক ভারত** ঃ—ভারত হইতে পাট রপ্তানি। ভারতীয় পাট রপ্তানি। মজুত পাটের অবস্থা। বিভিন্ন দেশের সহিত ভারতের বাণিজ্য। বোম্বাই সহরে ট্রাম ও বাসের সংখ্যা। ভারতে তাঁবু নির্ম্মাণ। ভারত ও ইংল্যণ্ডের মধ্যে এয়ারগ্রাফ ডাক। ভারতে প্যারাস্থটের রেশম। কলিকাতা বোম্বাই মালগাড়ীর সংখ্যা। চিনির উৎপাদন ও মজুত। "রুপিলোন" পরিশোধ। ভারতের তূলা রপ্তানি। ভারতে তূলা আমদানি। ভারতীয় মিলে তূলার ব্যবহার। (৭০-৭৩)

**দুনিয়ার ধনদৌলত** ঃ—স্বর্ণ উৎপাদনের পরিমাণ। পেট্রল ও কেরোসিন। আফগানিস্থান হইতে মার্কিণ যুক্তরাষ্ট্রে ভেড়ার চামড়া রপ্তানি। আমেরিকায় প্রত্যহ কত বীমার টাকা দেওয়া হয়। মার্কিণ যুক্তরাষ্ট্রে বিদেশী ব্যাঙ্কের মজুত টাকা। মোটা ক্যাম্বিস্ কাপড়। গ্রেটব্রটেনের রাস্তায় দুর্ঘটনা। বিলাতে যুদ্ধের সময়ে বীমা। স্পেনে পারিবারিক ভাতা। ক্যানাডার কল-কারখানায় অগ্নি। চীনদেশে যুদ্ধের সরবরাহ। মিশরে তূলার উৎপাদন। (৭৪-৭৭)

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—সেলবোর্ণ পরিকল্পনা। আন্তর্জ্জাতিক মজুর সংগঠন। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ-সমস্যা। বোম্বাইয়ের সামরিক শিক্ষাকেন্দ্র। উদ্বাস্তুদের ভিটামাটি। (৭৮-৭৯)

**মোলাকাৎ** ঃ—পারিবারিক জীবনে চিত্র-নাট্যের বিশ্লেষণ। [ শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়ের সহিত কথোপ-কথন ] (৮০-৮২)

**পত্রিকা-জগৎ** ৮৩

**সমালোচনা** ৮৫

**গ্রন্থপঞ্জী** ৮৭

**প্রবন্ধ** ঃ

শ্রম ও শ্রমের দাম

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল ৮৮

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) ঃ—প্রথম ভাগ দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷৹। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২৷৹। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) ঃ—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩৷৹। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸৹। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১৷৹। ৯। টাকার কথা ( নরেন রায় ) ২৲। ১০। ধনবিজ্ঞানে সাকুরেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪৷৹, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( গজেন বিশ্বাস ) ৷৹।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আষাঢ়—১৩৪৯ আর্থিক উন্নতি ১৭শ বর্ষ—৩য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জন্ম আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

## বাংলা দেশে পল্লী-উন্নয়ন-কার্য্য

বাংলা সরকারের পল্লী-উন্নয়ন বিভাগের কার্য্য-বিবরণী হইতে জানা যায় যে, ১৯৪১-৪২ খৃষ্টাব্দে পল্লী-সমিতির সংখ্যা ৩১,০৮০। গত বৎসর ছিল ৭,০৩১। সমিতি-সমূহের চাঁদা ও সাহায্য বাবদ্ আয়—৪,১১,৫৮৩/১৷ পাই; আর বিভিন্ন কাজের জন্য ব্যয়িত হইয়াছে—২,৭৬,২৫৫।/২ পাই। বয়স্কদের জন্য স্থাপিত বিদ্যালয়ের সংখ্যা ৭,০৪৩ হইতে বাড়িয়া ২২,৪৭৪ হইয়াছে। এই সকল বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ১,৫০,০০০ হইতে বাড়িয়া ৫,৩০,১৭৮ জন হইয়াছে। গ্রাম্য রাস্তা মেরামত ও নির্ম্মাণ হইয়াছে ২,০১৪ মাইল; ২৭৪ মাইল ১৮০ গজ লম্বা খাল কাটা ও ১,৮৫০টি বাঁশের ও কাঠের পুল তৈরী হইয়াছে। ৭০০এর উপর খেলার মাঠ, ১৭৩টি দাতব্য চিকিৎসালয়, ১,৪১১টি খেলা-ধূলা সমিতি করিয়া দেওয়া হইয়াছে। ২,৪৬৯ জন গ্রাম্য স্বেচ্ছাসেবককে সরকার পল্লী-উন্নয়ন শিখাইয়াছেন।

## পাটচাষের প্রাথমিক পূর্ব্বাভাষ

| জিলা বা প্রদেশ | অনুমিত ও লাইসেন্স প্রাপ্ত (একরে) গত বৎসর (শেষ পূর্ব্বাভাষ) | পাট চাষের ক্ষেত্র (একরে) এই বৎসর |
|---|---|---|
| যশোহর | ৭৮,৪৩৭ | |
| ২৪-পরগণা | ২৪,৮৯৫ | |
| বর্দ্ধমান | ৭,৪৯০ | |
| রাজসাহি | ৭০,৬৭০ | ৮৯,২৯৫ |
| দিনাজপুর | ৬৯,৪২০ | ১,২৫,৩৮০ |
| মুর্শিদাবাদ | ৩৬,২৩০ | ৭৭,৪১৫ |
| হাওড়া | ৪,২৪০ | ৯,৮০৫ |

| জিলা বা প্রদেশ | অনুমিত ও লাইসেন্স প্রাপ্ত (একরে) গত বৎসর | পাট চাষের ক্ষেত্র (একরে) এই বৎসর |
|---|---|---|
| বাঙ্কিলীঙ্ | ১,৫৭০ | ৩,৫৪৫ |
| বগুড়া | ৫৬,৬৯০ | ১,১৪,১৩০ |
| ঢাকা | ১,৭২,২৮০ | ২,৯৯,৩১৫ |
| মেদিনীপুর | ৭,৫২৫ | ১৬,৭৪৫ |
| হুগলি | ১৯,৯৭০ | ৪১,৫৫৫ |
| পাবনা | ৭২,১৫৫ | ১,৪৫,৫২৫ |
| ফরিদপুর | ১,২৮,০৪০ | ৩,০৪,৬৫৫ |
| ত্রিপুরা | ১,২৭,২৬০ | ২,৭৭,৫২৫ |
| ত্রিপুরা দেশী রাজ্য | ১৭,০০০ | ১৫,০০০ |
| যুলনা | ২৫,০২০ | ৫৪,২২০ |
| বীরভূম ও বাঁকুড়া | ২৪০ | ৬৩০ |
| জলপাইগুড়ি | ৩২,৮১০ | ৬৬,৩৪৫ |
| মালদহ | ২৮,৪৫৫ | ৫৯,২৩০ |
| মৈমনসিংহ | ৩,০০,৫০০ | ৬,৪৭,৮০৫ |
| চট্টগ্রাম | ২৭০ | ৬০০ |
| নদীয়া | ৪৩,৭৮০ | ১,০৮,৬৭৫ |
| রংপুর | ১,৮৮,৬৮০ | ৩,৯৫,০১০ |
| বাখরগঞ্জ | ২৮,৩০০ | ৭৮,৬৫৫ |
| নোয়াখালি | ২৯,২৩০ | ৭২,৯৮০ |
| কুচবিহার দেশী রাজ্য | ৩৮,৬০০ | ৩৬,৮৮০ |
| আসাম | ২,৯৬,০০০ | |
| বিহার | ২,৪২,৫০০ | ২,৩৮,৬০০ |
| উড়িষ্যা | ২৫,০৫৫ | পাওয়া যায় নাই |

## কলিকাতা পাটের দরের সূচী সংখ্যা

জুলাই ১৯১৪ = ১০০

| সময় | (১) কাঁচা পাট (২) তৈরী পাট (২) এর সহিত (১) % অনুপাত |
|---|---|
| গড় ১৯১৪-১৮ | ১৮২ |
| „ ১৯১৯-২৩ | ১৪২ |
| গড় ১৯২৪-২৮ | ১১৪ |
| „ ১৯২৯-৩৩ | ৫৯ |
| „ ১৯৩৪-৩৮ | ৪১ |
| „ ১৯৩৯ | ৮০ |
| „ ১৯৪০ | ৭২ |
| „ ১৯৪১ | ৭৭ |
| এপ্রিল | ৫৭ |
| মে | ৬২ |
| জুন | ৭৩ |
| জুলাই | ৭৬ |
| আগষ্ট | ১০১ |
| সেপ্টেম্বর „ | ১০৪ |
| অক্টোবর „ | ৯৫ |
| নবেম্বর | ৯৮ |
| ডিসেম্বর „ | ৮৩ |
| জানুয়ারী ১৯৪২ | ৭২ |
| ফেব্রুয়ারী | ৭২ |
| মার্চ্চ | |
| এপ্রিল | |
| মে | |

| | | |
|---|---|---|
| | ১৪৬ | ১৩৭ |
| | ৮৮ | ১৪৯ |
| | ৬৯ | ১৪১ |
| | ১০২ | ১২৮ |
| | ১০৭ | ১৩৫ |
| | ১৩৭ | ১৭৮ |

## কলিকাতা হইতে ক্যাম্বিস কাপড় রপ্তানি

| | গজ |
|---|---|
| ১৯১৯ | ১১৫,৪৫,৯৩,৮০০ |
| ১৯২৪ | ১৪২,০২,৩০,৪২৬ |
| ১৯২৯ | ১৬৭,৮৬,২৪,২৪১ |
| ১৯৩৪ | ১০৮,০০,৬৫,০২৩ |
| ১৯৩৫ | ১২০,৯০,০৪,৭৫৮ |
| ১৯৩৬ | ১৬১,৪৩,৮২,৪২৬ |
| ১৯৩৭ | ১৭২,৫৪,২১,২১৪ |
| ১৯৩৮ | ১৪৭,৩০,৮৪,৮১৯ |
| ১৯৩৯ | ১৩৮,০০,৩৬,৩৭৬ |
| ১৯৪০ | ১৬০,৬৮,৭৫,৫২১ |
| ১৯৪১ | ১৫২,৬৫,১১,৮৮০ |
| ১৯৪১ মাসিক গড় | ১২,৭২,১৫,১৯০ |

## বিভিন্ন ফ্যাক্টরীর চিনির দর

বাংলা সরকার ১৫ই জুন হইতে নিম্নলিখিতভাবে বিভিন্ন ফ্যাক্টরীর চিনির দর নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন :—

ফ্যাক্টরী (১) পলাশী ট্রেডমার্ক স্বপ. এল্. পাইকারী দর প্রতি মণ—১৩।৭ পাই ; খুচরা দর প্রতি মণ—১৪৲, খুচরা প্রতি সের—।/১ পাই। ট্রেডমার্ক—এল, পাইকারী প্রতি মণ—১৩।০ ; খুচরা প্রতি মণ—১৪৲, খুচরা প্রতি সের—।/১ পাই। স্বপার হোয়াইট পাইকারী প্রতি মণ—১৩।৬ পাই, খুচরা প্রতি মণ—১৩৸৬ পাই, খুচরা প্রতি সের—।/১ পাই। এ ডবলিউ পাইকারী প্রতি মণ—১৩৵০ ; খুচরা প্রতি মণ—১৩৸৩ পাই, খুচরা প্রতি সের—।/১ পাই। (২) দর্শনা ট্রেডমার্ক ও. পাইকারী প্রতি মণ—১৩৵১ পাই, খুচরা প্রতি মণ —১৩৸১ পাই, খুচরা প্রতি সের—।/১ পাই। (৩) বেলডাঙ্গা এ. পাইকারী প্রতি মণ—১৩৵১ পাই ; খুচরা প্রতি মণ—১৩৸১ পাই, খুচরা প্রতি সের—।/১ পাই। (৪) সেতাবগঞ্জ, পাইকারী প্রতি মণ—১৩৷৵০ ; খুচরা প্রতি মণ—১৪৵০, খুচরা প্রতি সের—।/১ পাই। (৫) গোপালপুর ট্রেডমার্ক স্বপ. এ এ. পাইকারী প্রতি মণ—১৩৷৵০ ; খুচরা প্রতি মণ—১৪৵০, খুচরা প্রতি সের—।/১ পাই। উপরোক্ত পাইকারী বাজার দর অপেক্ষা কাটাপুকুরের দর ।০ আনা কম।

## ডালের মূল্য নিয়ন্ত্রণ

বাংলা সরকারের মূল্য নিয়ন্ত্রণ বিভাগের কর্ত্তৃপক্ষ জানাইয়াছেন যে ১৯৩৯ খৃষ্টাব্দের ২২শে ডিসেম্বর বাংলা সরকার বিভিন্ন শ্রেণীর ডালের দর বাঁধিয়া একটি আদেশ জারী করিয়াছিলেন। ইহার পর মাল গাড়ীর অভাবে যে অবস্থার উদ্ভব হইয়াছে সরকার তজ্জন্য নিম্নলিখিত ভাবে ডালের দর সামান্য রূপ বাড়াইয়া দিয়াছেন। গত ২২শে জুন হইতে এই ব্যবস্থা কার্য্যকরী হইয়াছে। মসুর (কানাকী) ডাল প্রতি মণ—৭৲ টাকা, প্রতি সের—৶০ আনা। অড়হর (মাঝারি শ্রেণী) প্রতি মণ —৭।০ আনা, প্রতি সের—৶৩ পাই। কলাই (মাঝারি শ্রেণী) প্রতি মণ—৭।০ আনা, প্রতি সের—৶৩ পাই। ছোলা (মাঝারি) প্রতি মণ—৬।০ আনা, প্রতি সের—৶০ আনা। মুগ (ভাঙ্গা) প্রতি মণ—১৩৲ টাকা, প্রতি সের —।/১ পাই। খেসারী প্রতি মণ—৪৸০ আনা, প্রতি সের—৵৬ পাই।

## চাউলের মূল্য নিয়ন্ত্রণ

বাংলা সরকারের প্রচার বিভাগ হইতে জানান হইয়াছে যে, চাউলের মূল্য নির্দ্ধারণ করিয়া বাংলা সরকারের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ কর্ত্তা যে বিজ্ঞপ্তি দিয়াছেন, সেই দর শুধু কলিকাতায়ই প্রযোজ্য হইবে। মফঃস্বলে চাউলের দর মণ প্রতি ।০ আনা হইতে ।৵০ আনা কম হইবে। মোটা ও মাঝারি চাউলের নিম্নলিখিতরূপ শ্রেণী বিভাগ করা হইয়াছে :—মোটা চাউল—সাদা মোটা, লাল মোটা, উড়িষ্যা মোটা প্রভৃতি। মাঝারি অথবা সাধারণ চাউল—বিণ্ডা, কমলা, নাগরা, পাটনাই সাধারণ, পাটনাই মাঝারি ইত্যাদি।

## নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দর

মূল্য নিয়ন্ত্রণ বিভাগের প্রধান কর্ম্মকর্ত্তা একখানি বিজ্ঞপ্তিতে জানাইয়াছেন যে কলিকাতা ও সহরতলীর জন্য নিম্নলিখিত ভাবে বিভিন্ন দ্রব্যের দর বাঁধিয়া দেওয়া হইল। ইহা হইতে বেশী দরে কেহ মাল বিক্রয় করিলে ভারতরক্ষা আইন অনুযায়ী তাহার তিন বৎসর সশ্রম কারাদণ্ড অথবা জরিমানা কিম্বা উভয় শাস্তিই হইতে পারিবে।

| মসলা | |
|---|---|
| হলদি | ৶০-।০ প্রতি সের |
| লঙ্কা | ৶০ |
| মুসরী (ফোরী) | ৶০ |
| অড়হর (২য় শ্রেণী) | ৵১০-৶০ |
| কলাই ( ) | ৵১০-৵১৫ „ |

| | |
|---|---|
| মুগ ( ভাঙ্গা ) | ৵১০-।০ প্রতি সের |
| খেসারী | ৵১০ |
| ছোলা ( ২য় শ্রেণী ) | ৵১০ |

মসলা

কলিকাতায় হাউসহোল্ড ৩নং ও অপরাপর আমদানি মাল

আটা

| | |
|---|---|
| লাল চন্দৌসী হিন্দুস্থান সের | ৵১০½ পাই |
| লাল আটা | ৵৭½ ,, |
| সাদা আটা | ৵১০½ ,, |

নারিকেল তৈল

পেনাং ও কলম্বো ( সের ) ৵০ ( পরিবর্ত্তনের সম্ভাবনা আছে। )

সরিষার তৈল

৷৹ প্রতি সের
।৵০

লবণ ৵১৫ প্রতি সের

কেরোসিন তৈল

| | | |
|---|---|---|
| কেরোসিন তৈল সাদা | ৵০ ২৬ আউন্সের বোতল | |
| লাল | ৵১৫ ,, | |

দিয়াশলাই

| | | |
|---|---|---|
| দিয়াশলাই | ৮০ কাঠি | ৲১৫ প্রতি বাক্স |
| | ৫০ | ৲১০ |
| | ৪০ | ৲৷৷০ ,, |

পোড়া কয়লা

পোড়া কয়লা ১৷০ মণ কুলী খরচ সমেত

চিনি

| | |
|---|---|
| চিনি ১নং ( মোটা দানা ) | ।৵১৫ প্রতি সের |
| ,, ( মাঝারি দানা ) | ।৵১০ |
| সাধারণ গুড়া সাদা | ।৵০ |

## বরিশালে লবণ, কেরোসিন ও চিনির অভাব

কিছুদিন যাবৎ সহরে লবণ, চিনি ও কেরোসিনের অভাব বিশেষভাবেই অনুভূত হইতেছে। সহরের অধিবাসী কেহ ৵১ সের চিনি, কি ৵১ সের লবণ, কি ১ বোতল কেরোসিন কিনিতে পারে না। দোকানদার সোজা বলিয়া দেয়, "নাই"।

যাহেতুক্ষণে যাত্রা করিতে পারিলে, অর্থাৎ ৪টা বা ৪৷৷ টায় দোকানদারের মরজি অনুসারে যাইতে পারিলে ৵৷ সের কি ৵৷ পোয়া কি দুই পয়সার কেরোসিন পাওয়া যাইতে পারে, তদন্তথায় খালি বোতলসহ ফিরিয়া আসিয়া অন্ধকারেই ছেলেপেলে সহ রাত্রি কাটাইতে হয়।

সমস্ত সহর ঘুরিয়াও লোক ৵৷ সের লবণ পায় না, কিন্তু প্রতিদিন সহর হইতে লবণ বিভিন্ন বন্দরে চলিয়া যাইতেছে। কেন এমন হয়? আমাদের মনে হয়, দোকানদারদের নিকট ঐ সকল মাল বিক্রি করিয়া মস্ত লাভ করে। সহরের লোকের নিকট এত চড়া দর চাহিয়া আইন আমলে পড়িয়া তাহাদের লাভ কি? বাজারের প্রতি ঘরে ঘুরিয়াও ৵৷০ সের চিনি পাওয়া যায় না, সোজা বলে, নাই। অথচ চিনিজাত মিঠাই মণ্ডা প্রতিদিন প্রস্তুত হইয়া বিক্রি হইতেছে। ইহার মূলেও ঐ দর। কালাইয়া ও অন্যান্য বন্দরে গঙ্গাসাগর হইতে বহু মণ লবণ প্রবাহিত হইতেছে; অন্যান্য জায়গায়ও টাকা দিলে ২৷৷ সের একদিনে পাওয়া যায়। তবে রসিদ নাই, প্রমাণ দেওয়া কঠিন।

কে ইহার প্রতিকার করিবে? সরকার যুদ্ধ নিয়া ব্যস্ত, মহাজন স্বার্থ নিয়া ব্যস্ত, কংগ্রেস দেশ উদ্ধার নিয়া ব্যস্ত। সুতরাং নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ।

( বরিশাল-হিতৈষী )

## নোয়াখালিতে জল ও আলোর অব্যবস্থা

আজ কয়েক মাস যাবৎ নোয়াখালির মিউনিসিপ্যাল রাস্তায় আলো ও কলের জল সরবরাহের ব্যবস্থা বন্ধ রাখা হইয়াছে। বর্ষার সময় দিনের বেলায় চলাই কষ্টকর, রাত্রি বেলায় অন্ধকারে চলা যে কিরূপ কঠিন সহজেই বুঝা যাইবে।

নোয়াখালিতে পানীয় জলের ভাল পুকুর নাই বলিলেও চলে। যে কয়েকটি নলকূপ আছে তাহা মোটেই পর্য্যাপ্ত নহে। সামান্য যে কয়েকটি পুকুর অবশিষ্ট আছে, বর্ষার সময় আশপাশের মাটি ধুইয়া জল পুকুরে পড়ে এবং তাহার সহিত নানাবিধ আবর্জ্জনা ও দূষিত পদার্থ মিশ্রিত হইয়া অত্যধিক পরিমাণে সকল পুকুরের জলই দূষিত করে। আবার এসব পুকুরে প্রতি দিনই হাজার হাজার লোক স্নান করে ও নানাভাবে ব্যবহার করে। এই অবস্থায় এ সব পুকুরের জল পান করা নিরাপদ নহে। (নোয়াখালি-হিতৈষী)

## মেদিনীপুর

### (১) খাল

এতদঞ্চলের নৈসর্গিক খালকে ক্যানেলে পরিণত করা অবধি আজ প্রায় পঞ্চাশ বৎসর ধরিয়া আমরা দেখিয়া আসিতেছি যে, যখন বৃষ্টি থাকে না, তখন ক্যানেলের জল অনেক সময় এত কম থাকে যে, সে পথে বোঝাই নৌকাদি যাতায়াত করিতে পারে না; আর একটু বেশী বৃষ্টি হইলে উড়িষ্যা কোষ্ট ক্যানেল পথে উচ্চস্থান সমূহের জল এত বেগে চাপিয়া আসে যে, সেই জল ক্যানেলের জলের সহিত মিলিত হইয়া মাঠের শস্যহানি ঘটায়। এবারেও উড়িষ্যা কোষ্ট ক্যানেলের অতিরিক্ত জল মাঠে প্রবেশ করিয়া জলমগ্নোন্মুখ ক্ষুদ্র ক্ষুদ্র ধান্যচারাগুলিকে নষ্ট করিবে আশঙ্কা হইতেছে। উড়িষ্যা কোষ্ট ক্যানেল ও অন্যান্য জল-নিকাশী খালের সরপাই, ভাইটগড়, দহগড়া প্রভৃতি স্লুইস সমূহের কপাট অবিলম্বে খুলিয়া দিয়া এই অতিরিক্ত জল-নিকাশের ব্যবস্থা করা প্রয়োজন।

### (২) ভাঙ্গানির অভাব

সম্প্রতি এতদঞ্চলে টাকার ভাঙ্গানি পয়সা, এক আনি, দুয়ানি, সিকি ও আধুলির অত্যন্ত অভাব ঘটায় ক্রেতা বিক্রেতা সকলকে বিব্রত হইতে হইয়াছে। এক টাকার নোটের এত অধিক ছড়াছড়ি হইয়াছে যে লোকে অন্য কোন জিনিষ কিনিতে গেলেও এক টাকার নোট দিয়া ভাঙ্গানি চাহিতেছে; কিন্তু হাট-বাজারের এক প্রান্ত হইতে অন্য প্রান্ত পর্য্যন্ত দোকানে দোকানে ঘুরিয়াও ভাঙ্গানি না পাওয়ার জন্য জিনিষ ক্রয় করিতে বেগে পড়িতে হইতেছে এবং সময় নষ্ট হইতেছে। খুচরা না পাওয়ায় সকলেরই বিশেষ কষ্ট হইয়াছে। অবিলম্বে টাকার অনুপাতে উপযুক্ত পরিমাণ পয়সা, সিকি, দুয়ানি, আনি, খুচরা ভাঙ্গানির পর্য্যাপ্ত আমদানী করিয়া সাধারণের অসুবিধা দূর করা উচিত। (নীহার-মেদিনীপুর)

## ভারত হইতে পাট রপ্তানি

| | |
|---|---|
| ১৯২০-২১ | |
| ১৯২৪-২৫ | |
| ১৯২৯-৩০ | |
| ১৯৩৫-৩৬ | |
| ১৯৩৬-৩৭ | |
| ১৯৩৭-৩৮ | |
| ১৯৩৮-৩৯ | |
| ১৯৩৯-৪০ | ২৮,৮৩,১৮২ |
| ১৯৪০-৪১ | ১৩,৮৯,৩৮৭ |

## ভারতীয় পাট রপ্তানি

( ১০০০ টন )

| | ১৯৪১-৪২ | | |
|---|---|---|---|
| | কাঁচা পাট | | |
| জুলাই-জানুয়ারী | ১৮৭·৭ | | |
| | তৈরী পাট | | |
| জুলাই-জানুয়ারী | ৫৫৬·৭ | ৫২৭·২ | |
| | কাঁচা পাট + তৈরী পাট | | |
| জুলাই-জানুয়ারী | ৭৪৪·৪ | ৬৫২·৬ | ৯২২·৩ |
| জানুয়ারী | ১০৪·৯ | ১২১·১ | ১৬৬·১ |

## মজুত পাটের অবস্থা

১৯৪২, মে মাসের শেষে ভারতীয় পাট কল সমিতি একটি বিবরণী প্রকাশিত করিয়াছেন। রায়গড়, শ্রীহনুমান, নাসাকপারা, কেদারনাথ এবং মাহেশ্বর দেবী নামক পাট কলগুলির তথ্য পাওয়া যায় নাই। ঐগুলি বাদে ঐ সময়ে ২৯,১০,১৬,৫৮৮ গজ হেসিয়ান কাপড় এবং ব্যাগ বাজারের জন্য মজুত ছিল,—ওজন ৭৫,৩৫৯ টন। গত এপ্রিল মাসে ছিল—২৫,২৬,৫৩,৬৯০ গজ এবং ওজন ৬৪,৮৯২ টন। থলের কাপড় মজুত ছিল ২২,৮৬,২৬,৬৬৯ গজ এবং তাহার ওজন ৯৬,৮১৯ টন।

সরকারের জন্য বালুর থলে মে মাসের শেষে ১২,৫১,৫৬,২৭২ গজ এবং ওজন ২৬,৩৪৯ টন ছিল, আর এপ্রিলের শেষে ছিল ১২,৫১,৪৮,০০১ গজ এবং ২৬,১৮৬ টন। ক্রিম্ লুপ মজুত ছিল ১,১৫,৭৯,৮০১ গজ এবং তাহার ওজন ছিল ৩,১৫৮ টন; এপ্রিল মাসের শেষে ১,২৫,৭০,০৫১ গজ ও ৩,৫৬৮ টন।

গজ এবং ওজন হিসাবে হেসিয়ান, ব্যাগ, কাপড় ও ক্যানভাস সব চেয়ে অধিক ছিল। স্যাকিং কাপড় এবং ব্যাগ বৃদ্ধি পায় ৯৯,৬৪,৪২৫ গজ হইতে ১,৫৭,১৬,২১২ গজে।

যদি সাপ্তাহিক কাজের ঘণ্টা ৬০ হইতে ৫৪ ঘণ্টায় কমিয়া না যাইত তা হইলে টক্ আরও বৃদ্ধি পাইত। জাহাজের কারবার অনেক পরিমাণে কমিয়া যাওয়ায় টক আরও বাড়িয়া গিয়াছিল। আমেরিকা প্রভৃতি দেশে পাটের চাহিদা যথেষ্ট বাড়িয়া গিয়াছিল, কারণ সেখানে পাটের টক খুবই কমিয়া গিয়াছে। কিন্তু ভাড়া জাহাজে জায়গার অভাব হেতু টক্ বাড়িয়াছে।

চীনে ও রাশিয়া প্রভৃতি দেশে স্থলপথে পাটের বাণিজ্যের প্রসার-সম্ভাবনা ছিল। পাট আধুনিক যুদ্ধের অঙ্গস্বরূপ বলিলেও অত্যুক্তি হয় না, কিন্তু ইহার টক্ পড়িয়া থাকায় চাষীর ক্ষতি হইবে।

## বিভিন্ন দেশের সহিত ভারতের বাণিজ্য

১৯৪০-৪১ খৃষ্টাব্দে ইংল্যণ্ড হইতে ভারতে ৩৫'৯৩ কোটি টাকার মাল আসিয়াছিল। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে সেই স্থলে ৩৬'৬৪ কোটি টাকার মাল আসিয়াছে। পূর্ব্ব বৎসর কেনিয়া হইতে ৩'৩৬ কোটি টাকার, ক্যানাডা হইতে ২'৯৬ কোটি টাকার ও অষ্ট্রেলিয়া হইতে ২'৪৮ কোটি টাকার মাল আমদানি হইয়াছিল। এবার যথাক্রমে ৬'৭২ কোটি টাকার, ৬'৬৯ কোটি টাকার ও ৪'৯৫ কোটি টাকার মাল আমদানি হইয়াছে। আলোচ্য বৎসরে ব্রহ্মদেশ, সিংহল ও মালয় হইতে আমদানি কিছু বাড়িয়াছে। রপ্তানির হিসাবে দেখা যায়, আলোচ্য বৎসরে গতবারের তুলনায় বৃটিশ সাম্রাজ্যভুক্ত দেশগুলির মধ্যে ব্রহ্মদেশ, নিউজিল্যাণ্ড ও হংকংয়ে ভারতীয় মালের রপ্তানি হ্রাস পাইয়াছে, তাহা ছাড়া অন্য সকল দেশেই রপ্তানি বৃদ্ধি পাইয়াছে। ১৯৪০-৪১ খৃষ্টাব্দে ভারত হইতে ইংল্যণ্ডে ৬৪'৯২ কোটি টাকার মাল প্রেরিত হইয়াছিল। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে ৭৭'০১ কোটি টাকার মাল প্রেরিত হইয়াছে। পূর্ব্ব বৎসর সিংহলে ৭'৩ কোটি টাকার, অষ্ট্রেলিয়ায় ৭'৩৩ কোটি টাকার ও ক্যানাডায় ৩'১৭ কোটি টাকার মাল রপ্তানি হইয়াছিল। আলোচ্য বর্ষে যথাক্রমে ৯'৭৬ কোটি টাকার, ১১'৪৫ কোটি টাকার ও ৬'৪৭ কোটি টাকার মাল রপ্তানি হইয়াছে। আমদানি ও রপ্তানি বাড়িবার ফলে বৃটিশ সাম্রাজ্যভুক্ত অন্যান্য দেশের সহিত ভারতীয় বাণিজ্যের মোট পরিমাণ উল্লেখযোগ্যরূপে বৃদ্ধি পাইয়াছে এবং সেই বাণিজ্য মোটা-মুটিভাবে এদেশের পক্ষে অনুকূল হইয়াছে। ১৯৪০-৪১ খৃষ্টাব্দে বৃটিশ সাম্রাজ্যভুক্ত দেশসমূহ হইতে ভারতে মোট ৮৯'২১ কোটি টাকার মাল আমদানি ও ভারত হইতে ঐ সমস্ত দেশে ১১৬'৬১ কোটি টাকার মাল রপ্তানি হইয়াছিল। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে আমদানি ও রপ্তানির পরিমাণ বাড়িয়া যথাক্রমে ১০৫'৬৪ কোটি টাকা ও ১৪৮'৮৪ কোটি টাকা দাঁড়াইয়াছে।

১৯৪০-৪১ খৃষ্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্র হইতে ভারতে ২১ কোটি টাকার মাল আমদানি হইয়াছিল। ১৯৪১-৪২ ৩৪'৬ কোটি টাকার মাল আসিয়াছে। রপ্তানির হিসাবে দেখা যায়, আলোচ্য বৎসরে ভারত হইতে মার্কিন যুক্তরাষ্ট্রে মালের রপ্তানি ২০'৪৯ কোটি টাকা বাড়িয়া ৪৬'৩৯ কোটি টাকা হইয়াছে। ১৯৪০-৪১ খৃষ্টাব্দে ভারতে মিশর হইতে ২'৭৪ কোটি টাকার ও ইরাণ হইতে ৩'৪ কোটি টাকার মাল আমদানি হইয়াছিল। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে আমদানি বাড়িয়া যথাক্রমে ৪'৬৯ কোটি টাকায় ও ৮'০৩ কোটি টাকার পরিণত হইয়াছে। অপর দিকে পূর্ব্ব বৎসরের তুলনায় আলোচ্য বৎসরে মিশরে ভারতীয় মালের রপ্তানি ২'৮৬ কোটি টাকা হইতে ৫'২৬ কোটি টাকায় এবং ইরাণে ৫৭ লক্ষ টাকা হইতে ১'৩৩ কোটি টাকায় বৃদ্ধি পাইয়াছে। মোট বাণিজ্যের হিসাবে দেখা যায় ১৯৪০-৪১ খৃষ্টাব্দে বৃটিশ সাম্রাজ্যের বহির্ভূত বিভিন্ন দেশ হইতে ভারতে ৬৭'৬ কোটি টাকার মাল আমদানি ও অপরদিকে ৭০'২৮ কোটি টাকার ভারতীয় মাল রপ্তানি হইয়াছিল। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে আমদানি বাণিজ্য ৭৮ লক্ষ টাকা বাড়িয়া মোট ৬৭'৬৪ কোটি টাকা হইয়াছে, এবং রপ্তানি বাণিজ্য ১৮ কোটি টাকা বাড়িয়া মোট ৮৮'৩৭ কোটি টাকা দাঁড়াইয়াছে।

## বোম্বাই সহরে ট্রাম ও বাসের সংখ্যা

বোম্বাই সহরে দৈনিক ২৬৫ খানা ট্রামগাড়ী চলাচল করে। ইহার চালকের সংখ্যা হইতেছে ৪১০ জন এবং কণ্ডাক্টর হইতেছে ১,২১৬ জন। বোম্বাই সহরে বাসের সংখ্যা হইতেছে ১৬৬ খানা, চালকের সংখ্যা ৩৪০ জন এবং কণ্ডাক্টর ৫১১ জন।

## ভারতে তাঁবু নির্ম্মাণ

বর্ত্তমানে ভারতবর্ষেই সর্ব্বাধিক পরিমাণ তাঁবু তৈয়ার হইতেছে। বৃটিশ সাম্রাজ্যের মধ্যে প্রাচ্যখণ্ডের দেশগুলি এবং মধ্য প্রাচ্য ও সুদূর প্রাচ্যের যুদ্ধক্ষেত্রে ভারতবর্ষ হইতেই সর্ব্বাপেক্ষা অধিক ক্যাম্বিসের তাঁবু প্রেরিত হয়। ভারতের সৈন্যরাও ভারতে প্রস্তুত তাঁবুই

ব্যবহার করে। ভারতে তাঁবু উৎপাদন অতি দ্রুতগতিতে বৃদ্ধি পাইতেছে। যুদ্ধের পূর্ব্বে ভারত সরকার সৈন্যদের জন্য অনুমান ১০ লক্ষ টাকা মূল্যের তাঁবু কিনিতেন। যুদ্ধ আরম্ভ হওয়ায় পর ১৯৪১-৪২ খৃষ্টাব্দে সরকার ১৩ কোটি টাকা মূল্যের ভারতীয় তাঁবু ক্রয় করেন এবং চলতি বৎসরে ১৬ কোটি টাকার তাঁবু কিনিবেন বলিয়া বরাদ্দ করিয়াছেন। এই বৎসরের প্রয়োজনীয় তাঁবুর জন্য আনুমানিক ২০ কোটি গজ ঘোষ্টি, ১৮ হাজার টন সুতার দড়ি এবং ৪ শত টন রং দরকার হইবে। যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্বে যুক্তপ্রদেশে ৪টি কারখানায় ক্যাম্বিসের তাঁবু প্রস্তুত হইত; ভারতের অন্য কোথাও আর এরূপ কারখানা ছিল না। ১৯৪০ সনে ভারতের বিভিন্ন স্থানে ৫৩টি তাঁবু তৈয়ারীর কারখানা স্থাপিত হয়। এই সমস্ত কারখানায় ও তাঁবুর আনুষঙ্গিক জিনিষপত্র নির্ম্মাণ কার্য্যে প্রায় ৭ লক্ষ শ্রমিক নিযুক্ত আছে।

## ভারত ও ইংল্যাণ্ডের মধ্যে এয়ারগ্রাফ ডাক

ভারত ও ইংল্যাণ্ডের মধ্যে সম্প্রতি যে এয়ারগ্রাফ ডাক স্থাপিত হইয়াছে উহার প্রথম ডাক গত ১১ই জুন করাচীতে আসিয়া পৌছিয়াছে। এই এয়ারগ্রাফ ডাকে ভারতে বিলি করার জন্য ১২,৪০০ চিঠি ছিল। ১৩ই এবং ১৪ই জুন আরও দুইটী ডাক আসিয়াছে। উহাতে যথাক্রমে ২৩,০০০ ও ৩৮,৫০০ চিঠি ছিল। ভারত হইতে প্রথমে যে এয়ারগ্রাফ ডাক ইংল্যাণ্ডে প্রেরিত হয় উহাতে দেড় হাজার চিঠি ছিল। বর্ত্তমানে ভারত হইতে প্রতি ডাকে গড়পড়তায় ৪৯ হাজার চিঠি যাইতেছে।

## ভারতে প্যারাসুটের রেশম

বৃটিশ সরকার এককালীন ১৮,৫০,০০০ টাকা ব্যয়ে প্যারাসুটের রেশম ভারতে উৎপাদন করিবার একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনা কার্য্যকরী হইলে প্যারাসুটের জন্য উপযুক্ত ও প্রয়োজনীয় ১০ লক্ষ পাউণ্ড গুটানো রেশম উৎপাদন করা সম্ভব হইবে।

## কয়লা বোঝাই মালগাড়ীর সংখ্যা

১৯৪১ খৃষ্টাব্দের ১লা এপ্রিল হইতে ১৯৪২ খৃষ্টাব্দের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত ভারতের সরকারী রেলওয়েসমূহের প্রশস্ত রাস্তায় ১০,৭৬,৫২৭ খানি মাল বোঝাই কয়লার গাড়ী যাতায়াত করিয়াছে। ১৯৪০-৪১ খৃষ্টাব্দে অনুরূপ সময়ে এইরূপ মালবাহী কয়লার গাড়ীর সংখ্যা ছিল ১০,৮৮,২৬৩ খানি। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে অপ্রশস্ত রেলপথ-সমূহে কয়লার মালবাহী গাড়ী চলাচলের সংখ্যা ছিল ১,৩৭,৫০৩ খানা; ১৯৪০-৪১ খৃষ্টাব্দে উহার সংখ্যা ছিল ১,৭৩,৭৪৫। ১৯৪১-৪২ খৃষ্টাব্দে পূর্ব্ব বৎসরের তুলনায় ১·৪২% কম কয়লার মালবাহী গাড়ী রেলপথ-সমূহে চলাচল করিয়াছে।

মে মাসের দ্বিতীয় ১০ দিনে মালবহনকারী প্রথম শ্রেণীর রেলগাড়ীর সংখ্যা ছিল—১,৭৮,৮৩৯, কিন্তু ১৯৪১ খৃষ্টাব্দে উক্ত সময়ে সংখ্যা ছিল ২,০২,২৮৩। প্রশস্ত রেলওয়ে বোঝাই মালগাড়ীর সংখ্যা ১,২২,৩৬৩ কমিয়াছে অর্থাৎ গত বৎসরের তুলনায় ১২·৯% কমিয়াছে। মিটার গেজ মালগাড়ী ১২,২৩৮ বা ১৭·৯% কমিয়াছে।

১লা এপ্রিল হইতে ২০শে মে পর্য্যন্ত

| | |
|---|---|
| মালগাড়ী (প্রশস্ত রেলপথ) | ৬,২১,৭১০ |
| মালগাড়ী ( অপ্রশস্ত ,, ) | ২,৭৭,৬৬৫ |

গত বৎসরের তুলনায় যথাক্রমে ১৩·৫% এবং ২৩·৪% কমিয়াছে।

১লা এপ্রিল হইতে ২০শে মে

| | | |
|---|---|---|
| কয়লা ও কোক্ মালগাড়ীর সংখ্যা | ১৯৪২ | ১,৩৯,৮৪৫ |
| | ১৯৪১ | ১,৬৬,৬১১ |
| শস্য ও ডালের মালগাড়ী | ১৯৪২ | ৯৪,৬৬৬ |
| | ১৯৪১ | ১,১৪,১৪২ |
| তৈলবীজের মালগাড়ী | ১৯৪২ | ২৭,৬৭৫ |
| | ১৯৪১ | ৩৭,৫৫৭ |
| তুলা ইত্যাদির মালগাড়ী | ১৯৪২ | ১৯,০৭২ |
| | ১৯৪১ | ২৭,২১৪ |

## চিনির উৎপাদন ও মজুত

১৩৩৫ সনের অতি উৎপাদন নিয়ন্ত্রণানুযায়ী কানপুর রাজকীয় চিনি আগারের অধ্যক্ষের নিকট হইতে ১৯৪২ মে মাসের প্রথম পনের দিনে প্রাপ্ত হিসাব নিম্নরূপ :—

| | ১৫ দিনের (মণ) | গত বছরে (মণ) |
|---|---|---|
| ১। ফ্যাক্টরিতে মজুত, গুড় | ১,৪২,৮৫,৩৮৪ | ১,৮১,৬১,৪০০ |
| ২। চিনির উৎপাদন | ১৩,২৪,৭৩৮ | ৩১,৭২,৯০৬ |
| ৩। চিনি পাঠানো হইয়াছে | ১০,৭২,৩১৭ | ৮,৫৮,৬৩৬ |
| ৪। ফ্যাক্টরীতে মজুত | ১,৪৬,১০,৮০৬ | ২,০৪,৭১,৬৭০ |

"চলতি পক্ষ" সম্বন্ধে যে সংখ্যা দেওয়া হইল তাহা ১৩৩টি কারখানা সম্বন্ধে প্রযোজ্য। উহারা ৯২% আখ মাড়াই করিয়া থাকে। গত বৎসর ১২৬টি ফ্যাক্টরীর সম্বন্ধে তথ্য প্রকাশিত হইয়াছিল এবং তাহারা মোট ৮৬% আখ মাড়াই করিত।

## "রুপিলোন" পরিশোধ

১৯৪২-৪৭ সনের যে রুপপত্র গবর্ণমেণ্ট ৫% সুদে গ্রহণ করিয়াছিলেন (উহা রূপান্তরিত ৫% ষ্টার্লিং লোন ১৯৪২-৪৭) তাহা জুন মাসের ১৫ তারিখে পরিশোধ করা হইবে বলিয়া প্রচারিত হইয়াছে। অবশ্য হাতনাগাদ সুদ দেওয়া হইবে। কিন্তু জুন ১৫ তারিখ বা তৎপরবর্তী তারিখে আর কোন সুদ চলিবে না বা দেওয়া হইবে না।

## ভারতের তুলা রপ্তানি

| | তুলা রপ্তানি কোটি টাকা | অন্যান্য সমুদয় দ্রব্য রপ্তানি কোটি টাকা |
|---|---|---|
| ১৯৩০-৩১ | ৪৬·৭৩ | ২২০·৪৯ |
| ১৯৩১-৩২ | ২৩·৭৮ | ১৫৫·৮৯ |
| ১৯৩২-৩৩ | ২০·৭০ | ১৩২·২৭ |
| ১৯৩৩-৩৪ | ২৭·২১ | ১৪৭·২৫ |
| ১৯৩৪-৩৫ | ৩৪·৪৫ | ১৪১·৬৭ |
| ১৯৩৫-৩৬ | ৩৪·৭৭ | ১৬০·৫২ |

## ভারতে তুলা আমদানি

| পৃষ্টাব্দ | আমেরিকা হইতে টাকা | মিশর হইতে টাকা | কেনিয়া হইতে টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১৯৩২-৩৩ | ৩,৮৪,৫৮,০০০ | ৬৬,২৫,০০০ | ১,৭৭,৮৬,০০০ | ৭,২৫,৭৩,০০০ |
| ১৯৩৩-৩৪ | ১৩,৯৮,০০০ | ৫৩,৩১,০০০ | ২,০২,২৬,০০০ | ৩,৫৫,৭০,০০০ |
| ১৯৩৪-৩৫ | ১৬,০১,০০০ | ১,৫৪,৭৯,০০০ | ২,৭৬,৫৮,০০০ | ৪,২৮,৩৮,০০০ |
| ১৯৩৫-৩৬ | ৩০,৮৩,০০০ | ১,৪০,৯৪,০০০ | ৩,১২,৯৪,০০০ | ৬,৭৪,২৪,০০০ |
| ১৯৩৬-৩৭ | ৮,২৪,০০০ | ৮৪,০১,০০০ | ৩,০৬,১৫,০০০ | ৪,৮৪,৬৮,০০০ |

## ভারতীয় মিলে তুলার ব্যবহার

(৭০০ পাউণ্ডের ০০০ বেল)

| পৃষ্টাব্দ | ভারতীয় তুলা | আমেরিকার তুলা | মিশর তুলা | অন্যান্য তুলা |
|---|---|---|---|---|
| ১৯৩২ | ২,২৯৬ | ১০০ | ৬৩ | ১৪১ |
| ১৯৩৩ | ২,২৬৮ | ১৩৫ | ৩৫ | ১৯৭ |
| ১৯৩৬ | ২,২২৯ | ৪০ | ৪২ | ২০৭ |
| ১৯৩৫ | ২,৫৫৯ | ৬৭ | ৬৪ | ২৪০ |
| ১৯২৬ | ২,৭১৭ | ৭০ | ৫৭ | ২৭১ |

| | |
|---|---|
| ভারতে মোট মিলের সংখ্যা | ৩৮০ |
| তাঁত | ২০,০২,০০০ |
| টেকো | ১,০০,২০,০০০ |

## স্বর্ণ উৎপাদনের পরিমাণ

১৯৪০ ও ১৯৪১ খৃষ্টাব্দে বিভিন্ন দেশে স্বর্ণ উৎপাদনের হিসাব নিম্নে দেওয়া হইল :—

| দেশের নাম | ১৯৪১ (পাকা সোনা আউন্স) | ১৯৪০ (পাকা সোনা আউন্স) |
|---|---|---|
| দক্ষিণ আফ্রিকা | | ১,৪০,৭৭,০০০ |
| ক্যানাডা | | ৪৩,১১,০০০ |
| মার্কিণ যুক্তরাষ্ট্র | | ৭৮,০২,০০০ |
| অষ্ট্রেলিয়া | | ১৬,৪৪,০০০ |
| ফিলিপাইন | | ১১,১২,০০০ |
| গোল্ডকোষ্ট | | ৮,৮৬,০০০ |
| মেক্সিকো | | ৮,৮৩,০০০ |
| দক্ষিণ রোডেশিয়া | | ৮,২৬,০০০ |
| কলম্বিয়া | | ৬,৩২,০০০ |
| পেরু | | ২,৮৮,০০০ |
| ভারতবর্ষ | | ২,৮৯,০০০ |
| চিলি | | ৩,৪০,০০০ |
| নিউ গিনি | | ২,৭০,০০০ |
| নিউজিলাণ্ড | | ১,৮০,০০০ |
| ব্রাজিল | | ১,৪০,০০০ |
| ট্যাঙ্গানিয়াকা | | ১,৪০,০০০ |
| ভেনেজুলা | | ১,৪৫,০০০ |
| ফিজি | ১,১৫,০০০ | ১,১৬,০০০ |
| | ৪,১৫,০০,০০০ | ৩,০৯,০০,০০০ |

## পেট্রল ও কেরোসিন

১৯৩০ সনে সমগ্র পৃথিবীতে ১৪১·৭ কোটি বেরেল পেট্রল উৎপন্ন হইয়াছিল ; তন্মধ্যে, আমেরিকার যুক্তরাষ্ট্র—৮৯·৮ ; ভেনেজুলা—১৩·৭ ; রুশিয়া—১৩·৫ ; ত্রিনিদাদ—·৯ ; ভারত ( ব্রহ্মসহ )—·৮ কোটি বেরেল।

ব্রহ্ম বাদে ভারতে দুইটি স্থানে পেট্রল খনির সন্ধান পাওয়া গিয়াছে। তন্মধ্যে আসামে ডিগ্‌বয়, এবং পাঞ্জাব ও বেলুচিস্থানে আটক নামক স্থানের তেলের খনি বিখ্যাত। কিন্তু এই সব স্থানের তেলের কাজ পুরাদমে চলিলেও, এবং ব্রহ্মদেশ-স্থিত এনাং খনি হইতে যথেষ্ট পেট্রল আসিলেও, ভারত তাহার চাহিদার অর্দ্ধেক কিংবা কিছু বেশী তেল উৎপন্ন করিতে সক্ষম হইয়াছে। ভারতবর্ষ প্রতি বৎসরই লক্ষ লক্ষ গ্যালন কেরোসিন তেল বিদেশ হইতে আমদানি করিয়া থাকে। আমদানির পরিমাণ : ১৯২৭ খৃষ্টাব্দে—৮·৮১৫, ১৯২৮—১০·৪১, ১৯৩০—১০·৮৫, ১৯৩২—৭·৮১০, ১৯৩৩—৫·৭৭৮ কোটি গ্যালন।

বর্ত্তমান যুদ্ধ ব্যাপারে কোন সামরিক বিশেষজ্ঞের মতে পেট্রল খরচের হিসাব এই : লরী—১ গ্যালন ২৫ মাইল, এরোপ্লেন—২½ গ্যালন ১ মাইল, ট্যাঙ্ক—১ গ্যালন ১½ মাইল, সাব্‌মেরিন—½ গ্যালন ১ ঘণ্টা, জাহাজ—৭½ টন ১ ঘণ্টা।

## আফগানিস্থান হইতে মার্কিন যুক্তরাষ্ট্রে ভেড়ার চামড়া রপ্তানি

১৯৪১ সনের প্রথম দশ মাসে আফগানিস্থান হইতে

মার্কিন যুক্তরাষ্ট্রে পারস্য দেশীয় ভেড়ার চামড়া রপ্তানির পরিমাণ দাঁড়াইয়াছে ৮,৮৫৪ বেল ( ১৫,৫৬,৬৭২ টুকরা )। ইহার মূল্য হইতেছে ১,৪৬,৫৩,৭৪৬ ডলার।

## আমেরিকায় প্রত্যহ কত বীমার টাকা দেওয়া হয়

১৯৪১ সনে ইন্‌স্টিউট্ অব ইন্‌সিওরেন্স কর্তৃ প্রকাশিত বিবরণী হইতে জানা যায়, প্রত্যহ আমেরিকার কতগুলি গৃহস্থ কত ডলার করিয়া বীমার টাকা পায়। বীমাকারী এবং উত্তরাধিকারীদিগকে দেওয়া হইয়াছে মোট ২৪২,৫২,২২,০০০ ডলার।

যাঁহারা বাঁচিয়া আছেন এমন বীমাকারীদের দেওয়া হয়—১৫১,৫৫,৮৬,০০০ ডলার। অবশ্য ইহার মধ্যে সীমাবদ্ধ বীমা ছিল—১৬,০২,৫৭,০০০ ডলার।

ডিসেম্বর ১৯৪১ সনে এবং ১৯৪১ সনের সমগ্র বৎসরে মোট প্রদত্ত বীমার টাকা নিম্নে দেওয়া গেল :—

( ডলার )

| | ১৯৪১ সন | ডিসেম্বর |
|---|---|---|
| মৃত্যুর পর | ১০০,৯৬,৩৬,০০০ | |
| সীমাবদ্ধ বীমা | ১৬,০২,৫৭,০০০ | |
| বিকলাঙ্গ হওয়ায় | ১০,১৬,৫৭,০০০ | |
| বাৎসরিক | ১৫,৬৬,২৩,০০০ | |
| মূল্য প্রত্যার্পণ | ৫৬,৪৮,৪৪,০০০ | |
| বীমাকীদের লভ্যাংশ | ৬৩,২২,০৭,০০০ | |
| মোট | ২৪২,৫২,২২,০০০ | |

## মার্কিণ যুক্তরাষ্ট্রে বিদেশী ব্যাঙ্কের মজুত টাকা

নিযুত ডলার

| | বিলাত | ফ্রান্স | জার্মাণি | ইতালি |
|---|---|---|---|---|
| ১৯৭০—এপ্রিল ( মে ১ ) | ২৪৪·৪ | ২৫৪·৬ | | |
| মে ২৯ | ২৮২·৪ | ২৮৭·০ | | |
| জুন ( জুলাই ৩ ) | ৩২৪·৮ | ৪৭২·৭ | | |
| জুলাই ৩১ | | ৪৬৫·২ | | |
| আগষ্ট ( সেপ্টেম্বর ৪ ) | | ৪৮৩·১ | | |
| সেপ্টেম্বর | | ৫৭১ · | | |
| অক্টোবর ৩০ | | ৪৬৮·৭ | | |
| নবেম্বর ২৭ | | ৪৬৫·৫ | | |
| ডিসেম্বর ( জানুয়ারী ১ ) | | ৫৪৮·০ | | |
| ১৯৪১—জানুয়ারী ২৯ | | | | |
| ফেব্রুয়ারী ৫ | | | | |
| ১২ | | | | |
| ১৯ | | | | |
| ২৬ | | | | |

## মোটা ক্যাম্বিস্ কাপড়

মার্কিণ যুক্তরাষ্ট্র মোটা ক্যাম্বিস্ কাপড় নিম্নলিখিত ভাবে ব্যবহার করিতেছে :—

| বৎসর | |
|---|---|
| ১৯৩০ | |
| ১৯৩১ | |
| ১৯৩২ | |
| ১৯৩৩ | |
| ১৯৩৪ | |
| ১৯৩৫ | |
| ১৯৩৭ | ৮৭,০৪,৫৬ |
| ১৯৩৮ | ৬৯,৩৬,৭৫ |
| ১৯৩৯ | ৭১,১৮,৭১ |
| ১৯৪০ | ৬৫,৪২,৩৯ |
| ১৯৪১ | ৭১,৪০,৩১ |
| মোট | ৭২০,৩৩,১৬ |

গড়ে প্রতি বৎসর : ৬৫,৭৫,৭৫,০০০ গজ

১৯৪১ সনের মাসিক গড় : ৫,৯৫,০২,৫৮৩ গজ

| | |
|---|---|
| ১৯৪০ | ৫,৪৫,১৯,৯১৬ „ |
| ১৯৩৯ | ৫,৯৩, ৩,২৫০ „ |
| ১৯৩৮ | „ : ৪,৭৮,০৬,২৫০ „ |

আমেরিকার যুক্তরাষ্ট্রে ক্যাম্বিস্ কাপড় মজুত ছিল

১৯৪০ ডিসেম্বরের শেষ ২৫ ৯ কোটি গজ

১৯৪১ „ ২১·২

কলিকাতায় মজুত মাল

১৯৪০এর শেষে

১৯৪১ „

## গ্রেটবৃটেনের রাস্তায় দুর্ঘটনা

১৯৪১, ডিসেম্বর ২৩শে হইতে ২৬শের মধ্যে গ্রেট-বৃটেনের প্রধান প্রধান নগরে আহত ও নিহতদের সংখ্যা নিম্নে দেওয়া গেল :—

| নগরের নাম | ১৯৪০ | ১৯৪১ |
|---|---|---|
| লিভারপুল | ৬৭ | ৪৭ |
| ম্যানচেষ্টার | ৬১ | ৩৮ |
| বার্মিংহাম | ২৫ | ৭২ |
| গ্লাসগো | ৭৫ | ৪৭ |
| লণ্ডন | ৪১২ | ৩৬৯ |
| শেফিল্ড | ৩৯ | ৩৫ |

উপরের তালিকায় কতগুলি মোটর বা অন্যান্য দুর্ঘটনায় মৃত বা আহত হইয়াছেন তাহা বুঝা যায় না। মোটামুটি পথে যাহাদের কিছু কিছু ক্ষতি বা মৃত্যু হইয়াছে তাহার সংখ্যা জানা যায়।

## বিলাতে যুদ্ধের সময়ে বীমা

রেজুলি এস্যুওরেন্স কোং ১৯৪১ সনে ৬১,২২,১১৫ পাউণ্ডের কাজ করিয়াছেন বলিয়া জানা যায়। আরও অবগত হওয়া গিয়াছে যে উহা নাকি গত বৎসর অপেক্ষা ১৩,১৮,৭৯২ পাউণ্ড অধিক কাজ আলোচ্য বৎসরে সম্পন্ন করিয়াছে।

## স্পেনে পারিবারিক ভাতা

স্পেনে পারিবারিক ভাতা বৃদ্ধি করা হইয়াছে এবং বিবাহের জন্য ধার দেওয়ার রীতি প্রচলন করা হইয়াছে। ২২শে ফেব্রুয়ারী ১৯৪১ সনের থেকে উহা আরম্ভ হইয়াছে।

| শিশুর সংখ্যা | মাসিক মাহিনা বৃদ্ধি পেসেটা | দৈনিক মাহিনা বৃদ্ধি পেসেটা |
|---|---|---|
| ৩০ | | ১·২০ |
| ৪৫ | | ১·৮০ |
| ৬০ | | ২·৪০ |
| ৮০ | | ৩·২০ |
| ১০০ | | ৪·০০ |
| ১২০ | | ৪·৮০ |
| ১৫০ | | ৬·০০ |
| ১৮০ | | ৭·২০ |
| ২১০ | | ৮·৪০ |
| ২৫০ | | ১০·০০ |
| ২৯০ | | ১১·৬০ |

ইহা ব্যতিরেকে শিশু বারশ মাস অতিক্রম করিলে আরও ৫ পেসেটা মাসিক ভাতা অধিক দেওয়া হইবে এবং দৈনিক ভাতা ঐ অনুপাতে বৃদ্ধি পাইবে।

## ক্যানাডার কলকারখানায় অগ্নি

অণ্টারিও ফায়ার মার্শাল ডবলিউ. জেফট দেখাইয়াছেন, ক্যানাডাতে কি ভাবে অগ্নির প্রকোপ বৃদ্ধি হইয়াছে। নিম্নে একটি তুলনামূলক তালিকা দেওয়া গেল :—

| বৎসর | অগ্নির সংখ্যা | ক্ষতি (ডলার) | বীমার ক্ষতি |
|---|---|---|---|
| ১৯৪০ | ২৯৯ | ১২,০১,০৬৩ | ১১,০৭,৩৪৪ |
| ১৯৪১ | ৩৬৭ | ১৪,২০,০১৮ | ১২,৩০,৮৩৭ |
| বৃদ্ধি | ৬৮ | ২,১৮,৯৫৫ | ১,৩২,৪৯৩ |

## চীনদেশে যুদ্ধের সরবরাহ

চীনদেশে ন্যাশন্যাল গবর্ণমেণ্ট তাঁহাদের পার্চেজিং এজেণ্ট পেকিম্ সিণ্ডিকেট লিমিটেডের সাহায্যে ভারতবর্ষে ২½ কোটি টাকা মালের অর্ডার দিয়াছেন। অর্ডারের অধিকাংশই কাপড় জামা, যেমন গ্রে শিটিং, ক্যানভাস ও তুলার সুতা (মূল্য ১¾ কোটি) টাকা। পেট্রল এবং এ্যাভিয়েশন স্পিরিট অনেক পরিমাণেই চীন গবর্ণমেণ্ট চাহিয়াছেন। বাকী অর্ডার কারখানাজাত দ্রব্য অথবা কাঁচামাল সম্বন্ধে। টেক্সটাইল মেসিনারি, কাগজের কল, এবং তাহার অংশ সমূহ এবং অন্যান্য ছোটখাটো কল, তামার তার, ব্রাস শিট, এ্যালুমিনিয়ম, অভ্র, গ্র্যাফাইট্, এমেরি ক্লথ, ম্যানিলা রোপ, পেণ্ট, ভার্নিশ, রড, কেমিক্যালস্, অন্যান্য বহু ঔষধেরও অর্ডার দেওয়া হইয়াছে।

যে মাল অর্ডার দেওয়া হইয়াছে তাহা সমুদয়ই এক্ষণে ধারে যাইবে। ধার দেওয়া হইতেছে অবশ্য এক্সপোর্ট ক্রেডিট্ গ্যারাণ্টি ডিপার্টমেণ্ট সাহায্যে। উক্ত ডিপার্টমেণ্টের প্রতিনিধি রূপে ভারতে আছেন মার আর্কিবল্ড কার্ণার। ইনিই ইষ্টার্ণ গ্রুপ সাপ্লাই কাউন্সিলের চেয়ারম্যান। অবশ্য অর্ডারের কিছু অংশ নগদ টাকায় ক্রয় করিতে বাধ্য হইবেন। ডিপার্টমেণ্ট অব সাপ্লাইয়ের ভিতর দিয়াই অধিকাংশ অর্ডার আসিতেছে। ইহাই চিঠি পত্র লেখা, জিনিষ পাঠানো, মধ্যে মধ্যে টাকা দেওয়ার ব্যবস্থা করা প্রভৃতি সকল প্রকার সুবিধা দিতেছে।

ভারত গবর্ণমেণ্ট সকল সময়েই জানিতে চাহেন চীন গবর্ণমেণ্টের কোন্ দ্রব্যের প্রয়োজন হইতেছে। চীনের পার্চেজিং এজেন্সির সাহায্যে তাহা জানা যায়। যদি দেখা যায় যে কোন দ্রব্যের চাহিদা চীনে প্রবল হইয়া উঠিয়াছে, তাহা হইলে তাহা অন্তত অল্প পরিমাণেও সরবরাহ করা হইতেছে। ইক্ ও উৎপাদন ক্ষমতা ভারতীয়দের সমর্থ করিলে সম্পূর্ণ অভাব মিটাইবার চেষ্টা হয়।

চীন ও ভারতের মধ্যে বাণিজ্য এই ভাবে প্রসার পাইলে ব্যবসার দিক্ হইতে মঙ্গল হইবার সম্ভবনা।

## মিশরে তুলার উৎপাদন

মিশরের কৃষি-মন্ত্রী ১৯৪১ সনের শেষ আভাষ (১৯৪১ ৩১শে মে অবধি) নিম্নোক্ত রূপ দিয়াছেন :—

| | |
|---|---|
| লম্বা আঁশ— | |
| গিজা ৭ | ৯,৭২,০০০ ক্যান্টার |
| অন্যান্য | ২০,৭৬,০০০ |
| | ২৯,৮৮,০০০ |
| মধ্যম আঁশ | ১,৫৪,০০০ |
| ছোট আঁশ | ৫০,৬২,০০০ |
| কাটো | ১,৭০,০০০ |
| | ৮৩,৭৪,০০০ ক্যান্টার |

## সেলবোর্ণ পরিকল্পনা

সম্প্রতি আর্থিক সংগ্রামের জন্য ঘোতায়েন বৃটিশ সচিব আর্ল সেলবোর্ণ এক বক্তৃতায় বৃটিশ সাম্রাজ্যের অন্তর্গত সমুদয় দেশ লইয়া একটি জাতিসংঘ গঠনের প্রস্তাব প্রকাশিত করেন। তাঁর মতে একটি সাম্রাজ্য মহাসমিতির সৃষ্টি হইবে। সমগ্র সাম্রাজ্যের কেন্দ্র বা রাজধানী অবস্থিত থাকিবে দক্ষিণ আফ্রিকার কেপ্ সহরে, কারণ ইহাই সাম্রাজ্যস্থ দেশগুলির পক্ষে সর্ব্বাপেক্ষা সুবিধাজনক স্থান। এখানে মহাসমিতির অধিবেশন হইবে। একজন সাম্রাজ্য প্রধান মন্ত্রী হইবেন। তিনি ইংল্যাণ্ড, অষ্ট্রেলিয়া, কানাডা, উত্তর আয়ার্ল্যাণ্ড হইতে মন্ত্রী বাছাই করিবেন। সাম্রাজ্যস্থ বিভিন্ন দেশ এই মহাসমিতিতে প্রতিনিধি প্রেরণ করিবে।

লর্ড সেলবোর্ণের এই পরিকল্পনা যদিও নানা সমালোচনার সম্মুখীন হইয়াছে, তথাপি ইহা বিবেচনা করিয়া দেখিবার মত বিষয়।

## আন্তর্জ্জাতিক মজুর সংগঠন

৮ই জুন তারিখে অল ইণ্ডিয়া রেডিও ব্রডকাষ্টে ডাঃ লক্ষ্মাসুন্দরম আন্তর্জ্জাতিক শ্রমিকসঙ্ঘ সম্বন্ধে আলোচনায় বলেন যে এক্ষণে আদর্শবাদ বা "আইডলজি" অনেক পরিবর্ত্তিত হওয়ায় ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশন সম্বন্ধে কিছু বলা কঠিন নহে। কিছুদিন পূর্ব্বেও সোভিয়েট ইউনিয়নকে লিগ্ অব নেশনসের সভ্যরূপে স্থান দেওয়া হয় নাই কিম্বা ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশনেও তাহার কোনরূপ আশ্রয় ছিল না। কিন্তু আজ সেই সোভিয়েট হইল গণতান্ত্রিক স্বাধীনতার একমাত্র সহায়।

যুদ্ধের সময়ে ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশন ক্যানাডার আশ্রয় লইয়াছে। শিল্পকারখানায় শ্রমের অভাব হেতু শ্রমিকদের উপর অকথ্য অত্যাচার হইয়া গিয়াছে শুধু পুঁজিপতিদের স্বার্থের জন্য। আন্তর্জ্জাতিক শ্রমিক সম্বন্ধে যখন চেতনার প্রথম সঞ্চার হয় তখন মার্ক্স, বাকুনিন, এঙ্গেল্স্, রোবার্ট টুসটাম, লাসালে এবং অন্যান্য সমাজতন্ত্রী দার্শনিকগণ সাহায্য করিয়াছিলেন। কার্ল মার্ক্স সোশিয়ালিজমের পিতা ছিলেন বলিলে অত্যুক্তি হইবে না। তাহার পরে দ্বিতীয় ইণ্টারন্যাশন্যাল আরম্ভ হয় এবং গত মহাযুদ্ধের সময় তাহার পরিসমাপ্তি হয়। তাহার পর তৃতীয় ইণ্টারন্যাশন্যাল বা রেড্ আরম্ভ হয় লেনিনের কর্তৃত্বাধীনে। তিনি প্রোলিটেরিয়েটদের একটা ডিক্টেটরশিপ্ গঠন করিতে চাহিয়াছিলেন।

ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশন ওয়াশিংটন লেবার কনফারেন্সের পর হইতে কার্য্যকরীভাবে প্রতিষ্ঠিত হয়। ১৯১৯ খৃষ্টাব্দে ওয়াশিংটনে লেবার কনফারেন্সে এত তাড়াহুড়া করা হইয়াছিল যে বহু ত্রুটি রহিয়া গিয়াছিল এবং জানা যায় ভারতীয় প্রতিনিধি সেই সভা হইতে বাহির হইয়া যান এবং অর্গ্যানাইজারদের বিরুদ্ধে একটা ভোট অব সেনসার আদায় করিতে সক্ষম হন। যাঁহারা লিগ্ অব নেশনসের সভ্য হইবেন তাঁহারা আপনা আপনি ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশনেরও সভ্য হইতে পারিবেন। কিন্তু আমেরিকার যুক্তরাষ্ট্রের মত কয়েকটি লীগের বাহিরের দেশ এই বিষয়ে বিশেষ ঔৎসুক্য প্রদর্শন করিতেছেন।

কয়েক বৎসর ধরিয়া এই ইণ্টারন্যাশন্যাল অর্গ্যানিজেশনটি একটি পরিচিত ব্যক্তি কর্তৃক শাসিত।

## নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ-সমস্যা

বাঙ্গলা সরকার যে যুক্ত মূল্য নিয়ন্ত্রণ পরামর্শ সমিতি গঠন করিয়াছেন বুধবার ইণ্ডিয়ান চেম্বার অব কমার্স অফিসে তাহার এক বৈঠক হইয়া গিয়াছে। বাঙ্গলা সরকারের অফেণ্ট সেক্রেটারী ও খাদ্য নিয়ন্ত্রণের ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত এম কে কৃপালনী এবং বিভিন্ন শিল্প সঙ্ঘ ও ব্যবসায়ী সমিতির প্রতিনিধিবৃন্দ এই বৈঠকে যোগদান করেন। চিনি, দিয়াশলাই, কেরোসিন ও চাউলের সরবরাহ এবং নারিকেল তৈল, সরিষার তৈল, ডাল প্রভৃতির সর্ব্বোচ্চ দরের কথা এই বৈঠকে আলোচিত হয়। চিনি, দিয়াশলাই, কেরোসিন, চাউল প্রভৃতির সরবরাহ সম্পর্কে শ্রীযুক্ত কৃপালনী বলেন, চিনির তেমন কোন অভাব না থাকিলেও একদল ব্যবসায়ীর অতিরিক্ত মাল মজুতের চেষ্টার দরুন এইরূপ অবস্থা দেখা দিয়াছে। সরকার তাঁহাদের অনুমোদিত খুচরা বিক্রয়ের দোকানের সংখ্যা বাড়াইবার কথা গভীরভাবে ভাবিতেছেন। ইতিমধ্যে মাল মজুতের পথ বন্ধ করিবার জন্য অনুমোদিত দোকানে সকলের জন্য নির্দ্দিষ্ট পরিমাণে চিনি বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে। দিয়াশলাই সম্পর্কে একথা বলা যায় যে, গুজবের ফলেই বর্ত্তমান অবস্থা দেখা দিয়াছে। দিয়াশলাই তৈয়ারীর প্রতিষ্ঠানসমূহ যে সকল দোকান খুলিয়াছে তাহা হইতে সকলকে গ্রোস হিসাবে দিয়াশলাই দেওয়া হইতেছে। কেরোসিন সম্পর্কে একথা মনে রাখাই ভাল হইবে যে, ভারতের পূর্ব্বাঞ্চলের জন্য শতকরা ৫০ ভাগ কম কেরোসিন পাওয়া যাইবে। চাউলের সম্পর্কে একথা বলা যায় যে, ব্যবসায়ীদের সুবিধার জন্য চাউলের দর বাড়াইয়া দেওয়া হইয়াছে। তৎসত্ত্বেও যদি চাউল না পাওয়া যায় তাহা হইলে কঠোর ব্যবস্থা দ্বারা সরকার ইহার প্রতিকার করিবেন। বিভিন্ন দ্রব্যের চড়া দরের কথা উল্লেখ করিয়া শ্রীযুক্ত কৃপালনী বলেন, চাউল, লবণ ও চিনির জন্য যেভাবে সমিতি গঠন করা হইয়াছে, অপরাপর দ্রব্য সম্পর্কেও অনুরূপ ব্যবস্থা অবলম্বনের কথা বিবেচনা করা হইতেছে।

## বোম্বাইয়ের সামরিক শিক্ষাকেন্দ্র

ভারত সরকারের দেশরক্ষা বিভাগের পরামর্শ অনুসারে বাংলা সরকার একটি প্রতিনিধি দল গঠন করিবার সিদ্ধান্ত করিয়াছেন। ১২ জন সদস্যকে লইয়া এই দল গঠিত হইবে এবং তাঁহারা আগষ্টের প্রথমভাগে বোম্বাইয়ে ভারতীয় সৈন্য, বিমান ও নৌবাহিনীর শিক্ষা কেন্দ্রগুলি পরিদর্শন করিবেন। প্রতিনিধিদলের মধ্যে থাকিবেন মিঃ এ কে ফজলুল হক, ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জ্জি, শ্রীযুক্ত সন্তোষকুমার বসু, স্যার শ্রীনিবাস শর্ম্মা, আইন সভার তিনজন প্রতিনিধি, শিক্ষাপ্রতিষ্ঠানের তিনজন প্রতিনিধি, সরকারের নিয়োগ পরামর্শদাতা এবং একজন সাংবাদিক।

## উদ্বাস্তুদের ভিটামাটি

ভারত সরকার যুদ্ধ সম্পর্কিত কার্য্যের জন্য যে সমস্ত জায়গা ভারতরক্ষা আইনের বলে অধিকার করিয়া লইয়াছেন সেই সমস্ত জায়গার মালিকগণ সরকারের নিকট এই আবেদন জানাইয়াছেন যে, সরকার যখন ঐ সমস্ত জমি ছাড়িয়া দিবেন তখন সরকার যেন জমির উপর মালিকদের অধিকার স্বীকার করিয়া লন এবং সম্ভব হইলে তাহাদিগকে যেন জমিগুলি ফিরাইয়া দেওয়া হয়। একটি সরকারী বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে সরকারের যখন জমিগুলির জন্য আর কোন প্রয়োজন থাকিবে না তখন মালিকদের দাবী সম্পর্কেই জমির মূল্য সর্ব্বাগ্রে বিবেচনা করা হইবে। ভারত সরকার এবিষয়ে প্রাদেশিক সরকারগুলির সহিত পরামর্শ করিতেছেন। জমির মালিক ও প্রজাদের স্বার্থ সম্পর্কে সরকার যে বিশেষভাবে বিবেচনা করিয়া দেখিবেন, এবিষয়ে তাঁহারা নিশ্চিন্ত থাকিতে পারেন।

# পারিবারিক জীবনে চিত্ত-নাট্যের বিশ্লেষণ

[ শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়ের সহিত কথোপকথন ]

প্র:—সে দিন বলিয়াছিলেন, "সাইকোড্রামা"র বিশ্লেষণ স্নায়ু বিজ্ঞানে নূতন আলোড়ন আনিয়াছে। তার মানে কি ?

উ:—প্রথমে "সাইকোড্রামা" কি জিনিষ তাহা একটু বুঝিলে অন্যান্য বিষয় বুঝিবার সুবিধা হইবে। সাইকোড্রামা অর্থাৎ চিত্ত-নাট্য বা মনোঘটনা সম্বন্ধে যে তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে তাহার কর্ত্তা হইলেন মে এল্ মরিণো।

প্র:—"সোশিয়াল অ্যাটম" শব্দের অর্থ কি ?

উ:—"সোশিয়াল অ্যাটম" সামাজিক পরমাণু। ইহার দ্বারা সামাজিক জগতের এক একটি অতি ক্ষুদ্র অংশ বুঝায় যাহার যোগাযোগে মনোজগতের পারস্পরিক আত্মীয়তা সংঘটিত হইয়া থাকে। এক ব্যক্তির সহিত অপর এক ব্যক্তির যে নিকট বা দূর সম্বন্ধ প্রতিষ্ঠিত হয় তাহার গোড়ায় দেখিতে পাই সামাজিক পরমাণু। ইহা আন্তর্বৈক্তিক আত্মীয়তার (ইণ্টারপার্সোন্যাল রিলেশনশিপ) একটা বিশেষ রূপ—এই রূপটি মানুষের জন্ম হইতেই বিকাশ লাভ করে।

প্র:—চিত্ত-নাট্যের বিশ্লেষণ কোন্-কোন্ বিষয়ে বেশী উপযোগী ?

উ:—বিবাহ ও বিবাহিত জীবন সম্বন্ধেই সাইকোড্রামা নীতি অধিকতর নিয়োজিত হইয়াছে, অবশ্য মরিণো অন্যান্য বিষয়েও ইহার নিয়োগ করিয়াছেন।

প্র:—কি উপায়ে ইহা বিবাহ বিষয়ক ব্যাপারে নিয়োজিত হয় তাহা একটু বুঝাইয়া দিন।

উ:—ধরুন পিতা, স্বামী, অন্যান্য আত্মীয়স্বজন এবং ব্যবসা-দারের সংস্পর্শে সাধারণ লোক বসবাস করে,—উহাদের ছাড়া মনোঘটনার যে স্তর সেই স্তরের মধ্যে যে বা যাহারা আসিয়া পৌঁছায় তাহাদিগকে প্রায়ই আমরা কোন স্থান দিই না বা বিশেষ লক্ষণীয় বস্তু বলিয়া মনে করি না। কোন ব্যক্তির বিভিন্ন সম্বন্ধে উপরোক্ত সবগুলি ব্যক্তির একত্রীকরণ হইল "কালচার্যাল এটম" বা কৃষ্টির পরমাণু। ব্যক্তি বিশেষের কৃষ্টির পটভূমিতে এই দৃশ্য থাকে। কোন ব্যক্তির যদি উপরি উক্ত একটি "রোল" বা অংশ প্রতিফলিত না হয়, যাহা হয়তো অন্য লোকের জীবনে বিকাশ লাভ করিবার অবকাশ পাইয়াছে, তাহা হইলে সেই "রোল" দলিত হইয়া গেল—এই দলিত রোল জীবনের সরল গতির উপরে প্রভাব বিস্তার করে। যখন স্বাভাবিক জীবনের একটা দিক ভাঙ্গিয়া যায় বা অপ্রকাশিত থাকিয়া যায়, তখন তাহা ছাপ দিয়া যায়। বিবাহিত জীবনে একজনের বা দুই-জনের মধ্যেই এই স্বাভাবিক জীবনের প্রকৃষ্ট গঠনের অভাব হইলে মনোমালিন্য উপস্থিত হইতে বাধ্য।

প্র:—"স্বাভাবিক জীবন" বলিতে আপনি কি বুঝেন ?

উঃ—স্বাভাবিক জীবন গঠিত হয় দুইটি উপাদান দ্বারা ; যথা : ১ম খাঁটি বাস্তব বা যথার্থ ঘটনার প্রভাব এবং ২য় মনো-নাট্যের রঙ্গমঞ্চে যে সকল ঘটনা ঘটে তাহার প্রভাব। এই দুইয়ের ফলে দেখা দেয় স্বাভাবিক জীবন। যদি দম্পতির মধ্যে একের বা উভয়েরই জীবনে এই স্বাভাবিক জীবনের উপলব্ধি না হয় তাহা হইলে বিবাহিত জীবনে অনেক রকমের সমস্যাই উপস্থিত হয়। স্বাভাবিক জীবন যদি রুদ্ধ বা পথভ্রান্ত হয় তাহা হইলে দেখা যায় যে একজন আর একজনকে ক্রমাগত বাক্‌যুদ্ধে বা তর্কবিতর্কের মধ্যে ফেলিতে থাকে অথবা একে অপরের প্রতি দোষারোপ করিতে থাকে।

প্রঃ—আন্তর্জৈবিক স্বাভাবিক জীবনের মধ্যে কোন অভাব হেতু বিবাহিত জীবনের সমস্যা উৎপন্ন হয়—উদাহরণ দিয়া আরও পরিষ্কার করিয়া বুঝাইয়া দিতে পারেন ?

উঃ—কতকগুলা সমস্যা খোলাখুলি সমস্যার আকারে দেখা দেয়। অন্যান্য কতকগুলাকে সুপ্ত সমস্যা বলা চলে। যে সমস্যাগুলি সাধারণতঃ বুঝিতে পারা যায় না অথচ তাহার সমাধানেই আর সবগুলির সমাধান হইয়া যায়, যেমন আর্থিক ব্যাপার ঘটিত যে সব সমস্যার উদয় হয়, তাহা অনেক সময়েই "সুপ্ত সমস্যা।" যেখানে দারিদ্র্য সেখানে টাকার অভাব হেতু কষ্ট ও মনোমালিন্য হইতে পারে এবং সে স্থলে দারিদ্র্যই কারণ, আর্থিক ব্যাপার হেতু বিঘটিত সমস্যা নহে। কিন্তু যেখানে স্বামী কৃপণ ও আবশ্যক খরচা পর্য্যন্ত করিতে কুণ্ঠাবোধ করে অথচ স্ত্রী হয়তো মান-সম্মান বজায় রাখার জন্য যে পরিমাণ ব্যয় করা প্রয়োজন তাহা করিতে চায় এবং বাধা পায় সে স্থলেই স্বাভাবিকতা আঘাত প্রাপ্ত হয় আর স্বামীর জীবনে কৃষ্টি-বিষয়ক পরমাণুর অভাব দেখা যায়। আবার তাহার বিপরীত উদাহরণ দেওয়াও চলে। যেমন ধরুন আধুনিক নারীপ্রগতির যুগে যদি সিনেমা প্রতি সপ্তাহে না দেখিলে নারীর ভাত হজম হয় না তখন যদি অল্প আয়ের স্বামী তাঁহার স্ত্রীর বসনভূষণ ও সিনেমা খরচ না জুটাইতে পারেন তাহা হইলেই তুমুল ব্যাপার আরম্ভ হইতে পারে—এ স্থলে স্ত্রীর স্বাভাবিকতার অভাবে তাহার সহানুভূতি ও অবস্থা সম্যক উপলব্ধি করার শক্তির অভাব, সেইজন্য বনিবনাও সম্ভব হইল না। কৃষ্টি-বিষয়ক পরমাণু জীবনকে স্বাভাবিক গড়ন দিয়া থাকে।

প্রঃ—আপনাদের বিজ্ঞানে কি ভাবে বনিবনাও আনা হয় ?

উঃ—সাধারণতঃ যখন এই রকমের কোন কেস রিপোর্টেড হয় তখন যিনি চিকিৎসক তিনি সমস্ত ঘটনাটা শুনিয়া লন এবং পরে দুইজন পার্টনারকে যে ভাবে চলা আবশ্যক তাহার পরামর্শ দেন এবং মধ্যে মধ্যে তাঁহাদের আচরণের পরিবর্ত্তন হইল কি না খবর লইয়া আবার নূতন পরামর্শ দেন।

প্রঃ—যদি তাঁহার পরামর্শ না শোনে ?

উঃ—যদি রোগী ডাক্তারের ঔষধ না খায় তাহা হইলে চিকিৎসক কিছুই করিতে পারেন না। এখানেও যদি দাম্পত্য জীবনের অসুবিধা দূর করিয়া সুখী জীবন কেহ না পাইতে চাহেন তাহা হইলে চিকিৎসকের নিকটে আসার প্রয়োজন থাকে না।

প্রঃ—চিত্ত-নাট্যের তত্ত্ব অনুযায়ী কি ভাবে চিকিৎসা হয় ?

উঃ—সেখানে দুই জনকেই বলা হয় যে আপনারা যে ভাবে চলিতেছেন সেই ভাবেই চলুন। তাহার পর যে যে সমস্যার আবির্ভাব হয় তাহা ঠিকভাবে লক্ষ্য করুন এবং সমাজশাস্ত্রীর নিকট সঠিক চিত্র আঁকুন। তখন বৈজ্ঞানিক তাহাদের সমস্যাকে বিশ্লেষণ করিয়া বুঝাইয়া দেন কোন উপাদানের অভাব। এইরূপে দুই জনকে এমনভাবে শিক্ষা দ্বারা চালিত করেন যাহাতে তাহারা নিজেরাই একটা সমাধান নিজেদের ভিতর হইতে বাহির

করিতে পারে, অথচ সেই সমাধানটাই বৈজ্ঞানিক মনে মনে ঠিক করিয়া রাখিয়াছেন। এই চিকিৎসার মূল জিনিষ হইল সংবাদ সংগ্রহ।

প্রঃ—কি ভাবে চিকিৎসা হয় এবং সংবাদ সংগৃহীত হয় তাহার একটা উদাহরণ দিবেন?

উঃ—শ্রীমতী "ক" সমাজসেবীর নিকট নালিশ করিলেন যে স্বামীর প্রতি তাঁহার সমস্ত ভালবাসা নষ্ট হইয়া গিয়াছে এবং তাঁহারও মনের ভাব আর পূর্ব্বের মত নাই। প্রথমবারে নালিশের সময় স্বামী-স্ত্রী উভয়েই হাজির ছিলেন। বিশেষ করিয়া রবিবার দিন তাঁহাদের সব চেয়ে খারাপ লাগে। তখন তাঁহাদের জিজ্ঞাসা করা হইল যে, একটা রবিবার আপনারা কি করেন তাহা পরিষ্কারভাবে সত্য করিয়া বলুন। —একটি রবিবার প্রাতরাশের সময় সেই দিনের কার্য্য-তালিকা উভয়ের মধ্যে স্থির হইল যে শ্রীমতীর ভগিনীর বাড়ীতে যাইতে হইবে। সেই প্রস্তাব স্বামী খুবই উদাসীনভাবে অনুমোদন করিলেন। সেই ভাব দেখিয়া স্ত্রী জিজ্ঞাসা করিলেন—"তোমার কি আমার বোনের উপর কোন বিরুদ্ধভাব আছে?" তাঁহার উত্তর এত অনির্দ্দিষ্ট যে তাহার কোন মানে হয় না। তাহার পরের দৃশ্য হইল শ্রীমতীর ভগিনীর বাড়ী। সেই দৃশ্য বলিবার সময় শ্রীমতী "ক" তাঁহার "অফিসিয়ারি ইগো"কে প্রাধান্য দিয়া "রিয়াল ইগোকে" সরাইয়া ফেলিলেন, কারণ সেখানে দৃশ্যের মধ্যে আসিল তাঁহার ভগিনী। ইতিমধ্যে শ্রীযুক্ত ক চক্ষু মুদিয়া ভাবিতে লাগিলেন এবং মধ্যে মধ্যে বিড় বিড় করিয়া স্ত্রী ও তাঁহার ভগিনী এবং তাহাদের বাপের বাড়ীর সম্বন্ধে মতামত প্রকাশ করিতে লাগিলেন। তাহার পর স্বামী তাঁহার স্ত্রীর পিতার বংশের সম্বন্ধে খুবই প্রতিবাদ করিলেন। এমন জোর প্রতিবাদ হইল যে শ্রীমতী তখন কাঁদিয়া ফেলিয়া বলিলেন তিনি জানিতেনই না যে এতদূর জিনিষটা গড়াইবে। "আমি জানতুম যে তিনি ওদের পছন্দ করেন না, কিন্তু তাহাতে যে তিনি আত্মহারা হইবেন সে কথা জানা ছিল না।"

এখানে স্পষ্টই বোঝা গেল কথাবার্ত্তা হইতে গোলমালের উৎপত্তি হইয়াছে জাতিগত উৎকর্ষ ও অপকর্ষের সমস্যা হইতে। স্বামী-স্ত্রী দুজনের বিভিন্ন জাতিগত উৎপত্তি। কাজেই বুঝা গেল যে, সমস্যার উৎপত্তি হইতেছে "বংশের" বিভিন্নতায় যাহা সাধারণ বিবাহিত জীবনে প্রায় জানার মধ্যেই থাকে, কিন্তু এ ক্ষেত্রে উভয়েই পরস্পরের বংশ সম্বন্ধে জ্ঞাত ছিলেন না।

## "দি অ্যাগ্রিকালচার্যাল সিচুয়েশন"

( আগষ্ট ১৯৪১, ওয়াশিংটন )

ভ্রব্যাদির সমালোচনা।

খাদ্যদ্রব্যের দাম ও কারখানার মজুরি।

১৯৪২ সনের শস্য-বীমা।

৪। সমবায়ের অগ্রগতি।

৫। কৃষিজাত দ্রব্য : উৎপাদক হইতে খাদকের নিকট।

৬। বিশেষ তামাক চাষের কারবারে আয়।

পুরাতন উৎপাদনের স্থলে নূতন উৎপাদন।

সর্ব্বশেষের প্রবন্ধটি আলোচনার যোগ্য। ধুয়া উঠিয়াছে, "আরও অধিক শস্য উৎপাদন কর।" আমেরিকায় এই ধরণের কথা ১৯৩১ সনেই আবির্ভূত হইয়াছিল। কৃষির জন্য পরিকল্পনা আবশ্যক, তাহা ঐ দেশে বেশী রকম অনুভূত হয় এবং সঙ্গে সঙ্গে নূতন গাছপালা সম্বন্ধে গবেষণা বৃদ্ধি পায়। মার্কিণরা বলেন যে আবিষ্কারের ফলে তাঁহাদের চাষের খরচা বহুল পরিমাণে কমিয়া গিয়াছে; শুধু তাহাই নহে, সঙ্গে সঙ্গে সকল প্রকার খাদ্য-দ্রব্যের মূল্য কমিয়াছে। এক ধরণের কৃষিজাত দ্রব্যের উৎপাদন কেবল কৃষি-গবেষণার দ্বারা সম্ভব, তাহা আমেরিকা আজ প্রমাণ করিয়াছে। ধরুন গমের চাষ করা গেল, কিন্তু তাহা নষ্ট হইল "রাষ্ট" অথবা পোকার জন্য; সেরূপ অবস্থায় আবিষ্কার বা বৈজ্ঞানিক চাষের কোন মূল্য থাকে না বলিয়া মার্কিণ দেশের লোকে মনে করেন। যাহাতে "রাষ্ট" মড়ক নিবারণ করা যায় তাহার জন্য "গ্র্যাণ্ট ষ্ট্রীয়ার"গণ আপ্রাণ চেষ্টা করিতেছেন এবং তাহার ফলে উন্নতিও কিছু দেখা দিয়াছে। খ্যাচারের গমের ফসল সর্ব্বাপেক্ষা ভাল হইয়াছে এবং জানা যায় যে তাহা মিনেসোটা অ্যাগ্রিকালচার্যাল এক্সপেরিমেণ্ট ষ্টেশন এবং বুরো অব প্ল্যাণ্ট ইণ্ডাষ্ট্রি উভয়ের মিলিত চেষ্টারই ফল।

স্যাম্প্লাল ডিফেন্স প্রোগ্রামে দেখা যায় যে আমেরিকায় আর একটি জিনিষের প্রতি খুবই লক্ষ্য রাখা হইয়াছে: তাহা হইল পুষ্টি বা "নিউট্রিশন।" যাহাতে খাদ্যদ্রব্যের পুষ্টি আরও বৃদ্ধি করা যায় সেই উদ্দেশ্যে ব্যাঙ্ক-হেড্ জোন্স্ রিপোর্ট একটি প্রস্তাব করেন। এই জন্য কর্নেল ইউনিভার্সিটিতে একটি বিশেষ ল্যাবরেটারির ব্যবস্থা করা হইয়াছে।

## "কমার্স অ্যাণ্ড ইণ্ডাষ্ট্রি"

( ১০ই জুন, ১৯৪২, দিল্লী )

১। সম্পাদকীয়।

২। খবরাখবর।

৩। পঞ্চম পঞ্চবের নীচে।

৪। ভারতীয় বাজার ও জাপানী সাম্রাজ্য।

৫। আন্তর্জ্জাতিক শ্রমিক সঙ্ঘ।

৬। জি. এস. মেটা গ্রেডির রিপোর্ট প্রকাশের জন্য দাবী করিতেছেন।

৭। গ্রেডির মিশনের "রেকমেণ্ডেশন"।

দিল্লী প্রদেশের ব্যবসা বাণিজ্য সম্বন্ধে ১৯৪২ সনের মার্চ্চ মাসে দিল্লীর সুপারিণ্টেণ্ডেণ্ট অব ইনডাস্ট্রিস্ কর্ত্তৃক

একটি বিবরণী প্রকাশিত হইয়াছে। জাপানের ব্রহ্ম ও মালয়েতে সাফল্য হওয়ায় ভারতের বাণিজ্যের গতি কিরূপ দাঁড়াইয়াছে তাহারই একটা মোটামুটি চিত্র এই বিবরণী হইতে পাওয়া যায়। চারিদিকে একটা আতঙ্কের অনুভূতি। যাহাদের হাতে অনেক মাল মজুত তাহারা সস্তায় ছাড়িয়া দিতে প্রস্তুত, কিন্তু খরিদ্দার দেখা যায় না। "ফরওয়ার্ড" কারবার একরকম স্থগিত। তুলার বাজার মণ করা প্রায় ।৵০ কমিয়া গিয়াছে। সুতার বাজারেও কাটতি কম, প্রায় নাই বলিলেই চলে। অধিকাংশ শ্রমিক কু-পরামর্শে নিরাপদ স্থানে সরিয়া পড়িয়াছে। তাহাতে উৎপাদনের হার যথেষ্ট পরিমাণে কমিয়া গিয়াছে। ক্রেতাদের যেন কোন কাজ করিবার ইচ্ছাই দেখা যায় না। যাহা একান্ত আবশ্যক তাহাই কোন রকমে সরবরাহ করিবার জন্য যৎসামান্য খরিদ বিক্রয় হইতেছিল। কাঁচা-মালের দর পড়িয়া যাওয়ায় এবং কারখানাওয়ালারা অল্প মূল্য দেওয়ায় কাহারও মনে বিশ্বাস আসিতেছে না। বাজারে একটা অনিশ্চিতভাব।

## "ইণ্ডিয়ান স্পেক্‌টেটর"

( ২৪শে মে, ১৯৪২ )

"নো মোর পার্ল হারবার"—পার্ল হারবার আর নাই। প্রশান্ত মহাসাগরে বৃটেন ও আমেরিকার বিপদ যে কতখানি ঘনাইয়া আসিয়াছে সে সম্বন্ধে তাঁহাদের নজর আকর্ষণ করা হইয়াছে। ডাঃ ইভাট সময়োপযোগী কার্য্যের জন্য তাগিদ করিয়াছেন। মিত্ররাষ্ট্রগুলি আবার জাগ্রত হইয়া উঠিয়াছে। সমস্ত কারখানা এবং অস্ত্রাগার এখন জার্ম্মাণি ও জাপানকে ধ্বংস করিবার জন্য অস্ত্র-শস্ত্র প্রস্তুত করিতেছে। অষ্ট্রেলিয়ার এটর্ণি জেনারেল এবং মন্ত্রী হিসাবে ডাঃ ইভাটের কথা ফেলিবার নহে।

"এ রিলেটেড জেস্‌চার" ( বিলম্বিত ভঙ্গী )—কত যুগ ধরিয়া আমেরিকান নিগ্রোরা তাহাদের স্বার্থ ও স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিবার চেষ্টা করিতেছে। গত মহাযুদ্ধেও তাহারা বিদেশে যুদ্ধ করিয়াছে। তাহারা স্প্যানিস আমেরিকার যুদ্ধেতেও অংশ গ্রহণ করিয়াছিল। কিন্তু তাহাদের মাতৃভূমি আমেরিকার জন্য যুদ্ধ করায় বিধিনিষেধ ছিল। এতদিনে আমেরিকার নৌ-বিভাগ প্রচার করিয়াছেন যে নিগ্রো ভলান্টিয়ার গ্রহণ করা হইবে রিজার্ভিষ্ট হিসাবে। আবার প্রলোভনও দেখানো হইয়াছে যে সত্বরই তাহাদিগকে "পেটি অফিসার" পদে উন্নীত করা হইবে। যখন দেখা যায় যে আমেরিকার শ্রেষ্ঠ বৈজ্ঞানিক বুকার টি ওয়াশিংটন নিগ্রো ছিলেন এবং জর্জ ওয়াশিংটন কার্ভার যাঁহার ছবি আমেরিকার ষ্ট্যাম্পে ছাপান আছে তিনিও একজন নিগ্রো ছিলেন তখন সেই নিগ্রোজাতিকে এতদিন পরে নৌ-বিভাগে অভ্যর্থনা করায় বাকিদের সুবুদ্ধির পরিচয় পাওয়া যায়।

১। "মেথড্‌স্ অব ফ্যামিলি লিভিং ষ্টাডিজ্ : ইন্‌কাম্-এক্সপেণ্ডিচার-কনজাম্পশান" ; রবার্ট মর্স উড্‌বেরী প্রণীত ; পি এস্ কিং এণ্ড সন্ কর্তৃক প্রকাশিত ; লণ্ডন ; ১৯৩০ ; পৃঃ ১৪৪ ; মূল্য ১·০০ ডলার।

১৯২৬ সনে ইণ্টারন্যাশন্যাল লেবার অফিস হইতে একখানি বিবরণী প্রকাশিত হয়, তাহার নাম "মেথড্‌স্ অব কণ্ডাক্টিং ফ্যামিলি বাজেট এনকোয়ারিজ্।" উক্ত বিবরণীর উপর নির্ভর করিয়াই আমাদের আলোচ্য পুস্তক রচিত হইয়াছে। তবে আলোচ্য পুস্তকে যাহা-যাহাদের অধ্যায়টি লেখকের নিজস্ব। বইখানি পাঠ করিলে মনে হইবে, ভবিষ্যতেও যাহাতে এই ধরণের অনুসন্ধান চলে সেই জন্য ইহা লেখা হইয়াছে। ঐরূপ আলোচনায় নানা সমস্যা দেখা দিতে পারে। যেমন "ফ্যামিলি লিভিং ষ্টাডি" করার উদ্দেশ্য কি, প্রধান সমস্যা কি কি, ইত্যাদি ; শ্রেণী বা "ক্লাস" এবং পারিবারিক আচ্ছাদন বা "ফ্যামিলি কভারেজ", পারিবারিক নমুনা বা "ফ্যামিলিং স্যাম্‌প্লিং", তথ্য সংগ্রহ বা "ডেটা কলেকশন" সমস্যা এবং তৎপরবর্তী অবস্থা উক্ত "ডেটার" বিশ্লেষণ প্রভৃতি সমাজ বিজ্ঞানের ছাত্রদের গবেষণার বিষয়।

বইখানিতে কোন একটা বিশেষ আদর্শ বা ষ্ট্যাণ্ডার্ডের সপক্ষে আলোচনা করা হয় নাই ; বরং দেখানো হইয়াছে, আধুনিক যুগে সমাজ বিজ্ঞানের কর্মীদের কি কি প্রণালী অবলম্বন করিতে হয়। সাধারণত সত্যাসত্য নির্ণয় না করিয়াই "ডেটা" গ্রহণ করা হয়, তাহা বর্জনীয়। সংখ্যা-গুলি সম্ভবমত যথেষ্ট হওয়া আবশ্যক, নচেৎ অসম্পূর্ণতা দোষে দুষ্ট হইতে পারে। এই সব দোষের জন্য গবেষণায় সাফল্য হওয়া সম্ভব নহে, কাজেই ভবিষ্যতের গবেষণা দোষ-মুক্ত করিবার উদ্দেশ্যে পুস্তকখানিতে "প্ল্যানিং" দেওয়া হইয়াছে।

লেখক সমালোচনা প্রসঙ্গে বলিয়াছেন যে, বিবরণীতে যে সকল তথ্য প্রচারিত হইয়াছে তাহা উক্ত দোষগুলি হইতে সম্পূর্ণ মুক্ত বলা চলে না। কিন্তু দোষ থাকা সত্ত্বেও তথ্যগুলির দাম আছে।

২। "প্রোলোগ্ টু পলিটিক্স" ; চার্লস্ ই মেরিয়াম প্রণীত ; দি ইউনিভার্সিটি অব চিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত ; চিকাগো, ১৯৩৯ ; পৃঃ ১১৮ ; মূল্য ১·৫০ ডলার।

চিকাগোতে মেরিয়াম্ কয়েকটি বক্তৃতা প্রদান করেন, তাহা একত্রিত করিয়া পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। মেরিয়াম্ গণতন্ত্র বা "ডেমক্রেসি" সম্বন্ধে খুবই আশান্বিত। রচনার ধারা দেখিয়া মনে হয় যেন ডেমক্রেসির আদর্শ তাঁহার বুকে দুর্বোচ্য ছাপ দিয়া গিয়াছে। আদর্শ রাষ্ট্রের অধ্যায়ে লেখক বলিয়াছেন যে অধুনা তাঁহার আদর্শের যতই দোষ থাকুক না কেন, যতই তাহা বিফলতায় পর্যবসিত হউক না কেন, মানবের ইতিহাস এবং মনস্তত্ত্বের দিকে নজর রাখিলে স্বীকার করিতে হইবে যে, ডেমক্রেসি আবার উত্থিত হইবে। যখন সেই ডেমক্রেসির অভ্যুত্থান হইবে তখনই আইন, ন্যায়বিচার, মানুষের মুক্তি প্রভৃতি আবার ফিরিয়া আসিবে। লেখক বিশ্লেষণ করিয়া দেখিয়াছেন, "লিবার্টি" বা মুক্তির প্রসার কি ভাবে হইয়া আসিতেছে। ইহার গর্ভস্থিত মানবশিশু সর্বপ্রসারিত "ফ্রিডমওয়েল্‌থ" আবার স্থাপন করিবে। পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণের সহিত অদ্ভুত যুক্তিশক্তির মিলনে মনে হয় মৃতপ্রায় আদর্শের পুনর্জীবন বুঝি লাভ হইবে। কি কি

উপায় অবলম্বন করিলে তাহা পুনরায় লাভ করা যাইতে পারে সে কথা তিনি স্পষ্ট ভাষায় বলিয়া দিয়াছেন।

৩। "মডার্ণ ডিক্টেটরশিপ"; ফায়নার স্পিরারম্যান্ প্রণীত; কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক, ১৯৩৯; পৃঃ ৪৭২; মূল্য ২·৭৫ ডলার মাত্র।

ডিক্টেটরশিপের আবির্ভাব সম্বন্ধে মিস্ স্পিরারম্যান সম্বন্ধে আলোচনা করিয়াছেন। তিনি বিভিন্ন দেশের ডিক্টেটরদের সম্বন্ধে গবেষণা করিয়াছেন, অবশ্য তন্মধ্যে "বিগ থ্রি" সম্বন্ধে ভুল করেন নাই। যদি আবির্ভাবের কারণ অনুসন্ধানের জন্য লেখিকা চেষ্টান্বিতা হইয়া থাকেন, তাহা হইলে বিশেষ কৃতকার্যতা লক্ষ্য করা যায় না। প্রত্যেক দেশ ধরিয়া কি উপায়ে ডিক্টেটর আসিয়া উপস্থিত হইলেন, তৎপ্রসঙ্গে লেখিকা যাহা বলিয়াছেন, তাহাও সকল স্থলে বেশ পরিষ্কার হইয়াছে বলিয়া মনে হয় না। কারণ পাঠক যদি জিজ্ঞাসা করেন কি উপায়ে তাঁহারা আসিলেন, তাহা হইলে সেই প্রশ্নের সঠিক উত্তর উক্ত আলোচনা হইতে পাওয়া যায় না। তবে ডিক্টেটরশিপের মনস্তত্ত্বের যে ব্যাক্‌গ্রাউণ্ড তাহা হইতে লেখিকার মৌলিকত্বের পরিচয় পাওয়া যায়। কিন্তু এ কথা সত্য যে সমাজ-মনস্তত্ত্ব সম্বন্ধে যাঁহারা আলোচনা করিয়া থাকেন তাঁহাদের নিকটে মনে হইবে যে উহা যেন গতানুগতিক, যেন তাহাতে নূতন ছাঁচের ভাবধারা নাই। বইখানি বৈজ্ঞানিকের বাক্যচ্ছটায় ভীষণ হইয়া উঠে নাই।

৪। "প্রোপাগ্যাণ্ডা ইন জার্মানি ডিউরিং দি থার্ড ইয়ার্স ওয়ার", এলমার এ বেলার প্রণীত; প্রিন্সটন ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; প্রিন্সটন, ১৯৪০; পৃঃ ৪৯, মূল্য ১·০০ ডলার।

এই পুস্তক প্রচার বা প্রোপাগ্যাণ্ডা বিশ্লেষণ তালিকায় নূতন যোগ হইয়াছে। যুদ্ধের সময়ে প্রোপাগ্যাণ্ডা সম্বন্ধে দলিল হিসাবে ভবিষ্যতে যুদ্ধ-প্রোপাগ্যাণ্ডার বিশ্লেষণে কার্যকরী হইবে। ত্রিশ বৎসরের যুদ্ধকালে প্রচারিত যুক্তির বিচারে দশ পৃষ্ঠা গেছে, বাকী সব কয়টি পৃষ্ঠাতে ছবি দেওয়া আছে। ছবির সহিত কবিতার ছবির মানে বলা হইয়াছে। প্রত্যেক কবিতা ৩০ হইতে ১০০ লাইনের মধ্যে। লেখক উক্ত কবিতাগুলির অনুবাদ করিয়াছেন।

এ দেশে এই ধরণের বই দেখা যায় না। লেখাপড়ার দিক হইতে ইহা একটা নূতন দিক খুলিয়া দিবে।

৫। "ডেমক্রেসি থ্রু পাবলিক ওপিনিয়ন"; হ্যারোল্ড ডি লাসওয়েল প্রণীত; ল্যঙ্কাস্টার প্রেস ইন্‌কর্পোরেটেড কর্তৃক প্রকাশিত; মেনাসা, ভিস্ ১৯৪১; পৃঃ ১৭৬; মূল্য ১·৫০ ডলার।

পুস্তকখানিতে গণতন্ত্র বা "ডেমক্রেসির" প্রকৃতি এবং কি উপায়ে ডেমক্রেসি আরও কার্যকরী হইতে পারে সেই সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। আমেরিকার মাটির কর্মনীতি এই ডেমক্রেসি কিন্তু বিপথগামী হইবারও সম্ভাবনা আছে। ভিতরের কথা যাঁহারা জানেন তাঁহাদের উক্ত আদর্শের প্রতি ভক্তি চটিয়াও যাইতে পারে। সাধারণ লোকেই "ক্রাউডে" পরিণত হয়। দুনিয়ার কতকগুলি লোক আছে, প্রত্যেক বিষয়েই বিরুদ্ধবাদী না হইলে তাহাদের বিদ্যাবত্তার পরিচয় দেওয়া হয় না, অথবা তাহারা খুবই বুদ্ধিমান সে কথাটা অপ্রকাশিত থাকিয়া যায়। ছোট ছেলের যে নামতা মুখস্থ দরকার তাহাও একটা বিতর্কমূলক ব্যাপার হইতে পারে। জগতে অনেক জিনিষ আছে যাহা সত্যই বিতর্কমূলক। সেই জন্য "প্রোপাগ্যাণ্ডা" কি, বিজ্ঞানসম্মতভাবে যদি তাহার সংজ্ঞা দেওয়া না থাকে তাহা হইলে ধরাই যাইবে না যে কোনটি প্রোপাগ্যাণ্ডা আর কোনটি নয়। লেখক দেখাইয়াছেন যে প্রোপাগ্যাণ্ডা হইল একটি বিশেষ দলের প্রচেষ্টার পরিণতি। তাহাতে থাকে "পাবলিক ওপিনিয়ন" প্রভাবান্বিত করার চেষ্টা অবশ্য গুপ্তভাবে, বে-আইনিভাবে এবং নীতিবিরুদ্ধভাবে যাহাতে সেই বিশেষ দলটির স্বার্থ পরিপুষ্ট হইতে পারে। যখন প্রোপাগ্যাণ্ডা করা হয় তখন লেখক বা দলের লোক নিজেদের প্রকাশ্যে বাহির করার সাহস রাখেন না এবং তাঁহাদের উদ্দেশ্য কি তাহাও প্রচার করেন না। কিন্তু যে স্থলে লেখক ও তাঁহার উদ্দেশ্য সুপরিস্ফুট সেখানে তাঁহার লেখাকে যদি প্রোপাগ্যাণ্ডা বলিয়া ধরা হয় তাহা হইলে সত্যই অবিচার করা হয়। একস্থলে লেখক বেশ লিখিয়াছেন—কে, কি, কেন করিতেছেন, যদি জানা থাকে তাহা হইলে সেই লেখাকে প্রোপাগ্যাণ্ডা বলিয়া ছাপ দেওয়া যাইতে পারে না। লেখক এখানে থামেন নাই; তিনি বলেন, যদি উক্ত তিনটি প্রশ্ন পরিষ্কার থাকে তাহা হইলে ভুল তথ্য, লওয়াইবার চেষ্টা, বিশেষ যুক্তি প্রভৃতি থাকিলেও তাহাকে প্রোপাগ্যাণ্ডা বলিয়া ধরা চলে না। আমেরিকার মত স্বাধীন দেশে এই নীতি পালনীয়, কিন্তু যে দেশে সত্য লিখিলেও দণ্ডিত হইতে হয় সেখানে কি এই পুস্তকের প্রচলন বাঞ্ছনীয় হইবে না?




১। "ন্যাশন্যাল ইকনমিক অ্যাণ্ড সোশিয়্যাল প্ল্যানিং এসোসিয়েশন"; প্ল্যানিং পাম্ফলেট নং ৩; ওয়াশিংটন ডি সি, ১৯৪১; পৃঃ ৪৬; মূল্য ২৫ সেন্ট মাত্র।

২। "ইকনমিক ফাক্টর্স অ্যাফেক্টিং ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশনস্ পলিসি ইন ন্যাশন্যাল ডিফেন্স"; ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশন কাউন্সিলর ইন্‌করপোরেটেড; ১৯৪১; পৃঃ ১১২; মূল্য ১·৫০ ডলার।

৩। "দি হেল্‌থ অ্যাণ্ড এফিশিয়েন্সি অব মিউনিশনস্ ওয়ার্কার্স"; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; লণ্ডন, ১৯৪০; পৃঃ ১৩৮।

৪। "ফিডিঃ দি নেশন ইন পিস্ অ্যাণ্ড ওয়ার"; জি ও ওয়াল্ডওয়ার্থ প্রণীত; জর্জ অ্যালেন অ্যাণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত; মূল্য ১৮ শিলিং নেট।

৫। "জার্মান ইকনমি ১৮৭০-১৯৪০"; ওস্‌টাভ ষ্টলপার প্রণীত; জর্জ অ্যালেন অ্যাণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত; মূল্য ৭ শিলিং ৬ পেন্স।

৬। "ষ্ট্যাটিসটিক্যাল প্রোসিডিওর্স অ্যাণ্ড দেয়ার ম্যাথেম্যাটিক্যাল বেসেস"; চার্লস্ সি পিটার্স অ্যাণ্ড ওয়ালটার আর ভ্যান ভুরহিস প্রণীত; ম্যাকগ্র হিল বুক কোঃ কর্তৃক প্রকাশিত; লণ্ডন, ১৯৪০; পৃঃ ৪১৬; মূল্য ৪·৫০ ডলার।

৭। "ইনভেষ্টিগেটিং লাইব্রেরি প্রব্লেমস্"; ডাগলাস ওয়াপলেস্ প্রণীত; ইউনিভার্সিটি অব চিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত; চিকাগো, ১৯৩৯; পৃঃ ১১৩; মূল্য ১·০০ ডলার।

৮ "মোশন পিক্‌চার্স ইন্ এডাল্ট এডুকেশন"; টি আর অ্যাডাম প্রণীত. আমেরিকান্ এসোসিয়েশন ফর এডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৪০; পৃঃ ৯৭; মূল্য ৭৫ ডলার।

৯। "পার্সনস্ এডমিটেড টু দি ক্রিডল্যাণ্ড ষ্টেট হস্‌পিট্যাল" (১৯২৮-১৯৩৭); হাওয়ার্ড হুইপল্ গ্রীন প্রণীত; ক্রিডল্যাণ্ড হেল্‌থ কাউন্সিল কর্তৃক প্রকাশিত; ১৯৩৯; পৃঃ ৩৮।

১০। "টিউবারকিউলোসিস্ অ্যাণ্ড সোশিয়্যাল কনডিশনস্ ইন ইংলণ্ড উইথ স্পেশাল রেফারেন্স টু ইট্‌স এডাল্‌ট্‌স"; পি ডার্সি হার্ট ও জি পেলিং রাইট প্রণীত; ন্যাশন্যাল এসোসিয়েশন ফর দি প্রিভেনশন অব টিউবারকিউলোসিস কর্তৃক প্রকাশিত; ১৯৩৯; পৃঃ ১৬৪; মূল্য ৩ শিলিং মাত্র।

১১। "সুপারভিসন ইন পাবলিক হেল্‌থ নার্সিং" ভায়লেট এইচ্ হডসন প্রণীত; নিউ ইয়র্ক, ১৯৩৯; পৃঃ ৩৭৬; মূল্য ২·৫০ ডলার।

১২। "হসপিট্যাল পাবলিক্ রিলেশন্স"; আলভেন বি ফিল্‌স প্রণীত; ১৯৩৯; পৃঃ ৩৬১; মূল্য ৩·৭৫ ডলার।

১৩। "দি পেসেন্টস্ ডাইলেমা"; হিউ ক্যাবট প্রণীত; নিউইয়র্ক, ১৯৪০; হারপ্তার অ্যাণ্ড হিচকক কর্তৃক প্রকাশিত; পৃঃ ২৮৪; মূল্য ২·৫০ ডলার।

১৪। "পাবলিক রিলিফ" (১৯২৯-১৯৩৯); জোসেফিন সি ব্রাউন প্রণীত; হেনরি হোল্ট অ্যাণ্ড কোম্পানি কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৪০; পৃঃ ৪২৪; মূল্য ৩·৫০ ডলার।

# শ্রম ও শ্রমের দাম

শ্রীসুধাকান্ত দে এম এ, বি এল্

( পূর্ব্বপ্রকাশিতের পর )

শ্রম সম্বন্ধে কতকগুলি ভুল ধারণা প্রচলিত আছে। সেগুলির নিরসন হওয়া দরকার।

প্রথমত, এই ধারণা রহিয়াছে, প্রয়োজন না থাকিলেও যেমন করিয়া হোক্ দেশের মধ্যে কাজ সৃষ্টি করিতে হইবে। এই মনোভাবের প্রথম ফল কি হয় একবার ভাবিয়া দেখুন। ইচ্ছা করিলেই আর কিছু দেশের মধ্যে নূতন কাজ সৃষ্টি করা বা পুরাতন কাজ বাড়ানো সম্ভব হয় না। সভ্য দেশের অগ্রসরতার একটা লক্ষণ এই যে, উৎপাদনের ব্যাপারে ক্রমাগত কম মনুষ্য-শক্তি ও অধিকতর যন্ত্র-শক্তি ব্যবহৃত হইতে থাকে। এক কথায় বলা চলে, তার ফল বেকার-বৃদ্ধি, আরও বেকার-বৃদ্ধি। কিন্তু আজকার দিনে যে সমস্যাকে সভ্য জগৎ সর্ব্বাপেক্ষা বেশী ভয় করে ও যা লইয়া বিব্রত, তা হইতেছে বেকার-সমস্যা। কিন্তু উহার সমাধান সহজ নয়। সেই কারণে সময়ে সময়ে কেহ কেহ অস্বাভাবিক পথ অবলম্বনের পরামর্শ দেন। যুক্তি এই যে, যেমন করিয়া হোক্ কাজ বাড়াইতে হইবে, অর্থাৎ অনেক লোককে কাজ দিতে হইবে। এজন্য যদি পুরাতনকে ভাঙ্গিয়া নূতন করিতে হয়, অথবা ধ্বংসাত্মক কার্য্যে প্রবৃত্ত হইতে হয়, ক্ষতি নাই। মোট কথা, কাজ চাই। ধ্বংসাত্মক বলিতে ভূমিকম্প, অগ্নিদাহ, যুদ্ধবিগ্রহ প্রভৃতিকে বুঝায়। জাপানের ভূমিকম্প, লণ্ডনের অগ্নিদাহ অনেক লোককে কাজ জুটাইয়া দিয়াছিল। কিন্তু নৈসর্গিক উৎপাৎ মানুষ সৃষ্টি করিতে পারে না। সুতরাং নিরোপের সর্ব্বাপেক্ষা ধ্বংসাত্মক অথচ ব্যাপক উপায় হইল, যুদ্ধবিগ্রহে লিপ্ত হওয়া। বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে বিশেষ ভাবে জার্ম্মাণিতে বেকার-সমস্যা প্রবল আকার ধারণ করিয়াছিল। জার্ম্মাণি সমরোপকরণ প্রস্তুত করিবার জন্য লাগাইয়া, পরে জল স্থল ও আকাশ সেনা-বাহিনীর অন্তর্গত করিয়া এবং আরও পরে সত্য সত্য যুদ্ধে পাঠাইয়া হাজার হাজার লোককে কাজ দিতে সমর্থ হইয়াছিল। চীনের সহিত যুদ্ধে জাপান এত লোককে সৈন্য শ্রেণীভুক্ত করিয়াছিল যে তাহাদিগকে বিস্তৃততর ক্ষেত্রে নিয়োগ করিতে না পারিলে সৈন্যগণ বেকার হইয়া দেশে বিপ্লব আনয়ন করিত। ইংলাণ্ড ও আমেরিকার বিরুদ্ধে তার যুদ্ধ ঘোষণার অন্যতম কারণ এইখানে থাকিলেও থাকিতে পারে। উচ্চ ক্ষেত্রে যুদ্ধ বহু লক্ষ লোককে কাজ জুটাইয়া দিয়াছে, এবং তারা মজুরি পাইতেছে।

যুদ্ধ একটা বড় ব্যাপার। সকল সময়ে বা অবস্থাতে অবলম্বন করা যায় না। অথবা অবলম্বন করা সম্ভব বা সমীচীন না হইতে পারে। কিন্তু ছোট ও মাঝারি এমন অনেক কাজের কল্পনা করা যায় যা গঠনমূলক নয়, ধ্বংসমূলক; এবং যার জন্য শ্রমিক নিয়োগ প্রয়োজন হইতে পারে। যেমন ধরুন, পুরাতন বাড়ী ভাঙ্গিয়া নূতন বাড়ী নির্ম্মাণ, বিনা দরকারে রাস্তাঘাট নূতন করিয়া তৈয়ার, পুকুরকে বাগান আর বাগানকে পুকুর করণ, ইত্যাদি। ইয়োরোপীয় ধনবৈজ্ঞানিকদের প্রিয় উদাহরণ হইতেছে রাস্তায় বরফ পতন। এই প্রকার কাযের মর্ম্ম-কথা হইল এই যে, লোক বেকার বসিয়া আছে, অতএব যখন নূতন কাজের বা পুরাতন কাজ বাড়ানোর আশা নাই, তখন এক কাজকেই বার বার ভাঙ্গিয়া গড়। এ যেন রাধার জল আনিতে যাওয়া। রাধা বার বার কলসীতে জল ভরিতেছেন আর ফেলিয়া দিতেছেন। কলসী আর কিছুতে পূর্ণ হয় না। রাধার না হয় একটা বিশেষ উদ্দেশ্য ছিল, কিন্তু আধিক জগতে বিনা প্রয়োজনে ভাঙ্গা-গড়া শুধু নিরর্থক নয়, ক্ষতিকর। আপনি পাঁচশ মাইল রেল-রাস্তা দেশের মধ্যে তৈরী করিলেন। তারপর রাষ্ট্র-নেতা হিসাবে হুকুম দিলেন, উহা ভাঙ্গিয়া ফেল।

একবার নয়, ধরুন তিন তিনবার। হয়ত ঐ পাঁচশ মাইল ছাড়া আর নূতন রেল পাতিবার উপায় নাই। অর্থাৎ আপনার হুকুমের ফলে হাজার শ্রমিকের জন্য ছ মাসের শ্রমের জায়গায় দেড় বছর শ্রমের ব্যবস্থা হইল; অথবা, অন্য ভাষায়, আগের চেয়ে তিন গুণ শ্রমিক কাজ পাইল। এইরূপে দেশের মধ্যে ভাঙ্গাগড়ার দ্বারা আরও কাজের সৃষ্টি বা বৃদ্ধি কল্পনা করা যাইতে পারে। কিন্তু প্রকৃত পক্ষে, ইহাকে কাজ বলা চলে না। যেখানে সংস্কার, মেরামত বা নূতন চেষ্টার বাস্তবিক প্রয়োজন, আমরা সেখানকার কথা বলিতেছি না। আমাদের কল্পিত উদাহরণে হাজার মাইল রেলপথ তৈরীর শ্রম অথবা দু হাজার শ্রমিকের শ্রম বৃথায় গেল। পুরাতন জিনিষকে ভাঙ্গিয়া না গড়িলে [ গড়িবার আবশ্যকতা ছিল না, ধরিয়া লইতেছি ] আরও দুই হাজার শ্রমিক কাজ পাইত, অথবা আরও হাজার মাইল নূতন রেলপথ পাতা হইত। তাতে দেশে ঐ পরিমাণ ঐশ্বর্য্য-বৃদ্ধি হইত।

নূতন কাজ সৃষ্টির মনোভাবের আর একটি আকার হইতেছে, পারিশ্রমিক বৃদ্ধির জন্য সমাপ্ত কাজটিকে বা তার কতকাংশকে বাজার হইতে সরাইয়া রাখা অথবা ধ্বংস করা। [ বলা বাহুল্য, তা সকল সময়ে সম্ভব নয়। নানা আধিক কারণের সমবায়ে তা সম্ভব বা অসম্ভব হয়। ] চাষীদের মধ্যে এই রীতি প্রবল দেখা যায় যে, যখন তারা কোন সময়ে জানিতে পারে, যতটা দরকার তার চেয়ে অনেক বেশী উৎপাদন করিয়াছে, তখন দর চড়াইবার জন্য হয় তাদের উৎপাদনের কতকাংশ নষ্ট করে নতুবা সরাইয়া ফেলে। কখন কখন অতি-উৎপাদন না হইলেও ঐরূপ করে বেশী দাম পাইবার জন্য। ইহার অর্থ অতি স্পষ্ট,—দেশের ঐশ্বর্য্য বা ধন নাশ। যে রাষ্ট্র বা ব্যক্তি কাজ সৃষ্টি বা বাড়ানোর উদ্দেশ্যে অথবা কাজের মজুরি বাড়াইবার উদ্দেশ্যে ঐশ্বর্য্য-নাশ করে, তার অবলম্বিত নীতি কোনক্রমেই সমর্থনীয় নয়। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, অনেক রাষ্ট্রনীতিবিদ্ এই পন্থা অবলম্বনীয় বলিয়া মনে করেন। যে চাষী দর-বৃদ্ধির জন্য ফসল নষ্ট করে বা পুড়াইয়া দেয়, তার স্বপক্ষে বলিবার এইটুকু আছে যে, সে বহুদিনের শ্রমের ফল ধ্বংস করে বটে, কিন্তু তার বদলে বাকী ফসলের জন্য যা পায় তা তার ক্ষতি পোষাইয়া দিতে পারে। একটা উদাহরণ দেওয়া যাক্। ধরুন কোন বৎসরে ২ কোটি মণ পাট চাষ হইয়াছে। কিন্তু সেই বৎসরে পাট দরকার মাত্র ১·৮ কোটি মণ বা কম। সুতরাং জমিতে ২০ লক্ষ মণ অতিরিক্ত পাট হইয়াছে। ধরুন ২ কোটি মণ পাট বেচিতে গেলে চাষীরা গড়ে কোনক্রমেই মণ প্রতি ৭৲ টাকার বেশী পায় না, বরং তারপর ৫০।৬০ হাজার মণ পাট উদ্বৃত্ত থাকে; অন্য দিকে ১ কোটি ৮০ লক্ষ মণ পাট ৮৲ দরে বেচা যাইতে পারে। সুতরাং দাঁড়ায় এই :

১,৮০,০০,০০০ মণ পাট ৮৲ দরে
বিকাইলে পাওয়া যায়
১,৪৪,০০,০০০ মণ পাট ৭৲ দরে
বিকাইলে পাওয়া যায়

---

৮৲ মণ দরে লাভ হয়  ৩৬,২০,০০০৲

অর্থাৎ যদি ২০ লক্ষ মণ পাট ধ্বংস করা বা সরাইয়া রাখা না যায়, তা হইলে পাট বেচিয়া চাষীরা ৩৬ লক্ষ টাকা কম পাইবে, উপরন্তু ৬০,০০০ মণ পাট তাদের ঘরে পড়িয়া থাকিবে; কিন্তু ২০ লক্ষ মণ পাট বাজারে না ফেলিয়া সরাইয়া রাখিলে চাষীদের মণ প্রতি ১৲ টাকা বেশী লাভ ত হইবেই, উপরন্তু সমস্ত পাট বিক্রি হইয়া যাইবে। মণ প্রতি ১৲ টাকা বেশী দর এবং সমস্ত পাট বিক্রয় কম কথা নয়। তার জন্য চাষীদের লোভ হওয়া স্বাভাবিক। যে উদাহরণ দেওয়া হইল, তার সম্ভাব্যতা ও অসম্ভাব্যতা সম্বন্ধে সম্প্রতি বিচার করা হইতেছে না। তথাপি এ কথা সত্য যে, ২০ লক্ষ মণ পাট নষ্ট করার অর্থ অনেক মজুরের অনেক দিনের শ্রমকে ব্যর্থ করা। আর বেশী দর পাওয়া সব সময়ে চাষীর পক্ষে বেশী লাভজনক নাও হইতে পারে। যখন পাটের দর ৭৲ টাকা থাকে তখন জিনিষপত্রের যে দর সেই দর পাট ৮৲ টাকা হইলে না থাকিতেও পারে। যদি না থাকে তা হইলে পাট বেচিয়া শুধু টাকা বেশী

পাওয়ার দ্বারা চাষীর স্বাচ্ছন্দ্য-বৃদ্ধি ঘটিতে না পারে। এরূপ অবস্থায় ধ্বংসাত্মক পন্থা অবলম্বন করা সমীচীন নয়।

উপরের উদাহরণে চাষীর স্বপক্ষে যুক্তি যদি বা কিছু থাকে, আমরা ইতিপূর্ব্বে কাজ সৃষ্টি বা বাড়ানোর যে সব উদাহরণ দিয়াছি, সেগুলিতে কোন যুক্তি নাই। কোন ধনবৈজ্ঞানিক এইরূপ ভাবে বেকার-সমস্যা সমাধান সমর্থন করিতে পারেন না। বস্তুত, কোন ব্যক্তি বিশেষকে বা কোম্পানিকে যদি বলা যায়, তুমি তোমার রেলপথ বারবার ভাঙ্গিয়া নূতন করিয়া বসাও বা একটা বাড়ী ভূমিসাৎ করিয়া অন্য নূতন বাড়ী তৈরী কর, তা হইলে কোন পুঁজিদার তা সমর্থন করিবেন না। কারণ তাতে তাঁর নিজের স্বার্থ কোনরূপে পুষ্ট হইবে না। এখানে পুঁজিদারের নিজের কথিতে এড়াইবার চেষ্টা দেখা যাইবে। শ্রমিকের শ্রম-ফল নষ্ট করার অর্থ উৎপাদন কমানো, অথবা নূতন উৎপাদন বাড়ানো বন্ধ করা।

ধরুন নূতন বা উন্নততর কল প্রবর্ত্তনের ফলে বা অন্য কারণে দেশের মধ্যে বেকার শ্রমিকের সংখ্যা বহুগুণ বাড়িয়া গেল। অর্থাৎ যা দেশের সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির দ্যোতক বলিয়া মনে হইতেছে, তাই শ্রমিকের পক্ষে আপত্তিজনক দাঁড়াইতেছে। সাধারণত মজুরেরা নূতন বা উন্নত কলের পক্ষপাতী নয়। ইংলণ্ডে যখন শিল্প-বিপ্লব দেখা দিয়াছিল, তখন তার মূলে ছিল, কলের, আরও কলের ও নূতন নূতন কলের, প্রবর্ত্তন। কলের প্রবর্ত্তনে বা উন্নতিতে আমরা উল্লসিত হইয়া উঠি। বস্তুত শিল্প-নিষ্ঠার অপর পীঠের কথা হইল যন্ত্রের বৃদ্ধি ও উন্নতি। যান্ত্রিকতা বর্ত্তমান যুগে সভ্যতা ও ঐশ্বর্য্যের নির্দ্দেশক। কিন্তু শ্রমিক যন্ত্রকে ঠিক ভাল চোখে দেখিতে পারে না। কারণ তার স্বার্থের সহিত যন্ত্র-ব্যবহারকারীর স্বার্থের সংঘাত ঘটে। ইহার উদাহরণ আমরা সর্ব্বত্র দেখিতে পাইব। কত হাতের কাজই না শ্রমিকের হাত হইতে চলিয়া গিয়াছে, কলে সম্পাদিত হইতেছে। যন্ত্রের সহিত প্রতিযোগিতায় মানুষের পারিবার কথা নয়। যন্ত্র কি ভাবে কাল ও স্থানের ব্যবধানকে হ্রস্বতর করিয়া দিতেছে তার প্রকৃষ্ট উদাহরণ বাষ্পীয় শকট, জাহাজ, হাওয়া গাড়ী এবং উড়ো জাহাজ। বর্ত্তমানে সহস্র সহস্র মাইল ব্যাপিয়া যে যন্ত্র-যুদ্ধ হইতেছে, তা বৈজ্ঞানিক মারণাস্ত্র ও দ্রুতগামী যানবাহনের সাহায্য ভিন্ন কখনও সম্ভব হইত না। এই সব আবিষ্কার ও উন্নতিতে মানুষের বুদ্ধি ও মস্তিষ্কের চূড়ান্ত পরিচয় পাওয়া যায়, এবং তা আমাদের সত্যকার গৌরব ও আনন্দের বিষয়। কিন্তু ইহার অন্য দিকটা দেখুন।

এখানে কয়েকটা উদাহরণ লওয়া যাক। আগে জোলা-তাঁতি কাপড় বুনিত, আমরা তাই পড়িতাম। সেই কাপড় তৈরীর জন্য আগে বিভিন্ন স্থানে লক্ষ লক্ষ লোক নিযুক্ত ছিল ও তাতে লক্ষ লক্ষ পরিবারের অন্নের সংস্থান হইত। সে স্থানে কল বসিল। কলের অর্থই হইল একবারে এক রকমের অনেকগুলি বস্ত্র তৈরী করা। হাতের কাজে রকমফের হইতে পারে, কিন্তু কলের কাজ একেবারে নিখুঁত এক রকম। উভয়ের উৎকর্ষ-অপকর্ষের কথা এখানে বিবেচনা করিতেছি না। বর্ত্তমানে ইহাই স্পষ্টভাবে বুঝাইতে চাহি যে, যন্ত্র যখন মানুষের কাজ করে অর্থাৎ শত শত শ্রমিকের বহুদিনের শ্রমের স্থান গ্রহণ করে, তখন সেই শত শত শ্রমিক অপ্রয়োজনীয় হইয়া পড়ে অর্থাৎ তারা কর্ম্মচ্যুত হয়। এ গেল যন্ত্রের প্রবর্ত্তনের ফল। যন্ত্রের উন্নতিতেও এই একই ফল দেখা দেয়। এক কথায় বলা চলে, নূতন কল বসাইলে বা পুরাতন কলের উন্নতি সাধন করিলে বেকার দেখা দেয় বা বেকারের সংখ্যা বৃদ্ধি পায়।

কাপড়ের ব্যবসায়ের মত অন্যান্য ব্যবসাতেও কলের ব্যবহার যত হইয়াছে অথবা বাড়িয়াছে, তত বহু শ্রমিকের কাজ গিয়াছে।

আমাদের দেশের কথাও এই সঙ্গে ভাবিয়া দেখুন। কত মাঝি, কত গরুর ও ঘোড়ার গাড়ীর গাড়োয়ান, কত পাল্কি-বেহারা, কত ঢেঁকি-চালিকা, গম-পেষক, এমন কি কত ধোপা, নাপিত পর্য্যন্ত যান্ত্রিক সভ্যতার কল্যাণে কর্ম্মহীন হইয়াছে, তার ইয়ত্তা নাই। মহাত্মা গান্ধী প্রমুখ কেহ কেহ এই দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন ও যাতে দেশের চেষ্টা আবার এই সবের উজ্জীবনে নিয়োজিত হয় তার জন্য প্রচার করিয়াছেন।

তাঁদের প্রচারের মূলে হাতের কাজের মহিমা ও পবিত্রতার কথা যত না থাক্ বহু লক্ষ লোকের অন্নের সংস্থান হইবার কথা তার চেয়ে বেশী আছে। মহাত্মা গান্ধী সে কথা স্পষ্ট স্বীকার করিয়াছেন। সত্য বটে, যন্ত্রের ব্যবহার না করিলে অর্থাৎ আদিম অবস্থায় থাকিলে অনেক লোক কর্মচ্যুত হয় না, কিন্তু সঙ্গে সঙ্গে ইহাও সত্য যে, বহু শ্রমিক নিযুক্ত থাকিয়া মাত্র সামান্য আয় লাভে সমর্থ হয়। ইহাদের যুক্তি এই যে, অল্পসংখ্যক লোকের অল্প আয় বহু লোকের বেশী আয় অপেক্ষা ভাল। তারপর অভাবের মাত্রা বাড়াইয়াই বা লাভ কি? সরল ও সহজ জীবন, অল্পে সন্তোষ, কামনা ; ইত্যাদি। বর্তমানে সহজ জীবন ও অল্প আয়ের উপকারিতা প্রভৃতি সম্বন্ধে আলোচনা করা যাইতেছে না। কিন্তু একটু চিন্তা করিলেই বুঝা যাইবে যে, দেশের ধন-ঐশ্বর্য, সুখ-স্বাচ্ছন্দ্য দ্রুতবেগে বাড়াইতে ও কাছে আনিতে হইলে অর্থাৎ কাল ও স্থানের সংক্ষেপ সাধন করিয়া ঐগুলি পাইতে হইলে, যন্ত্রের সাহায্য লওয়া ভিন্ন উপায় নাই। আজকার জগৎ আমাদের জন্য বসিয়া থাকিবে না। দেশে দেশে যদি যন্ত্রহীন উৎপাদন-ব্যবস্থা ও সরল জীবন-যাত্রা অবলম্বিত হইত, তা হইলে কোন সমস্যা থাকিত না। কিন্তু আজকার কঠিন প্রতিযোগিতার দিনে একাকী কোন দেশের পক্ষে ঐ যন্ত্র-বর্জন নীতি গ্রহণ করা সম্ভব নয় এবং সম্ভব হইলেও গ্রহণীয় নয়।

বস্তুত, যন্ত্রের ব্যবহারে বা উন্নতিতে বেকার-বৃদ্ধি নিবারণ করা যায় না। অল্প পরিমাণ শ্রমিক হয়ত নূতন উন্নতির সুযোগ গ্রহণ করিতে পারে, অর্থাৎ কাজ পায়। সময় অতিবাহিত হইলে পর হয়ত আরও কতক শ্রমিক কাজ পায়। সময় অতিবাহনের অর্থ ঠিকরূপে নির্দেশ করা চলে না, তা শিল্প বা বাণিজ্যের প্রকৃতির উপর নির্ভর করে। কিন্তু একথা সত্য যে, যে সময়ে যন্ত্রের ব্যবহার হয়, সে সময়ে অনেক শ্রমিকের কাজ যায়। উপায় নাই। এই কারণেই যন্ত্রের বিরুদ্ধে শ্রমিকদের অসন্তোষ। যদি এমন ঘটে যে, নূতন যন্ত্রের ব্যবহারে বা পুরাতন যন্ত্রের উন্নতিতে কোন শ্রমিককে কর্মচ্যুত হইতে হয় না, তা হইলে শ্রমিকগণ সেই পরিবর্তনে কখনও আপত্তি করে না।

ইহাও সত্য যে, অধিকতর অথবা নূতন নূতন ফল, যন্ত্র ইত্যাদির ফল দেশের উৎপাদন অর্থাৎ ধনৈশ্বর্য বৃদ্ধি অর্থাৎ দেশের সমগ্র ফল [ এখানে আমরা পুঁজি, জমি, শ্রম ও পরিচালনার সহায়ে একাকী ও একত্র উৎপন্ন যা কিছু জাতীয় লভ্যাংশকে ফল বলিয়া নির্দেশ করিতেছি ] বৃদ্ধি। সঙ্গে সঙ্গে শ্রমিকের অংশ বাড়িবে কি না, অথবা বাড়িলেও সমান অনুপাতে বাড়িবে কি না, না বাড়িলে তার প্রতীকারের উপায় কি?—এইগুলি হইল মজুরি-তত্ত্বের বড় প্রশ্ন। এক্ষণে মোটামুটি মাত্র এইটুকু বলা চলে যে, দেশের ফলে যোগ ঘটিলে শ্রমিকের অংশেরও বৃদ্ধি হওয়া উচিত। তবে তত্ত্বটিকে সম্পূর্ণরূপে বিচার করিবার পূর্বে এখনই এ কথা বলা চলে যে, দেশের ক্রমাগত ধন-বৃদ্ধি হইতে থাকিলে শ্রমিকের আয় বা ক্রয়শক্তির বৃদ্ধি অনিবার্য। যে সমাজ ব্যবস্থায় যত দ্রুত এই মজুরি বৃদ্ধি ঘটে, সেই সমাজ ব্যবস্থা তত ন্যায়পর, তাতে কটন তত ন্যায্যভাবে হইয়া থাকে। এই সকল সমস্যা পরে আমরা আরও বিস্তৃতভাবে আলোচনা করিব। এক্ষণে আমরা ইহাই দেখিলাম যে, ফল, যন্ত্র প্রভৃতির আমদানি, আবিষ্কার বা উন্নতিতে শ্রমিকেরা সাধারণত বিরুদ্ধ আন্দোলন করে ; এবং মনে করে উহা রোধ করিলে তারা অধিকতর কাজ পাইবে, বা আরও অধিক লোক কাজে নিযুক্ত থাকিবে। প্রতি বার নূতন কল আবহার বা পুরাতন কল পরিবর্তনের সময়ে শ্রমিকদের নিকট হইতে সক্রিয় বা নিষ্ক্রিয় বাধা পাওয়া কলের মালিকদের পক্ষে স্বাভাবিক। কিন্তু এই বিরোধিতা ভ্রম-প্রসূত।

দ্বিতীয়ত, সকল রকম শ্রমকে বুঝাইবার জন্য সাধারণত 'শ্রম' এই একটি মাত্র কথা ব্যবহার ও আলোচনা করা হয়। আমরাও করিয়াছি। তাতে এই ভ্রম হইবার সম্ভাবনা আছে যে, শ্রম বুঝি সর্বদেশে ও সর্বকালে সমভাবে গণ্য কোন বস্তু। কিন্তু প্রকৃত ঘটনা তা নয়। শ্রমের প্রকার-ভেদ অনেক। দেশে দেশে এই ভেদ ত দেখা যায়ই, পরন্তু এক দেশের মধ্যেও একই সময়ে শ্রম কোন অপরিবর্তনীয় প্রকৃতি-বিশিষ্ট বস্তু হয় না। এ-কথা প্রমাণ করিবার সহজ উপায় হইতেছে, এমন কোন

বাট্‌খারা দিয়া বিভিন্ন ধরণের শ্রমকে ওজন করিয়া দেখা যায় নিজের মধ্যে পরিবর্ত্তনশীলতা নাই অথবা থাকিলেও তা এত কম যে আমাদের সাধারণ কাজকর্ম্মের জন্য না ধরিলে কোন ক্ষতি হয় না। বিভিন্ন দেশে প্রচলিত মুদ্রা হইল সেই বাট্‌খারা। মুদ্রার দামেও উঠা-নামা হয়, এবং মুদ্রা-তত্ত্ব একটি জটিল বিষয়। আমাদের বর্ত্তমান অনুসন্ধানের জন্য উহার জটিলতায় প্রবেশ করা প্রয়োজন হইবে না। আমরা শ্রমকে মুদ্রার হিসাবে ওজন করিলে কি দেখিতে পাই? দেখিতে পাই যে শ্রম, অর্থাৎ কিনা স্বার্থত্যাগ ও কষ্টস্বীকার, আমেরিকার যুক্তরাষ্ট্রে ও ইয়োরোপের বিভিন্ন বাজারে এক দরে বিকায় না। সংখ্যাতত্ত্বের সূচীসংখ্যার সাহায্যে আমরা বিভিন্ন দেশের শ্রম-মূল্য নির্দ্দেশ করিতে পারি। আমাদের মধ্যে সাধারণতঃ এই ধারণা প্রচলিত আছে যে, বোম্বায়ের শ্রমিক বাংলার শ্রমিকের চেয়ে বেশী মজুরি পায়। সূচী-সংখ্যাতেও তা সত্য বলিয়া প্রমাণিত হয়। তর্কস্বরূপ এই কথা বলা যাইতে পারে যে, কম বা বেশী মজুরি প্রকৃত পক্ষে শ্রমিকের অবস্থার দ্যোতক নাও হইতে পারে। কোন দেশের শ্রমিক মুদ্রায় বেশী মজুরি পাইলেও, তার প্রকৃত মজুরি—সর্ব্বপ্রকার সুখ স্বাচ্ছন্দ্য ভোগের ক্ষমতা অর্জ্জন, তুলনায় সেই অনুপাতে বেশী না হইতে পারে, এমন কি কমও হইতে পারে। আর একটু খোলসা করিয়া বলা যাক্। ধরুন দেখা গেল যে, ঘরবাড়ী নির্ম্মাণ, কাপড়ের কল, প্রভৃতি ব্যবসাতে নিযুক্ত বাঙ্গালী শ্রমিকের মজুরির সূচী-সংখ্যা প্রত্যেক ক্ষেত্রে ১০০ আর বোম্বায়ের শ্রমিকের মজুরির সূচী সংখ্যা ১২০, ১৩০, ১৪০ ইত্যাদি এবং গড়ে ১৩২। অর্থাৎ যে কয়টি ব্যবসার কথা ধরা হইতেছে, সেগুলিতে বোম্বায়ের শ্রমিক বাংলার শ্রমিক অপেক্ষা ৩২% মজুরি বেশী পাইতেছে। শ্রমিক মজুরি পায়, ঐ মজুরির অধিকাংশ ব্যয় করা তার প্রকৃতি। কোথাও কোথাও হয়ত সঞ্চয় করিবার প্রবৃত্তি দেখা যায়। কিন্তু তা এত সামান্য যে আমাদের হিসাব হইতে বাদ দিলে বিশেষ ক্ষতি হয় না। সুতরাং এইবার বিবেচ্য, বোম্বাই ও বাংলার শ্রমিকেরা যদি তাদের মজুরির প্রায় সবটাই খরচ করিতে অভ্যাস করিয়া থাকে, তা হইলে কার অবস্থা বেশী ভাল? বলা বাহুল্য, তা নির্ভর করিবে কোন্ দেশের শ্রমিক তার মুদ্রা মজুরি দ্বারা কি পরিমাণ প্রয়োজনীয় দ্রব্য, সুখস্বাচ্ছন্দ্য প্রভৃতি কিনিতে পারিতেছে। এমন অবস্থা কল্পনা করা অসম্ভব নয় যেখানে বোম্বায়ের শ্রমিক ৩২% মজুরি বেশী পাইলেও বাংলার শ্রমিকের সম-পরিমাণ জিনিষ কিনিতে অপারগ; বোম্বায়ের বাজারে ভাত বা রুটি, কাপড়, জামা, ঘরবাড়ীর ভাড়া, ঔষধপত্র, লেখাপড়ার সরঞ্জাম, এবং অন্যান্য সমুদয় জিনিষের জন্য বাংলা দেশের চেয়ে বেশী দাম দিতে হয়। সমস্ত জিনিষের হিসাব একত্রে লইবার পর যদি দেখা যায় যে বোম্বায়ের শ্রমিককে তার জীবনধারণের জন্য বাংলার শ্রমিকের চেয়ে ২৫% বা ৩২% বা ৩৬% বেশী খরচ করিতে হয়, তা হইলে কি দেখা যায়? দেখা যায় যে, বাংলার শ্রমিকের তুলনায় বোম্বায়ের শ্রমিককে তার মজুরির

(১) ২৫% বেশী খরচ করিতে হইলে
বোম্বায়ের শ্রমিকের অবস্থা বিশেষ উন্নত থাকে;

(২) ৩২% বেশী খরচ করিতে হইলে
বোম্বায়ের শ্রমিকের অবস্থা = বাংলার শ্রমিকের অবস্থা;

(৩) ৩৬% বেশী খরচ করিতে হইলে
বোম্বায়ের শ্রমিকের অবস্থা বাংলার শ্রমিকের অবস্থার চেয়ে হীন।

অর্থাৎ, বোম্বায়ের শ্রমিক তুলনায় বাংলার শ্রমিকের চেয়ে বেশী মজুরি পায় বলিয়াই যে আর্থিক দিক্ দিয়া তার অবস্থা উন্নততর, তা সত্য নাও হইতে পারে। বিভিন্ন দেশের মজুরি ও পণ্যদ্রব্যের দাম মিলাইয়া দেখিলে এই ধরণের বহু সমীকরণ পাওয়া যাইতে পারে, এবং তা হইতে প্রকৃত অবস্থা ধরা পড়িবার সম্ভাবনা হয়।

সুতরাং মুদ্রা-মজুরির হিসাবে সর্ব্বদা ভুল থাকিয়া যায়। সেই ভুল প্রকৃত মজুরির অনুসন্ধান দ্বারা শোধরান দরকার। মজুরি-তত্ত্বের ইহা একটা বিশেষ প্রণিধানযোগ্য ব্যাপার।

কিন্তু বর্ত্তমানে আমরা এই প্রয়োজনীয় শ্রম-সংশোধন না করিয়াও শ্রমকে শুধু মুদ্রার ওজনে মাপিয়াই দেখিতে চাই, শ্রমের সহিত শ্রমের ভেদ কিরূপ গুরুতর সিদ্ধান্তে পৌঁছাইয়া দেয়। তবে তার পূর্ব্বেই এইখানে একথা বলা চলে যে, কোন কোন দেশের মজুরি অন্য অন্য দেশের মজুরি অপেক্ষা এত অধিক যে, প্রকৃত মজুরি নির্ণয় না করিয়াও বলা চলে প্রথমোক্ত দেশগুলির শ্রমিকদের অবস্থা উন্নত।

চীন, জাপান ও ভারতের শ্রমিক যত মজুরি পায়, ইয়োরোপের ইতালি বা রুশিয়ার শ্রমিক তার চেয়ে বেশী মজুরি পায়। আবার তার চেয়ে ইংল্যাণ্ড, ফ্রান্স বা জার্ম্মাণির শ্রমিকের মজুরি আরও বেশী। আমেরিকার যুক্তরাষ্ট্রে মজুরির হার সর্ব্বাপেক্ষা বেশী। আমাদের দেশে এই ধারণা প্রচলিত আছে যে, আমেরিকার যুক্তরাষ্ট্রের একজন সামান্য কুলিও এখানকার একজন এম. এ. পাশ করা লোকের চেয়ে বেশী উপার্জ্জন করে। একই প্রকার স্বার্থত্যাগ ও কষ্টকর শ্রমের জন্য ভারত, ইংল্যাণ্ড, আমেরিকার যুক্তরাষ্ট্রে শ্রমিক তার শ্রমের যে দাম পায় তা বিভিন্ন। সেই দাম দ্বারা কোন দেশের কোন কাজের কষ্টকরতা বা স্বার্থত্যাগ হিসাব করিলে চলে না। অর্থাৎ **শ্রমের দাম নির্ণয় করিতে গেলে দেশের তৎকালীন অবস্থাকেও গণনার মধ্যে আনিতে হইবে।** জীবনের আর্থিক সুখসাচ্ছন্দ্য সম্বন্ধে দৃষ্টিভঙ্গী সকল দেশের এক প্রকার নহে। আমেরিকার যুক্তরাষ্ট্রে যা নিতান্ত প্রয়োজনীয় বলিয়া গণনা করা হয়, তা ভারতীয় শ্রমিকের পক্ষে বিলাসিতা স্বরূপ। বংশগত ধারা, দেশের আব্‌হাওয়া ও ভৌগোলিক সংস্থান, ইতিহাস, প্রভৃতি বহুবিধ প্রভাব প্রত্যেক জাতি বা স্থানের শ্রমিককে এক এক পথে চালনা করে। সেইগুলির ফলে শ্রমের দামে দেশে দেশে নানারূপ ভিন্নতা দেখা যায়। শুধু সেই ভিন্নতার দিকে দৃষ্টি রাখিয়া মজুরি-তত্ত্ব সম্বন্ধে কোন প্রকার বিতর্ক উপস্থিত করিলে ভুল হইবে। সুতরাং, শ্রম সম্বন্ধে সকল দেশের পক্ষে প্রযোজ্য কোন সাধারণ সংজ্ঞা দেওয়া চলে না।

শ্রমিকের মজুরি দ্বারা এক দেশের শ্রমিকের সহিত অন্য দেশের শ্রমিকের দক্ষতা তুলনা করিতে গেলেও ভুল সিদ্ধান্তে পৌঁছিবার সম্ভাবনা ঘটে। শ্রমিকের উৎপাদন-ক্ষমতা নির্দ্দেশ করা সহজ নহে, এবং সে সম্বন্ধে সঠিক ও সন্তোষজনক তথ্য সব দেশে পাওয়া যায় কি না সন্দেহ। ধরুন, আমেরিকার যুক্তরাষ্ট্রের শ্রমিক (ঘ) বিলাতী শ্রমিকের (ব) তিনগুণ মজুরি পায়; আর বিলাতী শ্রমিক ইতালীয় শ্রমিকের (ই) তিনগুণ মজুরি পায়; আর ইতালীয় শ্রমিক ভারতীয় শ্রমিকের (ভ) দ্বিগুণ মজুরি পায়। অঙ্কের ভাষায় সম্বন্ধগুলিকে প্রকাশ করা যাক্।

ঘ = ৩ ব = ৩ × ৩ ই = ৩ × ৩ × ২ × ভ

= ১ ই = ১৮ ভ

ব = ৩ ই = ৩ × ২ ভ

= ৬ ভ

ই = ২ ভ

[এখানে বলা দরকার এই অঙ্কগুলি একেবারে কল্পিত।]

এখন জিজ্ঞাসা করা যাক্, আমেরিকান্ শ্রমিক কি ভারতীয় শ্রমিকের চেয়ে ১৮ গুণ, ইতালীয় শ্রমিকের চেয়ে ৯ গুণ এবং বিলাতী শ্রমিকের চেয়ে ৩ গুণ কর্ম্মদক্ষ? বিলাতী শ্রমিক কি ভারতীয় শ্রমিকের চেয়ে ৬ গুণ, এবং ইতালীয় শ্রমিকের চেয়ে ৩ গুণ কর্ম্মদক্ষ? আর ইতালীয় শ্রমিক কি ভারতীয় শ্রমিকের চেয়ে ২ গুণ কর্ম্মদক্ষ? অথচ আমাদের কল্পিত পারিশ্রমিক বা মজুরিকে দক্ষতার মাপকাঠি বলিয়া ধরিলে ঐ প্রকার সিদ্ধান্ত অনিবার্য্য হইয়া উঠে। প্রকৃত পক্ষে, শুধু মজুরি দিয়া শ্রমিকের কর্ম্মদক্ষতা ওজন করিতে গেলে ভুল হইবে। আরও অনেক বিষয় বিবেচনা করা প্রয়োজন। চোখের সামনে দেখিতে পাই, ইয়োরোপীয় নরনারীর তুলনায় ভারতীয় নরনারীর অভাব-বোধ কম। বলিয়াছি, দেশে দেশে তুলনা করিলে দেখা যায়, এক দেশের পক্ষে যা ঐশ্বর্য্য বলিয়া বিবেচিত হয়, অন্য দেশে তা নিতান্ত প্রয়োজনীয় দ্রব্যের মধ্যে পড়ে; এক দেশে যা না হইলে সংসার-যাত্রা অচল হয়, অন্য দেশে তার প্রয়োজনও কেহ অনুভব করে না। আমরা পান করিবার জন্য জল পাইলেই সন্তুষ্ট থাকি,

ইংল্যাণ্ড, ফ্রান্স, জার্মাণি ও আমেরিকাতে কোন না কোন প্রকার মদ্য সর্ব্বদা ব্যবহারের জন্য না পাইলে চলে না। [পোল-জার্মাণ নীট্‌শে তাঁর স্বলিখিত জীবন-চরিতে মদ্য পান বন্ধ করিতে বলিয়াছেন, কিন্তু তাঁর কথা কে শোনে?] ইয়োরোপীয় নরনারীর প্রচুর সাজ-পোষাক, বিছানা, গরম খাদ্য-পানীয় ও অন্য অনেক জিনিষ দরকার হয় যা আমাদের দেশে অনাবশ্যক বা প্রায় অনাবশ্যক। বিভিন্ন দেশের জীবন-যাত্রার ধরণ-ধারণে আকাশ-পাতাল প্রভেদ। কোন্ দেশের আদর্শ ভাল, কোন্ দেশের মন্দ: কে উন্নত আর কে অবনত; তা লইয়া বর্ত্তমানে আলোচনা করিবার প্রয়োজন নাই। বলিয়াছি, প্রাচীন ইতিহাস, ভৌগোলিক সংস্থান, জলবায়ুতাস, ঐতিহ্য—অনেক কারণ আছে, যে জন্য এই পার্থক্য দেখা যায়। এই পার্থক্য কোন দিন ঘুচিয়া যাইবে কি না, তা অন্য বিষয়। কিন্তু এই পার্থক্যকে মানিয়া লইতে হইবে [ দ্রষ্টব্য, দেশভেদে জীবন-যাত্রার বিভিন্ন মূর্ত্তির সহিত সাম্যবাদের বস্তুত কোন বিরোধ নাই। সকল দেশে এক প্রকার শ্রমের দরুন একই মজুরির ব্যবস্থা হইলেও যে প্রকৃত মজুরি সকলের সমান হইবে না, তা সহজেই বুঝা যায়। যদি পৃথিবীর সর্ব্বত্র সকল নর-নারী সমান সুযোগ ও সুবিধা সহ জীবন-যাত্রা আরম্ভ করিতে পারে, তা হইলে সাম্যবাদের আদর্শ কথঞ্চিৎ সফল হয়, বলা যাইতে পারে। কিন্তু তা আলাদা কথা। ] এবং তার উপর মজুরি-তত্ত্বকে খাড়া করাইতে হইবে। ভারতের পক্ষে যা প্রাচুর্য্য, তা বিলাতের পক্ষে প্রয়োজনের নিম্নসীমায় অবস্থিত থাকিতে পারে। তাতে আশ্চর্য্য হইবার কিছু নাই। শুধু মজুরি বা মুদ্রা-মজুরির হিসাবে ( প্রকৃত মজুরির হিসাবেও বটে ) ১০০৲ টাকায় কোন ভারতবাসীর পক্ষে যে ভাবে জীবন-যাত্রা নির্ব্বাহ করা সম্ভব, অভারতীয়ের পক্ষে তা সম্ভব নয়। ফলে ১০০৲ টাকায় কোন ভারতীয় যে কর্ম্মদক্ষতা দেখাইবে, ১০০৲ টাকায় কোন ইয়োরোপীয়ের নিকট হইতে সেই পরিমাণ কর্ম্মদক্ষতা আশা করা যায় না। ইহা দ্বারা যেন এরূপ মনে করা না হয় যে, আমরা শ্রমিকের মজুরিকে নিম্নতম সীমায় আবদ্ধ রাখিবার পক্ষপাতী। এ বিষয়ে আমাদের মত খুব স্পষ্ট। আমরা এই মত দৃঢ়ভাবে ঘোষণা করি যে, **বাংলা তথা সমগ্র ভারতে সর্ব্বপ্রকার পারিশ্রমিকের হার এত নীচু যে তজ্জন্য শ্রমিক মাত্রকেই অভাব ও দারিদ্র্যের তাড়না সহ্য করিতে হয়, এবং তার কর্ম্ম-শক্তি ক্ষীণ থাকে ও দ্রুত হ্রাস পায়।** আমরা দেশের এই অবস্থার আমূল পরিবর্ত্তনের প্রয়াসী। বস্তুত, এদেশে সর্ব্বপ্রকার শ্রমের মূল্য বৃদ্ধি হইবার প্রচুর অবকাশ রহিয়াছে; আর তাতে শুধু শ্রমিকেরা নয়, পুঁজিদার ও মালিকেরাও উন্নত ও অধিকতর শ্রমের ফলে উত্তরোত্তর বেশী লাভ করিবেন। শ্রমিকের পারিশ্রমিক-বৃদ্ধির ঔচিত্য সম্বন্ধে আমাদের মনে কোন দ্বিধা বা সংশয় নাই। কিন্তু প্রশ্ন হইতেছে, ঐ বৃদ্ধি কতদূর পর্য্যন্ত হইবে? কেহ কেহ বলিতে পারেন যে, যদি পারিশ্রমিক-বৃদ্ধিটা উপপত্তিরূপে মানিয়া লওয়া হইল, তা হইলে আমেরিকান্ বা অন্ততপক্ষে বিলাতী মজুরি কেন আদর্শস্বরূপ চোখের সাম্‌নে রাখা হইবে না? কোন দিন রাখা রাখা হইবে কি না, তা এখন বলা চলে না। বর্ত্তমান অবস্থায় শুধু এইটুকু বলা চলে যে, একদিকে আমরা যেমন মজুরি-বৃদ্ধির সমীচীনতা মানিয়া লইতেছি, অন্যদিকে তেমনই মানিয়া লইতেছি যে, আমেরিকান্ বা বিলাতী আদর্শ আমাদের নয়। প্রকারান্তরে, আমরা ইহাই বলিতে চাহিতেছি যে, আমেরিকান্ বা বিলাতী মজুরি না পাইলে আমাদের শ্রমিকদের কর্ম্মশক্তি বাড়িবে না, ইহা সত্য নয়; এবং যেহেতু আমেরিকান্, বিলাতী বা অন্য ইয়োরোপীয় শ্রমিক ভারতীয় শ্রমিকের চেয়ে অনেক গুণ বেশী মজুরি পায়, অতএব উহাদের কর্ম্ম-দক্ষতার অনুপাতও সেইরূপ,—এই সিদ্ধান্তও সমীচীন নয়। সুতরাং পরস্পর তুলনা কালে প্রত্যেক দেশের শ্রমের মাপকাঠি সম্বন্ধে আমাদের সাবধান হওয়া দরকার।

শ্রমের এক ও অবিভাজ্য রূপ নাই। শুধু যে দেশ-ভেদে উহার রূপ ভিন্ন, তা নয়; এক দেশেও বিভিন্ন সময়ে, এমন কি একই সময়েও, উহার আকারে বিভিন্নতা

দেখা যাইতে পারে। বাংলা দেশের শিক্ষক-শ্রেণী সাধারণতঃ নীচু বেতন পান। অথচ তাঁদের বিদ্যাবুদ্ধি বেশী হইতে পারে, তাঁদের শ্রমও বহুক্ষণব্যাপী হয়। একজন বড় উকীল বা ডাক্তার তার চেয়ে ঢের কম সময় ও কম শ্রমে অনেক বেশী উপার্জন করিতে পারেন। স্বার্থত্যাগ ও কষ্টস্বীকার দিয়া পরিমাপ করিলে শিক্ষকের মজুরি অনেক বেশী হওয়া উচিত ছিল। অথচ তা হয় না। উকীল ডাক্তারের শ্রমের মজুরি বেশী। বর্ত্তমান যুদ্ধের সময়ে সিভিক গার্ড, এ আর পি, এবং নানাবিধ হাতের কাজে অনেকে উপার্জ্জন করিতেছেন। এই উপার্জ্জন বিদ্যা, যোগ্যতা ও শ্রমের গুণ বা পরিমাণের উপর নির্ভর করিতেছে না। সুতরাং অনেককে বলিতে শুনা যায় যে, ইহা সুবিচার নহে। শ্রমের ন্যায্য মূল্য কি হওয়া উচিত, তা ধনবিজ্ঞানের একটা কঠিন ও গুরুতর সমস্যা। বর্ত্তমান আর্থিক ব্যবস্থা যে সকল শ্রমিককে ন্যায্য পারিশ্রমিক পাইতে সাহায্য করে না, তা স্বীকার করিয়া লইতে হয়। সুতরাং এতদূর পর্য্যন্ত বিশ্লেষণ করিয়া আমরা যে সিদ্ধান্তে পৌঁছিলাম, অর্থাৎ

শ্রম = (গ) মজুরি

= (গ) স্বার্থত্যাগ ও কষ্টস্বীকার

তদ্দ্বারা প্রকৃত অবস্থা নির্দ্দেশ করা যায় না। উপরের সমীকরণদ্বয়ের আরও বিশ্লেষণ প্রয়োজন। তৎপূর্ব্বে শ্রমের দাম সম্বন্ধে কোন চূড়ান্ত কথা বলা চলে না। কিন্তু ধনবিজ্ঞানে শ্রম সম্বন্ধে কোন কথা বলিতে গেলে আমাদিগকে আরও সাবধান হইতে হইবে। কোন্ দেশের শ্রমের কথা বলা হইতেছে, তা নির্দ্দেশ করিলেই যথেষ্ট হইবে না। প্রত্যেক দেশের অন্তর্গত বিভিন্ন শ্রেণী বা সম্প্রদায়ের শ্রমের কথাও মনে রাখিতে হইবে। যথা,

$$\text{শ্রম (শ্র)} = \text{শ}_1 + \text{শ}_2 + \text{শ}_3 + \text{শ}_4 + \cdots + \text{শ}_n$$

আবার $\text{শ}_1 = \text{প}_1 + \text{প}_2 + \text{প}_3 + \text{প}_4 + \cdots + \text{প}_n$

$\text{শ}_2 = \text{ফ}_1 + \text{ফ}_2 + \text{ফ}_3 + \text{ফ}_4 + \cdots + \text{ফ}_n$

$\text{শ}_3 = \text{ব}_1 + \text{ব}_2 + \text{ব}_3 + \text{ব}_4 + \cdots + \text{ব}_n$

$\text{শ}_n = \text{ন}_1 + \text{ন}_2 + \text{ন}_3 + \text{ন}_4 + \cdots + \text{ন}_n$

---

$\text{শ}_1 + \text{শ}_2 + \text{শ}_3 + \cdots + \text{শ}_n$

$= (\text{প}_1 + \text{প}_2 + \text{প}_3 + \cdots + \text{প}_n) + (\text{ফ}_1 + \text{ফ}_2 + \text{ফ}_3 + \cdots + \text{ফ}_n) + (\text{ব}_1 + \text{ব}_2 + \text{ব}_3 + \cdots$

$= \Sigma\text{প} + \Sigma\text{ফ} + \Sigma\text{ব} + \cdots\cdots$

$= \text{শ্র}$

[এখানে প, ফ, ব ...ন এর দ্বারা শ্রমের অসংখ্য শ্রেণীকে বুঝাইবার চেষ্টা করা যাইতেছে।]

উপরের অঙ্ক হইতে বুঝা যাইবে, শ্রম কি বিপুল বস্তু। এই সহস্র-বাহু শ্রমকে সর্ব্বদা স্মরণ রাখা সহজ নয়। তথাপি একথা সত্য যে, মজুরি-তত্ত্ব সম্পর্কে যথার্থ সিদ্ধান্তে পৌঁছাইবার জন্য শ্রমের বহুরূপ লইয়া আলাদা বিশ্লেষণ করিবার প্রয়োজন নাই, বহু রূপকে মনে রাখিলেই চলিবে।

তৃতীয়তঃ, শ্রম কথাটি ব্যাপক ও সংকীর্ণ অর্থে ব্যবহৃত হইয়া থাকে। শ্রম সকলেই করে। **গুণ ও পরিমাণ অনুসারে শ্রমকে নানা স্তরে সাজান যায়।** সেই সাজানর মধ্যে হয়ত একটা শৃঙ্খলা বা নিয়মও আবিষ্কার করা যাইতে পারে। পাটকলে যে মজুর কাজ করিতেছে, তার শ্রমও যেমন শ্রম, আবার কলের আবিষ্কর্ত্তা, নির্ম্মাতা, পুঁজির সংগ্রহ-কর্ত্তা, জমিদার—তাদের শ্রমও শ্রম। সামান্য জুতা সেলাই করা মুচি হইতে ভারতের বড়লাট পর্য্যন্ত এক হিসাবে শ্রমিক শ্রেণীর অন্তর্গত। এইরূপে দেখা যাইবে যে, শুধু কারখানার মজুরের শ্রম নয়, কিন্তু পুঁজিদার, জমির মালিক, কারবারীর পরিচালক —সমাজের সকল উৎপাদকের শ্রমকে একটি মাত্র শব্দ দ্বারা নির্দ্দেশ করা যায় এবং আমরা উপরে যা বলিয়াছি তা সকল প্রকার শ্রম সম্বন্ধেই সমানভাবে প্রযোজ্য। আমরা আগে বলিয়াছি, শ্রমিকের বৈশিষ্ট্য এই যে সে উৎপাদন করে। ফলবান্ ও নিষ্ফল শ্রমের পার্থক্য দেখাইতে গিয়া আমরা দেখাইয়াছি, কোন্ প্রকারের

শ্রম ধনবিজ্ঞানে আলোচ্য। তার সহিত আরও কিছু মন্তব্য যোগ করিয়া দেওয়া দরকার। তা এই: শ্রমিকের শ্রম বর্ত্তমান জগতে মুদ্রা দ্বারা মাপা চলে। [ অসুস্থত অবস্থার জন্য অথবা রাষ্ট্র কর্ত্তৃক বিশেষ ব্যবস্থা অবলম্বনের ফলে মুদ্রার প্রচলন সীমাবদ্ধ থাকিতে পারে,—আমরা তা অস্বীকার করিতেছি না। ] কিন্তু সর্ব্বত্র সকল শ্রেণীর **শ্রমিকের শ্রমের মাপ-কাঠি হইল নূতন মূল্য সৃষ্টি বা পুরাতন মূল্য-বৃদ্ধি।** মূল্য কি জিনিষ তার বিশদ্ আলোচনা আমরা পরে করিব। ধনবিজ্ঞানে মূল্যতত্ত্ব আর একটি দুরূহ বিষয়। মূল্য বা দাম বণ্টন-তত্ত্বের প্রাণ-স্বরূপ। মূল্যতত্ত্ব যথাযথভাবে প্রতিষ্ঠিত করিতে পারিলে বণ্টনের সমুদয় জটিলতায় প্রবেশ করা সহজ হয়। শ্রম যে প্রকারের হোক্, দেখিতে হইবে, তার ফলে দেশের মূল্যবৃদ্ধি হইতেছে কি না; অথবা নূতন মূল্য সৃষ্টি হইতেছে কি না। সাধারণতঃ, ধনবৈজ্ঞানিকদিগের বিশেষতঃ রাষ্ট্রনীতিজ্ঞগণের পক্ষে উৎপাদনের দিকে বেশী মনোযোগ দেওয়া স্বাভাবিক। কিন্তু দেশের ধনে যোগাযোগ করিতে যারা ব্যাপৃত রহিয়াছে, তারা যদি সেই ধনকে না বাড়ায় অর্থাৎ তাতে মূল্য যোগ না দেয়, তা হইলে তাদের শ্রম নিরর্থক। 'যোগাযোগ' কথাটা ইচ্ছা করিয়া ব্যবহার করা যাইতেছে। কারণ, যে কোন ধরণের শ্রম হোক্ তা পোষণের একটা খরচ আছে। একদিকে থাকিবে সে কি মূল্য উৎপাদন করিতেছে, অন্য দিকে থাকিবে, সে কি মূল্য ধ্বংস করিতেছে। এই উভয়কে কাটাকাটি করিয়া কিছু উদ্বৃত্ত থাকিলে তবেই বলা চলে, ধন বাড়িল। এমন হইতে পারে, কতকগুলি দফায় মূল্য যোগ হইয়াছে অর্থাৎ বিয়োগের চেয়ে যোগ বেশী হইয়াছে, আর কতকগুলি দফায় মূল্য নাশ হইয়াছে অর্থাৎ যোগের চেয়ে বিয়োগ বেশী হইয়াছে। ঠিক দিয়া কসি টানিতে হইবে এবং দেখিতে হইবে মোট ফল কি দাঁড়ায়। মোট ফল নির্দ্দেশ করা যেমন দরকার, প্রতি দফার ফলও নির্দ্দেশ করা তেমনি দরকার। একজন কারবারী যে ভাবে তাঁর লাভক্ষতি তলাইয়া উদ্বৃত্ত-পত্র তৈরী করেন, ধনবৈজ্ঞানিককেও প্রতি দফা ও মোট ফল সম্বন্ধে বস্তুতঃ তাই করিতে হয়।

দফা নং ১

| আয় | ব্যয় |
|---|---|
| +শ্রমজাত দ্রব্য দ্বারা সৃষ্ট মূল্য | −(শ্রমের পোষণ জন্য খরচ (এই খরচ নানা খাতে হয়: অন্ন, বস্ত্র, আশ্রয় স্থান, প্রভৃতি দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যসমূহ; শিক্ষা, আমোদ প্রভৃতি প্রয়োজন; এবং প্রাচুর্য্য। +শ্রমিকের কষ্ট+ত্যাগ) |
| −+সৃষ্ট পণ্যবিক্রয়লব্ধ মূল্য | |
| +তৃপ্তি+অভাব-মোচন | |

একদিকে ধ্বংস এবং অন্যদিকে সৃষ্টি হইল শ্রমিকের কাজ। কোন দেশে লক্ষ লক্ষ দফায় আয়-ব্যয়ের কাটাকাটিতে উদ্বৃত্ত থাকে কি না বুঝিতে হইবে। ঐরূপ জাতীয় আর্থিক নীতির সার্থকতা বা বিফলতা ধরা পড়ে। প্রত্যেক দফা সম্বন্ধেও ঐ কথা। প্রত্যেক দফায় যে নিট লাভ উদ্বৃত্ত থাকে, তা-ই দেশের সমগ্র মূল্যে যোগ হয়। কি মূল্য পাওয়া যাইবে, তা প্রতি দফায় উৎপাদিত পণ্য বা সেবার খণ্ড খণ্ড মূল্যের উপর নির্ভর করে। এই মূল্যের গ্রাহ্যতা সম্বন্ধে সন্দেহের অবকাশ বহুস্থানে রহিয়াছে। এবং তা লইয়া ধনবিজ্ঞানে প্রশ্নের অন্ত নাই। অতএব সাধারণ নিয়তম সূত্র এইরূপে নির্দ্দেশ করা যাইতে পারে যে, শ্রমিক মজুরি পাইবার অধিকারী কিন্তু

**মূল্যে যোগাযোগ করিতে না পারিলে কারও মজুরি পাওয়া উচিত নয়।**

এই সূত্র মানিয়া লইলে পরীক্ষা করিয়া দেখা সহজ হয় পুলিশ, উকিল, ব্যারিষ্টার, সৈন্য, যুদ্ধোপকরণ ইত্যাদি ইত্যাদি ফলবান্ শ্রম করিতেছে কি না। বস্তুতঃ, সকল রকম শ্রমকেই এই সূত্রের সাহায্যে এক ছাঁচে ফেলিয়া যাচাই করা চলে।—

(ক্রমশঃ)

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ খণ্ড | শ্রাবণ, ১৩৪৯ | ৪র্থ সংখ্যা

বার্ষিক মূল্য ৩ টাকা | প্রতি সংখ্যা ।৵ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. h. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a **weekly** or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

**Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.**

CONTENTS OF THE JULY-AUGUST NUMBER, 1942.

**Section 1. Wealth of Bengal:** Cotton Mills in Bengal. Spread of Co-operative Banks in Bengal. Scarcity of Hilsa Fish and Mangoe. Bad Condition of Roads: Destruction of Paddy by pests and how to remedy the evil. Sale of Country Boats. (pp. 97-100).

**Section 2. Economic India:** Import of Cotton Goods into India. Production in Indian Mills. India's Consumption of Cloth. Indian Cotton. Change in Cotton Output in India. Duty on Sugar. Cultivation of Sugarcane in India. Number of Wells in Mysore. Insurance work done by the Indian Companies. (pp. 101-104).

**Section 3. World Economy:** American money in different Countries. Debt of British Government in the first quarter of 1941. Number of disabled Soldiers in Germany. Work of nine Clearing Banks in England. Number of Unemployed in Czecho-Slovakia. Italian Workers in German Hostels. Compulsory Labour in Bohemia and Moravia. State Labour Relation Board. Social Policy of the new Mexican Govt. (pp. 105-108).

**Section 4. Men, Institutions and Movements:** Salt Problem in Bengal. Demand for Standard Cloth. Retail Sale of Rice. Indian Standerd Time. Medical Education in Mysore and Hyderabad. Glass Factories in Bengal. Arrangement for Provicial Supply. Meeting of the Bangiya Dhanbijnan Parisat. (pp. 109-113).

**Section 5. Interviews:** Coal Business. (Conversation between Sj. Hitendra Mohan Roy and Sj. Hemendra Bejoy Sen. (pp. 114-116).

**Section 6. World of Journals:** *The Agricultural Situation*, *International Labour Review*. (pp. 117-118).

**Section 7. Reviews:** The Family and the Law. Your Marriage. Psychology of Personal Adjustment. Psychology of Fear and Courrage. A Statistical Study of Leadership. (pp. 119-120).

**Section 8. Bibliography:** 14 books announced. p. 121.

**Articles:**

Labour and Labour-Values. (pp. 122-123).

Place of India in Rubber Industry. (pp. 123-125).

The Significance of Distribution.
By Sudha Kanta De, M.A., B.L. (pp. 126-128).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 6. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**B. DAS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ২৩ |
| মোট সম্পত্তি | ৪ ৬৩ |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ,, ৭০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3 -
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Banesvar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Choudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী

**বাংলার সম্পদ্** ঃ—বাংলা দেশে কাপড়ের কল। বাংলায় সমবায় ব্যাঙ্কের প্রসার। ইলিশ মাছ ও আম। রাস্তার দুরবস্থা। ধান ফসলের ক্ষতি ও তাহা নিবারণে উপায়। নৌকার ব্যবসায়। (৯৯-১০০)

**আর্থিক ভারত** ঃ—ভারতে তুলাজাত দ্রব্যের আমদানি। ভারতীয় মিলের উৎপাদন। ভারতীয়েরা কত গজ কাপড় ব্যবহার করে? ভারতীয় তুলা। ভারতে তুলার উৎপাদনে পরিবর্তন। ভারতের বিভিন্ন প্রদেশে উন্নত ধরণের ইক্ষুর চাষ। ইক্ষু হইতে শতকরা হিসাবে চিনির উৎপাদন। মহীশূরে পাতকুয়ার সংখ্যা। ১৯৪১ সনের নূতন বীমার পরিমাণ। (১০১-১০৪)

**দুনিয়ার ধনদৌলত** ঃ—বিভিন্ন দেশে আমেরিকার টাকা। ১৯৪১ সনের প্রথম কোয়ার্টারে ইংলণ্ডের গবর্ণমেণ্টের ঋণ। জার্মাণিতে ১৯৩৮-৩৭ সনে রোগে আক্রান্ত অকর্মণ্য শ্রমিকের সংখ্যা। ইংলণ্ডে নয়টী ক্লিয়ারিং ব্যাঙ্কের কাজ। ১৯২৭-১৯৩৭ সনে চেকোশ্লোভাকিয়ার বেকার-সংখ্যা। জার্মাণ হোটেলে ইতালীয়ান কর্ম্মী। বোহিমিয়া-মোরাভিয়াতে বাধ্যতামূলক শ্রম। নিউইয়র্কে ষ্টেট্ লেবার রিলেশন বোর্ড। নূতন মেক্সিকান গবর্ণমেণ্টের সমাজ-নীতি। (১০৫-১০৮)

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—বাঙ্গালার নবণ-সমস্যা। ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র সরবরাহের দাবী। খুচরা চাউল বিক্রয় বন্ধ। ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম। হায়দারাবাদ ও মহীশূরে চিকিৎসা-শিক্ষা। ভারতে কাচের কারখানা। প্রাদেশিক যোগান ব্যবস্থা। বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ। (১০৯-১১৩)

**মোলাকাৎ** ঃ—কয়লার ব্যবসা। (শ্রীযুক্ত হিতেন্দ্রমোহন রায়ের সহিত শ্রীযুক্ত হেমেন্দ্রবিজয় সেনের কথোপকথন।) (১১৪-১১৬)

পত্রিকা-জগৎ ১১৭

সমালোচনা ১১৯

গ্রন্থপঞ্জী ১২১

**প্রবন্ধাবলী** ঃ

শ্রম ও শ্রমের দাম

রবার-পিয়ে ভারতের স্থান

বণ্টনের মর্ম্মকথা

শ্রীসুধাকান্ত দে, এম্ এ, বি এল ১২৬

**বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ**

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও ডিক্টেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে দাবুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

শ্রাবণ—১৩৪৯ ১৭শ বর্ষ—৪র্থ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## বাংলা দেশে কাপড়ের কল

| সংখ্যা | মূলধন (টাকা) | তাঁতের সংখ্যা |
|---|---|---|
| | ১,১৮,৩৪,৭০৩ | ৭,৩৮৯ |
| | ১,৮৩,৯৪,৬৪৫ | ৭,০০৮ |
| | ২,১৬,৩৮,৪১৪ | ৭,৬৬৬ |
| | ২,১৯,৩৬,৪৬৪ | ৭,৭৯৯ |
| | ২,৩৫,৫৩,৩১৫ | ৮,৫৪৫ |
| | ৩,৩১,৭৯,৫৩৮ | ৯,৩৮৮ |

## বঙ্গের মিলে উৎপাদিত বস্ত্র

| খৃষ্টাব্দ | |
|---|---|
| ১৯৩২-৩৩ | ৯,৭৬,৮৯,২৬৩ গজ |
| ১৯৩৩-৩৪ | ১১,৪৬,৭৮,৭৪৫ |
| ১৯৩৪-৩৫ | ১৪,৮৩,৪২,৭৩০ |
| ১৯৩৫-৩৭ | |
| ১৯৩৭-৩৮ | |
| ১৯৩৮-৩৯ | |

## বাংলায় সমবায় ব্যাঙ্কের প্রসার

যার মূলধন ও রিজার্ভ ৪ লক্ষ টাকা বা তার চেয়ে বেশী এরূপ ৮টি সমবায় ব্যাঙ্ক বাংলা দেশে কাজ করিতেছে। ইহাদের (১) নাম, (২) মূলধন ও রিজার্ভের পরিমাণ, (৩) মোট আমানত, (৪) মোট ঋণদানের তালিকা নীচে দেওয়া যাইতেছে। অঙ্কগুলি লক্ষ টাকায়।

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| বেঙ্গল-নাগপুর রেলওয়ে কর্ম্মচারীদের সমবায় সহর ব্যাঙ্ক | ৩৬·৩০ | |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| বঙ্গীয় প্রাদেশিক সমবায় ব্যাঙ্ক | | | |
| কলিকাতা কর্পোরেশন ঋণদান সমিতি | | | |
| চট্টগ্রাম সমবায় ব্যাঙ্ক | | | |
| কলিকাতা পোর্ট কমিশনার সমবায় ঋণদান সমিতি | | | |
| ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কর্ম্মচারীদের ঋণদান সমিতি | | | |
| ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে কর্ম্মচারীদের সমবায় ঋণদান সমিতি | | | |
| মৈমনসিংহ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক | ৭·২৭ | ২·৩১ | ২৩·৬০ |

যেসব ব্যাঙ্কের মূলধন ও রিজার্ভ ১ লাখ ও ৫ লাখ টাকার মধ্যে সেগুলির সংখ্যা ৮৭। এইসব ব্যাঙ্ক বাংলা দেশের সর্ব্বত্র ছড়াইয়া আছে এবং ইহাদের মূলধন ও রিজার্ভ দেড় কোটি টাকার উপর। আমানতের পরিমাণ ৩ কোটি টাকার উপর।

এই গেল বাংলার এক দিককার ছবি। আর এক দিককার ছবি হইল—১৯৪০ সনে মোট ২১টি ব্যাঙ্ক ফেল হইয়াছে। তাদের পরিশোধিত মূলধন ছিল ১·৬০ লক্ষ টাকা।

## ইলিশ মাছ ও আম

প্রতি বৎসর বর্ষার কয়েক মাস কলিকাতা হইতে এ অঞ্চলে (কাঁথি) প্রচুর পরিমাণে ইলিশ মাছ ও আম আমদানি হইয়া এতদঞ্চলবাসীর রসনার তৃপ্তি সাধন করিত। এ বৎসর এই ইলিশ মাছ আমদানির সময় এতদঞ্চলে ত দূরের কথা উহার প্রধান আমদানি-স্থান কলিকাতায় পর্য্যন্ত লোকে উহার মুখ দেখিতে পাইতেছে না। সামান্য যে দু'দশটার আমদানি হয়, তাহা এমন দুর্ম্মূল্য যে সাধারণ লোকে উহা আদৌ ক্রয় করিতে পারিতেছে না। ঐরূপ দুর্ল্লভতার কারণ অনুসন্ধান করিলে উহার ব্যবসায়ীরা বলে যে, গাড়ী ও নৌকা কম হওয়ায় ভাড়া আসিতে না পারায় ইলিশের ঐরূপ দুর্ম্মূল্যতা ঘটিয়াছে। সম্ভবতঃ এবৎসর উহার আর ব্যাপক আমদানির আশা নাই। এই একই কারণে এ অঞ্চলে অন্যান্য বৎসরের ন্যায় প্রচুর আমও আমদানি হইতে পারিতেছে না; অতি অল্প পরিমাণে যা আমদানি হইতেছে তাহাও দুর্ম্মূল্য হওয়ায় সাধারণ লোকে ক্রয় করিতে পারিতেছে না। উপযুক্তসংখ্যক যানবাহনাদির অভাবই এই দুর্ল্লভতার প্রধান কারণ। বর্ত্তমান খাদ্য-উৎপাদন-বৃদ্ধির ব্যাপক চেষ্টার দিনে যাহাতে এই উৎপন্ন খাদ্য দেশের সর্ব্বত্রই সকলে সমান ভাবে পাইতে পারে তাহার ব্যবস্থা করা একান্ত বাঞ্ছনীয়।

( নীহার )

## রাস্তার দুরবস্থা

নোয়াখালী সহরের অধিকাংশ রাস্তা যেভাবে মেরামত করা হইয়াছে তাহাতে বর্ষার বারিপাতের সঙ্গে সঙ্গেই এইগুলি নানাভাবে বিপর্য্যস্ত হইয়া যানবাহন ও লোকচলাচলের সম্পূর্ণ অযোগ্য হইয়া পড়িয়াছে। পাকাপাকিভাবে এইসব রাস্তা প্রস্তুত করা হইলে কিছুতেই রাস্তাগুলির এই দুর্দ্দশা হইতে পারিত না। নোয়াখালীর সুপ্রসিদ্ধ বড় মসজিদের সম্মুখের রাস্তাটি নদীর জলে ভাঙ্গিয়া গিয়াছে এবং মসজিদ পর্য্যন্ত ভাঙ্গিবার উপক্রম হইয়াছে। মসজিদে যাতায়াতের ঘোর অসুবিধা হইতেছে। পূর্ব্বেও একবার এই রাস্তাটি এইভাবে ভাঙ্গিয়া যাওয়ায় মসজিদের মোছল্লীদের কিরূপ দুর্দ্দশা হইয়াছিল সকলে তাহা অবগত আছেন। অন্যান্য অনেক রাস্তার অবস্থাও তথৈবচ। নোয়াখালী সহর হইতে জেলার পশ্চিমাঞ্চলে যাইবার একমাত্র রাস্তা ভবানীগঞ্জ রোড নদীতে ভাঙ্গিয়া গিয়াছে। তাহার কিয়দংশ মাত্র বর্ত্তমান আছে। আজ প্রায় ১০।১৫ বৎসর যাবৎ নদীর ভাঙ্গন সম্পূর্ণরূপে বন্ধ হইয়া গেলেও সহরবাসীদের দুর্ভাগ্যবশতঃ বোর্ড ঐ রাস্তাটি এ যাবৎ পুনরায় নির্ম্মাণ করিতেছেন না। চাঙ্গা রাস্তা দিয়া কোথর-জল ভাঙ্গিয়া এবং

কোনও কোনও স্থানে সাঁতার কাটিয়া ১৫।২০ মাইল দূর হইতে লোককে সহরে আসিতে হয়। ষ্টেশন ও সোনাপুর হইতে সহরে আসিবার একমাত্র রাস্তাটির অবস্থাও কাহারও অজানা নাই। দেশের বর্ত্তমান অবস্থায় নোয়াখালীর ন্যায় একটি গুরুত্বপূর্ণ সহরের যাতায়াতের রাস্তাঘাটের এহেন দুরবস্থা আদৌ বাঞ্ছনীয় নহে।

( নোয়াখালী হিতৈষী )

## ধান ফসলের ক্ষতি ও তাহা নিবারণের উপায়

বাংলা দেশের কতকগুলি জেলায় এই বৎসর "হিছপা আর মিজেরা" অথবা স্থানীয় ভাষায় "পামারী" বা পিশি পোকা নামে পরিচিত একরকম ধানের পোকার প্রাদুর্ভাব হইয়াছে। বাঙ্গলার বিভিন্ন জেলায় ইহা "পাকলী", "শন্থি", "পাণি", "ধলিয়া" বা "মরিচ পোকা" বলিয়াও অভিহিত হয়। পূর্ব্ব বঙ্গের অন্যান্য জেলার মধ্যে ত্রিপুরা, নোয়াখালী ও ঢাকা জেলাই এই মড়কের ফলে বিশেষ ভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। বাঙ্গলার কৃষিবিভাগ এই মহামারী প্রতিরোধের প্রণালীগুলির সহিত ধান্য শস্যের উৎপাদকদের সুপরিচিত করিবার সমস্ত সম্ভাব্য পন্থাই অবলম্বন করিয়াছেন। আক্রান্ত অঞ্চলসমূহে এই মড়ক সম্বন্ধীয় কৃষি বিভাগের প্রকাশিত পুস্তিকা ও বিজ্ঞপ্তি বিলি করিয়া ও বিভাগীয় কর্ম্মচারীদের মৌখিক বক্তৃতা দ্বারা প্রয়োজনীয় জ্ঞান ও উপদেশ জনসাধারণের মধ্যে প্রচার করা হইয়াছে। এই সরকারী বিজ্ঞপ্তির সাহায্যে উক্ত মড়কের পূর্ণ বর্ণনা ও নিবারণের উপায়সমূহের আরও ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যুক্তিসঙ্গত।

পরিচয় ও জীবন বৃত্তান্ত—সাধারণ অবস্থায় এই পতঙ্গকে এক-চতুর্থাংশ ইঞ্চি লম্বা কঠিন পক্ষাচ্ছাদন-বিশিষ্ট এক প্রকার ছোট কীটরূপে দেখা যায়। ইহার রং হয়ত গাঢ় নীল অথবা নীলাভ কৃষ্ণবর্ণ ও চকচকে ; ইহার শরীর কঠিন কণ্টকদ্বারা বা শিরদাঁড়ায় আবৃত। এই পতঙ্গগুলি ধানপাতার সবুজ অংশটি খাইয়া ফেলে। এই রূপ ভুক্ত অংশসমূহ কতকগুলি খড়ের রঙের লম্বা ছিলকার আকার ধারণ করে। এই ছিলকাগুলি ঘন-সন্নিবিষ্ট থাকিলে ক্রমে সমগ্র পাতাটিই শুকাইয়া যায়। কীটগুলি পৃথকভাবে ডিম পাড়ে এবং পাতার উভয় দিকের বহিরাবরণের মধ্যস্থলে সেইগুলি সন্নিবিষ্ট করিয়া দেয়। যে স্থানে ডিম সন্নিবিষ্ট হয় তাহা একটা সাদা গোল ও ছোট পট্টির মত দেখায় এবং উহা ডিমের অবস্থিতি সূচিত করে। পাঁচদিন পরে ডিমগুলি ফুটে এবং উহার মধ্য হইতে হরিদ্রাভ শুভ্র রঙের একপ্রকার ক্ষুদ্র চ্যাপটা পোকা বাহির হয়। এই পোকা পাতার ভিতরে থাকে এবং চারিদিকের তন্তু বা সূত্রবৎ বস্তুগুলি খাইয়া ফেলে, এইরূপে ডিম সন্নিবেশের ফলে সৃষ্ট আগেকার গোল ছোট পট্টিটি আরও প্রসারিত হইয়া উঠে। এইরূপ পট্টিযুক্ত একটি পাতাকে যদি আলোর দিকে ধরা হয় তবে ভিতরকার কীটটি দেখিতে পাওয়া যায়। এই কীটটি যখন পরিপূর্ণ ভোজন করে তখন পাতার ভিতরে ইহা একটা বাদামী চ্যাপটা পোকাতে রূপান্তরিত হয়। এই অকর্ম্মণ্য অবস্থায় ইহা চারিদিন যাবৎ থাকে। তারপর ইহা হইতে এক পরিণত পতঙ্গ বাহির হইয়া ধ্বংসকর কার্য্য আরম্ভ করে। মাঠের মধ্যে যখন এই জাতীয় পতঙ্গের সংখ্যা বাড়িয়া উঠে তখন আর একটা পাতাও সবুজ থাকে না এবং সমস্ত মাঠটিই শুকাইয়া গিয়াছে বলিয়া মনে হয়। কিন্তু প্রায়ই এইরূপ ঘটে যে, যখনই পরগাছার অবস্থিতি ঝড় বা প্রবল বৃষ্টি প্রভৃতি প্রাকৃতিক উপায়ে বা মানুষের চেষ্টা দ্বারা এই মড়ক বিদূরিত হয় তখনই ধানগাছগুলি পুনরায় জীবিত হইয়া উঠে এবং নূতন পাতা বিস্তার করে, ফলে সমস্ত মাঠই একটা সজীব মূর্ত্তি ধারণ করে। কিন্তু মড়কের আক্রমণ যদি দীর্ঘকাল স্থায়ী হয় তবে ফসলের উপর তাহার প্রভাব খুবই ক্ষতিকর হইয়া দাঁড়ায়।

## প্রতীকার

১। সমস্ত ধানের রঙের ছিলকাগুলি তাহাদের পট্টিগুলিসহ সংগ্রহ করিয়া পতঙ্গের ডিম, পুলু ও বাকা বিনষ্ট করিবার উদ্দেশ্যে সেইগুলি পুড়িয়া ফেলিতে হইবে।

২। মড়কদ্বারা আক্রান্ত মাঠের উপর একটা প্রশস্ত খোলা-মুখ কাপড় বা চটের বস্তা টানিয়াও কীটগুলিকে

সংগ্রহ করা যাইতে পারে। টানিবার সময় বস্তাটার মুখের পার্শ্বদেশে দুই খণ্ড বাঁশ আটকাইয়া উহাকে খোলা রাখা যাইতে পারে। এইরূপে সংগৃহীত কীটগুলিকে অর্দ্ধ ছটাক কেরোসিন তৈলযুক্ত জলপূর্ণ বালতির মধ্যে নিমজ্জিত করিয়া ধ্বংস করা যাইতে পারে।

৩। জমা মাঠে বিঘা প্রতি দুই বোতল হারে জলের উপর কেরোসিন ছিটাইয়া তাহার পর মাঠের উপর দিয়া একটা দড়ি বা বাঁশের খুঁটি টানিয়াও কীটগুলি ধ্বংস করা যায়। এইরূপ করিলে উপরিভাগস্থ কেরোসিন তৈলের সংস্পর্শে আসিয়া উহারা মরিয়া যায়।

৪। জল মিশ্রিত কেরোসিন তৈলে সিক্ত একটা খুব মোটা দড়ি মাঠের উপর টানিয়াও ভাল ফল পাওয়া যাইতে পারে। (কেরোসিন তৈলের পরিবর্ত্তে অশোধিত তৈল —অর্থাৎ ১৯ ভাগ জলে ১ ভাগ কেরোসিন তৈলও ব্যবহার করা যাইতে পারে।)

## নৌকা-নিয়ন্ত্রণের দ্বিবিধ ফল

গভর্ণমেণ্ট সামরিক প্রয়োজনে দেশীয় নৌকাগুলি ক্রয় করার দরুণ এক শ্রেণীর অর্থলোভী ব্যক্তিদের ব্যবসায়ের বেশ সুযোগ মিলিয়াছে দেখা যায়। এই সমস্ত ব্যক্তিরা নৌকার মালিকের নিকট হইতে অল্প মূল্যে নৌকা খরিদ করিয়া ঐ নৌকার জন্য গভর্ণমেণ্টের নিকট হইতে চতুর্গুণ মূল্য আদায় করিয়া লইতেছে বলিয়া জানা যায়। নৌকার প্রকৃত মালিককে ঠকাইয়া এভাবে ফড়িয়াগণের লাভবান হওয়া ন্যায়সঙ্গত নহে। নৌকার প্রকৃত মালিকগণ যাহাতে তাহাদের জীবিকার সম্বল নৌকাগুলির উপযুক্ত মূল্য পায় ইহাই বাঞ্ছনীয়। এভাবে গভর্ণমেণ্টের সামরিক বাস্তবতার সুযোগে অনেকেই নানা চালবাজি করিয়া রাতারাতি বড় লোক হইবার ফিকিরে আছে।

এতদ্‌সম্পর্কে আর একটি বিষয়ের প্রতি আমরা কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা কর্ত্তব্য বোধ করিতেছি। উপযুক্ত পরিমাণ নৌকার অভাবে দ্বীপাঞ্চল ও চরাঞ্চলবাসীদের যাতায়াতের ও ব্যবসায়-বাণিজ্যের বিশেষ অসুবিধা হইতেছে। বিশেষতঃ বর্ত্তমানে খন্দর সময় কৃষকদের কৃষিকার্য্যেরও ইহাতে ব্যাঘাত জন্মিতেছে। মাননীয় এ, ডি, এম সাহেব দ্বীপাঞ্চল ও চরাঞ্চলবাসীদের জন্য নৌকা রিজার্ভ রাখিবার আশ্বাস প্রদান করিয়াছিলেন। কাজেই আমরা আশা করি কর্ত্তৃপক্ষ বর্ত্তমান খন্দর সময় চরাঞ্চল ও দ্বীপাঞ্চলে যাতায়াতের জন্য উপযুক্ত নৌকার ব্যবস্থা দ্বারা কৃষকদের দুর্দ্দশামোচনে তৎপর হইবেন।

(নোয়াখালী হিতৈষী)

## ভারতে তূলাজাত দ্রব্যের আমদানি

| পৃষ্ঠাঙ্ক | জাপান হইতে |
|---|---|
| ১৯৩২-৩৩ | ৭,৮৫,৩২,০০০৲ |
| ১৯৩৩-৩৪ | ৯,৬৩,১৩,০০০৲ |
| ১৯৩৪-৩৫ | ৫,১৯,৫৮,০০০৲ |
| ১৯৩৫-৩৬ | ৬,৩৫,২৬,০০০৲ |
| ১৯৩৬-৩৭ | ৫,৫৭,৯৬,০০০৲ |

## ভারতীয় মিলের উৎপাদন

| | বৃটিশ ভারত | |
|---|---|---|
| ১৯৩২-৩৩ | ২৭৮,৬৮,৭০,০০০ | |
| ১৯৩৩-৩৪ | ২৭৫,২৯,৮৬,০০০ | |
| ১৯৩৪-৩৫ | ২৯১,৪৩,৬২,০০০ | |
| ১৯৩৫-৩৬ | ৩০৩,১১,৭৬,০০০ | ৫২,৩০,৮৩,০০০ |
| ১৯৩৬ | ২২৩,৮৮'৮২,০০০ | ৪১,২৬,৬০,০০০ |

## ভারতীয়দের ব্যবহৃত কাপড়ের পরিমাণ

| | আমদানি | দেশী মিলে প্রস্তুত | তাঁতে প্রস্তুত | জন প্রতি |
|---|---|---|---|---|
| ১৯৩১-৩২ | ৭৬ কোটি গ: | ২৮৮ কোটি গ: | ১৫০ কোটি গ: | ১৯'২৮ গ: |
| ১৯৩২-৩৩ | | ৩১১ | | ১৬'৭০ ,, |
| ১৯৩৩-৩৪ | | ২৮৯ | ১৪৪ | ১৪'১৭ ,, |
| ১৯৩৪-৩৫ | | ৩৩৪ | ১৪৬ | ১৫'৩০ |
| ১৯৩৫-৩৬ | | ৩৫০ | ১৬৬ | |

## ভারতীয় তুলা

( হাজার বেল )

| তুলার বিবরণ | ১৯২৯-৩০ গড় | ১৯৩১-৪১ গড় | শতকরা কত বৃদ্ধি বা কমতি হইয়াছে (২নং কলম হইতে ৩নং কলমের সংখ্যা) |
|---|---|---|---|
| ১ | | | ৪ |
| শর্টষ্টেপল্—¾" নিম্নে | | | |
| (১) বাঙ্গলা | | | |
| (২) উমরাস | | | |
| (৩) মধ্যভারত | | | |
| (৪) ব্রোচ | | | |
| (৫) ঢোলেরাস | | | |
| (৬) কুম্পটা ও আপল্যাণ্ড | | | |
| (৭) বিজাপুর | | | |
| (৮) পশ্চিমাংশ | | | |
| (৯) ওয়ারাঙ্গাল এবং কোকোনদ | | | |
| (১০) সালেম | | | |
| (১১) চিনাপথি | | | |
| (১২) কোমিল্লাম | | | |
| মোট | ৪,০৪৬ | ৩,৩৮৪ | —১৮ |
| মিডিয়ম ও লঙ্গ ষ্টেপল্ ¾ উপরে | (৪০০ পাঃ বেলের হাজার বেল হিঃ) | | |
| (১৩) আমেরিকান পাঞ্জাব ও সিন্ধু ১,৩ উপরে | | | |
| (১৪) „ ১" নিম্নে— | | | |
| (১৫) সি. পি. ও বেরার ভেরাম | | | |
| (১৬) হায়দ্রাবাদ গাওরালি | ২৩৬ | ১৩৮ | |
| (১৭) ব্রোচ | | | |
| (১৮) সুরি | | | |
| (১৯) কুম্পটি ও আপল্যাণ্ড | ২৮৩ | | |
| (২০) পশ্চিমাংশ | | ৩০১ | ৫৯ |
| (২১) হোয়াইট এণ্ড রেড-নর্দার্ন | | | |
| (২২) টিনেভেলিস | ১৬০ | | |
| (২৩) কাম্বোডিয়া | ১৫১ | | |
| (২৪) জারিলা | × | | |

## ভারতে তুলার উৎপাদনে পরিবর্তন

| বৎসর ১লা সেপ্টেম্বর হইতে ৩১শে আগষ্ট | হাজার একর | গবর্ণমেণ্ট এষ্টিমেট অনুযায়ী উৎপন্ন হাজার বেল (৪০০ পাউণ্ডে বেল) | এগ্রিকালচার কমার্সিয়াল কপ | একর পিছু উৎপাদন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গড় ১৯২৪-২৭ | ২৬,২৫৪ | ৫,৭০০ | ৬,০৫২ | ৯২ |
| ১৯৩৮-৩৯ | ২৩,৪৮২ | ৫,০৫১ | +৬,০৫১ | ১০৩ |
| ১৯৩৯-৪০ | ২১,৫৯০ | ৪,৯০৯ | +৫,৮৮৪ | ১০৯ |
| ১৯৪০-৪১ | ২২,৯০২ | ৫,৭৮৫ | +৬,৯২৪ | ১২১ |
| গড় ১৯৩৮,৪১ | ২২,৬৫৫ | ৫,২৪৮ | ৬,২৮৬ | ১১১ |

মিল কনসাম্পসান হইতে হিসাব করিয়া প্রাপ্ত হওয়া যায় (ক) + রপ্তানি, (খ) কারখানায় অতিরিক্ত খাদন।

## চিনি-শুল্ক

১৯৩৯-৪০

| মাস | বাম্বেদারি চিনি টাকা | অন্যান্য চিনি টাকা |
|---|---|---|
| এপ্রিল ১৯৩৯ | ১,৩০২ | ১৩,৭৬,৮৪৫ |
| মে | ২,০১৭ | ১৬,৪৬,৩১৬ |

| মাস | খান্দেশারি চিনি টন | অন্যান্য চিনি টন |
|---|---|---|
| জুন | ২০,৭৫,৬৫৯ | |
| জুলাই | ৮,৬৭,৬৮৯ | |
| আগষ্ট | ৬,৮২,১০৯ | |

| | | |
|---|---|---|
| সেপ্টেম্বর | ৬,৫৮২ | ৯,০১,০৭০ |
| অক্টোবর | ৪'০৪০ | ১৫,৮৭,৪২১ |
| নবেম্বর | ২,০১৮ | ১২,৬২,৭৬১ |
| ডিসেম্বর | ২,৭৬০ | ৭,২২,৬৬২ |
| জানুয়ারী ১৯৪০ | ৫,৫৬১ | ১২,১৬,০০৮ |
| ফেব্রুয়ারী | ৩৮,২২০ | ৩১,৭৮,২০০ |

## ভারতের বিভিন্ন প্রদেশে উন্নত ধরণের ইক্ষুর চাষ

| | ১৯৩৫-৩৬ (একর হিঃ) | ১৯৩৬-৩৭ (একর হিঃ) | ১৯৩৭-৩৮ (একর হিঃ) | ১৯৩৮-৩৯ (একর হিঃ) |
|---|---|---|---|---|
| যুক্তপ্রদেশ | ১,৯৯৮,০০০ | ২,২৬৩,২৪৪ | ১,৯৫২,০০০ | ১,৬২১,৭৯১ |
| পাঞ্জাব | ২১৯,৫৫০ | ২৯৮,০৪০ | ৩০৬,০০০ | ২২৬,৮৮৫ |
| বিহার | ৪২০,৯০০ | ৪২২,০০১ | ৩০৯,০০০ | ৩৪৩,৫০০ |
| বাংলা | ২৪৪,৩২৬ | ২৯০,৩৪৯ | ২৪০,০০০ | ২৭৭,২৩০ |
| মাদ্রাজ | ৬৮,৫৩৮ | ৭০,৭৬০ | ৭১,০০০ | ৭৬,১১৫ |
| বোম্বে | ২২,৪৮০ | ৩১,৩৮৭ | ৩৩,০০০ | ৪৩,৫০০ |
| সিন্ধু | × | × | × | ২,০০০ |
| উঃ-পঃ সীমান্ত প্রদেশ | ৫১,০০০ | ৪৩,৮৪৭ | ৪৪,০০০ | ৪৭,০০০ |
| আসাম | ১৪,৫৮২ | ১৪,০৭৬ | ১৬,০০০ | ১৯,০০০ |
| মধ্যপ্রদেশ | ১৬,৯০১ | ১৮,২৬৯ | ১৭,০০০ | ১৮,০৪৬ |
| মোট | ৩,০৫৬,২৭৭ | ৩,৪৫১,৯৯৩ | ২,৯৬৮,০০০ | ২,৬৭৩,০১০ |

## ইক্ষু হইতে শতকরা হিঃ চিনির উৎপাদন

| বিশেষ বিবরণ | ১৯৩৯-৪০ যুক্তপ্রদেশ | বিহার | অন্যান্য প্রদেশ | সারা ভারত | ১৯৩৮-৩৯ যুক্তপ্রদেশ | বিহার | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|
| ম্যাক্সিমাম | | | ১২'৩১ | ১২'৩১ | | | |
| মিনিমাম | | | ৯'৪৯ | ৯'৪৯ | | | |
| সমগ্র ভূমি হিঃ | | | ৯'৮৮ | ৯'৪৫ | | | |

## মহীশূরে পাতকুয়ার সংখ্যা

| | ১৯৩৮-৩৯ | ১৯৩৯-৪০ | ১৯৪০-৪১ | ১৯৪১-৪২ অক্টোবর পর্য্যন্ত |
|---|---|---|---|---|
| বাঙ্গালোর | | | | ৭৬ |
| কোলার | | | | ৪৫ |
| তুমকুর | | | | × |

| | | | | |
|---|---|---|---|---|
| মাইসোর | ১৮ | ৮৬ | ১৬৪ | |
| মাণ্ডিয়া | × | × | ৭২ | |
| হাসান | ১২৪ | ১৪১ | ১৭৬ | ৬ |
| সিমোগা | ৮৬ | ১৪০ | ৯৩ | ১৮ |
| কাদুর | ৮২ | ৩৩ | ৬২ | ৫ |
| চিতালড্রাগ | ১৯ | ৩৫ | ৪৮ | ২০ |
| মোট | ৬৯৩ | ৪৯৪ | ১,০৭২ | ১৮১ |

### ১৯৪১ সনের নূতন বীমার পরিমাণ

১৯৪১ সনে ভারতীয় জীবন বীমা কোম্পানীগুলির নূতন কার্য্যের পরিমাণ পূর্ব্ববর্ত্তী বর্ষের তুলনায় সন্তোষজনক ভাবে বর্দ্ধিত হইয়াছে। ইহাতে প্রমাণ হয় যে, ভারতীয় জনসাধারণ ইতিমধ্যে যুদ্ধের প্রথম আঘাত সামলাইয়া লইতে সমর্থ হইয়াছে। নিম্নে যে ৩৮টি বীমা কোম্পানীর কার্য্য-পরিমাণ বিজ্ঞাপিত করা হইল তাহার মধ্যে মাত্র ৮টি কোম্পানীর নূতন কার্য্য-পরিমাণ হ্রাস হইয়াছে দেখা যায়। কিন্তু ২০টী কোম্পানী ব্যতীত এই হ্রাসের পরিমাণ কোন ক্ষেত্রেই বিশেষ উল্লেখযোগ্য নহে। পক্ষান্তরে বৃদ্ধির পরিমাণ প্রায় সকল ক্ষেত্রেই বেশ মোটা আকার ধারণ করিয়াছে।

| কোম্পানীর নাম | | ১৯৪০ |
|---|---|---|
| ওরিয়েন্টাল | | ৭,৭৮,৮৯,০০০৲ |
| হিন্দুস্থান কো-অপারেটিভ | | |
| নিউ ইণ্ডিয়া | | |
| বোম্বে মিউচুয়াল | | |
| ন্যাশনাল | | ১,৫৬,৩৩,০০০৲ |
| ভারত | | ১,৫০,৬৭,০০০৲ |
| এম্পায়ার অব্ ইণ্ডিয়া | ১,৩৪,৩৮,৪৩৫৲ | ১,৩১,৮০,০০০৲ |
| ইউনাইটেড ইণ্ডিয়া | ১,১৭,৫১,০২৯৲ | ৯৭,২৪,৮০০৲ |
| বোম্বে লাইফ | ১,১১,১১,৮২৫৲ | ১,২২,০৭,০০০৲ |
| লক্ষ্মী | ১,০০,০০,০০০৲ | ৮২,৬৯,০০০৲ |
| ইণ্ডাষ্ট্রিয়াল এণ্ড প্রভেলিয়াল | ৯০,০০,০০০৲ | ৮১,৪১,৫০৯৲ |
| মেট্রোপলিটান | ৭৪,০০,০০০৲ | ৭১,৩৭,২০০৲ |
| এশিয়ান | ৭০,০৬,৫৩৫৲ | ৫৭,৯২,৮০০৲ |
| ওয়েষ্টার্ণ ইণ্ডিয়া | ৬৮,৭২,৬৪৮৲ | ৬৬,৫০,০০০৲ |
| নিউ এসিয়াটিক লাইফ | ৬২,০৪,২৫০৲ | ৬০,১০,৫০০৲ |
| ন্যাশনাল ইণ্ডিয়ান লাইফ | | |
| কবী জেনারেল | | |
| বোম্বে কো-অপারেটিভ | ৪৪,৬২,৫৭৫৲ | ৪০,৪২,৫৫০৲ |
| জুপিটার জেনারেল | ৪৫,৫০,০০০৲ | ১৯,৪২,৫০০৲ |
| মফ ইন্সিওরেন্স | ৩১,৩০,০০০৲ | ৩৩,১৮,৫০০৲ |
| ইণ্ডিয়ান লাইফ এসিওরেন্স | | ৩৬,৪০,৫০০৲ |
| ইষ্ট এণ্ড ওয়েষ্ট | | ৪০,১১,১৭৮৲ |
| ইণ্ডিয়া ইন্সুইটেবল | | ৪৪,৫০,০০০৲ |
| ওয়ার্ডেন ইন্সিওরেন্স | | ২৭,৮১,১৫০৲ |
| জেনিথ লাইফ | | ১২,১২,৪০০৲ |
| কমন ওয়েলথ্ | | ৪৬,৬৩,০০০৲ |
| নেপচুন | | ২১,৭৩,১০০৲ |
| ক্যালকাটা ইন্সিওরেন্স | | ১৬,৬২,৮০০৲ |
| সানলাইট অব ইণ্ডিয়া | | ২০,২৫,০০০৲ |
| সেন্টিনাল | | ৯,৬৮,০০০৲ |
| ট্রপিক্যাল | | ১৬,৬০,৬০০৲ |
| ফ্রি ইণ্ডিয়া জেনারেল | | ১৪,১৭,০০০৲ |
| পিপল্‌স ইন্সিওরেন্স | | ১৬,২১,৬০০৲ |
| ক্যানাড়া মিউচুয়াল | ১৫,০০,০০০৲ | ৮,০০,০০০৲ |
| ভাগ্যলক্ষ্মী | ১৪,৫৪,৬৬৬৲ | ১০,০৮,০০০৲ |
| আর্য্যস্থান | ১৩,৫০,০০০৲ | ১৩,০০,৬০০৲ |
| ইণ্ডিয়ান ইকনমিক | ১৩,০০,০০০৲ | ৮,৭৫,৮০০৲ |
| নিউ ইন্সিওরেন্স | ১২,৬০,৩৫০৲ | ১০,১২,৯০০৲ |
| নিউগাডিয়ান অব ইণ্ডিয়া | | |
| ইন্সিওরেন্স অব ইণ্ডিয়া | ৯,৮২,০০০৲ | |
| ফেডারেল ইণ্ডিয়া | ৯,০২,২৬৬৲ | |
| পপুলার | ৭,৫১,৮৫০৲ | |
| ট্রাষ্ট অব ইণ্ডিয়া | ৭,০০,০০০৲ | |
| হিন্দুস্থান মিউচুয়াল ইন্সিওরেন্স | | |
| বঙ্গলক্ষ্মী | | |
| রাজস্থান ইন্সিওরেন্স | | |
| প্রবর্ত্তক | | |
| নবজীবন | | |

## বিভিন্ন দেশে আমেরিকার টাকা

( মিলিয়ন ডলার )

| ১৯৩৫ সনের ২রা জানুয়ারী হইতে | ইউনাই-টেড্ কিংডম্ | ফ্রান্স | নেদার-ল্যাণ্ড | সুইজার-ল্যাণ্ড | অন্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৩৫ ডিসেম্বর (১লা জানুয়ারী ১৯৩৬) | ২০৮·৮ | | *—·৪ | | | —৫·৬ | —৩৭·৩ |
| ১৯৩৬ ৩০শে | ১৭৮·১ | | —৩·৩ | | | ৩৬·৯ | ৩০·৪ |
| ১৯৩৭ ২৯শে | ২৩৭·৪ | | —৭·৪ | | | —২১·৭ | |
| ১৯৩৮ (৪ জানুয়ারী, ১৯৩৯) | ২০৩·২ | | —৫·৬ | | | ৩৫·৯ | —৪৬·৫ |
| ১৯৩৯ ,, (৩ জানুয়ারী, ১৯৪০) | ২৫২·২ | | ১২·৯ | | ১৭৭·৮ | ৫৬·৫ | —২১·৫ |
| ১৯৪০ এপ্রিল (মে ১লা) | ২৫৫·৪ | | ১০·৭ | | ১৮১·৮ | | —৮৪·৪ |
| —মে ২৯শে | ২৬২·০ | | ১৫·৪ | ৩·১ | ১৮৩·৮ | | —১৬·২ |
| —জুন (জুলাই ৩১) | ২৬০·১ | | ১৬·০ | ৪·৩ | ১৮৪·২ | | —১৫·৩ |
| —জুলাই ৩১শে | ২৬৩·২ | | ১৬·৮ | | ১৮৪·৬ | ৬৪·৯ | —৭·২ |
| —আগষ্ট (সেপ্টেম্বর ৪ঠা) | ২৬৯·৫ | | ১৭·৪ | | ১৮৫·২ | ২৩·১ ৬৫·১ | |
| —সেপ্টেম্বর | ২৭১·৯ | | ১৭·৬ | | ১৮৫·৬ | ২৪·৫ ৬৬·৪ | |
| —অক্টোবর | ২৭২·৫ | | ১৭·৬ | | ১৮৭·২ | ২৪·০ ৬৩·৯ | |
| —নবেম্বর | ২৭০·৭ | | ১৭·৫ | | ১৮৮·২ | ২৫·০ ৬৬·৫ | |
| —ডিসেম্বর | ২৬৯·২ | | | | ১৯১·৬ | ২৫·৩ ৪০·৩ | |
| ১৯৪১ জানুয়ারী ২৯শে | ২৬৯·২ | | ১৭·৮ | | ১৯২·৪ | ২৫·৫ ৬২·৬ | |
| —ফেব্রুয়ারী ৫ই | ২৭৩·০ | | ১৭·৮ | ৫·২ | ১৯২·৭ | ২৫·৪ ৬৭·৬ | |
| — ১২ই | ২৬৯·৯ | ১৫·৭ | ১৭·৮ | ৫·৬ | ১৯২·৮ | ২৫·৪ ৬২·৯ | |
| — ১৯শে | ২৭১·০ | ১৫·৬ | ১৭·৭ | ৫·৫ | ১৯৩·১ | ২৫·৪ ৬৪·২ | |
| — ,, ২৬শে | ২৭১·৪ | ১৫·৬ | ১৭·৮ | ৪·২ | ১৯৩·০ | ২৫·৫ ৬৫·৪ | |

* — চিহ্ন দ্বারা ইউনাইটেড্ ষ্টেটস্ হইতে নিট চলাচল বুঝায়।

## ১৯৪১ সনের প্রথম কোয়ার্টারে ইংলণ্ডের গবর্ণমেণ্টের ঋণ

( মিলিয়ন পাউণ্ড )

| | জানুয়ারী ২৫ দিন | ফেব্রুয়ারী ২৮ দিন | মার্চ্চ ৩৭দিন* | কোয়ার্টারের মোট হিসাব |
|---|---|---|---|---|
| সেভিং সার্টিফিকেট | ১০·৩ | ১৪·৪ | ২০·৯ | ৪৫·৬ |
| ৩% ডিফেন্স বণ্ড | ১১·৬ | ১৪·৪ | ২১·৯ | ৪৭·৯ |
| ৩% সেভিংসবণ্ড | ২৬·৯ | ২২·০ | ৩৯·৬ | ৮৮·৪ |
| ৩% ডিফেন্স লোন | — | — | ৭৬·১ | ৭৬·১ |
| ২½% ওয়ার বণ্ড | ৩৭·৯ | ৪৪·৩ | ৪১·২ | ১৪২·৪ |
| অন্যান্য ঋণ | ০·৯ | | ৪·২ | ৭·৩ |
| মোট লঙ্ ও মিডিয়াম টার্ম্ম ঋণ | ৮৭·৭ | ১০৭·৩ | ২২২·৯ | ৪১৭·৮ |
| ট্রেজারি ডিপজিট | ২৮·০ | —১১·০ | ৭৪·৬ | ৯১·৫ |
| ট্রেজারি বিল | ৩৩·৯ | ২৮·৮ | —২·৮ | ৪৯·৯ |
| ওয়েজ অ্যাণ্ডমিনস্ অ্যাড্ভান্স গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্ট | ১০·১ | ৩৯·৪ | ৬·৮ | ৮৬·৩ |
| ব্যাঙ্ক অব্ ইংলণ্ড | ৫০·৪ | | | —৫০·৫ |
| মোট | | ১৯৪·৫ | ৩০১·৪ | ৬০৫·০ |

## জার্ম্মাণিতে ১৯৩০-৩৭ সনে রোগে আক্রান্ত অকর্ম্মণ্য শ্রমিকের সংখ্যা

( ১০০ মেম্বার সংখ্যা )

| বয়স | ১৯৩০ | | ১৯৩২ | ১৯৩৩ | ১৯৩৪ | ১৯৩৫ | ১৯৩৬ | ১৯৩৭ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ বৎসরের নিম্নে | ৪৫·৮ | ৪২·৫ | ৫৩·২ | ৪০·৭ | ৪০·২ | ৪৮·০ | ৫০·৬ | ৪৭·৩ |
| ২০-২৪ | ৪৮·৪ | ৪৭·২ | ৩৭·৩ | ৪৪·৭ | ৪৭·১ | ৫২·৫ | ৫১·৫ | ৫২·২ |
| ২৫-২৯ | ৪৭·৫ | ৪৪·৪ | ৩৩·৭ | ৩৯·০ | ৪১·৬ | ৪৯·৬ | ৫১·২ | ৫২·১ |
| ৩০-৩৪ | ৪৭·৬ | ৪০·৭ | ৩২·৭ | ৩৬·৭ | ৩৬·০ | ৪২·৩ | ৪৪·৬ | ৪৭·২ |
| ৩৫-৩৯ | ৪৬·০ | ৩৮·৯ | ৩০·৬ | ৩৫·২ | ৩৩·৭ | ৩৯·২ | ৪১·১ | ৪৪·৫ |
| ৪০-৪৪ | ৪৩·৩ | ৩৮·২ | ৩০·৭ | ৩৫·৫ | ৩১·৯ | ৩৬·৬ | ৩৭·৭ | ৪০·৭ |
| ৪৫-৪৯ | ৪৩·৪ | ৩৬·৯ | ৩০·৪ | ৩৪·৬ | ৩১·২ | ৩৫·৩ | ৩৬·৫ | ৩৮·১ |
| ৫০-৫৪ | ৪৪·৭ | ৩৮·০ | ৩১·৫ | ৩৫·০ | ৩৩·২ | ৩৬·০ | ৪০·৪ | ৩৯·১ |
| ৫৫-৫৯ | ৪৬·১ | ৩৯·৩ | ৩২·৮ | ৩৪·০ | ৩১·৫ | ৩৫·১ | ৩৬·৮ | ৩৮·৭ |
| ৬০-৬৪ | ৪৫·০ | ৩৯·০ | ৩৪·০ | ৩৩·০ | ২৯·৬ | ৩২·১ | ৩৫·৩ | ৩৭·৮ |
| ৬৫-৬৯ | ৩৮·২ | ৩২·২ | ২৬·১ | ২৭·১ | ২০·৮ | ২১·০ | ২০·৪ | ২৪·৯ |

* জানুয়ারীর অবশিষ্ট ৬ দিন ধরিয়া

### ইংলণ্ডে নয়টী ক্লিয়ারিং ব্যাঙ্কের কাজ

| | নেট ডিপজিট (মিলিয়ন পাউণ্ড হিঃ) |
|---|---|
| ১৯৪০ | |
| জুন | ২২২২ |
| সেপ্টেম্বর | ২৩৬০ |
| ডিসেম্বর | ২৪২১ |
| ১৯৪১ | |
| জানুয়ারী | |
| ফেব্রুয়ারী | |
| মার্চ্চ | |

### ১৯২৭-১৯৩৭ পর্য্যন্ত চেকোশ্লোভাকিয়ার বেকার-সংখ্যা

| | সংখ্যা |
|---|---|
| | ৫২,৮৬৯ |
| | ৩৮,৬৩৬ |
| | ৪১,৬৩০ |
| | ১০৫,৪৪২ |
| | ২৯১,৬৩২ |
| | ৫৫৪,০৪৯ |
| | ৭৩৮,২৬৭ |
| | ৬৭৬,৯২৪ |
| | ৬৮৬,২৬৯ |
| | ৬২২,১৮৭ |
| | ৪০৮,৯৪৯ |
| | ৩৩৫,৫১৮ |

### জার্ম্মাণ হোটেলে ইতালীয়ান কর্ম্মী

ফেব্রুয়ারী মাসে (১৯৪১ সন) রোমে ইতালিয়ান ও জার্ম্মাণ গবর্ণমেণ্টের সদস্যের সাক্ষাৎকার হয় এবং সেখানে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। সেই চুক্তির সর্ত্তগুলি ছিল হোটেল, রেষ্টুরাঁ প্রভৃতি স্থানে যেসকল ইতালীয় শ্রমিক কার্য্য করিবার উপযোগী তাহাদের কিভাবে জার্ম্মাণিতে নিয়োগ করা যাইতে পারে সেই বিষয় সম্বন্ধে।

যখন দেখা গেল যে, ইতালীতে ভ্রমণকারীর সংখ্যা কমিয়া আসিতেছে (অবশ্য যুদ্ধের উপলক্ষে) তখন রেষ্টুরাঁ প্রভৃতির কারবার ওখানে বিশেষ লাভজনক রহিল না। অথচ জার্ম্মাণিতে হোটেলের কর্ম্মী কমিয়া গিয়াছে, কাজেই চুক্তি অনুসারে ১০০০ ইতালিয়ান হোটেল কর্ম্মচারী জার্ম্মাণিতে পাঠানোর ব্যবস্থা ঠিক করা হইল। অবশ্য ১৯৪১ সনের মার্চ্চ মাসের মধ্যে। আরও ২০০০ লোক পাঠাইতে হইল এপ্রিল মাসের মধ্যে।

ইতালী পরিত্যাগ করিয়া যাইবার পূর্ব্বেই প্রত্যেক জার্ম্মাণ হোটেল কর্ত্তৃপক্ষের সহিত ব্যক্তিগতভাবে শ্রমিকরা তাহাদের আর্থিক ব্যবহার সম্বন্ধে এবং অন্যান্য সম্বন্ধ কিরূপ হইবে তদ্‌বিষয়ে সরাসরি চুক্তি করিয়া লইল। বিশেষ করিয়া স্থির করা হইল কোন স্থানে তাহাদিগকে কাজ করিতে হইবে, কোন বিষয়ে তাহাদের কার্য্যভার গ্রহণ করিতে হইবে, তাহার কি কি গুণ আছে, তাহার পারিশ্রমিক কত হইবে এবং সামাজিক সুবিধা তাহার কিভাবে প্রাপ্তব্য হইবে। স্থির হইল যে জার্ম্মাণ শ্রমিক বা কর্ম্মীরা যে হারে মাহিয়ানা পায় ঠিক সেই হারেই ইতালিয়ানদিগকে দেওয়া হইবে এবং সমান কার্য্য ও সমান গুণবিশিষ্ট লোককে একই রকম সম্মান ও সুবিধা দেওয়া হইবে। "ওভার টাইমের" সর্ত্ত আলাদা হইল এবং খাদ্য গ্রহণের জন্য ছুটি, মাহিয়ানার সহিত ছুটি এবং বিবাদ হইলে তাহাদিগকে সাহায্য করিবার ব্যবস্থাও স্থিরীকৃত হইল। তাহা ছাড়া অসুখ করিলে সাহায্য এবং ইতালীতে ফ্যামিলি এ্যালাউয়েন্স পাঠাইবার পর্য্যন্ত অধিকার দেওয়া হইল।

### বোহিমিয়া-মোরাভিয়াতে বাধ্যতামূলক শ্রম

১৯৪১ সনের ২০শে জানুয়ারীর সেক্সিসলেটিভ ডিক্রী অনুযায়ী বাধ্যতামূলক শ্রমের ব্যবস্থা বোহিমিয়া-মোরাভিয়াতে করা হয়। ন্যাশন্যাল ডিফেন্সের জন্য কেবল

মাত্র বিশেষ ধরণের কয়েক শ্রেণীর কার্যেই এই বাধ্যতা-মূলক আইন প্রযোজ্য। ছাপখানা, ফুড্ সাপ্লাই, কনস্ট্রাক্সান, দ্রব্যের উৎপাদন, খাদ্য উৎপাদনের নূতন পথ বা উপায় আবিষ্কারের জন্য, ট্রান্সপোর্ট চালু করিবার জন্য এবং প্রাকৃতিক ঘটনা হেতু যেসকল ক্ষতি হয় তাহা মেরামতের জন্য এই আইন প্রযোজ্য। দি মিনিষ্টার অব লেবিয়াল এ্যাড্ মিনিষ্ট্রেসন এইসকল বিষয় স্থির করিবেন।

## নিউইয়র্কে ষ্টেট্ লেবার রিলেসন বোর্ড

নিউইয়র্ক ষ্টেট লেবার রিলেসন বোর্ড ১৯৩৭ সনের জুলাই মাস হইতে ৩১শে ডিসেম্বর (১৯৩৯ সন) পর্য্যন্ত কার্য্য বিবরণী প্রকাশ করিয়াছে। নিউইয়র্কের ষ্টেট লেবার রিলেসন্স্ অ্যাক্ট ১৯৩৭ সনের ৩১শে ডিসেম্বর কার্য্যকরী হইয়াছে বলিয়া জানা যায়। অবশ্য কোথাও ১৯৪০ সন হইতেও উহা কার্য্যকরী হইয়াছে।

ইহার অন্তর্গত সংখ্যা-তালিকার সংক্ষিপ্ত বিবরণ হইতে জানিতে পারা যায় যে, রিপোর্টের আড়াই বৎসর কালের মধ্যে ৫,০৩৭ কেস বোর্ডের নিকট রুজু করা হয়। তাহাদের মধ্যে ১৯৩৯ সনের ডিসেম্বর মাসে ৮৪% কেস মীমাংসিত হয়। কেবলমাত্র ৬৫০টী কেস ছিল ১৯৪০ সনে মীমাংসিত হইবে বলিয়া। কেসগুলির বিশ্লেষণ করিলে দেখা যায় যে, উহার ৯২% শুনানী হইবার আগেই শেষ হইয়াছে এবং ১·৫% শুনানীর সময় বা অব্যবহিত পরেই মিটিয়া গিয়াছে। কাজেই ২৯৬টী কেসে বোর্ডের নিয়মিত ডিক্রী দেওয়া হইয়াছে। ইহা হইতে বুঝা যায় যে, মোকর্দ্দমা হইবার পূর্ব্বে অথবা ডিষ্ট্রিবিউট হইবার পূর্ব্বেই কিভাবে বোর্ডের সাহায্যে শ্রমিকদের কষ্ট লাঘব হয়।

## নূতন মেক্সিকান গবর্ণমেণ্টের সমাজ-নীতি

জেনারাল ম্যানুয়েল আভিলা কামাচো মেক্সিকোর রিপাবলিকের নূতন প্রেসিডেণ্ট হইয়াছেন। তিনি চেম্বার অব ডেপিউটিস হইতে একটি বক্তৃতা প্রসঙ্গে সাধারণের নিকটে নিজের মন্তব্য প্রকাশ করেন। তাহাতে যে যে নীতি শ্রমিক, সামাজিক প্রশ্ন এবং জন-মঙ্গল ব্যাপারে তিনি অনুসরণ করিবেন তাহারই একটা নক্সা চিত্রিত করিয়া দেখান। সেই উপলক্ষে তিনি বলেন, যে ইন্‌ভেস্টর্স্ এবং এম্‌প্লয়ার্স যেন স্মরণ রাখেন যে কোন জাতি তাহার উন্নতির দিকে যদি লক্ষ্য রাখে তাহা হইলে শ্রমিককে তাহার উপরন্তু মাহিয়ানা ও মূল অধিকার হইতে যেন বঞ্চিত না করে।

### বাঙ্গালার লবণ-সমস্যা

বাঙ্গালার লবণ-সমস্যার এক নূতন পরিণতি ঘটিয়াছে। কর্তৃপক্ষ মহল আশা করেন যে, ইহার ফলে বাঙ্গালা হইতে লবণের অভাব অনেকটা ঘুচিয়া যাইবে। প্রকাশ যে ভারত সরকার বাঙ্গালা সরকারের নিকট তারযোগে কতকগুলি সুনির্দ্দিষ্ট ব্যবস্থার প্রস্তাব করিয়া পাঠাইয়াছেন। বাঙ্গালা যাহাতে তাহার প্রয়োজন মত লবণ সংগ্রহ করিতে পারে, প্রস্তাবগুলিতে তৎসম্পর্কে ব্যবস্থা আছে। আরও প্রকাশ যে, বাঙ্গালা সরকার কেন্দ্রীয় সরকারের প্রস্তাব লইয়া অগৌণেই আলোচনা করিবেন। কেন্দ্রীয় সরকারের সহিত এ সম্পর্কে কথাবার্ত্তা চূড়ান্তভাবে নিষ্পত্তি করিবার উদ্দেশ্যে একজন ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে আলোচনার পর নয়াদিল্লীতে প্রেরণ করা হইবে।

(বরিশাল হিতৈষী)

### ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র সরবরাহের দাবী

কিছুদিন আগে শ্রীযুক্ত এন সি চ্যাটার্জ্জির সভাপতিত্বে দিগম্বর জৈন ভবনে এক সভা হইয়া গিয়াছে। সভায় সরকার যাহাতে অবিলম্বে ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র সরবরাহের পরিকল্পনা কার্য্যকরী করেন তাহার দাবী জানাইয়া এক প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবে বলা হইয়াছে যে, ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র যাহাতে পূজার পূর্ব্বে বাজারে পাওয়া যায় এবং যাহাতে কম মূল্যে বাজারে সরবরাহ হয় সেজন্য সরকার যেন দেশের বিভিন্ন স্থানে কতকগুলি দোকান খুলিবার ব্যবস্থা করেন। সভাপতি শ্রীযুক্ত চ্যাটার্জ্জি বক্তৃতা প্রসঙ্গে বলেন,—জনসাধারণের বর্ত্তমান দাবী যুক্তিসঙ্গত ও বাস্তব। তাহাদের দাবী বস্ত্রের মূল্য বাঁধিয়া দেওয়া, তন্তুবায়গণ যাহাতে নিয়মিতভাবে সূতা পাইতে পারে তাহার ব্যবস্থা করা এবং নির্দ্দিষ্ট মূল্যে দেশের বিভিন্ন স্থানে ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র সরবরাহ করা। রায় বাহাদুর মংটুরাম তাপুরিয়া বলেন,—সরকার পক্ষ হইতে এমন কতকগুলি দোকান খোলা উচিত, যেখানে নির্দ্দিষ্ট মূল্যে ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র পাওয়া যাইতে পারে এবং উহার মূল্য কাপড়ের উপরে লেখা থাকিবে। এই ব্যবস্থার দ্বারা মিল-মালিকের কোনই ক্ষতি হইবে না। অবশ্য সরকার কর্ত্তৃক মিলসমূহের উপর হস্তক্ষেপ তিনি পছন্দ করেন না। অতঃপর শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, সুকুমার দত্ত প্রভৃতি বক্তৃতা করেন। এসম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য শ্রীযুক্ত এন সি চ্যাটার্জ্জিকে সভাপতি করিয়া একটি কমিটি গঠিত হয়।

### খুচরা চাউল বিক্রয় বন্ধ

বোম্বাইয়ের খুচরা খাদ্যশস্য বিক্রয়ের দোকানদারগণের সঙ্ঘ স্থির করিয়াছেন যে, তাহাদের অভিযোগের প্রতীকার না হওয়া পর্য্যন্ত তাহারা চাউল বিক্রয় বন্ধ রাখিবেন। এই সঙ্ঘের সভ্যসংখ্যা প্রায় তিন হাজারের কাছাকাছি। মোটা লাভ ছাড়া পাইকারী ব্যবসায়ীরা চাউল ও চিনি বিক্রয় করিতেছে না বলিয়া অভিযোগ জানাইয়া সঙ্ঘের সভ্যবৃন্দ গত জুলাই মাসে যে হরতাল করেন তাহার ফলে বোম্বাইয়ে অসামরিক সরবরাহ বিভাগের ডিরেক্টর এই প্রতিশ্রুতি দেন যে, তিনি যথোচিত ব্যবস্থা অবলম্বন করিতেছেন। সঙ্ঘ জানাইতেছেন যে, ইহার পর অনেক দিন অতিবাহিত হইয়া গিয়াছে কিন্তু কোন ব্যবস্থাই অবলম্বিত হয় নাই। ২৪ জন খুচরা ব্যবসায়ীর দ্বারা গঠিত

একটি কমিটি চাউল বিক্রয় বন্ধ রাখিবার সিদ্ধান্ত কার্য্যকরী করিবার প্রতি নজর দিবেন।

## ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম

৩১শে আগষ্টের মধ্য রাত্র হইতে ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম এক ঘণ্টা আগাইয়া দেওয়া হয়। এই প্রসঙ্গে এক বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, "ভারতের পূর্ব্বাঞ্চলের প্রদেশগুলিতে দিনের আলো যাহাতে প্রয়োজনানুরূপ পাইতে পারা যায়, তজ্জন্য ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইমের নিয়ম পরিবর্ত্তন করা দরকার বলিয়া সিদ্ধান্ত করা হইয়াছে। সমগ্র দেশে ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম গ্রীণউইচের মীন-টাইমের অপেক্ষা ৬ ঘণ্টা আগে আগে চলিবে।"

## হায়দরাবাদ ও মহীশূরে চিকিৎসা শিক্ষা

ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিলের সভাপতি ডাঃ বিধানচন্দ্র রায় মহীশূর ও হায়দরাবাদ পরিভ্রমণ করিয়া কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ইউনাইটেড প্রেসের এক প্রতিনিধির সহিত সাক্ষাৎকারকালে তিনি বলেন যে, হায়দরাবাদের ওসমানীয়া বিশ্ববিদ্যালয় এবং মহীশূর বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ বহুদিন হইতেই চাহিতেছেন যে, তাঁহাদের নিজ নিজ বিশ্ববিদ্যালয়গুলি যেন ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাক্ট কর্ত্তৃক স্বীকৃত হয়। কিন্তু সমস্যা হইতেছে এই যে, বিশ্ববিদ্যালয় ভারত গভর্ণমেণ্টের গণ্ডীর বাহিরে সুতরাং ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিলকে যদি এ সম্পর্কে যথাযোগ্য অনুমতি দিতে হয় তাহা হইলে তাহার পূর্ব্বে বিশ্ববিদ্যালয় দুইটিকে ভারত সরকারের সহিত যোগ স্থাপন করিতে হইবে। ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিলের কার্য্যনির্ব্বাহক কমিটি তাঁহাদের হায়দরাবাদ, বাঙ্গালোর এবং মহীশূরের অধিবেশনে ইহা লইয়া আলোচনা করিয়াছিলেন এবং উক্ত বিশ্ববিদ্যালয় দুইটিও পরিদর্শন করিয়াছিলেন। তাঁহারা যথাসময়ে এবিষয়ে তাঁহাদের মতামত ব্যক্ত করিবেন।

হায়দরাবাদ বিশ্ববিদ্যালয় দেশীয় ভাষায় চিকিৎসা বিষয়ে শিক্ষা দিবার যে ব্যবস্থা করিয়াছেন, ডাঃ রায় তাহার কথাও উল্লেখ করেন এবং তাহার গুণাগুণ বর্ণনা করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের অট্টালিকা এবং শিক্ষাদান ব্যবস্থার প্রশংসা করেন।

## ভারতে কাচের কারখানা

ভারত গবর্ণমেণ্ট প্রচার করিয়াছেন যে, আরও এক বৎসরের জন্য কাচশিল্পকে যে সুবিধা দেওয়া হইয়াছিল তাহা রহিয়া গেল। কাচ নির্ম্মাণের জন্য সোডা এ্যাস্ আবশ্যক হয়, তাহার আমদানি শুল্ক ১৯৩৪ সন হইতে গ্রহণ করা হইতেছে না। এক্ষণে সেই সুবিধা আরও এক বৎসর পাওয়া যাইবে। প্রথমে তিন বৎসরের জন্য উহা দেওয়া হইয়াছিল। ইহাতে আশা করা গিয়াছিল যে, দেশীয় সোডা এ্যাস নির্ম্মাণের একটা প্রচেষ্টাও এই সুযোগে বৃদ্ধি পাইতে পারে। কিন্তু বাণিজ্য করিবার মত বৃহৎ আকারের উৎপাদন-চেষ্টা এই কয় বৎসরের মধ্যে দেখা যায় নাই। যাহাতে সোডা এ্যাস সেই প্রকারে উৎপন্ন হইতে পারে তজ্জন্য গবর্ণমেণ্ট দুইবার উক্ত সুবিধা দিয়াছেন। পূর্ব্বাপেক্ষা এ কয় বৎসরের মধ্যে সোডা এ্যাস উৎপাদন অনেক পরিমাণে বাড়িয়াছে।

## প্রাদেশিক যোগান ব্যবস্থা

ভারত গবর্ণমেণ্ট পাঁচটি রিজিওন্যাল প্রাইস এবং সাপ্লাই বোর্ড স্থাপন করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। ইহাদের উদ্দেশ্য হইল বিভিন্ন প্রদেশে এবং ষ্টেটে দ্রব্যাদি সরবরাহ এবং তাহার মূল্যাদি শাসন ও রক্ষণ কার্য্য সুসম্পন্ন করা। এইসকল বোর্ডের মধ্যে অধিকাংশই কার্য্য আরম্ভ করিয়া দিয়াছে। বাংলা বোর্ড ২রা মে, সংযুক্ত প্রদেশ বোর্ড ২৩শে মে, মাদ্রাজ এবং বোম্বাই বোর্ড ২৪শে মে তাহাদের বৈঠক আমন্ত্রণ করিয়াছিল। পাঞ্জাব বোর্ড ২০শে মে তারিখে বসিবে। ইহা ব্যতিরেকে আলাদা করিয়া প্রাইস সাপ্লাই এবং ট্রান্সপোর্ট বোর্ড গঠন করা হইয়াছে। ইহা আজমীড়-মাড়ওয়ার এবং রাজপুতানার জন্য গঠিত হইয়াছে।

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ

(অধিবেশন : রবিবার, ১২ই জুলাই ১৯৪২, সকাল ৮ ঘটিকা)

উপস্থিত : ডক্টর নরেন্দ্রনাথ লাহা, সভাপতি ; অধ্যাপক বিনয়কুমার সরকার ; ডক্টর নলিনাক্ষ দত্ত ; শ্রীযুক্ত সুকুমার দত্ত, এম এল এ ; শ্রীযুক্ত রবীন্দ্রনাথ লাহা ; শ্রীযুক্ত তারিণীচরণ নন্দী ; হরিহর সমাদ্দার ; মধুসূদন দে ; মধুসূদন চক্রবর্ত্তী ; আর পি গুপ্ত ; সুজিতকুমার মিত্র ; ক্ষিতি মুখোপাধ্যায় ; সুধাকান্ত দে।

ডক্টর নরেন্দ্রনাথ লাহা মহাশয় সভাপতিত্ব করেন। শ্রীযুক্ত করুণাকর গুপ্ত "তাঁত শিল্প" সম্বন্ধে বক্তৃতা করেন। বক্তৃতাপ্রসঙ্গে তিনি বহু তথ্য ও অঙ্ক দ্বারা বর্ত্তমান সময়ে দেশের তাঁত শিল্পের অবস্থা পর্য্যালোচনা করেন। তাঁর মতে আমাদের যে বস্ত্র বাংলার দরকার তার ৬৪% বাংলার বাহির হইতে আসে ; কলের সহিত তাঁতের যোগাযোগ এমনভাবে হওয়া দরকার যে কলে সুতা বোনা হইবে ও তাঁতে তাহা দ্বারা কাপড় তৈরী হইবে ; জাপানের দৃষ্টান্ত অনুসরণযোগ্য। সেখানে কুটীর শিল্পরূপে বস্ত্র ব্যবসা গড়িয়া উঠিয়াছে। খরচ কম রাখিবার জন্য আমাদেরও সেই প্রথা অবলম্বন করা উচিত ; সরকার হইতে সাহায্য প্রয়োজন ; তাঁতের উৎপন্ন দ্রব্যসমূহ যোগাড় করিবার ও বাজারে ফেলিবার জন্য নিখিল ভারত কাটুনি সঙ্ঘের মত প্রতিষ্ঠান খাড়া করা দরকার। সমবায় নীতি কতটা কার্য্যকরী হইতে পারে, বক্তা তাও আলোচনা করেন এবং বঙ্গীয় শিল্প অনুসন্ধান সমিতির অভিজ্ঞতার কথা উল্লেখ করেন। তাঁতে তৈরী বস্ত্র যে লোকদের রুচি অনুসারে এবং উৎকৃষ্ট ধরণে প্রস্তুত হইতে পারে তিনি তাও বলেন।

বক্তার বক্তৃতার পর ধনবিজ্ঞান পরিষদের গবেষকগণ আলোচনায় যোগদান করেন। তন্মধ্যে ক্ষিতি মুখোপাধ্যায় সন্দেহ প্রকাশ করেন নিখিল ভারত কাটুনি সঙ্ঘের মত প্রতিষ্ঠান গড়িলেই কাজ পাওয়া যাইবে কি না। বরিশালে, তোলায় গত বৎসরের ভীষণ বন্যার পর যখন তাঁতি ও জোলাদের সুতা যোগান দিয়া তাঁদের দুঃখ লাঘবের উদ্দেশ্যে সুতা চাওয়া হইয়াছিল, তখন সরকার সুতা দিতে পারেন নাই—শ্রীযুক্ত আর পি গুপ্ত তাঁহার অভিজ্ঞতার ফল এইরূপে বিবৃত করেন। অন্য কেহ কেহ সন্দেহ প্রকাশ করেন যে, রুচি ও পছন্দমত তাঁতের কাপড়ের টানটা ঠিকভাবে জানা নাই বলিয়া টান-যোগানের অসামঞ্জস্য দেখা দিতে পারে। শ্রীযুক্ত সুধাকান্ত দে বলেন, তাঁত-শিল্পের বর্ত্তমান সমস্যা বহুবিধ। তাঁত শিল্পকে সাহায্য করিতে হইবে কি না, করিলে কতটা করা হইবে, মিলের সহিত কি সম্পর্ক, ইত্যাদি বহু বিবেচ্য বিষয় আছে। বক্তা চান, সুতা মিলে তৈরী হোক্। আর কাপড় তাঁতিরা বুনুক, ইহাও বিতর্কমূলক। আজকের দিনে, যুদ্ধ সম্পূর্কিত যখন প্রত্যেক দেশের নীতি বলিয়া গৃহীত হইয়াছে, তখন বাহির হইতে আমাদের ৬৪% কাপড় আমদানি ( বক্তার হিসাব মত ) সমর্থনযোগ্য নহে। তারপর তাঁত শিল্পের সাহায্য ব্যাপারে বর্ত্তমান চড়া দর ( কাঁচামাল ও প্রয়োজনীয় দ্রব্য সম্পর্কে ) মনে রাখিতে হইবে এবং দেখিতে হইবে দেশের পক্ষে মিল ও তাঁত উভয়ের সামঞ্জস্য সাধন করা যায় কি না।

বঙ্গেশ্বরী কটন মিলের অন্যতম ডিরেক্টর ডক্টর নলিনাক্ষ দত্ত বলেন, তাঁতিরা যথেষ্ট পরিমাণ সুতা পাইলেও মিলের প্রতিযোগিতায় সফলতা লাভ করিতে পারিতেছে না। বক্তা জাপানে কুটীর-শিল্পরূপে তাঁতের কারবারের অভূতপূর্ব্ব উন্নতির কথা বলিয়াছেন। কিন্তু মনে রাখা দরকার, জাপানের কুটীর-শিল্প আদিম হাতে-চালান চরকা বা তাঁতের শিল্প নহে। জাপানীরা ক্রমাগত বৈজ্ঞানিক প্রণালীর প্রয়োগদ্বারা তাঁতিদের যন্ত্রের উন্নতি সাধন করিয়াছে ; সস্তা বৈদ্যুতিক শক্তি কাজে লাগাইয়াছে। বস্তুতঃ, তাঁত-শিল্পে বিপ্লব ঘটিয়া গিয়াছে বলিলেও চলে। জাপানী তাঁত-শিল্পকে আমাদের তাঁতি জোলাদের কারবারের সহিত তুলনা করিলে ভুল হইবে। দ্বিতীয়, বক্তা বলিয়াছেন, আমাদিগকে বাংলা দেশের কাপড়ের অভাব মিটাইবার জন্য ৬৪% বাহিরের আমদানি

করিতে হয়। একথা ভুলিয়া গেলে চলিবে না যে, কলিকাতা বন্দর সমগ্র উত্তর ভারতবর্ষকে মাল যোগায়। সুতরাং কতটা কলিকাতার আমদানি হইয়া পুনরায় রপ্তানি হইয়া যায় সে হিসাব জানা না থাকিলে ঠিক বলা যায় না কি পরিমাণ বাহিরের আমদানির উপর আমাদের নির্ভর করিতে হয়। তৃতীয়, যেভাবেই হোক্ বাংলার শিল্পকে সাহায্য করিতে হইবে; এই ধারণা ও তদনুযায়ী কাজ দেশের পক্ষে মঙ্গলজনক নাও হইতে পারে। দক্ষিণ ভারতের মাদুরা ও অন্যান্য স্থান হইতে আমাদের অনেক পরিমাণ সুতা আমদানি করিতে হয়। তাহা বাদ দেওয়া চলে না। বক্তা যে হিসাব দিয়াছেন তাতে দেখা যায় তাঁতিরা জনপ্রতি ৩ গজ কাপড় বুনিতে পারে। সুতরাং শুধু তাঁত চালাইয়া কাপড় তৈরী আর মিলে সুতা তৈরীর যে শ্রম-বিভাগ বক্তা করিয়াছেন, তাহা গ্রহণযোগ্য নহে। বাস্তবিক পক্ষে আরও ২০টি মিল চালান যাইতে পারে। তবে তাঁতের কাপড়ের চাহিদা চিরকালই থাকিবে, কারণ উহার সূক্ষ্মতর সৌন্দর্য্য প্রভৃতি কতকগুলি গুণ থাকিতে পারে, যা অন্যত্র পাওয়া যাইবে না।

বঙ্গীয় তাঁত-শিল্প-সমিতির সম্পাদক শ্রীযুক্ত সুকুমার দত্ত, এম, এল, এ বলেন, তাঁত শিল্পের জন্য সরকারী সাহায্য প্রয়োজন। আভ্যন্তরীণ বাজারে যে প্রতিযোগিতা রহিয়াছে তাতে এই সাহায্য ভিন্ন তাঁত শিল্পের পক্ষে উন্নতি লাভ করা দুরূহ। কিন্তু বর্ত্তমান যুদ্ধের ফলে তাঁত-শিল্পের সমস্যা বদলাইয়া গিয়াছে। এক কথায় বলা চলে এখন অবস্থা আগের তুলনায় অনেক ভাল। যুদ্ধের পরে এই শিল্পের কি অবস্থা হইবে তাহা আমাদের এখন হইতেই ভাবিতে হইবে। তাঁত শিল্পের কয়েকটি অসুবিধা এই—(১) সুতা কিনিতে হয়; (২) কাপড়ের ২৫% থেকে ৪০% মূল্যই লাভ করে; (৩) রঙ্ করার অসুবিধা অনেক। এইসব অসুবিধা দূর করার জন্য দরকার—উন্নত ও উৎকৃষ্টতর সমবায়তা; কাপড়ের বিক্রয়োপযোগী; এবং যথেষ্ট পরিমাণ বিজ্ঞাপন ও প্রচার। ঢাকার মাদবরী বাজারের দৃষ্টান্ত আমরা গ্রহণ করিতে পারি। আধা-কলে-চালানে তাঁতের ব্যবহার দ্বারা উপকার পাওয়া গিয়াছে। পরীক্ষা করিয়া দেখা গিয়াছে, সূক্ষ্মতর বয়নে তাঁত মিলের চেয়ে সস্তা। এই সম্পর্কে তাঁতিজোলাদের দু'একটি বৈশিষ্ট্য উল্লেখ করা যাইতে পারে। হিন্দু তাঁতি সূক্ষ্ম বস্ত্র তৈরী করে এবং তাদের অধিকাংশের জমি নাই মুসলমান জোলায় মোটা কাপড়, গামছা বুনে এবং তাদের প্রায় সকলেরই জমি আছে। চাষীদের সাময়িক কাজ যোগাইবার উপায়রূপে তাঁতশিল্পের ব্যবস্থা করিলে চাষী সর্ব্বত্র উপকৃত হইবে। জমিহীন তাঁতিকে চাষী-তাঁতিতে পরিণত করা আমাদের উদ্দেশ্য হওয়া উচিত।

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের সভাপতি, বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টার ডক্টর নরেন্দ্রনাথ লাহা মহাশয় বক্তৃতা-প্রসঙ্গে বলেন যে, তাঁত-শিল্পের বর্ত্তমান ( যুদ্ধকালীন ) সমস্যা ও ভবিষ্যৎ সমস্যা এক নহে। সুতরাং তাঁত-শিল্প সম্বন্ধে কোন প্রকার আলোচনা করিতে হইলে এই দুই প্রকার সমস্যার কথাই পৃথকভাবে মনে রাখিতে হইবে। বক্তার মতে মিল মাত্র সুতা তৈরীর কাজে নিজেকে আবদ্ধ রাখিবে আর তাঁত কেবল সেই সুতা লইয়াই কাপড় বুনিবে, এই প্রকার কার্য্য-বিভাগ যুক্তিসঙ্গত না হইতে পারে। বাংলা দেশে মিল-শিল্পের প্রসারের অবকাশ রহিয়াছে। সঙ্গে সঙ্গে তাঁত-শিল্পের উন্নতিও যথেষ্ট হইতে পারে। তাঁতের কাপড়ের চাহিদা রহিয়াছে, কারণ রুচিমত সূক্ষ্ম বা কারুকার্য্যশোভিত বুনি বা শাড়ীর জন্য তাঁত বিশেষ উপযোগী। কুটীর-শিল্পরূপে তাঁতে বৈদ্যুতিক শক্তি ব্যবহার করিলে অধিকতর ফল পাইবার সম্ভাবনা। আমাদের দেশে সস্তায় বিদ্যুৎ উৎপাদন করা যায় না, এই ধারণা প্রচলিত আছে। তাহা ভুল। এখানেও বর্ত্তমানের চেয়ে ঢের সস্তায় বিদ্যুৎ উৎপাদন করা যাইতে পারে। সস্তায় বিদ্যুৎ যোগান সম্ভব হইলে কুটীর-শিল্প হিসাবে তাঁত এবং অন্যান্য শিল্পের প্রভূত উন্নতি হইবে। বাহিরের প্রতিযোগিতা হইতে কখন কখন তাঁত-শিল্পকে রক্ষা করা দরকার হইতে পারে। সেই জন্য কোন কোন আকারে

সরকারী সাহায্য দরকার। নানাবিধ যান-বাহনের মাশুল সম্পর্কে সুযোগ-সুবিধা দানও এই সাহায্যের অন্তর্গত। সভাপতি মহাশয় প্রসঙ্গত মিল-শিল্প, মোটর প্রভৃতি জটিল শিল্পের প্রসার, বিভিন্ন দেশে জীবন-যাত্রার ধারার কথাও আলোচনা করেন।

গবেষণাধ্যক্ষ অধ্যাপক বিনয়কুমার সরকার বলেন, তিনি শুধু তিনটি প্রধান ভ্রম নিরসনের চেষ্টা করিবেন। প্রথমত, বর্তমানে যে বেকার-সমস্যা দেখা দিয়াছে তাহা বৃত্তির স্থিরতা বশতঃ নহে, অর্থাৎ এক কাজ ছাড়িয়া অন্য কাজে অধিক প্রবৃত্ত হইতে পারে না বলিয়া নহে। মাথাপিছু গণ্ডিতে কাজের লোক বাড়িয়াছে, কমে নাই। দ্বিতীয়ত, জীবনযাত্রার ধারা উচ্চতর হইয়াছে। কাপড়ের কথা ধরা যাক্। ১৯০১ খৃষ্টাব্দে মাথাপিছু যত গজ কাপড় ব্যবহৃত হইত এখন তার চেয়ে বেশী হয়। অন্য বিষয়েও তদ্রূপ। কিন্তু দারিদ্র্য কমে নাই। তৃতীয়ত, ধন অর্থাৎ পণ্যের মূল্য-প্রক্রিয়া এক কাজ হইতে অন্য কাজে নিযুক্ত হওয়া সম্ভব করে। তার ফলে নূতন নূতন ব্যবসার জন্ম হয়।

## বাংলায় মহিলাদের যুদ্ধ-প্রচেষ্টা

বাংলাদেশের মহিলাগণের যুদ্ধ-প্রচেষ্টা সম্পর্কে মহামান্য সম্রাজ্ঞীর প্রাইভেট সেক্রেটারীর নিকট হইতে বিগত ২১শে জুলাই তারিখে লিখিত একখানা পত্র বাংলার গভর্নর-পত্নী মাননীয়া লেডি মেরী হার্বার্টের হস্তগত হইয়াছে। নিম্নে উক্ত পত্রের মর্ম উল্লেখ করা গেল—

"মহামান্য সম্রাজ্ঞী আপনাকে একথা জানাইতে আমার প্রতি আদেশ দিয়াছেন যে, বাংলাদেশের মহিলা যুদ্ধ-তহবিলের সহিত যাঁহারা সংশ্লিষ্ট আছেন, তাঁহারা ইউরোপীয়ান ও ভারতীয় সামরিক হাসপাতালের সাহায্যের জন্য এবং গত তিন মাস যাবৎ বহুসংখ্যক বে-সামরিক ব্যক্তি ও সেনার (যাহারা এমন অবস্থায় পতিত হইয়াছিল, যাহা পূর্বে ধারণা করা যায় নাই) অভাবমোচনে যে বিপুল চেষ্টার পরিচয় দিয়াছেন, তাহা অবগত হইয়া তিনি (মহামান্য সম্রাজ্ঞী) অতীব আনন্দিত হইয়াছেন। এই দেশ (ইংলণ্ড) ও ভারত-সাম্রাজ্য যে-প্রীতির সূত্রে গ্রথিত, এই সময়ে এরূপ সাহায্য দ্বারা তাহাই প্রমাণিত হইতেছে এবং মহামান্য সম্রাজ্ঞী, আপনার মধ্যস্থতায়, যুদ্ধ-প্রচেষ্টায় ব্যাপৃত সকল ব্যক্তিকে উৎসাহবাণী প্রেরণ করিতে আমার প্রতি আদেশ দিয়াছেন।"

## কয়লার ব্যবসা

[ কয়লার ব্যবসায়ী শ্রীযুক্ত হিতেন্দ্রমোহন রায়ের সহিত শ্রীহেমেন্দ্রবিজয় সেনের কথোপকথন। ]

প্রঃ—আচ্ছা, আপনি ত কয়লার ব্যবসা করেন, কিন্তু আপনার কোন দোকান ত দেখতে পাই না।

উঃ—আমার ত দোকানের দরকার নেই।

প্রঃ—কেন ?

উঃ—আমি ত খুচরা কয়লা বিক্রী করি না।

প্রঃ—তাতে কি ? আপনি যদি কোন দোকান না রাখেন, তবে কয়লা সরবরাহ করবেন কেমন করে ?

উঃ—দেখুন, আমাকে আড়তদার বা ডিপোওয়ালাও মনে করবেন না।

প্রঃ—তবে ?

উঃ—আমি কতকটা কমিশন এজেন্ট।

প্রঃ—কাদের ?

উঃ—কয়লার খনির মালিকদের।

প্রঃ—কি রকম ?

উঃ—যেমন ধরুন, আমি প্রত্যেক বড় বড় ফ্যাক্টরীতে ও মিলে ঘুরে বেড়াই, ঐ সমস্ত কলওয়ালাদের সঙ্গে দেখা করে, তাঁদের কি রকম ও কি পরিমাণ কয়লা চাই, তা জানতে চেষ্টা করি। তারপর যদি সম্ভব হয় তবে আমাদের খনির কয়লা নেবার জন্য তাঁদের অনুরোধ উপরোধ করতেও ত্রুটি করি না। যদি কেউ তাতে রাজী হন, তবে তাঁকে আমাদের কনট্র্যাক্ট ফরমে সই করিয়ে নি।

প্রঃ—কনট্র্যাক্ট ফরমে কি থাকে ?

উঃ—প্রথমত থাকে—কি রকম কয়লা, মণ প্রতি বা টন প্রতি দর, আর কত পরিমাণ।

উঃ—তারপর ?

উঃ—যে পরিমাণ তাঁরা নেবেন, সেটা কি এক সঙ্গে নেবেন না মাসে মাসে বা বৎসরে কয়েক কিস্তিতে দিতে হবে ; এবং দাম কিভাবে দেবেন। যদি নগদ এক সঙ্গে দেন, তবে কয়লা ডেলিভারী দেবার সঙ্গে সঙ্গেই দামটা মিটিয়ে দিতে হবে। কিম্বা মাল রেলে পাঠিয়ে রসিদখানা ভি: পি: করে আমরা টাকা আদায় করে নেব।

প্রঃ—ধরুন যদি কেউ এক সঙ্গে দিতে না পারেন ?

উ—তা হলে তাঁকে আমরা কিস্তিবন্দীতেও মাল দি, তবে মোট টাকার সিকি অগ্রিম দিতেই হবে। বাকী টাকা কিস্তি মত মালের সঙ্গে সঙ্গে দিতে হবে।

:—ধরুন কেউ যদি কনট্র্যাক্ট ফরমে সই করেও পরে মাল না নেয় ?

উঃ—তারও একটা ব্যবস্থা আমাদের কনট্র্যাক্ট ফরমে থাকে। যদি কোন পার্টি পরে কোন কারণে চুক্তি বাতিল করতে চায়, তবে তাঁকে ঐ মাল না নেওয়ার দরুণ যা ক্ষতি হবে, সেটা পূরণ করতে হবে।

প্রঃ—কিন্তু আপনি যদি কোন কারণে মাল ঠিক সময়ে দিতে না পারেন, তখন কি হবে ?

উঃ—আমাকেও পার্টির ক্ষতিপূরণ করতে হবে। মনে করুন, ২৫শে সেপ্টেম্বরের মধ্যে আমাকে চাপদানীর

জুট মিলে ১০০ টন কয়লা দিতে হবে। কিন্তু তখন হয়ত আমার হাতে অত কয়লা নেই, বা অন্য খনিওয়ালার কাছ থেকেও আমি ঠিক মত কয়লা সংগ্রহ করতে পারলাম না, তখন আমাকে বাধ্য হয়ে মিলওয়ালাকে বলতে হবে, তুমি বাজার থেকে কয়লা কিনে নাও; দরের যা প্রভেদ হবে—সে লাভ-ক্ষতি আমার। আমার কন্‌ট্র্যাক্টের চেয়ে যদি বাজার দর কম থাকে, তবে আমার লাভ; আর যদি বেশী হয়, তবে আমাকে ক্ষতি সহ্য করতেই হবে।

প্রঃ—আচ্ছা বুঝলাম, আপনি কন্‌ট্র্যাক্ট ফরমে সই করিয়ে নিলেন, তারপর?

উঃ—আমি যে সমস্ত খনিওয়ালাদের তরফ থেকে অর্ডার নিই, ঐ কন্‌ট্র্যাক্ট ফরম অনুযায়ী পার্টির নামধাম দিয়ে ও কয়লার পরিমাণ লিখে কয়লা পাঠাতে লিখে দি, কিম্বা খুব জরুরী হলে টেলিগ্রাম করে দি। যদি ভিঃ পিঃতে টাকা আদায়ের ব্যবস্থা থাকে, তবে তাও লিখে দি। সেটা লেখা না থাকলে রেলে মাল বুক করে রসিদটা রেজেষ্ট্রী ডাকে পার্টির কাছে পাঠিয়ে দেওয়া হয়। কাজেই বুঝতে পারছেন আমার দোকান রাখার কোন দরকার নেই।

প্রঃ—এখন বুঝতে পেরেছি। আচ্ছা এতে আপনার লাভ কি রকম?

উঃ—প্রায় শতকরা ৫৲ থেকে ১০৲ টাকা।

প্রঃ—ধরুন, আপনি যে দামে পার্টির সঙ্গে কন্‌ট্র্যাক্ট করলেন, খনিওয়ালারা যদি সে দামে দিতে না পারে?

উঃ—খনির দর প্রতিদিনই টেলিগ্রামে আমাকে জানান হয়। সুতরাং কন্‌ট্র্যাক্ট যা করা হয়, সেটা তাদের দেওয়া দরের উপরই।

প্রঃ—কিন্তু এও ত হতে পারে যে, কন্‌ট্র্যাক্ট করার পর কোন কারণে দর নেমে বা চড়ে যায়।

উঃ—তা ত হতেই পারে এবং হয়েও থাকে।

প্রঃ—তখন আপনারা কি করেন?

উঃ—মাল ঠিক দিতেই হয়, তবে দাম চড়লে আমাদের লোকসান, আর কমলে পার্টির লোকসান।

:—ফ্যাক্টরী ছাড়া আপনি আর কোথাও চেষ্টা করেন না?

উঃ—করি বৈকি। ডিষ্ট্রিক্ট বোর্ড, রেলওয়ে, গভর্ণমেণ্টের পাবলিক ওয়ার্কস্ ডিপার্টমেণ্ট প্রভৃতি অনেক জায়গায় চেষ্টা করতে হয়।

:—আপনি যে দেশে দেশে ঘুরে বেড়ান, এসব খরচ কে বহন করে?

উঃ—খনিওয়ালা।

প্রঃ—মাসে কি রকম উপার্জ্জন হয়?

উঃ—ঠিক নেই। কখনো বা ১০৲।১৫৲ টাকা হয় আবার কখনো ২০০৲।৩০০৲ টাকাও হয়।

প্রঃ—আচ্ছা আপনি রাস্তার কয়লা বিক্রীর চেষ্টা করেন না কেন?

উঃ—তাতে অনেক হাঙ্গাম।

প্রঃ—কি রকম?

উঃ—প্রথমত খুব সামান্য লাভ।

প্রঃ—কেন?

উঃ—মিলের মত পরিমাণ বেশী নয় বলে। ধরুন, মিলে যদি ১০০০ টনের অর্ডার পাই, তাহলে প্রতি টনে যদি এক আনাও থাকে, তবে হাজার আনা, কিন্তু কোন কয়লা ১০০০ টন বিক্রী করতে কতখানি বেগ পেতে হবে, সে ভুক্তভোগী ভিন্ন অপরে বুঝবে না। তার উপর টাকা আদায় করা এক ঝকমারী। মিলে সেসব হাঙ্গাম বিশেষ পোয়াতে হয় না—যা-কিছু মারামারি কেবল কন্‌ট্র্যাক্ট ফরমে সই করার বেলা। তা ছাড়া কোকের ব্যবসায় আরও অসুবিধা আছে।

প্রঃ—কি?

উঃ—মালগাড়ী পাওয়া কষ্টসাধ্য। গভর্ণমেণ্টের বা রেলওয়ের হলেত কথাই নাই, এমন কি মিলের জন্যও রেল কর্তৃপক্ষ যথেষ্ট গাড়ীর ব্যবস্থা করেন;

কিন্তু কোকের জন্য ঠিক ততটা সুবিধা সহজে পাওয়া যায় না।

প্রঃ—কিন্তু বর্ত্তমানে কয়লার যে রকম দর, তাতে আপনি যদি কোকের ব্যবসা করেন, আমার মনে হয় খুব বেশী লাভবান্ হতে পারবেন।

উঃ—কি রকমে?

প্রঃ—ধরুন বাটা কোম্পানী যেমন নিজেদের দোকান খুলেছে ভারতের সর্বত্র; তেমনি আপনিও যদি খুচরা বিক্রয়ের ডিপো খোলেন কলকাতার অধিকাংশ জায়গায় তবে আপনি কি মনে করেন বর্ত্তমান কমিশন এজেন্টের কাজের চেয়ে বেশী লাভ হবে না?

উঃ—লাভ যে বেশী হবে না, তা বলা যায় না, তবে সে কাজের জন্য প্রধানত চাই সঙ্ঘ গঠনের শক্তি—অর্গ্যানাইজিং পাওয়ার; দ্বিতীয়ত চাই বিশ্বাসী লোক। প্রথমটির জন্য তেমন ভাবি না, কিন্তু দ্বিতীয়টি পাওয়াই মুস্কিল।

প্রঃ—বাটা কোম্পানী কিম্বা হারিক ঘোষ পাচ্ছে কি করে?

উঃ—বাটা কোম্পানীর কথা স্বতন্ত্র। দেখুন, বাঙালী কোম্পানীর পক্ষে বাটার মত বিস্তৃতি লাভ খুব কঠিন কথা।

প্রঃ—কিন্তু আমার তা মনে হয় না। ঢাকার শক্তি ঔষধালয় কিম্বা সাধনা ঔষধালয়ের বিস্তৃতি কি কিছু কম?

উঃ—অনেকটা বটে, তবে তাতে বহু মূলধনের দরকার। আমার পক্ষে সেটা সংগ্রহ করা সম্ভব নয়।

প্রঃ—আমার মনে হয়, খুব বেশী মূলধনের দরকার নাই, যখন আপনাকে কয়লা নগদ দাম দিয়ে নিতে হবে না। যেমন বিক্রী হবে তেমন দাম ফেলে দেবেন।

উঃ—কিন্তু খনিওয়ালা যে আমাকে অত টাকার মাল বিশ্বাস করে ছাড়বে তাই বা আপনি বুঝলেন কি করে?

প্রঃ—কিন্তু মিল বা ফ্যাক্টরীওয়ালাদের ত ছাড়ে; তবে আপনাকেই বা দেবে না কেন?

উঃ—মিল বা ফ্যাক্টরীওয়ালাদের কথা স্বতন্ত্র। তাদের লক্ষ লক্ষ টাকা দামের যন্ত্রপাতি রয়েছে; তারা সহজে পালাতে পারে না। কিন্তু আমার যে ঘরে কলা-পোড়া খাবার স্থান নেই, আমার কি নিয়ে টাকা আদায় হবে বলতে পারেন, যদি আমি কয়লাগুলো বিক্রী করে টাকাগুলো আত্মসাৎ করি?

প্রঃ—সে কথা একশবার। তবে আপনি এই কাজের সঙ্গে সঙ্গে সামান্যভাবে খুচরা বিক্রয়োপযোগী ডিপো রাখতে পারেন। একজন বিশ্বাসী লোক বা টাকা আগিম নিয়ে লোক নিযুক্ত করে অনায়াসে চালাতে পারেন। প্রথমে একটি ডিপো যদি ভালভাবে চলে, তবে আর একটি, এমনি করে ধীরে ধীরে কলকাতা সহর ছেয়ে ফেলা যেতে পারে।

উঃ—আপনার এ প্রস্তাবটা আমার মনে হয় নি। ভেবে দেখব, যদি সম্ভব হয়, তবে একটা ডিপো অদূর ভবিষ্যতে খুলব।

প্রঃ—তবে আমাদের কিন্তু খরিদ দামে সস্তায় কয়লা সরবরাহ করবেন। এখন কয়লা যে দামে কিনতে হচ্ছে, তাতে বড্ড গায়ে লাগে। আপনি বন্ধু-লোক, ডিপো খুললে একটু সুরাহা হবে—এটা অবশ্যই আশা করতে পারি। কি বলেন?

উঃ—নিশ্চয়, এখন তবে আসি, নমস্কার।

প্রঃ—নমস্কার।

"দি এগ্রিকালচার‍্যাল সিচুয়েশন্"

( ডিসেম্বর, ১৯৪১ )

পণ্যদ্রব্য সম্বন্ধে আলোচনা।
কৃষি-পরিকল্পনা ১৯৪২।
স্বাধীনতার জন্য খাদ্য।
ঘাটি রক্ষা।
ক্ষেত্ত জাষিন।
পণ্য সাউকারি।
সস্তবীমা।
কৃষি-পণ্য বাজারে ফেলা।
গ্রামাঞ্চলে বিদ্যুতীকরণ।

"ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ"

( ডিসেম্বর, ১৯৪১ )

"জাতীয় সমাজতন্ত্রবাদী বা ন্যাশন্যাল সোসিয়ালিষ্টদের প্রাধান্যকালে জার্মানিতে নারী-নিয়োগ" শীর্ষক প্রবন্ধটিতে নারীদের অনুষ্ঠিত কর্মকে দুইটী পর্য্যায়ে ভাগ করা হইয়াছে। রাষ্ট্রের ভার পাইবার পর হইতে ১৯৩৬ সন অবধি প্রথম পর্য্যায় এবং দ্বিতীয় পর্য্যায় আরম্ভ হইয়াছে "ফোর ইয়ারস প্ল্যান" বা চারি বৎসরের পরিকল্পনা আরম্ভ হওয়া থেকে। প্রথমে গবর্ণমেণ্ট বেকার-সমস্যা সমাধান করিতে চাহিয়াছিলেন। কিন্তু দ্বিতীয় পর্য্যায়ে গবর্ণমেণ্টের নীতি ছিল খুব বেশী পরিমাণে অস্ত্রশস্ত্র তৈয়ারী করার জন্য স্ত্রীলোক নিয়োগ করা।

১৯৩২ সনের জুন মাসে বেকারের সংখ্যা ছিল প্রায় পঁচাত্তর লক্ষ। ইহার সহিত অজ্ঞাত বেকারের সংখ্যা দশ লক্ষ যোগ করা যাইতে পারে। ১৯২৪-৩৩ সনের মধ্যে মজুরির উপর নির্ভরশীল নারী-শ্রমিকের অংশ কমে এবং মাহিনা-ভোগী শ্রমিক শ্রেণীর সংখ্যা বৃদ্ধি পায়। চাষবাস ও বনের কাজে নারীদের কাজ অনেক কমে। কলকারখানা, বাড়ীর চাকরাণীগিরি প্রভৃতি বিষয়েও নারীর নিয়োগ বেশ কমিয়া যায়। কিন্তু তাহাদের সংখ্যা বৃদ্ধি পায় শিল্প বাণিজ্য, যানবাহন ও জনহিতকর কার্য্যে।

নারীদিগকে কার্য্য হইতে বিরত করার নীতি কোন স্থানে প্রকাশ পায় নাই, বরং কয়েকটী বিশেষ কার্য্যে যাহাতে তাহাদের গতী আবদ্ধ থাকে তাহারই চেষ্টা হইয়াছে। যেসকল কার্য্য ভাল মা বা স্ত্রী হওয়ার পক্ষে বাধাস্বরূপ সেগুলিতে নারীদের নিয়োগ নিষিদ্ধ ছিল। বেতের কাজ, জুতা তৈরী, কাপড় তৈরী প্রভৃতি ব্যবসা হইতে তাহাদিগকে দূরে রাখা হইয়াছিল।

১৯৩৯ সনের সেপ্টেম্বর মাসের বিধান অনুসারে বিশেষ কারণ ব্যতীত নারীরা দিনে ১০ ঘণ্টা পরিশ্রম করিতে পারিবে না। অন্যান্য স্থলে সপ্তাহে ৪৬ ঘণ্টা পরিশ্রমের সময় বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। গর্ভবতী নারী ও প্রসূতির সম্বন্ধে ব্যবস্থা আছে।

রাত্রিকালে নারীদের পরিশ্রম একেবারে নিষিদ্ধ। যেখানে দুইবার কাজের নিয়ম আছে সেখানে সকাল ৫টা হইতে ১২টা পর্য্যন্ত প্রথমবার কাজের সময়; অন্যান্য স্থলে ৬টা হইতে ১১টা।

"দি ইণ্ডাষ্ট্রিয়াল কো-অপারেটিভস্ ইন চায়না"—চীন দেশে কলকারখানায় সমবায় সমিতি নামক প্রবন্ধে কল-

কারখানার সমবায় সঙ্ঘের উৎপত্তি ও উন্নতি আলোচিত হইয়াছে। চীন গভর্ণমেণ্ট ভারি শিল্প বা "হেভি ইণ্ডাষ্ট্রি" সম্বন্ধে সেচোয়ান প্রদেশে সরাইয়া লইবার ব্যবস্থা করিয়াছেন। কিন্তু তাহাতে সহস্র সহস্র চীনা শ্রমিক কিভাবে কার্য্য পাইবে তাহার সমাধান হয় না, কারণ চীনের যানবাহন প্রথা এখনও আধুনিক হইয়া উঠিতে পারে নাই।

১৯৩৮ সনে কয়েক জন দূরদর্শী চীনা ও সহানুভূতিশীল বিদেশী মিশিয়া একটী প্লানিং কমিটী গঠিত করে। তারই ফল এই সমিতির সংগঠন। ইহার উদ্দেশ্য হইল, সাধারণকে উৎপাদন বিষয়ে উৎসাহ দেওয়া; যাহার যাহা ইচ্ছা সে তাহাই উৎপাদন করিতে পারিবে এবং গবর্ণমেণ্ট টাকা, লোক ও অন্যান্য সাহায্য প্রদান করিবেন।

এই উদ্দেশ্যে হাঙ্কাউ নগরে চাইনিজ ইণ্ডাষ্ট্রিয়াল কো-অপরাটেটিভ এসোসিয়েশন নামক একটি সমিতি গঠিত হইল। উদ্দেশ্য, শিল্পসংক্রান্ত সমবায়ের প্রসার ও কার্য্য-কারিতা বৃদ্ধি। ইহার অন্তর্গত সমবায় সমিতিগুলি এমন-ভাবে গঠিত যে তদ্দ্বারা স্থানীয় অভাব পূরণ হয়। ইহার একটি কেন্দ্রীয় সংগঠন আফিস ইউনিয়ান কর্তৃক পরিচালিত। তা চুংকিঙে অপসারিত হইয়াছে।

শিল্প-সমবায়ের কাজ তিনটি: প্রথম যুদ্ধরত গেরিলাদের পিছনে থাকিয়া তাহাদের যোগান দেওয়া, ইহার নাম—গেরিলা-শিল্প; দ্বিতীয়, ঠিক গেরিলাদের পিছনে না থাকিয়া আরও কিছু দূরে থাকিয়া দীর্ঘকাল স্থায়ী অনুষ্ঠানের ব্যবস্থা করা; তৃতীয়, নিরাপদ স্থানে থাকিয়া মেশিন এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য প্রথম ও দ্বিতীয় লাইনকে সরবরাহ করা। কিন্তু এইসকল ব্যাপার কার্য্যে পরিণত করিতে হইলে আরও অনেক-কিছু ব্যবস্থার প্রয়োজন। পরিকল্পনায় মধ্যে আরও ছিল অক্ষম সৈন্য, সৈন্যদের পরিবারের লোক, নিরাশ্রয় শ্রমিকদিগকে কার্য্যে নিয়োজিত করিবার জন্য শিক্ষার ব্যবস্থা করা।

খুব অল্প সময়ের মধ্যেই ৩০,০০০ শিল্প-সমবায় সমিতি আরম্ভ করা এবং তাহাতে ৪০০,০০০ লোক নিয়োজিত করা এই পরিকল্পনার বিষয় ছিল।

"দি ফ্যামিলি এণ্ড দি ল" নামা টি নক্স প্রণীত; দি ইউনিভার্সিটি অব নর্থ ক্যারোলিনা প্রেস কর্তৃক প্রকাশিত; চ্যাপেল হিল্; ১৯৪১; পৃঃ ১৯৯; মূল্য ২·০০ ডলার।

প্রায় দুইশত পৃষ্ঠার এই পুস্তকে পারিবারিক আইন বা 'ফ্যামিলি ল' আলোচিত হইয়াছে; তাহা ছাড়া অন্যান্য মূল আইন ও মোকদ্দমার প্রণালী, এমন কি আইনের ইতিহাস ও আইন-তত্ত্ব কিছু কিছু আলোচিত হইয়াছে।

এতগুলি বিষয় অল্প পরিসরে প্রকাশ করায় লেখিকার কৃতিত্ব আছে। তিনি ৩২ পৃষ্ঠায় বিলাতে এক প্রকার বিবাহকে সিদ্ধ বলিয়া গ্রহণ করা হয় বলিয়াছেন, তা ঠিক নয়। লেখিকার মতে আমেরিকার কোন কোন রাষ্ট্রে ইন্টারলোকিউটরি ডিক্রি অব ডিভোর্স হইবার পরও বিবাহ আইন সঙ্গত বলিয়া মানিয়া লওয়া হইয়াছে। তার ফলে কোন অপরাধ হইতে নিজেকে বাঁচাইয়া জীবনের ভিত্তি স্থাপিত করা যায় না। লেখিকা আরও বলেন যে, মানুষকে গোড়ার থেকে ভাল শিক্ষা ও সৎ আচরণ শিক্ষা দিয়া ভাল পথে রাখা এবং অপরাধীর জীবন-যাপন হইতে বিরত করা সম্ভব।

"ইয়োর ম্যারেজ: এ গাইড্ টু হ্যাপিনেস্"; নরম্যান ই হাইম্স্ প্রণীত; ফারার এণ্ড রাইনহার্ট কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪০; পৃঃ ৪৩৪; মূল্য ৩·৭৫ ডলার।

যাঁহারা বিশ্বাস করেন বিবাহ সম্বন্ধে পরামর্শ দিবার ভার পাদ্রিদের হাত থেকে সমাজ বৈজ্ঞানিকদের হাতে চলিয়া গিয়াছে তাঁহারা এই পুস্তকখানি পড়িয়া আনন্দ অনুভব করিবেন। আবার আর একদল লোক থাকিতে পারেন, যাঁহারা ভাবিবেন যে, আধুনিক যুগে মানুষের আত্মীয়তার ধারা যেভাবে চলিতেছে তাহাতে সমাজ-বিজ্ঞানবিদের একটু শঙ্কিত হইয়া লেখা উচিত ছিল। 'এ গাইড্ টু হ্যাপিনেস'—( সুখের পথ নির্দেশক ) হইল পুস্তকের আর একটি নাম। সমাজবিজ্ঞানবিদের কি কাজ এবং কতদূর তাঁহাদের গণ্ডী সে বিচার আলোচ্য পুস্তক সম্পর্কে করিতে যাওয়া ভুল হইবে, তবে এ কথা সত্য যে সমাজ বিজ্ঞানবিদেরা এই সম্বন্ধে অনেক পুস্তক রচনা করিয়াছেন এবং এইটিও একটি উৎকৃষ্ট গ্রন্থ।

অবিবাহিত যুবকের জীবনে যত রকম প্রশ্ন উত্থাপিত হইতে পারে তার প্রায় সমস্তই পুস্তকখানিতে যথাযথভাবে উল্লিখিত হইয়াছে এবং তৎসহ তাহাদের উত্তরও প্রদান করা হইয়াছে। নূতন বিবাহিত জীবনে যে সমস্ত সমস্যা দেখা যায় সেগুলিও লেখক সুন্দরভাবে বিশ্লেষণ করিয়াছেন।

অন্যান্য সমাজবিজ্ঞানবিদের বিবাহ সম্বন্ধে ইঙ্গিতও লেখক আলোচনা করিয়াছেন।

"সাইকলজি অব পার্সন্যাল এ্যাড্জাষ্টমেণ্ট: ষ্টুডেণ্টস্ ইনট্রোডাকসন টু মেণ্টাল হাইজিন"; ফ্রেড্ ম্যাক্-কিনি প্রণীত; জন ওয়াইলি এণ্ড সন্স কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ৬৩৬; মূল্য ২·৭৫ ডলার মাত্র।

কলেজ জীবনে ব্যক্তিগত হিসাবে মানবের সহিত মানবের যে মিলন হয় সেই বিষয় লইয়াই পুস্তকখানি রচিত হইয়াছে। বইখানিতে নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হইয়াছে—

প্রথম—"কলেজ সেটিং", দ্বিতীয় পার্সোন্যালিটি এনালিসিস এণ্ড রি-এডজাষ্টমেণ্ট; তৃতীয় ষ্টাডি এণ্ড এফিসিয়ান্সি; চতুর্থ সেল্ফ্ কনফিডেন্স; পঞ্চম এমোসানাল

ষ্টেবিলিটি এণ্ড ম্যাচিওরিটি ; ষষ্ঠ দি এডজাষ্টেড্ পার্সোন্যালিটি।

বইখানির ভিত্তিস্বরূপ যেসকল তথ্য ব্যবহৃত হইয়াছে তাহা বিজ্ঞানসম্মত এবং ইহার আলোচনার ধারাটি সুন্দর। মনস্তত্ত্বের ছাত্র ও অধ্যাপকদের পক্ষে পুস্তকখানির প্রয়োজন হইতে পারে। অধ্যায়গুলি পরস্পর নিরপেক্ষ।

"সাইকলজি অব ফিয়ার এণ্ড কারেজ", এডওয়ার্ড জোভার প্রণীত ; পেঙ্গুইন বুকস্ কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ১২৮ ; মূল্য ২৫ সেণ্ট।

পুস্তকখানি লেখকের কয়েকটি বক্তৃতার সঙ্কলন। ১৯৪০ সনের গ্রীষ্মকালে ইংল্যাণ্ডে ব্রডকাষ্ট মারফৎ উক্ত বক্তৃতাগুলি দেওয়া হয়। ইহাতে দেখানো হইয়াছে, ভয়, সন্দেহ, ঘৃণা প্রভৃতি কিভাবে দমন করা যায়। মানুষের নৈতিক চরিত্র বিনষ্ট হইবার কি কি কারণ থাকা সম্ভব এবং কিরূপে সাধারণ লোকেরা নিজেদের ও অন্যদের নৈতিক চরিত্র স্থির রাখিতে পারে তাহা নির্দেশ করিয়াছেন।

লেখক একজন মনস্তত্ত্ব-বিশ্লেষক। রচনা-কৌশল সরল এবং ভাষা সাধারণে বুঝিবার অন্তরায় স্বরূপ হইয়া দাঁড়ায় নাই। এক কথায় পুস্তকখানি বিশেষজ্ঞের মনোমত না হইলেও সাধারণের নিকট উপাদেয় এ কথা বলিতে পারা যায়।

"এ ষ্ট্যাটিসটিক্যাল ষ্টাডি অব লিডারশিপ এবং কলেজ উইমেন" ; মাদার মেরি ডোরোথিয়া ভাকেরলি কর্তৃক লিখিত ; ক্যাথলিক ইউনিভার্সিটি অব আমেরিকা কর্তৃক প্রকাশিত ; পৃঃ ৬৫ ; ১৯৪০।

এই পুস্তকের মূল কথা হইল, বিশেষ অবস্থায় নেতা তাঁহার নেতৃত্বের স্থান অধিকার করিয়া লন। নেতা সকল সময়েই নেতৃত্ব করিতে সমর্থ নাও থাকিতে পারেন। কোন শ্রেণীতে গুণাগুণের চাহিদা অনুসারে লোক দেখা গিলে তিনি নেতা হইতে পারেন তাহা সমাজেই হোক্ বা ধর্ম কি জ্ঞানের রাজ্যেই হোক্। আবার ইহাও দেখা গিয়াছে, একই ব্যক্তি এক বা অধিক স্থলে নেতৃত্বের আসন পাইতে সক্ষম হইয়াছেন। ঐ সকল ক্ষেত্রে হয়তো সেই ব্যক্তি একাধিক স্থলের চাহিদানুযায়ী গুণ অর্জন করিতে সক্ষম হইয়াছেন। আবার ইহাও দেখা যায় যে, একজন হয়তো একটা বিষয়ে কর্তৃত্ব লাভ করিলেন কিন্তু অপর এক বা দুই স্থলে সম্পূর্ণ বিফল হইলেন।

এই পুস্তকখানি রচিত হইবার পূর্বে ৬০ জন স্ত্রী-নেতার সম্বন্ধে বিশেষ আলোচনা করা হইয়াছে। সোফোমোর ক্লাস অব দি ক্যাথলিক লিবারাল আর্ট কলেজ ফর উইমেনের ১৭০ জন হইতে উক্ত ৬০ জন নারীকে বাছিয়া লওয়া হইয়াছিল।

তিন ধরণের তথ্য ব্যবহৃত হইয়াছে। ১ম "মানসিক শক্তি ও সাফল্য, ২য় ব্যক্তিত্ব ; ৩য় নেতৃত্ব। আর তার সংগ্রহের জন্য নিম্নলিখিত উপায় অবলম্বিত হইয়াছে। যথা, ফ্যামিলিয়ার ষ্ট্যাণ্ডার্ড স্কেল ; ভ্যালুয়েটিভ্ এ্যাভারেজেস ; রেটিং স্কেলস ফর ট্রেস, ফ্যাকালটি রেটিংস অন পার্সোন্যালিটি, পার্সোন্যাল ইন্টারভিউস। বিশ্লেষণের জন্য পিয়ারসন কর্তৃক আবিষ্কৃত "মোমেণ্ট মেথড" এবং থার্সটনের "সেণ্ট্রয়েড্ মেথড" উভয়ই নিয়োগ করা হইয়াছে।

"সোসিয়াল প্রোসেস ইন হাওয়াই, ভলিউম ৬—হনলুলু"। ইউনিভার্সিটী অব্ হাওয়াই কর্তৃক প্রকাশিত ; সোসিয়ালজি ক্লাব ইন কোল্যাবোরেশন উইথ দি ডিপার্টমেণ্ট অব সোসিয়লজি কর্তৃক সঙ্কলিত ; পৃঃ ৬২ ; মূল্য ৫০ সেণ্ট।

হাওয়াই দ্বীপে কিভাবে সামাজিক ভাঙন ঘটে এবং তাহার পুনর্গঠন হয় সেই বিষয় লইয়াই পুস্তকখানি রচিত হইয়াছে। এ ডাবলিউ লিণ্ড এবং বার্থহার্ড হরম্যান সাধারণভাবে ও টীকার আকারে এই বিষয় লইয়া একটি বিবৃতি প্রদান করিয়াছেন। গত শতাব্দীতে হাওয়াইয়ের লোকসংখ্যা কিরূপ ছিল তাহা লইয়া একটি ছোট প্রবন্ধ লিখিয়াছেন ডাঃ রোম্যানযো অ্যাডাম্স্। অন্যান্য প্রবন্ধগুলিতে দেখান হইয়াছে আন্তর্জাতিক বিবাহ সম্বন্ধে ছাত্রদের কিরূপ মনোভাব। যুবা অপরাধের সহিত বর্ণ-বিরুদ্ধতার কিরকম সম্বন্ধ তাহা লইয়াও প্রবন্ধ রচিত হইয়াছে। দুইটি প্রবন্ধ লেখা হইয়াছে যাহাতে হাওয়াইতে জাপানী ইমিগ্রাণ্টের প্রথম ও দ্বিতীয় পুরুষের সহিত বাসিন্দাদের কিরূপ আত্মীয়তা তাহা চিত্রিত হইয়াছে। যাঁহারা "রেস" এবং "কালচার্যাল কণ্ট্যাক্ট" লইয়া আলোচনা করিয়া থাকেন তাঁহাদের পক্ষে এই বইখানিতে সুন্দর তথ্য পাওয়ার সম্ভাবনা আছে।

"রিলিজিয়ন এণ্ড কালচার ইন দি কারিকুলাম অব দি নাভাহো এণ্ড দি ডাকোটা : এ টেক্‌নিক এণ্ড দি ডেভালাপমেণ্ট ইনটু এন এডুকেসনাল প্রোগ্রাম" ; এল্যান হলসিঙ্গের কর্তৃক লিখিত ; ডে ডাবলিউ ষ্টাওয়ার কোং কর্তৃক প্রকাশিত ; পৃঃ ৩৪৪ ।

২। "জুবিস্ লাইফ ইন সাউথ আমেরিকা" ; ডে এম্ কোহেন প্রণীত ; ব্লক পাবলিশিং কোম্পানী কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক সিটি ; ১৯৪১ ; পৃঃ ১৯৪ ; মূল্য ১'৫০ ডলার ।

৩। "হোয়াট রিজিং ডাস টু পিপ্‌ল্" ; ডাউগলাস ওয়াপ্‌ল্‌স ; বার্ণাড বেরেলসন এবং ক্রাফলিন আর ব্রাডস্ প্রণীত ; দি ইউনিভার্সিটি অব সিকাগো কর্তৃক প্রকাশিত ; সিকাগো, ১৯৪০ ; পৃঃ ২১৭, মূল্য ২'০০ ডলার ।

৪। "কনটেম্পোরারি সোসিয়াল প্রব্লেম্‌স্" ; লুইস্ ভির্থ প্রণীত ; দি ইউনিভার্সিটি অব সিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত ; সিকাগো ; ১৯৩৯ ; পৃঃ ৬৮ ; মূল্য ১'০০ ডলার ।

৫। "সোসিয়াল প্রব্লেম্‌স্" ; কার্ল এন্ বোসেন কুইন্‌স্‌ট্ প্রণীত ; প্রেনটিস হল, ইনকরপোরেটেড কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৩৮ ; পৃঃ ৪১৯ ; মূল্য ৩'০০ ডলার ।

৬। "ইণ্টারন্যাশন্যাল লেবার, ডিপ্লোম্যাসি এণ্ড পিস্ ১৯১৪-১৯" ; অষ্টিন ভ্যানডার নাইস্ প্রণীত ; ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া প্রেস কর্তৃক প্রকাশিত ; ফিলাডেলফিয়া ; ১৯৪১ ; পৃঃ ৪০৮ ।

৭। "ওয়ার্কার্স বিফোর এণ্ড আফটার লেনিন" ; ম্যানিয়া গর্ডন প্রণীত ; ই পি ডাটন এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ৫২৪ ।

৮। "অথর ইন ট্রান্‌সিট" ; লানসিট হগ্‌বেন প্রণীত ; ডাবলিউ ডাবলিউ নর্টন এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ২৭৮ ।

৯। আমেরিকান লেবার ডিক্‌টেটর্স" লুই ফিক্‌বাউন প্রণীত ; ইণ্ডিয়ানা ফোরাম পাবলিকেশন কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ১১৮ ।

১০। "এ্যান্টিকুইটিস অব বেল" ; এন্ সা ষ্টে হাস্ প্রণীত ; কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ১৭৯ ; মূল্য ২'২৫ ডলার ।

১১। "ডেলওয়ার নোট্‌স্ ; দি নিউ ক্যাস্‌ল্ কাউণ্টি ওয়ার্ক হাউস" ; রবার্ট গ্রেহাম কলওয়েল ; প্রাইভেট্‌লি প্রিনটেড্ ; ১৯৪০ ; পৃঃ ২৫৭ ; মূল্য ২'৫০ ডলার ।

১২। "দি চাইল্ড স্পিক্‌স্" ; জেকব প্যাস্কিন্ প্রণীত ; হেনরি হোল্ট এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ৩৪৪ ; মূল্য ২'৫০ ডলার ।

১৩। "হোয়াট অব দি ব্লাইণ্ড" ভলিউম্ ২ ; হেল্‌গা লেন ডে প্রণীত ; আমেরিকান ফাউণ্ডেসন ফর দি ব্লাইণ্ড কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ২০৬ ; মূল্য ২'০০ ডলার ।

১৪। "মার্ক্সন রিক্রিয়েসন ইন থিওরি এণ্ড প্র্যাক্‌টিস, এ হ্যাণ্ড বুক অব সোসিয়াল চেঞ্জ" ; জেম্স এ স্কিড্ মুর প্রণীত ; ( প্রাইভেটলি প্রিনটেড্, ) ফিলাডেলফিয়া ; ১৯৪১ ; পৃঃ ১৩৭ ; মূল্য ২'০০ ডলার ।

# শ্রম ও শ্রমের দাম

( পূর্ব্বানুবৃত্তি )

আধুনিক সমাজ-ব্যবস্থায় তিন প্রকার অবস্থার উদ্ভব হইয়াছে :—

(১) দেশের মূলো কিছু যোগাযোগ না করিয়াও কেহ কেহ বা কোন কোন সম্প্রদায় দেশের সমষ্টিগত মূল্য হইতে অল্প বা বিস্তর অংশ গ্রহণ করে, অর্থাৎ ধ্বংস করে ;

(২) শ্রম বেচাকেনার বাজারে শ্রমিক নিজের শ্রম বেচিয়াও যথোচিত পারিশ্রমিক পায় না, অথবা মনে করে যে পায় না ;

(৩) শ্রমিক তার শ্রম বেচিবার জন্য প্রস্তুত, কিন্তু সেই শ্রম কিনিবার লোক বাজারে পাওয়া যায় না।

প্রথম ও তৃতীয় শ্রেণীর শ্রমিকের দৃষ্টান্ত সহজেই পাওয়া যাইবে। আমাদের দেশে উপার্জ্জনশীল প্রত্যেক ব্যক্তির কাঁধের উপর এক বা অধিক ব্যক্তিকে নির্ভর করিতে দেখা যায়। এরা যে শ্রম করিতে পারে না, তা নয় ; কিন্তু শ্রম-বিমুখ অলস জীবন আশ্রয় করিয়া থাকে। বেকার ও পর-নির্ভর ব্যক্তির সমস্যা এক প্রকার নয়। বেকারেরাও অলস। কিন্তু তারা বাধ্য হইয়া অলস। তাদের অবস্থার উপর তাদের কোন হাত নাই। বাংলা দেশের লক্ষ লক্ষ লোক পরনির্ভর, তারা দেশের মূল্যে কিছুই যোগ না করিয়া ক্রমাগত মূল্য ধ্বংস করিতে অভ্যস্ত। পরন্তু, বেকারেরা কাজ পাইলে করিত। এইরূপে দেশের লক্ষ লক্ষ লোকের শক্তির বৃথা অপচয় ঘটিতেছে। এই অপচয়-হ্রাস বা নিবারণ-চেষ্টা প্রত্যেক রাষ্ট্রনৈতিক নেতা কর্ত্তব্য বলিয়া বিবেচনা করেন। বেকারকে ভয় করে না, এমন সভ্য দেশ বিরল। বেকার ও পরনির্ভরদিগকে কাজ জুটাইয়া দেওয়া অথবা কাজে প্রবৃত্ত করা সহজ নহে। এখানে কেহ কেহ প্রশ্ন করিতে পারেন, ধনীদিগকে কি কাজ করিতে হইবে ? কথায় বলা হয় যে, ধনীরা অর্জ্জিত আয় ভোগ করেন। অর্থাৎ পূর্ব্বপুরুষ যে ধন উপার্জ্জন করিয়া গিয়াছেন, তা দিয়া অথবা শুধু তার সুদ ভাঙিয়া তাঁরা জীবন ধারণ করেন ; নিজেরা দেশের মূল্যে কিছু যোগ দেন না। যে সকল ধনী ব্যবসা-বাণিজ্য করেন বা অন্য প্রকারে আর্থিক উৎপাদনের কাজে নিযুক্ত হন, তাঁদিগকে হিসাবে ধরা হয় না। পূর্ব্বোক্ত শ্রেণীর ব্যক্তিদিগকে পরগাছা বলিয়া অভিহিত করা হয়। বর্ত্তমান অর্থনৈতিক ব্যবস্থায় টাকা সঞ্চয় একেবারে নিরর্থক না হইতে পারে। রূপান্তরের কথা আলাদা। কিন্তু যাঁরা সঞ্চিত টাকা ব্যাঙ্কে রাখেন, সোনার কেনাবেচা করেন বা অন্য লাভজনক উপায়ে খাটান, তাঁরা পরোক্ষভাবে দেশের উৎপাদনে সাহায্য করেন। তাঁরা সাক্ষাৎভাবে দেশের মূল্যে কিছু যোগ দেন না, কিন্তু তাঁরা নিরর্থক নন। সুতরাং ধনীদিগের বিরুদ্ধে সংস্কার কোন কোন ক্ষেত্রে সত্য নাও হইতে পারে।

দ্বিতীয় শ্রেণীর অন্তর্গত ব্যক্তিরা সকলেই শ্রমিক। ইহাদের সমস্যা জটিল। এদের প্রশ্ন হইতেছে, যে পারিশ্রমিক বা মজুরি শ্রমিক পায়, তা ঠিক কি না। শ্রমের জন্য উচিত মূল্য পাওয়া যাইতেছে না, এই অভিযোগ সার্ব্বজনীন। আমাদের দেশে চোখের সামনে উচ্চশিক্ষিত যুবকদিগকে অল্প বেতনে কাজ লইতে দেখিলে আমাদের সে কথা মনে পড়িয়া যায়। আমরা ইতিপূর্ব্বে, কবি, চিত্রকর, ভাস্কর, বৈজ্ঞানিক প্রভৃতির শ্রমের কথা উল্লেখ করিয়াছি। কিন্তু সকল কবি, চিত্রকর প্রভৃতির কাজ আর কিছু সমানভাবে আদৃত হয় না ; এবং সকলেই পারিশ্রমিক পান, তা নয় ; আবার খুব কমও পান। কত উকীল, ব্যারিষ্টার ও অনুরূপ পেশার অন্তর্গত ব্যক্তিদিগকে না দিনের পর দিন কিছুই উপার্জ্জন না করিয়া কাটাইতে হয়। ভাগ্য-বানের সংখ্যা মুষ্টিমেয় ; তাঁরা খুব বেশী অর্জ্জন করেন ; কিন্তু অধিকাংশই সিঁড়ির নীচের ধাপে সারাজীবন কাটাইয়া দেন। এ যে অযোগ্যতা বা গুণহীনতার জন্য সর্ব্বদা হয়, তা নয়। গুণী ব্যক্তির গুণের আদর কি সর্ব্বত্র হয় ? হয় না বলিয়াই বর্ত্তমান আর্থিক ব্যবস্থা সম্বন্ধে এত অসন্তোষ। গুণের

আদর অনেক সময় হয় না, ইহাই প্রচলিত বহুমূল ধারণা। এই ধারণা সর্ব্বত্র সত্য না হইতে পারে, কিন্তু ইহা যে বহুল পরিমাণে সত্য তাহাতে সন্দেহ নাই। কোটি কোটি লোক দুঃখে, অনটনে ও নানা অস্বাচ্ছন্দ্যে দিনের পর দিন অতিবাহিত করিতেছে। তাদের এই দারিদ্র্য ও দুঃখক্লেশ ধনসত্তা বা কর্ম্মক্ষমতার অভাবের ফল নয়। বস্তুত, তাদের এই ভাগ্যের উপর যেন তাদের কোন হাত নাই। ধন-বৈজ্ঞানিক মাত্রেই—তিনি কার্ল মার্কস হোন্ বা মার্শ্যাল হোন—পৃথিবীব্যাপী দারিদ্র্যকে স্থায়ী ও অবশ্যম্ভাবী বলিয়া মনে করেন না। সুতরাং সর্ব্বদেশের বর্ত্তমান আর্থিক অবস্থা যে পরিবর্ত্তনযোগ্য ও পরিবর্ত্তিত হইতে পারে, তা সকলে ধরিয়া লন। সেই জন্য শ্রমিক যাতে উপযুক্ত পারিশ্রমিক পায় তার সম্বন্ধে সকলে ওকালতি করেন।

এই ত গেল ব্যাপক অর্থে শ্রম সম্বন্ধে বক্তব্য। কিন্তু ধনবিজ্ঞানে শ্রমকে সংকীর্ণ অর্থে ব্যবহার করাই রীতি। শ্রমিক একটা বিশেষ শ্রেণী। যারা দৈহিক শ্রম দ্বারা অন্য সহায়কদিগকে,—পুঁজিদার, জমিদার ও পরিচালকদিগকে—সাহায্য করে, তারা শ্রমিক। ইহারা সময় ধরিয়া বা টুকরা টুকরাভাবে কাজ করে, এবং মজুরি পায়। শ্রমিক ও শ্রম এই বিশেষ সংকীর্ণ অর্থেই ধনবিজ্ঞানে ব্যবহৃত হইয়া থাকে।

# রবার-শিল্পে ভারতের স্থান

মালয়, ওলন্দাজ পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জ, বোর্ণিও এবং ব্রহ্মদেশ জাপানের হস্তগত হওয়ায় এবং ইন্দোচীন ও থাইল্যাণ্ডে জাপান আধিপত্য বিস্তার করায় মিত্রশক্তিপক্ষের দেশসমূহে রবারের বিশেষ অভাব দেখা দিয়াছে। সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট মিঃ রুজভেল্ট উক্ত দেশে ব্যবহৃত ও পরিত্যক্ত রবার সংগ্রহ করিবার জন্য সকলকে ব্যাপকভাবে চেষ্টা করিতে অনুরোধ করিয়াছেন এবং একটি বেতার বক্তৃতায় তাঁহার স্বদেশবাসীকে সতর্ক করিয়া দিয়াছেন যে, জাপান আমেরিকার শতকরা ৯০ ভাগ রবার আমদানি বন্ধ করিয়া দেওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রে ভীষণ রবারের অভাব পড়িতেছে। ব্রুটেনেও রবার ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য কড়াকড়ি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। ভারতেও রবারের ঘাটতি পড়িয়াছে। গত ১৩ই জুন ভারত সরকার যুদ্ধের জন্য রবার মজুদ রাখিবার ব্যবস্থার উদ্দেশ্যে সরকারের বিনানুমতিতে রবারের টায়ার ও টিউব ক্রয় এবং বদলান নিষিদ্ধ করিয়া একটি আদেশ জারি করিয়াছেন।

বর্ত্তমানে বিবিধ সমরোপকরণ প্রস্তুত করিতে ও অন্যান্য শিল্পকার্য্য চালাইতে রবারের প্রয়োজন বিশেষভাবে এবং অপরিহার্য্যরূপে বৃদ্ধি পাইয়াছে। যুদ্ধের জন্য ট্যাঙ্ক, লরী, মোটর গাড়ী এবং বিমান প্রভৃতির চাকার নিমিত্ত রবারের আবশ্যক। ইহা ছাড়া বর্ত্তমান যুদ্ধে সৈন্যরা ছোট ছোট নদী নালা পার হইবার জন্য রবারের সেতু এবং নৌকাও ব্যবহার করিতেছে। অতএব দেখা যায় আধুনিক যান্ত্রিক যুদ্ধ সাফল্যের সহিত চালনা করা রবারের অভাবে অসম্ভব হইয়া পড়িয়াছে। এতদ্ব্যতীত গ্যাস মুখোস, জল নিষ্কাষনের জন্য রবারের পাইপ এবং বৃষ্টি হইতে রক্ষা পাইবার নিমিত্ত বর্ষাতি কোট প্রভৃতি প্রস্তুত করিতে প্রচুর রবার ব্যবহৃত হইতেছে। আধুনিক কালের যুদ্ধ জাহাজের বিভিন্ন সাজসরঞ্জামের জন্যও রবারের প্রয়োজন হইতেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের কোন কোন কারখানায় ৩ হাজার হইতে ৪ হাজার রকমের বিভিন্ন প্রকারের রবারের জিনিষপত্রাদিও তৈয়ার হইতেছে।

পৃথিবীর মোট রবার উৎপাদনের শতকরা ৫২·২ ভাগ

বৃটিশ সাম্রাজ্যভুক্ত দেশগুলি যোগান দেয়। ইহার মধ্যে এক মালয় দেশেই পৃথিবীর মোট রবারের শতকরা ৪১ ভাগ উৎপন্ন হইয়া থাকে। ইহা ছাড়া ১৯৩৮ সন হইতে ১৯৪০ সনের মধ্যে পৃথিবীর মোট রবার উৎপাদনের শতকরা ৫৫ ভাগই ছিল মিত্রশক্তিপক্ষের অধিকারে। জাপান বৃটেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইবার পর মিত্রশক্তিপক্ষ বেশীর ভাগ রবার উৎপাদনের ক্ষেত্র সাময়িকভাবে হারাইয়াছেন। মোটামুটি হিসাব করিলে দেখা যায় যে, বৃটিশ মালয়ে ১৯৩৮ সনে রবার উৎপাদনের পরিমাণ ছিল ৪ লক্ষ ৬০ হাজার মেট্রিক টন এবং ১৯৪০ সনে ইহার পরিমাণ বৃদ্ধি পাইয়া ৬ লক্ষ ৪ হাজার মেট্রিক টন হইয়াছিল। ওলন্দাজ পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জে যে স্থলে ১৯৩৮ সনে ৩ লক্ষ ৪ হাজার মেট্রিক টন রবার উৎপন্ন হইয়াছিল, সেস্থলে ১৯৪০ সনে ইহার উৎপাদনের পরিমাণ দাঁড়াইয়াছিল ৫ লক্ষ ৩৫ হাজার মেট্রিক টন। এতদ্ব্যতীত ইন্দোচীনে ও থাইল্যাণ্ডে ১৯৪০ সনে যথাক্রমে ৬৬ হাজার এবং ৪৯ হাজার টন রবার উৎপন্ন হইয়াছে। আলোচ্য বৎসরে ভারতবর্ষ, সিংহল এবং ব্রহ্মদেশে মোট উৎপন্ন রবারের পরিমাণ দাঁড়াইয়াছে ১ লক্ষ ১৪ হাজার মেট্রিক টন; ১৯৩৮ সনে এইরূপ রবার উৎপাদনের পরিমাণ ছিল মাত্র ৬৬ হাজার মেট্রিক টন। ১৯৪০ সনে ল্যাটিন আমেরিকার দেশসমূহ, আফ্রিকা এবং ওশিয়ানিয়ায় মাত্র ৪০ হাজার মেট্রিক টন রবার উৎপন্ন হইয়াছে। অতএব দেখা যায় যে, মালয় প্রভৃতি দেশসমূহ মিত্রশক্তিপক্ষের হাতছাড়া হইবার জন্যই বৃটেন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ভারতবর্ষে এইরূপ রবারের দুর্ভিক্ষ দেখা দিয়াছে।

মার্কিন যুক্তরাষ্ট্রে কোনরূপ স্বভাবজাত রবার উৎপন্ন হয় না। কিন্তু পৃথিবীর কাঁচা রবার উৎপাদনের অর্দ্ধেকেরও বেশীর ভাগ মার্কিন যুক্তরাষ্ট্র গ্রহণ করিয়া থাকে। ইহার পরেই বৃটেনের স্থান। বৃটেন বৎসরে গড়পড়তায় ১ লক্ষ ২০ হাজার টন কাঁচা রবার আমদানি করে। যে সকল দেশ হইতে রবার চালান দেওয়া হয় তাহাদের তথ্য সংগ্রহ করিলে দেখা যাইবে ১৯৪০ সনে মালয় হইতে ৫ লক্ষ ৪০ হাজার ৮৪৬ টন ও ওলন্দাজ পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জ হইতে ৫ লক্ষ ৩৬ হাজার ৭৪০ টন কাঁচা রবার বিদেশে প্রেরণ করা হইয়াছিল।

মার্কিন যুক্তরাষ্ট্রে রবারের অভাব পূরণ করিবার জন্য কৃত্রিম উপায়ে রবার প্রস্তুত করার এবং দক্ষিণ আমেরিকার অন্তর্গত আমাজন নদীর নিকটস্থ অঞ্চলসমূহ হইতে বন্য রবার সংগ্রহের জন্য বিরাট প্রচেষ্টা চলিতেছে। বর্ত্তমান যুদ্ধে জড়িত হইয়া পড়িবার পূর্ব্বে মার্কিন যুক্তরাষ্ট্র বৎসরে গড়পড়তায় ৬ লক্ষ টন কাঁচা রবার ব্যবহার করিত এবং ইহার শতকরা ৯৮ ভাগই আসিত বৃটিশ মালয় এবং ওলন্দাজ পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জ হইতে। কৃত্রিম উপায়ে রবার প্রস্তুতের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে বড় বড় কারখানা স্থাপিত হইতেছে এবং এই উপায়ে কাহারও কাহারও মতে ১৯৪২ সনের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র ১ লক্ষ ২০ হাজার টন কৃত্রিম রবার উৎপন্ন করিতে সক্ষম হইবে। মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যবহৃত এবং পরিত্যক্ত রবার সংগ্রহ করিবার জন্য যে ব্যাপক আন্দোলন চলিতেছে তাহাতে গড়পড়তায় বৎসরে ৩ লক্ষ ১৫ হাজার টনের মত রবার পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়। কিন্তু ব্যবহৃত রবার পরিষ্কৃত করিয়া মোটর গাড়ীর চাকা প্রস্তুত এবং সমরোপকরণ প্রভৃতি প্রয়োজনীয় রবারের সাজসরঞ্জাম নির্ম্মাণ করা সুবিধাজনক নহে; সুতরাং দেখা যায় যে, মার্কিন যুক্তরাষ্ট্র ও বৃটেনের নিকট রবারের প্রশ্ন একটি দুরূহ সমস্যা হইয়া পড়িয়াছে।

বর্ত্তমান পরিস্থিতিতে ভারতেও রবারের দুর্ভিক্ষ হইয়াছে। ভারতে যুদ্ধকালীন শিল্পের যে ভাবে সম্প্রসারণ হইতেছে এবং অচিরেই শিল্প প্রসারের যেরূপ সম্ভাবনা দেখা যাইতেছে তাহাতে রবারের প্রয়োজন আরও বৃদ্ধি পাইবে। কিন্তু দুঃখের বিষয় ভারতে রবার উৎপাদন বৃদ্ধির ক্ষেত্র বিদ্যমান থাকিলেও ইহার উৎপাদন বাড়াইবার জন্য এখন পর্য্যন্তও সেরূপ যথাযোগ্য চেষ্টা করা হয় নাই। ১৯৪১ সনে ভারতে ২০ হাজার টন রবার ব্যবহৃত হইয়াছে; অথচ এই বৎসর ১৭ হাজার ৭৫০ টনের বেশী রবার ভারতে উৎপন্ন হয় নাই। অতিরিক্ত ২ হাজার

২১০ টন রবার ভারতে যে মজুদ ৫ হাজার টন রবার আছে তাহা হইতে খরচ করা হইয়াছে অথবা বিদেশ হইতে আমদানি করিতে হইয়াছে। সিংহলে ভারতের তুলনায় প্রায় ৬ গুণ অধিক রবার উৎপন্ন হয়। কিন্তু বর্ত্তমানে সেই স্থান হইতে বেশীর ভাগ রবার ব্রটেনে রপ্তানি হইবার সম্ভাবনা আছে। সুতরাং রবার সম্পর্কে ভারতের স্বাবলম্বী হইবার একান্তভাবে প্রয়োজন রহিয়াছে।

ভারতে এইরূপ রবার সমস্যার উদ্ভব হওয়ায় ১৯৪২ সনের জানুয়ারী মাসের শেষভাগে ভারত সরকারের বাণিজ্য সচিব দক্ষিণ ভারতের রবার উৎপাদনকারীদের প্রতিনিধিবৃন্দের এক বৈঠকে তাহাদিগকে রবারের উৎপাদন বৃদ্ধি করিয়া ভারতে রবারের সামগ্রিক চাহিদা মিটাইবার জন্য অবহিত হইতে পরামর্শ দান করেন। কিন্তু দুঃখের বিষয়, এই সম্পর্কে বাণিজ্য সচিব দীর্ঘদিনের মেয়াদী কোন-রূপ ব্যাপক পরিকল্পনার আভাষ দেন নাই।

গত মে মাসের মাঝামাঝি সময়ে ত্রিবাঙ্কুর রাজ্যের অন্তর্গত কোটায়ামে, ত্রিবাঙ্কুর ও কোচিন রাজ্য, মালাবার, কুর্গ এবং দক্ষিণ ভারতে যে সকল স্থানে রবার উৎপন্ন হয় তত্রস্থ রবার উৎপাদনকারীদের এক অধিবেশন হইয়া গিয়াছে। এই অধিবেশনে ভারত সরকার প্রতি পাউণ্ড কাঁচা রবারের দর ১ টাকা করিয়া বাঁধিয়া দিবার জন্য এবং রবার উৎপাদন সম্বন্ধে সমস্ত বিধিনিষেধ অপসারণ করিবার নিমিত্ত বৃটিশ সরকার এবং ত্রিবাঙ্কুর ও কোচিন রাজসরকারকে অনুরোধ করিয়া প্রস্তাব গৃহীত হইয়াছে। দক্ষিণ ভারতেই প্রধানতঃ রবারের চাষ হইয়া থাকে। ইহার মধ্যে ত্রিবাঙ্কুর রাজ্যেই শতকরা ৭৫ ভাগ রবার উৎপন্ন হয়। কিন্তু দক্ষিণ ভারতে যে পরিমাণ রবার উৎপন্ন হয় তাহা ভারতের ক্রমবর্দ্ধমান চাহিদা মিটাইবার পক্ষে মোটেই পর্য্যাপ্ত নহে। অতএব রবার সম্বন্ধে ভারতের আত্মনির্ভরশীল হইতে হইলে ভারতের অন্যান্য অঞ্চলে রবার উৎপন্ন করিবার ব্যবস্থা করিতে হইবে।

আন্তর্জ্জাতিক রবার নিয়ন্ত্রণ সমিতির বিধানানুযায়ী ভারতে বাৎসরিক ১৭ হাজার ৭৫০ টন রবার উৎপন্ন করিবার অনুমতি দেওয়া হইয়াছিল। অতএব দেখা যায় পৃথিবীর বাৎসরিক মোট রবার উৎপাদনের ১৭ লক্ষ ৫০ হাজার টনের মাত্র ২ ভাগ রবার উৎপাদন করিবার অধিকার ভারতের আছে। এ বিধান ৮ বৎসর পূর্ব্বে করা হইয়াছিল। কিন্তু ভারতের জন্য এইরূপ নিয়ন্ত্রণের বিধান ১৯৪১ সনের পূর্ব্বে উঠাইয়া দেওয়া হইয়াছে। এক্ষণে ভারতের জন্য প্রয়োজনীয় রবার এদেশে উৎপাদন করিবার বিশেষ সুযোগ সুবিধা দেখা দিয়াছে। ভারতে ইস্পাত শিল্প, লৌহ শিল্প, রাসায়নিক শিল্প, বিবিধ ধাতব শিল্প ক্রমশঃ প্রসারলাভ করিতেছে। যদি রবারের অভাব পূরণ না করা যায় তাহা হইলে এই সকল অত্যাবশ্যকীয় শিল্পের বিশেষ ক্ষতি হইবে।

বাংলা দেশে কয়েকটি বৃহৎ রবারের কারখানা আছে। ইহাদের রবারের প্রয়োজন দিন দিনই বৃদ্ধি পাইতেছে। ইহা ছাড়া কলিকাতা এবং তন্নিকটস্থ শিল্প অঞ্চলসমূহে ছোট ছোট এমন বহু রবারের কারখানা আছে—যাহাদের কাজ কারবার রবারের অভাবে অনেক সময় বন্ধ রাখিতে হয়। কিন্তু অনুসন্ধান করিলে দেখা যায় যে, বাংলার এবং আসামের বনাঞ্চলসমূহে অসংখ্য রবারের গাছ বিক্ষিপ্তভাবে পড়িয়া রহিয়াছে। বাংলার এবং আসামের কোন কোন স্থানের ভূমি রবার উৎপন্ন করিবার পক্ষে বিশেষ উপযোগী। অতএব বাংলা এবং আসামে যদি সুনিয়ন্ত্রিত প্রণালীতে রবারের চাষ করা যায় তাহা হইলে বাংলার কলকারখানাসমূহের এবং জনসাধারণের ব্যবহারের জন্য প্রয়োজনীয় রবার অচিরেই এই দুই প্রদেশে উৎপন্ন হইতে পারে। যদি ভারত সরকার এদেশীয় শিল্প মালিক এবং বিশেষজ্ঞগণের সহযোগিতায় বাংলা এবং আসাম প্রদেশে রবারের চাষ প্রবর্ত্তন করিবার জন্য একটি স্থায়ী পরিকল্পনা অনতিবিলম্বে গ্রহণ করেন, তাহা হইলে ভারতে রবারের অভাব দূরীভূত হইবে। বর্ত্তমানে ভারতে রবার উৎপন্ন করিবার যে সুযোগ দেখা দিয়াছে, তাহা যুদ্ধোত্তর কালে বজায় থাকা সম্ভবপর হইবার আশা নাই। কেননা তখন রবার উৎপাদনকারী অন্যান্য দেশসমূহের প্রতিযোগিতা বৃদ্ধি পাইবে এবং ভারতের পক্ষে এখন হইতে রবার সম্পর্কে স্বাবলম্বী হইতে না পারিলে ভবিষ্যতে বিদেশী প্রতিযোগিতার মুখে টিকিয়া থাকা সহজসাধ্য হইবে না।

( আর্থিক জগৎ )

# বণ্টনের মর্ম্মকথা

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল্

বণ্টন সম্বন্ধে কোন কথা উত্থাপন করিবার পূর্ব্বে ধনবিজ্ঞান সম্বন্ধে সাধারণভাবে দুএকটি প্রশ্নের আলোচনা করা দরকার। প্রশ্নগুলি ধনবিজ্ঞান ও উহার অন্তর্গত উৎপাদন, বণ্টন, ইত্যাদি এবং উৎপাদন বণ্টনের অন্তর্গত নানা শাখা বিষয়গুলি সম্বন্ধেও সমভাবে প্রযোজ্য।

প্রথম প্রশ্ন: ধনবিজ্ঞানের নিয়মাবলী দেশ বা কাল দ্বারা খণ্ডিত হয় কি না। প্রশ্নটাকে আরও একটু বিশদ্-ভাবে বর্ণনা করা প্রয়োজন। সেজন্য ইহা দুইভাগে বিভক্ত করা যাইতেছে। প্রথম ভাগ হইল, কাল সম্পর্কে, অর্থাৎ আর্থিক গড়ন অতীতে কিরূপ ছিল? বর্ত্তমানে কি আকার ধারণ করিয়াছে? এবং ভবিষ্যতে কি রূপ গ্রহণ করিবে?—এই সব কথাই বিবিচনা করিতে হইবে কি না। কালের দিক্ হইতে পরীক্ষা করিয়া দেখিলে দেখা যাইবে, যুগে যুগে আর্থিক ব্যবস্থার আমূল পরিবর্ত্তন ঘটিয়াছে। এককালের সহিত আর এককালের যোগ-সূত্র যতই ঘনিষ্ঠ হোক্ না কেন, বস্তুত কোন স্থায়ী ও গতিহীন আর্থিক গড়নের কল্পনা আমরা করিতে পারি না। যে কোন অগ্রসর দেশের কথা বিবেচনা করুন। ইংলণ্ড, ফ্রান্স, জার্ম্মাণি বা আমেরিকার যুক্তরাষ্ট্রে যে আর্থিক গড়ন এক্ষণে দেখা যায়, তা ধাপে ধাপে বর্ত্তমান অবস্থায় আসিয়া উপস্থিত হইয়াছে। হয়ত কোন এক যুগের সহিত তার পূর্ব্ববর্ত্তী যুগের পার্থক্য বড় বলিয়া মনে হয় না, তথাপি যে কোন দেশের আজকের আর্থিক গড়নের সঙ্গে যদি উহার একশত বৎসর আগেকার গড়ন তুলনা করি, তা হইলে দেখিতে পাইব, পার্থক্যটা গভীর; পাঁচশ বৎসর আগেকার গড়নের সহিত তুলনা করিলে, বিশ্বাস করা কঠিন হইবে যে, সেদিনকার পরিণতি আজ দেখা যাইতেছে। আরও পাঁচ শ বা হাজার বছর অতিক্রম করিয়া গেলে ত কথাই নাই। যে দেশের আর্থিক উন্নতি যত বেশী, সে দেশে এক কালের সহিত অন্য কালের পার্থক্য তত গভীর; মনেই হইবে না যে, আমরা এক দেশ লইয়াই আলোচনা করিতেছি। এখানে কর্ত্তব্য কি? আমরা কোন্ কাল সম্বন্ধে ধনবিজ্ঞানের নিয়মাবলী আবিষ্কার করিবার চেষ্টা করিব?

প্রশ্নের দ্বিতীয় ভাগ, স্থান সম্বন্ধে। দেশ বা স্থানভেদে আর্থিক গড়ন বিভিন্ন রূপ পরিগ্রহ করে। পৃথিবীতে দেশে দেশে পার্থক্য স্পষ্ট; এমন কি, এক দেশের মধ্যেও বিভিন্ন স্থান একরূপ নয়। ভৌগোলিক সংস্থান, রাষ্ট্রনৈতিক বিভাগ, আব্‌হাওয়া, লোকদের স্বভাব প্রভৃতির বৈলক্ষণ্য নানাবিধ হইয়া থাকে। সুতরাং কালের মত দেশও আর্থিক সমস্যাসমূহকে বিভিন্ন আকার দান করিতেছে।

সুতরাং স্বভাবতঃ এই প্রশ্ন করিতে হয় যে, ধন-বৈজ্ঞানিক কোন নিয়ম বা তত্ত্ব বা সিদ্ধান্ত খাড়া করিতে হইলে কোন্ স্থানকে গ্রহণ করিবেন? এবং কোন্ কালকে? দৃষ্টিটা যদি শুধু স্থানের দিকে নিবদ্ধ রাখি, তা হইলে বিশেষ একটি স্থানকে গ্রহণ করিবার কি যুক্তি থাকিতে পারে? আর সকল স্থান সম্বন্ধে একবারে কোন বিষয়ের ক্ষুদ্র অংশ লইয়া গবেষণা করিলেও সিদ্ধান্তে পৌছান এক ব্যক্তির পক্ষে অসম্ভব, অনেক ব্যক্তির পক্ষেও কষ্টকর। বর্ত্তমান কালে সীমাবদ্ধ নির্দ্দিষ্ট ক্ষুদ্র স্থান লইয়া গবেষণার ধারা অনেক বৃদ্ধি পাইয়াছে। ধনবিজ্ঞানে 'গড়', 'প্রতি-নিধি' প্রভৃতি অনাদৃত নহে; কিন্তু এই বিংশ শতাব্দীতে বিশেষভাবে ঝোঁক দেওয়া হইয়াছে তথ্য সংগ্রহের দিকে। এইরূপ একটা বোধ জন্মিয়াছে যে, আরও প্রচুর তথ্য সংগ্রহ না হওয়া পর্য্যন্ত ধনবিজ্ঞানকে নিখুঁত বিজ্ঞানরূপে দাঁড় করান সম্ভব হইবে না। এই কারণে একণে ইয়োরোপ ও আমেরিকায় শুধু তথ্য সংগ্রহ ও তার বিশ্লেষণ-মূলক বিপুল গ্রন্থরাজি প্রকাশিত হইতেছে। ভাবটা এই

যে, নিয়ম বা তত্ত্ব এর পর আপনা আপনি বাহির হইয়া পড়িবে, আগে যথেষ্ট মালমশলা সংগ্রহ চলুক। কিন্তু সেজন্য কি ধনবৈজ্ঞানিককে নিয়মাবলী বা তত্ত্বসমূহ যথাযথভাবে উপস্থিত করিবার চেষ্টা ছাড়িয়া দিতে হইবে? কোন ধনবৈজ্ঞানিকই সে কথা বলেন না। স্থান সম্বন্ধে যেরূপ গভীর অধ্যয়ন চলিতেছে, কাল সম্বন্ধে ততদূর না হইলেও কিছু পরিমাণ সচেতনতা দেখা যায়। তবে পূর্ব্বে অতীত কাল লইয়া অনুসন্ধানের যেরূপ আধিক্য দেখা যাইত এখন তা কমিয়া গিয়াছে। তথাপি ধন-বিজ্ঞানের সম্পর্কে প্রশ্নটি তুলিতে হয়, কোন্ কালকে গ্রহণ করিব? অথবা সকল কালকে কি গ্রহণ করিব? স্থান ও কাল নির্ব্বাচনের প্রশ্নটা আজও জটিল হইয়া আছে।

ধনবিজ্ঞানের তত্ত্বালোচনায় তথ্য মনোনয়ন সম্পর্কে এই অসুবিধা প্রায় সকল দেশের ধনবৈজ্ঞানিকই ভোগ করিয়াছেন। তার একটা কারণ এই যে, ধনবিজ্ঞান মানুষ বা মানুষের সমাজ নিরপেক্ষ ধনের আলোচনা নয়। আমরা পূর্ব্বে বলিয়াছি, ধনবিজ্ঞানের আলোচনার কেন্দ্র মানুষ, মানুষের উন্নতি। মনুষ্য সমাজও সেই আলোচনা বাদ যায় না। বস্তুত, ধনবিজ্ঞানকে সমাজ-বিজ্ঞানসমূহের একটি বলিয়াই অনেকে মনে করেন। অধ্যাপক এডউইন আর. এ. সেলিগম্যানের সম্পাদকতায় (কলম্বিয়া বিশ্ব-বিদ্যালয়) পনের খণ্ডে বিভক্ত যে প্রকাণ্ড সমাজ-বিজ্ঞান কোষ বাহির হইয়াছে, তাতে ধনবিজ্ঞানকে ঐভাবেই বিবেচনা করা হইয়াছে। কিন্তু মনুষ্য ও মনুষ্য-সমাজ সম্বন্ধে যে বিজ্ঞানই গড়িয়া তোলা যাক্ না, তা অঙ্ক বা রসায়ন, এমন কি প্রকৃতি-বিজ্ঞান বা জ্যোতির্ব্বিদ্যার মতও নিখুঁত হইবার সম্ভাবনা নাই। জড়বিজ্ঞানসমূহের একটা সুবিধা এই যে, গবেষণাগারে বার বার পরীক্ষা করিয়া দেখা সম্ভব হয়,—বিশেষ বিশেষ অবস্থায় বস্তুসমূহের প্রকৃতি কি, তাদের যোগ-বিয়োগ ও নানাবিধ পরিবর্ত্তনের ফল কি। বিশেষ দুই বাষ্প মিলিয়া জল বা বাতাস তৈরী হয়। আরও অনেক প্রকার জিনিষ তৈরী করিতে বা বিশ্লেষণ করিতে পারি পরীক্ষাগারে। অঙ্কের সম্বন্ধে ত কথাই নাই। কতকগুলি স্বীকার্য্য হইতে অসংখ্য সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। এই কারণে এ ধরণের বিজ্ঞানগুলি একেবারে নিখুঁতভাবে নিয়মাবলী আবিষ্কারে সমর্থ করে। প্রকৃতি-বিজ্ঞান বা জ্যোতির্ব্বিদ্যা সম্বন্ধেও অল্প-বিস্তর নিখুঁত সিদ্ধান্ত হইতে পারে। 'অল্পবিস্তর' বলিবার হেতু এই যে, প্রকৃতি সম্পর্কে পরীক্ষা সকল সময়ে সম্ভব নয়। বিদ্যুৎ, শব্দ, আলো, চুম্বক প্রভৃতিকে মানুষ আপনার কাজে লাগাইতে সমর্থ হইয়াছে, তাদের গুণাগুণ সম্বন্ধে জ্ঞান জন্মিয়াছে। কিন্তু এগুলি ঠিক জড়পদার্থের ন্যায় নয়। ইহাদের বিশ্লেষণ আজও শেষ হয় নাই, এবং সকল নিয়ম জানা যায় নাই। সেজন্য একটুখানি খুঁত থাকিয়া গিয়াছে। জ্যোতির্ব্বিদ্যা আরও কম নিখুঁত বিজ্ঞান। সূর্য্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্র, তারকা, নদীর ঢেউ, বারিপাত প্রভৃতিকে কোন গবেষণা-গারে সৃষ্টি করা যায় না, বা ধরিয়া আনিয়া পরীক্ষা করা যায় না। সেজন্য এ বিজ্ঞানে এখনও অনেক আবিষ্কারের অবকাশ রহিয়াছে, ইহা নিখুঁত নয়। তথাপি সূর্য্য, চন্দ্র প্রভৃতির গতি ও প্রকৃতি সম্বন্ধে কতক ভবিষ্যদ্বাণী করিবার ও তদনুসারে লোকযাত্রার ব্যবস্থা করিবার ক্ষমতা আমাদের জন্মিয়াছে। বিজ্ঞানসমূহের মধ্যে যেগুলিকে সমাজ-বিজ্ঞান বলিয়া উল্লেখ করা হয়, সেগুলি সর্ব্বাপেক্ষা কম নিখুঁত। এক ত মানুষ ও মানুষের সমাজ সব চেয়ে কম স্থির পদার্থ, তার উপর কোন গবেষণাগারের সাধ্য নাই অবস্থা বিশেষের পুনঃসৃষ্টি করিয়া বিশ্লেষণ চালায়। মানুষ বা মানুষের সমাজ অতীতে বা বর্ত্তমানে [ এবং ভবিষ্যতেও ] কোন্ অবস্থায় কি ব্যবস্থা অবলম্বন করে, তা নিখুঁতভাবে বর্ণনা করা কঠিন। সাধারণত, ব্যাপক-ভাবে ও গভীরভাবে দর্শন দ্বারাই সিদ্ধান্ত খাড়া করিতে হয়, পরীক্ষা সম্ভব হয় না। আমরা জানি, পরীক্ষামূলক মনোবিজ্ঞান একটা অজ্ঞাত ক্ষেত্রে বৈজ্ঞানিক পরীক্ষার প্রবর্ত্তন করিয়া নব নব সত্য উদ্ঘাটন করিতেছে এবং মনস্তত্ত্বের মত একটা বিষয়কেও একেবারে নিখুঁত না হইলেও কতক পরিমাণে নিখুঁত বিজ্ঞানে পরিণত করিয়াছে। আমাদের আশা আছে, জ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে অন্যান্য সমাজ-বিজ্ঞানও ক্রমাগত উন্নতি লাভ

করিবে। বর্ত্তমান সময়ে সমাজ-বিজ্ঞান সমূহের মধ্যে ধনবিজ্ঞান কতকটা অগ্রসর। কারণ, আর্থিক ব্যাপারে প্রত্যেক কার্য্যের প্রেরণা মাপিবার যন্ত্র ধনবৈজ্ঞানিকগণ পাইয়াছেন। তা হইল মুদ্রা। এই মুদ্রা ধনবিজ্ঞানকে অনেকটা স্পষ্টতা দান করিয়াছে। তথাপি এ বিজ্ঞানকে এখনও নিখুঁত বলা চলে না। এই কারণেই ধন-বৈজ্ঞানিককে কোন সত্যে পৌঁছিতে হইলে বিপুল তথ্যরাজি ঘাঁটাঘাঁটি করিতে হয়।

এই সূত্রে বিভিন্ন দেশের ধনবৈজ্ঞানিকদের কয়েকটি বিশেষত্বের দিকে আমরা মনোযোগ আকর্ষণ করিতেছি। আমেরিকান্ ধনবৈজ্ঞানিকগণ ধনবিজ্ঞান সংক্রান্ত সাধারণ তত্ত্ব বা নিয়ম আলোচনা করিয়াছেন, কেহ কেহ নিজেরাও কিছু না কিছু দান করিয়াছেন, কিন্তু তাঁদের দৃষ্টি প্রধানত নিজ দেশের উপর আবদ্ধ রহিয়াছে। ধরুন টাউসিগ। তাঁর দুই খণ্ড সম্পূর্ণ প্রকাণ্ড ধনবিজ্ঞানের গ্রন্থ আমাদের দেশে কলেজে কলেজে পড়ান হয়। উহার উদাহরণগুলি প্রধানত আমেরিকার যুক্তরাষ্ট্রের,—তা মুদ্রানীতি সম্বন্ধে হোক্ বা ধনবৈষম্য সম্বন্ধে হোক্। নিজ দেশের দিকে দৃষ্টি আবদ্ধ রাখিলে দোষ হয় না; কিন্তু আমেরিকার যুক্তরাষ্ট্রের সমস্যা আর কিছু সব দেশের সমস্যা নয়। এবং কোন ধনবৈজ্ঞানিক নীতি বা নিয়ম বা তত্ত্ব যদি সত্য হয়, তা হইলে তার সত্যতা সকল দেশের দৃষ্টান্ত হইতেই প্রমাণ করা যাইবে। জার্ম্মাণ ধন-বৈজ্ঞানিকগণ এই কথাটা ভাল করিয়া বুঝিতে পারিয়াছেন। এই কারণে তাঁদের কেহ কেহ ধনবিজ্ঞান শাস্ত্রটাকে অঙ্ক শাস্ত্রের মত দুই ভাগে বিভক্ত করিতে চাহিয়াছেন—মিশ্র ও অমিশ্র। ইঁহাদের মতে খাঁটি বা অমিশ্র ধনবিজ্ঞান হইল সেই জিনিষ যা সকল প্রকার আর্থিক ব্যাপারের অন্তর্নিহিত মূল সূত্রগুলি ও তদ্রূপ সিদ্ধান্তসমূহ খুলিয়া ধরে। কোন বিশেষ দেশ বা কোন বিশেষ কাল এই মূলসূত্রগুলির বা সিদ্ধান্তসমূহের রূপ বদলাইতে পারে না। সেগুলি সর্ব্বদা সর্ব্বত্র প্রযোজ্য। আর মিশ্র ধনবিজ্ঞানে দেশে দেশে ও কালে কালে যে অর্থনৈতিক গড়ন দেখা যায়, তার আলোচনা হয়। ইংরেজ ধনবৈজ্ঞানিকগণ এই খাঁটি রূপটির দিকেই বেশী ঝুঁকিয়াছেন, যদিও নিজ দেশের বিশেষ সমস্যা ও তার সমাধানের বাধা তাঁদের সকলের গ্রন্থেই স্থান পাইয়াছে। বিভিন্ন দেশের ধন-বৈজ্ঞানিকদের প্রবণতা আলোচনা করিলে দেখা যাইবে যে, আমাদের উত্থাপিত প্রশ্নটি সম্বন্ধে সকলেই সচেতন আছেন।

ক্রমশঃ

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | ভাদ্র, ১৩৪৯ | ৫ম সংখ্যা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | ৵০ মফঃস্বলে | প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

**Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.**

**Section 1. Wealth of Bengal:** Scarcity of Rice in Barisal District. Supply of Rice to Calcutta. Import of Rice. Economic Crisis. The Problem of Quinine Supply. Price of Coupons for purchasing Kerosene Oil. (pp. 129-131).

**Section 2. Economic India:** Tent Industry in India. Deposits in Indian Banks. Branches of Banks. Capital of Indian Banks. (pp. 132-134).

**Section 3. World Economy:** Increase of Expenditure in U. S. A. French Colonies. Compensation for Occupational Diseases in New York. Scarcity of Food in Greece. Locusts in Iran. Turko-German Trade. Improvement of Hospitals in Chile. (pp. 135-136).

**Section 4. Men, Institutions and Movements:** Arrangement for increasing the production of Quinine. Standard Cloth. War Preparation in India. Supply of Salt and Sugar. License for Retail Shopkeepers. (pp. 137-139).

**Section 5. Interviews:** Appointment of Labourers in Essential Factories. (pp. 140-143).

**Section 6. World of Journals:** *Mysore Information Bulletin. The Agricultural Situation.* (pp. 144-145).

**Section 7. Reviews:** This is War.

**Section 8. Bibliography:**

**Article:**

The Significance of Distribution.

By Sudha Kanta De, M.A., B.L. (pp. 149-160).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 350. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ২৩ ,, |
| মোট সম্পত্তি | ৪ ৬৩ ,, |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ,, ৫০ ,, ,, |
| প্রিমিয়মের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

Economic Dialectics (Nagen Chaudhury). Rs 2/

Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-

Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0

Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্ঃ**—পয়সার অভাব। কলিকাতায় চাউল সরবরাহ। চাউল আমদানি। আর্থিক সঙ্কট। মুইনাইটন-সমস্যা। গণ্ডগোপরি বিস্ফোটক। (১২৯-১৩১)

**আর্থিক ভারতঃ**—ভারতে তাঁবু নির্মাণ। ভারতীয় ব্যাঙ্কসমূহে আমানত। আমানতের সহিত নগদ ও ঋণের অনুপাত। আমানতের কত অংশ সরকারী ও অন্যান্য ভাল কোম্পানীর কাগজ ডিবেন্ট ইক কোম্পানীর শেয়ার। শাখা ব্যাঙ্ক। ভারতীয় ব্যাঙ্কের পুঁজি। (১৩২-১৩৪)

**দুনিয়ার ধনদৌলতঃ**—আমেরিকায় খাদকের খরচা বৃদ্ধি। ফরাসী উপনিবেশে। নিউইয়র্কে "পেশাগত" রোগে অতিপুরণ। গ্রীসে খাদ্যাভাব। ইরাণে ফসলনাশক পোকা। তুরস্ক জার্মাণ বাণিজ্য। চিলির হাঁসপাতালের উন্নতি। (১৩৪-১৩৬)

**ব্যক্তি ও সঙ্ঘঃ**—মুইনাইটন উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা। হ্যাণ্ডার্ড কাপড়। ভারতবর্ষের বিপুল সময়-প্রচেষ্টা। লবণ ও চিনির যোগান। ছোটখাটো দোকান-দারদের জন্য লাইসেন্স। (১৩৭-১৩৯)

**মোলাকাৎঃ**—যুদ্ধসংশ্লিষ্ট কারখানায় মজুরবন্টন। (১৪০-১৪৩)

**পত্রিকা-জগৎ**

**সমালোচনা**

**গ্রন্থপঞ্জী**

**প্রবন্ধঃ**

বন্টনের মর্মকথা

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল


---


## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার):—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷৹। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২৷৹। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার):—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷৹। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৷৹। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷৹। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৷৹, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৹।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্

১৫, কলেজ-স্কোয়ার, কলিকাতা

ভাদ্র—১৩৪৯

# আর্থিক উন্নতি

১৭শ বর্ষ—৫ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## পয়সার অভাব

বাজারে পয়সার অভাব বিশেষভাবে দেখা দিয়াছে। জিনিষ খরিদ করিয়াও টাকার ভাঙ্গতি পাওয়া কঠিন, এমন কি, অনেক স্থলে এক পয়সার জিনিষ খরিদ করিয়া আধ আনি দিলেও বাকী পয়সাটি পাওয়া দুরূহ হইয়া দাঁড়ায়। এর অধিক দুর্ভোগ আর কি হইতে পারে? কেহ কেহ বলেন যে, দোকানদারমাত্রেই পয়সা সংগ্রহ করিয়া বাট্টা লইয়া সুপারী ইত্যাদি খরিদ-ইচ্ছুদিগকে দিতেছে। আবার কাহারও কাহারও ধারণা যে, ভাঙ্গতির পরিমাণই কম হইয়াছে। শুনা যায় প্রতি দিনই ট্রেজারীতে প্রচুর টাকার ভাঙ্গতি দেওয়া হইতেছে; কিন্তু এই ভাঙ্গতি যায় কোথায়? কর্তৃপক্ষ প্রকৃত ব্যাপার অনুসন্ধান করিয়া দেখিবেন কি?

(নোয়াখালি হিতৈষী)

## কলিকাতায় চাউল সরবরাহ

দরিদ্র লোকদিগের সুবিধার জন্য কলিকাতার চলতি দোকানসমূহের অনেকগুলিতে মোটা ও মাঝারি চাউল প্রত্যেক ক্রেতার নিকট অল্প পরিমাণে বিক্রয় করিবার ব্যবস্থা গভর্ণমেণ্ট শীঘ্রই করিতেছেন। ঐ সমুদয় দোকানে গভর্ণমেণ্টের পক্ষ হইতে চাউল সরবরাহ করা হইবে এবং তাহা নিয়ন্ত্রিত মূল্যে বিক্রী হইবে।

আশা করা যায় যে, যখন সমস্ত দোকানেই এই ভাবে চাউল বিক্রয় আরম্ভ হইবে, তখন প্রত্যহ প্রচুর পরিমাণ চাউল বিক্রী হইবে এবং তাহাতে জন-সাধারণের—বিশেষতঃ দরিদ্র লোকদিগের যথেষ্ট উপকার হইবে।

যাহাতে ব্যাপকভাবে চাউল সরবরাহ হইতে পারে এবং উহার অপব্যবহার হ্রাস পায়, তজ্জন্য প্রত্যেক

ক্রেতাকে একজনকে দুই সের হিসাবে চাউল বিক্রয় করা হইবে এবং ক্রেতাগণের সারি বাঁধিয়া দাঁড়াইবার ব্যবস্থা করা হইবে—যেন কত লোক চাউল ক্রয় করিল তাহা মোটামুটি গণনা করা যাইতে পারে।

কলিকাতার বিভিন্ন অংশে (বিশেষভাবে দরিদ্র জনগণের বস্তিসমূহের নিকটে) বর্ত্তমানে দোকান নির্ব্বাচন করা হইতেছে। এই সমস্ত নির্ব্বাচিত দোকানের তালিকা অতঃপর প্রকাশ করা হইবে।

## চাউল আমদানি

সহরে (কৃষ্ণনগর) এখন প্রচুর চাউলের আমদানি আছে। কিন্তু দোকানদারেরা কলিকাতার দর বৃদ্ধি দেখিয়া গোয়াড়ীতে চাউলের দর অত্যধিক বৃদ্ধি করিতেছে। সরকার হইতে প্রত্যেক দোকানে কি হারে চাউল বিক্রয় করা হয় তাহা অনুসন্ধান হইলে লোভী দোকানদাররা কেহ কেহ ধরা পড়িয়া যায়। শুনা গেল কেহ কেহ ছয় টাকা সাত টাকা দরে চাউল খরিদ করিয়া নয় টাকায় বিক্রয় করিতেছে। "অমর প্রতিষ্ঠান" চাউলের দোকানের জন্য ঢেড়ি দিয়া চাউল বিক্রয় করিতেছে। চাউলের দর তেমন সুবিধাজনক করিতে পারে নাই। উপরন্তু যে চিনি বাজারে আট আনা সের বিক্রয় হইতেছে সেই চিনি তাহারা নয় আনা সের বিক্রয় করিতেছে। কিন্তু বাজারে এক পোয়ার অধিক চিনি পাওয়া যায় না। তাহাদের দোকানে অধিক পরিমাণে চিনি পাওয়া যাইতেছে, সুবিধার মধ্যে এই সুবিধা আছে।

(বঙ্গবন্ধু)

## আধিক সঙ্কট

যত দিন যাইতেছে, বাঙ্গালার আধিক সঙ্কটের মাত্রা ততই বৃদ্ধি পাইতেছে, ইহা অস্বীকার করা যায় না। যুদ্ধের জন্য সকল জিনিষেরই মূল্য বৃদ্ধি পাইয়াছে, গভর্ণমেণ্ট মূল্য নিয়ন্ত্রণ করিয়া সঙ্কটের সমাধান করিতে প্রয়াসী হইয়াছেন বটে, কিন্তু তাহাতে কোন ফল হইতেছে না। বিশেষতঃ, যেসব জিনিষের মূল্য নিয়ন্ত্রিত হইয়াছে, সেইসব জিনিষ ক্রমেই অধিকতর দুর্ম্মূল্য হইতেছে, এমন কি স্থানে স্থানে ও সময়ে সময়ে তাহা দুষ্প্রাপ্যও হইতেছে। চিনি, আটা, কেরোসিন, দিয়াশলাই প্রভৃতির ত কথাই নাই, চাউল, কাপড় প্রভৃতি অপরিহার্য্য নিত্যপ্রয়োজনীয় জিনিষগুলিও যেমন দুর্ম্মূল্য, তেমনই দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছে। চাউলের গভর্ণমেণ্ট কর্তৃক নির্দ্ধারিত মূল্য মোটামুটি ৬৲ টাকা হইতে ৭৲ টাকার মধ্যে; কিন্তু প্রকৃত পক্ষে বাজারে ৮।০ টাকার কমে চাউল পাওয়া যায় না। যে কাপড়ের দাম প্রতি জোড়া দুই টাকা ছিল, তাহা এখন ৫৲ টাকারও উপরে বিকাইতেছে। চিনি, কেরোসিন প্রভৃতি অধিক মূল্য দিয়াও প্রয়োজন মত পরিমাণে সংগ্রহ করা দুঃসাধ্য হইয়াছে। অবশ্য বাঙ্গালা গভর্ণমেণ্টকে এজন্য সম্পূর্ণরূপে দায়ী করা যায় না; কারণ আমদানি রপ্তানির সকল ব্যবস্থার উপরে তাঁহাদের হাত নাই। তাঁহাদের যতটুকু অধিকার, তাহার সম্পূর্ণ সদ্ব্যবহার তাঁহারা করিলেও জনসাধারণের অনেক সুবিধা হইতে পারে, ইহাই আমাদের বিশ্বাস। আশা করি, বাঙ্গালার বর্ত্তমান মন্ত্রীমণ্ডলী দেশের অবস্থা উপলব্ধি করিয়া তাঁহাদের কর্ত্তব্য পালনে ত্রুটি করিবেন না। সরকারী নিয়ন্ত্রণের ফলে সমস্যা আরও জটিল হইয়া উঠিতেছে কিনা তাহারও অনুসন্ধান করা আমরা প্রয়োজন মনে করি।

(বঙ্গবন্ধু—কৃষ্ণনগর)

## কুইনাইন-সমস্যা

এদেশেই যখন যথেষ্ট পরিমাণে কুইনাইন উৎপাদন করা যাইতে পারে, তখন বিদেশ হইতে আমদানির উপর নির্ভর না করিয়া অবিলম্বে এদেশেই কুইনাইনের আবাদ বৃদ্ধির চেষ্টা করা উচিত। গভর্ণমেণ্ট কিন্তু সেপথে চলেন না। কুইনাইন কনফারেন্সে প্রচার করা হইয়াছিল যে, ভারতে যে পরিমাণ কুইনাইন মজুত আছে, তাহাতে

আড়াই বৎসর চলিবে। তাহাই যদি হয়, তবে ১৮৲ টাকা পাউণ্ডের কুইনাইন এখন ১৩৲ টাকা দরে বিক্রয় হইতেছে কেন? ওলন্দাজদের অধিকারভুক্ত পূর্ব্ব-ভারতীয় যেসব দ্বীপে প্রচুর কুইনাইন উৎপন্ন হয়, এখন সেই সব স্থান জাপানীদের হস্তগত হইয়াছে। সুতরাং অদূর ভবিষ্যতে ঐসব স্থান হইতে ভারতে কুইনাইন আসিবে না। অথচ কুইনাইন এখন এদেশের একটী আবশ্যকীয় ঔষধ। এরূপ অবস্থায় আড়াই বৎসরের কুইনাইন মজুত আছে বলিয়া নিশ্চিন্ত থাকা গভর্ণমেণ্টের উচিত নহে। গভর্ণমেণ্ট কুইনাইন উৎপাদন একচেটিয়া করিয়া রাখিয়াছেন বলিয়াই এদেশে ইহার আবাদ বৃদ্ধির চেষ্টায় বাধা ঘটিতেছে। যে কারণেই হউক, গভর্ণমেণ্ট যদি এদেশে কুইনাইন উৎপাদন বৃদ্ধি করিতে না চাহেন তাঁহাদের একচেটিয়া অধিকার শিথিল করিয়া এদেশের জনসাধারণকে ইহার সুযোগ গ্রহণ করিতে দেওয়া উচিত। ভারতীয় বণিক-সঙ্ঘের প্রতিনিধিরা এ সম্বন্ধে যে দাবী জানাইয়াছেন, তাহা সর্ব্বতোভাবে সমর্থনযোগ্য।

## গণ্ডগোপরি বিস্ফোটকং

কেরোসিন অভাবে রাত্রি কাটাইতে হয়, অন্ধকারে আহার করিতে হয়। তদুপরি নূতন আর একটি ট্যাক্স ধার্য্য হইয়াছে গত ২৩শে আগষ্ট তারিখে। বাজার-খোলা অঞ্চলে লোক একদল জুটিয়াছে তাহারা আবার দুই পয়সা করিয়া লইয়া কূপন দিতে চায়। তাহা পাইলে বিক্রেতার নিকট হইতে কেরোসিন পাওয়া যাইবে, অন্যথা নহে। ৵১০ চৌদ্দ পয়সার উপর ৲১০ পয়সা বৃদ্ধি। শুধু তাও নয়—কূপন পাইতে ১।০ ঘণ্টা, তেল পাইতে ১।০ ঘণ্টা—একবেলা ব্যবসা বাণিজ্য ফেলিয়া কেরোসিন সংগ্রহেই শেষ। তাও নয়—অবশেষে কূপন পাইলেও তৈল পাওয়া যায় না, তৎক্ষণে তৈল ফুরায়। আমরা জানিতে চাই কে এই নূতন ট্যাক্স প্রবর্ত্তন করিল? কর্তৃপক্ষ এসম্বন্ধে পূর্ব্বাহ্নে একটা নোটীশ দিলে ভাল হইত। অন্যথা নূতন ফরিয়ার দল লোককে অতিষ্ঠ করিবে এবং শান্তিভঙ্গও হইতে পারে।

( বরিশাল হিতৈষী )

## ভারতে তাঁবু নির্ম্মাণ

বর্ত্তমানে ভারতবর্ষেই সর্ব্বাধিক পরিমাণে তাঁবু তৈয়ার হইতেছে। বৃটিশ সাম্রাজ্যের মধ্যে প্রাচ্যখণ্ডের দেশগুলি এবং মধ্যপ্রাচ্য ও সুদূর প্রাচ্যের যুদ্ধক্ষেত্রে ভারতবর্ষ হইতেই সর্ব্বাপেক্ষা অধিক ক্যাম্বিসের তাঁবু প্রেরিত হয়। ভারতীয় সৈন্যেরাও ভারতে প্রস্তুত তাবু ব্যবহার করে। ভারতে তাঁবু উৎপাদন অতি দ্রুতগতিতে বৃদ্ধি পাইতেছে। যুদ্ধের পূর্ব্বে ভারত সরকার সৈন্যদের জন্য অনুমান ১০ লক্ষ টাকা মূল্যের তাঁবু কিনিতেন। যুদ্ধ আরম্ভ হওয়ার পর ১৯৪১-৪২ খৃষ্টাব্দে সরকার ১৩ কোটি টাকা মূল্যের ভারতীয় তাঁবু ক্রয় করেন এবং চলতি বৎসরে ১৬ কোটি টাকার তাঁবু কিনিবেন বলিয়া বরাদ্দ করিয়াছেন। এই বৎসরের প্রয়োজনীয় তাঁবুর জন্য আনুমানিক ২০ কোটি গজ দোসুতি, ১৮ হাজার টন সুতার দড়ি এবং ৫ শত টন রং দরকার হইবে। যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্বে যুক্তপ্রদেশে ৪টি কারখানায় তাঁবু প্রস্তুত হইত; ভারতের অন্য কোথাও আর এরূপ কারখান ছিল না। ১৯৪০ সনে ভারতের বিভিন্ন স্থানে ৪৩টী তাঁবু তৈয়ারীর কারখানা স্থাপিত হয়। এই সমস্ত কারখানায় তাঁবুর আনুষঙ্গিক জিনিষপত্র নির্ম্মাণ কার্য্যে প্রায় ৭ লক্ষ শ্রমিক নিযুক্ত আছে।

## ভারতীয় ব্যাঙ্কসমূহে আমানত

( কোটি টাকা )

| | ১৯৩৮ যুদ্ধপূর্ব্ব | ১৯৩৯ | | | ১৯৩৮ সনের তুলনায় % বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| ইম্পিরিয়াল ব্যাঙ্ক | ৮১·৪১ | | | | ৩৪ |
| বিনিময় ব্যাঙ্ক | ৬৭·২০ | | | | ৫১ |
| অন্যান্য তালিকাভুক্ত ব্যাঙ্ক | | | | | ৪০ |
| তালিকার বাইরের ব্যাঙ্ক যাদের পুঁজি ও আমানত ১ লক্ষ টাকার উপর | ১৪·২৪ | ১৬·২৬ | | ২০·০৫ | ৩৪ |
| সমবায় ব্যাঙ্ক | ৩৫·২৩ | ৩৮·৭৮ | ৩৯·০৯ | ৩৮·১৮ | ৮ |
| | ২৯০·৭৫ | ৩১০·৭০ | ৩৪৫·৪৭ | ৪০২·৯২ | ৩৯ |
| ডাকঘর, সঞ্চয়, আমানত, ক্যাস সার্টিফিকেট, দেশরক্ষা সঞ্চয় ব্যাঙ্ক আমানত | ১৪০·২৮ | ১৩৩·৮০ | ১০৯·৬৬ | ১০২·২৬ | ·২৭ |
| সর্ব্বমোট | ৪৩১·০৯ | ৪৪৪·৫০ | ৪৫৫·১৩ | ৫০৫·১৮ | ·২৭ |

## আমানতের সহিত নগদ ও জেরের অনুপাত

( কোটি টাকা )

| | ১৯৩৮ যুদ্ধপূর্ব্ব | % | | % | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ইম্পিরিয়াল ব্যাঙ্ক | ৮·২৯ | | | | | | |
| অন্যান্য তালিকাভুক্ত ব্যাঙ্ক | ১৩·৪৪ | | | | | | |
| তালিকার বাহিরের ব্যাঙ্ক যাদের পুঁজি ও আমানত ১ লক্ষ টাকার উপর | | | | | | | |
| মোট | ৫২·২ | ১১৪·২৯ | ৪৮·১ | ১৪·৮৯ | ৪২·১ | ১১৬·২২ | ৪৫·০ |
| সমবায় ব্যাঙ্ক | ৮২·৩ | ৩২·৭৯ | ৮৪·৮ | ৩১·৪৪ | ৮২·৮ | ৩১·২৩ | ৮৩·৬ |

## আমানতের কত অংশ সরকারী ও অন্যান্য ভাল কোম্পানীর কাগজ জয়েন্ট ষ্টক কোম্পানীর শেয়ার

( কোটি টাকা )

| | ১৯৩৮ যুদ্ধপূর্ব্ব | | ১৯৩৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ইম্পিরিয়েল ব্যাঙ্ক | ৪৩·৭২ | | ৩৮·০২ | | | | |
| অন্যান্য তালিকাভুক্ত ব্যাঙ্ক | ৩৯·৬৩ | | ৩৬·৪১ | | | | |
| তালিকার বাহিরের ব্যাঙ্ক যাদের পুঁজি ও আমানত ১ লক্ষ টাকার উপর | ৩·৪১ | ২১·৮ | ৪·৪৯ | | ৭·৮৩ | | |
| মোট | ৮৬·৭৬ | ৭৬·১ | ৭৯·১২ | ৪০·০ | ৯৫·৮৫ | ৪৩·৭ | ৭৯·১ |

| | শাখা ব্যাঙ্ক | | | | মোট তালিকাভুক্ত ব্যাঙ্ক |
|---|---|---|---|---|---|
| | ১৯৩৮ | | | | |
| ইম্পিরিয়াল ব্যাঙ্ক | ৩৪৮ | | | | তালিকার বাহিরের ব্যাঙ্ক যাদের পুঁজি ও আমানত ১ লক্ষ টাকার উপর — |
| অন্যান্য তালিকাভুক্ত ব্যাঙ্ক | ৬৭৭ | ৭১৮ | ৮৬০ | ২৫৪ | |
| বিনিময় ব্যাঙ্ক | ১৩ | ১১ | ১০১ | ১১ | |

## ভারতীয় ব্যাঙ্কের পুঁজি

( ইম্পিরিয়্যাল ব্যাঙ্ক বাদে )

প্রথম শ্রেণী—যেসব ব্যাঙ্কের পরিশোধিত মূলধন(ক) ও রিজার্ভ (খ) ৫ লক্ষ টাকার অধিক

| | ব্যাঙ্কের সংখ্যা | ক+খ (কোটি টাকা) | আমানত (কোটি টাকা) |
|---|---|---|---|
| ১৮৭০ | ২ | ·১২ | ·১৪ |
| ১৮৮০ | ৩ | ·২১ | ·৬৩ |
| ১৮৯০ | ৫ | ·৫১ | ২·৭১ |
| ১৯০০ | ৯ | ১·২৮ | ৮·০৭ |
| ১৯১০ | ১৬ | ৩·৭৬ | ২৫·৬৫ |
| ১৯২০ | ২৫ | ১০·৩২ | ৭১·১৫ |
| ১৯৩০ | ৩১ | ১১·৯০ | ৬৩·২৫ |
| ১৯৩৫ | ৩৮ | ১৩·২০ | ৮৪·৪৫ |
| ১৯৩৬ | ৪২ | ১৩·১৫ | ৯৮·১৪ |
| ১৯৩৭ | ৩৯ | ১২·৭৮ | ১০০·২৮ |
| ১৯৩৮ | ৪০ | ১৩·১৪ | ৯৮·০৮ |
| ১৯৩৯ ($ত_১$) | ৩৯ | ১১·৯৪ | ৯৩·৭৪ |
| „ ($ত_২$) | ১২ | ১·৮৩ | ৮·৯৯ |
| ১৯৩৯ মোট | ৫১ | ১৩·৫৭ | ১০০·৭০ |
| ১৯৪০ ($ত_১$) | ৪১ | ১২·৬৭ | ১০৬·১০ |
| „ ($ত_২$) | ১৭ | ১·৯৯ | ৭·৮৮ |
| ১৯৪০ মোট | ৫৮ | ১৪·৬৬ | ১১৩·৯৮ |
| ১৯৪১ ($ত_১$) | ৪৪ | ১৩·৬০ | ১২৯·০৪ |
| „ ($ত_২$) | ১৯ | ২·৫৯ | ৮·৬০ |
| ১৯৪১ মোট | ৬৩ | ১৬·১৯ | ১৩৭·৬৪ |

দ্বিতীয় শ্রেণী—যেসব ব্যাঙ্কের ক+খ ১লাখ হইতে ৫ লাখ টাকার মধ্যে

| | সংখ্যা | ক+খ কোটি টাকা | আমানত কোটি টাকা |
|---|---|---|---|
| ১৯২০ | ৩৩ | ·৮১ | ২·৩৩ |
| ১৯৩০ | ৫৭ | ১·৪১ | ৪·৩৯ |
| ১৯৩৫ | ৬২ | ১·৩৯ | ৫·২৮ |
| ১৯৩৬ | ৭১ | ১.৪৭ | ৫·৪৬ |
| ১৯৩৭ | ১০৮ | ২·১৭ | ৮·২৮ |
| ১৯৩৮ | ১২০ | ২·৪১ | ৮·৭২ |
| ১৯৩৯ | ১১৯ | ২·৩২ | ৯·২৭ |
| ১৯৪০ | ১২২ | ২·৪৪ | ১১·০৪ |
| ১৯৪১ | ১২৫ | ২·৫৬ | ১১·৪৫ |

তৃতীয় শ্রেণী—যেসব ব্যাঙ্কের ক+খ ৫০ হাজার হইতে ১ লাখের মধ্যে

| | | | |
|---|---|---|---|
| ১৯৩৯ | ১১২ | ·৭৭ | ২·৯৮ |
| ১৯৪০ | ১২১ | ·৮৪ | ২·৮৬ |
| ১৯৪১ | ১২৪ | ·৯৪ | ৩·৯৩ |

চতুর্থ শ্রেণী—যেসব ব্যাঙ্কের ক+খ ৫০ হাজার টাকার কম

| | | | |
|---|---|---|---|
| ১৯৩৯ | ৪০০ | | ২·৮৩ |
| ১৯৪০ | ৩৩২ | | ২·৭২ |

$ত_১$—তালিকাভুক্ত ব্যাঙ্ক

$ত_২$—তালিকা বহির্ভূত ব্যাঙ্ক

## আমেরিকায় খাদকের খরচা বৃদ্ধি

( সহস্র ডলার হিঃ )

| বিষয় | ৩,৫০০,০০০ লোকের খরচা বৃদ্ধি। উক্ত লোকগুলি ইতঃপূর্ব্বে বেকার ছিল | ৩,১৫০,০০০ লোকের খরচা বৃদ্ধি। এই সকল লোক অধিক সময় খাটিয়া অধিক মজুরি লাভ করিতেছে |
|---|---|---|
| খাদ্য | | |
| বাড়ী | | |
| বাড়ীর কার্য্য | | |
| কাপড় | | |
| মোটর গাড়ী | | |
| চিকিৎসাদি | | |
| আমোদ-প্রমোদ | ৬১,২৫০ | |
| লিখিবার পত্র ক্রয় | ৭০,০০০ | |
| নিজের ভাষির | ২৬,২৫০ | |
| তামাক | ৩৫,০০০ | |
| যাওয়া-আসা | ১১,৫০০ | ৭৩,০০০ |
| পাঠ | ৮,৭৫০ | ৪১,২৫০ |
| শিক্ষা | ৩৫,০০০ | ৬৬,৫০০ |
| অন্যান্য খরচা | ২৬,২৫০ | ৫৪,২৫০ |

আমেরিকার লোকের ক্রয়শক্তি খুবই বৃদ্ধি পাইতেছে বলিয়া অনেকে শঙ্কিত হন যে খাদ্য দ্রব্যাদির উৎপন্ন সেই অনুপাতে বৃদ্ধি না হইলে চাহিদা ও সরবরাহ সমান ধাপে চলিতে পারিবে না। উপরি উক্ত বিষয়গুলির দিকে দৃষ্টি রাখিলে বুঝা যাইবে যে, কয়েকটী বিষয়ে তাহাদের চাহিদা সীমাবদ্ধ রহিয়াছে। কাজেই সকল রকম খাদ্য দ্রব্যের উপর একই সঙ্গে যে চাহিদার প্রভাব হইবে এবং তজ্জন্য একটা কোন সঙ্কট উপস্থিত হইবে এই রকমের ভয়ের কোন কারণ দেখা যায় না। তাহা ছাড়া ইউনাইটেড্ ষ্টেট্স্ প্রতি বৎসরই অতিরিক্ত দ্রব্যাদি সঞ্চিত করিয়া রাখিবার জন্য দায়বান।

## ফরাসী উপনিবেশ

১৯৩০ সনের দ্বিতীয় অর্দ্ধে ফ্রান্সের সহিত তাহার উপনিবেশের যাতায়াত প্রভৃতি ভালভাবেই আরম্ভ হইয়াছিল। ফ্রান্স, এ্যালজিরিয়া এবং টিউনিসিয়ার মধ্যে বেশ যোগাযোগ আরম্ভ হইয়াছিল, এমন কি, ঠিক শান্তির সময়ের মতই বলা চলে। ফরাসী বন্দরে ১৯৪০ সনের আগষ্ট মাস হইতে ১৯৪১ সনের ফেব্রুয়ারি মাস অবধি নিম্নলিখিত পরিমাণ মাল অবতরণ করান হইয়াছিল—

| | |
|---|---|
| মদ্য | ৩৬৩,০০০ টন |
| সিরিল | ২৮০,০০০ „ (১৯৩৮ সনের ২৫ |
| চিনা বাদাম এবং | |
| খেজুর বীজ | ১৮০,০০০ „ (২৪%) |
| ফল ও শাকসব্জী | ১৩৫,০০০ „ (৩২%) |

## নিউইয়র্কে "পেশাগত" রোগে ক্ষতিপূরণ

### খনি-শিল্প এলাকের ক্ষতিপূরণ

( ডলার হিঃ )

| | ১৯৫৭ | ১৯৩৮ |
|---|---|---|
| যে সমস্ত ঘটনা ক্ষতিকর | | |
| দ্রব্যাদির জন্য হইয়াছে | ২৯০ | ৩২৮ |
| আকস্মিক আঘাত | ৩৫৫ | ৩০৯ |
| অকুপেশানাল (পেশাগত) রোগ | ৩৪৭ | ৩৩৯ |
| যে কোন এবং সর্ব্বপ্রকারের অকুপেশানাল রোগ | | |
| সিলিকোসিস ও ধূলাজনিত রোগ | | ১,৭৮৮ |
| অন্যান্য | | ৪৪৩ |

## গ্রীসে খাদ্যাভাব

"টাইমস্" পত্রিকার এক সংবাদে জানা যায় গ্রীসে এমন খাদ্যাভাব আরম্ভ হইয়াছে যাহাতে লোকে মরা মানুষের নাম করিয়া খাদ্য সঞ্চয় করে এবং সেই মৃতের "মৃত্যু" সম্বন্ধে খবর গোপন রাখে। সেখানে আবার নিয়ন্ত্রণ-পদ্ধতির কড়াকড়িতে ক্ষুধা পর্য্যন্ত দমন রাখিতে হয়। শুনা যায় যে, আত্মীয়-স্বজন কেহ মরিলে গ্রীকরা সরকারী খোরাকে আর কবর দেয় না।

## ইরাণে ফসলনাশক পোকা

ইরাণের কয়েকটী প্রদেশে লোকাষ্ট পতঙ্গ আসিয়া উপদ্রব আরম্ভ করিয়াছে। সমস্ত শস্য নষ্ট হইবার উপক্রম। তাহারা নাকি এমন ডিম পাড়িতেছে যে, বাচ্চাগুলি দ্বারা ভারতবর্ষ আক্রান্ত হইবার সম্ভাবনা। এই আক্রমণকারী শত্রুকে দমন করিবার জন্য ভারত হইতে "সায়েন্টিফিক্ মিশন" প্রেরণ করা হইয়াছে। এই মিশন বুজিস্তান রাজ্যের ৪০০ বর্গ মাইল ব্যাপী স্থানে সফলতার সহিত শত্রুকে দমন করিয়াছে। এমন কি রুশ গভর্ণমেণ্ট পর্য্যন্ত কয়েকখানি উড়ো জাহাজ ধার দিয়াছিলেন এই শত্রুকে সাহায্য করিবার জন্য।

## তুরস্ক-জার্ম্মাণ বাণিজ্য

তুরস্ক চিরাচরিত নিরপেক্ষতা রক্ষা করিয়া চলিয়াছে। ১ইমে তারিখে জার্ম্মাণির সহিত তুরস্কের একটী চুক্তি স্বাক্ষরিত হয়। সেই চুক্তি অনুসারে তুরস্ক ১৭,৫০০ বেল তুলা ( অবশ্য ১৯৪১-৪২ সনের শস্য হইতে ) দিবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ ছিল। উক্ত তুলা আট সপ্তাহের মধ্যে দিবার কথা ছিল। ইহাও লিখিত ছিল যে পরের শস্য হইতেও জার্ম্মাণরা উক্ত পরিমাণ তুলা গ্রহণ করিতে পারিবে।

## চিলির হাঁসপাতালের উন্নতি

জানা গিয়াছে যে, চিলির হাঁসপাতালের চিকিৎসার উন্নতির জন্য মোট ২৬৮ মিলিয়ন "পেসস্" খরচা করা হইবে। তাহাতে এক্স্‌রে ল্যাবরেটরি, সার্জ্জারি ডিপার্টমেণ্ট, অ্যাম্বুল্যান্স, দাঁতের চিকিৎসা, রন্ধন ব্যবস্থা কাপড় ধোলাইয়ের ব্যবস্থা প্রভৃতি বিষয় নূতন বৈজ্ঞানিক প্রণালীতে পরিচালিত হইবে। নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে যে, হাঁসপাতালের সকল প্রকার সেবাকার্য্য ষ্ট্যাণ্ডার্ড অনুযায়ী পরিচালিত হইবে।

| হাঁসপাতালের সেবা-কার্য্যের বিষয় | কতগুলি হাঁসপাতাল (শতকরা হিঃ) এই প্রকার সেবা-কার্য্যে ব্যাপৃত এখনই রহিয়াছে | ভবিষ্যতে রহিবে |
|---|---|---|
| রোগী গ্রহণ করা ও তাহাদের পরিষ্কার করা | ২৭ | ৬০ |
| প্রাথমিক সাহায্য | ১৪ | ৫৩ |
| ইনটার্ণ্যাল মেডিসিন ডিপার্টমেণ্ট | ১৮ | ৫৫ |
| সার্জ্জিক্যাল ডিপার্টমেণ্ট | ১৮ | ৫৫ |
| পেডিয়াট্রিক ডিপার্টমেণ্ট (শিশুবিভাগ) | ১৭ | ৫৫ |
| অব্‌ষ্টেট্রিক্ ডিপার্টমেণ্ট (প্রসূতিবিভাগ) | ১৫ | ৫৪ |
| জেনারেল কন্‌সালটিং ডিপার্টমেণ্ট | ৭৯ | ৮৭ |
| দাঁতের চিকিৎসা | ৬৫ | ৭৯ |
| ক্লিনিক্যাল ল্যাবরেটারি | ৩৯ | ৬৫ |
| রেডিয়োলজিক্যাল সার্ভিসেস | ৪২ | ৭৭ |
| প্যাথলজিক্যাল এনাটমি সারভিস | ১৫ | ৫৪ |

## কুইনাইন উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা

আবকারী ও বন-বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মিঃ ইউ, এন, বর্ধন বিগত ৩রা আগষ্ট হইতে ৭ই আগষ্ট পর্য্যন্ত দার্জ্জিলিং জেলায় সিনকোনা বিভাগের কার্য্য বিশেষভাবে পরিদর্শন করিয়াছেন। তিনি মংপোর কুইনাইনের কারখানা মুংপু ও মুংসম্বিত সিনকোনার আবাদ পরিদর্শন করেন।

বর্ত্তমান সঙ্কটসময়ে ভারতবর্ষে কুইনাইন প্রস্তুত করার প্রয়োজনীয়তা প্রকৃতই বর্ণনাতীত। কারণ যবদ্বীপ শত্রুহস্তে পতিত হওয়ার ফলে এই অতি প্রয়োজনীয় ঔষধটির আমদানি একেবারেই বন্ধ হইয়া গিয়াছে। ভারতে কুইনাইন প্রস্তুতের যে ব্যবস্থা আছে, তাহাতে বাঙলা প্রদেশই এযাবৎ সব চেয়ে বেশী পরিমাণ কুইনাইন সরবরাহ করিয়াছে। বর্ত্তমান অবস্থার অসুবিধা দূর করিবার উদ্দেশ্যে বাঙলা গভর্ণমেণ্টের কারখানা ও সিন্‌কোনা বাগানে যথাসম্ভব অধিক পরিমাণ কুইনাইন প্রস্তুতের চেষ্টা চলিতেছে। সিন্‌কোনা জন্মাইতে বেশী সময়ের প্রয়োজন হয়; কাজেই অল্প সময়ের মধ্যে খুব বেশী পরিমাণে ইহার উৎপাদন বৃদ্ধি করা কোনক্রমেই সম্ভবপর নহে। যাহা হউক, বর্ত্তমান আকস্মিক সঙ্কট সময়ে প্রয়োজন মিটাইবার জন্য রাশিয়ান পদ্ধতিতে অল্প সময়ে সিন্‌কোনার চাষ করিবার পরীক্ষামূলক ব্যবস্থা ইতিপূর্ব্বেই আরম্ভ করা হইয়াছে। কিন্তু ইহা সত্ত্বেও যুদ্ধাবস্থায় সিনকোনার যে অভাব দেখা দিয়াছে, তাহা সম্পূর্ণভাবে পূরণ করা অদূর ভবিষ্যতে সম্ভব হইবে না। কাজেই গভর্ণমেণ্ট এই প্রদেশে কুইনাইন বিতরণের এরূপ একটি পদ্ধতি অনুসরণ করিতেছেন—যাহার ফলে কুইনাইন ও ম্যালেরিয়া প্রতিষেধক অন্যান্য ঔষধ (যাহা পাওয়া সম্ভবপর) প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহারের জন্য অবশ্যই পাওয়া যাইবে।

যাহাতে ভবিষ্যতে এইরূপ সঙ্কট অবস্থার সৃষ্টি হইতে না পারে, সেজন্য গভর্ণমেণ্ট দীর্ঘকালের পরিকল্পনায় কুইনাইন উৎপাদনের ব্যবস্থাও অবলম্বন করিয়াছেন। তজ্জন্য এই প্রদেশের যেসব অঞ্চলে সিনকোনা জন্মিতে পারে সেইসব স্থানে নূতন বাগান প্রস্তুত করিয়া সিনকোনার আবাদ করা প্রয়োজন হইবে। যাহাতে সিনকোনা উৎপাদন-পদ্ধতির উন্নতিসাধন ও ব্যয়সঙ্কোচ সম্ভব হয়, সেজন্যও গবেষণা চালান হইতেছে।

সিন্‌কোনা বিভাগের সম্মুখে যে বিবিধ প্রকার সমস্যা উপস্থিত হইয়াছে, তাহাতে মাননীয় মন্ত্রী মহোদয় বিশেষ আগ্রহ প্রকাশ করেন এবং এই বিষয়ে বিশেষজ্ঞ অফিসারগণের সহিত আলোচনা-প্রসঙ্গে তাঁহাদের অসুবিধা সম্পর্কেও মাননীয় মন্ত্রী মহোদয় মূল্যবান পরামর্শ প্রদান করেন।

## ষ্ট্যাণ্ডার্ড কাপড়

সম্প্রতি বাঙলা গভর্ণমেণ্ট নিম্নলিখিত ইস্তাহার প্রচার করিয়াছেন—

বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত সংবাদাদি হইতে জনসাধারণ অবগত হইয়াছেন যে, গভর্ণমেণ্ট দরিদ্র জনসাধারণের সুবিধার জন্য ধুতি, শাড়ী ও সার্টের কাপড় প্রভৃতি কয়েক রকমের ষ্ট্যাণ্ডার্ড কাপড় আমদানির ব্যবস্থা করিতেছেন। ইতিমধ্যেই প্রদেশের চাহিদা আমদানিকারীদের নামের তালিকা ভারত গভর্ণমেণ্টের নিকট

দাখিল করা হইয়াছে এবং পূজার পূর্ব্বেই যাহাতে এই কাপড় বাজারে পাওয়া যায়, তাহার জন্য তাঁহাদিগকে অনুরোধ জানান হইয়াছে।

যেসকল আমদানিকারীর নাম ভারত গভর্ণমেণ্টকে জানান হইয়াছে, তাঁহারা দাম মিটাইয়া তাঁহাদের ফরমাইস মত কাপড় সরাসরি মিল হইতে পাইবেন। পরে এই কাপড় পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের মারফৎ গভর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্যে জনসাধারণ পাইবে। পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের নাম রেজিষ্টারী করার ব্যবস্থাও হইয়াছে এবং জেলা-ম্যাজিষ্ট্রেটগণকে রেজিষ্ট্রেশনের জন্য নাম সুপারিশ করিতে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। কলিকাতায় পাইকারী ও খুচরা ব্যবসায়ী হিসাবে নাম রেজিষ্টারী করার আবেদন মূল্য-নিয়ন্ত্রণের স্পেশাল অফিসার মিঃ এ, ওয়াদুদের ( রাইটার্স বিল্ডিংস, কলিকাতা ) নিকট করিতে হইবে।

## ভারতবর্ষের বিপুল সমর-প্রচেষ্টা

লণ্ডনস্থ ভারতবর্ষের হাই-কমিশনার স্যার মহম্মদ আজিজুল হক অনেক সংবাদদাতার সহিত সাক্ষাৎকারের সময় ভারতবর্ষের যুদ্ধ-প্রচেষ্টার বিস্তারিত বিবরণ প্রদান করেন।

স্যার মহম্মদ বলেন যে, বাস্তব ঘটনা হইতে যুদ্ধে ভারতবর্ষের প্রকৃত মনোভাব জানা যায়। ভারতবর্ষের রাজনৈতিক বক্তৃতামঞ্চ হইতে যাহা বলা হয়, তাহা শুনিয়া ইংলণ্ডের লোকের ভ্রান্ত ধারণা জন্মিতে পারে। ইংলণ্ডে আমরা ভারতবর্ষের রাজনৈতিক ঘাত-প্রতিঘাতের বহুল সংবাদ পাইয়া থাকি, কিন্তু ভারতবর্ষের জীবনের গভীরতর স্তরে কি হইতেছে, তাহা কদাচিৎ আলোড়িত হইয়া থাকে।

তিনি বলেন, যুদ্ধ-প্রচেষ্টায় ভারতবর্ষ যথাসম্ভব যোগদান করিয়াছে। গত দুই বৎসরে ভারতীয় সৈন্য-সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে এবং ভারতের যেসব অঞ্চল হইতে পূর্ব্বে সৈন্য-বাহিনীতে লোক ভর্ত্তি করা হইত না, সেসব অঞ্চল হইতেও সৈন্য সংগৃহীত হইতেছে। বাধ্যতামূলকভাবে সৈন্য ভর্ত্তি করা না হইলেও প্রতিমাসে গড়ে ৫০,০০০ হাজার ভারতবাসী সৈন্যদলে যোগদান করিতেছে। স্যার ষ্ট্যাফোর্ড ক্রীপসের চেষ্টা যে সময়ে ভারতবর্ষে বিফল হইল, সে সময়েও ৭০,০০০ হাজার লোক সৈন্য তালিকায় নাম দিয়াছে। একটি উপজাতির সংখ্যা ২৫০ জন, তাহাদের মধ্যে ১৫০ জন যুদ্ধে যোগদান করিয়াছে এবং একটি পরিবার হইতে ৭৫ জন লোক সৈন্য-শ্রেণীভুক্ত হইয়াছে। প্রায় ৫০,০০০ ভারতবাসী বাণিজ্য জাহাজে নাবিকের কাজ করিতেছে। ভারতীয় সৈন্যদলে যেসমস্ত দ্রব্যের প্রয়োজন তাহার শতকরা ৮০ ভাগ ভারতবর্ষেই প্রস্তুত হয়। যুদ্ধসম্ভার দিন দিন অধিক পরিমাণে তৈয়ারী হইতেছে এবং ভারতবর্ষে ট্যাঙ্কও প্রস্তুত হইতেছে। সম্প্রতি চীন ১১,৭০০,০০০ পাউণ্ড মূল্যের বস্ত্রাদির জন্য ভারতবর্ষে অর্ডার প্রেরণ করিয়াছে। ভারতবর্ষের জাহাজ-নির্ম্মাণ-কেন্দ্রসমূহে সকল প্রকার জাহাজ মেরামত করা হয় এবং যুদ্ধ-জাহাজ, প্রহরীপোত এবং অন্যান্য প্রকারের জাহাজ তৈয়ারী হয়; গত বৎসর ৪০,০০০ হাজার ভারতীয় কারিগরকে ট্রেণিং দেওয়া হইয়াছে এবং বর্ত্তমানে দেশে ৩০০ শত ট্রেণিং কেন্দ্র আছে।

( বাংলার কথা )

## লবণ ও চিনির যোগান

বাংলার এক সরকারী বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে—"সরকার জানিতে পারিয়াছেন যে, রেলপথ ও ষ্টীমারে করিয়া যদিও যথেষ্ট পরিমাণে চিনি ও লবণ আমদানি করা হইতেছে, তথাপি চালানের অধিকাংশই খুচরা দোকানদারদের কাছে গিয়া পৌঁছাইতেছে না। সহজেই বুঝা যায় যে, শঠতাপূর্ণ উপায়ে চালানগুলি অসাধু ব্যক্তিদের কাছে বিক্রয় করা হয় এবং অনেক সময় সরকার কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য অপেক্ষা অধিক দরেই তাহা বিক্রী হয়। ফলে পণ্যের মূল্য এবং পণ্যের যোগান নিয়ন্ত্রণ করা অর্থহীন হইয়া উঠিয়াছে। এই ধরণের কালোবাজার বন্ধ করা ও অত্যাবশ্যক দ্রব্যাদির বণ্টন-ব্যবস্থা সুনিয়ন্ত্রিত করার

উদ্দেশ্যে বাংলা সরকার এক আদেশ জারী করিয়া এই মর্ম্মে নির্দ্দেশ দিয়াছেন যে, (১) কলিকাতা ও হাওড়ার জাহাজ বা রেল ষ্টেশনে যেসকল চিনি বা লবণের চালান আসিবে বাংলার মূল্যনিয়ন্ত্রণ বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী বা তাঁহার পক্ষ হইতে অপর কোন কর্ম্মচারীর অনুমতি-পত্র ব্যতীত কোন মালই প্রাপক বা অপর কাহারও কাছে ছাড়িয়া দেওয়া হইবে না, (২) বাংলার মূল্যনিয়ন্ত্রণ বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী কর্ত্তৃক ক্ষমতা-প্রাপ্ত কর্ম্মচারীর অনুরূপ অপর এক অনুমতিপত্রে উল্লিখিত বিধান ছাড়া অন্য কোন ভাবেই কোন প্রাপক বা আর কেহ এই চিনি ও লবণ হস্তান্তর করিতে পারিবে না, (৩) অনুমতিপত্র এক জনের নামে দেওয়া থাকিলে অপর কেহই তাহা ব্যবহার করিতে পারিবে না।

এই আদেশ অগৌণেই বলবৎ হইবে। সুতরাং লবণ ও চিনির প্রাপকগণকে এখন হইতে রেলওয়ে অথবা জাহাজে প্রেরিত মালের রসিদ সহ প্রয়োজনীয় অনুমতি পত্র গ্রহণের জন্য মূল্য-নিয়ন্ত্রণ বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নিকটে উপস্থিত হইতে হইবে। আশা করা যায় যে, রেল কর্ত্তৃপক্ষ, জাহাজ কোম্পানী এবং কলিকাতার পোর্ট কমিশনার এ সম্পর্কে সরকারের সহিত সহযোগিতা করিবেন এবং আদেশ কার্য্যকরী করিতে সাহায্য করিবেন।

বর্ত্তমানে বাংলার মূল্য-নিয়ন্ত্রণ বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী মূল্য-নিয়ন্ত্রণ বিভাগের স্পেশাল কর্ম্মচারী মিঃ এস হোসেনের উপরে এইরূপ অনুমতিপত্র দিবার ক্ষমতা অর্পণ করিয়াছেন।

## ছোটখাটো দোকানদারদের জন্য লাইসেন্স

বোম্বাইতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির যে অভাব দেখা দিয়াছে তাহার প্রতিকারের নিমিত্ত সরকার বিভিন্ন দ্রব্যের দর বাঁধিয়া দিয়াছেন। খুচরা জিনিষের বিক্রেতা-গণ যাহাতে ভালভাবে মাল পায় এবং জনসাধারণকে অতিরিক্ত দর দিতে না হয় তজ্জন্য বোম্বাই সরকার লাই-সেন্স প্রথার প্রবর্ত্তন করিতেছেন। এই জন্য ভারতরক্ষা আইন অনুযায়ী এক আদেশ জারী করিয়া জানান হইয়াছে যে, খুচরা বিক্রেতাদের যাহারা ধান, চাউল, ডাল, ছোলা এবং বিভিন্ন শ্রেণীর বীজজাতীয় শস্য বিক্রয় করেন, তাহাদের এই আগষ্টের পূর্ব্বে লাইসেন্সের জন্য আবেদন জানাইতে হইবে। সঙ্গে সঙ্গে ইহাও জানান গিয়াছে যে, নিম্নলিখিত দ্রব্যের দরের একটি তালিকা দোকানে টাঙাইয়া রাখিতে হইবে।

# যুদ্ধসংশ্লিষ্ট কারখানায় মজুরবণ্টন

( শ্রীপরমকুমার মুখোপাধ্যায়ের সহিত কথোপকথন )

প্রঃ—যুদ্ধের জন্য প্রয়োজনীয় দ্রব্যের উৎপাদন হেতু কারখানায় যতসংখ্যক মজুর আবশ্যক তাহা কি উপায়ে প্রাপ্ত হওয়া যায় ?

উঃ—যুদ্ধের জন্য আবশ্যক দ্রব্য প্রস্তুত করার হেতু "মানুষ"-বস্তুর যথাযথ নিয়োগ একান্ত প্রয়োজন। যেসমস্ত মজুরকে সৈনিকের কার্য্যে যোগদান করিতে হইয়াছে তাহাদের স্থান পূর্ণ করার জন্য একদফা বেকার মজুর সংগ্রহ করার ব্যবস্থা করিতে হয়। শিক্ষা ও পুনঃশিক্ষার দ্বারা উপস্থিত যেসকল মজুর পাওয়া যায় তাহাদিগকে তৈয়ারী করিয়া লইতে হয় এবং তাহাদের নিপুণতা বৃদ্ধি করাইতে হয়। তাহা ছাড়া, যে মজুর যে কাজের উপযুক্ত তাহাকে ঠিক সেই কাজে নিয়োগ করিতে হয়, নচেৎ শ্রমের প্রকৃষ্ট ব্যবহার হয় না।

প্রঃ—সাধারণ লোকের প্রয়োজনীয় বস্তুর উৎপাদন তাহা হইলে কি উপায়ে হইবে ?

উঃ—যুদ্ধের কার্য্যের জন্য নিয়োজিত মজুরদের অন্যতম কর্ত্তব্যই হইল সাধারণ প্রয়োজনীয় দ্রব্যাদি প্রস্তুত করা। যেমনধারা তাহারা যুদ্ধের জন্য ব্যাগ বা বুট তৈয়ারী করিয়া থাকে। "ওয়ার ইকনমি" বলিতে কেবল গোলাগুলি তৈয়ারি বা উড়োজাহাজ তৈয়ারি করা বুঝায় না, ইহার মধ্যে আবশ্যক রপ্তানি কার্য্যের দ্রব্য উৎপাদন করাও পড়ে।

প্রঃ—কিভাবে তাহাদিগকে কার্য্যে নিয়োগ করা হয় ?

উঃ—কারখানাগুলিতে প্রধানতঃ বিশেষ প্রয়োজনীয় ও স্বল্প-প্রয়োজনীয় দ্রব্যাদি ভাগ করা হয়। কারখানায় উৎপাদন কার্য্যের জন্য বিশেষভাবে মজুরবেরকেও শ্রেণীভুক্ত করা হয়। অবশ্য বিশেষ প্রয়োজনীয় দ্রব্যের জন্যই অধিকাংশ শ্রমিক নিয়োগ করা হয়। বাকী অংশকে স্বল্প-প্রয়োজনীয় দ্রব্য উৎপাদন করার জন্য রাখা হয়। যখন আর্থিক অবস্থা সাধারণভাবে থাকে তখন ঐ সকল শ্রেণী-বিভাগ করার কোন প্রয়োজনই থাকে না। কিন্তু যুদ্ধের সময়ে এক শ্রেণীর কার্য্য হইতে অন্য শ্রেণীর কার্য্যে প্রায়ই লোক পাঠাইতে হয়।

প্রঃ—এক শ্রেণীর উৎপাদন হইতে অপর শ্রেণীর উৎপাদনের জন্য শ্রমিককে যখন বদল করা হয় তখন কোন্ নীতি অবলম্বন করা হয় ?

উঃ—যাহাতে অবাঞ্ছিত বদল না হয় তাহার দিকে দৃষ্টি রাখা প্রধান নীতি। ইহারই জন্য একটী ধরণের কারখানার লোককে বা এক শ্রেণীর কারিগরকে অন্য ধরণের কারখানায় বা অন্য ধরণের কার্য্যে যখন নিযুক্ত করিতে হয় তখন বিশেষ লক্ষ্য রাখিতে হয় তাহাদের নিপুণতা, কার্য্য-শক্তি ও কার্য্য প্রকৃতির দিকে।

প্রঃ—সকল সময়ে অতি-প্রয়োজনীয় দ্রব্যের উৎপাদনের জন্য আবশ্যকমত মজুর পাওয়া না গেলে কি করা হয় ?

উঃ—যেসকল মজুর নিযুক্ত রহিয়াছে তাহাদিগকে এক কাজ হইতে অপর কার্য্যে বদল করিতে হয়। সেই জন্য অল্প-প্রয়োজনীয় কলকারখানা হইতে

অতি প্রয়োজনীয় কলকারখানা চালাইবার উদ্দেশ্যে শ্রমিক আনিতে হয়।

:—এই ধরণের শ্রমিকবণ্টন হওয়ায় সামাজিক পরিবর্ত্তন কিছু হয় কি?

উঃ—উহার ফলে বহু প্রকারের সামাজিক সমস্যার উদ্ভব হওয়াই স্বাভাবিক। যদি সেই সমস্যাগুলির যথাসময়ে সমাধান করা না হয় তাহা হইলে অসন্তোষের সৃষ্টি হইতে পারে। সেই অসন্তোষের জন্য শ্রমিকের কার্য্য পরিবর্ত্তন করিয়া যে লাভের আশা করা যায়, তাহাও বিনষ্ট হইতে পারে। এইসকল সমস্যার সমাধান করা শ্রমিক সরবরাহ নীতির অঙ্গস্বরূপ বলা চলে।

প্রঃ—যদি কোন সমস্যা উদ্ভূত হয় তাহা হইলে কি উপায় অবলম্বন করা হয়?

উঃ—যাহাতে শ্রমিকদের কার্য্য পরিবর্ত্তন প্রথা সুশৃঙ্খল ভাবে পরিচালিত হইতে পারে এবং অন্য শ্রমিকরা তাহাতে বিঘ্ন আনয়ন করিতে না পারে তাহাই হইল প্রথম ও প্রধান লক্ষ্য-বস্তু। শ্রমিক পুনর্নিয়োগ-হেতু যেসব সামাজিক সমস্যার উদ্ভব হইতে পারে তাহার সমাধান করা এবং সেই জন্য প্রভু ও ভৃত্য উভয় শ্রেণীর লোকের প্রতিনিধি আহ্বান করিয়া একটী বোর্ড স্থাপন করা আবশ্যক হয়।

প্রঃ—সামাজিক সমস্যা কিভাবে আবির্ভূত হয়?

উঃ—সাধারণ সময়ের প্রয়োজন অনুসারে একরকম ভাবে শ্রমিক সংগ্রহ করা হয়। কিন্তু যুদ্ধের সময়ে যখন বিভিন্ন কারখানা হইতে শ্রমিক ছাড়াইয়া লইয়া কেবলমাত্র যুদ্ধের কার্য্যের জন্য তাহাদিগকে নিয়োগ করা হয় তখনই সমস্যার আবির্ভাব হয়। কারখানা-ওয়ালারা তাহাদের কার্য্য চালাইবার জন্য নানা প্রলোভন দেখাইয়া শ্রমিক সংগ্রহের ব্যবস্থা অবলম্বন করিয়া থাকে। সেই প্রলোভনে লুব্ধ হইয়া শ্রমিকরা যুদ্ধসংশ্লিষ্ট কারখানায় যাইতে নাও পারে। এই সকল প্রলোভন সাধারণতঃ বেশী মজুরি, অধিক নিরাপত্তা প্রভৃতির মধ্য দিয়াই প্রকাশিত হয়।

প্রঃ—আপনি যাহা বলিলেন তাহা প্রভুদিগের দিক্ হইতে সমস্যা; কিন্তু শ্রমিকদের দিক্ হইতে তাহার কি রকম আকার হয় তাহা বলুন।

উঃ—যুদ্ধের সময়ে বিদেশী বাজারের সঙ্গে সম্বন্ধ রুদ্ধ হইয়া যায়। কাজেই বিদেশ হইতে আমদানি করা হইত এমন কাঁচা মালের অভাব ভয়ানক রকম হইয়া পড়ে। অনেক কারখানা সেই অভাবের জন্য বন্ধ হইয়া যায়। কাজেই শ্রমিকরা ভিন্ন কার্য্যের জন্য উদ্‌গ্রীব হইয়া উঠে। এই সময়ে দেখা যায় যে, অন্য ধরণের কার্য্যের উপযোগী দক্ষতা হয় তো তাহাদের নাই, কিন্তু অন্য কার্য্য এবং অন্য কারখানায় নিয়োগ ব্যতিরেকে তাহাদের চলা অসম্ভব। কাজেই তাহাদের সমস্যার সম্মুখীন হইতে হয়।

হয় তো বাস্তবিকই শ্রমিকদের কার্য্য সম্বন্ধে কোন ভয়ের কারণ নাই, কিন্তু তথাপি অধিক আয়ের লোভে তাহারা কার্য্য ছাড়িয়া দেয়। তৎপরে আরও শিক্ষালাভ করিয়া যেসকল কার্য্যে অধিক রোজগার হয় সেইসকল কার্য্যের জন্য চেষ্টা করিয়া থাকে। এই ধরণের টাকার লোভে যাহারা কার্য্য ছাড়িয়া চলিয়া আসে তাহারাও একটা সমস্যার সৃষ্টি করিয়া বসে।

ইহার সহিত যুদ্ধের বিশেষ অবস্থা হেতু অন্যান্য সমস্যাও আসিয়া উপস্থিত হয়।

প্রঃ—এইসকল বিভিন্ন শক্তির বিরুদ্ধ প্রভাবে যে সমস্যা উত্থাপিত হয় তাহাতে শ্রমিকের ক্ষতি হয় কিভাবে?

উঃ—যখন শ্রমিক সংগ্রহের জন্য প্রলোভন দেখানো হয়, তখন অনেকেই লোভবশতঃ তাহাদের বাড়ীঘর ছাড়িয়া চলিয়া আসে, অনেকে তাহাদের উপস্থিত কার্য্য ত্যাগ করে এবং যেখানে নিয়োগ পাইতে পারে সেখানে গিয়া একত্রিত হয়। তাহারা আশা করিয়া আসিল যে, যুদ্ধের কার্য্য প্রাপ্ত হওয়া যাইবে এবং তাহাদের কিছু রোজগারও বৃদ্ধি হইবে; কিন্তু বাস্তবিক হয় তো তাহারা কোন কার্য্যই প্রাপ্ত হইল

না। তাহাদের অপেক্ষা করা এবং আশা করা সবই বৃথা হইল। সেই জন্য আর্থিক ও নৈতিক ক্ষতি বিশেষভাবে লক্ষ্য করা যায়।

প্র:—আর কি কারণে শ্রমিকরা কার্য্য ছাড়িয়া চলিয়া আসে?

উ:—অনেক সময়ে যেখানে কার্য্য করে সেখানকার কার্য্য তাহার মনোমত না হইলে অথবা সেখানে বাসের ব্যবস্থা যদি অযথেষ্ট হয় তাহা হইলে মজুররা কার্য্য ছাড়িয়া অন্যত্র চলিয়া আসে, যদি সুবিধাজনক কার্য্য পাওয়া যায় এই আশায়। সাধারণতঃ চাষ ও খনির কার্য্য হইতে শ্রমিকরা অন্য কার্য্যে চলিয়া যাইবার জন্য আগ্রহান্বিত হয় বেশী। কিন্তু যুদ্ধের সময়ে এই দুই শ্রেণীর কার্য্যের প্রয়োজন অত্যধিক।

প্র:—কি কি উপায়ে অনাবশ্যক মজুর চলাচল বন্ধ করা হয়?

উ:—যেখানে সেখানে কাজ খুঁজিবার জন্য শ্রমিক চলাচল যাহাতে না হয় তাহার চেষ্টা করা হয়। কয়েক রকমের কলকারখানা যাহাতে ঠিকভাবে পরিচালিত থাকিতে পারে তাহার জন্য ব্যবস্থা করা হয়। অতি-প্রয়োজনীয় কারখানার সহিত অল্প-প্রয়োজনীয় কারখানার শ্রমিক লইয়া যাহাতে প্রতিযোগিতা না হয় তাহার চেষ্টা করা হয়। প্রকাশ্যভাবে বিজ্ঞাপন করা নিষিদ্ধ বলিয়া বিবেচিত হয় এবং কর্ম্মচারীকে প্রভুরা যাহাতে হঠাৎ না ছাড়াইয়া দিতে পারে তাহার ব্যবস্থা অবলম্বন করা হয়। মজুররাও যাহাতে ইচ্ছামত কার্য্য না ছাড়িতে পারে তাহার জন্য নিয়ম করা হয়। তাহা ছাড়া, মাহিয়ানার সম্বন্ধেও কতকগুলি নিয়মকানুন প্রস্তুত করিতে হয়।

প্র:—এইসমস্ত ব্যবস্থা করার জন্য কি ধরণের প্রতিষ্ঠান আবশ্যক?

উ:—বহু "এমপ্লয়মেণ্ট অফিস" সৃষ্টি করা আবশ্যক। জাতীয় ও স্থানীয় শ্রমিকের সরবরাহ ও চাহিদা সম্বন্ধে এইসকল অফিস বিশেষভাবে খবরাখবর সংগ্রহ করিবে। তাহা হইলে এক স্থান হইতে অপর স্থানে শ্রমিক চালানের আবশ্যক কমিয়া যাইবে এবং বহু স্থলেই উপযুক্ত লোক সময় মত পাওয়া যাইবে। এইসকল এমপ্লয়মেণ্ট সারভিস অফিসের উপর ক্ষমতা দেওয়া থাকিবে যে, যেসকল শ্রমিক স্বল্প প্রয়োজনীয় কারখানা হইতে ছাড়ান পাইবে তাহাদিগকে অন্য কারখানায় পাঠানো বা না পাঠানো যেন তাহাদের বিবেচনাধীন থাকে।

প্র:—শ্রমিক পুনর্বণ্টন প্রতিষ্ঠানের প্রধান কার্য্য কি কি?

উ:—শ্রমিক পুনর্বণ্টনের প্রধান কার্য্য হইতেছে যে, উপযুক্ত শ্রমিককে অতি প্রয়োজনীয় কার্য্যে যাহাতে নিযুক্ত করা যায় তাহার প্রতি সকল সময় লক্ষ্য রাখা। যদি কোন মজুরকে দেখা যায় যে, তাহার উপস্থিত কার্য্যের যে পরিমাণ দক্ষতা রহিয়াছে, তদ্দ্বারা যুদ্ধের কার্য্যে নিয়োজিত হইলে আরও বেশী উপকার হইবে, তখনই উহার পুনর্নিয়োগের ব্যবস্থা করিতে হইবে। এই পুনর্নিয়োগের জন্য যে মনিবের কাছে সেই মজুর কাজ করিতেছিল তাঁহার মত গ্রহণ করা আবশ্যক। অন্য কার্য্যে যোগদান করিতে সেই মজুরেরও মত আছে কি না তাহা জানা প্রয়োজন। জোর করিলে মজুরের মনে অসন্তোষের সৃষ্টি হইতে পারে এবং তাহাতে উপকার হওয়ার পরিবর্ত্তে ক্ষতি হওয়াই সম্ভব। সেই জন্য মজুর পুনর্নিয়োগের পূর্ব্বে মনিব ও মজুর যাহাতে সন্তুষ্ট চিত্তে সম্মত হয় তাহার জন্য চেষ্টা করা একান্ত আবশ্যক। নিপুণ মজুরদের কার্য্যসম্বন্ধে পর্য্যবেক্ষণ করা প্রয়োজন। কারণ অনেক সময়ে দেখা যায় যে, বাস্তবিক নিপুণ লোককে হয়তো আংশিকভাবে নিয়োগ করা হইয়াছে; কাজেই তাহার গুণের সম্পূর্ণ ব্যবহার বা নিয়োগ হয় নাই। আবার অন্য স্থলে দেখা যাইবে যে, একজন হয়তো এমন যান্ত্রিক শিক্ষা প্রাপ্ত হইয়াছে

যে তাহার উপস্থিত কার্য্য অপেক্ষা সে অন্য ভাল কার্য্যের উপযোগী।

প্র:—অতি প্রয়োজনীয় এবং স্বল্প প্রয়োজনীয় কারখানা কাহাকে বলে?

উ:—১৯৪১ সনের মার্চ্চ মাস হইতে 'অতি প্রয়োজনীয় কারখানার'র অর্থটী ক্রম-বর্দ্ধমান বলিয়া মনে হয় (অবশ্য জেনারাল প্রডিসানস অর্ডার অনুসারে)। বিলাতে ইহার খুব আধুনিক বিস্তৃতি হইল লৌহ এবং টীলের কারখানা, রাসায়নিক কারখানা এবং রেলওয়ে কার্য্যাদির উপর। অর্থাৎ এক কথায় বলা চলে যে গভর্ণমেণ্ট যে যে কারখানাকে অতি প্রয়োজনীয় বলিয়া গণ্য করিবেন তাহা বাদ দিয়া বাকী সমস্তই স্বল্প প্রয়োজনীয় শ্রেণীর মধ্যে পড়ে।

প্র:—অতি প্রয়োজনীয় কারখানার সংখ্যা কত আপনার কিছু জানা আছে।

উ:—ইংল্যাণ্ডের "এসেনসিয়াল ওয়ার্ক অর্ডার" নিম্নলিখিত ফার্ম্ম ও শ্রমিকদের উপর নিয়োজিত হইয়াছিল ১৯৪১ সনের সেপ্টেম্বর মাসে যথা :—

| এসেনসিয়াল ওয়ার্ক অর্ডার | ফার্ম্মস | শ্রমিক |
|---|---|---|
| ১। জেনারাল প্রভিসনস | ১২,২৫০ | ৩,২৫০,০০০ |
| ২। কয়লার খনি সম্বন্ধীয় কারখানা | | |
| ৩। জাহাজ নির্ম্মাণের সকল প্রকার কারখানা | ২,১৫০ | |
| ৪। বিল্ডিং এবং সিভিল ইঞ্জিনিয়ারিং | | |
| মোট | ১৫,২০০ | ৪,৩০০,০০০ |

"মাইশোর ইনফরমেশন বুলেটিন"

( বাঙ্গালোর—ফেব্রুয়ারী ১৯৪২ )

অধিকতর উৎপাদনের জন্য উৎসাহ দান।

গমের দান।

সরকারী কর্ম্মচারী এবং আনন্দ উপভোগের জন্য "ফ্রি পাস"।

৪। কলকব্জার জন্য যন্ত্রপাতির উৎপাদন।

৫। সাম্প্রদায়িক হোষ্টেল।

৬। ম্যালেরিয়ার বিরুদ্ধে সংগ্রাম।

৭। প্লেগের নিবারণ এবং নিয়ন্ত্রণ।

৮। অনুন্নত শ্রেণীর জন্য বৃত্তি।

৯। পানীয় জলের সুবিধা।

বাঙ্গালোর নগরীতে মূল্য নিয়ন্ত্রণ।

চাষের উন্নতি।

তাঁতশিল্পের সাহায্য।

সৈন্যদের আরাম।

সমবায় সমিতি।

চাষের সংবাদ।

রেশম শিল্প।

আয়রণ খালের খননকার্য্য।

মার্কেটিং বিভাগ।

লৌহ এবং ইস্পাতের বাসন।

সম্রাট সপ্তম এডওয়ার্ডের টাকা উঠাইয়া লওয়া।

বাণিজ্যের পর্য্যালোচনা।

মহীশূর ষ্টেটের সৈন্যদের সম্বন্ধে খবর।

"দি এগ্রিকালচারাল সিচুয়েশন"

( ওয়াশিংটন—ডিসেম্বর, ১৯৪১ )

১। জিনিষপত্রের সমালোচনা ( উৎপাদন, মূল্য, উপার্জ্জন ইত্যাদি )।

২। স্বাধীনতার জন্য খাদ্য।

৩। দেশরক্ষা সম্বন্ধে।

৪। ভূমি সংরক্ষণ।

৫। জমী বন্ধকী।

৬। দ্রব্যাদি ধার।

৭। দ্রব্য বীমা।

৮। কার্য্যজাত দ্রব্যাদি বাজারে আনয়ন।

৯। গ্রামাঞ্চল বৈদ্যুতীকরণ।

প্রায় ১৩৪,০০ কৃষক, যাহাদের মধ্যে ইউনাইটেড ষ্টেট্‌সের সকল শ্রেণীর কৃষকই আছে, পরস্পরের মধ্যে পরামর্শ করিবার জন্য মিলিত হইয়াছিল। উক্ত মিলন সভায় প্রধানতঃ ১৯৪২ সনের কার্য্য প্রোগ্রাম তৈয়ারী করার জন্য উদ্যোগ দৃষ্ট হইয়াছিল। প্রত্যেক কার্য্যের রিটার্ণ ঠিক রাখিবার জন্য এবং তাহার হিসাব পরিষ্কার রাখিবার জন্য ব্যবস্থা করা হইয়াছিল।

এগ্রিকালচারাল প্রোগ্রাম অনুযায়ী যেমন উৎপন্ন বৃদ্ধির দিকে একটা ঝোঁক দেওয়া হইয়াছিল অপর দিকে তাহা যেন সীমার বাহিরে না যায় তাহার দিকেও নজর রাখা হইয়াছিল। উৎপাদন যদি অতিরিক্ত হয় তাহা হইলে যাহাতে তাহা বাজারে পৌঁছায় তাহার ব্যবস্থাও কমিটি করিতে ভুলেন নাই। ১৯৪২ সনের

সংরক্ষণ কনসার্ভেশন বা ভূমি-সংরক্ষণ নীতি অবলম্বিত হইয়াছিল। অবশ্য মোট চাষের জমির পরিমাণের দিকে লক্ষ্য করিয়াই তাহা করা হইয়াছে।

ডিফেন্সের জন্য দেশের অনেক চাষীকেই নিয়োজিত হইতে হইয়াছে। নিয়ম অনুসারে শস্য উৎপাদন করিতে হইবে, সেই জন্য বাহির হইতেও আমদানি করিয়া শ্রমিক আনিতে হইয়াছে। ডিপার্টমেণ্ট অব এগ্রিকালচার অন্যান্য স্থান হইতে চাষী-শ্রমিক সংগ্রহ করিয়া অভাবগ্রস্ত ফার্মের নিকট পাঠাইয়া দেন। আর্থিক বৎসর শেষ হইলে দেখা যায় যে, প্রায় ১৫,০০০ মাইগ্রেটরী ক্যামিলি ক্যালিফোর্ণিয়া, ওয়াশিংটন, ইডাহো, টেক্সাস প্রভৃতি স্থানে বসবাস করিতে আরম্ভ করিয়াছে।

যেসকল ফার্ম খুব পুরাণ এবং যাহাদের ভূমির পরিমাণ খুবই কম এবং বাড়ীর অবস্থাও খারাপ তাহাদিগকে এসটেট লোন দিবার ব্যবস্থা করিতেছেন। তাহাতে এই সকল ফার্ম যন্ত্রাদি ক্রয় করিতে পারিবে, বাড়ীঘর মেরামত করিতে সক্ষম হইবে, জমির উৎকর্ষ সাধন করিতে পারিবে। লোন ফাণ্ড না থাকায় পূর্ব্বে অনেক ফার্মই এই ধরণের সাহায্য পাইতে পারে নাই। যখন ফার্মের আয় বৃদ্ধি পাইবে তখন এই সকল সাপ্লিমেণ্টাল লোন সম্বন্ধে আর বেশী চাহিদা থাকিবে না। কাজেই ফার্ম সিকিউরিটি আরও অনেক লোককে সাহায্য করিতে পারিবে।

ইহা ছাড়া ১৯৪২ সন হইতে আরও অনেক পরিবার কো-অপারেটিভ লোন প্রোগ্রামে যোগদান করিতে সক্ষম হইয়াছে বলিয়া জানা যায়। উক্ত বৎসরের শেষে দেখা যায় যে প্রায় ২১,১০০ ছোট ছোট গ্রুপ ফার্মার নানারকম চাষের সরঞ্জাম ক্রয় করিতে সক্ষম হইয়াছে। তাহারা পরস্পর মিলিত হইয়া ফার্মের কাজ বেশ ভালভাবেই চালাইতেছে। কমিউনিটি এবং কো-অপারেটিভ সার্ভিস প্রোগ্রাম অনুসারে তাহারা বেশ ভাল কাজ করিতেছে। নিম্নলিখিত দ্রব্যাদি উক্ত ছোট ছোট ফার্মগুলি ক্রয় করিতে সক্ষম হইয়াছে—ট্রাক্টর, ওয়াগান, ক্রেসার, কম্বাইন্ এবং অন্যান্য সরঞ্জাম।

"দিস ইজ ওয়ার" ; লুসিয়েন এংসাসারফ্ কর্তৃক লিখিত ; সেরিডন হাউস কর্তৃক প্রকাশিত ; ১৯৩৯ ; নিউইয়র্ক ; পৃঃ ৩৪২ ; মূল্য ২·৫০ ডলার।

গত মহাযুদ্ধ হইতে আজ পর্যন্ত যেসকল যুদ্ধবিষয়ক যান্ত্রিক উন্নতি সংঘটিত হইয়াছে তৎসম্বন্ধেই পুস্তকখানি লিখিত হইয়াছে। ইহাতে বিশেষ চিন্তাধারাকে যথাযথ ভাবে সন্নিবেশিত করা হয় নাই। এখানে বিভিন্ন পুস্তিকা অথবা মাসিকপত্রিকা হইতে সংখ্যা ও তথ্য সংগ্রহ করিয়া কেবলমাত্র সঙ্কলন করা হইয়াছে বলিলে বিশেষ ভুল হইবে না। অবশ্য সাধারণ লোকের কাছে ইহা বেশ ভালই লাগিতে পারে।

আকাশ যুদ্ধের যান্ত্রিক উন্নতি ও তাহার কৌশলাদি সম্বন্ধে পুস্তকের প্রায় অর্দ্ধেকের উপর পূর্ণ হইয়াছে। ট্যাঙ্ক, আর্টিলারি, বাক্‌টিরিওলজিক্যাল ও কেমিক্যাল যুদ্ধের সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণী অপেক্ষা আকাশযুদ্ধের তত্ত্ব সম্বন্ধে লেখকের আলোচনা অনেক বেশী উপদেশপূর্ণ বলিয়া মনে হয়।

লেখক বলেন যে, এখনকার যান্ত্রিক যুদ্ধে আত্মরক্ষা-মূলক যুদ্ধই সুবিধাজনক। লেখক যে রাশিয়ার হিতাকাঙ্ক্ষী এবং হিটলার-বিরোধী তাহা পরিষ্কার বুঝা যায় তাঁহার রাষ্ট্রীয় মতবাদ সম্বন্ধে আলোচনা-প্রসঙ্গে। লেখক রাশিয়ান প্যারাসুট সম্বন্ধে বিশ্বাস করেন যে উহাই পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ প্যারাসুট। জার্মাণির প্লেন সম্বন্ধে লেখক বলেন যে, তাহা অদ্বিতীয়। ইতালীর ইথিও-পিয়াতে যে যুদ্ধ হইয়াছিল তাহা আলোচনা করিয়া লেখক যুদ্ধের কৌশলাদি বেশ পরিষ্কার করিয়া বুঝাইয়া দিয়াছেন।

স্পেনের রাজনৈতিক যুদ্ধের সম্বন্ধে আলোচনায় লেখক তাঁহাকে বিশেষ সুখ্যাতি দিতে নারাজ বলিয়াই বুঝা যায়।

"ষ্ট্যালিন" ; বোরিস সুভারাইন কর্তৃক লিখিত ; সি. এল্. আর জেম্‌স্ কর্তৃক অনুবাদিত ; লঙম্যান গ্রীন এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৩৯ ; পৃঃ ৬৯০ ; মূল্য ৩·৭৫ ডলার।

বোরিস সুভারাইন ফরাসী কমিউনিষ্ট পার্টির একজন প্রতিষ্ঠাতা এবং বহুদিন যাবৎ রাশিয়ার খাঁটি কমিউনিষ্ট দলের অন্তরঙ্গ বন্ধু ছিলেন। কাজেই তাঁহার বইখানি ষ্ট্যালিনের জীবনী অপেক্ষা আরও কিছু এ কথা বলা অন্যায় হইবে না। কমিউনিষ্ট পার্টির মূল্য যে কত বেশী তাহাই প্রমাণ করা বইখানির আর একটী উদ্দেশ্য। আলোচনা সমূহ যথাযথ সাজানো হয় নাই। আবার কোন কোন স্থলে ষ্ট্যালিনের বিরুদ্ধে তাঁহার মনোভাব বেশ পরিস্ফুট হইয়া উঠিয়াছে।

কমিউনিষ্ট পার্টির অফিসিয়াল ইতিহাসে অবশ্য ইহার উন্নতি ও প্রসার সম্বন্ধে লিখিত আছে। অনেক স্থলেই "সেনসর্ড" বলিয়া আমেরিকান প্রেস ছাটিয়া ফেলিয়াছে। এখন এমন অবস্থা দাঁড়াইয়াছে যে, সাধারণ জ্ঞানপিপাসুর পক্ষে এই বইখানি হইতে সত্যকে ছাকিয়া বাহির করিয়া লওয়াই সর্ব্বাপেক্ষা কঠিন কার্য্য।

ষ্ট্যালিনের ছবিখানি এমনভাবে চিত্রিত হইয়াছে যাহা দেখিলেই মনে হইবে যে, বহু বাধাবিঘ্নের ভিতর দিয়া এই মানুষটী আপনার পথ গড়িয়া তুলিয়াছে। ষ্ট্যালিনের বিশেষ কোনই "সাপোর্ট" ছিল না। লেনিনের শেষ "টেষ্টামেণ্ট" তাঁহার বিরুদ্ধে লিখিত ; তাঁহার হাতে সৈন্যও

ছিল না; কিন্তু তথাপি তিনিই শেষ অবধি রুশিয়ার অধিপতি হইয়া রহিলেন। চরিত্র যেভাবে অঙ্কিত হইয়াছে তাহাতে মনে হয় ষ্ট্যালিন খুবই চতুর, সাহসী, ধৈর্য্যশীল এবং চিন্তা অপেক্ষা কার্য্যই তাঁহার অধিক প্রিয়। তিনি ভাল ভাল কথাকে ঘৃণার চোখে দেখেন এবং কাগজের উপর প্রোগ্রাম করাকে পছন্দ করেন না। প্ররোচনা করিবার ক্ষমতা ষ্ট্যালিনের অদ্ভুত এবং তিনি চতুর ও নিষ্ঠুর। শক্তির জন্য তাঁহার অত্যন্ত বাসনা।

"ফ্যাক্টস এণ্ড থিওরিস অব সাইকোএনালিসিস"; আইচ্‌ স্নেওরিক; এ্যালফ্রেড এ নফ্‌ কর্ত্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৩৯; পৃঃ ৩৬৯; মূল্য ৩·০০ ডলার।

১৯৩৪ সনে এই বইখানির প্রথম সংস্করণ প্রকাশিত হইয়াছিল এবং তখনই ইহার ব্যাখ্যা ও মনস্তত্ত্ব সম্বন্ধে আলোচনাসমূহ খুবই পরিষ্কার বলিয়া বইখানি সুখ্যাতি অর্জ্জন করিয়াছিল। দ্বিতীয় সংস্করণে বইখানির বহু স্থান পুনর্লিখিত হইয়াছে এবং স্থলে স্থলে পরিবর্ত্তিত হইয়াছে। দুইটী নূতন অধ্যায় দ্বিতীয় সংস্করণে যুক্ত করা হইয়াছে। একটী অধ্যায়ে লেখা আছে সাইকোএ্যানালিটিক থিওরি অব অর্গ্যানিক ডিজিজ" এবং আর একটী অধ্যায়ে "একস্ট্রা মেডিকেল এ্যাপ্লিকেশন অব সাইকোএ্যানালিসিস" সম্বন্ধে নূতন আলোচনা করা হইয়াছে। প্রথম দুইটী অংশ খুব কমই পরিবর্ত্তিত হইয়াছে। মোটের উপর বইখানি আরও সুন্দরভাবে প্রকাশিত হইয়াছে। প্রথম অংশে লেখক দেখাইয়াছেন সাইকোএ্যানালিসিস কোন্ কোন্ সত্য জগৎকে নূতন পরিবেশন করিয়াছে। দ্বিতীয় অংশে দেখাইয়াছেন এই সকল বাস্তব ঘটনা হইতে কোন্ কোন্ তথ্য আবিষ্কৃত হইয়াছে। বহু ধরণের "কন্‌সেপ্ট"কে ফ্রইডিয়ান নীতির মধ্যে গ্রথিত করিবার জন্য লেখক খুবই চেষ্টা করিয়াছেন। সেই জন্য অনেক স্থলে তাহা বিজ্ঞান ও লজিক দ্বারা অনুমোদিত পথে গৃহীত হয় নাই। উহার চেষ্টাগুলি পুনরায় পরীক্ষা করা আবশ্যক এবং তাহার প্রমাণ গ্রহণ করাও আবশ্যক। চতুর্থাংশে লেখক সোসিয়লজি এবং এ্যানথ্রপলজি সম্বন্ধে বিশদ আলোচনা করিয়াছেন। তবে এইসকল বিজ্ঞানের সহিত সাইকো-এ্যানালিসিসের কিরূপ যোগাযোগ তাহার তাৎপর্য্য কি এই সকল বিষয়ে আরও পরিষ্কার আলোচনা থাকিলে ভাল হইত।

"মেকিয়াভেলি"; হান্স. ই. কিন্ধ্‌ কর্ত্তৃক লিখিত; বেনো সোহারে এণ্ড কোং কর্ত্তৃক প্রকাশিত; পৃঃ ২৪০, মূল্য ২৪০·১ সুইস ফ্রাঁ।

মেকিয়াভেলি যে বহুদিন যাবৎ আমাদের সকলেরই মন আকর্ষণ করিয়া রাখিয়াছে সে কথা বলা বাহুল্য মাত্র। মেকিয়াভেলির চরিত্রটী সুন্দরভাবেই ফুটানো হইয়াছে। লেখার মধ্যে কোথাও কোথাও অনেকটা অসংযত ভাব-প্রবণতা প্রকাশ হইয়া পড়িয়াছে। অবশ্য লুণ্ডবার্গ এবং তাঁহার অনুগামী লেখকবর্গ "ইনসাইট" সম্বন্ধে খুবই বিরুদ্ধ মতবাদ পোষণ করেন। উপস্থিত লেখক "ইনসাইট" ব্যবহার করিয়াছেন সত্য, কিন্তু তাহা যথাযথ প্রমাণিত না হওয়ায় বিজ্ঞানসম্মত হইয়াছে বলিয়া মনে হয় না।

"দি ফিলসফি অব ফিসিক্যাল সায়েন্স"; সার আর্থার এডিংটন কর্ত্তৃক লিখিত; ম্যাকমিল্যান কোং কর্ত্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৩৯; পৃঃ ৪৩০; মূল্য ২·৪০ ডলার।

পদার্থবিজ্ঞানবিদের জ্ঞানান্বেষণের আর একটী ধারা। জগৎ সম্বন্ধে যে সকল তথ্য আবিষ্কার হইয়াছে তাহা "ভালোর" দিক হইতে কি ভাবে আলোচনা করা যায় তাহাই লেখক এখানে চেষ্টা করিয়া দেখাইয়াছেন। চার্চ্চ অব ইংলাণ্ড এ বিষয়ে খানিকটা চেষ্টা করিয়া পূর্ব্বেই পথ দেখাইয়া দিয়াছেন এবং এডিংটনের কার্য্য উক্ত প্রচেষ্টা অনেকখানি আরও আগাইয়া দিবে বলিয়া আশা করা যায়। নিছক বিজ্ঞানের কাজ যাহা তাহা প্রণালী অনুযায়ী করিতে পারিলে বৈজ্ঞানিকের কাজ হইল, কিন্তু তাহার ভাল বা মন্দ, উপকারিতা হিসাবে সাজাইবার ভার আর একদল গ্রহণ করিলে সমাজের উপকার হয়।




১। "দি সিক্রেট অব চাইল্ডহুড"; মেরিয়া মণ্টেসারি কর্তৃক লিখিত: ফ্রেডারিক এ ষ্টোকস্ কোং ইনকরপোরেটেড্ কর্তৃক প্রকাশিত; পৃঃ ২৮৩; মূল্য ২·৫০ ডলার।

২। "দি জেনারেশনস্: এ ষ্টাডি অব সাইকল্ অব পেরেন্টস্ এণ্ড চিল্ড্রেন"; এম্যানুয়েল মিলার কর্তৃক লিখিত: ফেবার এণ্ড ফেবার কর্তৃক প্রকাশিত; ১৯৩৮; পৃঃ ২৭৬; মূল্য ৭ শিলিং ৬ পেন্স।

৩। "এডুকেশন উইদিন প্রিজন ওয়ালস্"; ওয়াল্টার এম্ ওয়ালাক, মেন এম্ বেণ্ডেল এবং হাওয়ার্ড এস্ ব্রিগস্ কর্তৃক লিখিত; বিউরো অব পাবলিকেশনস্, টিচার্স কলেজ কর্তৃক প্রকাশিত; কলাম্বিয়া ইউনিভার্সিটি; ১৯৩৯; নিউ ইয়র্ক; পৃঃ ১৮৭; মূল্য ২·২৫ ডলার।

৪। "ক্রুয়াল এণ্ড আনইউওয়াল পানিসমেণ্টস" জেন্স জে উইলসন কর্তৃক লিখিত; প্যাণ্টিক্ প্রেস কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৩৮; পৃঃ ২৫।

৫। "ক্রিমিনোলজিক্যাল রিসার্চ বুলেটিন"; নং ৮; জে পি সাল্ কর্তৃক সম্পাদিত; কমিটি অন ক্রিমিন্যাল ষ্ট্যাটিসটিক্স্ অব দি আমেরিকান প্রিজন এ্যাসোসিয়েসন কর্তৃক প্রকাশিত; পৃঃ ১৯;

৬। "নোটস্ অব এ প্রিজন্ ভিসিটর"; গর্ডন গার্ডিনার কর্তৃক লিখিত; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত ১৯৩৮; নিউইয়র্ক; পৃঃ ২৫৫; মূল্য ৩·০০ ডলার।

৭। "ভোকেসানাল এ্যাডজাষ্টমেণ্ট অব এক্স্ প্রিজনার্স ইন দি ডিষ্ট্রিক্ট অব কলাম্বিয়া"; সিসটার হেলেন এ্যাঞ্জেলা হার্লি কর্তৃক লিখিত; ক্যাথলিক ইউনিভার্সিটি অব আমেরিকা কর্তৃক প্রকাশিত; পৃঃ ২১০; মূল্য ১·৫০ ডলার।

৮। "লাভ ম্যারেজ এণ্ড পেরেণ্টহুড"; গ্রেস ল্লোন ওভারটন কর্তৃক লিখিত; হার্পার এণ্ড ব্রাদার্স কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৩৯; পৃঃ ২৭৬; মূল্য ২·০০ ডলার।

৯। "সোসিয়াল কেস রেকর্ডস্; ফ্যামিলি ওয়েলফেয়ার"; এলিজাবেথ এস্ ডিক্সন এবং গ্রেস এ ব্রাউনিং কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব সিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত; সিকাগো; ১৯৩৮; পৃঃ ৩১২; মূল্য ২·০০ ডলার।

১০। "থিকার দ্যান ওয়াটার; ষ্টোরিস অব ফ্যামিলি লাইফ"; রবার্ট বুন্স্ এবং এড্না এ্যালবার্স কর্তৃক লিখিত; ডি এ্যাপ্লটন সেঞ্চুরি কোং কর্তৃক প্রকাশিত; পৃঃ ৩৫৯; মূল্য ১·২০।

১১। "হাই স্কুল্স্ এণ্ড সেকস্ এডুকেশন"; বেঞ্জামিন সি গ্রুয়েনবার্গ এণ্ড জে এস্ কুকোনেন কর্তৃক লিখিত; ওয়াশিংটন; ১৯৩৯; পৃঃ ১১০; মূল্য ০·২০ ডলার।

১২। "দি সাইকলজি অব পেরেণ্ট চাইল্ড রিলেশনশিপ"; পার্সিভ্যাল এম্ সিমণ্ড্স্ কর্তৃক লিখিত; ডি এ্যাপলটন সেঞ্চুরি কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৩৯; পৃঃ ২২৮; মূল্য ২·০০ ডলার।

১৩। "ব্যাকগ্রাউণ্ডিং দি নিউজ; দি নিউজপেপার এণ্ড দি সোসিয়াল সায়েন্স"; সিডনি কোব্রে কর্তৃক লিখিত; টোয়েন্টিয়েথ সেঞ্চুরি প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৩৯; পৃঃ ২৭১; মূল্য ২·০০ ডলার মাত্র।

# বণ্টনের মর্ম্মকথা

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল্

( পূর্ব্বানুবৃত্তি )

প্রশ্নের উত্তরে আমাদের বক্তব্য এই যে, প্রথমত ধন-বিজ্ঞান ইতিহাস নহে। অতীতের বিষয় লইয়া আলোচনা করিবার প্রয়োজন আমাদের আছে। কিন্তু তা ধন-বিজ্ঞান নহে। বিলাতের শিল্প-বিপ্লব ও তার ফলাফল যথাযথ বর্ণনা করিবার সার্থকতা আছে। প্রবর্ত্তনের সময় হইতে আজ পর্য্যন্ত ভারতে শুল্কের বা বিশেষ কোন শুল্কের ধারা অনুসরণ করার ঔচিত্য সম্বন্ধেও আমাদের মনে কোন সন্দেহ নাই। কিন্তু বিশেষভাবে ভারতীয় ধন-বৈজ্ঞানিকগণের মধ্যে একটি স্বভাব এই লক্ষ্য করা যায় যে, তাঁরা ধনবিজ্ঞানের বিভিন্ন সমস্যা লইয়া তার ঐতিহাসিক বিশ্লেষণে পরিশ্রম বেশী করেন। বর্ত্তমান কালের বিভিন্ন স্থান লইয়া গবেষণায় তাঁরা কম উৎসাহী। ধনবিজ্ঞানের তত্ত্ব বা নিয়মসমূহ যথাযথভাবে ও সম্পূর্ণরূপে আলোচনা বা বিশ্লেষণ এখনও ভারতীয়গণ তেমনভাবে করেন নাই। তার ফলে বিজ্ঞান হিসাবে ধনবিজ্ঞানের বার্ত্তা সেভাবে প্রচারিত হইবার সুযোগ পায় না। এখনও আমাদের এইদিকে অনেক কাজ বাকী রহিয়াছে। আর বিভিন্ন দেশের ধনবৈজ্ঞানিকগণ বিভিন্ন তত্ত্বকে কি ভাবে উপস্থাপিত ও ব্যাখ্যাত করিয়াছেন, তা ভাল করিয়া না জানিলে আমরা পদে পদে অসুবিধা ভোগ করিতে বাধ্য ; এবং আমাদের পক্ষে নূতন চিন্তা দান, নূতন তত্ত্ব বা নিয়ম আবিষ্কার করাও সম্ভব হইবে না। সুতরাং আমাদিগকে দৃষ্টি ঘুরাইয়া ধনবিজ্ঞানের প্রকৃত স্বরূপের দিকে ফেলিতে হইবে। দ্বিতীয়ত, স্থান সম্বন্ধেও খণ্ড ও সীমাবদ্ধ স্থানের প্রচুর তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করিয়া আলোচনা-গবেষণার যথেষ্ট অবকাশ রহিয়াছে। বস্তুত, বর্ত্তমান যুগের ধনবৈজ্ঞানিকদের মধ্যে খণ্ড স্থান লইয়া গবেষণা চালাইবার প্রবণতা বৃদ্ধি পাইয়াছে। বলা বাহুল্য, এরূপ খণ্ড গবেষণা ব্যাপক নহে বটে, কিন্তু গভীর হইয়া থাকে। এই গভীরতা ধনবিজ্ঞানকে স্পষ্টতা ও দৃঢ়তা দান করে। আজকাল অবিকৃতভাবে তথ্য, আরও তথ্য, উদ্ঘাটন ও বিশ্লেষণ করিবার দিকে ধনবৈজ্ঞানিকদিগের নজর পড়িয়াছে। গবেষকদের তথ্য-প্রীতি অনেক বৃদ্ধি পাইয়াছে। আমরা পূর্ব্বেই বলিয়াছি, ধনবিজ্ঞান নিখুঁত বিজ্ঞান নহে। সেইজন্য তথ্য-সংগ্রহ এই বিজ্ঞানের একটি গুরুতর কর্ত্তব্য। যত বেশী তথ্য সংগৃহীত হইবে, তত তত্ত্বকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা যাইবে। সেই কারণে তথ্য-প্রীতি নিশ্চয় অনুমোদন-যোগ্য। তথাপি একথা মনে রাখা দরকার, তথ্য-সংগ্রহ, বিশ্লেষণ বা তা হইতে স্থান-কালোপযোগী সিদ্ধান্ত প্রণয়ন ধনবিজ্ঞানের অঙ্গ নহে। ধনবিজ্ঞান যে সকল বিষয়কে আপনার অঙ্গীভূত করিয়াছে, —উৎপাদন, বণ্টন, মূল্য, বাণিজ্য, মুদ্রা, ইত্যাদি ইত্যাদি— সেগুলি সম্বন্ধে কোন বিশেষ কাল বা বিশেষ স্থানের পক্ষে প্রযোজ্য তত্ত্ব বা নিয়ম আবিষ্কার করিয়া খুসী থাকিতে পারে না। বরং উল্টা করিয়া বলা চলে, ধনবিজ্ঞানের সূত্রগুলি সত্য হইলে বিশেষ কাল ও স্থান সম্বন্ধেও সত্য হইতে বাধ্য। ইহার অর্থ এ নয় যে, ধনবিজ্ঞানে দৃষ্টান্তস্বরূপ কোন বিশেষ কাল বা দেশের কথা স্থান পাইবে না। ভারতীয়দের পক্ষে ধনবিজ্ঞানের মর্ম্ম বুঝাইবার জন্য ভারতবর্ষের দৃষ্টান্ত ব্যবহার করা অধিকতর সমীচীন। শুধু সেই দৃষ্টান্ত দিবার সময় আমাদের সাবধান হইতে হইবে। একদিকে তা যেন ইতিহাস হইয়া না দাঁড়ায়, অন্যদিকে তা যেন শুধু তথ্য-সমাবেশ বা বিশ্লেষণ হইয়া না দাঁড়ায়। এই দুই বিপদ্ সম্পর্কে সাবধান থাকিলে ধনবিজ্ঞানের পক্ষে এবং উহার অন্তর্গত কোন বিষয়ের পক্ষেই অ-বৈজ্ঞানিক হইবার সম্ভাবনা থাকে না।

দ্বিতীয় প্রশ্ন : ধনবিজ্ঞান নিখুঁত অবস্থায় পৌঁছে নাই, ইহা স্বীকার করিয়া লওয়া হইয়াছে ; সুতরাং ধনবিজ্ঞানের নিয়মাবলী আবিষ্কারের প্রচেষ্টা বা ব্যাখ্যা বা অনুরূপ কোন কাজ নিরর্থক নয় কি ?

নিখুঁত বিজ্ঞান বলিতে কি বুঝায়, তা আমরা উপরে বলিয়াছি। রসায়ন বা অঙ্কের সম্পর্কে নিয়ম নির্দ্দেশ

করা সম্ভব। অর্থাৎ বিশেষ বিশেষ অবস্থায় প্রবণতা কি হইবে, কিংবা কি কি ফল প্রত্যাশা করা যাইতে পারে, তা বলিয়া দেওয়া যায়, এবং তদনুসারে সমুদয় কার্য্য স্থির করা চলে। জোয়ার ভাঁটা কখন হইবে, সূর্য্যগ্রহণ বা চন্দ্রগ্রহণের সময় কি, ইত্যাদি প্রশ্নও প্রায় নিখুঁতভাবে মীমাংসিত হইতে পারে। ঝড় উঠিবে কি না, প্রতিদিনকার আবহাওয়া কিরূপ থাকিবে, ইত্যাদি আরও কম সঠিকভাবে বলিয়া দেওয়া যায়। ধনবিজ্ঞানের বেলা অনেক ক্ষেত্রে ভবিষ্যদ্বাণী করা যায় না। আর্থিক সঙ্কট কখন দেখা দিবে, কোন কারবার লাভ করিবে কি না, ইত্যাদি সম্বন্ধে ধনবৈজ্ঞানিকগণ এখনও চূড়ান্ত সিদ্ধান্তে পৌছান নাই। বস্তুত, আর্থিক ক্ষেত্রে অধিকাংশ সিদ্ধান্তই আজ পর্য্যন্ত চূড়ান্ত সিদ্ধান্ত নহে। সে জন্য ধনবিজ্ঞানে নিয়ম অপেক্ষা তত্ত্বের প্রাচুর্য্য বেশী। ধনবিজ্ঞানে যে নিয়ম নাই, তা নয়। 'খারাপ মুদ্রা ভাল মুদ্রাকে তাড়াইয়া দেয়,' গ্রেশামের নিয়ম বলিয়া কথিত হয়; প্রয়োজনীয় দ্রব্য মাত্রেরই নিয়ম সার্থকতা দেখা যায়; কৃষিতে কোন না কোন সময়ে নিয়ম আদায় হইবে; কলকারখানায় ঊর্দ্ধগ আদায় সম্ভব;—এগুলি হইল নিয়ম। কিন্তু মুদ্রার পরিমাণ-তত্ত্ব, মজুরি তহবিল-তত্ত্ব, ইত্যাদি নিয়ম নহে। নিয়ম ও তত্ত্বের মধ্যে গুরুতর প্রভেদ হইতেছে এই যে, নিঃসন্দেহ সত্যকে নিয়ম বলে, উহাকে অস্বীকার করা চলে না। নিয়মকে সকল বৈজ্ঞানিক মানিয়া লন, তা লইয়া কোন তর্কের অবসর থাকে না। কিন্তু তত্ত্ব হইল সত্য-প্রতিষ্ঠার জন্য প্রচেষ্টা। সেজন্য কোন একটি বিষয় সম্বন্ধে একাধিক তত্ত্ব লইয়া আলোচনা চলিতে পারে। যেমন মজুরি সম্বন্ধে একাধিক তত্ত্ব লইয়া ধনবৈজ্ঞানিকগণ তর্ক করিয়া থাকেন। তার কারণ এই যে, এ সম্বন্ধে কোন চূড়ান্ত সিদ্ধান্তে এখন অবধি পৌছান যায় নাই।

ধনবিজ্ঞান সম্বন্ধে সাধারণভাবে এই কথা বলা চলে যে, ইহাতে তত্ত্বের অংশ অধিক। সুতরাং একথা মনে হওয়া স্বাভাবিক যে ইহা পুরাপুরি নিখুঁত বিজ্ঞান হইয়া উঠে নাই, তা লইয়া আলোচনার কোন সার্থকতা নাই। বলা বাহুল্য, এই ধারণা যুক্তিসঙ্গত নহে। কারণ এই ধারণা অনুযায়ী কাজ করিলে কোন বিজ্ঞানই গড়িয়া উঠিতে পারিত না। বিজ্ঞানের প্রথম অবস্থায় বহুলাংশ তত্ত্ব দ্বারা পূর্ণ থাকে। বহু চেষ্টা ও গবেষণার পর তত্ত্ব সমূহ নিয়মে পরিবর্ত্তিত হয়—কোন কোন ক্ষেত্রে এই প্রক্রিয়ায় বহু বৎসর অতীত হয়। কিন্তু তাই বলিয়া বৈজ্ঞানিক কোন বিজ্ঞানের সমুদয় নিয়ম আবিষ্কৃত না হওয়া পর্য্যন্ত বসিয়া থাকেন না। ধনবৈজ্ঞানিকও তাঁর বিজ্ঞান আলোচনা করেন, এবং নিয়ম ও তত্ত্ব সেই আলোচনায় স্থান পায়।

উপরে আমরা সাধারণভাবে সমগ্র ধনবিজ্ঞান সম্বন্ধে যে সব মন্তব্য করিলাম, ধনবিজ্ঞানের অন্তর্গত বণ্টন সম্বন্ধেও সেগুলি প্রযোজ্য। বণ্টন সম্পর্কে উপরের দুইটি প্রশ্নই করা যাইতে পারে। এবং উত্তরও একই প্রকার হইবে। দেশ-বিশেষ বা কাল-বিশেষ লইয়া বণ্টন সম্বন্ধে নানাবিধ গবেষণা চলিতে পারে, কিন্তু বণ্টন দেশ বা কাল দ্বারা খণ্ডিত কোন বিষয় নয়। অন্য দিকে, ধনবিজ্ঞানের আলোচ্য সমুদয় বিষয়ের মধ্যে বণ্টন সর্ব্বাপেক্ষা জটিল ও দুরূহ। বণ্টন সম্বন্ধে সাধারণভাবে নিয়ম বা নিয়মাবলী ত আবিষ্কৃত হয় নাই-ই পরন্তু, উহার অন্তর্গত মজুরি, খাজনা, সুদ, মুনাফা সম্বন্ধেও স্পষ্টভাবে নিয়মসমূহ নির্দ্দেশ করা সম্ভব নহে। সুতরাং ধনবিজ্ঞানের এই অংশে তত্ত্ব ও তদ্বিষয়ে আলোচনার প্রাচুর্য্য দেখা যায়।

প্রাসঙ্গিকভাবে বণ্টন সম্বন্ধে বিশেষ একটি প্রশ্নও এখানে আলোচনা করা দরকার।

আমরা ধরিয়া লইয়াছি যে, মজুরি + খাজনা + সুদ + মুনাফা = বণ্টিতব্য সমগ্র জাতীয় ধন। এক দিকে মজুর, জমিদার, মহাজন ও কারবারী ঐ ধন উৎপাদন করিতেছে, অন্য দিকে যা উৎপাদিত হইতেছে তা অথবা তার অধিকাংশ ব্যবহৃত বা ধ্বংসপ্রাপ্ত হইতেছে উপরি উক্ত আর্থিক শ্রেণীদের দ্বারা। এ যেন জলের স্রোতের মত। নদীর জল লক্ষ লক্ষ লোক ব্যবহার করিলেও ফুরায় না। নূতন

জল আসিয়া শূন্য স্থান পূর্ণ করে। আধিক জগতেও সেইরূপ এক মুহূর্ত্তের জন্য স্থান খালি থাকে না। যত বিপদ্ সংগ্রাম আসুক না, সাময়িকভাবে আধিক ব্যবস্থার যত বিপর্য্যয় ঘটুক, আগে বা পরে এমন সময় আসে যখন উৎপাদন ও বণ্টনের স্রোত অব্যাহত গতিতে চলিতে থাকে। শুধু তাই নয়। এই উৎপাদন ও বণ্টনের মধ্যে একটা আশ্চর্য্য যোগাযোগ রহিয়াছে; এবং তারই ফলে জগতের আধিক ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িতেছে না। এ কথার তাৎপর্য্য ভাল করিয়া বুঝিয়া দেখা দরকার। আজকের পৃথিবীতে উৎপাদন ব্যবস্থা কিরূপ জটিল ও সূক্ষ্ম হইয়াছে, তা সাধারণ লোকেও সহজে বুঝিতে পারিবেন। হয়ত সভ্যতার উষাকালে এমন এক সময় ছিল যখন প্রত্যেক পরিবারকে, অন্তত প্রত্যেক গোষ্ঠী বা দলকে, স্বয়ং-সম্পূর্ণ থাকিতে হইত। তখন নিজের ধান নিজে উৎপাদন না করিলে না খাইয়া থাকিতে হইত, নিজের পরিবার কাপড় নিজে তৈরী না করিলে লজ্জা নিবারণ হইত না, নিজের ঘর নিজে তৈরী না করিলে প্রকৃতি ও বন্য পশুর হাত থেকে রক্ষা-পাওয়া অসম্ভব ছিল, ইত্যাদি। হয়ত দলের সর্দ্দার বা গোষ্ঠীপতি কোন কাজই করিত না, কারণ তাকে প্রত্যেকের শক্তি ও অস্তিত্ব বজায় রাখিবার জন্য সমস্ত শ্রম ও বুদ্ধি নিয়োগ করিতে হইত। যারা ভিতরের শৃঙ্খলা বজায় ও বাহিরের আক্রমণ দূরে রাখিতে তার সহায় হইত, তাদের পক্ষেও নিজেদের আধিক অভাব-মোচনের ভার সম্পূর্ণরূপে লওয়া সম্ভবপর ছিল না। পুরোহিত সম্প্রদায় ভূত ও দেবতাদের সহিত বর্ত্তমান মানুষদের যোগাযোগ করিতে পারিত এবং অন্য নানাভাবে ঐহিক ও পারত্রিক মঙ্গল-বিধানের ভার লইত। সুতরাং তাদের শ্রম লাঘব ছিল, অথবা নিজের ব্যবসায় বাহিরে শ্রম করিতে হইত না। এইরূপে সমাজ মধ্যে বিশেষ এক শ্রেণীর উদ্ভব হইত যাদের কাজ ছিল দৈহিক শ্রম দ্বারা সমাজস্থ সকল নরনারীর আধিক অভাব মোচনে নিযুক্ত থাকা। প্রতি পরিবারে নারীরাও সকল রকম অপ্রীতিকর দৈহিক কাজের ভার পাইত। আজও অসভ্যদের মধ্যে দেখা যায়, মেয়েরা ভারী বোঝা বহা, কাঠ কাটা প্রভৃতির জন্য থাকে। বনের পশুকে পোষ মানাইয়া কাজে লাগানর সঙ্গে সঙ্গে মানুষের শ্রম-ভার লাঘব হইয়া যাইতে লাগিল। অবশ্য, একেবারে আদিম সমাজেও প্রত্যেক লোকের পক্ষে প্রয়োজনীয় সমুদয় দ্রব্য উৎপাদন করা সম্ভবপর ছিল না। তখন পণ্যের বদলে পণ্য বদল করা হইত। একজনের ক্ষেতে ধান বেশী জন্মিয়াছে, সব ধান তার পরিবারের জন্য দরকার নাই। অথচ তার পশম দরকার। কিন্তু তার পশম একেবারে নাই, অথবা অল্প আছে। আর একজনের ধান নাই, কিন্তু সে পশম যথেষ্ট সংগ্রহ করিয়াছে। সেখানে দুজনের মধ্যে অনায়াসে ধান ও পশমের বিনিময় হইতে পারে। তার ফলে যে ধান চায় সে ধান পায়, আর যে পশম চায় সে পশম পায়। এই বিনিময়ে ধান ও পশমের অনুপাত নানা প্রভাব দ্বারা বিভিন্নভাবে স্থিরীকৃত হয়। এই অনুপাতের কথা পরে আমাদিগকে ভাল করিয়া বুঝিয়া দেখিতে হইবে। কিন্তু এক্ষণে এই আদিম শ্রম-বিভাগের দিকে দৃষ্টি আকর্ষণ করিতে চাই। আমাদের দেশের জাতিভেদ প্রথা যে মূলত এই কর্ম্ম-বিভাগ হইতে জন্মে নাই, তা জোর করিয়া বলা যায় না। সমাজের স্থূল আধিক অভাবসমূহ মিটাইবার জন্য দিনের পর দিন কঠিন দৈহিক শ্রম করিতে হয়। এই শ্রম কে করিবে? তারই জন্য দাস বা শূদ্র এবং ভারবাহী পশু, পশুযান। ক্রমে ক্রমে এই শ্রম-বিভাগ বাড়িয়া গিয়াছে। মানুষ আর দাসব্যবসা চালায় না। দাসের স্থান লইয়াছে যন্ত্র। সভ্যদেশে নব নব আবিষ্কার, প্রকৃতির উপর আধিপত্য, বাড়িয়া গিয়াছে। তারই ফল: যানবাহনের অসাধারণ উন্নতি [ বিজ্ঞান স্থান ও কালের দূরত্ব মুছিয়া ফেলিতে সচেষ্ট ]; নব নব যন্ত্রের ব্যবহার দ্বারা উৎপাদনে বিপ্লব-সংঘটন; এমন কি, আধিক সুখস্বাচ্ছন্দ্যের অপরিমিত বৃদ্ধি। অন্য দিকে আধিক ব্যবস্থার আমূল পরিবর্ত্তন ঘটিয়াছে। বিপুলায়তন ব্যবসা দেখা দিয়াছে। আজ শিল্প-বাণিজ্যে শ্রম-বিভাগ এমন এক অবস্থায় পৌঁছিয়াছে যে, উৎপাদক ও ব্যবহার-কর্ত্তার মধ্যে ব্যবধান বহু যোজন। বস্তুত, যারা

উৎপাদন করিতেছে, তারা যাদের জন্য উৎপাদন করিতেছে, তাদের অভাব, রুচি প্রভৃতি সম্বন্ধে প্রায় কিছুই জানে না। আবার উৎপাদনের সেই পুরাতন ধারাও আর নাই। এমন কি, ঊনবিংশ শতাব্দীর শেষভাগের প্রথাও আজ প্রায় অচল। ভিন্ন ভিন্ন উৎপাদক দল হয়ত অতি ক্ষুদ্র এক একটা অংশের ভার পাইয়াছে। ফোর্ডের কারখানার দৃষ্টান্ত মনে করিয়া দেখুন। আমাদের ঘরের সাম্নে জামসেদপুরে টাটার কারখানা জলন্ত উদাহরণ। শত শত লোক এক এক বিভাগে কাজ করিতেছে এবং হাতে অথবা কলে শুধু তার কাজটুকু সম্পন্ন করিতেছে। বহু লোক শুধু বল্ট্, বহু লোক শুধু ইস্পাতের পাত তৈরী করে, ইত্যাদি। এই রকম কত সহস্র কর্ম-বিভাগ যে আছে, তার ঠিক নাই। কোন একটি জিনিষ সম্পূর্ণ হইবার পূর্বে বহু বিভাগ পার হইয়া আসে, কিন্তু একে অন্যের কাজ লইয়া মাথা ঘামায় না। যেখানে উৎপাদন এত বিপুল, এবং সহস্র বিভাগে বিভক্ত, সেখানে উৎপাদিত রাশি রাশি জিনিষ বাজারে ফেলিয়া যদি ক্রেতা না জুটে তা হইলে অবস্থাটা কি হয় সহজেই অনুমান করা যাইতে পারে। অথচ সাধারণতঃ উৎপাদন ও বণ্টনে সাংঘাতিক কোন গরমিল হইতে দেখা যায় না। শুধু বড় ব্যবসা নয়, পাটচাষীর পাট, ছোট দোকানদারের জিনিষ, হাজারো পণ্য সম্বন্ধে এই কথা খাটে। প্রসিদ্ধ ফরাসী ধনবৈজ্ঞানিক বাস্তিয়া এ বিষয়ে প্যারি নগরীর উদাহরণ দিয়াছেন। কি আশ্চর্য, প্রতিদিন ভোরে উঠিয়া দেখিতে পাই, প্যারির লক্ষ লক্ষ লোক তাদের যা দরকার সব হাতের কাছে পাইতেছে। কাল রাতে কে যেন সব একেবারে সাজাইয়া রাখিয়াছে, আজ শুধু তুলিয়া নিবার অপেক্ষা। দুধ-ওয়ালী বাড়ী বাড়ী দুধ দিতেছে; মাংস ও ফল বিক্রেতা মাংস ও ফল বেচিবার জন্য বসিয়াছে; হাজার রকম দোকানে হাজারো রকম পণ্য বিকাইতেছে। অলক্ষ্যে নিঃশব্দে এই কাজ হইতেছে। রোজ রোজ। প্যারি সম্পূর্ণরূপে আমদানি-নির্ভর। মফঃস্বল হইতে আমদানি না করিলে প্যারির একদিনও চলে না। অথচ এই আমদানির স্রোত একদিনও থামে না। প্যারির বাসিন্দাদিগকে তাদের সকল রকম জিনিষ যোগান দিবার জন্য অন্তত সত্তর হাজার লোক মোতায়েন রহিয়াছে। যে ব্যবস্থা উৎপাদন ও ব্যবহারে এইরূপ সামঞ্জস্য সাধন করে, বাস্তিয়া তার উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন। জড়জগতে অনন্ত শূন্যে অনন্ত গ্রহতারকা অবিরত ঘুরিতেছে, অথচ কেহ কক্ষচ্যুত হইয়া পড়িতেছে না। কোন গ্রহ যদি এক ইঞ্চির কোটিভাগের এক ভাগ সরিয়া যায়, তা হইলে সৃষ্টিতে প্রলয় দেখা দিবে। অথচ কোটি কোটি বৎসরেও সেই অনিয়ম দেখা যায় না। আর্থিক জগতেও যেন সেইরূপ দৃশ্য দেখা যায়। সুতরাং আর্থিক জগতেও নিশ্চয় কতকগুলি নিয়ম অবিচলিতভাবে কাজ করিতেছে। ধনবিজ্ঞানে নিয়মাবলীর ক্রিয়া স্বীকার করিয়া লইতে হয়।

উৎপাদন ও বণ্টনের মধ্যে আশ্চর্য্য সামঞ্জস্য আমাদের দৃষ্টিকে বিভ্রান্ত করিতে পারে, এবং ফলে বর্ত্তমান আর্থিক গড়নের মধ্যে যে কুশ্রীতা, দারিদ্র্য, অশিক্ষা, কুসংস্কার প্রভৃতি আছে সেগুলি সম্বন্ধে আমরা অন্ধ থাকিয়া যাইতে পারি। উজ্জ্বল দিকটার ছবি সম্বন্ধে আমরা উদাসীন নহি; কিন্তু সঙ্গে সঙ্গে নীচের অন্ধকার সম্বন্ধেও আমাদের সচেতন থাকা দরকার; নচেৎ উহা দূর হইবে না এবং ন্যায় ও সাম্যের উপর প্রতিষ্ঠিত নূতন জগৎ দেখা দিবে না। মিল, স্পেন্সার ও অন্যান্য স্বাতন্ত্র্যবাদিগণের সর্ব্বপ্রকার রাষ্ট্রীয় হস্তক্ষেপের বিরোধিতার মূলে এই মতবাদ ছিল যে, প্রতিযোগিতা হইল আর্থিক গড়নের স্বাভাবিক অবস্থা ও উন্নতির কারণ; ঐ স্বাভাবিক অবস্থাকে খণ্ডিত করিলে আর্থিক উন্নতি ব্যাহত হইবে। অতএব বিনা বাধায় আর্থিক কর্ম-প্রচেষ্টা চলিতে থাকুক। বলা বাহুল্য, আজকার দিনে এমন কোন রাষ্ট্র নাই যাতে নীতি হিসাবে হস্তক্ষেপকে গ্রহণ করা হয় নাই। এবং রাষ্ট্রীয় হস্তক্ষেপ ক্রমেই সর্ব্বত্র বাড়িয়া চলিয়াছে। বণ্টনের ক্ষেত্রে নানা আকারে নিয়ন্ত্রণ দেখা দিয়াছে। অবাধ প্রতিযোগিতার ফলে শিল্প-নিষ্ঠ সভ্যতা অপূর্ব্ব আর্থিক উন্নতি সাধন করিয়াছে সত্য, কিন্তু অন্য দিকে উহার সৃষ্ট সমস্যাসমূহ কম নহে। উহার আনুষঙ্গিক সুফলগুলিকে আমরা অস্বীকার

করিতে পারি না। দাসত্ব-প্রথা উঠিয়া গিয়াছে বটে, কিন্তু জগতের কোটি কোটি নরনারী যে সর্ব্বদা শোষিত হইতেছে এবং পশুর অধম জীবন যাপন করিতেছে, তা প্রত্যেক ধনবৈজ্ঞানিক মর্ম্মে অনুভব করেন, এবং তার প্রতিবিধানের কথা ভাবেন। প্রদীপের নীচে অন্ধকারের মত, অপরিমিত সুখ, ঐশ্বর্য্য ও বিলাসের পাশে পারহীন, দারিদ্র্য, অশিক্ষা, স্বাস্থ্যহীনতা, চরিত্রহীনতা বিরাজ করিতেছে। সুতরাং বর্ত্তমান বণ্টন-ব্যবস্থাকে চূড়ান্ত বা সাধ্য বলিয়া কি করিয়া মানিয়া লওয়া যায়? ইহার পরিবর্ত্তনের প্রয়োজন নাই, এ কথা বলা চলে না। তারাই এই অবস্থাকে স্থায়ী ও অসংশোধিত রাখিবার পক্ষপাতী যারা মনে করে ইহার পরিবর্ত্তনে তাদের স্বার্থ ক্ষুণ্ণ হইবে। কারিগরকে ভাতে মারিয়া কাজ আদায় কখনও নীতি হিসাবে উৎকৃষ্ট হইতে পারে না। [এখানে বলা প্রয়োজন যে, আমরা বর্ত্তমান বণ্টন-ব্যবস্থার দোষ-সমূহ সম্বন্ধে উদাসীন নহি বলিয়া যেন একথা মনে করা না হয় যে, আমরা সমূহতন্ত্র বা অন্য কোন তন্ত্রের সমর্থন করিতেছি। বস্তুত, আমাদের উদ্দেশ্য শুধু ন্যায্য ও বিচারসঙ্গত বণ্টন-ব্যবস্থার প্রবর্ত্তন। কোন তন্ত্রের প্রতি আমাদের পক্ষপাতিতা নাই।]

বর্ত্তমানে উৎপাদনের কথা বিবেচনা করা হইতেছে না। শুধু বণ্টন সম্পর্কে এই কথা মানিয়া লইতেছি যে, উৎপাদন ও বণ্টনের সামঞ্জস্যের অন্তরালে বণ্টন-ব্যবস্থায় বিস্তর গলদ্ রহিয়াছে। প্রচলিত আর্থিক গড়নে শ্রম, পুঁজি, জমি ও পরিচালনা জাতীয় লভ্যাংশের কে কি পরিমাণ পাইতেছে এবং কি নিয়ম অনুসারে পাইতেছে, তা আবিষ্কার করিতে আমরা সচেষ্ট হইব। সঙ্গে সঙ্গে আর্থিক নিয়ম কোথাও স্বাভাবিক বা অস্বাভাবিক কারণে ব্যাহত হইতেছে কি না, আমাদিগকে তাও আলোচনা করিতে হইবে। এই সব আলোচনার পূর্ব্বে, এইখানেই একটা কথা বলা চলে। তা হইতেছে: বর্ত্তমানের প্রায় সমুদয় ধনবৈজ্ঞানিক প্রচলিত ব্যবস্থাকে আজকের জন্য চূড়ান্ত বলিয়া গ্রহণ করিয়াছেন এবং তাতে অনুস্যূত নিয়মাবলী বাহির করিতে সচেষ্ট আছেন। আর্থিক গড়নটাকেই বাঁচাই করিবার প্রবৃত্তি অল্পমাত্র ক্ষেত্রে দেখা যায়।

ধনবিজ্ঞানের অন্তর্গত বণ্টন সম্বন্ধে একটা জিনিষ লক্ষ্য করিবার আছে। তা হইতেছে, বণ্টনে মজুরি বা মজুরের বিশেষ স্থান। জাতীয় ধন বা লভ্যাংশ হইতে সমাজের কোন্ শ্রেণীর উৎপাদক কি পায় সেই দিকে আমরা দৃষ্টি নিবদ্ধ রাখিতেছি বলিয়া 'মজুরি'র উপর জোর দিতেছি। বস্তুত শ্রম—ক্ল (মজুরি)। [ক্ল এখানে ইংরেজি 'ফাংশন' বুঝাইতে ক্রিয়ার সংক্ষেপ] শ্রম সম্বন্ধে আলোচনা-কালে আমরা ইতিপূর্ব্বে উহা ব্যাপক অর্থে গ্রহণ করিয়াছিলাম। কিন্তু সংকীর্ণ অর্থে গ্রহণ করিলেও দেখা যাইবে উৎপাদনে প্রধান স্থান জুড়িয়া আছে পুঁজিদারের পুঁজি আর শ্রমিকের বা মজুরের শ্রম। টাকা চাই। টাকা ছাড়া কোন কিছু উৎপাদন [—বণ্টিতব্য ধন] সম্ভব নয়। তেমনি কাজ করিবার জন্য লোক চাই। সোজা করিয়া বলিলে বলিতে হয়, টাকা ও লোকের যোগাযোগ ব্যতীত কোন কিছু উৎপাদিত হইতে পারে না। এমন সমাজের কল্পনা করা যাইতে পারে, যেখানে জমির জন্য খাজনা দিতে হয় না। সমাজের এমন অবস্থাও অসম্ভব নয় যখন মুনাফা-গ্রহণ বর্জ্জনীয় বা অজ্ঞাত। কিন্তু বর্ত্তমান যুগে, এমন কি অতীতেও, পুঁজি ও শ্রমের যোগাযোগ ব্যতীত উৎপাদন সম্ভব নয়। কেহ কেহ বলিতে পারেন, যন্ত্রের ব্যবহার দ্বারা পুঁজি ও শ্রমকে বহিষ্কৃত, অন্তত সংক্ষিপ্ত, করা যায়। কিন্তু মনে রাখা দরকার, যন্ত্রও শ্রমের ফল। টাকা তৎক্ষণাৎ না খাটাইয়া তুলিয়া রাখিলে অর্থাৎ অপেক্ষা করিলে যন্ত্রের উদ্ভব ঘটে, আর কোন কালে সকল মস্তিষ্ক-শ্রমকে বাদ দিয়া যন্ত্রের ব্যবহার সম্ভব নয়। উৎপাদনে পরিচালনার স্থান গৌণ, জমির স্থান আরও গৌণ। শ্রম ও পুঁজির স্থান মুখ্য।

রুশিয়াতে যে আর্থিক গড়ন অবলম্বন করা হইয়াছে, তাতে পুঁজি ও শ্রম অন্যান্য রাষ্ট্রের মত কাজ করিতেছে, কিন্তু ব্যক্তিগত মুনাফাকে সেখানে লোপ করা হইয়াছে। অন্য দিকে, জমি রাষ্ট্রের সম্পত্তি হওয়ায় ব্যক্তিগত খাজনাও নাই। কিন্তু জগতে এমন অবস্থা কোথাও হয় নাই যেখানে শ্রমিক নাই অর্থাৎ শ্রমিকের সমুদয় কাজ যন্ত্রের দ্বারা সাধিত হইতেছে। পুঁজি বা টাকা সম্পর্কে এইরূপ

কল্পনা করা চলে, মুদ্রা বা তত্তুল্য কোন দ্রব্যের প্রচলন রহিত করিয়া পণ্য-বিনিময় হইতেছে। সেক্ষেত্রে পুঁজি বা পুঁজির সুদ দেখা যায় না। তথাপি উৎপাদনের সকল অবস্থাতে শ্রম ও টাকার দরকার। ইহাকে আরও নিখুঁতভাবে বলিলে দাঁড়ায়

**উৎপাদনের মূল শ্রম, আর শ্রমের জন্য পারিশ্রমিক ( যে আকারে হউক ) দিতে হয়।]**

এই কারণে দেখা যায় যে, বণ্টন-তত্ত্ব সম্বন্ধে ধন-বৈজ্ঞানিকগণের আলোচনার মধ্যে মজুর ও মজুরি-তত্ত্ব অধিকাংশ স্থান জুড়িয়া থাকে। সমগ্র ধন-বিজ্ঞানে মজুর ও মজুরির এক বিশেষ মর্য্যাদা রহিয়াছে। সমাজের যে সকল উৎপাদক মাথার ঘাম পায়ে ফেলিয়া উৎপাদন করিতেছে, কার্ল মার্কস তাদের দিকে দৃষ্টি ফিরাইয়া দিয়াছেন, এবং মার্কসের চিন্তারাশি আজকের দিনের প্রত্যেক ধনবৈজ্ঞানিককে অল্পবিস্তর প্রভাবান্বিত করিয়াছে। আমরা আগেই বলিয়াছি, ধনবিজ্ঞানের কেন্দ্র মানুষ। মানুষকে বাদ দিয়া এ শাস্ত্র নয়। সুতরাং লক্ষ লক্ষ মানুষের সুখ দুঃখ, ভালোমন্দ, এক কথায় স্বার্থ, সম্বন্ধে ধনবিজ্ঞান উদাসীন থাকিতে পারে না। এই কারণে ধনবিজ্ঞানে শ্রমিক সম্বন্ধে আলোচনা এত অধিক স্থান অধিকার করে।

আমরা 'শ্রম' ও 'পুঁজি'র বা টাকার যোগাযোগের কথা আলোচনা করিয়াছি। টাকা আর পুঁজি কিন্তু এক বস্তু নয়। শ্রম ছাড়া উৎপাদন সম্ভব নয়। শ্রমের জন্য পারিশ্রমিক চাই। তা ছাড়া অন্য যারা উৎপাদনের কাজে নিযুক্ত থাকে তাদেরও কম-বেশী পুরস্কার পাওয়া চাই। পাওনাটা স্বীকার করা দরকার, কিন্তু উহার রূপ কি হইবে তা নির্দ্দেশ করিবার প্রয়োজন নাই। সর্ব্বত্র যে টাকা মিলিবে, এমন বলা চলে না। আসলে শ্রমিক আর মালিক আর সামাজের অন্য সমুদয় শ্রেণীর পক্ষে যা দরকার তা হইতেছে ক্রয়শক্তি বা সকল রকম জিনিষ কিনিবার সামর্থ্যলাভ। বিভিন্ন দেশে প্রচলিত মুদ্রা এই ক্রয়শক্তির দ্যোতক।

সুতরাং মজুরি $\gtrless$ ক্রয়শক্তি।

[ এখানে তিন প্রকার অবস্থার কথা একটি সাঙ্কেতিক চিহ্ন দ্বারা ব্যক্ত করা হইতেছে। ( ১ ) মজুরি যেখানে ক্রয়শক্তির সমান, অর্থাৎ মজুরের প্রয়োজনীয় সমুদয় দ্রব্য যেখানে মজুরি দ্বারা ক্রয় করা যায়; ( ২ ) তা হইতে বেশী মজুরি; ( ৩ ) তা হইতে কম মজুরি। ]

বলা বাহুল্য, পুঁজি সর্ব্বপ্রকার ক্রয়শক্তির সমষ্টিমাত্র নয়। কেহ কেহ পুঁজিকে শ্রম+অপেক্ষা করার ফল বলিয়া বর্ণনা করেন। ধরুন, কলকারখানা, বয়পাতি; নানাশ্রেণীর তৈরী মাল যা কাঁচা মালরূপে ব্যবহৃত হয়; এগুলি সবই বিন্দু বিন্দু সঞ্চয়ের ফল। অর্থাৎ টাকাকে তৎক্ষণাৎ ভোগ করিয়া উড়াইয়া না দিলেই পুঁজির বৃদ্ধি ঘটে, এবং তা দিয়া কল ইত্যাদি তৈরী হয়। এরূপ অপেক্ষা করাও এক ধরণের সংযম বা ত্যাগ স্বীকার। এইজন্য কেহ কেহ উৎপাদনের মূলকে এইরূপে নির্দ্দেশ করেন:

উৎপাদন = শ্রম + পুঁজি
= শ্রম + অপেক্ষা

যাঁরা পুঁজিকে এই চোখে দেখেন, তাঁরা উৎপন্ন দ্রব্যকে শ্রমের রকমফের বলিয়া মনে করেন, এবং তাঁদের কাছে

**উৎপাদনের একমাত্র মূল হইল শ্রম।**

আমরা উৎপাদনে বিভিন্ন সহায়কের স্থান বা গুরুত্ব মোটামুটিভাবে নির্দ্দেশ করিলাম। আর্থিক জগতে যত অভিযোগ সে শুধু শ্রেণীতে শ্রেণীর ধনগত বৈষম্যের জন্য। এই বৈষম্য সম্বন্ধে সাধারণ মানুষের ধারণা এই যে, ইহা যোগ্যতা বা কর্ম্মদক্ষতার ফল নহে, অতএব ন্যায্য নহে। মূলত, এখানে দুইটি প্রশ্ন রহিয়াছে:

(১) পারিশ্রমিকে অন্যায় অসমতা। লোকে শ্রমের গভীরতা ও ব্যাপকতা অনুসারে পারিশ্রমিক পায় না। একজন কারখানার মালিক হাজার হাজার বা লক্ষ লক্ষ টাকা উপার্জ্জন করে, অথচ একজন মজুর সারাদিনের হাড়ভাঙা খাটুনির পর একটি টাকাও উপার্জ্জন না করিতে পারে। শুধু মজুর নয়, ইস্কুলের শিক্ষক, সরকারী বা সওদাগরী আপিসের কেরাণী, লেখক প্রভৃতি বহু বিভিন্ন শ্রেণীর লোকের উল্লেখ করা যাইতে পারে, যারা পায়ের ঘাম মাথায় ফেলিয়াও অল্পই উপার্জ্জন করে। এই অবস্থাটা কেহ কেহ সহনাতীত মনে করে।

(২) উৎপাদনের বিভিন্ন সহায়কগুলির মধ্যে জাতীয় ধন বণ্টন সম্বন্ধে সামঞ্জস্যের অভাব। যোগ্যতা, দক্ষতা, প্রভৃতির কমবেশীর দরুন না হয় পারিশ্রমিকের কমবেশী স্বীকার করিয়া লওয়া হইল। কিন্তু একবার জাতীয় ধনের অংশবিশেষ কোন স্থানে আবদ্ধ হইয়া পড়িলে অথবা জমিতে জমিতে বাড়িতে থাকিলে যে অবস্থা দেখা দেয় তা অতীব অন্যায়। ধনীর ছেলে জন্মিয়াই ধনী হয়। এই জন্মগত বৈষম্য প্রথমে লোপ হওয়া দরকার। দ্বিতীয়ত, সহায়কগুলির প্রত্যেকে সমান শক্তিমান নয়, সুতরাং পরস্পর প্রতিযোগিতায় জাতীয় ধনের লভ্যাংশ হইতে শ্রমানুপাতে পারিশ্রমিক আদায় করিতে সমর্থ হয় না। প্রতিযোগিতার সহিত আবার কোথাও কোথাও প্রথা বা প্রচলিত নিয়ম অবস্থাকে আরও ঘোরাল করিয়া তুলিয়াছে।

আমরা প্রথম প্রশ্নটির আলোচনা এখানে করিব না। দ্বিতীয় প্রশ্নটিতে প্রতিযোগিতার কথা উঠিয়াছে। আমরা বণ্টন সম্পর্কে প্রতিযোগিতা ও সহযোগিতার উপর সমান জোর দিতে চাই।

ধনবৈজ্ঞানিকগণ সমুদয় আর্থিক ব্যাপারে প্রতিযোগিতার ক্রিয়া-প্রতিক্রিয়া দেখিয়া থাকেন। কেহ কেহ শাস্ত্রটিকেই প্রতিযোগিতার শাস্ত্র-বিশেষ বলিয়া বর্ণনা করিয়াছেন। আধুনিক কালে মার্শ্যাল ও তাঁর পরবর্ত্তী ধনবৈজ্ঞানিকগণ সহযোগিতার কথা উল্লেখ মাত্র করিয়াছেন, কিন্তু সে ভাবে বিস্তৃত আলোচনা করেন নাই। বস্তুত, ধনবিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে এই দুইটিই সমভাবে দেখা যায়। আজ যে মজুর-সংঘ গড়িয়া উঠিয়াছে এবং ক্রমাগত অধিকতর শক্তি অর্জ্জন করিতেছে তার মূলে রহিয়াছে সহযোগিতা। একই শিল্পে, কাজ পাওয়ার জন্য মজুরে মজুরে প্রতিযোগিতা রহিয়াছে, আবার এক শিল্পের মজুরের সঙ্গে অন্য শিল্পের মজুরের প্রতিযোগিতা চলিতেছে। যতক্ষণ এই অসম্বদ্ধ প্রতিযোগিতা চলে, ততক্ষণ সম্প্রদায়রূপে মজুরেরা দুর্ব্বল। মজুরি অর্থাৎ ভাত কাপড়ের জন্য আসন্ন প্রবল প্রতিযোগিতার সম্ভাবনা বা বর্ত্তমানতা সত্ত্বেও আবার এক শিল্পের অন্তর্গত মজুরেরা একত্র হইয়া সংঘ গঠন করিতেছে; সকল শিল্পের মজুরদের সংঘও সম্ভাবনার গণ্ডীর বাহিরে নয়। এক দিকে প্রতিযোগিতা, অন্য দিকে সহযোগিতা, দেশের আর্থিক গঠনকে বহুতর রূপ দান করিতেছে।

কিন্তু প্রতিযোগিতা ও সহযোগিতা ঘোরতর আকার ধারণ করিয়াছে, এবং সর্ব্বদা ক্রিয়া ও প্রতিক্রিয়া দেখাইতেছে বণ্টনের বিভিন্ন সহায়কগুলির মধ্যে। উৎপাদন আর উৎপাদিত ধন বা জাতীয় ধন (=লভ্যাংশ) একই কথা। জাতীয় ধন বাড়ুক, অথবা কমুক, অথবা এক অবস্থায় থাকুক, উহা হইতেই শ্রম, জমি, পুঁজি ও পরিচালনা নিজ নিজ প্রাপ্য অংশ লইতেছে। ইহাদের কার ভাগ্যে কত অংশ পড়িবে, তা কোন্ সাধারণ নিয়ম অনুসারে নির্ণীত হইতেছে? সেরূপ কোন সাধারণ নিয়ম আছে কি? ধরুন ক খ গ ঘ একটি চতুর্ভুজ ক্ষেত্র [ইহা বৃত্তও হইতে পারিত]—জাতীয় ধন। এই জাতীয় ধন হইতেই আমাদিগকে বিভিন্ন সহায়কগুলির প্রত্যেকের নিজ নিজ প্রাপ্য বাঁটিয়া দিতে হইবে। বিভিন্ন সহায়কের অংশগুলি দেখাইবার জন্য ও অবস্থা বুঝাইবার জন্য আমরা একটা কল্পিত চিত্র আঁকিতেছি। প্রত্যেকের অন্তর্গত সমস্যাগুলির প্রতি বর্ত্তমানে দৃষ্টিপাত করিতেছি না।

যে কোন দেশের কথাই ধরি না, মজুরির জন্য সর্ব্বাধিক অংশ ব্যয়িত হইবে। [বলা বাহুল্য, চাষের মজুরিও ধরা হইতেছে।] কিন্তু উপরে আমরা যে বিভক্ত অংশগুলি দেখাইতেছি, তা কোন ক্রমে সকল অবস্থাতে স্থির থাকে বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে না। হ্রাসবৃদ্ধি ঘটে। কেন ঘটে? ধরুন, বাজারে চারিটি জিনিষ আছে। এই চারিটি জিনিষই বাজারে ক্রেতা খুঁজিয়া বেড়াইতেছে। এই জিনিষগুলির দাম কি ভাবে স্থির হইবে? সমাজের

দুরূহ বিষয়, তার মধ্যে প্রবেশ না করিয়া, সাদা ভাষায় এইটুকু বলা চলে যে, অল্প সময়ের মেয়াদ যখন বিবেচনা করি তখন যে জিনিষের টান যত বেশী [ সর্ব্বদাই বুঝিতে হইবে যোগানের তুলনায়, কারণ টান-যোগানের সম্পর্ক নিম্নলিখিত অঙ্কে ব্যক্ত করা যায়

$$\text{টান} \begin{matrix} > \\ = \\ < \end{matrix} \text{যোগান}$$ ]

তার দাম অন্যগুলির তুলনায় তত অধিক হইবে। সেইরূপ শ্রম, পুঁজি জমি,—যার টান বেশী তারই দাম বেশী হইবে।

এইবার দেশের বিস্তীর্ণ জাতীয় বণ্টনের ক্ষেত্রে ফিরিয়া আসা যাক্। শ্রম, জমি, পুঁজি ও পরিচালনার মধ্যে অবিরত প্রতিযোগিতা চলিতেছে। একের সুবিধায় অন্যের সুবিধা হইতেছে। সুতরাং জাতীয় ধনের বণ্টন-কালে একের সুবিধার অর্থ অন্যের বা অন্যদের অসুবিধা। দেশের পক্ষে যার প্রয়োজনীয়তা যত বেশী, অর্থাৎ যে সহায়কের টান যত বেশী, সে তত বেশী সুবিধা, অন্য কথায় জাতীয় লভ্যের তত বেশী অংশ, টানিয়া লইতে পারিবে। স্থান ও কাল অনুসারে প্রতিযোগিতা সম্বন্ধে বিভিন্ন অবস্থা কল্পনা করা যাইতে পারে। যথা :

(১) সহায়কগুলি পরস্পরের সঙ্গে প্রতিযোগিতা করিতেছে ;

(২) এক, দুই বা/এবং তিন সহায়কের সহযোগিতা এবং তাদের এক বা/এবং দুই সহায়কের সহিত প্রতিযোগিতা চলিয়াছে ;

(৩) সহায়কগুলির পরস্পরের সঙ্গে কোথাও প্রতিযোগিতা, কোথাও সহযোগিতা রহিয়াছে ;

(৪) সহায়কগুলির পরস্পর সহযোগিতা দেখা যায়।

চতুর্থ অবস্থাটি সাধারণত বর্ত্তমান আর্থিক জগতে দেখা যায় না। আপাতত উহা আমাদের বিবেচনার বাহিরে রহিল। অন্য তিনটি অবস্থার ফল প্রায় একরূপ। এই ফল বুঝাইবার পূর্ব্বে আমরা একটি মামুলি উদাহরণের আশ্রয় লইতেছি।

কোন বণিক্ চাষীর কথা বিবেচনা করুন। তার দরকার পুঁজি ( নিজের অথবা সংগৃহীত, কিন্তু আসে যায় না ) জমি শ্রম। প্রত্যেক জিনিষের দাম আছে অর্থাৎ কোনটির যোগান বিনা খরচে পাওয়া যায় না ; পুঁজির দাম সুদ, জমির দাম খাজনা, আর মজুরের দাম মজুরি।

পুঁজি সম্বন্ধে নানপ্রকার অবস্থা দেখা দিতে পারে : (ক) এমন হইতে পারে চাষীর অবস্থা স্বচ্ছল এবং তাকে পুঁজির জন্য অন্য কারও দ্বারস্থ হইতে হয় না। এরূপ ক্ষেত্রে মনে হইতে পারে যে, পুঁজি ত বিনামূল্যে লাভ হইতেছে। কিন্তু তা প্রকৃত কথা নয়। কারণ, এখানেও পুঁজির একটা সুদ ধরিতে হইবে হিসাবের মধ্যে, আর তা প্রচলিত দরে। অর্থাৎ পুঁজিটা চাষীর নিজের হোক্ বা পরের হোক্, তার ব্যবসার খরচের মধ্যে তদ্রূপ সুদকে গণনা করিতে হইবে ; (খ) কতক পুঁজি তার নিজের থাকিতে পারে, আর কতক তাকে যোগাড় করিয়া লইতে হইতে পারে। যে অংশ সে যোগাড় করে, তা ব্যাঙ্ক, মহাজন বা অনুরূপ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে ধার লইতে পারে। ঐ ধারের জন্য তাকে বৎসরে শতকরা একটা নির্দ্দিষ্ট হারে টাকা দিতে হয়। তা-ই পুঁজির দাম। বলা বাহুল্য, যে অংশ সে ধার করে নাই সে অংশেরও দাম ধার করা অংশের দামের সহিত যোগ করিয়া তাকে খরচের খাতে ফেলিতে হইবে। (গ) সমগ্র পুঁজিই তাকে যে কোন উপায়ে সংগ্রহ করিতে হইতে পারে। এরূপ ক্ষেত্রে তার সুদ না দিয়া উপায় নাই। বর্ত্তমান শিল্প ও বাণিজ্য জগতে (খ) ও (গ) অবস্থাই দেখা যায়।

জমির বেলাতে জমি চাষীর সম্পূর্ণ নিজের হইতে পারে ; কতক নিজের, কতক ভাড়া-করা হইতে পারে ; এবং সম্পূর্ণ ভাড়া-করা হইতে পারে। সকল ক্ষেত্রে, পুঁজির মত জমির খরচটাও চাষীকে হিসাবের মধ্যে ধরিতে হইবে, তা সে-জমি তার নিজের হোক্, অথবা ভাড়া-করা হোক্।

প্রাসঙ্গিকভাবে পুঁজি ও জমির মধ্যে একটা বড় পার্থক্য এখানে নির্দ্দেশ করা প্রয়োজন। জমি পরিমাণে সীমাবদ্ধ ; আজকের জগতে ইচ্ছা করিলেই জমির পরিমাণ বাড়ান যায় না, অবশ্য জমির বিভিন্ন টুক্‌রাগুলির হস্তান্তর সাধন ও তাতে একের অধিকৃত জমির পরিমাণ বহু যুগ ধরেই চলিয়া থাকে। কিন্তু পুঁজি

জমির মত সীমাবদ্ধ নহে। উহার ইচ্ছামত বৃদ্ধির পক্ষে প্রাকৃতিক কোন বাধা নাই। এই দিক্ দিয়া পুঁজি ও জমি পরস্পর বিপরীত ধর্ম্মাবলম্বী। অন্য দিকেও উভয়ের বিপরীত ধর্ম্মের প্রকাশ দেখা যায়। অবশ্য, তা প্রথমোক্ত স্বভাবের অনুপাতী ফল। জমিতে টাকা ও লোক খাটাইয়া এবং তা ক্রমাগত বাড়াইয়া অধিকতর উৎপাদন করা যাইতে পারে; এই বর্দ্ধিত উৎপাদনের আনুপাতিক হার বেশীও হইতে পারে, যেমন

৫ জন লোক ও ১০০ টাকায় যত উৎপাদন হয়,

১০ জন লোক ও ২০০ টাকায় তার দ্বিগুণের বেশী উৎপাদিত হইবে;

২০ জন লোক ও ৪০০ টাকায় তার পাঁচগুণের বেশী উৎপাদিত হইবে; ইত্যাদি।

কিন্তু চাষের ব্যাপারে এমন সময় আসিতে বাধ্য যখন প্রতি অতিরিক্ত এক প্রস্থ পুঁজি ও মজুর নিয়োগের ফলে অব্যবহিত পূর্ব্বের নিযুক্ত এক প্রস্থ পুঁজি ও মজুর অপেক্ষা কম উৎপাদন হইয়া থাকে। তখন কখনও হয়ত এই নিম্নগ গতিকে থামাইয়া রাখা যায়, কিন্তু চাষে এই নিম্নগ আদায় দেখা দেওয়া অবশ্যম্ভাবী। অন্য দিকে, শিল্প-বাণিজ্য ক্ষেত্রে ঠিক বিপরীত ঘটনা ঘটে। সেখানে পুঁজি ও মজুরি যথেষ্ট পরিমাণ না পৌছান পর্য্যন্ত লাভের আশাই হয়ত থাকে না; এবং তারপর উহাদের পরিমাণ বাড়াইলে উৎপাদনের হার অনুপাতে বাড়িতে থাকে। এখানে ঊর্দ্ধগ আদায় হইল স্বাভাবিক ব্যাপার। বলা প্রয়োজন যে, চাষ বা ব্যবসাতে অধিকতর পুঁজি ও লোক নিয়োগের ফলে উৎপাদনের **মোট পরিমাণ** অধিক হওয়া সম্বন্ধে কোন দ্বিমত নাই, কিন্তু অতিরিক্ত উৎপাদনের হার কৃষি সম্পর্কে কমিতে থাকে, আর শিল্প-সম্পর্কে বাড়িতে থাকে। অঙ্কের ভাষায়, উৎপাদন

কৃষিতে ১০০+৯০+৮১+৭৩+৬৬+.....

শিল্পে ২০+২৫+৩০+৩৬+৪২+৫০+

উভয় ক্ষেত্রে প্রতি বারের নিযুক্ত পুঁজি ও শ্রম সমান বলিয়া ধরিয়া লওয়া হইতেছে।

যে চাষী বড় রকমের চাষের ব্যবসা করে, তাকে মজুর লাগাইতে হয়। তার নিজের ছেলেরা, আত্মীয়স্বজন বিনা মজুরিতে খাটিতে পারে। কিন্তু তাদের দ্বারা খাওয়া-পরার খরচা ছাড়া অন্য খরচা না থাকিলেও তাকে খরচের খাতে মজুরি ফেলিবার সময় তাদিগের মজুরি ধরিতে হইবে; অর্থাৎ যেন তাদের জন্য মজুরি দেওয়া হইতেছে, এইরূপ গণনা করিতে হইবে।

সুদ, খাজনা, মজুরি বাবদ্ খরচ যোগ করিলেই চাষীর সমুদয় খরচ পাওয়া যাইবে না। তার সঙ্গে আরও একটা খরচ ধরিতে হইবে। চাষী আর কিছু বিনা মুনাফায় তার ব্যবসা চালাইয়া যাইবে না। তার বুদ্ধি, পরিশ্রম, দক্ষতা, যোগাযোগের শক্তি প্রভৃতির জন্য অবশ্যই সে কিছু প্রত্যাশা করে। এই কিছুটাই হইল মুনাফা। অর্থাৎ, চাষীকে তার উৎপাদনের কাজে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যে সব খরচ মিটাইবার কথা ভাবিতে হইবে, তার মধ্য হইতে মুনাফাকে বাদ দিলে চলিবে না। সুতরাং

উৎপাদন খরচ = পুঁজির দাম + জমির ভাড়া (প্রয়োজন হইলে ইহার সঙ্গে বাড়ী ভাড়া যোগ করা যাইতে পারে) + শ্রমিকের শ্রমের দাম + তার নিজ পরিচালনার দাম

= (সাঙ্কেতিক ভাষায়) সুদ + খাজনা + মজুরি + মুনাফা

এখন প্রশ্ন হইতেছে, উৎপাদন খরচের এই সব বিভিন্ন দফার খরচ করিবার সময় সে কোন্ নীতি দ্বারা নিয়ন্ত্রিত হইবে? ব্যবসা করিয়া লাভবান্ হওয়াই তার উদ্দেশ্য। সুতরাং সে কখন এলোমেলোভাবে বিভিন্ন দফায় খরচ করিতে পারে না। প্রতি দফা সম্পর্কে তাকে বিবেচনা করিয়া দেখিতে হইবে, কিসে প্রত্যেক খরচের সর্ব্বাপেক্ষা অধিক সার্থকতা হয়। বস্তুত প্রথম তিনটি দফার খরচ যত সুসঙ্গত-ভাবে সে নিয়ন্ত্রিত করিতে পারিবে, চতুর্থ দফায় তত তার নিজের মুনাফার পরিমাণ বেশী হইবে। এমন মূর্খ চাষী [অথবা অন্য কোন কারবারী] নাই, যে সর্ব্বাধিক লাভের জন্য সচেষ্ট হইবে না। লাভ বা মুনাফা কোথা হইতে আসে দেখা যাক্। চাষী যা কিছু উৎপাদন করিতেছে, তার কিছু অংশ সে ভোগ করিতে পারে, নাও পারে; কিন্তু তার মুখ্য উদ্দেশ্য বাজারে মাল ফেলিয়া বিক্রয় করা। সে বিক্রয় করিয়া যা পাইবে, তাতে উপরোক্ত চারিটি দফার খরচ উঠিয়া যাওয়া চাই।

হইবে সেই পরিমাণেই সে আশা করিবে, তার নিজের ভাগ বাড়িবে। এখন খরচ সার্থক হওয়ার অর্থটা কি, একবার পরীক্ষা করিয়া দেখি। খরচ সার্থক হওয়ার পরিষ্কার অর্থ এই যে, চাষীকে সর্ব্বদা সাবধানে বিবেচনা করিতে হয়, কোন্ দফায় কত খরচ করিলে বেশী ফল পাওয়া যাইবে। যেখানে আর পাঁচজন লোক নিয়োগ করিলে বা আর পঞ্চাশ টাকা বেশী খাটাইলে উৎপাদনে সুবিধা বাড়িত, সেখানে তা না করা অথবা লোকের জায়গায় টাকা, আর টাকার জায়গায় লোক নিয়োগ করা, চাষীর পক্ষে বুদ্ধির পরিচায়ক নহে। জমি, পুঁজি ও লোক সম্বন্ধে চাষীর মাত্রাজ্ঞান না থাকিলে লাভ হইবে না, অথবা যতটা লাভ হওয়া উচিত ততটা হইবে না। এবং এই সব যোগাযোগে সামঞ্জস্যের অভাবেই ব্যবসা ফেল করে; অর্থাৎ লাভ কম হয়, অথবা হয় না।

আমাদের উদাহরণে চাষী অবিরত মাথা খাটাইতেছে, জমি বাড়াই, কি পুঁজি বাড়াই, কি লোক বাড়াই। এখানেই সহায়কগুলির মধ্যে প্রতিযোগিতা ও সহযোগিতা দেখা যাইবে। চাষী যে কোন সহায়ক বাড়াইতে থাক্, তার খরচ আছে। তাকে দেখিতে হয় কোন খরচের বদলে সে প্রতিদান পাইবে কত। ধরুন, তাকে ভাবিতে হইতেছে, সেএকশ লোক নিয়োগ করিবে, না আরও পঞ্চাশ হাজার টাকা খাটাইবে, না আরও পাঁচশ বিঘা জমি বেশী চষিবে। সে এই তিন দফায় খরচগুলি নিম্ন লিখিতভাবে ভাবে করিবে—

১০০ একশ মজুরের প্রতি মাসের মজুরি
= ১০০ × ২০৲ = ২,০০০৲

বৎসরে ১০০ দিন কাজ হয় ধরিলে
২০০০৲ × ১০০ = ২,০০,০০০৲

পুঁজি ৫০,০০০৲

৪% সুদ ধরিলে পঞ্চাশ হাজার টাকায়
এক বৎসরের সুদ দাঁড়ায়

৫০০ বিঘা জমির দরুন তার খাজনা
বৎসরে বিঘা প্রতি খাজনা ১০৲ ধরিলে
= ১০৲ × ৫০০ = ৫০০০৲

খরচের বেলায় সর্ব্বাগ্রে সামর্থ্যের কথা উঠে। অর্থাৎ যদি চাষীর পক্ষে আরও দুই লক্ষ টাকার সংস্থান না থাকে, [illegible] করিতে হইবে। আবার পঞ্চাশ হাজার টাকা ধার না পাইলে তার কারবারের পুঁজি বাড়ান সম্ভব হইবে না। ব্যবসা-জগতে এরূপ ঘটনা প্রায়ই ঘটিয়া থাকে। আমরা অনেক সময় শুনি যে, অমুক কাপড়ের কল বা চিনির কি ইস্পাতের কারখানা পুঁজির অভাবে চলিল না। তার অর্থ কারবারী টাকার জোগাড় করিতে পারিল না। তার পক্ষে একমাত্র উপায় থাকে আরও জমি ভাড়া লইয়া চাষ করা। কিন্তু মজুরি বাড়াইতে এবং আরও টাকা ফেলিতে না পারিলে, শুধু জমি বাড়ান হয়ত নিরর্থক, ইহা সহজেই বুঝা যাইবে।

আমরা ধরিয়া লইতেছি, চাষীর অর্থ-সামর্থ্য আছে। তার সুনাম ও ব্যবসা বুদ্ধি এত বেশী যে সে টাকা জোগাড় করিতে পারে। সেরূপ অবস্থায় সে তার কারবার বাড়াইতে চাহিলে কোন্ দিকে অগ্রসর হইবে? সে কি সর্ব্বাগ্রে সেই দফার খরচই বাড়াইবে না, যা তাকে সর্ব্বাধিক প্রতিদান দিবে? বিভিন্ন অবস্থাগুলি একবার বিবেচনা করিয়া দেখা যাক্।

(ক) এমন হইতে পারে, সে যে পরিমাণ পুঁজি লাগাইয়াছে, তা উপযোগী হইলেও, যতগুলি মজুর লাগাইয়াছে, তা বেশী, এবং মজুরের সংখ্যা না কমাইয়া চাষের জমি আরও কিছু বাড়াইলে তার উৎপাদন অধিক বৃদ্ধি পাইবে।

এরূপ ক্ষেত্রে সে দেখিবে, মজুরের সংখ্যা কমাইয়া দেওয়া তার পক্ষে ভাল, না জমি বাড়ানো ভাল। অর্থাৎ জমির আয়তন বাড়াইলে সে যা পাইবে, তা যদি মজুর কমাইলে তদ্দরুন সঞ্চয় অপেক্ষা বেশী হয়, তা হইলে স্বভাবত সে আরও জমি চাষের জন্য লইবে, নচেৎ সে কতক মজুরকে বিদায় করিয়া দিবে।

(খ) এমন হইতে পারে, সে যতগুলি মজুর লাগাইয়াছে, ততগুলি মজুরই দরকার, আর কমান যায় না; কিন্তু যে পরিমাণ পুঁজি খাটাইয়াছে তা দরকার হয় না; তা কাজে খাটাইতে গেলে হয় আরও মজুর লইতে হয়, নতুবা আরও জমি লইতে হয়, নতুবা মজুর ও জমি উভয়ই বাড়াইতে হয়, নতুবা পুঁজি কমাইতে হয়। যা সর্ব্বাপেক্ষা লাভ-জনক সে তাই করিবে।

[এখানে বলা দরকার, চাষীর প্রত্যেক কাজের সীমা

হইল সম্ভাব্যতা। ধরুন, কোন চাষী লক্ষ টাকা খরচ করিয়া বৈজ্ঞানিক চাষ যন্ত্র কিনিল। সে-যন্ত্র সরাইয়া রাখা যায়,—কিন্তু তাতেও বিপদ আছে, বেশী দিন সরাইয়া রাখিলে তা অকর্ষণ্য হইয়া যাইতে পারে—কিন্তু পুঁজিত খরচ হইয়া যায়। সুতরাং সকল ক্ষেত্রে কোন দফাতে ইচ্ছামত বাড়ান বা কমান সম্ভব নাও হইতে পারে। ]

(গ) (ঘ) ইত্যাদি।

.....

আমরা অবস্থাগুলি বিস্তৃতভাবে বর্ণনা করিলে স্থান সঙ্কুলান হইবে না। দফাগুলির ইতর বিশেষ করিয়া যে কেহ বহুবিধ অবস্থা কল্পনা করিয়া লইতে পারিবেন, আমরা দফাগুলির ইতর বিশেষ নির্দ্দেশ করিয়া দিতেছি :

(১) পুঁজি { কম (—) / ঠিক / বেশী (+) }

(২) শ্রম { কম (—) / ঠিক / বেশী (+) }

ভূমি { কম (—) / ঠিক / বেশী (+) }

ইহাদের যোগাযোগে যে অবস্থাগুলির উদ্ভব হইবে, পাঠক গাণিতিক অঙ্ক দ্বারা কষিয়া বাহির করিতে পারেন।

আমরা তিনটি দফা লইয়া আলোচনা করিয়াছি; চতুর্থ দফা অর্থাৎ মুনাফাকে বাদ দিয়াছি। তার কারণ এই যে, মুনাফা অন্য সকল দফাকে নিয়ন্ত্রিত করিতেছে সত্য, কিন্তু উপরি উক্ত তিনটি দফার খরচ আগে মিটাইয়া ফেলিতে হইবে। তা মিটাইবার পর যা কিছু থাকে—এবং ভাল কারবারীর চেষ্টা হইবে, তা বহুল পরিমাণে রাখিবার চেষ্টা করা—তাই হইল পরিচালকের, এখানে চাষীর, পাওনা। কখন কখন এরূপ দেখা যায় যে, কারবারী আগে নিজের মুনাফা কষিয়া লয়। সে আগেই তার মুনাফাকে ধরে, অর্থাৎ কারবারের প্রকৃত অবস্থার প্রতি দৃক্‌পাত না করিয়া নিজের প্রাপ্য বুঝিয়া লইতে চায়, অথবা তার জন্য ব্যস্ত হয়। বলা বাহুল্য, তার ফলে ব্যবসা মাটি হইতে পারে। অবশ্য, ব্যবসার বৈজ্ঞানিক কোন কথা উঠিতে না। পরিচালনার মধ্যে মুনাফাকে সর্ব্বদাই ধরা হয়, কিন্তু ব্যবসার ভালোমন্দ অনুসারে তা কমান বা বাড়ান উচিত। কখন কখন তার জন্য অপেক্ষা করা সমাচীন।

উপরে আমরা চাষীর উদাহরণ বিস্তৃতভাবে দিলাম। চাষীর সম্বন্ধে যা বলা হইয়াছে, সকল প্রকার শিল্প বাণিজ্যগত কারবার সম্বন্ধেও তা খাটে। সুতরাং এতক্ষণে আমরা এই সিদ্ধান্তে পৌঁছিলাম যে, কোন কারবারে সহায়কগুলির পরস্পরের মধ্যে অনবরত প্রতিযোগিতা [ এবং সহযোগিতা ] দেখা যায়। এই প্রতিযোগিতা ও সহযোগিতা দ্বারা স্থির হয়, কারবারের সমুদয় ব্যয় কি অনুপাতে করা হইবে।

কারবারের উৎপাদন খরচ

= সুদ + মজুরি + খাজনা + মুনাফা

আবার, = সুদ : মজুরি : খাজনা : মুনাফা

এই অঙ্ক যদি জাতীয় ক্ষেত্রে প্রয়োগ করি, তা হইলে দাঁড়ায় এই যে, জাতির বিভিন্ন সহায়কগুলি অবিরত উৎপাদন করিতেছে। ইহাদের প্রত্যেকের খরচ আছে; সেই খরচ মিটান হইতেছে সহায়কগুলি দেশের মধ্যে যা উৎপাদন করিতেছে তা হইতে। সহায়কগুলি যা পায় তা হইল বিভিন্ন দেশে প্রচলিত মুদ্রা। কিন্তু মুদ্রাটা উৎপাদিত বস্তুপুঞ্জের একটা ব্যাপক আকার মাত্র। আসলে সেই মুদ্রার পরিবর্ত্তে কে কি পাইতে পারে, তাই বিবেচ্য। কারণ উৎপাদিত দ্রব্যসমূহের বণ্টন ঐ মুদ্রা ব্যবস্থার সাহায্যে ঘটে। যে সহায়ককে কারবারী যত বেশী প্রয়োজনীয় মনে করে, তার জন্য তত বেশী টান থাকে। প্রত্যেক কারবারী, আমাদের চাষীর ন্যায়, বিবেচনা করিয়া দেখে, তার খরচ সে কোন্ দফায় বাড়াইবে অথবা কমাইবে, এবং তার বিবেচনার মূলে রহিয়াছে প্রাপ্ত উৎপাদনের হার।

জাতীয় ধনকে আমরা সহায়কদিগের প্রতিযোগিতা ও সহযোগিতার ফলে উৎপন্ন বলিয়া ধরিয়া লইয়াছি। সেখানে কোন গোল নাই। কিন্তু যদি মনে করা হয়, সহায়কগুলি নিজ নিজ গুরুত্ব অনুসারে জাতীয় ধনের অংশ লাভ করে, তা হইলে ভুল হইবে। বস্তুত, যদি তা হইত তা হইলে বণ্টনে আর কোন গোল থাকিত না, এবং বৈজ্ঞানিক কোন কথা উঠিত না। পরিচালনার [illegible]

অসম প্রতিযোগিতা, প্রথা ইত্যাদি রহিয়াছে। তজ্জন্য সুদ, খাজনা, মজুরি, মুনাফার নানা ইতরবিশেষ ঘটে। দ্বিতীয়ত, কোন সহায়ক নিজ প্রয়োজন অনুপাতে জাতীয় লভ্যাংশ পায় না। তৃতীয়ত, শ্রমের (তা মানসিক বা শারীরিক হোক) গভীরতা বা ব্যাপকতার উপর কারও অংশ নির্ভর করে না।

একটা কল্পিত উদাহরণ লইয়া কথাটা বুঝান যাক্। ধরুন, কোন দেশের বিভিন্ন সহায়কগুলি জাতীয় ধনের কে কোন্ অংশ উৎপাদন করে, তা নিম্নলিখিত অঙ্কগুলি দ্বারা বুঝান গেল :

| | |
|---|---|
| শ্রম | ৮০% (মজুর) |
| ভূমি | ৬% (জমিদার) |
| পুঁজি | ৮% (পুঁজিপতি) |
| পরিচালনা | ৬% (কারবারী) |
| মোট | ১০০% |

কিন্তু এই সহায়কগুলি জাতীয় ধনের নিম্নলিখিত অংশগুলি পাইতেছে :

| | |
|---|---|
| শ্রম | (মজুরি) |
| ভূমি | ৭% (খাজনা) |
| পুঁজি | ৪% (সুদ) |
| পরিচালনা | ১৪ (মুনাফা) |

এখানে উৎপাদন ও উৎপাদিত দ্রব্য হইতে পাওনা অংশের তুলনা করিবার বেলা মনে রাখিতে হইবে যে, ভূমি, পুঁজি ও পরিচালনার জন্য যত লোক নিযুক্ত হয়, তার চেয়ে ঢের বেশী লোক মজুররূপে হয়। সুতরাং উৎপাদনের ৮০% যারা সৃষ্টি করিতেছে, তারা উৎপাদনের মাত্র ৭৪% ভাগ পাইতেছে, এটা শুধু দেখিতেই বড়। আসলে ইহাদের সংখ্যা ধরিয়া বিচার করিলে, অন্যান্য সহায়কের তুলনায় জন প্রতি ইহারা খুব কম পাইতেছে। উৎপাদনের শতকরা ৭৪ বা ৮০ অংশ মজুরেরা লাভ করিতেছে বলিয়া উৎফুল্ল হইবার কোন কারণ নাই।

সুতরাং আমরা যে প্রশ্ন উত্থাপন করিয়াছিলাম, অর্থাৎ বণ্টনের বিভিন্ন সহায়কগুলি জাতীয় ধনের কে কোন্ অংশ লাভ করিবে, তার উত্তরে বলিতে হয়

**শ্রম, পুঁজি, ভূমি, পরিচালনা—এই সহায়ক চারিটি সমগ্র বণ্টিতব্য ধনের কে কোন্ অংশ লাভ করিবে তা নির্ভর করে প্রত্যেকের সার্থকতার উপর বা সার্থকতার প্রান্তের উপর।** যদি মনে হয়, পুঁজি বাড়াইলে অধিকতর উৎপাদন পাওয়া যাইবে তা হইলে আরও পুঁজি খাটাইতে হইবে; যদি আরও শ্রমিক লাগাইলে উৎপাদন বেশী বাড়ে, তা হইলে মজুরের সংখ্যা বাড়াইতে হইবে। ইত্যাদি।

প্রসঙ্গত, ইহাও নির্দেশ করা প্রয়োজন যে, বণ্টনের এই সহায়ক চতুষ্টয়ের মধ্যেই প্রতিযোগিতা ও সহযোগিতা আবদ্ধ নয়। শ্রম, পুঁজি, ভূমি পৃথক্ পৃথক্‌ভাবে বিবেচনা করিবার সময়ও ঐ প্রতিযোগিতা-সহযোগিতার ক্রিয়া মনে রাখিতে হইবে। মজুরে মজুরে, মজুরের মালিকে মালিকে, পুঁজিদারে পুঁজিদারে ও কারবারের পরিচালকে পরিচালকে প্রতিযোগিতা ও সহযোগিতাই হইল নিয়ম।

আমরা জাতীয় ধন ও উৎপাদনের খরচ নির্দেশ করিয়াছি। ধনবিজ্ঞানের পরিভাষায় শ্রম, পুঁজি, ভূমি, পরিচালনা প্রত্যেকের টান-খরচ ও যোগান-খরচ রহিয়াছে। অল্পকালের জন্য আমাদের দৃষ্টি উৎপাদন খরচের উপর নিবিষ্ট থাকে ও মনে হয় তদ্দ্বারা দাম নির্ণয় হয়। কিন্তু দৃষ্টি প্রসারিত করিয়া দীর্ঘকালের কথা বিবেচনা করিলে দেখা যাইবে, **মূল্য-তত্ত্বের গোড়ার কথা হইল টান-যোগান, অথবা টান-খরচ ও যোগান-খরচ।** আমরা পরে প্রত্যেক সহায়ক সম্বন্ধে এই দুই দিক হইতে আলোচনা করিব। এখন শুধু এইটুকু মনে রাখা দরকার যে, যেহেতু জিনিষ বেচিয়া প্রাপ্ত মূল্য হইতে জাতীয় ধন সৃষ্টি হয় ও উৎপাদকদের মধ্যে বণ্টিত হয়, অতএব খাঁটি মূল্যতত্ত্ব দ্বারা সহায়কসমূহের অংশ সম্বন্ধে যথার্থ জ্ঞান লাভ হইতে পারে এবং সেইজন্য মূল্যতত্ত্বকে বৈজ্ঞানিক ভিত্তিতে গড়া করান সর্ব্বাগ্রে কর্ত্তব্য।

# আর্থিক উন্নয়ন

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | এপ্রিল, ১৯৯২ | ৬৫



বার্ষিক মূল্য টাকা | প্রতি সংখ্যা আনা

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world.* It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE SEPTEMBER-OCTOBER NUMBER, 1942.

**Section 1. Wealth of Bengal:** Effort to Stop Injuries done to Tube-wells in Calcutta. Rural Re-construction. Tittaghur Paper Mills. Easy Methods of washing Cloth. (pp. 161-164).

**Section 2. Economic India:** Efforts to use Hurricane Lanterns without Kerosene Oil Red-cross Society in Mysore. Labour Problem and Labour Laws in Mysore State. Ground-nuts of India. Export of Nuts from India. Manganese Mines in India. Saltpetre Trade. Export of Saltpetre to different Countries. (pp. 165-167).

**Section 3. World Economy:** Oil-wealth of Caucasus. Income from Farms in U. S. A. Dairy Production in U. S. A. Number of Suicides in Chicago. Collective Agreements in Fnce. Agricultural Education in U. S. A. War-time unemployment in Great Britain. Unemployment for one year or more. (pp. 168-170).

**Section 4. Men, Institutions and Movements:** Rau Committee Bill. Workers' Organization in Latin America. Recreation Centres for Labourers in Bombay. Leave for Women in Liverpool. A Statue of Firdausi. Village Uplift Effort in Dacca. Collection and Distribution of Radio News by the Red-cross Society. Chinese Educational Good-will Mission. Deplorable Condition of the tenants in Midnapur. (171-174).

**Section 5. Interview:** Who is a real Leader? (pp. 175-177).

**Section 6. World of Journals:** *International Labour Review*, January, 1942 Issue Summarised. (pp. 178-180).

**Section 7. Reviews:** Swedish Unemployment Policy. Introduction to the Co-operative Movement. Post-war Worlds. Feeding of the People during the War. (pp. 181-184).

**Section 8. Bibliography:** 14 books announced. p. 184.

**Article:**

Wages as influenced by Social Insurance and Public Finance.
By Benoy Kumar Sarkar. (pp. 185-190).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs 6. (Demy).
3. **The Political Philosophies since 1985.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs.-16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 84. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL: Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square,

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

**আর্থিক পরিচয়**

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ২৩ |
| মোট সম্পত্তি | ৪ ৬৩ ,, |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ২ ,, ৫০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইনসিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Aus. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Aus. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/-
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Aus. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্ ঃ**—কলিকাতার নলকূপের কতি-নিবারণের চেষ্টা। টিটাগড় কাগজের কল। কাগজ কাচিবার সহজ উপায়। (১৬১-১৬৪)

**আর্থিক ভারত ঃ**—বিনা কেরোসিনে হারিকেন জ্বালান। মহীশূরে রেডক্রস সোসাইটী। মহীশূর ষ্টেটে শ্রমিক-সমস্যা ও শ্রমিক আইন। ভারতের চিনিবাদাম। ব্রিটিশ ভারত হইতে বিভিন্ন দেশে বাধ্যম রপ্তানির তালিকা। ভারতে ম্যাঙ্গানিজ খনি। সোরার বাণিজ্য। (১৬৪-১৬৭)

**দুনিয়ার ধনদৌলত ঃ**—ককেসাসের তৈল-সম্পদ্। মার্কিণদেশে কার্পের আয় (১৯৪০-১৯৪১)। মার্কিণদেশে ডেয়ারী উৎপাদন। সিকাগোতে আত্মহত্যার সংখ্যা। ফরাসী দেশে "কলেকটিভ এগ্রিমেণ্ট"। ফরাসী দেশে চাষের শিক্ষা। যুদ্ধের সময়ে গ্রেটব্রিটেনে বেকার-সংখ্যা। এক অথবা একাধিক বর্ষব্যাপী বেকার। (১৬৮-১৭০)

**ব্যক্তি ও সঙ্ঘ ঃ**—রাউ কমিটির বিল। ল্যাটিন আমেরিকায় ওয়ার্কার্স অর্গ্যানিজেশন। বোম্বের শ্রমিকদের আনন্দদানের ব্যবস্থা। সিভারপুলে বালিকা ও নারীর ছুটীর ব্যবস্থা। কার্ণেগির প্রস্তরমূর্ত্তি। ঢাকা জিলায় পল্লীমঙ্গল-প্রচেষ্টা। রেডক্রস্ সোসাইটি কর্ত্তৃক বেতার-বার্ত্তা সংগ্রহের ব্যবস্থা। চীনা শিক্ষা-শুভেচ্ছা মিশন। প্রজার দুর্দ্দশা। (১৭১-১৭২)

**গোলাকাৎ ঃ** নেতৃত্ব সম্বন্ধে বিচার। ১৭৪

**পত্রিকা-জগৎ**

**সমালোচনা**

**গ্রন্থপঞ্জী**

**প্রবন্ধ ঃ**

মজুরি-ব্যবস্থায় সমাজবীমা ও রাষ্ট্রের প্রভাব
শ্রীবিনয়কুমার সরকার



## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের কথান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ধনবিজ্ঞানে সাকুল্যেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নরেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (পঙ্কজ বিশ্বাস) ।০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড্

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আশ্বিন—১৩৪৯ আর্থিক উন্নতি ১৭শ বর্ষ—৬ষ্ঠ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## কলিকাতার নলকূপের ক্ষতিনিবারণের চেষ্টা

বিমান-আক্রমণ প্রতিরোধ ব্যবস্থার অঙ্গহিসাবে গভর্ণমেণ্ট কলিকাতায় ২,৫০০ দুই হাজার পাঁচ শত নলকূপ খনন করিয়াছেন। এই সমুদয় নলকূপ সম্পূর্ণরূপে কার্য্যকরী অবস্থায় রাখার জন্য কলিকাতার প্রত্যেক নাগরিকের আন্তরিক সহযোগিতার একান্ত প্রয়োজন। যাহাতে নলকূপগুলির পাইপ চুরি না যায় তৎপ্রতি দৃষ্টি রাখিতে হইবে এবং ইচ্ছাপূর্ব্বক এইসমস্ত নলকূপের যে ক্ষতি করা হইতেছে, তাহাও যথেষ্ট পরিমাণে হ্রাস করিতে হইবে।

এইসব নলকূপ খননের কাজ বর্ত্তমান বৎসরের জানুয়ারী মাসে আরম্ভ করা হইয়াছিল এবং এপ্রিল মাসের মাঝামাঝি সময়েই ৩০টি নলকূপ হইতে পাইপ চুরি হয়। সাধারণতঃ এক একটি নলকূপ হইতে কয়েক খণ্ড পাইপ চুরি গিয়াছে। কিন্তু ১১টি নলকূপের সমস্ত পাইপই চুরি হইয়াছে। একথাও জানা গিয়াছে যে, এইসব চুরির ব্যাপারে কয়েকটি ক্ষেত্রে এমন লোক আছে—যাহারা নিজদিগকে কনট্রাক্টরের লোক এবং নলকূপ মেরামতের কাজে নিয়োজিত বলিয়া পরিচয় দিয়াছে। এই প্রকারের চুরি নিবারণ করিবার জন্য গভর্ণমেণ্ট সিদ্ধান্ত করিয়াছেন যে, বাঙলাদেশের জনস্বাস্থ্য বিভাগের চিফ্ ইঞ্জিনিয়ার কর্ত্তৃক নিয়োজিত নলকূপ মেরামতকারী মিস্ত্রী-গণকে নির্দ্দিষ্ট সরকারী ফর্ম্মে বিশেষ ছাড়পত্র দেওয়া হইবে। জনসাধারণকে উপদেশ দেওয়া যাইতেছে যে, কোন ব্যক্তি কোন নলকূপে সন্দিগ্ধভাবে হস্তক্ষেপ করিলে —বিশেষতঃ সন্ধ্যার পর ঐরূপ করিলে—তাহার নিকট হইতে যেন স্থানীয় লোকেরা ছাড়পত্র দাবী করেন এবং ছাড়পত্র দেখাইতে না পারিলে কিংবা ঐ ছাড়পত্র চিফ্-ইঞ্জিনিয়ারের প্রদত্ত নহে বলিয়া সন্দেহ হইলে নিকটস্থ

থানায় এ বিষয়ে যেন সংবাদ দেওয়া হয়। সন্দেহ হইলে ঐ মিস্ত্রীকে তাহার নাম দস্তখত করিতে বলিবেন এবং ঐ দস্তখত ও ছাড়পত্রের দস্তখত মিলাইয়া দেখিবেন। কিন্তু পাইপ চুরি ছাড়াও অনেক নলকূপেরই ইচ্ছাপূর্বক ক্ষতি করা হইতেছে বলিয়া মনে হয়। কারণ যেরূপ ক্ষতির কথা উল্লেখ করা হইতেছে, তাহা এরূপ ক্ষতি নহে যাহা আকস্মিকভাবে সংঘটিত হইতে পারে অথবা অত্যধিক অসাবধানতার জন্য ঘটিতে পারে। নূতন লাগান নাট ও বল্টু আপনাআপনি খুলিয়া পড়ে না, অথবা হ্যাণ্ডল, বহিরাবরণ ও প্ল্যাটফর্মও হঠাৎ ভাঙ্গিয়া যায় না। নিম্নলিখিত হিসাব হইতে জুন মাসের মাঝামাঝি পর্য্যন্ত কি পরিমাণ ক্ষতি হইয়াছে তাহা বুঝা যাইবে। ইহার মধ্যে স্বাভাবিক ব্যবহারজনিত ক্ষয় কিংবা যেসব নলকূপ একবার বা দুইবার ঐরূপে ক্ষতিগ্রস্ত হইয়াছে, তাহা ধরা হয় নাই :—

| ক্ষতির রকম | ক্ষতির সংখ্যা | নলকূপের সংখ্যা |
|---|---|---|
| ইচ্ছাপূর্বক | ৩ | ২৫৩ |
| ঐ | ৪ | ৬৪ |
| ঐ | ৫ | ১৩ |
| | ৬ | ৪ |

একটি নলকূপ এইভাবে ৭ বার নষ্ট করা হইয়াছে। এই প্রকার ক্ষতিজনক কার্য্য দৃঢ়তার সহিত দমন করিতে হইবে। প্রত্যেক নাগরিককে অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা যেন এইরূপ দুষ্কর্মকারিগণকে বুঝাইয়া দেন যে, তাহারা নাগরিকদের ও তাহাদের প্রতিবেশীদেরই দারুণ ক্ষতি করিতেছে। কারণ, মিউনিসিপ্যালিটীর স্বাভাবিক জলসরবরাহের ব্যবস্থা কোন কারণে নষ্ট হইয়া গেলে নাগরিকগণ নিকটবর্ত্তী কোন স্থানেই পানীয় জল পাইবে না।

যখন প্রথমে এই সমুদয় নলকূপ খনন করা হইয়াছিল, তখন অভিযোগ উত্থিত হইয়াছিল যে, ঐসব কূপে জল পাওয়া যায় না এবং যে জল আসে তাহাও খারাপ। প্রত্যেক নলকূপের জল পরীক্ষা করা হইয়াছে ও উহার গুণাগুণ বিশ্লেষণ করিয়া দেখা হইয়াছে। বিশ্লেষণে যেসব কূপের জল ভাল নয় বলিয়া রিপোর্ট পাওয়া গিয়াছে, সেগুলির গুণাগুণ পুনরায় নির্ণয় করা হইয়াছে এবং তাহার মধ্যে অনেকগুলির জল ভাল বলিয়া নির্দ্ধারিত হইয়াছে ও বাকীগুলির গুণাগুণ নির্ণয়ের আরো ব্যবস্থা করা হইবে। কতকগুলি নলকূপে জল সহজে উঠে না এবং কতকগুলি স্বাভাবিক ব্যবহারজনিত ক্ষয়ের দরুণ সাময়িকভাবে ব্যবহারের অযোগ্য হইয়াছে। জনস্বাস্থ্য বিভাগের চিফ্ ইঞ্জিনিয়ারের অধীনে বিশেষভাবে নিয়োজিত কতকগুলি কর্ম্মচারী এইসব নলকূপ কার্য্যকরী অবস্থায় রাখার জন্য নিযুক্ত আছে। নলকূপগুলির পরিদর্শন, তত্ত্বাবধান ও মেরামতের কাজ যথারীতি চলিতেছে। কিন্তু যদি কেহ দেখিতে পান যে, কোন নলকূপ কয়েক দিন যাবৎ খারাপ হইয়া পড়িয়া আছে, তাহা হইলে তিনি কর্পোরেশনের নিকটতম ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার অথবা জনস্বাস্থ্য বিভাগের চিফ্ ইঞ্জিনিয়ারের নিকট ঐ বিষয়ে সংবাদ দিবেন।

## পল্লী-উন্নয়ন

বরিশাল জিলার পটুয়াখালী মহকুমায় পাটচাষ-নিয়ন্ত্রণ ও পল্লী-উন্নয়ন বিভাগের ইন্সপেক্টর ও তাহার সহকর্ম্মিগণের চেষ্টায় ও তত্ত্বাবধানে পটুয়াখালীতে পাটচাষ-নিয়ন্ত্রণ, পল্লী-উন্নয়ন ও খাদ্যশস্যের চাষবৃদ্ধি, গ্রামরক্ষিবাহিনী গঠন প্রভৃতি কার্য্য বিশেষ সফলতা ও তৎপরতার সহিত পরিচালিত হইতেছে। খাদ্যশস্য ও তরিতরকারীর চাষ বৃদ্ধির জন্য মহকুমার বিভিন্ন স্থানে সভা সমিতি, বিজ্ঞাপন, নানাপ্রকার সঙ্গীত ও পোষ্টার সহযোগে শোভাযাত্রাদ্বারা সাফল্যের সহিত প্রচার-কার্য্য চলিতেছে। ফলে পাটচাষ হ্রাস পাইয়া খাদ্যশস্য ও তরিতরকারীর চাষ বৃদ্ধি পাইতেছে। প্রচারের ফলে প্রায় প্রতি গ্রামেই গ্রামরক্ষিবাহিনী গঠিত হইয়াছে। সোনাতলা পল্লী সমিতির অধীন গ্রামরক্ষিবাহিনী কর্ত্তৃক দুইটী চোর ও একটি গুণ্ডা ধৃত হইয়াছে এবং বলিষাখালী সমিতির অধীন রক্ষিবাহিনী কর্ত্তৃক ৩টী ডাকাত ধৃত হইয়াছে এবং তাহাদিগকে থানায় চালান দেওয়া হইয়াছে।

বর্ত্তমান সনের ১৫ই এপ্রিল পর্য্যন্ত যেসকল জনহিতকর কার্য্য সমাধা হইয়াছে, তাহার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল :—

(১) সমিতি সংগঠন

(২) তহবিল—

| | |
|---|---|
| বাৎসরিক আয় | ৪,১২১৷৹ |
| বাৎসরিক খরচ | ৩,৮১২৷৹ |
| বর্ত্তমান তহবিল | ৩৭২৲ |

(৩) বিভিন্ন কার্য্যের পরিমাণ ও মূল্য—

| | | |
|---|---|---|
| (ক) রাস্তা তৈয়ার | ½ মাইল | ৪১২৷৹ |
| (খ) কচুরিপানা ধ্বংস | ৪৫ একর | ৫০০৲ |
| (গ) জঙ্গল পরিষ্কার | ১৫ ,, | ৩০০৲ |
| (ঘ) বাঁধ তৈয়ার | ১০টী | ২,৫০০৲ |
| | | ৩,৮১২৷৹ |

(৪) বিশেষ কার্য্যের সংখ্যা—(ক) পাঠাগার স্থাপন—আমতলী, বরগুণা, দেউলী ও ঝাটাবনিয়া গ্রামে ৪টী পাঠাগার স্থাপন করা হইয়াছে।

(খ) খেলার মাঠ প্রস্তুত—কাউনিয়ায় ১টী ছেলেদের খেলার মাঠ প্রস্তুত হইয়াছে।

(গ) কৃষি ফার্ম্ম স্থাপন—খলিসাখালী, লোহালিয়া, লাভকাঠি, কাউনিয়া ও ধামুরা গ্রামে ৫টী কৃষিফার্ম্ম স্থাপিত হইয়াছে।

(ঘ) বয়স্কদের শিক্ষা—বিভিন্ন স্থানে ১৪১টী নৈশ বিদ্যালয় স্থাপন করা হইয়াছে। ছাত্রসংখ্যা ২,৭২১।

(ঙ) সভাসমিতি—মহকুমার বিভিন্ন স্থানে সাফল্যের সহিত ৪৭০টী সভা-সমিতির অনুষ্ঠান করা হইয়াছে।

## টিটাগড় কাগজের কল

এই বৎসর টিটাগড় পেপার মিলের হীরক জয়ন্তী অনুষ্ঠিত হইবে। এই কোম্পানী একটি যন্ত্র লইয়া ১৮৮২ সনে স্থাপিত হয় এবং ১৮৮৪ সনে কাগজ প্রস্তুত আরম্ভ করে। অবিলম্বে কোম্পানীর সাফল্য দেখা যায় এবং ১৮৯২ সনে আরও দুইটি যন্ত্র বসান হয়। ভারতে সর্ব্বপ্রথম ১৮৬৭ সনে বালিতে একটি কাগজের কল স্থাপিত হয়। ক্রমে উহা টিটাগড় পেপার মিল্‌সের হাতে আসিয়া পড়ে। ১৮৯৫ সনে জার্ম্মাণি ও অষ্ট্রেলিয়া হইতে সস্তাদরের কাগজ আমদানি হইতে থাকায় ভারতের কাগজ-শিল্পের বিপদ হয়। ইহার ফলে ১৯০০ সনের পরে ভারতের প্রায় প্রত্যেকটি কাগজের কল কারবার গুটাইয়া ফেলে। টিটাগড় পেপার মিল ইহাতে না দমিয়া ক্রমেই কারবার বাড়াইতে থাকে এবং ১৯০২ সনে ইম্পিরিয়াল পেপার মিল ও ১৯০৪ সনে বালির রয়্যাল পেপার মিল ক্রয় করে।

প্রথম মহাযুদ্ধের সময় চাহিদা মিটাইবার জন্য টিটাগড় পেপার মিল প্রচুর পরিমাণ কাগজ প্রস্তুত করিতে থাকে। যুদ্ধের পর সারা বিশ্বে কাগজ-শিল্পের বিপদ দেখা দেয়। নানাদিক্ দিয়া ভারতের কাগজ-শিল্পের দুর্দ্দিনপাক সৃষ্টি হইতে থাকে।

বহু আবেদন-নিবেদনের পর ১৯২৪ সনে ভারত সরকার ভারতের মিলগুলিকে সংরক্ষণ শুল্কের সুবিধা দেয়। এই সুবিধা পাইয়া টিটাগড় পেপার মিল প্রায় ২৪ লক্ষ টাকা ব্যয় করিয়া টিটাগড় ও কাঁকিনারায় শিল্পের প্রসার সাধন করে। নূতন নূতন ভবন ও যন্ত্রপাতি স্থাপিত হয়। ইহার ফলে শ্রেষ্ঠ ধরণের আমদানি কাগজের মতই টিটাগড় কাগজ প্রস্তুত হইয়া থাকে এবং দামও পূর্ব্বাপেক্ষা কম। খুব ভাল কাগজ প্রস্তুত করিতে "সাবাই" ঘাসের ব্যবহারে এবং বাঁশের মণ্ড হইতে উন্নত ধরণের কাগজ প্রস্তুতের ব্যাপারে টিটাগড় পেপার মিল গৌরব করিতে পারে।

এই মিলে বৎসরে ৩০ হাজার টনের অধিক কাগজ প্রস্তুত হইয়া থাকে। বর্ত্তমানে অধিকাংশ কাগজ কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার এবং সৈন্য ও অন্যান্য সামরিক বিভাগকে দেওয়া হইতেছে।

## কাপড় কাচিবার সহজ উপায়

দেশের বর্ত্তমান পরিস্থিতিতে সোডা ও সাবান দুর্ম্মূল্য ও দুষ্প্রাপ্য হওয়ায় উহার অবশ্যম্ভাবী বিপদ নিবারণের জন্য উহার পরিবর্ত্তে কাঠের ভস্ম অর্থাৎ সাদা ছাই

ব্যবহারের বিষয় পূর্ব্বে নীহারে প্রকাশিত হইয়াছে। এতদ্ব্যতীত আর একটী উপায়েও ঐ অভাব দূর করিতে পারা যায়। তাহা হইতেছে এই :—কলাগাছ এতদঞ্চলের প্রায় সর্ব্বত্র গৃহস্থমাত্রেরই বাড়ীতে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। ঐ কলাগাছের শুকনা খাকল অর্থাৎ খোসা ও পত্রাদি পৃথকভাবে উনুনে জ্বাল দিলে উহার যে সাদা ছাইগুলি উনুনের মধ্যে জমা হইবে, সেইগুলিকে যত্নে উঠাইয়া ও পরিষ্কার জলে মিশাইয়া এবং সেই জলকে একটু গরম করিয়া কাপড়গুলি উহাতে সাবান বা সোডার ন্যায় উত্তমরূপে কাচিয়া ধুইয়া লইলে কাপড় বেশ পরিষ্কার হইয়া থাকে। এই পদ্ধতি বাঙ্গলার স্বদেশী যুগের বিশেষ পরীক্ষিত। বিদেশী পণ্য বর্জ্জনের যুগে ইহা অধিকাংশ লোকই পরীক্ষা করিয়া গ্রহণ করিয়াছিলেন। কলার এই শুকনা খাকলাদি উনুনে ব্যবহারে এক দিকে যেমন জ্বালানীর খরচ কতকটা বাঁচে, তেমনি উহার ছাই দ্বারায় সোডা ও সাবানের অভাব কতকটা মিটিয়া সহজে কাপড় কাচা হয়। সুতরাং দুই দিকেই ইহাতে লাভ। অভাব দেখা দিলে সঙ্গে সঙ্গে তাহা মিটাইবার উপায়ও হইয়া থাকে। কাজেই বর্ত্তমান সময়ের যুগে সকলের ইহা একবার পরীক্ষা করিয়া দেখা উচিত। কাঠের ভস্ম অর্থাৎ সাদা ছাই ব্যবহারের বিষয় কিছু জানিবার আবশ্যক হইলে সেবাসঙ্ঘে খোঁজ লইবেন।

(নীহার)

### বিনা কেরোসিনে হ্যারিকেন জ্বালান

ওয়ার্ধা নিখিল-ভারত গ্রামোদ্যোগ সঙ্ঘের কার্যালয় হইতে একপ্রকার নূতন ধরণের হ্যারিকেন গঠন বাহির করা হইয়াছে। উহাতে কেরোসিন তৈলের দরকার হয় না। সরিষা, রেড়ী বা যে-কোন উদ্ভিজ্জ তৈলে উহা জ্বলে। কেহ উহার নমুনা দেখিতে বা উহার খবর জানিতে চাহিলে কাঁথি বাজারে কবিরাজ শ্রীযুক্ত রঘুনাথ মাইতির নিকট অনুসন্ধান করুন। সাধারণ হ্যারিকেন লণ্ঠনকে একটু অদল-বদল করিয়া উহা প্রস্তুত করা যায়। ( নীহার।

### মহীশূরে রেডক্রস সোসাইটী

রেডক্রস সোসাইটী মনুষ্যত্বের বেদীতে নীরবে অঞ্জলি দিয়া আসিতেছে। আজ যুদ্ধের রক্তলীলার মধ্যে যেমন রেডক্রস মনুষ্যত্বের বাণী লইয়া ফিরিতেছে ঠিক সেই রকম শান্তির সময়েও মানবের সেবায় উক্ত সোসাইটী নীরবে কার্য্য করিয়া আসিয়াছে। মহীশূর ষ্টেটেও এই রেডক্রস সোসাইটী আপন কার্য্য করিতে শাখা বিস্তার করিয়াছে। ভারতের পল্লীজীবনই প্রধান। রেডক্রস এই পল্লীতেই তাহার সেবার কোমল হস্ত প্রসারিত করিয়া দিয়াছে। মহীশূরে মৃত্যু-সংখ্যা কেবল-মাত্র ম্যালেরিয়াই ৩২,০০০।

রেডক্রসের মেটারনিটি এবং চাইল্ড-ওয়েলফেয়ার সেন্টার শত শত দরিদ্র নারী ও শিশুকে মৃত্যু ও রোগ-কষ্ট হইতে মুক্তি দিবার জন্য চেষ্টা করিতেছে।

### মহীশূর ষ্টেটে শ্রমিক-সমস্যা ও শ্রমিক আইন

যেসকল কারখানায় দশজন অথবা তাহার অধিক লোক নিয়োগ করা হয় তাহাদিগকে শ্রমিক আইনের অন্তর্গত বলিয়া ধরিয়া লওয়া হয়। উহার সংখ্যা ১৯৩২ সনে ছিল ২৭২, কিন্তু ১৯৩৯ সনে উহার সংখ্যা হয় ১৩। ১৯৪১ সনে এগারটী শ্রমিক বিবাদ হইয়াছে বলিয়া অবগত হওয়া গিয়াছে। তাহার মধ্যে নয়টী সংঘটিত হয় বাঙ্গালোরে এবং দুইটী ঘটে কোলার অঞ্চলে। বাঙ্গালোরের পশম, তুলা ও রেশম কারখানায় তিনটী বিবাদ হয়। মিনার্ভা মিলে তিনটী বিবাদ হয়। মহীশূর স্পিনিং এবং ম্যানুফ্যাকচারিং কোং লিঃতে দুইটী বিবাদ হয় এবং একটী কৃষ্ণা উইভিং মিলে হয়। বাঙ্গালোরের শ্রমিক বিবাদের ফলে ১৯,৭৮০ জন কষ্ট পায়। কোলার স্বর্ণ খনির বিবাদে ৩৬,১১৩ জন শ্রমিক বিজড়িত হয়। বিবাদের জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক একটি কমিটি নিয়োগ করা হইয়াছিল। এইসকল বিষয়ে অনুসন্ধান করার উদ্দেশ্যে এবং শ্রমিকদের কি কি দুঃখকষ্ট আছে তাহার সম্বন্ধে বিবেচনা করিয়া একটী রিপোর্ট দাখিল করার জন্য উক্ত কমিটিকে অনুরোধ করা হইয়াছিল।

### ভারতের চিনাবাদাম

চিনাবাদাম যে কেবলমাত্র ভারতেই বাবহৃত হয় তাহা নহে, ইহা বহু পূর্ব্ব হইতেই ইয়োরোপ প্রভৃতি অঞ্চলেও রপ্তানি করা হইত। ১৮৪০ সন হইতে ইয়োরোপে এই চিনাবাদাম পাঠানোর ব্যবস্থা আমরা জানিতে পারি। উহার চল্লিশ বৎসর পরে আমরা জানিতে পারি ১,৩০০ টন বাদাম পাঠানো হইয়াছে। ইহার অধিকাংশই ফরাসী দেশে রপ্তানি করা হইত। ঊনবিংশ শতাব্দীতে ইহার কাণিজ্য যথেষ্ট পরিমাণে কমিয়া গিয়াছিল। তাহার কারণস্বরূপ বলা যায় যে, মাদ্রাজ ও বোম্বের ফসল কিছু নিকৃষ্ট শ্রেণীর হইয়া গিয়াছিল।

১৯০০-১৯০১ সন হইতে যখন উক্ত ফসলের রোগ নিবারণের পন্থা জানা গেল তখন আবার উহার চাষ বৃদ্ধি পাইল। সেনিগল এবং মোজাম্বিক হইতে অধিক তৈল বীজ উৎপাদন করার পন্থা ও রোগ নিবারণের উপায় প্রথম আবিষ্কৃত হয়। এই বাদাম চাষের জন্য যেরূপ ভূমির আবাদ হইত তাহার পরিমাণ নিম্নের তালিকায় দেওয়া গেল।

১৯১৪-১৫ হইতে ১৯৩৪-৩৫ সন পর্য্যন্ত যত ভূমিতে বাদাম চাষ হইয়াছে তাহার বিবরণ :—

| বৎসর | ভূমির পরিমাণ (একর হিঃ) | উৎপাদন (টন হিঃ) |
|---|---|---|
| | ২,৪১৩,০০০ | ৯৪৭,০০০ |
| | ১,৪০৭,০০০ | ৬২৬,০০০ |
| | ৬,৫৭৯,০০০ | ২,৭৬৬,০০০ |
| | ৫,৪৮৯,০০০ | ২,২৬৮,০০০ |
| | ৭,৪০৯,০০০ | ২,৯৯৭,০০০ |
| | ৮,২২৬,০০০ | ৩,৩৩০,০০০ |
| | ৫,৭৬৬,০০০ | ১,৮৮৩,০০০ |

## ব্রিটিশ ভারত হইতে বিভিন্ন দেশে বাদাম রপ্তানির তালিকা

( টন হিঃ )

| | ১৯১৮-১৯ | ১৯৩৪-৩৫ |
|---|---|---|
| ফ্রান্স | ২,৫৫৩ | ৯৯,২৬২ |
| বেলজিয়াম | × | ১৩,৯৫৭ |
| নেদারল্যাণ্ড | × | ১১৪,৮১৩ |
| ইউনাইটেড কিংডম | ৪০২ | ১৩৪,১৯৬ |
| জার্ম্মানি | × | ৬৫,১১৬ |
| ইতালী | ২,০৩০ | ৫৪,৩৭০ |
| অন্যান্য দেশ | ১২,২১৪ | ২৯,৪৮৬ |

## ভারতে ম্যাঙ্গানিজ খনি

১৮৯২ খৃঃ অঃ হইতে ম্যাঙ্গানিজ নামক খনিজ পদার্থের ব্যবহার চলিতেছে। ইহা সাধারণতঃ নাগপুর ডিষ্ট্রীক্ট, ভাণ্ডারা, চিন্দওয়ারা এবং মধ্যপ্রদেশে প্রাপ্ত হওয়া যায়। বিহারের সিংভূম ডিষ্ট্রীক্টেও ইহার খনি আছে।

১৯৩৫ সনে নিম্নরূপ ম্যাঙ্গানিজ প্রাপ্ত হওয়া গিয়াছিল—

| প্রদেশ | পরিমাণ (টন হিঃ) | টন-পিছু দাম (পাউণ্ড হিঃ) |
|---|---|---|
| সেণ্ট্রাল প্রভিন্স | ৩৮৫,১৭৯ | ১·৭ |
| বোম্বে প্রেসিডেন্সি | ৪,৮৬৬ | ১·৬ |
| বিহার ও উড়িষ্যা | ৭৪,৯৯৬ | ১·২ |
| মহীশূর | ৮৭১ | ১·২ |
| মাদ্রাজ প্রেসিডেন্সি | | |
| মোট | ৬৪১,৪৮৬ | ১·৪ |

## সোরার বাণিজ্য

সল্টপিটার ( পোটাসিয়াম নাইট্রেট ) কলকারখানার জন্য বিশেষ উপযোগী। কাচ-শিল্পে, খাদ্য-রক্ষার জন্য এবং জমির সারের জন্য ইহার ব্যবহার খুবই বেশী। পাঞ্জাব, বিহার ও যুক্ত-প্রদেশেই ইহার উৎপাদন সীমাবদ্ধ। নর্দ্দার্ণ ইণ্ডিয়া সল্ট রেভিনিউ ডিপার্টমেণ্ট কর্ত্তৃক ইহার উৎপাদন সম্বন্ধে লাইসেন্সের ব্যবস্থা করা হইয়াছে। যুক্ত-প্রদেশের ফরাক্কাবাদেই ইহার বেশীর ভাগ উৎপাদন হয়।

১৯৩১-৩২ হইতে ১৯৩৫-৩৫ পর্য্যন্ত যেভাবে সোরা তৈয়ারি হইয়াছে তাহার তালিকা (মণ হি:)—

( মণ = ৭৪·৬৭ পাউণ্ড )

| বৎসর | বিহার | যুক্ত প্রদেশ |
|---|---|---|
| ১৯৩১-৩২ | ২৯,৬৭০ | ৫৮,০৬০ |
| ১৯৩২-৩৩ | ৪০,৯৬৪ | ৪৯,৯৩৫ |
| ১৯৩৩-৩৪ | ৬২,৮৭১ | ৫৯,৯৯৯ |
| ১৯৩৪-৩৫ | ৬৩,৩১২ | ৬৬,৫২৩ |
| ১৯৩৫-৩৬ | ৮৮,৫০০ | ৫৮,৩০০ |

বিভিন্ন দেশে সোরা রপ্তানি

| দেশ | ১৯৩৩-৩৪ | ১৯৩৪-৩৫ |
|---|---|---|
| আমেরিকা | × | × |
| চায়না | × | × |
| যুক্তরাজ্য | ৫৭,০২৪ | ৩৭,৫৭৪ |
| মরিসাস | ৮৮,০৫৪ | ৭০,২৪৭ |
| সিংহল | ২১,১০৮ | ৪০,৪০৯ |
| ষ্ট্রেট সেটল্‌মেণ্ট | ৪,২৯৬ | ৪,৫০৭ |
| অন্যান্য দেশ | ১৭,৫৬০ | ১৯,৮৫৬ |

## ককেসাসের তৈল-সম্পদ

১৯৩৯ সনে সমগ্র পৃথিবীতে মোট ২৮ কোটি ৩০ লক্ষ টন তৈল উৎপন্ন হয়, উহার মধ্যে আমেরিকায় ১৭ কোটি ১০ লক্ষ টন এবং রাশিয়ায় ৩ কোটি টন। বর্তমানে রাশিয়ায় বাৎসরিক ৪ কোটি ৮০ লক্ষ টন তৈল উত্তোলিত হইতেছে। ইহার মধ্যে এক ককেসাসেই ৪ কোটি ১০ লক্ষ টন উৎপন্ন হয়। বাকী উৎপন্ন হয় সাইবেরিয়া, শাখালিন এবং উরাল এলাকায়।

ককেসাসে তিনটি তৈলখনি আছে উত্তর-পূর্বে মাইকপ-ক্রাসনোডর, মধ্যভাগে গ্রজনি এবং দক্ষিণ-পূর্বে বাকু। ইহার মধ্যে এক বাকুতে ৩ কোটি টন এবং অপর দুইটিতে ১ কোটি টন তৈল উত্তোলিত হয়।

মাইকপ-ক্রাসনোডর তৈলখনি হইতে টুয়াপসে বন্দর পর্যন্ত একটি পাইপ লাইন গিয়াছে, আর একটি পাইপ লাইন আর্ক্যাভির হইতে আসিয়া ইহার সহিত মিলিত হইয়াছে এবং এই দুইটি পাইপ লাইন একত্রে গ্রজনি-আর্ক্যাভির-রস্তভ-চনবাস প্রধান পাইপ লাইনের সহিত মিলিত হইয়া তরোনভ পর্যন্ত গিয়াছে। গ্রজনির পূর্ব-দিক্ দিয়া আর একটি পাইপ লাইন কাস্পিয়ান সাগর তীরবর্তী মাহাচকালা বন্দর পর্যন্ত গিয়াছে। এখান হইতেই আস্ট্রাখান এবং ভলগা নদীপথে তৈল সরবরাহ করা হয়।

যেপর্যন্ত ভলগা নদীতে জাহাজ চলাচলের সুবিধা থাকিবে সে পর্যন্ত বাকু ও গ্রজনি হইতে উত্তর ও মধ্য রাশিয়ায় তৈল প্রেরণের কোন অসুবিধা হইবে না। আর ভলগার পথ জাহাজের দ্বারা অবরুদ্ধ হইলে রাশিয়াকে গ্রজনি, বাকু ও বাটুমের তৈলখনি হারাইতে হইবে। তবুও সোভিয়েট নৌবহর যতদিন পর্যন্ত কৃষ্ণসাগরে আধিপত্য করিতে পারিবে ততদিন পর্যন্ত বাটুম হইতে তৈল সরবরাহ করা চলিবে।

## মার্কিণদেশে ফার্মের আয় (১৯৪০-১৯৪১)

| আয়ের পথ | জানু-ডিসেম্বর ১৯৪০ (মিলিয়ন ডলার হিঃ) | জানু-ডিসেম্বর ১৯৪১ (মিলিয়ন ডলার হিঃ) |
|---|---|---|
| ফার্ম মার্কেটিং হইতে আয় | ৮,৩৩১ | ১১,১৮৫ |
| সকল রকম শস্য হইতে আয় | ৩,৪০৯ | ৪,৭২৪ |
| শস্য | | ১,৩৩৪ |
| তুলা ও তুলার বীজ | | ১,১০৭ |
| ফল ও বাদাম | | ৬০৭ |
| শাকসব্জী | | ৭৫২ |
| তামাক | | ৩২৫ |
| সকল রকম গবাদি জন্তু | | ৬,৩৯১ |
| মিট অ্যানিম্যাল | | ৩,৩৩৫ |
| ডেয়ারি উৎপাদন | | ১,৮৬০ |
| পোলট্রি এবং ডিম | | ১,০১২ |
| গভর্নমেন্ট পেমেন্ট | | ৪৮৬ |
| নোট আয় (গভর্নমেন্ট পেমেন্ট ধরিয়া) | ১,১২৭ | ১১,৭৭১ |

উপস্থিত ও চলতি আর্থিক অবস্থা পর্যবেক্ষণ করিয়া আশা করা যায় যে, ১৯৪২ সনের আয় প্রায় ১৪ বিলিয়ন ডলার হওয়ার সম্ভাবনা আছে। ১৯১৯ সনের যে আয়ের সংখ্যা ১৪·৬ বিলিয়ন তাহাই সর্ব্বাপেক্ষা অধিক বলিয়া অবগত হওয়া যায়। কিন্তু এক্ষণে ১৯১৯ সন অপেক্ষা অল্প সংখ্যক কার্য্য ও চাষী রহিয়াছে। কাজেই এই বৎসরের আয়ের হার মাথা-পিছু এবং কাজ-পিছু হিসাবে অন্যান্য বৎসর অপেক্ষা অধিক হইবে বলিয়া আশা করা যায়।

## মার্কিণদেশে ডেয়ারী উৎপাদন

নিম্নলিখিত তালিকায় দেখা যাইবে, মার্কিণ দেশে ১৯৪১ সনে কিরূপ ডেয়ারী উৎপাদন হইয়াছিল এবং ১৯৪২ সনেই বা উহার বিভিন্ন ষ্টেটগুলি কত পরিমাণ উৎপাদন করিবে বলিয়া মনে করে :—

( মিলিয়ন ডলার হিঃ )

| ষ্টেট্ | ১৯৪১ সনের উৎপাদন | ১৯৪২ সনের উৎপাদনের আশা | ১৯৪১ সনের উপর ১৯৪২ % |
|---|---|---|---|
| উইসকনসিন | ১৩,৬২৫ | ১৫,৪০০ | ১৩ |
| মিনেসোটা | ৮,৮২৬ | ২,৪৯০ | |
| নিউ ইয়র্ক | ৭,৯৯০ | ৮,৩৯০ | |
| আয়োয়া | ৬,৯২০ | ৭,২৮০ | |
| ইলিনয়স | ৫,৫০৯ | ৫,৮০০ | |
| মিচিগান | ৫,১২৫ | ৫,৫৪০ | |
| ক্যালিফোর্ণিয়া | ৫,০২১ | ৫,৬৫০ | |
| পেনসিলভেনিয়া | ৪,৯১৮ | ৫,১৪০ | |
| ওহিও | ৪,৮৩৮ | ৫,২৭০ | |
| টেক্সাস | ৪,৪৯৫ | ৫,৭৬০ | |

অন্যান্য ষ্টেটেও উৎপাদনের হার বৃদ্ধি হইবে বলিয়া জানা গিয়াছে যেমন ম্যাসাচুসেটস, ডেলাওয়ার্ড এবং রোড আইল্যাণ্ডে ৩% এবং মিসিসিপি ও টেনেসিতে ১৫% পর্য্যন্ত বৃদ্ধি পাইতে পারে। ফার এয়েষ্টের উইসকনসিন ষ্টেটে সর্ব্বাপেক্ষা অধিক পারসেণ্টেজ বৃদ্ধি পাইবে বলিয়া অবগত হওয়া গিয়াছে। ইহার কারণ হইল ১৯৪২ সনে যে পারসেণ্টেজ উৎপাদন বৃদ্ধির আবশ্যক তাহার জন্য উপযোগী কলকব্জা প্রভৃতির আমদানি করা হইয়াছিল উইসকনসিন ও ফার ওয়েষ্টে।

## সিকাগোতে আত্মহত্যার সংখ্যা

১৯২৯-১৯৩৫ সনের মধ্যে হাজারে যত লোক আত্মহত্যা করিয়াছে তাহার হিসাব নিম্নের তালিকায় দেওয়া গেল :—

| দেশীয় লোকসংখ্যার মধ্যে, হাজারে | বিদেশী জন্ম, হাজারে |
|---|---|
| | ১·৬০ |
| | ১·২৩ |
| | ৩·০২ |
| | ·৩১৭ |
| | ৩.৩১ |
| | ৩·২৬ |
| | ১·১০ |

## ফরাসী দেশে "কলেকটিভ এগ্রিমেণ্ট"

১৯৩৮ সনের ১২ই নবেম্বর তারিখের আইন অনুসারে শিল্প ওয়ার্কের জন্য কলেকটিভ এগ্রিমেণ্ট নিষিদ্ধ হইয়াছিল। কিন্তু ২২শে আগষ্ট ১৯৪১ সনে আবার একটী আইন পাশ হইয়াছে যাহার জোরে কলেকটিভ এগ্রিমেণ্ট করার বাধা তুলিয়া লওয়া হইয়াছে।

প্যারিসিয়ান ড্রেসমেকিং ইণ্ডাষ্ট্রি কিন্তু ঐ ধরণের শিল্প ওয়ার্ক সিসটেম পছন্দ করে না বলিয়া প্রকাশ। কারণ তাহাতে "ড্রেস" ভালভাবে তৈয়ারী করা সম্ভব নহে।

## ফরাসী দেশে চাষের শিক্ষা

১৯৪০ সনের গ্রীষ্মকাল হইতে ফরাসী দেশে চাষের শিক্ষার জন্য বিশেষ বন্দোবস্ত হইয়াছে। ২৭শে আগষ্ট ১৯৪০ সনে একটী বিশেষ আইন পাশ হয়, যাহার দ্বারা

চাষের অ্যাপ্রেনটিস খাটার নিয়ম ও এ্যালাউয়েন্সের ব্যবস্থা ১৯৪১ সনের ১লা জুন তারিখে নূতন ধরণের পাবলিক উদ্বিখিত হইয়াছে। ইহা আবার সংশোধিত হইয়া এগ্রিকালচারাল এডুকেশন হইয়াছে।

## যুদ্ধের সময়ে গ্রেটব্রিটেনে বেকার-সংখ্যা

| তারিখ | মোট আয় | সম্পূর্ণ বেকার মোট | পুরুষ | বালক | নারী | বালিকা | সাময়িক বন্ধ | সাময়িক মজুরের বেকার |
|---|---|---|---|---|---|---|---|---|
| আগষ্ট ১৯৩৯ | ১,২৩১,৬২২ | | ৭২৯,৮৭৭ | ৩৫,৩৪৩ | ১৬৭,৭৫৪ | ৩৪,১২৪ | | ৫১,৬০৬ |
| ডিসেম্বর ১৯৩৯ | ১,৩৬১,৪২৫ | | ৭৬৩,৬৯৯ | ৩৫,৫০৬ | ৩২৫,১৬৬ | ৪৮,৪২৭ | | ৪৭,৬৬২ |
| এপ্রিল ১৯৪০ | ৯৭২,৬২৫ | | ৪৩৮,৫৭০ | ২১,৫২৮ | ২৪৩,৪৮০ | ৩৬,৪৪৯ | | ৪২,৪৮৬ |
| আগষ্ট ১৯৪০ | ৭৯৯,৪৭২ | | ৩০৩,৯৭৯ | ২৭,১৬৮ | ২৩৫,১৯২ | ৪৬,৮১৭ | | ৩১,৯১৬ |
| ডিসেম্বর ১৯৪০ | ৭০৫,২৭৯ | | ২৪৮,০৬৮ | ১৬,৯৪৩ | ২৪৪,১৬১ | ৩২,৭২৩ | | ২১,৫৩১ |
| এপ্রিল ১৯৪১ | ৪১২,৫১১ | | ১৩২,৮৯৫ | ১৭,৩৪৪ | ১৩৩,০৫৬ | ২৮,৪৭৭ | | ১৬,৩৬৬ |
| আগষ্ট ১৯৪১ | ২৭০,২৮২ | ২১২,৭৭১ | ২৮,৭৩৭ | ১৭,৩৯০ | ৮২,২০৮ | ২১,৪৩৬ | | ১২,৫৬৮ |
| অক্টোবর ১৯৪১ | ২১৬,১৯৯ | ১৮৫,৮৫০ | ৮৫,৫৯৮ | ১১,৪৩৬ | ৭২,৭৮৯ | ১৬,০২৭ | | ৯,৮৯৭ |

## এক অথবা একাধিক বর্ষব্যাপী বেকার

১৮ হইতে ৬৪ বৎসর বয়ঃক্রম যাহাদের এমন ধারা যে সব পুরুষ একবৎসর কাল অথবা তাহার অধিক সময় বেকার অবস্থায় আছে, তাহাদের সংখ্যা নিয়ে দেওয়া গেল :—

| রেজিষ্টারের বৎসর | ১৪ই আগষ্ট ১৯৩৯ সংখ্যা | শতকরা হিঃ % | ১লা জানুয়ারী ১৯৪০ সংখ্যা | শতকরা হিঃ % | কমতি ১৯৩৯ আগষ্ট সংখ্যা | শতকরা হিঃ % |
|---|---|---|---|---|---|---|
| ১ কিন্তু ২ বৎসর কম | ৭৭,১৪৭ | ৩৪·৬ | ৪০,৬০৫ | ২৯·৬ | | ৪৭·৭ |
| ২ ,, ৩ | ৪৩,০৫৪ | ১৯·৩ | ২৬,১৮৭ | ১৯·১ | | ৩৯·২ |
| ৩ ,, ৪ | ৩৯,৬৮৫ | ১৮·৪ | ২৩,৬১৩ | ১৭·৩ | | ৩৫·৬ |
| ৪ ,, ৫ ,, | ১৬,৯৮০ | ৭·৬ | ১০,০২৪ | ৭·৩ | ৬,৯৫৬ | ৪১·০ |
| ৫ অথবা অধিক | ৪৯,২৩২ | ২২·১ | ৩৬,৪৪০ | ২৬·৭ | ১২,৭৯২ | ২৭·০ |
| মোট | ২২৩,০৯৮ | | ১৩৬,৬৬৯ | | ৮৬,৪২৯ | ৩৮·৭ |

• মিনিষ্ট্রি অব লেবার গেজেট ( জানুয়ারী ) হইতে গৃহীত।

### রাউ কমিটির বিল

সার বেনিগল নরসিংহ রাউ দুইটী বিল তৈয়ারি করিয়া সাধারণের মতামতের জন্য পাঠাইয়াছেন। ইহার একটী বিল হইল হিন্দু বিবাহ সম্বন্ধে সংস্কার এবং দ্বিতীয়টী হইল ইনটেসটেট সম্পত্তির উত্তরাধিকার সম্বন্ধে।

প্রথমটিতে হিন্দু বিবাহ সম্বন্ধে বিশেষ আইন একত্রে সঙ্কলন করা হইয়াছে। বিবাহ হইতে কি কি কর্ত্তব্য ও স্বত্ব উৎপন্ন হয়, বিবাহ-বিচ্ছেদ, বিভিন্ন স্থানে বসবাস, খাই খরচা এবং ডিভোর্স। এই কমিটি আরও মত প্রকাশ করেন যে, হিন্দুদের মধ্যে এক নারীকে বিবাহ করার নীতি পালন করা বাধ্যতামূলক হওয়া বাঞ্ছনীয়।

### ল্যাটিন আমেরিকার ওয়ার্কার্স অর্গ্যানিজেসন

মেক্সিকো নগরে ১৯৪১ সনে ২৬শে নবেম্বর তারিখে ল্যাটিন আমেরিকার ওয়ার্কার্স কনফেডারেসনের সভা আহূত হইয়াছিল। এখানে বিভিন্ন রাষ্ট্রের ওয়ার্কার্স অর্গ্যানিজেসন হইতে প্রতিনিধি উপস্থিত হইয়াছিলেন। তন্মধ্যে নিম্নলিখিত দেশগুলির নাম উল্লেখযোগ্য :— আর্জেনটিনা, কলাম্বিয়া, কষ্টারিকো, কিউবা, চিলি, ইকোয়েডার, মেক্সিকো, নিকারাগুয়া, পানামা, পুয়েটোরিকো, উরাগুয়ে, ভেনেজুয়েলা।

প্রেসিডেন্টের বক্তৃতায় ল্যাটিন আমেরিকার আর্থিক অবস্থা, ইহার আমদানি রপ্তানি, শ্রমিকদের মাহিয়ানা ও দ্রব্যের মূল্য প্রভৃতির বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়। মিঃ লম্বার্ডো টলেদানো দেখান যে, ল্যাটিন আমেরিকার অনেক স্থলেই শ্রমিকদের অবস্থা খুবই খারাপ। তাহাদের জীবনের মাপকাঠি ক্রমান্বয়েই পতনের দিকে চলিয়াছে এবং তাহা যে শুধু শ্রমিকদের দিক্ হইতে মারাত্মক তাহা নহে, ইহা জাতীয় অবনতির চিহ্নস্বরূপ। মাহিয়ানা সমান রহিয়াছে অথচ দ্রব্যমূল্য ক্রমাগতে বৃদ্ধি পাইয়া চলিতেছে।

### বোম্বের শ্রমিকদের আনন্দদানের ব্যবস্থা

শ্রমিকও যে মানুষ এবং তাহাদের জীবনে যে আনন্দের কোন স্থান আছে তাহা মামুলীভাবে কেহও দিন স্বীকার করেন নাই ; কিন্তু বোম্বে গভর্ণমেণ্ট সর্ব্বপ্রথম এই বিষয়ের জন্য বিশেষ ব্যবস্থা পর্য্যন্ত করিয়াছেন। "লেবার ওয়েলফেয়ার ডিপার্টমেণ্ট" বলিয়া একটী বিভাগ বোম্বে গভর্ণমেণ্ট খুলিয়াছেন এবং জানা গিয়াছে যে উক্ত বিভাগের বিশেষ কার্য্য হইবে "রিক্রিয়েসন সেণ্টার" ও আনন্দ উপভোগের কেন্দ্র খোলা।

ডেভেলাপমেণ্ট ফাণ্ড এবং অন্যান্য গ্রাণ্ট হইতে অধুনা ইহার বিস্তারের জন্য চেষ্টা চলিতেছে। জিমনেসিয়াম বিল্ডিং তৈয়ারি করার জন্য ১৯,০০০৲ টাকা খরচা মঞ্জুর করা হইয়াছে।

শ্রমিকদের জন্য পুস্তক বণ্টন করিবার উদ্দেশ্যে পুস্তকাগার তৈয়ারি করার খরচাস্বরূপ গভর্ণমেণ্ট ১৪,০০০৲ মঞ্জুর করিয়াছেন।

### লিভারপুলে বালিকা ও নারীর ছুটীর ব্যবস্থা

যুদ্ধের জন্য যেসকল বালিকা বা নারী অতিরিক্ত পরিশ্রম করিবার জন্য নিয়োজিত হইয়াছে, তাহাদের স্বাস্থ্য খারাপ হইবার সম্ভাবনা থাকায় কর্তৃপক্ষ স্থির করিয়াছেন যে, ১৪ দিনের ছুটী দেওয়া হইবে। তাহারা ১৪ দিন যাহাতে বিশ্রামলাভ করিতে পারে ও আনন্দ

উপভোগ করিতে পারে সে ব্যবস্থা করা হইয়াছে। আমাদের দেশে কি এটা শিখিবার বিষয় নয়? মানুষকে প্রকৃত ব্যবহার করিতে হইলে তাহার যে পরিমাণ আর্থিক সুখের ব্যবস্থা থাকা দরকার, তাহা যদি না থাকে, তাহা হইলে, সামরিক স্বার্থসিদ্ধি হইলেও ভবিষ্যতে লোকসান হইতে বাধ্য।

## ফার্দৌসির প্রস্তরমূর্ত্তি

ফার্দৌসি একজন বিশ্ববিখ্যাত পার্সি কবি ছিলেন। তাহার স্মৃতিরক্ষার্থে একটী প্রস্তরমূর্ত্তি তেহেরান ইউনিভার্সিটির উদ্যানে প্রতিষ্ঠিত করিবার জন্য চেষ্টা চলিতেছে। কিন্তু পার্শিয়ান গভর্ণমেণ্টের অনুমতি ভিন্ন তাহা করা সম্ভবপর নহে। এই জন্য জোরোয়াষ্ট্রিয়ান আনজুমান অব ইরাণ নামক প্রতিষ্ঠানের সভাপতি আরবার গুস্তেড মহাশয়ের নিকট প্রস্তাব করা হইয়াছিল এবং তিনি গভর্ণমেণ্টের একটী লিখিত অনুমতিপত্র সংগ্রহের জন্য চেষ্টা করিতেছেন।

## ঢাকা জিলায় পল্লীমঙ্গল প্রচেষ্টা

ঢাকা হাইস্কুল প্রাঙ্গণ হইতে নারায়ণগঞ্জের ফুট রেগুলেশন ও পল্লী-উন্নয়ন বিভাগের চীফ্ ইনস্পেক্টর ও প্রপাগাণ্ডা অফিসার মহোদয়গণ দ্বারা একটী বৃহৎ শোভাযাত্রা চালিত হয়। তিন সহস্রাধিক লোকসহ এই শোভাযাত্রা ঢাকা, কেন্দুয়ার তাওয়া, তালতলা, মকিমপুর, ফাজিয়রচর প্রভৃতি পল্লীর মধ্য দিয়া পরিভ্রমণ করে।

শোভাযাত্রা উক্ত স্কুল প্রাঙ্গণে ফিরিয়া আসিলে এখানে প্রায় ৫০,০০০ হাজার লোক সমবেত হইয়া এক বিরাট সভার অনুষ্ঠান করে। সভাপতি মহোদয় কৃষকদের বর্ত্তমান অবস্থার উন্নতির উপায়, সমিতি গঠন, নৈশ-বিদ্যালয় স্থাপনের উদ্দেশ্য ও বৃহৎ প্রচেষ্টা সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। তৎপর উক্ত চার্জের প্রপাগাণ্ডা অফিসার ও স্থানীয় হাই স্কুলের হেড্ মাষ্টার মহোদয় সমিতির উদ্দেশ্য, পল্লী-রক্ষিবাহিনী গঠন, অন্যান্য প্রদেশের তুলনায় এ প্রদেশের গঠনমূলক কার্য্য ও বর্ত্তমানে চাষীদের কর্ত্তব্য ইত্যাদি বিষয়গুলি সুন্দররূপে বুঝাইয়া দেন। অতঃপর এসিস্ট্যাণ্ট ইনস্পেক্টর মহোদয় ধানের বীজ বাড়ান, বাজে ও অকেজো বৃক্ষ নষ্ট করিয়া ফলবান বৃক্ষের সংখ্যা বাড়ান ও যথেষ্ট পরিমাণ তরিতরকারী উৎপাদনের প্রয়োজনীয়তা সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। শোভাযাত্রার পূর্ব্ব দিবস ফুট রেগুলেশন ও পল্লী-উন্নয়নের কর্ম্মচারিবৃন্দ মাধিচর ও ডাঙ্গা গ্রামে আগাছা ও অকেজো বৃক্ষ উৎপাটন কার্য্যে হস্তক্ষেপ করিয়া তৎপরিবর্ত্তে বহু ফলবান বৃক্ষ রোপণের ব্যবস্থা করেন। পল্লীবাসিগণ প্রকৃতই উহার উপকারিতা সম্যক বুঝিতে পারিয়া অত্যন্ত সন্তুষ্ট হয়। এই আন্দোলন পল্লীবাসীদের প্রাণে এক নূতন জাগরণের সাড়া ও উদ্দীপনা জাগাইয়া দিয়াছে।

## রেডক্রশ সোসাইটি কর্ত্তৃক বেতারবার্ত্তা সংগ্রহের ব্যবস্থা

একটি প্রেস-নোটে প্রকাশ প্রাচ্য খণ্ডের যুদ্ধে বন্দীদের খবরাখবর দিয়া জাপানীরা যেসমস্ত বেতারবার্ত্তা প্রচার করে, রেডক্রশ সোসাইটি সেসমস্ত বেতারবার্ত্তা ধরিয়া উহার হবহু নকল বন্দীদের আত্মীয় স্বজনের নিকট পাঠাইবার ব্যবস্থা করিয়াছেন। তবে এই ব্যবস্থায় কিছুটা অসুবিধা রহিয়াছে। কারণ জাপানীরা বেতারে বন্দীদের খবরাদি দিবার সময় বন্দীদের নাম বড় একটা উল্লেখ করে না। রেডক্রশ সোসাইটির বারম্বার অনুরোধ সত্ত্বেও জাপ কর্ত্তৃপক্ষ যুদ্ধ-বন্দীদের নামের তালিকা দাখিল করেন নাই।

জাপানীদের হাতে বন্দী সামরিক ও বেসামরিক লোকজনের উদ্দেশ্যে তাহাদের ভারতবর্ষস্থিত আত্মীয়-স্বজন কর্ত্তৃক খবর পাঠাইবার ব্যবস্থা অল ইণ্ডিয়া রেডিও করিয়াছেন। উহা খুব সংক্ষিপ্ত হওয়া দরকার এবং উহা হেডিং ডিরেক্টর, অল ইণ্ডিয়া রেডিও, দিল্লী, এই ঠিকানায় পাঠাইতে হইবে। এই খবরে কোন প্রকার প্রশ্ন জিজ্ঞাসা করা যাইবে না, শুধু কুশলজ্ঞাপক ও উৎসাহব্যঞ্জক সম্ভাষণাদি জানান যাইবে। শত্রুদেশ হইতে বন্দীরা যে

বেতারবার্ত্তা পাঠায় রেডক্রশ সোসাইটি তাহা তাহাদের ভারতীয় আত্মীয়স্বজনদের নিকট পাঠাইবার সময়ে ঐ সাথে একটা ফরম দিয়া থাকেন। ঐসকল বেতারবার্ত্তার উত্তর ঐ ফরমে লিখিয়া পাঠাইতে হইবে। (সঙ্ঘমিত্র)

## চীনা শিক্ষা-শুভেচ্ছা মিশন

শীঘ্রই চীন হইতে একটী চীনা শিক্ষা-শুভেচ্ছা মিশন ভারতে আগমন করিবে। ৫ জন সদস্য লইয়া এই কমিশন গঠিত হইবে এবং সোভিয়েট রুশিয়ার ভূতপূর্ব্ব চীনা রাষ্ট্রদূত এবং চীনা সরকারের মুখপাত্র ও এডিনিষ্ট্রেটিভ ইউনিয়নের সেক্রেটারী ডাঃ চিয়াং তিং ফু এই মিশনের নেতৃত্ব করিবেন। মিশনের ডেপুটী লীডার হইতেছেন শিক্ষা বিভাগের সহকারী মন্ত্রী মিঃ কু ইউ আইন। ইনিই স্বাধীন ও অধিকৃত চীনে যুদ্ধকালীন শিক্ষার এক পরিকল্পনা করিয়াছিলেন। মিশনের অন্যান্য সদস্যদের মধ্যে মিঃ সেং হুং লিয়েন হইতেছেন সর্ব্বোচ্চ সমর পরিষদের সেক্রেটারী। গত ১৯৪২ সনে মাননীয় তাই মিশনের সঙ্গে ভারতবর্ষে আগমন করিয়াছিলেন। ডাঃ উ চ্যাং সেং আধুনিক চীনের একজন বিশিষ্ট শিক্ষা-ব্রতী। ইনি পূর্ব্বে পিকিং বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ছিলেন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিভাগের ভার তাঁহার উপরই ন্যস্ত ছিল। বর্ত্তমানে তিনি সরকারী শিক্ষা বিভাগের উচ্চ-পদে নিযুক্ত আছেন, মিঃ লো চিয়া লন হইতেছেন চীনের কেন্দ্রীয় জাতীয় বিশ্ব বিদ্যালয়ের ভূতপূর্ব্ব প্রিন্সিপাল। তিনি আধুনিক চীনের একজন বিশিষ্ট লেখক।

আশা করা যাইতেছে যে, মিশন আগষ্ট মাসের শেষ-ভাগে চুংকিং হইতে যাত্রা করিবেন; ইহারা ভারতের বিভিন্ন শিক্ষাকেন্দ্র পরিদর্শন করিবেন।

## প্রজার দুর্দ্দশা

সুজলা সুফলা বাংলার দুঃস্থ বিপন্ন প্রজার দারুণ দুর্দ্দশার কিঞ্চিৎ নমুনা "নীহার" পত্রিকা (কাঁথি) হইতে উদ্ধৃত হইল :—

শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ প্রধান বি-এল মহাশয় লিখিয়াছেন—গত ২৯শে আগষ্ট হইতে ৩১া সেপ্টেম্বর পর্য্যন্ত পরম বর্ষণে [illegible] খাদি, পাঁশকুড়া, বাহিরচাঁদা ও মগরা প্রভৃতি বেসিনের ধান্য-ক্ষেত্রাদি জলে ডুবিয়া যাওয়ায় প্রজাবর্গের দারুণ অভাব উপস্থিত হইয়াছে। আর ৩১া সেপ্টেম্বর সন্ধ্যার পর্য্যন্ত ভাইটগড় লক খোলা ও পলিপিয়া প্রভৃতির নিকট সী-ডাইক বাঁধ কাটাইবার কোন ব্যবস্থা না হওয়ায় দেশের বর্ত্তমান অবস্থা পরিবর্ত্তন করত: ভাইটগড় লক খুলিবার নিয়মাবলী সংশোধন এবং সী-ডাইক বাঁধ কাটার আদেশ দিবার জন্যই স্থানীয় মহকুমা ম্যাজিষ্ট্রেট ও এসিষ্ট্যাণ্ট ইঞ্জিনীয়ারের উপর ন্যস্ত করিবার আবশ্যকতা মাননীয় প্রধান মন্ত্রী, রাজস্ব মন্ত্রী ও কৃষি মন্ত্রী মহোদয়গণকে জ্ঞাপন করা হইয়াছে এবং সেচিলীপুরের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার মহাশয়কে প্রার্থিত অঞ্চল পরিদর্শন করিয়া ভাইটগড় লক খোলার নিয়মাবলী সংশোধন করিবার জন্য তদ্বির করা হইয়াছে। চারিদিকেই পথঘাট সকল জলময়। বেশে নৌকা নাই সেজন্য লোকের ঘরের বাহির হওয়া দায় হইয়াছে।

খাগড়া পাঠ হিতকরী সমিতির সম্পাদক বাবু রমণীমোহন মাইতি লিখিয়াছেন—বিগত কয়েকদিনের অতি-বর্ষণে ৯০ বর্গমাইল বিস্তৃত তুবড়া বেসিন একেবারে জলময় হইয়াছে। ২৯শে আগষ্ট হইতে বৃষ্টিতে প্রচুর জল বৃদ্ধি হওয়া সত্ত্বেও ইহার ৩।৪ দিন পরে ২রা সেপ্টেম্বর বিকালে বারমাইল রেগুলেটারের মাত্র কয়েকখানি তক্তা তোলা হইতে দেখা যায়। ঐ দিন সমস্ত তক্তা তোলা শেষ হইতে না পারায় পরদিন আমি গ্রাম হইতে কতকগুলি লোক সংগ্রহ করিয়া দেওয়ায় ঐ দিন উহার বাকী তক্তাসকল তোলা শেষ হয়। এই বিলম্বের কারণ অনুসন্ধানে জানা যায় যে, উহার ঐ তক্তা তোলার ভার এখন ওভারসিয়ার বাবুর উপর। তিনি এখানে না থাকিয়া কাঁথিতে অবস্থান করায় এইরূপ বিলম্ব ঘটিয়াছে যদি জল বৃদ্ধি পাইবার সঙ্গে সঙ্গে এই রেগুলেটারের তক্তা সমস্ত তুলিয়া দেওয়া হইত, তাহা হইলে কখনই এত বড় সুবিস্তীর্ণ খাগড়া বেসিনের এরূপ সর্ব্বনাশ ঘটিতে পারিত না। পূর্ব্বে যখন এখানকার টোলবাবুর উপর এই ভার

ছিল, তখন এরূপ বিলম্ব ঘটিতে পারে নাই। এ অবস্থায় এই স্থানের অবস্থানকারী টৌলবাবুর উপর এই ভারার্পণ করা একান্ত উচিত। এ বিষয় আমি স্থানীয় পূর্ত্তবিভাগ কর্ত্তৃপক্ষকেও জানাইয়াছি।

পাঠ অঞ্চলে উপর্য্যুপরি বন্যা, অজন্মা ও শস্যহানির জন্য প্রজারা নানারূপ সাহায্যে এতদিন জীবন বাঁচাইয়া আসিয়াছে। এখন তাহারা নিরুপায়। মাঠে ৩।৪ হাত জল। এছাড়া বালেশ্বর ও বেলদা রাস্তা ডুবাইয়া পশ্চিমাঞ্চলের জল আসিয়া অধিকতর ক্ষতি করিতেছে। এ সময় উড়িষ্যা কোষ্ট কেনেলের ডা'ইটগড় লক খুলিয়া দিলেও এই সর্ব্বগ্রাসী দুর্দ্দশা হইতে কতকটা রক্ষা পাইবার আশা করা যায়। চারিদিক্ জলে জলময় থাকায় ও নৌকার অভাবে বাহিরে যাতায়াত করা বন্ধ। এ অবস্থায় বিপন্ন ক্ষুব্ধ প্রজাদের সাহায্য দানের ব্যবস্থা না করিলে আর রক্ষা নাই। আমরা এ বিষয়ে কর্ত্তৃপক্ষগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## নেতৃত্ব সম্বন্ধে বিচার

( শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়, এম্ এ,
সহিত অনেক বন্ধুর কথোপকথন। )

প্রঃ—নেতা কার হওয়া উচিত কি অনুচিত তাহা
যায় কিভাবে ?

উঃ—সাধারণতঃ আমরা নেতা বলিতে একজন "ব্যক্তি"র উপরই বেশীর ভাগ জোর দিয়া থাকি ; কিন্তু সামাজিক চিত্রে যে সেই ব্যক্তি সমাজেরই প্রক্রিয়ার উৎপাদন মাত্র তাহা ভাবি না। যে লোক নেতা হইবার মত গুণাবলী সংগ্রহ করিতে পারে তাহাকেই আমরা নেতা বলি।

:—যে-কেহ তো সেই গুণগুলি অর্জ্জন করিতে পারে এবং নেতৃত্ব দাবী করিতে পারে।

:—তাহা পারে বটে। কিন্তু মজার কথা এই যে, গুণগুলি চিরস্থায়ী পাট্টা নিয়া নেতৃত্বকে আঁকড়াইয়া থাকিতে পারে না। আর যে গুণ আবশ্যক তাহা ঠিক সেইগুলই যে আবশ্যক হইবে না, তাহা চোখ বুজিয়াও বলিতে পারা যায়। কাজেই এক রকমের গুণ সকল করিয়া চিরকাল নেতাগিরি করা সম্ভব হয় না। "লিডারশিপ" বলিতে কি বুঝায় তাহার সংজ্ঞা আজও ঠিক প্রমাণিত হয় নাই এবং সেই কারণে নির্দ্ধারিতও হয় নাই। "সিচুয়েসন" বা অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে নেতা বদল হইবে এবং তাহাই বাঞ্ছনীয়।

:—তাহা হইলে নেতৃত্বের সম্বন্ধে পর্য্যালোচনা করিতে হইলে কি উপায়ে করা যায় ?

উঃ—অবস্থার বিশ্লেষণের পর্য্যালোচনা করিতে হইবে। এই ধরণের পর্য্যালোচনা ঠিক মনোবিজ্ঞানের গণ্ডীর মধ্যে যাইয়া পড়ে ইহা পড়ে সমাজবিজ্ঞানের অধ্যায়ে। নেতৃত্ব কোন এক ব্যক্তির মধ্যে থাকে না, উহা থাকে সারা অবস্থার মধ্যে এবং সেই অবস্থা অনুযায়ী কাযের মধ্যে। যখন অবস্থা চায় তার নেতাকে দিয়া একটা কাজ করাইতে, যদি নেতা তাহা করে, বুঝিতে হইবে সে স্বার্থের দ্বারা অন্ধ— অবস্থাকে ধরিয়া চলার শক্তি তার নাই

প্রঃ—সিচুয়েসনই যদি প্রধান হয় তাহা হইলে ব্যক্তিগত গুণাগুণের কি একেবারে দরকার নাই ?

উঃ—কাহারও ব্যক্তিগত গুণাগুণ যদি সিচুয়েসনের উপযুক্ত তাহা হইলেই তাহাকে নেতা বলা হইবে, নচেৎ সে স্বার্থপর সাধারণ লোকের চেয়েও সমাজের ক্ষতিকারক। নেতা মাত্র একটি যন্ত্র, যাহার দ্বারা সিচুয়েসন তার সমস্ত প্রয়োজন মিটাইয়া লয়। দাতের হইলে যেমন দাতের ডাক্তারের প্রয়োজন তখন চোখের ডাক্তার কিছু কাজে আসে না, ঠিক সেই রকম সিচুয়েসনের প্রয়োজন অনুসারে নেতার আবশ্যক।

প্রঃ—ইহার কারণ কি ?

উঃ—সমাজ বা সঙ্ঘ নিজে কিছু কাজ করিতে উঠিতে না পারায় একজন নেতা চায়। সেই নেতাই আবার আর এক দিক্ হইতে সমস্ত সমাজের

ছোট ছোট অংশকে প্রয়োজনীয় কাজ করাইয়া "অবস্থার" যা চাহিদা তাহা মিটাইয়া লইবে। সেই জন্যই বলিয়াছি যখন যেটা আবশ্যক সেই অনুসারে নেতার সৃষ্টি হয় এবং সেই নেতাই প্রয়োজন মিটাইয়া দেয়।

প্রঃ—তাহা হইলে সকল প্রকার গুণের আবশ্যক নাই?

উঃ—গুণ ও কৌশলের দাম আছে কেবল মাত্র একটা বিশেষ অবস্থার প্রয়োজন অনুসারে। যুদ্ধের সময়ে যে যে গুণ থাকা দরকার সেই সেই গুণ থাকিলে সে কর্ম্মকর্ত্তার হয়; কিন্তু শান্তির সময়ে তাহার সেই গুণ জগতের কোন উপকারেই আসে না। লেখাপড়া শিক্ষা দিবার জন্য যে যে গুণ আবশ্যক তাহা সমাজ-পরিপালনে বা রাষ্ট্রশাসনে নাও আবশ্যক হইতে পারে। নেতৃত্ব জীবন পায় তখনই যখন কোন একজন লোক "সামাজিক প্রয়োজন" মিটাইতে সমর্থ।

প্রঃ—নেতৃত্ব কি স্থায়ী হইতে পারে না?

উঃ—নেতৃত্ব স্থায়ী হইতে পারে না; কারণ অবস্থার প্রয়োজন থাকে না। আত্ম-নির্ভরতা এবং সাধারণের বিশ্বাস—এই দুইটী নেতৃত্বের প্রধান উপাদান। কিন্তু উক্ত উভয় উপাদানই মনুষ্য চরিত্রের মধ্যে ক্ষণস্থায়ী। অবস্থার বিভিন্নতায় ঐ উপাদান দুইটী স্থির থাকিতে পারে না।

প্রঃ—নেতার কি কি সাধারণ গুণ থাকা আবশ্যক?

উঃ—জ্ঞান, জোরের সহিত কথা বলার ভঙ্গী, স্বরের দৃঢ়তা এবং চেহারা প্রভৃতি নেতার খুব বড় সম্পদ্। এই ধরণের গুণ আরও অনেক বলা যাইতে পারে, সেগুলি অবশ্য হয়তো সেই সমাজেরই প্রয়োজন বা সেই সমাজের লোক সেই সেই গুণের উপর অধিক আস্থা স্থাপন করে। ধাপ্পাবাজী, সত্যকে মিথ্যা করা, কোন কোন সময়ে নেতৃত্বের ধাপ বলিয়া গণ্য হইয়াছে এবং ঐ সব গুণ-বিশিষ্ট লোক খুব বাহবাও পাইয়া থাকে।

প্রঃ—এক অবস্থা হইতে আর এক অবস্থার পরিবর্ত্তন অনুসারে যদি কেহ তাঁহার গুণাবলী পরিবর্ত্তন করেন, তাহা হইলে নেতৃত্ব স্থায়ী হইবে না কেন?

উঃ—উচ্চ পদ, লোক-বিশ্বাস প্রভৃতি বজায় রাখার জন্য অনেকে যে চাতুরী দ্বারা সফলকাম না হন তাহা বলিতেছি না, কিন্তু "মানুষের" মন এবং অবস্থার চাহিদা এমন যে চাতুরী কিছুদিন লুকাইয়া বা প্রচার কার্য্যের দ্বারা চাপা দিয়া চলা যায়; চিরদিন তাহা চলে না। স্বামীজি বলিতেন ধাপ্পাবাজিতে কিছুদিন চলে, চিরদিন চলে না। আজ সারা জগতে যে সাড়া পড়িয়া গিয়াছে তাহা এই মিথ্যা আর ধাপ্পাবাজির জন্য।

প্রঃ—আপনি যে বলিলেন, মানুষ অবস্থার প্রয়োজন অনুসারে নেতা খোঁজে তাহার প্রমাণ কি?

উঃ—মনে করুন একদল লোক বনের মধ্যে পথ হারাইয়া ফেলিয়াছে। তখন তারা আইনষ্টাইন কি নিউটনকে খুঁজিবে না, খুঁজিবে যে বনের পথ ভাল করিয়া জানে এবং যে তাহাদিগকে নিরাপদে বনের বাহিরে আনিয়া দিতে পারিবে তাকে। একটা সামাজিক বৈঠক হইয়াছে সেখানে উচ্চ চীৎকার, কারা হয়তো মনিষের কাছে খাতির পাইবে। কিন্তু নম্র ও সভ্য অথচ সুন্দর চেহারা-বিশিষ্ট লোকই সকলের চিত্তাকর্ষক হইবে।

প্রঃ—অবস্থা হিসাবে লিডারশিপ কি পর্য্যালোচনা করা হইয়াছে?

উঃ—একটী "ওয়ার্ক ক্যাম্পে" লিডার সম্বন্ধে যে আলোচনা করা হইয়াছিল, তাহারই সারমর্ম্ম বলিতেছি—ওয়ার্ক ক্যাম্পের কর্ম্মীদিগকে অনুরোধ করায় তাহারা বলিল, তাহাদের সব চেয়ে ভাল নেতা হইবেন সেই লোক, যিনি কাজ করাইয়া লইবেন, কি কাজ করিতে হইবে তাহা পরিষ্কারভাবে বুঝাইয়া দিবেন এবং তাহার জন্য মুখভঙ্গী করিবেন না বা অবজ্ঞা কুৎসা করিবেন না; তিনি কখনও একজনের অন্যায় সমর্থন করিয়া আর

একজনকে ঘৃণা করিবেন না—সকলকে সমান চক্ষে তিনি দেখিবেন; তিনি খুব সহজ লোক নহেন যে আমরা কেহ তাঁহাকে ডিঙাইয়া চলিতে পারি; তিনি সমস্ত কর্ম্মীর প্রকৃত নিরাপত্তা রক্ষা করেন।

এই সব ক'টার মধ্যেই লক্ষ্য করিবেন যে, নেতার "কাজই" হইল প্রধান এবং তাহারই মধ্য দিয়া তিনি নেতৃত্ব পাইয়াছেন। কাজগুলি আবার অবস্থার প্রয়োজন অনুসারে ঠিক হওয়া চাই।

প্রঃ—নেতার কাজ বলিলেন কেন? ও সব তো গুণ।

উঃ—আপনি ভুল করিতেছেন। "নেতা" সম্বন্ধে যখন বলা হইল যে, তিনি "কাজ করাইয়া লন" তখন তাঁহার "এফিসিয়ান্সি" বলা হইল। দ্বিতীয়টীতে তাঁহার বিবেচনা সম্বন্ধে বলা হইল। তৃতীয়টীতে বিচার; চতুর্থটীতে সাধুতা। পঞ্চমটীতে তত্ত্বাবধান-শক্তি ইত্যাদি নেতার গুণগুলি তাহার কার্য্যের মধ্যে পরিস্ফুট হয় তাহাই কর্ম্মীদের ইচ্ছা। যার তাহা হয় সেই তাহাদের মনোমত নেতা।

প্রঃ—গুণের তো অনেক রকমের প্রয়োজন থাকিতে পারে?

উঃ—তাহা প্রধানতঃ দুইভাগে ভাগ করা হইয়াছে—প্র্যাক্‌টিক্যাল এবং ইমোশানাল। নেতা তাঁহার যথাযথ গুণাবলীর দ্বারা সেই অভাব মিটাইয়া দেন।

## ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ

( মণ্টরিল—জানুয়ারি ১৯৪২ )

১৯৪১ সনের ২৭শে অক্টোবর হইতে ৪ই নবেম্বর পর্য্যন্ত আন্তর্জ্জাতিক শ্রমিক-সঙ্ঘের একটী সভার বৈঠক হয়। ইহার শেষের সভা হোয়াইট হাউস, ওয়াশিংটনে আহূত হয়। ৩৪টী ষ্টেট্ মেম্বার এই সভায় যোগদান করিয়াছিলেন। সভার কার্য্যের মধ্যে দুইটী প্রধান বিষয় ছিল—প্রথম ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশনের একটি ডিরেক্টর মহাশয় একটী বিবরণী উপস্থাপিত করেন এবং দ্বিতীয় হইল পাবলিক অথরিটি, ওয়ার্কার্স অর্গ্যানিজেশন এবং এম্প্লয়ার্স অর্গ্যানিজেশন প্রভৃতির মধ্যে কিভাবে সহযোগিতা আনয়ন করা যায়। বাস্তবিক পক্ষে উক্ত সভা ঠিক ইণ্টারন্যাশন্যাল লেবার কনফারেন্সের সেসন নয় বলিয়া বিশেষ "রেকমেণ্ডেশন এবং কনভেনশন্" প্রস্তাবিত বা গৃহীত হইতে পারে নাই।

এই সভার শেষের কয়দিনে যেসকল প্রস্তাব করা হয় এবং গৃহীত হয় তাহাই সভার কার্য্যাদি প্রকৃষ্টভাবে প্রকাশ করে। আটলান্টিক চার্টারে যেসকল আর্থিক ও সামাজিক নীতি অবলম্বন করা হয় তাহাই উক্ত সভা কর্ত্তৃক অনুমোদিত হয়। ঐসকল নীতি যাহাতে বাস্তবভাবে কার্য্যকরী হয় তাহার জন্য ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশন যথাসাধ্য চেষ্টা করিবে এবং সহযোগিতা প্রদর্শন করিবে। দ্বিতীয় প্রস্তাবে বলা হইয়াছে যে, ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশনের আদর্শ হইল যাহাতে স্বাধীন লোক টোটালিটেরিয়ানদের গ্রাস হইতে মুক্ত হইতে পারে তাহা করা। দুঃখকষ্ট নিবারণের জন্য এবং নষ্ট সম্পত্তি পুনরুদ্ধারের জন্য পূর্ব্ব হইতে সঙ্কল্পিত প্ল্যান অনুসারে যুদ্ধাবসানের সঙ্গে সঙ্গে কার্য্য আরম্ভ করা হইবে। আর্থিক বিষয়ে সকল জাতির মধ্যে যাহাতে সম্পূর্ণ সহযোগিতা বজায় থাকে তাহার চেষ্টা করা হইবে। ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গ্যানিজেশনের দ্বারাই স্থায়ী ভাবে শান্তির কার্য্য করা সম্ভবপর। কারণ শ্রমিক ও প্রভু এবং বিভিন্ন রাষ্ট্রের লোকের এই প্রতিষ্ঠানের প্রতি যথেষ্ট বিশ্বাস ও সহানুভূতি আছে।

দুইটী বিশিষ্ট আন্তর্জ্জাতিক শিল্প "শিপিং" ও "টেক্সটাইল" সম্বন্ধে বিশেষ প্রস্তাব গৃহীত হয়। মার্কেণ্টাইল মেরিণ সম্বন্ধে আর্থিক ও সামাজিক নীতি এবং তাহার সম্পাদনের যে প্ল্যান তাহা যুদ্ধ-সমাপ্তির সঙ্গে সঙ্গে যাহাতে প্রচারিত হয় তাহার ব্যবস্থা করা হইবে। ল্যাটিন আমেরিকা প্রভৃতি স্থানে, যেখানে লোকে সম্যক্‌ভাবে যুদ্ধের সহিত সংশ্লিষ্ট নহে তথায়, যুদ্ধাবসানে আর্থিক সঙ্কট হইলে কি ব্যবস্থা হইবে তাহাও স্থির করা হইবে।

"চিলিতে সামাজিক ঔষধ" ( সোসিয়াল মেডিসিন ইন চিলি ) সম্বন্ধে প্রবন্ধটী ডাঃ সাভড্যাভর আলেণ্ডি কর্ত্তৃক লিখিত হইয়াছে। এই প্রবন্ধের প্রধান বক্তব্য হইল এই যে শ্রমিক শ্রেণীকে রক্ষা করিতে হইলে "বাইও সোসিয়াল প্রোটেক্‌শন সিস্টেম" ( জৈব-সামাজিক রক্ষণ-নীতি ) অবলম্বন করা আবশ্যক। ইহাতে চিলির বাস্তব অবস্থা সম্বন্ধে এবং নূতন প্ল্যান সম্বন্ধে যে আলোচনা হইয়াছে তাহা হইতে উপরিউক্ত জৈব-সামাজিক রক্ষণ-

নীতির উপকারিতা সম্বন্ধে তথ্যটী পরিষ্কারভাবে প্রমাণ করা হইয়াছে।

ল্যাটিন আমেরিকাতে "মানুষ" নামক যে পুঁজি তাহার যথাযথ উপযোগিতার উপলব্ধি হয় নাই। লেখক বলেন যে, নিম্ন শ্রেণীর জীবনের মাপকাঠির জন্যই মানুষের কার্যকরী শক্তি ক্ষয় হইয়া যায়। অবশ্য অনেকেই এই তথ্য সম্যক উপলব্ধি করিতে পারেন না, কিন্তু ইহা পরম সত্য। লেখকের মতে মানুষকে মানুষ করিতে এবং তাহার সৃজন-শক্তি বৃদ্ধি করিতে দুইটী প্রণালী প্রধান। প্রথম প্রণালী আন্তর্জাতিক প্রকৃতির। দ্বিতীয় প্রণালী হইল "অর্গানাইজড্ সোশিয়াল সিকিউরিটি"। শ্রমিককে আগামীকলোর চিন্তা হইতে মুক্ত করাই দ্বিতীয় প্রণালীর প্রধান লক্ষ্য। তাহাকে সঠিক প্রতিশ্রুতি দেওয়া থাকে যে যদি আধিক বা দৈহিক অক্ষমতা কোন সময়ে উপস্থিত হয় তাহা হইলে সে সাহায্য পাইবে। উপরিউক্ত ধরণের "বাস্তব নিরাপত্তা" যদি আনয়ন করিতে হয় তাহা হইলে তাহা সামাজিক আইন দ্বারাই সংঘটিত হইতে পারে।

লেখক এই প্রসঙ্গে চিলির ইকনমিক জিওগ্রাফি, ডেমোগ্রাফিক সিচুয়েশন এবং ইনষ্টিটিউসন্‌স এবং লজ, যাহার দ্বারা সাধারণের স্বাস্থ্য ও জীবন রক্ষা হয় তাহা, বিশদভাবে আলোচনা করিয়াছেন।

চিলি একটী লম্বা ও সরু গোছের ভূ-খণ্ড। ২,৬০০ মাইল ব্যাপিয়া ইহার সীমা। এণ্ডিসের কর্ডিলেরা এবং প্রশান্ত মহাসাগর পর্য্যন্ত ইহার বিস্তৃতি। ইহার সর্ব্বাপেক্ষা চওড়া স্থানের মাপ হইল ২৮০ মাইল এবং সর্ব্বাপেক্ষা সঙ্কীর্ণ স্থান হইল ৯৪ মাইল। এখানে গরমকাল এবং শীতকালের উত্তাপ প্রায় সমান। উহার বিশেষ তফাৎ বুঝা যায় না। উত্তরাংশে বৃষ্টিপাত খুবই বিরল, কিন্তু দক্ষিণাংশে যথেষ্ট বৃষ্টিপাত হয় এবং নদীতে প্রায়ই প্লাবন হয়। সমগ্র দেশটীকে পাঁচটী অংশে ভাগ করা যায়, যথা—

(১) খনিজ অংশ। (২) খনিজ ও আবাদী অংশ। (৩) চাষ ও কলকারখানা মিশ্রিত অংশ। (৪) আবাদী অংশ। সর্ব্বাপেক্ষা বৃহদংশ হইল দক্ষিণের বিস্তৃত মালভূমি। এখানে প্রধান খাদ্যদ্রব্য হইল গম, তামাক এবং গবাদির খাদ্য।

সমগ্র দেশের লোক-সংখ্যা ১৯৪০ সনের লোক-গণনা হিসাবে ৫,১০০,০০০। প্রতি বর্গমাইলে ১৭ জন করিয়া লোক আছে। প্রায় অর্দ্ধেক লোকই চাষের কাজ করিয়া খায় এবং তাহারা গ্রামেই বসবাস করে। এখানকার লোকেরা শ্বেতাঙ্গ এবং অধিকাংশ একই জাতের। বাইরের লোক আসিয়া যে সংখ্যা বৃদ্ধি করে চিলিতে তাহা নাই বলিলেই চলে। মাত্র ২'৫ পার্সেণ্ট লোক বিদেশী বলা যায়। নিম্নে বয়ঃক্রম হিসাবে লোকসংখ্যা দেওয়া গেল :—

| | |
|---|---|
| বিদ্যালয়ে যাইবার পূর্ব্বের বয়সের লোক | |
| বিদ্যালয়ে যাইবার বয়সের লোক | |
| কাজ করিয়া যাইবার বয়সের লোক | |
| অধিক বয়সের লোক | ২০০,০০০ |

মৃত্যু-সংখ্যা অবশ্য শিশু-মৃত্যু ধরিয়া সাধারণতঃ দেখা যায় যে হাজারে ২৪।

মাহিয়ানা ও জীবনের মাপকাঠি প্রায় কার্য্যের প্রকৃতি অনুসারেই হইয়া থাকে। চাষের অংশে খাদ্যাদির খরচা কমই হয়, অবশ্য খনিজ অংশের সহিত তুলনামূলকভাবে যদি পরীক্ষা করা যায় তবে। চিলিতে দেখা যায় যে, লোকে তাহাদের আয়ের বেশীর ভাগ অংশই খাদ্যে ও বাড়ী ভাড়ায় খরচ করে এবং অতি অল্প অংশই বাকী থাকে যদ্দ্বারা কাপড়চোপড় বা অন্যান্য খরচা করা যায়।

চিলির গবর্ণমেণ্টের রূপ গণতান্ত্রিক এবং প্রতিনিধি-মূলক। তিনটি প্রধান শক্তি হইল—এক্সিকিউটিভ, লেজিস্লেটিভ এবং জুডিশিয়াল।

সামাজিক আইনকানুন বিভিন্ন মন্ত্রীদের দ্বারা বিধিবদ্ধ হইয়া থাকে। প্রধানতঃ মিনিষ্টার অব হেলথ, সোশিয়াল ইনশিওরেন্স এবং এসিস্ট্যান্স। মিনিষ্টার অব লেবার এবং মিনিষ্টার অব এডুকেশন ইহাদেরই কর্ত্তব্য অধিক।

এখানে ( ওয়ার্কার্স কম্পালসারি ইনশিওরেন্স ) শ্রমিকদের অসুস্থতার বাধ্যতামূলক বীমা, অক্ষমতা এবং

বার্ডকাবীমার ফাণ্ডের সভ্যসংখ্যা হইল ১,২০০,০০০।

চিলির গবর্ণমেণ্টের প্রধান কার্য্যই হইল সাধারণের স্বাস্থ্য ও জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য রক্ষা করা। যাহাতে তাহার উন্নতিসাধন করিতে পারা যায় তাহার ব্যবস্থা করা উহার বিশেষ কর্ত্তব্য। গত ত্রিশ বৎসরের মধ্যে সাধারণের জীবনে বিশেষ উন্নতি লক্ষ্য করা যায় নাই। তাহা হইলেও ঔষধাদি ও চিকিৎসাবিষয়ের উন্নতি পরিলক্ষিত হয়।

মাহিয়ানার অধিকাংশ ভাগই বাড়ীর জন্য খরচা হয়। সেই জন্য সহরে ও গ্রামে উভয় স্থলেই এই ব্যাপারে একটা ভীষণ সমস্যা উপস্থিত হইয়াছে। এখানে বাড়ীর সংখ্যা কম অর্থাৎ মাত্র ১৫০,০০০ থাকিবার বাড়ী আছে—সেই জন্য গবর্ণমেণ্ট একটি বিশিষ্ট পরিকল্পনা স্থির করিয়াছেন। নিউট্রিশন পলিসির দিক্ হইতে গবর্ণমেণ্ট চেষ্টা করিতেছেন যাহাতে দুগ্ধের উৎপাদন বৃদ্ধি হয় এবং সাধারণের মধ্যে অল্প খরচায় উহা বিতরণ করা যায়।

"সোয়েডিস আনএমপ্লয়মেণ্ট পলিসি" ১৯১৪-৪০, হ্যারিসন ক্লার্ক কর্তৃক লিখিত; আমেরিকান কাউন্সিল অন পাবলিক অ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত; ওয়াশিংটন ডি সি; ১৯৪১; পৃঃ ১৭৯; মূল্য ৩·২৫ ডলার।

১৯১৪ হইতে ১৯৪০ পর্য্যন্ত সুইডেনে বেকার সম্বন্ধে নীতির যেসকল পরিবর্ত্তন সাধিত হইয়াছে তাহার ধারাবাহিক বিবরণ এই পুস্তকে দেওয়া হইয়াছে। ১৯১৪ সনে যখন যুদ্ধ আরম্ভ হয় তখন একটী কমিশন নিয়োজিত হইয়াছিল। তখন বেকারের প্রতিকার করা হইয়াছিল "রিলিফ ওয়ার্কস" দ্বারা, কিন্তু ১৯৩৯ সনে যখন যুদ্ধ সুরু হয় তখন "কমিশনকে" বরখাস্ত করা হয় এবং রিলিফ ওয়ার্কসের স্থলে "পাবলিক্ ওয়ার্কস" নীতি অবলম্বন করা হয়।

নূতন নীতি অনুযায়ী বেকারের জন্য যেসকল পাবলিক ওয়ার্কস্ খোলা হইবে তাহা প্রকাণ্ড আকারে করিতে হইবে এমন কিছু কথা নাই। অধিক পরিমাণ কাঁচা মাল চাই এ কথাও নীতির কোথাও নাই। কাজের অবস্থা এরূপ হইবে যাহা বাজারের আর পাঁচটা কাজের মতই আকার ধারণ করিবে।

নূতন নীতি অনুসারে কোন একটা পরিবর্ত্তন হঠাৎ আনা হয় নাই। বরং বলা চলে যে, ইহা প্রায় পঁচিশ বৎসরের অভিজ্ঞতার পরিণতিস্বরূপ। পঁচিশ বৎসর ধরিয়া ক্রমোন্নতির পথে যে নীতিটি আসিয়াছে তাহার বিশ্লেষণ করা হইয়াছে বারটী অধ্যায়ে। ১৯১৪-২০ অবধি যে জাতীয় বেকার নিবারণ এবং তাহার উন্নতি হইয়াছে তাহা এই পুস্তকে আলোচিত হইয়াছে। তাহার পর যুদ্ধশেষে যে সঙ্কট আসিয়াছিল এবং ১৯২১-১৯২৪ পর্য্যন্ত নিবারণ নীতির যে সম্প্রসারণ হইয়াছিল তাহার একটী সুন্দর চিত্র অঙ্কিত করা হইয়াছে। ১৯২৪-৩০ সনের মধ্যে বেকার এবং আর্থিক উন্নতির সম্বন্ধেও আলোচনা করা হইয়াছে। রিলিফ্ এবং ভয়ানক সঙ্কট উপস্থিত হয় ১৯৩০-১৯৩৩ সনের মধ্যে। পুনরায় রিলিফ ও পুনরুত্থান হয় ১৯৩৩ হইতে ১৯৩৯ সনের মধ্যে। ইহারই মধ্যে লেবার এক্সচেঞ্জ ব্যবস্থা, বেকার বীমার ব্যবস্থা, সঙ্কট-কালিন সমস্যা সমাধানের ব্যবস্থা, পাবলিক ওয়ার্কসের ব্যবস্থা প্রভৃতির সম্বন্ধে সুন্দরভাবে পুস্তকে বর্ণিত হইয়াছে।

"পোষ্ট ওয়ার ওয়ার্ল্ডস্" পি, ই, ক্লার্ক কর্তৃক লিখিত; ইনষ্টিটিউট অব প্যাসিফিক রিলেশনস্ কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯২২; পৃঃ ২১১।

বইখানি লেখার উদ্দেশ্য সম্বন্ধে বলিতে গিয়া লেখক বলিয়াছেন যে, "যে কারণগুলির জন্য গত মহাযুদ্ধের পর আন্তর্জাতিক প্রতিষ্ঠানের যবনিকা পতন হইয়াছে, তাহারই বিশ্লেষণ ও পরীক্ষা করা এই পুস্তকের উদ্দেশ্য।" ভবিষ্যতে যেভাবে বাইলদুহের সম্ভাবনতা আনয়ন করা যাইবে এবং তাহা যাহাতে আরও সুফলপ্রদ ও স্থায়ী হয় তাহার সম্বন্ধে যেসকল আধুনিক চিন্তা দেখা যায়, তাহার সংক্ষিপ্ত আলোচনা করিতেও লেখক ভুলেন নাই। "সুপারন্যাশনাল" প্রতিষ্ঠানের জন্য, উহার কর্তৃত্ব ও গঠনের জন্য যেসকল প্রধান প্রধান সমস্যা উত্থিত হইতে পারে তাহাও লেখক বিশ্লেষণ করিয়াছেন।

যুদ্ধশেষ হইলে যেসকল প্রতিষ্ঠান গঠিত হইবার

জল্পনা-কল্পনা দেশ-বিদেশ হইতে বাহির হইতেছে তৎসমুদয় পুস্তকখানিতে গ্রথিত হইয়াছে। তাহা ছাড়া সুদূর প্রাচ্য ও আমেরিকার সম্বন্ধে যেসকল সমস্যা হইতে পারে তাহাও ইহাতে আলোচিত হইয়াছে। আর্থিক ও সামাজিক প্রশ্ন সম্বন্ধে আলোচনা করিতে গিয়া লেখক দেখাইয়াছেন সমাজিক কার্য্যাদি কখনও আর্থিক সংগঠনকারীদের হুকুম অনুযায়ী চলিবে না।

লেখকের মত হইল যে ওয়ার্লড্ কমনওয়েল্থের যে সামাজিক কার্য্যাদি তাহা ঠিক আন্তর্জ্জাতিক শ্রমিক সঙ্ঘের কার্য্যের মতই দৃশ্যমান হইবে। আন্তর্জ্জাতিক শ্রমিক সঙ্ঘ এক্ষণে যে অনুযায়ী কার্য্য পরিচালনা করিতেছে তাহা ভবিষ্যতে যাহাতে সমান ভাবেই পরিচালিত হইতে পারে তাহার জন্য লোকমত অনুকূলেই থাকিবে বলিয়া আশা করা যায়। তিনি আরও মনে করেন যে, একটী সার্ব্বভৌম ইকনমিক এবং ফিনানশিয়াল প্রতিষ্ঠান গঠিত হইবে এবং তাতে থাকিবে একজন ট্রেড্ কমিশনার, একটী সেণ্ট্রাল ব্যাঙ্ক, একজন ডেভেলাপমেণ্ট কমিশন হইবেন, একজন মাইগ্রেসন ও সেট্‌ল্‌মেণ্ট কমিশন হইবেন। ইহারা আবার একটী গভার্ণিং বডির দ্বারা পরিচালিত হইবেন।

"ইনট্রোডাকশান টু দি কো-অপারেটিভ মুভমেণ্ট"; এও. জে এস্ কর্ত্তৃক লিখিত; হার্পার এণ্ড আদার্স কর্ত্তৃক প্রকাশিত; নিউইয়র্ক এণ্ড লণ্ডন; ১৯৪১; পৃ: ৩৭০।

নানারকম সমবায় সমিতির সম্বন্ধে বিভিন্ন স্থানে যেসকল তথ্য প্রকাশিত হইয়াছে তাহারই সঙ্কলন এই পুস্তকখানিতে দেখিতে পাওয়া যায়। বইখানিকে সাতটী অংশে বিভক্ত করা হইয়াছে। প্রধান প্রধান সমবায় সমিতির গঠন-প্রণালী সম্বন্ধে প্রথম চারি অংশে আলোচনা করা হইয়াছে—যথা কনসিউমার্স, প্রোডিউসার্স, এগ্রিকালচারাল্স্ এবং ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিস। পঞ্চম অংশে সমবায় সমিতির সামাজিক দর্শন সম্বন্ধে বিশ্লেষণ করা হইয়াছে। লেখক তাহার পর দেখাইয়াছেন যে, সমগ্র পৃথিবীতে একটী কো-অপারেটিভ কমনওয়েল্থ কিভাবে গঠন করা যায়। ষষ্ঠ অংশে আন্তর্জ্জাতিক কো-অপারেটিভ আন্দোলন সম্বন্ধে বিশদভাবে সমালোচনা করা হইয়াছে। সপ্তম অংশে ইণ্টারন্যাশনাল ডাইরেক্টরি অব কো-অপারেটিভ অর্গ্যানিজেশনস হইতে সংখ্যা সংগ্রহ করিয়া লিখিত হইয়াছে। প্রত্যেক অধ্যায়ের শেষে নানা পুস্তক সম্বন্ধে নির্দ্দেশ দেওয়া হইয়াছে।

"ফিডিং অব দি পিপ্‌ল্ ইন ওয়ার টাইম"; অর, সারজন এবং লাবক ও ডেভিড্ কর্ত্তৃক লিখিত; ম্যাকমিলান এণ্ড কোং কর্ত্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪০; পৃ: ৮৮; মূল্য ১ শিলিং ৬ পেন্স।

যুদ্ধরাষ্ট্রে খাদ্যনীতি সম্বন্ধে যে পথ অবলম্বন করা হইয়াছিল তাহার উপযোগিতা কতদূর তাহাই এই পুস্তকখানিতে চিত্রিত হইয়া ১৯৪০ সনের মার্চ্চ মাসে প্রকাশিত হয়। উক্ত খাদ্যনীতি নিম্নলিখিত বিষয়সমূহ অনুমোদন করে:—(১) ১৯১৮ সন হইতে যে চারি মিলিয়ন একর ভূমি চাষের বাহিরে পতিত হইয়াছিল তাহা পুনরায় আবাদী জমিতে পরিণত করিতে হইবে; (২) গম, চিনি ও চর্ব্বি যাহাতে দেশের বাহিরে রপ্তানি করা না হয় তাহার ব্যবস্থা করা; (৩) যথেষ্ট দুগ্ধ, আলু, শাকসব্জী এবং ওট্‌মিল যাহাতে দেশে বেশী পরিমাণে উৎপাদিত হইতে পারে এবং বহুদিন ধরিয়া সমান মূল্যে বিক্রয় করা যাইতে পারে তাহার ব্যবস্থা করা; (৪) দরিদ্র লোকদিগকে আবশ্যক দ্রব্যাদি বিতরণ করার জন্য ব্যবস্থা করা এবং যাহাতে উক্ত দ্রব্যাদির মূল্য বিশেষভাবে কম থাকে তাহার দিকে নজর রাখা একান্ত প্রয়োজনীয় বলিয়া নির্দ্দেশ করা হয়।

"ওল্ড্ এজ পেনশন"; জি, এস, উইলসন, সার আর্থার্ড্ এণ্ড ম্যাকে কর্ত্তৃক লিখিত; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্ত্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃ: ২৩৮।

ইংরাজী সামাজিক বীমার বিষয় সংস্কারের জন্য যে চিন্তাপূর্ণ পুস্তক সার আর্থার্ড্ উইলসন অন্যান্য অভিজ্ঞ ব্যক্তিদের সহিত মিলিত হইয়া রচনা করিয়াছেন তাহাই আমাদের আলোচ্য পুস্তক। ১৯৪০ সনে সার আর্থার্ড্

যুদ্ধে জীবন দান করিয়াছেন। ইহার পূর্ব্বে যে পুস্তক রচনা করিয়াছিলেন তাহাও অধ্যাপক হারম্যান লেভির সহিত একযোগে লিখিয়াছিলেন। তাহাতে তিনি ওয়ার্ক-মেনস্ কমপেনসেশন, বেরিয়াল বিজর্ষ এবং ফিউনারাল কষ্ট্ ও ইনডাষ্ট্রিয়াল এশিওরেন্স সম্বন্ধে আলোচনা করিয়া গিয়াছেন।

নন্-কনট্রিবিউটরি পেনশান (১৯০৮ সনের অ্যাক্ট) এবং কনট্রিবিউটরি পেনশান (১৯২৫ অ্যাক্ট) সম্বন্ধে পুস্তকের প্রথম ও দ্বিতীয় অংশে আলোচনা করা হইয়াছে। আলোচনাকালে আইনের ইতিহাস ও কার্য্যকারিতা সম্বন্ধে লেখক বিশ্লেষণ করিতে ভুলেন নাই। ১৯৩০ সনে যে সাপ্লিমেণ্টারি পেনশান নীতি অবলম্বিত হয় তাহাও শেষের দিকে বর্ণিত হইয়াছে। পেনশান বীমা, স্বাস্থ্য বীমার সহিত বিমিশ্রিত হইয়া যাওয়ায় বীমার স্কোপ ও ষ্ট্যাটাস সম্বন্ধে নানা রকম জটিলতা উত্থিত হয় যাহা লেখক সুন্দরভাবে বিশ্লেষণ করিয়া বুঝাইয়া দিয়াছেন। অন্যান্য দেশে ওল্ড্ এজ পেনশান সম্বন্ধে যেসকল নীতি অবলম্বন করা হইয়াছে এবং বাস্তবিক যে যে ভাবে তাহা পরিচালিত হইতেছে তৎসমুদয় সঙ্কলন করিয়া একটী অধ্যায় রচনা করা হইয়াছে। শেষোক্ত অধ্যায়ের তথ্য-সমূহ ইণ্টারন্যাশনাল লেবার অফিসের প্রকাশিত গ্রন্থ হইতে সংগৃহীত।




১। "দি সাউথ আমেরিকান হ্যাণ্ডবুক ১৯৪১"; ডেভিস হ্যাণ্ডবেল কর্তৃক সম্পাদিত; ট্রেড্ এণ্ড ট্রান্সপোর্ট পাবলিকেশনস লিঃ কর্তৃক প্রকাশিত; পৃঃ ৬৭৮ মূল্য ১·০০ ডলার।

২। "লস সেণ্ডরোস সোসিয়ালেস্ এন্ লস এসতাদোস তোতালিতারিয়োস"; পেড্রো আর্গালদোস জিমেনো কর্তৃক লিখিত; ইনস্তিতুতো নাশিওনাল দে প্রভিসিঅন কর্তৃক প্রকাশিত; মাদ্রিদ; ১৯৪১; পৃঃ ৩৪৮।

৩। "দি ডেভালপমেণ্ট অব আমেরিকান ইনস্টিটিউশন"; জোসায়া অন জর্জ, কর্ণওয়েল এবং উইলিয়াম বাউক্ কর্তৃক লিখিত; প্রেনটিস হল ইনকর্পোরেটেড কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ১০০৪; মূল্য ৫·৫০ ডলার।

৪। "দি চায়না অব চিয়াং-কাই-সেক্: এ পোলিটিক্যাল ষ্টাডি"; পল্ লিনেন বার্জার এম-এ কর্তৃক লিখিত; ওয়ার্ল্ড পিস ফাউণ্ডেশন কর্তৃক প্রকাশিত; বোস্টন; ১৯৪১; পৃঃ ৪৯৪; মূল্য ২·৫০ ডলার।

৫। "হ্যাণ্ডবুক অব লিভিং, ওয়েজেস এণ্ড প্রাইসেস"; এইচ বেনস কর্তৃক লিখিত; মডার্ণ বুক্স্ ইন এসোসিয়েশন উইথ দি নিউজিল্যাণ্ড ইনষ্টিটিউট অব ইণ্টারন্যাশন্যাল অ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত; পৃঃ ৪৮; ওয়েলিংটন; ১৯৪১।

৬। "কো-অপেরাতিভাস এসকোলারেস্"; ফেবিও লুজ ফিস্হো কর্তৃক লিখিত; রিও দে জেনীরো; কোয়ে দি তোরা ব্রাসিলিস্কা (কো-অপেরেটিভা); ১৯৪০; পৃঃ ৩১৬।

৭। "আইডিয়লজিস এণ্ড আমেরিকান লেবার"; পল্ কে ক্রসোর কর্তৃক লিখিত: অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ২১২।

৮। "আমেরিকা অর্গানাইজেস মেডিসিন"; এম্ মাইকেল ডেভিস কর্তৃক লিখিত; হার্পার ব্রাদার্স কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক এণ্ড লণ্ডন; ১৯৪১; পৃঃ ৩৫৪।

৯। "সলভিং লেবার প্রব্লেমস্ ইন অষ্ট্রেলিয়া"; অরওয়েল ডি আর ফোয়েনানদার কর্তৃক লিখিত; মেলবোর্ণ ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ১৬৮; মূল্য ১৫ শিলিং।

"দি কনডিশনস্ অব ইকনমিক প্রোগ্রেস" কলিন ক্লার্ক কর্তৃক লিখিত; ম্যাকমিল্যান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; লণ্ডন এণ্ড নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ৫০৪; মূল্য ৫·০০ ডলার।

১১। "দি ফেডারাল সোসিয়াল সিকিউরিটি টাক্স"; জন ই হাফস কর্তৃক লিখিত; দি ব্লাড কোং কর্তৃক প্রকাশিত; পৃঃ ২৩৯; সিকাগো; ১৯৪১।

১২। "ফ্রেঞ্চ ইনটারেস্ট্স এণ্ড পলিসিস ইন দি ফার ইষ্ট"; ইনস্টিচিউট অব প্যাসিফিক রিলেসনস কর্তৃক প্রকাশিত; প্রথম অংশ—"এ সেঞ্চুরি অব ফ্রেঞ্চ ফার ইষ্টার্ণ এ্যাফেয়ার্স"; রোজার লেডি কর্তৃক লিখিত; দ্বিতীয় অংশ—"ফ্রেঞ্চ ইণ্ডো-চায়না ইন ট্রানসিশন"; এগ্রিড্ রথ কর্তৃক লিখিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ২০৯; মূল্য ২·০০ ডলার।

১৩। "দি লিগ অব নেশানস এণ্ড য' মেটিরিয়ালস—১৯১৯-১৯৩৯"; কার্ল ডাবলিউ কাপ কর্তৃক লিখিত; জেনেভা রিসার্চ সেণ্টার কর্তৃক প্রকাশিত; পৃ ৬৪; মূল্য ৪০ সেণ্টস।

১৪। "ক্রাস অব বার্লিন টাইম"; টমাস ফার্গান কর্তৃক লিখিত; জে বি লিপিনকট কোম্পানী কর্তৃক প্রকাশিত; ফিলাডেলফিয়া; ১৯৪১; পৃঃ ৩১২; মূল্য ২·৭৫ ডলার।

# মজুরি-ব্যবস্থায় সমাজবীমা ও রাজস্বের প্রভাব*

শ্রীবিনয়কুমার সরকার

## "পরিপূরক মজুরি"

"ভত্ত" হিসাবে সমাজবীমাকে দান-খয়রাৎ বলা যায় না; কারণ মূলতঃ ইহা বীমা ছাড়া আর কিছুই নয় এবং বীমাকারীদের প্রিমিয়াম বা চাঁদা লইয়া গঠিত।

তবে সমাজ-বীমার আবহাওয়ায় "দান-খয়রাতের" রূপও বেশ পরিস্ফুট। প্রথম কথা, মালিককেও প্রিমিয়ামের একটা অংশ বহন করিতে হয়। দ্বিতীয় কথা, বহু দেশে কয়েক শ্রেণীর সমাজ-বীমায় রাষ্ট্রও প্রিমিয়ামের একটা অংশ পূরণ করিয়া থাকে। মালিকের প্রদত্ত প্রিমিয়ামকে "পরিপূরক মজুরির" আংশিক পরিশোধ রূপে ধরা যাইতে পারে। সুতরাং "স্বাধীনতা" ও সম-অধিকার নীতির সমর্থক, রক্ষণশীল ও উদারপন্থী অর্থনৈতিক মত অনুসারেও সমাজ-বীমাকে দান-খয়রাৎ বলা উচিত নয়। যে টাকাটা মজুরেরা বাবুলি মজুরি হিসাবে পাইতে পারিত সেইটাই তাহারা মালিকদের নিকট হইতে "চাঁদা"-স্বরূপ পাইতেছে। রাষ্ট্র-প্রদত্ত চাঁদা বা প্রিমিয়ামকে কিন্তু খাঁটি দান-খয়রাৎ সবজানোই ভাল। যে-সকল মজুর বা কেরাণী এই চাঁদা পায় তাহারা সরকারের বৃত্তিভোগী লোক। এমন কি সরকারী বদান্যতায় তাহারা নির্ভরশীল "অনাথ", এইরূপই ধরিয়া লওয়া কর্তব্য। জাতীয় রাজস্ব হইতেই "ডোল্" অর্থাৎ সরকারী "মুষ্টিভিক্ষা"র ব্যবস্থা করা হয়। প্রজাদের দেওয়া ট্যাক্স হইতেই জাতীয় রাজস্বের সংস্থান হইয়া থাকে। সুতরাং সরকারী চাঁদা-খাওয়া মজুর বা কেরাণী সমগ্র দেশের বা জাতির অনাথ শিশুরূপে গণ্য। প্রাচীনপন্থী এবং সমাজতন্ত্রী উভয় প্রকার ধনবিজ্ঞানের আলোচনাতেই এই ব্যবস্থায় মুষ্টিভিক্ষার কথা বাদ দেওয়া যায় না। বাস্তবিক পক্ষে এই সরকারী চাঁদার দ্বারা মালিক বা পুঁজিপতিকে প্রকারান্তরে সহায়তা দান করা হইয়া থাকে। এই কারণে সবদিক হইতেই সরকারী চাঁদার বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত হইয়া উঠিয়াছে। কারণ ইহার বলে মালিকগণ মজুরদিগকে বেশ-কিছু কম বেতন দিয়াই রেহাই পাইতেছে। যে আর্থিক ব্যবস্থায় মালিকেরা সরকারী সাহায্যের উপর নির্ভরশীল তাহা কখনই ন্যায্য বিবেচিত হইতে পারে না। মজার কথা—চরমতম আধুনিক যুগের অর্থনৈতিক কথ-কৌশলে পুঁজিওয়ালাদিগকেই সরকারী ধনভাণ্ডারের সাহায্যে রক্ষা করিবার বন্দোবস্ত কায়েম করা হইয়াছে। সমাজ-বীমা উহার চূড়ান্ত নিদর্শন রূপেই বর্তমান।

সমাজবীমা দানখয়রাত ও মুষ্টিভিক্ষা ইত্যাদিরই রূপান্তর। সমাজ-বীমার বিরুদ্ধে আনীত এই অভিযোগ পুরাপুরি না হইলেও উহা যে অংশতঃ সত্য তাহা অস্বীকার করিবার উপায় নাই। তবে ইহা কেবলমাত্র মজুর বা কেরাণীদের সাহায্য নয়; ইহা মালিক বা ধনিককে প্রদত্ত সাহায্যও বটে। সুতরাং আধুনিক অর্থনীতির যুগে দ্বিতীয় শিল্প-বিপ্লবের লীলাক্ষেত্রে এই দুই শ্রেণীর জীবই যে "সমাজের গলগ্রহ" বা অনাথ পোষ্য তাহা একশ'বার স্বীকার্য। জনগণের প্রদত্ত ট্যাক্স হইতে এই দুই শ্রেণীর লোকেরই কর্মক্ষমতার মাপকাঠি বেশ-কিছু উন্নত রাখা হইয়াছে। আংশিক সরকারী সাহায্যের উপর নির্ভরশীল সমাজবীমার ব্যবস্থা হইতে রাষ্ট্র-পরিচালিত "গণত্রাণে" (রাষ্ট্রিক মোসাবিদা) অর্থাৎ তথাকথিত "আর্থিক সমর" বেশী দূরে অবস্থিত নয়। যে-সকল দেশ এই ধরণের সমাজ-বীমার অভ্যস্ত তাহাদের পক্ষে রাষ্ট্রিক পরিচালনা হজম করা বেশ সহজ।

প্রাত্যাহিক আর্থিক জীবনে সমগ্র সমাজের পক্ষে চাঁদা

---

* "মজুরি-বিজ্ঞান প্রবন্ধ দ্রষ্টব্য ( আর্থিক উন্নতি, চৈত্র, ১৩৪৪ )।

ও দান প্রভৃতির উপর নির্ভর করা যেন একালের দস্তুর। সমাজ-বীমার ব্যবস্থায় মালিক, মজুর প্রভৃতি সকল শ্রেণীর লোকই পরনির্ভরশীল হইতে অভ্যস্ত হইয়া উঠিতেছে। ফলতঃ বিভিন্ন শ্রেণীর পারস্পরিক নির্ভরশীলতা ফরাসী সমাজশাস্ত্রী দুর্খাইম, বুর্জোয়া ও জিদ্-প্রচারিত "সলিদারিসম" (সঙ্ঘবদ্ধতা), রুশ ক্রোপোটকিনের প্রচারিত "পারস্পরিক সহায়তা", এবং ইংরেজ হবহাউসের "সামাজিক সামঞ্জস্য, মিলন বা ঐক্য" সমসাময়িক সমাজ-ব্যবস্থার বাস্তব সত্যে পরিণত হইয়াছে। বলা যাইতে পারে যে, বোধ হয় এই সঙ্ঘবদ্ধতার বা সামাজিক সামঞ্জস্য নীতির প্রভাবে বর্তমান যুগের মজুর ও ধনিকগণের চিন্তাধারায় নতুন আকার-প্রকার দেখা দিয়াছে। এই আবহাওয়ায় সমাজবীমার ভিতরকার মুষ্টিভিক্ষা ব্যবস্থায় যে নিরাশ্রয়তার কলঙ্ক নিহিত রহিয়াছে তাহা কালন করিয়া লওয়া হইয়াছে। ফরাসী অর্থশাস্ত্রী ক্রুশি "সমাজ-বীমা" ও "সরকারী সাহায্য" বিশ্লেষণ করিবার সময় শেষোক্ত চিন্তটাকে মামুলি দানখয়রাৎ হইতে পৃথকরূপে মানিয়া লইয়াছেন।

প্রসঙ্গক্রমে আরও একটী বিষয় জানিয়া রাখা ভাল। ক্রুশি সোসিয়েতে দেকোনোমী পোলিটিক্ ত পারি নামক প্যারিসের ফরাসী ধনবিজ্ঞান পরিষদের প্রেসিডেন্ট। এই বিশ্ববিখ্যাত ফরাসী প্রতিষ্ঠান স্বাধীনতাও সম-অধিকার-নীতির কেল্লা। সেই কেল্লার প্রধান প্রতিনিধি সকল রকমের সমাজবীমা মানিয়া ত লইয়াছেনই, অধিকন্তু সকল প্রকার আর্থিক কারবারে রাষ্ট্রের হস্তক্ষেপ করিবার অধিকারও ন্যায়সঙ্গতরূপে স্বীকার করিয়াছেন। ফরাসী অর্থনৈতিক চিন্তাক্ষেত্রে এই অভিমত পহেলা নম্বরের বিপ্লব আনিয়াছে। "স্বাধীনতা" এইবার "খাটে উঠিল"। সমাজে উচ্চতর ন্যায় বিচারের রাজ্য কায়েম করিবার জন্য ফরাসী সমাজশাস্ত্রী লাবা কর্তৃক প্রচারিত সমাজ-দর্শনেও রাষ্ট্রের উচ্চতর কর্তৃত্বাধিকার প্রাথমিক স্বীকার্য্য বিশেষ। জীবনের ধর্ম ও নীতি-জগতের আইন-কানুনের সহিত এই উচ্চতর ন্যায়-বিচারকে একাসনে বসানো হইয়াছে। অর্থাৎ "স্বাধীনতার" গঙ্গাযাত্রা একালে ফরাসী চিন্তায় জীবনের ও নীতির আইন-কানুন-মাফিক সদ্গত কাজ।

সমাজবীমার কতকগুলি দফা বা শাখায় বীমাকারী ও মালিকদের দেওয়া প্রিমিয়ামের সহিত বেনিফিট অর্থাৎ উপকার বা সাহায্য ভোগের বিশেষ কোনো যোগাযোগ খুঁজিয়া পাওয়া যায় না। এইসকল শ্রেণীর সমাজ-বীমাকে বীমারূপে উল্লেখ করাই মুশকিল। কাজেই এই শাখাগুলা যে খাঁটি দান-খয়রাত বা মুষ্টিভিক্ষার উপরই খাড়া রহিয়াছে তাহাতে আর কোনো সন্দেহ নাই। সরকারী মুষ্টিভিক্ষার বিরুদ্ধে যাহা-কিছু বলা হইয়াছে তাহার সব-কিছু এই সমস্ত খাতে সবচেয়ে বেশী পরিস্ফুট।

আরও একটী বিষয় স্মরণ রাখার দরকার। খাঁটি বিলাতী আইন-কানুনের "বেকার-সহায়তা" ও "দরিদ্র-সেবার" মোসাবিদায় বীমার ঝুঁকি বা দায়িত্বের কোনো বালাই নাই। ঝুঁকি বা দায়িত্ব অনুসারে বেনিফিট গ্র্যান্ট, ভাতা, রিলিফ, উপকার, সঙ্কট-ত্রাণ প্রভৃতির হার বা পরিমাণ নির্ণয়েরও প্রয়োজন হয় নাই। বেকার হইবার যাহাদের কোনো সম্ভাবনা নাই তাহাদের ঘাড়ে আর্থিক দায়িত্ব চাপানো আছে। অর্থাৎ ধনিক, মালিক ও উচ্চতর মধ্যবিত্ত সম্প্রদায় এই ভার বহন করিতেছে। "বেকার-সহায়তা" এবং "দরিদ্র-সেবা",—এই দুই খাতেই সকল প্রকার খরচা দেশের করদাতাদিগকেই নির্ব্বাহ করিতে হয়। গবর্মেণ্ট অপেক্ষাকৃত সচ্ছল শ্রেণীর ঘারাই বেকার-দিগকে টিকাইয়া রাখার ব্যবস্থা করিয়াছে।

খাঁটি বেকার-বীমার বেলাতেও বেনিফিট, সাহায্য প্রাপ্তি (উপকার) আর ঝুঁকি বা বিপদের মধ্যে যুক্তিযুক্ত সম্বন্ধ খুঁজিয়া বাহির করা সব সময় সম্ভবপর নয়। কয়েক-শ্রেণীর মজুরের জন্য বীমা-ব্যবস্থা বাধ্যতামূলকরূপে ঘোষণা করা হইয়াছে। ইহাদের মধ্যে বেকারের শতকরা হিসাব বেশী না কম সে সম্বন্ধে কোনপ্রকার মাথাব্যথাই প্রকাশ করা হয় নাই। মজুরদের মজুরির হার, বয়স হিসাবে শ্রেণী-বিভাগ এবং কিরূপ ব্যবসায় সহিত তাহারা সংশ্লিষ্ট সে সম্বন্ধে কোন খোঁজ-খবর না লইয়া চাঁদার এবং সাহায্য-দানের হার অনেকটা গায়ের জোরেই বাঁধিয়া দেওয়া হইয়াছে। এই হারসমূহ বেশ নির্দ্দিষ্ট এবং দস্তুর-মাফিক প্রণালীবদ্ধ। কেবলমাত্র নারী ও বালক-বালিকাদের

জন্য চাঁদা এবং সাহায্যদানের হার দুই-ই কম করা হইয়াছে। স্ত্রীর পক্ষে মাতাপিতার নিকট হইতে বর্দ্ধিত-হারে চাঁদা আদায় না করিয়াই ছেলে-মেয়েদের ভীতা প্রধাননীতি মানিয়া লওয়া হইয়াছে। মোটের উপর বিপদ-জনক কাজে মোতায়েন মজুর এবং ঝুঁকিপূর্ণ বয়সের মজুর-দেরকে অপরের অর্থাৎ অধিকতর সম্পত্তি-সম্পন্ন লোকজনের ঘাড় ভাঙ্গিয়া রক্ষা করা হইতেছে।

ঝুঁকি যা বিপদ যত বেশী প্রিমিয়ামের বা চাঁদার হারও তত বেশী। এইটাই হইতেছে সকল শ্রেণীর বীমা-ব্যবসায়ের অ, আ, ক, খ। কিন্তু বিলাতী আইন-কানুন অনুসারে বেকার-বীমার তিনটা শাখাতেই ঠিক উল্টা নীতি কায়েম করা হইয়াছে। অর্থাৎ যাহাদের বিপদগ্রস্ত হইবার সম্ভাবনা খুব কম, তাহাদিগকেই সব চেয়ে বেশী চাঁদা দিতে বাধ্য করা হইয়াছে।

মানুষের প্রাত্যাহিক জীবনে রাষ্ট্রের প্রভাব ক্রমেই বাড়িয়া চলিয়াছে। প্রমাণস্বরূপ আলোচ্য আইন-কানুনের মধ্যে নিহিত রাষ্ট্রনিয়ন্ত্রিত সামাজিক পরিকল্পনার কথা উল্লেখ করা যাইতে পারে। গণস্থান অর্থাৎ সোভিয়েট রুশিয়ার "সরকারী মোসাবিদা" বিলাতী সমাজেরও পাকা আইনে পরিণত হইয়াছে। কেবল তাহাই নয়। বর্ত্তমানে রুশিয়া অপেক্ষা বিলাতেই অনেক বেশী লোকজন এই রাষ্ট্রিক হস্তক্ষেপ ও মোসাবিদার আমলে বসবাস করিতেছে।

ফোক্স্ নামক মার্কিণ পণ্ডিত বলিতেছেন যে, ইয়োরোপের সমস্ত দেশেই বেকার-বীমা, বার্দ্ধক্য-বীমা, ব্যাধি-বীমা, দৈব-বীমা প্রভৃতি সমাজবীমার সমস্ত ধরাগুলি একীভূত করিবার পরও মজুরদের দুঃখ-দুর্দ্দশা থাকিয়া যায়। অবস্থা প্রায় সকল সময়েই এইরূপ থাকে, বিশেষত মন্দার যুগে মজুরদের অবস্থা আরও কাহিল হইয়া পড়ে। সুতরাং বিভিন্ন ধরণের সমাজবীমা ছাড়া যুক্তিযুক্ত সহানুভূতিমূলক সরকারী সেবা-ব্যবস্থারও দরকার হয়। সমাজবীমা-সমূহের সহিত সরকারী সাহায্যের পার্থক্য কেবলমাত্র পরিমাণ এবং পরিধি সম্বন্ধে দেখিতে হইবে। দুইটীর মূলগত ধরণ-ধারণও সম্পূর্ণরূপে এক প্রকারের।

সর্ব্বশেষে সরকারী দরিদ্র-সেবাকে দারিদ্র্যনিয়ন্ত্রণের সহায়ক হিসাবে যাচাই করিয়া দেখা আবশ্যক। এই ব্যবস্থায় প্রিমিয়াম লইয়া গঠিত বীমার প্রশ্ন উঠিতেই পারে না। বর্ত্তমান সমাজের আর্থিক কাঠামোর ভিতরে দরিদ্র-সেবা প্রয়োজনীয় স্থান দখল করিয়া বসিয়াছে। সুতরাং অর্থশাস্ত্রীদিগকে স্বীকার করিয়া লইতেই হইবে যে, বর্ত্তমান মজুরি-হারের মধ্যে দারুণ গলদ রহিয়াছে। অতীতের মত বর্ত্তমানেও মজুরির হার "ন্যায্য" সম্পদ-বণ্টনের আখড়ায় ফেল মারিয়াছে। যাহারা গতর বা মগজ খাটাইয়া ভাতকাপড়ের ব্যবস্থা করে তাহারা আপন মজুরি দ্বারা আপনাদিগকে এবং পরিবার-পরিজনবর্গকে প্রতিপালন করিতে অসমর্থ। ইহাই হইতেছে একালে সেকালে সকল কালেই মজুরি-নীতির গোড়ার কথা। কিবা রোজগারের সময়ে, কিবা রোগ ভোগের সময়ে কিবা বৃদ্ধ বয়সে, সকল অবস্থায়ই মজুরকে আর কেরাণীকে এমনি অসহায় জীবন যাপন করিতে হয়। কোনো না কোনো প্রকারের সাহায্য দান, ভিক্ষা ইত্যাদি ছাড়া তাহাদের সংসার চলে না।

বস্তুনিষ্ঠরূপে আলোচনা করিতে গেলে, বলিতে হয় যে, শেষ পর্য্যন্ত সমাজ-বীমা আর দরিদ্র-সেবার মধ্যে সেরূপ মারাত্মক কোনো তফাৎ আছে বলিয়া মনে হইবে না। দুই-ই দারিদ্র্যনিয়ন্ত্রণ-কল্পে উদ্ভাবিত উপায় মাত্র। প্রাচীন-পন্থী আর সমাজতান্ত্রিক উভয় প্রকার অর্থশাস্ত্র অনুসারেই সমাজ-বীমা দরিদ্র সেবার মত মজুরি-প্রথার সনাতন ত্রুটি, প্রতিবাদ এবং সমালোচনারূপে দণ্ডায়মান রহিয়াছে।

"নবীনীকৃত" পুঁজি-নিষ্ঠার আমলে বা পুরাতন পুঁজি-নিষ্ঠার আমলে কোনো আমলেই ন্যায্য, যথাযোগ্য এবং মানবোচিত মজুরির হার প্রবর্ত্তিত হয় নাই। ধনবিজ্ঞান আর আর্থিক কর্ম্মক্ষেত্রে "ন্যায্য মজুরি"-সমস্যা এখনও জটিলতম প্রশ্নমূলক সমস্যারূপেই রহিয়া গিয়াছে। প্রাতিষ্ঠানিক অর্থশাস্ত্রীরা আজ কখনই বুকে হাত দিয়া বলিতে পারেন না যে, মজুরি-নির্দ্ধারণ ক্ষেত্রে সকল মানুষের আর্থিক স্বাধীনতা অথবা সমান অধিকার নীতিই

প্রবর্ত্তিত হইয়াছে। মজুরির হার নির্দ্ধারণের আবহাওয়ায় সর্ব্বদাই দেখিতে পাই স্বাধীনতার অবসান, অর্থাৎ সামাজিক বা রাষ্ট্রিক হস্তক্ষেপ। দেশের ভিতর দান-খয়রাত, মুষ্টিভিক্ষা, পরোপকার, সেবাব্রত ইত্যাদির ব্যবস্থা আছে,—এইসব মঙ্গলের ভিতর রাখিয়া লোকেরা মজুরির ব্যবস্থা করিতে অভ্যস্ত।

## একালের রাজস্বনীতি

আর্থিক দুনিয়ার প্রাতিষ্ঠানিক রূপান্তর সবচেয়ে বেশী দেখিতে পাই বর্ত্তমান যুগের সরকারী রাজস্ব-নীতির ভিতর। এই বিভাগে একটা আমূল পরিবর্ত্তন ঘটিয়াছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিশ্লেষ সম্বন্ধে ইতালিয়ান অর্থশাস্ত্রী ভিভারণি বিশেষ জোর দিয়াছেন। অন্যতম রচনায় তিনি বলিতেছেন, "সমাজের কোনো শ্রেণী হইতে আদায়-করা ট্যাক্স-সম্পদ সেই শ্রেণীর অভাব পূরণের জন্য ব্যয় করা হয় না, পক্ষান্তরে আংশিকভাবে অথবা সমস্তই অন্য শ্রেণীর জন্য খরচ করা হইয়া থাকে।" অর্থাৎ একালের প্রাতিষ্ঠানিক ধনবিজ্ঞান যে-সকল রাজস্ব আইনের চর্চ্চা করে তাহার প্রাণ হইতেছে এক শ্রেণী হইতে অন্য শ্রেণীতে ধনদৌলতের হস্তান্তর।

উদাহরণ স্বরূপ প্রাগ্-বিপ্লব যুগের ফরাসী রাজস্বনীতির কথা উল্লেখ করা যাইতে পারে। ফ্রান্সের সরকারী রাজস্ব তখন সম্পূর্ণরূপে বিভিন্ন ধরণের বনিয়াদের উপর দণ্ডায়মান ছিল। ফরাসী অর্থশাস্ত্রী জাঁরি-সে তাঁহার আর্থিক ইতিহাস সংক্রান্ত রচনাবলীতে এবং জেভ তাঁহার রাজস্ব ও রাষ্ট্রনীতি বিষয়ক গবেষণায় এ সম্বন্ধে যথেষ্ট প্রমাণ দিয়াছেন।

১৮৫৬ সন পর্য্যন্ত জিলায়-জিলায় সরকারী ডাক্তারের কোনই সন্ধান মিলিত না। প্যারিসের হাসপাতালগুলির অবস্থা ছিল শোচনীয়, এবং মফঃস্বলের হাসপাতালগুলির অবস্থা ছিল একেবারে অবর্ণনীয়। "দরিদ্র নারায়ণের" পূজা সারা হইত "নমো নমঃ" করিয়া। বেসরকারী ও খৃষ্টীয় ভজনালয়গুলির দানখয়রাৎ দ্বারা দরিদ্র-সেবার ব্যবস্থা ছিল সমুদ্রে শিশিরবিন্দুর মত। গবর্ণমেণ্ট ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেগিরির প্রতিকার করিতে সম্পূর্ণরূপে অক্ষম ছিল। ১৭৮৬ হইতে ১৭৯০ সন পর্য্যন্ত পাঁচ সনের মধ্যে শতকরা ৪৭ জনের বেশী পুরুষ এবং শতকরা ২৭ জনের বেশী নারী বিবাহ রেজেষ্টারী খাতায় নাম সহি করিতে পারিত না। অ-আ-ক-খ পর্য্যন্ত বিদ্যার জন্যও চাহিদা, এবং দরদ ছিল খুব বেশী। ষ্টেট্স্-জেনারেল নামক পার্লামেণ্ট-সভার সমনজারির পূর্ব্বাহ্নে জনসাধারণ কর্ত্তৃক দুঃখ-দুর্দ্দশার যে তপশীল প্রকাশিত হইয়াছিল তাহার ভিতর শিক্ষা-দানের অভাব ও অসুবিধার কথা উল্লেখযোগ্য স্থান দখল করিয়াছিল। মোটের উপর প্রাচীন শাসন-ব্যবস্থার আমলে গরীবের অভাব মোচন ও সুখ শান্তির জন্য বিশেষ কোনো সরকারী ব্যবস্থা ছিল না। সেকালে আর একালে জারাক ঠিক যেন আকাশ-পাতাল। বিলাতের নজির দিতেছি। "সমাজ-সেবা" খাতে বিলাতে কি ধরণের সরকারী খরচপত্র হইতেছে নিম্নের তালিকায় তাহার কিছু আভাস মিলিবে। বিগত মহালড়াইয়ের সমসাময়িক ও পরবর্ত্তী কয়েক বৎসরের বৃত্তান্ত নিম্নে প্রদত্ত হইতেছে:—

| বিভিন্ন দফা | ১৯১৩-১৪ | ১৯২৪-২৫ |
|---|---|---|
| সমাজবীমা | ২১,০০০,০০০ পাঃ | ৬৮,০০০,০০০ পাঃ |
| শিক্ষা | ২০,০০০,০০০ পাঃ | ৪৯,০০০,০০০ পাঃ |

উল্লিখিত তালিকার ভিতর বৃটিশ গবর্ণমেণ্টের বিরাট দায়িত্বের যৎসামান্য অংশ মাত্র প্রকাশ পাইয়াছে। এ কালের বিলাতী সরকার গরীবের মা-বাপ সকল বিষয়ে। সমাজবীমার জন্য বিলাতের সরকারী খরচের ক্রমবিকাশ নিম্নের বিবরণে দেখিতে পাওয়া যাইবে :—

| | |
|---|---|
| ১৯০০ | ৫৬,০১০,০০০ পাঃ |
| ১৯১০ | ৬৩,১৫৭,০০০ পাঃ |
| ১৯২০ | ৩০৬,১৬১,০০০ পাঃ |
| ১৯৩০ | ৪৬৩,৩২০,০০০ পাঃ |

খরচপত্রের এইসমস্ত হালচালের সঙ্গে এখন ট্যাক্স্ (কর) বাড়তির পরিচয় দেওয়া যাক। "প্রত্যক্ষ" বা "মুখ্য" করগুলি নিম্নরূপ ( লক্ষ পাউণ্ডের হিসাব ) ছিল :—

| সন | আয়কর | সুপার ট্যাক্স্ | মৃত্যুকর | মোট |
|---|---|---|---|---|
| ১৯১৪ | ৪৪৫ | ৩০ | ৩৭০ | ৭৪৫ |
| ১৯২৪ | ২,৭৪০ | ৬৩০ | ৪২০ | ৩,৯৬০ |

"পরোক্ষ" বা গৌণ করগুলা দেখা যায় নিম্নলিখিতরূপে বাড়িয়াছে—

| দফা | ১৯১৩-১৪ | ১৯২৪-২৫ |
|---|---|---|
| শুল্ক | ৩৬,০০০,০০০ পাঃ | ১০০,০০০,০০০ পাঃ |
| আবগারি | ৪০,০০০,০০০ পাঃ | ১৩৪,০০০,০০০ পাঃ |

মুখ্য ও গৌণ সকল জাতীয় টাক্সের মোট পরিমাণ ১৯১৩-১৪ সনে ছিল ১৫০,৫০০,০০০ পাঃ। ১৯২৪-২৫ সনে পরিমাণ দাঁড়াইয়াছে ৩৩০,০০০,০০০ পাউণ্ড।

একবার জার্মাণ মুল্লুকের দিকে নজর ফেলা যাউক।

জার্মাণিতে রোগ, দুর্ঘটনা, অক্ষমতা, চাকুরিয়া ও নাবালক বীমায় সরকারী সাহায্যের বরাদ্দ কিভাবে বাড়িয়া চলিয়াছে নিম্নের তালিকায় তাহার পরিচয় দেওয়া হইল ( লক্ষ মার্ক ) :—

| | |
|---|---|
| ১৯১৩ | ৫৮৫,০ |
| ১৯২৪ | ১,০৫৬,০ |
| ১৯২৫ | ১,৮২৯,০ |
| ১৯২৬ | ২,০৮১,০ |
| ১৯২৭ | ২,৩৫৬,০ |

জার্মাণ ও বিলাতী অঙ্কগুলার মধ্যে তুলনা করা উচিত হইবে না, কারণ দুই তালিকার দফাগুলা ঠিক এক ধরণের নয়।

জার্মাণিতে মুখ্য ও গৌণ সকলপ্রকার করের ক্রম-বিকাশের পরিচয় নিম্নে দেওয়া হইল ( লক্ষ মার্ক ) :—

| দফা | ১৯১৩-১৪ | ১৯২৬-২৭ |
|---|---|---|
| ১। টাক্স— | | |
| আয়-কর ( কর্পোরেশন কর ) | ১৩,৯০২,০ | |
| সম্পত্তি কর | ৭৮৮,০ | |
| উত্তরাধিকার কর | ৬১০,০ | |
| জমি ও বসতবাটী কর | ৪,৩৫৫,০ | |
| ব্যবসা-কর | ১,৭৯৩,০ | |
| বাড়ীভাড়া কর | × | |
| সম্পত্তি হস্তান্তর কর | ৩,৯৪৫,০ | |
| অন্যান্য কর | ৮,৭৫৭,০ | |
| বিবিধ | —৯৭,০ | |
| ২। শুল্ক | ৬,৪০৫,০ | |
| ৩। যুদ্ধের ক্ষতিপূরণের বিশেষ কর | × | |

১ পাঃ—২০ মার্ক, এই বিনিময় হার ধরিয়া লওয়া যাউক। তাহা হইলে টাক্স ও আবগারী বাবদ জার্মাণ রাইখের আয় ১৯১৩-১৪ সনে ছিল ২০২,২৩০,০০০ পাঃ, ১৯২৬-২৭ সনে ৫৮৩,৭০০,০০০ পাউণ্ড [ বিলাতের আয় ১৯১৩-১৪ সনে ১৪০,০০০,০০০ পাঃ, ১৯২৪-২৫ সনে ৬৩০,০০০,০০০ পাঃ )। সম্প্রতি রাজস্ব হিসাবে প্রাক্-যুদ্ধ ও যুদ্ধোত্তর অবস্থা তুলনা করিবার দরকার নাই। তাহা ছাড়া বিলাত বা জার্মাণির মধ্যে করের হার সম্বন্ধে তুলনায় প্রবৃত্ত হইব না। সোজা চোখে আমরা সরাসর বলিতে পারি যে দুইটী দেশই বিরাট সরকারী রাজস্বের অধিকারী।

এইখানে ভারতের কথা তুলিলে হাতীর পাশে চামচিকার বহর খাড়া করা হইবে মাত্র। যাহা হউক্ বৃটিশ ভারতের অবস্থা সম্বন্ধে ওয়াকিবহাল হইবার জন্য নিম্নে দুইটী বিভিন্ন সময়ের মুখ্য ও গৌণ আবকরের হিসাব প্রকাশিত হইল :—

| বিভিন্ন দফা | ১৯৩২-৩৩ টাকা | ১৯২৬-২৭ টাকা |
|---|---|---|
| আয়-কর | ১৭৯,৭৪০,০০০ | ১৪৬,৪২৬,০০০ |
| শুল্ক | ৪১৯,৪১৭,০০০ | ৪৭৩,৮১১,০০০ |
| | ৬৯৯,২৪৭,০০০ | ৬৩০,৩০৭,০০০ |

( প্রায় ৫১,০০০,০০০ পাঃ ) (প্রায় ৪৬,০০০,০০০ পাঃ)

এই ছোটখাটো অঙ্কগুলার সাথে বিলাত বা জার্মাণির বাঘাবাঘা অঙ্কগুলার তুলনা করা নিতান্ত ছেলেখেলা।

নিম্নে দুই বিভিন্ন তারিখের জন্য বৃটিশ ভারতীয় মোট রাজস্বের পরিচয় দেওয়া যাইতেছে :—

| | ১৯২৬-২৭ টাকা | ১৯৩১-৩২ টাকা |
|---|---|---|
| কেন্দ্রীয় | ১,৩১৬,৪৯৭,০০০ | ১,২১৬,৪৬৬,০০০ |
| প্রাদেশিক | ৮৬৯,৩১৬,০০০ | ৮৩১,৮৩৭,০০০ |
| | ২,১৮০,৮৬৩,০০০ | ২,০৪৮,৩০৩,০০০ |

( প্রায় ১৪৫,৭৬৪,০০০ পাঃ ) (প্রায় ১৪৬,৩০৮,০০০ পাঃ)

বৃটিশ ভারতের সকল প্রকার রাজস্ব খাতে যেখানে মাত্র ১৫ কোটী পাঃ আয় হইয়াছে সে স্থলে বিলাত ও জার্মাণিতে এক আয়কর ও শুল্ক বাবদ যথাক্রমে ৬৩ কোটী ও ৫৮ কোটী ৩৭ লক্ষ পাঃ আয় দাঁড়াইয়াছে। গভীর-ভাবে তুলনা করিতে বসিলে এই তিন দেশের লোকসংখ্যা আনিয়া হাজির করিতে হইবে। তাহার পর প্রত্যেক জনপদ সম্বন্ধেই মাথা-পিছু আয়করের হার কষিয়া বাহির করিতে হইবে। বর্ত্তমান আলোচনার দেদিকে মাথা ঘামাইবার প্রয়োজন নাই। তবে এই ক্ষেত্রে বিভিন্ন

দেশের মাথা-পিছু বাৎসরিক আয় সম্বন্ধে আলোচনা করার প্রয়োজন। নিম্নের তালিকায় এই হিসাব প্রকাশিত হইল :—

( মার্কের হিসাব ) :—

| দেশ | প্রাগ্ যুদ্ধ | যুদ্ধোত্তর |
|---|---|---|
| মার্কিণযুক্তরাষ্ট্র··· | ১,৪০০ (১৯১৩) | ৩,২৩০ (১৯২৬) |
| বিলাত | ১,০১০ (১৯১৩-১৪) | ১,৬২০ (১৯২৪-২৫) |
| জার্মাণি | ৭৪০ (১৯১৩) | ১,০৯৪ (১৯২৯) |
| ফ্রান্স | ৭৩০ (১৯১১) | ৯৮০ (১৯২৫) |
| ইতালি | ৪৬০ (১৯১৪) | ৪৮০ (১৯২৮) |

এই সমস্ত সংখ্যা দেখিবামাত্র ধাঁ করিয়া তুলনায় প্রবৃত্ত হওয়া চলিবে না। প্রত্যেক দফা অঙ্কের মধ্যে আশ্বাস আছে বিস্তর; তাছাড়া সংখ্যাগুলা গুনিয়া বাহির করিবার প্রণালীর মধ্যেও যথেষ্ট পার্থক্য আছে। প্রত্যেক গণনার মধ্যে ঠিক একই ধরণের আয় অন্তর্ভুক্ত হয় নাই।

প্রাগ্‌যুদ্ধ ও যুদ্ধোত্তর অবস্থার মধ্যে কোনো একটী দেশের কোথাও খাঁটি বিজ্ঞানসম্মত তুলনা চালানো একরূপ অসম্ভব। কাজেই দুই বিভিন্ন জনপদের আয় সম্বন্ধে তুলনা সাধন প্রায় নিরর্থক।

নিম্নে মাথাপিছু বাৎসরিক আয়ের আর একটী হিসাব প্রকাশিত হইল। তালিকায় রুশিয়া, জাপান ও ভারতের পরিচয় প্রদত্ত হইয়াছে। ১৯২৩ সনের হিসাবের ডান পার্শ্বে বন্ধনীর মধ্যে ১৯১৩ সনের হিসাবও দেওয়া গেল—

| | | |
|---|---|---|
| মার্কিণ যুক্তরাষ্ট্র | ৮৪৩ টাকা | (১,০৫৩) |
| বিলাত | ৬৩৬ | (৭০০) |
| ফ্রান্স | ৫৩৭ | (৫৪৬) |
| জার্মাণি | ৩৪২ | (৪৬২) |
| ইতালি | ২৫৪ | (৩২৪) |
| রুশিয়া | ১২৬ | (১২৯) |
| জাপান | ১০৫ | ( ৯০) |
| বৃটিশ ভারত | ৪২ ,, | ( ৩৬) |

লড়াইয়ের পরবর্ত্তী অবস্থা এই হিসাবে পাওয়া যাইতেছে। একটী মজার কথা এই যে, জাপান ও ভারত ছাড়া অন্য সব দেশেই জনপ্রতি আয়ের বহর কমিয়াছে। পূর্ব্বতন হিসাবের তুলনায় শেষোক্ত হিসাবটীতে বিভিন্ন দেশের মধ্যে আপেক্ষিক তফাৎ কিছু কম অনুভূত হইয়াছে।

বর্ত্তমান প্রসঙ্গে আমরা তুলনা চালাইবার জন্য ব্যস্ত নই। কোন্ দেশ ধনী কোন্ দেশ গরীব তাহা তরীপ করা উদ্দেশ্য নয়। বিভিন্ন দেশের অথবা সেই দেশের বিভিন্ন তারিখের জন্য সংগৃহীত অঙ্কগুলা কতটা নির্ভুল বা তুলনাযোগ্য তাহা বর্ত্তমান আলোচনার বস্তু নয়। সংখ্যাগুলার ভিতর নানা প্রকার অসামঞ্জস্য আছে ধরিয়া লইতেছি।

বিভিন্ন দেশের লোক বিভিন্ন বুঝা যায়। কিন্তু কাহার ক্ষমতা কত তাহার প্রশ্ন এখন তোলা হইতেছে না। বিলাত, জার্মাণি, ফ্রান্স প্রভৃতি দেশের মাথা-পিছু আয় খুব বেশী, আর সেই তুলনায় ভারতবাসীর আয় অত্যন্ত কম এইটুকু জানা থাকিলেই যথেষ্ট।

বিলাত ও জার্মাণির জাতীয় সম্পদ্ ও জাতীয় আয় প্রচুর পরিমাণে বাড়িয়া গিয়াছে। কাজেই চড়া হারে কর-বৃদ্ধি ঐ দুই দেশে সম্ভবপর হইয়াছে। বুঝিতে হইবে যে, সমাজসেবা খাতে লম্বা চৌড়া খরচ করিয়া বৃটিশ ও জার্মাণ জাতি তাহাদের অচিন্তনীয় সমৃদ্ধিরই পরিচয় দিতেছে। সুতরাং দেখা যাইতেছে যে, সমাজ-বীমা এক ধরণের বিলাসিতা মাত্র; কেবলমাত্র সমৃদ্ধিশালী জাতিগুলিই উহার প্রশ্রয় দিতে পারে। বিরাট বহরের ট্যাক্স-রাজস্ব আর সরকারী আয়ব্যয় দেখিলে নবীনীকৃত পুঁজিতন্ত্র ও দ্বিতীয় শিল্পবিপ্লবের আমল স্পষ্টাস্পষ্টি ধরিতে পারি। এই আমলের সরকারী শাসন-প্রণালীতে সমাজ-বীমার বিলাস অতিমাত্রায় দস্তুরমাফিক বা সাদাসিধে কথা। একদলের অর্থনৈতিক ও সমাজ-ব্যবসায় ইহা একটি বিশেষ রূপও বটে।

এক শ্রেণী হইতে অন্য শ্রেণীতে ধনদৌলতের হস্তান্তর একালের আর্থিক প্রতিষ্ঠানের সনাতন কথা। এই দস্তুরের দৃষ্টান্ত দুনিয়ার সব দেশেই অল্পবিস্তর মিলিবে। মজুরির বাহিরের আয় অর্থাৎ পরিপূরক মজুরি এইভাবে মজুরি-তহবিল বা মজুরি-দরিয়ায় গিয়া পড়িতেছে। টকরশীল বা প্রতিযোগী অর্থনৈতিক জীবরূপে মজুর বা কেরাণীরা কতটা রোজগার করিতেছে তাহা কষিয়া বাহির করা এই প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় রীতিমত কঠিন বিষয়। খাঁটি অর্থশাস্ত্রের পক্ষে অর্থাৎ যে ধনবিজ্ঞানবিদ্যা মানুষে-মানুষে স্বাধীন লেনদেন ও প্রতিযোগিতা স্বীকার করিয়া অগ্রসর হয় সেই ধন-বিজ্ঞানের পক্ষে মজুরি-সমস্যার কিনারায় আসা বর্ত্তমান আমলে সম্ভবপর নহে। অবশ্য একটা সমাধান করা হইয়াছে, কিন্তু তাহা "অর্থশাস্ত্র-বিরোধী"। ধন-বিজ্ঞানকে কলা দেখাইয়া মজুরি-সমস্যার সমাধান করা হইতেছে। সমাধানটাকে রাজনৈতিক বলিতে পারি, সামাজিক বলিতে পারি, "প্রাতিষ্ঠানিক" বলিতে পারি। "ন্যায্য মজুরি"-সমস্যা এখনও অর্থ-নৈতিক চিন্তারাজ্যে, ধন-বিজ্ঞানের তত্ত্ব-বিশ্লেষণের আসরে, আলেয়ার মতই অলীক রহিয়াছে।

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | কার্ত্তিক, ১৩৪৯ | ৭ম সংখ্যা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | প্রতি সংখ্যা আনা

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established-April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**Dr. NARENDRA NATH LAW**

ENTS OF THE OCTOBER-NOVEMBER NUMBER, 1942.

**Section 1. Wealth of Bengal:** Scarcity of Rice. Savings Certificates and Stamps. Famine Relief. Govt. Aid to Agriculture. Aid to Public Health. Supply of Drinking Water. (pp. 191-193).

**Section 2. Economic India:** King George V Coins. Export of Zinc and Copper. Copper Output. Emigration of Indians. Industrial Development in Native States. (pp. 194-195).

**Section 3. World Economy :** Industrial Education of Disabled Soldiers in U. K. Employment of released French Soldiers. Medical Benefit in Newzealand. Pension of Mine Labourer in Australia. (pp. 196-197).

**Section 4. Men, Institutions and Movements:** Independence Day in Czecho-slovakia. Flood Relief for Midnapur. Scarcity of Food in Bengal. Condition of Sugar Industry. Scheduled Castes Conference in Calcutta. (pp. 198-200).

**Section 5. Interview:** Philosophy of Sree Arabinda (Conversation with Prof. Benoy K. Sarkar), By Haridas Mukerjee. (pp. 201-206).

**Section 6. World of Journals:** *The Iran League Quarterly. Review.* (pp. 207-209).

**Section 7. Reviews:** Social Disorganization. Middle Class in American Politics. (pp. 210-211).

**Section 8. Bibliography:** 15 books announced. p. 212.

**Article:**

Philosophy of Poverty and Theory of Wages.
By Benoy Kumar Sarkar. (pp. 213-220).

---


## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 701. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs. 6. (Demy).
   **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 090. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

**আর্থিক পরিচয়**

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ১৩ |
| মোট সম্পত্তি | ৪ ৬৩ ,, |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ,, ৭০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3

Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-

La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-

The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-

The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-

The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Banesvar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/

Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-

9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0

10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্ ঃ**—চাউলের অভাব। সেভিংস্ সার্টিফিকেট ও ষ্ট্যাম্প। দুর্ভিক্ষে সাহায্য। কৃষিকার্য্যে সাহায্য। জনস্বাস্থ্য ও চিকিৎসা-সাহায্য। বঙ্গদেশে পানীয় জল সরবরাহ। ( ১২১-১২৩ )

**আর্থিক ভারত ঃ**—পঞ্চম বর্ষ মার্কা টাকা। ভারতের দস্তা রপ্তানি। তামা। তামার উৎপাদন। ভারতীয়দের বাহিরে গমন। মানব। ভারতের দেশীয় রাজ্যে শিল্প-বাণিজ্যের বিস্তার। ( ১২৪-১২৫ )

**দুনিয়ার ধনদৌলত ঃ**—গ্রেটব্রিটেনে অক্ষম লোকের যান্ত্রিক শিক্ষার ব্যবস্থা। উদ্ধারপ্রাপ্ত ফরাসী সৈনিক বন্দীর নিয়োগ। নিউজিলাণ্ডে মেডিক্যাল বেনিফিট। অষ্ট্রেলিয়ায় খনির শ্রমিকদের পেনসন। নিউইয়র্কে অনিষ্টকর দ্রব্যের কার্য্যে নিযুক্ত শ্রমিকের ক্ষতিপূরণ। ( ১২৬-১২৭ )

**ব্যক্তি ও সঙ্ঘ ঃ**—চেকোশ্লোভাকিয়া স্বাধীনতা দিবস। মেদিনীপুর জেলায় সাহায্য ব্যবস্থা। বাঙ্গালার খাদ্য-সঙ্কট। শর্করা-শিল্পের অবস্থা। কলিকাতা তপশিল-ভুক্ত সম্প্রদায়ের সম্মেলন। ( ১২৮-২০০ )

**গোলাকাৎ ঃ**—অরবিন্দ-দর্শন ( অধ্যাপক বিনয় সরকারের সঙ্গে কথোপকথন ) শ্রীহরিদাস মুখোপাধ্যায়। ( ২০১-২০৬ )

**পত্রিকা-জগৎ**

**সমালোচনা**

**গ্রন্থপঞ্জী**

**প্রবন্ধ ঃ**

দারিদ্র্য-দর্শন ও মজুরি-তত্ত্ব
শ্রীবিনয়কুমার সরকার


---


## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৫৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১।০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। বাকিল সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ৷০।

**চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড**

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

কার্ত্তিক—১৩৪৯ ১৭শ বর্ষ—৭ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ব্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




### চাউলের অভাব

কিছুদিন যাবৎ বাজারে চাউল পাওয়া যাইতেছে না। যাহা পাওয়া যায় তাহাও প্রয়োজনের তুলনায় অকিঞ্চিৎকর। ২ সের ৪ সেরের বেশী পাওয়া যায় না। তাহাও অনেক হড়াহড়ি করিয়া আনিতে হয়। যাহার শরীরে শক্তি কম সে হয়ত বা পায়ই না। কেরোসিন তৈল ও চিনির অবস্থা অতোঽধিক শোচনীয়। চিনি দোকানে নাই। কিন্তু গোপনে নাকি বার আনা চৌদ্দ আনা সের দরে বিক্রয় হয়। সহরে কি প্রকৃত পক্ষেই এই সকল একান্ত প্রয়োজনীয় জিনিষের অভাব হইল, না ইহার মধ্যে কিছু আছে? কে কোথায় কি দিয়া ভাত খায় সে খবর জানা যায়, কিন্তু কে কোথায় চাউল, চিনি, লবণ বা তৈল লুকাইয়া রাখিয়া এই অশান্তির সৃষ্টি করিতেছে তাহা নাকি জানিবার উপায় হইতেছে না, ইহা অদ্ভুত! দেশের বর্ত্তমান আন্দোলনই ইহার জন্য দায়ী বলিয়া কোন কোন নির্লজ্জ ব্যবসায়ী ঠাট্টা করে। কিন্তু আমরা ভাবি ইহারা কিসের বলে এই বিকারগ্রস্ত উক্তির অবতারণা করে। (ঢাকাপ্রকাশ)

### সেভিংস্ সার্টিফিকেট ও ষ্ট্যাম্প

বাংলার বিভিন্ন জেলায় বিগত মে মাসে ডিফেন্স সেভিংস সার্টিফিকেট ১,৩৯,৮৭০৲ টাকার ও সেভিংস ষ্ট্যাম্প ১১,৫০১৲ টাকার বিক্রয় হইয়াছিল। বিভিন্ন জেলার হিসাব নিম্নরূপ :—

| জেলা | |
|---|---|
| চট্টগ্রাম | |
| পার্ব্বত্য চট্টগ্রাম | |
| মুর্শীদাবাদ | |

| জেলা | সার্টিফিকেট টাকা | ষ্ট্যাম্প টাকা |
|---|---|---|
| মালদহ | ২,৮৯০ | ১৬৩।০ |
| বীরভূম | ৫,৪৪০ | ১৪ |
| ময়মনসিংহ | ১৮০ | ১০৪।০ |
| ২৪ পরগণা | ৫,৮০০ | ৪৯৫।০ |
| যশোহর | | ৫৭ |
| খুলনা | | ২৪৬০ |
| কলিকাতা | | ৫,৬৯৭।০ |
| জলপাইগুড়ি | | ৪৮১।০ |
| দার্জ্জিলিং | | ৪৪৫।০ |
| ত্রিপুরা | | ৬৯।০ |
| নোয়াখালী | | ৫১।০ |
| হাওড়া | | ১,৭৩৩।০ |
| হুগলী | ১,২৩০ | ৪১০৬০ |
| ঢাকা | ২২০ | ৩১৬৬০ |
| মেদিনীপুর | ১৩,১৯০ | ৪৫।০ |
| বাঁকুড়া | ১,০৩০ | ১৮৬০ |
| বর্দ্ধমান | ৩৩০ | ২০২।০ |
| বগুড়া | ১,৮৭০ | ৬৫।০ |
| দিনাজপুর | ১০,৩৯০ | ২১৩ |
| রংপুর | ২৬০ | ৬।০ |
| ফরিদপুর | ৩২০ | ৪৫।০ |
| বাখরগঞ্জ | ২,৫৮০ | ১৮৬।০ |
| রাজসাহী | ১,৬২০ | ১৩৮ |
| পাবনা | ১,৬৭০ | ১১৪৪০ |
| নদিয়া | ৩৩০ | ৮৭ |
| | ১,৩৯,৮৪০ | ১১,৫০১ |

## দুর্ভিক্ষে সাহায্য

প্রেস নোট হইতে জানা গিয়াছে যে, বর্দ্ধমান বিভাগে গত ১৩৩৯-৪০ সনে দুর্ভিক্ষপীড়িত ব্যক্তিগণের সাহায্যার্থ জেলাবোর্ড ও লোকাল বোর্ডগুলির মারফৎ মোট ৪৫১০৮৲ টাকা ব্যয় করা হইয়াছিল। তাহার পূর্ব্ব বৎসরে এই উদ্দেশ্যে ব্যয়িত হইয়াছিল ১০৩৪৫৲ টাকা। প্রেসিডেন্সী বিভাগ ও মুর্শিদাবাদ জেলাবোর্ড উভয়েই সরকারের নিকট হইতে আর্থিক সাহায্য লইয়া রিলিফ্ কার্য্যের জন্য সর্ব্বসাকল্যে ৩৬৯৯০০০৲ টাকা ব্যয় করিয়াছিলেন। ঢাকা বিভাগেও এই উদ্দেশ্যে জেলাবোর্ডগুলিতে সরকার বাহাদুর যে আর্থিক সাহায্য করিয়াছিলেন সে অর্থসহ আরও অর্থ দিয়া ব্যয় করা হইয়াছিল মোট ১১৯০০০৲ টাকা। রাজসাহী বিভাগে এবং রংপুর জেলায় এই উদ্দেশ্যে জেলাবোর্ড-গুলিতে ব্যয় করিতে হইয়াছে ১৬২০০০৲ টাকা। পাবনা ও মালদহ জেলাবোর্ডগুলি এই উদ্দেশ্যে যথাক্রমে ব্যয় করিয়াছিল ৬৮০১২৲ টাকা এবং ৩৫৯২৲ টাকা।

( বঙ্গরত্ন )

## কৃষিকার্য্যে সাহায্য

দেশের সর্ব্বত্র বর্ত্তমান খাদ্য-সমস্যার দিনে যাহাতে অধিক পরিমাণে খাদ্য শস্য উৎপন্ন হইতে পারে, গভর্ণমেণ্ট হইতে তদ্বিষয়ে সকলকে উৎসাহিত করা হইতেছে। তমলুক মহকুমার কর্ত্তৃপক্ষ কৃষকগণকে আলু, ছোলা, সরিষা, মটর ও রেড়ী প্রভৃতি নানাপ্রকার বীজ ঋণ হিসাবে প্রদান করিয়া সকলের চাষের কার্য্যে উৎসাহ বর্দ্ধনের চেষ্টা করিতেছেন। হাতে কলমে কৃষকগণকে ঐ সকল চাষের কার্য্যে শিক্ষা দিবার জন্যও কৃষি বিভাগ হইতে একজন পরিদর্শক নিযুক্ত হইয়াছেন। নূতন নূতন চাষের কার্য্যে কৃষক-সাধারণকে উক্তরূপে উৎসাহ প্রদানে সুফল ফলিতে দেখিলে অনেক স্থলেই ঐ পদ্ধতি অনুসৃত হইবার আশা করা যাইতেছে। ( নীহার )

## জনস্বাস্থ্য ও চিকিৎসা সাহায্য

গত ১৩৩৯-৪০ সনে জনস্বাস্থ্য ও চিকিৎসা সাহায্যের জন্য সরকার বাহাদুর বঙ্গদেশে জেলা ও লোকাল বোর্ড-গুলির মারফতে যে প্রচেষ্টা করিয়াছিলেন তাহাতে দেখা

যায় যে, পূর্ব্বাপেক্ষা আলোচ্য বৎসরে আয় বৃদ্ধি হইয়া দাঁড়াইয়াছিল ১৯৩১০০০৲ টাকা এবং ব্যয়ও বৃদ্ধি হইয়া দাঁড়াইয়াছিল ৪২১৬০০০৲ টাকা। চিকিৎসালয়ের সংখ্যা ৭১৩ হইতে হইয়াছিল ৭২১। কলেরা ও বসন্ত যাহাতে ব্যাপকভাবে ছড়াইতে না পারে তজ্জন্য জেলাবোর্ডগুলি বিশেষ চেষ্টা করিয়াছিল। যথাসময়ে সকলকে টীকা দেওয়া পুষ্করিণীগুলির জল পরিশুদ্ধ করা, ডোবা, নালা ও জঙ্গল সাফ করা, ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রতিকারে ভ্রাম্যমাণ চিকিৎসালয়গুলির দ্বারা কুইনাইন ও অন্যান্য ঔষধ বিতরণ ও চিকিৎসা করা, কুষ্ঠব্যাধির চিকিৎসা করা, মাতৃ ও শিশুমঙ্গলের প্রতি বিশেষভাবে যত্ন লওয়া, বহু পরিমাণে আধুনিক চিকিৎসায় ধাত্রীগণকে শিক্ষিতা করা, এই সকল কার্য্য উক্ত সনে জেলাবোর্ড ও লোকাল বোর্ডগুলি করিয়া জনসাধারণের বিশেষ প্রশংসাভাজন হইয়াছেন।

( বঙ্গরত্ন )

## বঙ্গদেশে পানীয় জল সরবরাহ

যাহাতে জনসাধারণ সুপেয় জলের অভাব অনুভব করিতে না পারে তজ্জন্য সরকার বাহাদুর যথেষ্ট চেষ্টা করিয়াছেন। জেলা বোর্ডগুলির মারফৎ ১৯৩৯-৪০ সনে মোট ৮০৭০০০৲ টাকা ব্যয় করা হইয়াছে। তাহার পূর্ব্ব বৎসরে ব্যয় করা হইয়াছিল ৮৬৪০০০৲। বর্দ্ধমান বিভাগে জিলা ও লোকাল বোর্ডগুলি মোট ২৮৯টি নলকূপ খনন করিয়াছে। ঐরূপভাবে প্রেসিডেন্সী বিভাগে ৭১৩টী নলকূপ খনিত হইয়াছে। ঢাকা বিভাগে ৫৭৩টী নলকূপ খনিত হইয়াছে এবং ১৮টী পুষ্করিণীর পঙ্কোদ্ধার করা হইয়াছে। বাখরগঞ্জ জেলা বোর্ডের অধীনে ৩৮৯টী সংরক্ষিত পুষ্করিণী আছে; তদুপরি ২৪৮টী পুষ্করিণীর পঙ্কোদ্ধার করা হইয়াছে। চট্টগ্রাম বিভাগে ২৭১টী নলকূপ খনিত হইয়াছে। ইন্দারা ও নলকূপগুলির পঙ্কোদ্ধার করা তো হইয়াছেই। রাজসাহী বিভাগে মোট ৩৬৮টী নলকূপ খনিত হইয়াছে।

( বঙ্গরত্ন )

### পঞ্চম জর্জ্জ মার্কা টাকা

একটি সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ ১৯৪৩ সনের ১লা মে হইতে সম্রাট পঞ্চম জর্জ্জ ও সম্রাট ষষ্ঠ জর্জ্জ মার্কা টাকা ও আধুলি আর বাজারে চলিবে না। কেবল পরবর্ত্তী ৩১শে অক্টোবর পর্য্যন্ত সরকারী ট্রেজারি, ডাকঘর ও রেল ষ্টেশনে ঐ টাকা লওয়া হইবে। ঐ তারিখের পর পুনর্বিজ্ঞপ্তি পর্য্যন্ত বোম্বাই, কলিকাতা ও মাদ্রাজের বিজার্ভ ব্যাঙ্কে ঐ টাকা ভাঙ্গান চলিবে।

রূপা সঞ্চয় করিবার জন্যই গভর্ণমেণ্ট বাজার হইতে পুরাতন টাকাগুলি উঠাইয়া লইতেছেন, কারণ উহাতে রূপার অংশ বেশী। ঐ টাকার বদলে কম রূপা দিয়া তৈয়ারী খাদে খাঁজকাটা নূতন টাকা বাজারে চলতি হইয়াছে।

### ভারতের দস্তা-রপ্তানি

১৯১৩-১৪, ১৯১৯-২০ এবং ১৯৩১-৩২ ও তৎপরবর্ত্তী বৎসরে যেরূপ পরিমাণে দস্তা রপ্তানি করা হইয়াছিল তাহার হিসাব নিম্নের তালিকায় দেওয়া গেল—

| | পরিমাণ (হন্দর হিঃ) | মূল্য (পাউণ্ড হিঃ) |
|---|---|---|
| ১৯১৩-১৪ | ১৫৩,২০৪ | ৩১,৭২৬ |
| ১৯১৯-২০ | ১,০০৫ | ১৫৯ |
| ১৯৩১-৩২ | ১,১২৬,৫৫০ | ২১১,২১৯ |
| ১৯৩৪-৩৫ | ৯৬৪,০০০ | ১৮০,৭৪০ |
| ১৯৩৫-৩৬ | ১,৪০৬,১৯৪ | ২৪৩,৯১৪ |
| ১৯৩৪-৩৫ | ১,৫০৫,২৩৬ | ১৯৬,২৩৩ |
| ১৯৩৫-৩৬ | ১,৭০৩,২৩০ | ২৬৫,৪৭৪ |

এই মাল প্রায় সম্পূর্ণই বার্ম্মা হইতে জাহাজযোগে পাঠান হইত এবং খরিদ্দার প্রধানতঃ ছিল বেলজিয়াম, যুক্তরাজ্য, জার্ম্মাণি ও জাপান।

### তামা

পূর্ব্বে দক্ষিণ ভারতে তামা পাওয়া যাইত। কুর্গ, কাঙ্গরা, নেপাল-সিকিম এবং ভূটান অঞ্চলে, হিমালয়ের পাদদেশে "সিঞ্জালের" মত পাহাড় দেখা যায়, যেখানে তামার খনি আছে বলিয়া মনে করা হয়। আন্তর্দ্দেশিক ব্যবহারের জন্য তামা এক মিলিয়ন পাউণ্ড খরচা হয় বলিয়া অবগত হওয়া যায়। কিন্তু যুদ্ধের পূর্ব্বে বাণিজ্য হিসাবে উহার ব্যবহার সীমাবদ্ধ ছিল।

বিহার ও উড়িষ্যাতেও তামার খনি আছে। উহার বিস্তৃতি প্রায় ৮০ মাইল ব্যাপিয়া। প্রায় গত পঞ্চাশ বৎসর ধরিয়া ইয়োরোপীয় কোম্পানী এইসব খনির কার্য্য চালাইয়া আসিয়াছে। দি কেপ কপার কোম্পানী রাখা মাইন চালাইয়াছিল ১৯১৯-১৯২০ পর্য্যন্ত। যখন উক্ত কোম্পানী কার্য্য আরম্ভ করে তখন উহার তামার উৎপাদন ছিল ১৩০,৭৯৭ টন (১৯১৯) এবং যখন বন্ধ হয় তখন ছিল ৩৪৪,৯৭৬ টন (১৯২৩)। সিংভূম ডিষ্ট্রিক্টে মোসাবানি এবং সিঙ্গেশ্বর কেন্দাদি অঞ্চলে দুইটী কোম্পানী কার্য্য আরম্ভ করে ১৯২০ এবং ১৯২২ সনে পরপর। পরে উক্ত দুইটি কোম্পানী মিলিত হইয়া ইণ্ডিয়ান কপার কর্পোরেশন নাম ধারণ করে। ইহার কার্য্য এখনও চলিতেছে।

### তামার উৎপাদন

| বৎসর | পরিমাণ ( টন হিঃ ) | মূল্য ( পাউণ্ড হিঃ ) |
|---|---|---|
| ১৯১৪ | ৪,৪০০ | ৬,৬০০ |
| ১৯১৯ | ৩২,৭৫৬ | ৩৪,৯৪০ |
| ১০২৯ | ৭৬,৮৩১ | ১০৮,৮৬২ |
| ১৯৩০ | ১২৩,৭৪৯ | ১৮০,৪১৩ |
| ১৯৩১ | ১৪৩,৬৩১ | ১৬৮,২৯২ |
| ১৯৩২ | ১৭৫,০১০ | ১৮৮,৬৪২ |
| ১৯৩৩ | ২০১,৭২২ | ৬৬,৩৮৮ |
| ১৯৩৪ | ৩২৮,৬৭৬ | ২৪৭,১৩৩ |
| ১৯৩৫ | ৩৪০,৮০১ | ২৬২,৩১৬ |

### ভারতীয়দের বাহিরে গমন

সিংহলে ও মালয়ে যত লোক ১৯৪০ সনে গিয়াছিল তাহাদের কথা নিম্নে দেওয়া গেল। ১৯২২ সনের ইণ্ডিয়ান এমিগ্রেসন এাক্ট কিভাবে কার্য্যকরী হইয়াছে তাহার বিবরণী হইতে সংখ্যা গৃহীত হইল।

সিংহলে ভারতীয় শ্রমিকদের দৈনিক মজুরি কত ছিল তাহা নিম্নের তালিকায় দেওয়া হইল—

( সেণ্ট হিঃ )

| | পুরুষ | স্ত্রী | শিশু |
|---|---|---|---|
| ( লো কাণ্ট্রি ) নিম্ন দেশ | ৪৫ | ৩৬ | ২৭ |
| ( মিড্ কাণ্ট্রি ) মধ্য দেশ | ৪৭ | ৩৭ | ২৮ |
| ( আপ কাণ্ট্রি ) উচ্চ দেশ | ৪৯ | ৩৯ | ২৯ |

১লা ফেব্রুয়ারী উক্ত মজুরি বৃদ্ধি হইয়া দাঁড়াইয়াছিল পুরুষদের ৫ সেণ্ট, স্ত্রীলোকদের ৪ সেণ্ট এবং শিশুদের ৩ সেণ্ট।

### মালয়

১৯৪০ সনে "আন্‌স্কিল্‌ড্" শ্রমিক মালয়ে যায় নাই। ২৫৭ জন লোক মালয়ের এমিগ্রাণ্টদের আত্মীয়স্বজন এবং ২২৩ জন দক্ষ মজুর মালয়ে যাইবার জন্য সাহায্য পাইয়াছিল।

২৪,৭৯৫ জন লোক নিজ ব্যয়ে মালয় হইতে ফিরিয়া আসিয়াছিল। তাহার মধ্যে ছিল ৮,২৪৭ জন মজুর ( ৬,৭৯২ পুরুষ, ১০৮৮ স্ত্রীলোক এবং ১,০৬৭ শিশু )।

১৯৩৯ সনে উহার সংখ্যা ছিল ১১,১৬৯। তাহারা ভারতবর্ষে আসিবার জন্য সাহায্য পাইয়াছিল।

### ভারতের দেশীয় রাজ্যে শিল্প-বাণিজ্যের বিস্তার

ছোট-খাটো দেশীয় রাজ্যে অর্থাভাবেই শিল্প কারখানার বিস্তৃতি লাভ হয় নাই। সেই জন্য কয়েকটী "সেণ্ট্রাল ইণ্ডিয়ান ষ্টেটস" একত্র মিলিত হইয়া অর্থ-সঙ্কটের সমস্যা সমাধান করিবার চেষ্টা করিতেছে। ঐ সকল রাজ্যে কৃষি ও শিল্পের উন্নতি-সাধনের জন্য উহারা চেষ্টা করিবে। এই কার্য্যে সাহায্য করিবার উদ্দেশ্যে একটী ব্যাঙ্ক শীঘ্রই খোলা হইবে।

মহীশূর গভর্ণমেণ্ট নিজ হইতেই যে এ বিষয়ে উদ্যোগী হইয়াছেন সে কথা পূর্ব্বে আমরা জানাইয়াছি। পেরেক, চুনের কাঠা, পেন্সিল, পিসবোর্ডের বাক্স, টিন এবং যোতাম প্রভৃতি দ্রব্য যাহাতে মহীশূরে তৈয়ারি হয় তাহার ব্যবস্থা হইয়াছে।

ইন্দোর ষ্টেটের উন্নতিকল্পে গভর্ণমেণ্ট "ইকনমিক ডেভালপমেণ্ট বোর্ড" সৃষ্টি করিয়াছেন। ইহার কার্য্য হইবে যাহাতে আর্থিক ও শিল্পগত উন্নতি সাধন করা হয় তাহার ব্যবস্থা করা। ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান ও কুটীরশিল্পের প্রতিষ্ঠানের জন্য সাহায্য করা ইহার অন্যতম কার্য্য।

হায়দ্রাবাদে "ইণ্ডাষ্ট্রিয়াল ট্রাষ্ট ফাণ্ড" নামক একটি ফাণ্ড করা হইয়াছে। তাহার দ্বারা দেশের মধ্যে শিল্প কারখানা গঠন ও উহার উন্নতির সাহায্য করা হইয়া থাকে। ১৯৪১ সনের সেপ্টেম্বর মাসে জানা যায় যে, উহা হইতে ২২ মিলিয়ন টাকা খরচ করা হইয়াছে। এই ফাণ্ডটী একটী বোর্ড অব ট্রাষ্টির দ্বারা পরিচালিত হইয়া থাকে। এই ট্রাষ্টে ষ্টেট এক্সিকিউটিভ্ কাউন্সিলের তিন জন সভ্য আছেন।

### গ্রেটব্রিটেনে অক্ষম লোকের যান্ত্রিক শিক্ষার ব্যবস্থা

ব্রিটিশ মিনিষ্ট্রি অব লেবার এবং ন্যাশন্যাল সার্ভিস একখানি পুস্তিকা প্রকাশ করিয়াছেন। তাহা হইতে জানা যায় অক্ষম লোকদিগকে কিভাবে যান্ত্রিক শিক্ষা দেওয়া হইবে। যাহারা যুদ্ধের জন্য নিজের জীবনকে বিপন্ন করিয়াছে তাহাদের প্রতি সমগ্র জাতির একটা কৃতজ্ঞতা আছে। সেই জন্য দেশের স্বার্থের দিক্ হইতে এবং অক্ষম লোকদিগের স্বার্থের দিক্ হইতেও ইহা বলা চলে যে, যত শীঘ্র সম্ভব তাহাদিগকে উপযুক্ত কার্য্যে নিয়োগ করা একান্ত দরকারি। কেবলমাত্র যে কোন কার্য্যে নিয়োগ করিলেই চলিবে না, তাহারা যে কার্য্যের জন্য সর্ব্বাপেক্ষা অধিক উপযুক্ত সেই কার্য্যেই তাহাদিগকে নিয়োগ করিতে হইবে।

উক্ত উদ্দেশ্য সম্মুখে রাখিয়া, লেবার মিনিষ্ট্রি এবং ন্যাশন্যাল সার্ভিস স্থির করিয়াছেন যে, প্রত্যেক অক্ষম লোকের সহিত সাক্ষাৎ করিবেন। তাহার পর যুদ্ধের প্রয়োজনীয় দ্রব্য উৎপাদনের কার্য্যে উহাদিগকে নিয়োজিত করিবার জন্য শিক্ষা দেওয়ার ব্যবস্থা করিবেন।

কোন্ বিষয়ে শিক্ষা দেওয়া হইবে এবং কোন্ কার্য্যে তাহাদিগকে নিয়োজিত করিতে হইবে তাহা নির্ভর করে নিম্নলিখিত বিষয়গুলির উপরে :—

(১) অক্ষম লোকটী কি ধরণের কার্য্য পছন্দ করে তাহা নির্ণয় করিতে হইবে।

(২) তাহার ক্ষমতা ও গুণ কতখানি আছে তাহা নির্দ্ধারণ করিতে হইবে।

(৩) যে বিষয়টী অক্ষম লোকটী পছন্দ করে তাহাকে তাহা শিক্ষা দেওয়া হইলে তাহার চাহিদা বাজারে কত পরিমাণ আছে, তাহাও স্থির করিতে হইবে।

### উদ্ধারপ্রাপ্ত ফরাসী সৈনিক বন্দীর নিয়োগ

১৯৪১ সনের ২রা সেপ্টেম্বর একটী আইন পাশ করা হয় তাহার দ্বারা একটী কমিশন নিযুক্ত হয়। উক্ত কমিশনকে বলা হয় যুদ্ধের পর যেসকল বন্দী উদ্ধার পাইবে তাহাদিগকে কিভাবে নিয়োজিত করা যায়। তাহাদিগকে সমগ্রভাবে একটী প্রতিষ্ঠানবদ্ধ করা যায় কিনা তাহার জন্য কমিশনকে চিন্তা করিতে অনুরোধ করা হইয়াছিল। ১৪ই অক্টোবর (১৯৪১ সন) আর একটী আইন পাশ করা হয় যে স্বেচ্ছাসেবক এবং অন্যান্য অনুষ্ঠানের কর্ম্মিগণকে মুক্তির পরে স্বকীয় কার্য্যে পুনরায় নিযুক্ত করার ব্যবস্থা করা হইবে।

যুদ্ধের বন্দীদিগকে পুনরায় কার্য্যে বহাল করার জন্য কমিশনের কর্ত্তব্য নির্দ্দেশ করা হইয়াছে :—

উক্ত কর্ত্তব্যগুলি ২রা সেপ্টেম্বর তারিখের (১৯৪১ সন) আইন অনুসারে লিপিবদ্ধ হইয়াছে।

১। যতক্ষণ পর্য্যন্ত না বন্দীরা সম্পূর্ণভাবে স্বাভাবিক অবস্থায় আসিতে পারে ততক্ষণ উক্ত কমিশন তাহাদিগকে সাহায্য করিবে এবং পথ নির্দ্দেশ করিবে। এই কারণে বিভিন্ন পাবলিক সার্ভিসের সহিত যোগাযোগ সৃষ্টি করিতে হইবে এবং ন্যাশন্যাল রিলিফ অর্গ্যানিজেশনের সহিত মিলিত হইতে হইবে।

আইন ও অন্যান্য বিধানের নির্দ্দেশগুলিকে

অনুসরণ করিয়া যুদ্ধ-বন্দীদের অর্জ্জিত ক্ষমতা এবং অধিকার বজায় রাখিবার জন্য কমিশন সাহায্য করিবে এবং যাহাতে তাহারা কার্য্যে নিয়োজিত হইতে পারে তাহার জন্যও চেষ্টা করিবে।

৩। যে সকল বন্দী কার্য্য পায় নাই তাহাদের আর্থিক পুনঃপ্রতিষ্ঠার জন্য সেক্রেটারি অব ষ্টেট ফর লেবারের সহিত পরামর্শ করিয়া কমিশন তাহাদিগকে সাহায্য করিবে।

৪। মুক্তিলাভ করিয়াছে এমন যুদ্ধবন্দী সম্বন্ধে যে সকল সমস্যা উত্থাপিত হয় তাহার মীমাংসার জন্য কমিশন গভর্ণমেণ্টকে পরামর্শ দান করিবে।

## নিউজিল্যাণ্ডে মেডিক্যাল বেনিফিট

পূর্ব্বে যে নিয়মে মেডিক্যাল বেনিফিট দেওয়া হইত তাহার সংশোধনের জন্য নিউজিল্যাণ্ডে নূতন একটী আইন পাশ হইয়াছে—তাহার নাম হইল "নিউজিল্যাণ্ড সোসিয়াল সিকিউরিটি এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্ট, ১৯৪১"। নূতন বিধান অনুসারে ডাক্তার ও রোগীর মধ্যে ইচ্ছামত কোন চুক্তি করা চলিবে না। তবে ডাক্তারকে প্রত্যেক বারের ডাকের জন্য টাকা দিতে হইবে। বাৎসরিক কোন মোটা টাকা দিবার ব্যবস্থা উঠাইয়া দেওয়া হইয়াছে।

নিউজিল্যাণ্ডে নিয়ম হইল যে প্রত্যেক ১৬ বৎসরের অধিক বয়স্ক লোককে সোসিয়াল সিকিউরিটি ফাণ্ডে কিছু কিছু চাঁদা দিতে হইবে। অবশ্য উক্ত নিয়ম কেবল মাত্র নিউজিল্যাণ্ডে যাঁহারা সাধারণতঃ বসবাস করেন তাঁহাদের সকলের প্রতি প্রযোজ্য। তাহারা সকলেই উক্ত মেডিক্যাল বেনিফিট প্রাপ্ত হইয়া থাকেন, এবং তাহার কোন সীমা নাই অর্থাৎ যতই খরচ হউক না কেন উক্ত ফাণ্ড তাহা বহন করিয়া থাকে। এই ফাণ্ডের দ্বারা সেই ব্যক্তি এবং তাহার উপর নির্ভরশীল যেসব লোক আছে সকলেই উপকৃত হইতে পারে।

## অষ্ট্রেলিয়ায় খনির শ্রমিকদের পেনসন

১৯৪১ সনের ৮ই অক্টোবর তারিখের আইন অনুসারে ইহা স্থির হয় যে নিউ সাউথ ওয়েলসের খনির শ্রমিকদের অক্ষম হইলে বা বৃদ্ধ হইলে পেনসন দিতে হইবে। ঠিক ঐ ধরণের আইন কুইনসল্যাণ্ডে পাশ করা হইয়াছে ২৩শে অক্টোবর, ১৯৪১।

উক্ত আইনে বলা হইয়াছে যে, ৬০ বৎসর বয়ঃক্রম হইলে প্রত্যেক খনির শ্রমিককে বাধ্যতামূলকভাবে কার্য্য হইতে অবসর দিতে হইবে। পেনসনের হার প্রতি সপ্তাহে দুই পাউণ্ড। অর্থাৎ অন্ততঃ পক্ষে ৩০ টাকা। তাহা হইলে মাসে তাহাদের পেনসন হয় ১২০৲।

## নিউইয়র্কে অনিষ্টকর দ্রব্যের কার্য্যে নিযুক্ত শ্রমিকের ক্ষতিপূরণ

( মোট ঘটনার সংখ্যা )

| অক্ষমতা | ১৯৩৭ | ১৯৩৮ |
|---|---|---|
| ক্ষতিকর দ্রব্যের জন্য ঘটনার মোট সংখ্যা | ২,৩৫৩ | |
| আকস্মিক আঘাত | ৯৩৯ | |
| পেশাগত রোগ | ১,৪১৪ | |
| যে কোন এবং সর্ব্ব প্রকার পেশাগত রোগ | ১৫০ | |
| সিলিকোসিস এবং ধূলিজাত রোগ | | |
| অন্যান্য | | |

মোট ক্ষতিপূরণ ( ডলার হিঃ )

| | | | | |
|---|---|---|---|---|
| ক্ষতিকর দ্রব্যের জন্য সকল প্রকার ঘটনায় | ৬৮২,৯১৩ | ৭৪৭,৭৯১ | ৭৮৪,৭৩৪ | ৮৫৯,৩৭২ |
| আকস্মিক আঘাত | ৩৩৩,৪১৫ | ২৫৩,৮৪২ | ২৬৯,১০২ | ২৫৭,৭৩০ |
| পেশাগত রোগ | ৩৪৯,৪৯৮ | ৪৯৩,১৪০ | ৫১৫,৮২৪ | ৬০১,৬১২ |
| যে কোন এবং সর্ব্বপ্রকারের পেশাগত রোগ | ৩৩,১২৯ | ১১৬,০৫৪ | ১৫৫,৬৩৬ | ২৩৫,৪৯১ |
| সিলিকোসিস এবং ধূলিজাত | ৯,৫০৩ | ৫৫,৬৭৪ | ৬৭,৯৫৮ | ১৩৩,৪২৩ |
| অন্যান্য | ২৩,৬২৬ | ৬০,৩৮০ | ৮৭,৬২৮ | ১০২,০৬৮ |

১৯৩৮ সনে দেখা যায় যে প্রত্যেক ব্যক্তিকে যত ক্ষতিপূরণ দেওয়া হইত পূর্ব্ব বৎসরে তাহা অপেক্ষা অধিক দেওয়া হইয়াছে। কিন্তু ১৯৩৮ হইতে ১৯৪০ সনের মধ্যে উহার বিশেষ প্রার্থক্য বুঝা যায় না।

### চেকোশ্লোভাকিয়া স্বাধীনতা দিবস

চেকোশ্লোভাকিয়া স্বাধীনতা দিবসের চতুস্ত্রিংশতম বার্ষিক অনুষ্ঠান উপলক্ষে কলিকাতার চেকোশ্লোভাকিয়ার কন্সাল মিঃ এলআর্ব্বান বলেন,—শ্লোভাকগণ নিজদেশে ও বাহিরে শত্রুর সহিত সংগ্রাম করিতেছে। নিজ দেশে তাহারা শত্রুকে যেরূপভাবে প্রতিরোধ করিতেছে বীরত্বে ও সাহসিকতায় তাহা অতুলনীয়। এই প্রতিরোধ কার্য্য শত্রুর যুদ্ধ-প্রচেষ্টায় ব্যাঘাত সৃষ্টি করা এবং তাহা ধ্বংস করার মধ্যেই সীমাবদ্ধ। বহু সহস্র বৎসর যাবৎ আমরা জার্ম্মাণির প্রতিবাসী। সুতরাং আমরা তাহাদের প্রকৃতির সহিত বিশেষ পরিচিত। আমরা ইতিপূর্ব্বে কখনও তাহাদের নিকট আত্মসমর্পণ করি নাই এবং বর্ত্তমানেও করিব না। যেসকল শ্লোভাক ইংলণ্ড, রাশিয়া এবং মধ্য প্রাচ্যে শত্রুর সহিত সক্রিয়ভাবে সংগ্রাম করিতেছে তাহাদের কথা উল্লেখ করিয়া মিঃ আর্ব্বান বলেন, জার্ম্মাণির উপর বৃটেন যে আক্রমণ চালাইতেছে তাহাতে আমাদের বৈমানিকগণ বিশেষ অংশ গ্রহণ করিয়াছে। আমাদের সমরশিল্প বিশেষজ্ঞগণ মিত্রপক্ষের বিভিন্ন প্রকার সমরশিল্প উৎপাদনে সাহায্য করিতেছেন।

জার্ম্মাণ অত্যাচারের কাহিনী বর্ণনা করিয়া মিঃ আর্ব্বান বলেন—অধ্যাপক, শিক্ষক, লেখক প্রভৃতি বুদ্ধিজীবী সম্প্রদায় ও ছাত্র সম্প্রদায়কে নিশ্চিহ্ন করিবার যে নীতি জার্ম্মাণি গ্রহণ করিয়াছিল তাহা এখন জনসাধারণের মধ্যে এমন কি নিরীহ শিশুদের উপরও কার্য্যকরী করা হইতেছে। প্রায় ৩০ লক্ষ বুদ্ধিজীবী সম্প্রদায়ের লোকের মধ্যে প্রায় দুই-তৃতীয়াংশকেই নিশ্চিহ্ন করা হইয়াছে। শ্লোভাকগণ এই অত্যাচার ও ক্রূরতার কথা ভুলিবে না। যে পর্য্যন্ত না নাৎসীবাদ ধ্বংস করিয়া চেকগণ তাহাদের হৃত স্বাধীনতা পুনরুদ্ধার করিতে পারে ততদিন তাহারা সংগ্রাম চালাইতে থাকিবে।

### মেদিনীপুর জেলায় সাহায্য ব্যবস্থা

কলিকাতায় ২৬শে অক্টোবর মেদিনীপুর জেলার একদল প্রতিনিধি প্রধানমন্ত্রী মিঃ এ কে ফজলুল হক এবং রাজস্ব মন্ত্রী শ্রীযুক্ত পি এন ব্যানার্জ্জির সহিত সাক্ষাৎ করিয়া মেদিনীপুর জেলায় সাহায্য দানের ব্যবস্থা সম্পর্কে আলোচনা করেন। প্রতিনিধি দলে নিম্নলিখিত ব্যক্তিগণ ছিলেন :—শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র ভৌমিক এম এল্ এ, শ্রীযুক্ত বিধুভূষণ হাইৎ ( তমলুক বার এসোসিয়েশনের সম্পাদক ) লোকাল বোর্ডের সদস্য শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র ভৌমিক ও বঙ্গীয় হিন্দু মহাসভার সহকারী সম্পাদক শ্রীযুক্ত মনোরঞ্জন চৌধুরী।

### বাঙ্গালার খাদ্য-সঙ্কট

সঙ্কটজনক খাদ্যসমস্যার আশু সমাধানের দিকে কর্তৃপক্ষ ও জনগণের দৃষ্টি আকর্ষণ করিবার জন্য বঙ্গীয় আত্মরক্ষা সমিতির নির্দ্দেশক্রমে রবিবার ২৫শে অক্টোবর 'নিখিল বঙ্গ খাদ্য দিবস' পালন করা হয়। কলিকাতার খিদিরপুর, কসবা, নারিকেলডাঙ্গা, রাজাবাগান, উল্টাডাঙ্গা, কাশীপুর, হাওড়া প্রভৃতি অঞ্চলে এবং কলিকাতার উপকণ্ঠে বজবজ এবং বাকইপুরে স্থানীয় ডিফেন্স কমিটিগুলির উদ্যোগে সভা হয়। সভায় দাবী করা হয় যে, পাইকারী ব্যবসায়ী, অতিরিক্ত মুনাফাকারী ও ধনশালী ব্যক্তিদের কার্য্যকলাপের দ্বারা দ্রব্য সরবরাহে বাধা ঘটিতে দেওয়া উচিত নহে।

সভায় নিম্নলিখিত দাবীগুলি উত্থাপিত হয় :—জনপ্রিয় ফাসিষ্ট-বিরোধী প্রতিষ্ঠানগুলির সাহায্যে গভর্ণমেণ্ট-নিয়ন্ত্রিত মূল্যে সরকারী ও বে-সরকারী পরিদর্শকদের তত্ত্বাবধানে পাইকারী হিসাবে জিনিষপত্র বিক্রয়ের জন্য প্রত্যেক বাজারে দোকান খোলা প্রয়োজন।

যুদ্ধের অবস্থার মধ্যেও চলাচলের সর্ব্বাধিক গতি ও পরিমাণ বৃদ্ধি সম্ভব করার জন্য কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের মধ্যে এ বিষয়ে সংযোগ স্থাপন করিতে হইবে। যেখানে বেশী লোক কাজ করে এইরূপ প্রত্যেক কারখানা ব্যবসায় প্রতিষ্ঠান প্রভৃতিতে কর্ম্মচারীদের দোকান খোলার বন্দোবস্ত করিতে হইবে। মাল মজুতকারী এবং মুনাফা লোভীদের ধরিবার জন্য ক্রেতাদের প্রতিষ্ঠানের সাহায্য নিতে হইবে। প্রয়োজন হইলে তাহাদের মাল বাজেয়াপ্ত করিতে হইবে।

## শর্করা শিল্পের অবস্থা

চিনির দর বাঁধিয়া দেওয়ার ফলে যাহারা গোপনে ব্যবসা চালাইতেছে একমাত্র তাহারা ছাড়া আর কাহারও কোন উপকার হয় নাই। নিয়ন্ত্রিত দর মানিয়া চলা তো হয়ই নাই, বরঞ্চ এই দর অধিকাংশ স্থলেই অমান্য করা হইয়াছে। ২৫শে অক্টোবর তারিখে কাণপুরে ভারতীয় চিনি কল সমিতির দশম বার্ষিক সাধারণ অধিবেশনে সমিতির সভাপতি মিঃ ডি খৈতান উক্ত অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, "দেশের সকলেরই জানা আছে যে, চিনির দর নিয়ন্ত্রণের পরিকল্পনা ব্যর্থ হইয়াছে। চিনির দর যেমন নিয়ন্ত্রিত করা হয় নাই, তেমনি চিনির বণ্টন ব্যবস্থাও নিয়ন্ত্রিত করা হয় নাই। ফলে পরিকল্পনাটি আগাগোড়া ব্যর্থ হইয়াছে।" মিঃ খৈতান বলেন যে, এই কারণেই নিয়ন্ত্রণব্যবস্থা তুলিয়া দিয়া এবং যাহাতে স্বাভাবিক ভাবে ব্যবসা চলিতে পারে তজ্জন্য সরকারের ব্যবস্থাদি গ্রহণ করা কর্ত্তব্য। আখ মাড়াইর স্বল্পতা, মরশুমে কারখানাসমূহের কাজের সময় হ্রাস ( বিশেষতঃ বাংলা ও বিহারে ) উৎপাদন খরচার অস্বাভাবিক বৃদ্ধি, যুদ্ধের দরুণ বীমা বাবদ ব্যয়, শ্রমিকদের মাগ্‌গী ভাতা দান ইত্যাদির ফলে ১৯৪১-৪২ সনে কারখানাগুলিকে যে পরিমাণ ব্যয়ভার বহন করিতে হইয়াছে, তাহার কথা উল্লেখ করিয়া মিঃ খৈতান বলেন যে, দর বাঁধিয়া দিবার অব্যবহিত পূর্বে বাজারে চিনির যে দর ছিল তাহা আদৌ অধিক ছিল না। বিশেষ করিয়া ১৯৩৯ সনের ডিসেম্বর মাসের চিনির দরের তুলনায় তাহা মোটেই অসাধারণ কিছু ছিল না। ১৯৩৯ সনের এই সময়ে উৎপাদন বাবদ ধার্য্য কর ছিল ১।৵০ আর ১৯৪১-৪২ সনে ইহা হইয়াছে ২।৶৪। মিঃ খৈতান বলেন যে, বর্ত্তমানে সমস্যাটা মূল্য নিয়ন্ত্রণ করা লইয়া নয়, কিভাবে উৎপাদন বাড়ান যায় তাহাই হইল আসল সমস্যা।

বর্ত্তমানের পরিবর্ত্তিত অবস্থার কথা উল্লেখ করিয়া মিঃ খৈতান বলেন যে, এখন সমগ্র মধ্যপ্রাচ্যে চিনি সরবরাহ করিবার একচেটিয়া ব্যবসা প্রকৃতপক্ষে ভারতের উপরে আসিয়া পড়িয়াছে। আন্তর্জ্জাতিক শর্করা চুক্তিতে যোগ না দিবার সিদ্ধান্ত করায় মিঃ খৈতান ভারত সরকারের কার্য্যের সুখ্যাতি করেন এবং বলেন যে, ভারতের আশে-পাশের বাজারগুলির চাহিদা মিটাইবার প্রয়োজনে এই শিল্পকে কিভাবে বাড়ান যায়, সরকারকে এখন তাহা ভাবিয়া দেখিতে হইবে এবং দেশের স্বার্থের দিকে চাহিয়া ইহাকে ব্যাপকভাবে সুবিধা দিতে হইবে। বাহিরের ও দেশের চাহিদা মিটানোর জন্য সস্তা দরের চিনি উৎপাদন করা যে বিশেষ প্রয়োজনীয় মিঃ খৈতান তাহা ব্যক্ত করেন। একর-পিছু জমিতে আরও বেশী করিয়া আখ জন্মানোর জন্য সরকারের তরফ হইতে গবেষণা চালান ও অন্যবিধ ব্যবস্থাদি গ্রহণ করার ঔচিত্য সম্পর্কেও তিনি বলেন।

মিঃ খৈতান বলেন যে, সস্তা দরে চিনি উৎপাদন করিতে হইলে উৎপাদন-কর হ্রাস করিতে হইবে, সমবায় সমিতিগুলির দেয় কমিশন উঠাইয়া দিতে হইবে, রেল ও জাহাজ ভাড়ার সুবিধা করিয়া দিতে হইবে এবং সর্ব্বোপরি আখের একটা নিম্নতম দর নির্দ্দিষ্ট করিয়া দিতে হইবে।

চিনির আনুষঙ্গিক হিসাবে যান চলাচলের উপযোগী

স্বরাজার ও অন্যান্য দ্রব্যাদি উৎপাদনের প্রয়োজনীয়তার কথা এবং যান-চলাচলের অসুবিধাদির কথাও মিঃ সৈতান উল্লেখ করেন।

## কলিকাতা তপশীলভুক্ত শ্রেণীর সম্মেলন

বাঙ্গলা সরকারের বন ও আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীযুক্ত উপেন্দ্রনাথ বর্ম্মণের সভাপতিত্বে কলিকাতা জেলা তপশীলভুক্ত শ্রেণীর সম্মেলন হইয়া গিয়াছে। শ্রীযুক্ত উপেন্দ্রনাথ বর্ম্মণ বক্তৃতা-প্রসঙ্গে ভারতের সকল সম্প্রদায়ের প্রতিনিধিদিগকে লইয়া লোকায়ত্ত গভর্ণমেণ্ট গঠনের আবশ্যকতা বর্ণনা করেন। অতঃপর তিনি বলেন যে, এই গভর্ণমেণ্টে যদি তপশীলভুক্ত শ্রেণীর উপযুক্তসংখ্যক প্রতিনিধি লওয়া না হয় তাহা হইলে তাহারা উহা সমর্থন করিবে না। মিঃ এ, কে, ফজলুল হক সম্মেলনের উদ্বোধন কার্য্য সম্পন্ন করেন। তিনি বক্তৃতাপ্রসঙ্গে বলেন যে, তপশীলভুক্ত শ্রেণীর অবস্থার উন্নতি সাধনের জন্য চেষ্টা করা হইতেছে বলিয়া তিনি আনন্দবোধ করিতেছেন। অতঃপর মিঃ হক বলেন যে, তপশীলভুক্ত শ্রেণীর মূল অধিকারগুলি এতদিন স্বীকার করিয়া লওয়া হয় নাই বলিয়া যে তাহাদিগকে নানাপ্রকার অসুবিধা ভোগ করিতে হইয়াছে ইহা তিনি স্বীকার করেন। শিক্ষা, চাকুরী প্রভৃতি সম্পর্কে সুযোগ সুবিধা না পাইলে কোন সম্প্রদায়েরই উন্নতি হইতে পারে না। এই সমস্ত দিক্ হইতে তপশীলভুক্ত শ্রেণী অতীতে অনেক অসুবিধা ভোগ করিয়াছে। অবশ্য এজন্য তাহারা নিজেরাও কতকটা দায়ী, কারণ তাঁহারা নীরবে এই সমস্ত সহ্য করিয়াছে। কোন বিষয়ে নীরব থাকা কোন সম্প্রদায়ের পক্ষেই বাঞ্ছনীয় নহে। অবশ্য সম্মেলনের পর কার্য্যকরীভাবে যদি কিছু না করা যায় তাহা হইলে এইরূপ সম্মেলনের দ্বারা কোনই লাভ হইবে না। মিঃ হক আশা করেন যে, এই সম্মেলনের ফলে তাঁহারা সঙ্ঘবদ্ধ হইবার জন্য কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করিবেন। শ্রীযুক্ত উপেন্দ্রনাথ বর্ম্মণ বক্তৃতাপ্রসঙ্গে শক্তিশালী রাজনৈতিক প্রতিষ্ঠানের আবশ্যকতা বর্ণনা করেন। অতঃপর তিনি বলেন যে, প্রতিনিধি-স্থানীয় ব্যক্তিদিগকে লইয়া অবিলম্বে বঙ্গীয় প্রাদেশিক ফেডারেশন গঠন করা একান্ত প্রয়োজন। এই প্রতিষ্ঠান নিখিল ভারত ফেডারেশনের নেতৃত্বে অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতায় কাজ করিবে। তিনি অন্যান্য সম্প্রদায়ের নিকটও বর্ত্তমান সময়ে সঙ্ঘবদ্ধ হইবার জন্য আবেদন জানান। অতঃপর অভ্যর্থনা সমিতির সভাপতি রায়সাহেব এন, সি, ধুন্ত বক্তৃতা করেন। তপশীলভুক্ত শ্রেণীর মধ্যে বাধ্যতামূলকভাবে অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্ত্তনের দাবী জানাইয়া এবং এই সম্প্রদায় হইতে আরও একজনকে বাঙ্গালার মন্ত্রিসভায় লইবার জন্য দাবী জানাইয়া প্রস্তাব গ্রহণ করা হয়।

# অরবিন্দ-দর্শন*

( অধ্যাপক বিনয় সরকারের সঙ্গে কথোপকথন )

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

লেখক—যদি কিছু মনে না করেন, তবে অরবিন্দ সম্বন্ধে আপনাকে আজ একটা প্রশ্ন করতে ইচ্ছা হচ্ছে। শ্রীঅরবিন্দকে আপনি দার্শনিক বিবেচনা করেন কি?

বিনয় সরকার—আলবৎ! কিন্তু বোঝাতে হ'লে বকতে হবে অনেকখানি; বেশ-কিছু সময় লাগবে। তারপর আমার মতন গুরুর মুখে কথাগুলো ভাল শুনাবে কিনা সন্দেহ। দেখতেই পাচ্ছিস্,—লোকপ্রিয় মতের বেপারী আমি নই।

অরবিন্দ খাঁটি দার্শনিক। বাস্তবিকপক্ষে বর্ত্তমান ভারতের একপ্রকার প্রথম দার্শনিকই অরবিন্দ। তাঁর 'লাইফ্ ডিভাইন' ('ভাগবত-জীবন,' ১৯৩০-৩১) বইয়ের কথা বলছি। রাম-মোহন হ'তে আজ পর্য্যন্ত অরবিন্দ'র পূর্ব্ববর্ত্তী ও সমসাময়িক ভারতীয় পণ্ডিতেরা প্রধানতঃ বা একমাত্র সেকেলে হিন্দু-বৌদ্ধ দর্শনের অনুবাদক, সংগ্রাহক, ভাষ্যকার, টীকাকার ছাড়া আর কিছু নন। মানুষ, দুনিয়া, কাল, কারণ, প্রকৃতি, চিত্ত, চেতনা, জ্ঞান, আত্মা, বিদ্যা, সত্তা, কর্ত্তব্য, সুখ, মুক্তি, উন্নতি ইত্যাদি বস্তু সম্বন্ধে নিজ মগজের স্বাধীন চিন্তা একালের খুব কম বাঙালী (ও অন্যান্য ভারতীয়) লেখকেরা দেখাতে পেরেছেন, দেখাতে পারেন নি বল্লেই ঠিক বলা হয়। যারাও বা যৎকিঞ্চিৎ দেখিয়েছেন, তাদেরও স্বাধীন লেখালেখির পরিমাণ নেহাৎ কম। তাঁরাও প্রধানতঃ উপনিষদ, বেদান্ত, গীতা, যোগ ইত্যাদি সেকেলে বইয়ের তর্জ্জমাকারী বা মর্ম্মপ্রচারক। তা'ছাড়া পাশ্চাত্য-দর্শনের তর্জ্জমা, ভাষ্য, টীকা বা সার-সংগ্রহের কাজেও একালের ভারতীয় পণ্ডিতদের রচনা এখনও বহরে বেশী নয়। সত্যি কথা, আধুনিক ভারত দেশী-বিদেশী দার্শনিক সাহিত্যে আজ পর্য্যন্ত লেখালেখি করেছে বড়-কম। যাহোক, অরবিন্দ'র 'লাইফ্ ডিভাইন্' কোনো-কিছু দেশী-বিদেশী দর্শন-গ্রন্থের অনুবাদ, ব্যাখ্যা, তুলনায় সমালোচনা, ইতিহাস বা সঙ্কলন-গ্রন্থ নয়। প্রাসঙ্গিকভাবে দৃষ্টান্ত দিচ্ছি, দার্শনিক হীরেন দত্ত'র 'গীতায় ঈশ্বরবাদ'। এ বইটা বৈদিক উপনিষদ সাহিত্যের সঙ্গে গীতা-দর্শনের তুলনায় সমালোচনা-বিষয়ক গ্রন্থ। অরবিন্দ'র 'ভাগবত-জীবন' পুরাপুরি তাঁর নিজস্ব। হীরেন দত্ত'র বই এই শ্রেণীর বই নয়।

---

* "বিনয় সরকারের বৈঠকে" নামে "সংহতি" মাসিকে প্রকাশিত (আশ্বিন ১৩৪৯, অক্টোবর ১৯৪২)।

লেখক—কেন? "লাইফ্ ডিভাইন্" গ্রন্থের ভিতর পরকীয় চিন্তা, দেশী-বিদেশী দার্শনিকদের মতামত কি একদম নেই?

বিনয় সরকার—আছে বৈকি! কিন্তু অরবিন্দ'র গ্রন্থে 'পরানুবাদ ও পরানুকরণ' কতখানি বা কতটুকু—তা নিরূপণ করা চাই। কিছু বিশ্লেষণ চালাচ্ছি। তাহ'লেই অরবিন্দ'র স্বাধীনতা বেরিয়ে পড়বে। বইটা খুল্‌বামাত্র যে-কোনো লোক দেখতে পাবে যে,—প্রত্যেক অধ্যায়েরই মাথায় আছে—দু'একটা বৈদিক "বয়েৎ" বা উপনিষদের বাণী। অধ্যায়-গুলার ভেতরেও উপনিষদ, গীতা, যোগ, পুরাণ, তন্ত্র ইত্যাদি সেকেলে সাহিত্যের মাল বেশ-কিছু গোলা আছে। প্রাচীন পারিভাষিক শব্দও অল্প-বিস্তর ছড়ানো আছে। শিব, শক্তি, সচ্চিদানন্দ, অবতার ইত্যাদি শব্দের ব্যবহার সহজেই নজরে পড়ে। তা দেখে মনে হ'তে পারে যে, অরবিন্দ বুঝি পুরানো ভারতীয় দার্শনিকদের চিন্তাগুলা একালের দুনিয়ার জন্য ইংরেজীতে ছড়িয়ে চলেছেন। প্রাচীন দর্শনের এরূপ প্রচার কিঞ্চিৎ-কিছু এই বইয়ের ভেতর নেই—একথা বলা চল্‌বে না। কিন্তু এ প্রচার-কার্য্য আমাদের ভারত-সুবিদিত একেলে-সেকেলে টুলো পণ্ডিত অর্থাৎ মামুলী ভাষ্যকার, নিবন্ধকার, টীকাকার ইত্যাদি সুধীবর্গের প্রণালীতে চালানো হয় নি। প্রত্যেক অধ্যায়ই অরবিন্দ'র নিজ বক্তব্য প্রচারের জন্য লিখিত। নিজ "মাথার ঘি" ঢালবার সঙ্গে-সঙ্গে অরবিন্দ এখানে-সেখানে কতকগুলো পুরানো পারিভাষিক কায়েম করেছেন। কিন্তু সর্ব্বত্রই মুখ্য উদ্দেশ্য নিজেরই প্রাণের কথা খোলসা ভাবে বুঝানো। ফলতঃ, প্রাচীন ভারতীয় দর্শনের সাগ্‌রেৎ-শিষ্য-পাঠকেরা এইসকল রচনার ভেতর বিল্‌কুল নয়া মালের সঙ্গে মোলাকাৎ করতে বাধ্য।

লেখক—অরবিন্দ'র নয়া মালটা কি?

বিনয় সরকার—এই নয়া মাল অরবিন্দ'র মগজে আমদানি হয়েছে পশ্চিম-মুলুক থেকে। আধুনিক ইয়োরোপের ক্রমবিকাশ-তত্ত্ব "ভাগবত-জীবন" বইয়ের আসল মুদ্দা। নবীন সেনের

"ভাঙিতেছে পুরাতন, গড়িছে নূতন
জগতের নীতি এই মহা বিবর্ত্তন"

জানিস্ ত? এটা পশ্চিমা মাল।

বিবর্ত্তন বা অভিব্যক্তি ইত্যাদির কথাই অরবিন্দ-দর্শনের প্রাণবস্তু। ঠিক এই ধরণের ক্রমবিকাশ কোনো উপনিষদ্-বেদান্ত-যোগ-পুরাণ-তন্ত্রে নেই। উপনিষদ-বেদান্ত-যোগ-পুরাণ-তন্ত্রের এখানে ওখানে হয়ত বিবর্ত্তন, অভিব্যক্তি বা ক্রমবিকাশের দস্তুর হোমিওপ্যাথিক ডোজে পাওয়া যায়। কিন্তু সেই সবের সদ্ব্যবহারের দৃষ্টান্ত প্রাচীন ভারতের পণ্ডিত-মহলে বড়-একটা দেখা যায় না। আর তা দিয়ে বড়-গোছের একটা জীবন-বিজ্ঞান, জীবন-দর্শন, জীবনবেদ গ'ড়ে তোলার ওস্তাদি আজ পর্য্যন্ত কোনো—একেলে-সেকেলে—ভারতীয় ঋষি-মুনি-পণ্ডিত-দার্শনিক দেখাতে পারেন নি। সেই ওস্তাদি দেখ্‌তে পাচ্ছি অরবিন্দ'র হাতে। কিন্তু বিবর্ত্তন বা ক্রমবিকাশতত্ত্ব আমদানি ক'রে প্রাচীন ভারতীয় দর্শনকে তিনি বেশ-কিছু ফুলিয়ে তুলতে পেরেছেন। এই হিসাবে অরবিন্দ সেকেলে হিন্দু ঋষি-মুনি-পণ্ডিতদের সন্তান ও বংশধর। ওঁদের ধারা অরবিন্দ'র এসে বাড়্‌তির পথে চলেছে। প্রাচীন ভারতীয় সংস্কৃতি আবার অমরতার দিকে এগিয়ে যাচ্ছে। এ একটা মস্ত কথা।

আমি মুখ্খু লোক। যতটুকু বুঝেছি সেটুকু ব'লে যাচ্ছি। আমার ফুলচুকে লোকজনের ক্ষতি হবে না। লোকেরা আমাকে বেআড়া, আহাম্মুক ব'লেই জানে।

লেখক—পশ্চিমের কোথা থেকে অরবিন্দ তাঁর নূতন মাল আমদানি করেছেন?

বিনয় সরকার—আমার বিশ্বাস,—অন্যেরা কি মনে করে জানি না,—একালের ফরাসী পণ্ডিত ব্যর্গ্‌সঁ অরবিন্দ'র মাথায় ঢেলেছেন 'জীবনের ধারা'

( থেসী ঘ লা ঙী )। এই ধাক্কাটা দুনিয়াকে হিড়-হিড় ক'রে ঠেলে নিয়ে চলে। তাতেই হয় সৃষ্টি। প্রাণ, মানুষ, জগৎ, চিত্ত সবই এই ধাক্কার ঠেলায় নয়া-নয়া মূর্তিতে বিকাশলাভ করতে থাকে। এই গেল বিবর্তন বা অভিব্যক্তির এক পশ্চিমা ফোআরা।

লেখক—আর-কোনো পাশ্চাত্য প্রভাব অরবিন্দ-দর্শনে পাওয়া যায়?

বিনয় সরকার—অরবিন্দ'র দ্বিতীয় পশ্চিমা গুরু জার্মাণ পণ্ডিত হেগেল। এই ফোআরার নাইতে গেলে সহজেই দখল করা যায় দুনিয়ার দ্বন্দ্ব,—টক্কর, প্রতিযোগিতা, সংগ্রাম। এই দ্বন্দ্বমূলক দুনিয়ার বিভিন্ন গতি-ভঙ্গীই (অর্থাৎ ভাঙা-গড়া) জীবন-বিকাশের বা সংস্কৃতি-বিকাশের বা চিন্তোন্নতির নানা স্তর, গড়ন বা রূপমাত্র। অরবিন্দ'র "ভাগবত-জীবন" দ্বন্দ্বনিষ্ঠ, টক্করনিষ্ঠ, লড়াইনিষ্ঠ! অরবিন্দ-দর্শন শান্তি জানে না। এর ভেতরকার মন্তর,—"ওঁ অশান্তিঃ অশান্তিঃ অশান্তিঃ।" মানুষের ভাগবত-জীবনকে অরবিন্দ খাড়া করেছেন অশান্তির উপর—লড়াইয়ের উপর—বিপ্লবের উপর। ভাগবত জীবনকে পাকড়াও করতে হ'লে মানুষের চলতে হয় অশান্তি চাখতে চাখতে—টক্করের পর টক্কর চালিয়ে—দুনিয়াখানাকে জুতোতে-জুতোতে। যে-লোকটা বিপ্লবকে চিরসাথী করে না, সে-লোকটা দেখে না কখনও ভাগবত-জীবনের মুখ। "নমো বিপ্লবায়",—"অথাতো বিপ্লব-জিজ্ঞাসা",—এই হ'লো অরবিন্দ-দর্শনের গৌরচন্দ্রিকা। দ্বন্দ্বের পর দ্বন্দ্ব, তারপর আরও দ্বন্দ্ব, আবার মহাদ্বন্দ্ব, মহত্তর দ্বন্দ্ব—এই হ'লো অরবিন্দ-প্রচারিত ভাগবত-জীবনের সিঁড়ি, বিবর্তন, অভিব্যক্তি বা ক্রম-বিকাশের স্তরবিন্যাস। অরবিন্দ পালোয়ান, লড়াই-প্রেমিক, বিপ্লবের তর্কশাস্ত্রী।

এই হিসাবে অরবিন্দ পাশ্চাত্য মুনিঋষিদের সন্তান ও বংশধর। তবে অরবিন্দ'র মারফৎ হেগেল-মার্ক্স'র চিন্তা-সম্পদে গিয়ে পড়েছে উপনিষদ্-বেদান্ত-যোগের দস্তুল। ফলতঃ ইয়োরামেরিকার দর্শন বাঙালীবাচ্চার দৌলতে বাড়তির পথে অগ্রসর হচ্ছে। "ভাগবত-জীবন" সম্বন্ধে এ-ও আর একটা মস্ত কথা।

লেখক—"লাইফ্ ডিভাইন" সম্বন্ধে আজকালকার বাজারে যেসব মতামত শুনতে পাই, আপনার ব্যাখ্যায় তার কোনো মিল আছে কি? বোধ হয় নেই?

বিনয় সরকার—বাজারের খবর আমি রাখি না। কি করবো, ভায়া? মিল আছে কিনা সন্দেহ। অমিল হবারই কথা। লোকের পছন্দ-সই মত আমার এ হাতে কোনোদিন বেরিয়েছে কি না জানি না। লোক-প্রিয় কথা আমি বলি না, অনেকবারই বলেছি, এ জন্য আমাকে লোকেরা জানে গরু ব'লে। আমার মতামত আমি কাউকে মেনে নিতে বলছি না। আমি পাপিষ্ঠ। আমার চোখে "ভাগবত-জীবন" বইটার ভেতর ভগবান, পরমেশ্বর, দেবদেবী, পরকাল, স্বর্গ ইত্যাদি চিজ এখন পর্যন্ত ধরা পড়েনি। বোধ হয়, লোকজনের ধারণা এই যে, অরবিন্দ কোনও এক 'বাঢ়োরেন্দ', 'বৃষস্কন্ধ', 'শালপ্রাংশু', 'মহাভুজ' দেবাদিদেব মহেশ্বরের কল্পনা করেছেন। আর বোধ হয়, তাঁর ধ্যানলব্ধ ভাগবত-জগতে হাত-পা-শূন্য নয়া-রঙের, নয়া-ঢংয়ের, নয়া-গড়নের, কিম্ভূতকিমাকার অতিমানব, দৈবমানব বা ঐশ্বরিক শক্তি-ওয়ালা পুরুষ-নারীর "দিন আগত ঐ"। ঠিক যেন কোটি-কোটি "সোনার কার্তিক" আর কোটি-কোটি "ডানাকাটা পরী" বা ঐ ধরণের নরনারী দুনিয়ার দেশে-দেশে প্রায় দাঁড়িয়ে গেলো-গেলো আর কি! অধিকন্তু সড়কের মোড় ফিরলেই যেন ভাগবত-জগতের লোকেরা হাতে-হাতে পেয়ারার মত বিশ্বশান্তিচিবুতে আরম্ভ করবে।

লেখক—এই বইয়ের ভিতর অরবিন্দ'র বাণী আপনি কিরূপ পেয়েছেন?

বিনয় সরকার—ভায়া, আমার চোখ চামড়ার তৈরী। আমি দেখ্‌তে পাচ্ছি যে, অরবিন্দ'র "ভাগবত-জীবন"টা তেমন কিছু বুজরুকিপূর্ণ, ধোঁয়ালিময় মাল নয়। অরবিন্দ'র মগজ পুরাদস্তর বস্তুনিষ্ঠ, কট্টর সংগ্রামনিষ্ঠ। পরকালের চর্চ্চা আর স্বর্গের স্বপ্ন বা নেশা অরবিন্দকে মাত্ করতে পারেনি। তোর মতন, আমার মতন, রামাশ্যামার মতন, আব্দু-ইস্‌মাইলের মতন আট-পৌরে লোকগুলির চিত্ত নিয়ে অরবিন্দ-দর্শনের কারবার। এইসকল মামুলী চিত্তই সিঁড়ির মতন ধাপে-ধাপে বিকাশ লাভ করছে। সেইসকল বিকাশেরই কোনো এক কোঠে দেখা যায় ভাগবত-চিত্ত। ভাগবত-চিত্তটা রক্তমাংসের মানুষেরই চিত্ত ছাড়া আর কিছু নয়। অরবিন্দ পাকা ইহনিষ্ঠ, সংসারনিষ্ঠ, মানুষনিষ্ঠ দার্শনিক। জগতের স্ত্রীপুরুষগুলা ইহলোকেই,—রক্তমাংসের শরীর নিয়েই,—ভাগবত-চিত্তের অধিকারী হচ্ছে অর্থাৎ ভগবান হয়ে দাঁড়াচ্ছে। এই হচ্ছে "লাইফ ডিভাইন" বইয়ের নির্গলিতার্থ।

লেখক—আপনি কি মনে করেন যে, অরবিন্দ একমাত্র চিত্তের ক্রমবিকাশ বিশ্লেষণ করেছেন? শরীরের কোনো বিকাশের ধারা বইটার ভেতর নেই?

বিনয় সরকার—ঠিক তাই। ধাপে-ধাপে মানুষের মনটা, চেতনাটা, চিত্তটা বিবর্ত্তিত হচ্ছে, বিকশিত হচ্ছে, অভিব্যক্ত হচ্ছে। চিত্তের বিপ্লবেই মানুষের শরীরটাকে ভাগবত-জীবন পর্য্যন্ত পৌঁছিয়ে দেয়। অরবিন্দ'র উন্নতি-তত্ত্ব চিত্ত-বিপ্লবের উপর প্রতিষ্ঠিত।

লেখক—চিত্ত-বিপ্লব কি?

বিনয় সরকার—একটা মস্তবড় প্রশ্ন আস্‌ছে। এই বিপ্লবের চাবীটা কি বা কোথায়? চিত্ত-বিপ্লবটা ঘটাচ্ছে কে বা ঘট্‌ছে কেন? আগেই বলেছি, অরবিন্দ বিবর্ত্তন, ক্রমবিকাশ, অভিব্যক্তি আর বিপ্লবের প্রণালীটাকে দ্বন্দ্বের ভেতর, টক্করের ভেতর, লড়াইয়ের ভেতর পাকড়াও করতে অভ্যস্ত। এই দ্বন্দ্ব বুঝ্‌তে হবে উঁচুতে-নীচুতে দ্বন্দ্ব—বড়'র ছোট'র দ্বন্দ্ব। কিন্তু মুস্কিল,—উঁচু কোন্‌টা? বড় কোন্‌টা? কে ব'লে দিচ্ছে উঁচু কি? কে বুঝিয়ে দেয় বড় কি? কার তাড়নায় ঘট্‌ছে বিপ্লব? কে লাগাচ্ছে ঘা, আর সুরু হচ্ছে ক্রমবিকাশ? এইসব সমস্যায় আসে বর্গ্‌সঁর "ইন্‌টুইশন"—অন্তর্দৃষ্টি—প্রাচীন ভারতীয় যোগ-ধ্যান, সূক্ষ্ম অনুভূতি, "বোধি" ইত্যাদি। আর্য্যাণ দার্শনিক কাণ্ট-প্রচারিত অতীন্দ্রিয় দুনিয়া, অতীন্দ্রিয় জ্ঞান, অতীন্দ্রিয় উপলব্ধি অনেকটা এই সবের জুড়িদার। অরবিন্দ'র দ্বন্দ্ব-নীতিতে, উন্নতি-দর্শনে, চিত্ত-বিপ্লবের স্থাপনাতে ও চিত্তবিকাশের তর্ক-বিজ্ঞানে এই ধরণের অতীন্দ্রিয়তা, অন্তর্দৃষ্টি, যোগনিষ্ঠা, বোধি, অনুভূতি বা ধ্যানলব্ধ জ্ঞান কিল্‌বিল্ করছে। অরবিন্দ-দর্শনের ভেতর যদি কোনো রহস্য বা গুহ্য তত্ত্ব থাকে—তবে, তা কাণ্টের অতীন্দ্রিয়বাদি, বার্গ্‌সঁ'র 'ইন্‌টুইশন', ভারতীয় বোধি ইত্যাদি শ্রেণীর রহস্য।

লেখক—রহস্য কাকে ব'লে?

বিনয় সরকার—যাতে যুক্তির খেলা নেই, অথবা কম। অতীন্দ্রিয়, অন্তর্দৃষ্টি, অনুভূতি, বোধি ইত্যাদি শ্রেণীর চেতনায় বা জ্ঞানে যুক্তির সঙ্গে অসহযোগ—যুক্তি থেকে ছুটি। অসহযোগ আর ছুটি ষোল আনা বুঝবার দরকার নাই। যুক্তিকে কলা দেখিয়ে কাণ্ট-দর্শনের একটা মস্ত অংশের আবির্ভাব। কাণ্ট-মুনির বাণী প্রথমেই স্বীকার ক'রে নেয় দুই দুনিয়া,—একটা ইন্দ্রিয়-গ্রাহ্য দুনিয়া আর একটা অতীন্দ্রিয় দুনিয়া। কাণ্ট-বাণীর অন্যতম স্বীকার্য্য,—কর্ত্তব্য পালনে অতীন্দ্রিয়ের আজ্ঞা। মানুষ কর্ত্তব্য করে কার ঘা খেয়ে? কোন্ শক্তির তাড়নায়? কাণ্টের মতে যুক্তির তাড়নায় নয়—অনুভূতির তাড়নায়—অতীন্দ্রিয়ের হুকুমে—লাভ-লোকসানের খতিয়ান না ক'রে। "কাটেগোরিশেস্ ইম্পেরাটিভে"র পশ্চাতে বিচার নেই—তর্ক নেই—যুক্তি

নেই। কাণ্টঋষি-প্রচারিত অতীন্দ্রিয়ের হুকুম গীতাপ্রবর্তিত "কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন"-মন্ত্রের মাসতুতো ভাই। ফলাফল-নিরপেক্ষ নিষ্কামকর্ম বোধি, অনুভূতি বা অন্তর্দৃষ্টির উপর ভর ক'রে চলে। বন্ধমূলক চিত্তবিপ্লব, লড়াইশীল চিত্তবিকাশ, বিপ্লবধারায় ভাগবত-জীবনের আবির্ভাব ইত্যাদি ঘটনা যুক্তিনিষ্ঠ নয়—এসব বোধির, অতীন্দ্রিয়ের, অনুভূতির, অন্তর্দৃষ্টির লীলা।

লেখক—বোধি, রহস্য, অন্তর্দৃষ্টি ইত্যাদি সম্বন্ধে আপনার কি ধারণা?

বিনয় সরকার—প্রথমেই দৃষ্টান্ত দিচ্ছি।

কাণ্ট ও বার্গ্‌সঁ'র যেখানে ফাঁক, অসম্পূর্ণতা, বা দুর্বলতা—অরবিন্দ-দর্শনের ফাঁক, অসম্পূর্ণতা ও দুর্বলতা ঠিক সেখানে। বোধি সম্বন্ধেও এই আমার ধারণা। তিন দর্শনই চায় যুক্তির কাছ থেকে ছুটি নিতে,—খুব মস্তবড় একটা সমস্যা মীমাংসার বেলায়। তবে ছুটিটা বোধ হয় নেহাৎ পুরাপুরি ছুটি নয়। হাজার হ'লেও মানুষ ত! যুক্তি কিছু-না-কিছু থেকেই যায়।

ভায়া, আমি আনাড়ি লোক; আমি বলি বোধি, অতীন্দ্রিয়, অন্তর্দৃষ্টি, অনুভূতি ইত্যাদি চিন্তের ইজ্জৎ বাড়তে থাকুক। আপত্তি নেই। কিন্তু সঙ্গে-সঙ্গে বেড়ে চলুক যুক্তির ইজ্জৎ—যুক্তি-নিষ্ঠার ইজ্জৎ—যুক্তিযোগের ইজ্জৎ।

লেখক—আপনি এতক্ষণ ধ'রে "লাইফ ডিভাইন" আর অরবিন্দ-দর্শনের কথা যা বললেন, আমি দেখ্‌ছি অভেদানন্দের 'স্পিরিচুয়্যাল আন্‌ফোল্ডমেণ্ট' (আধ্যাত্মিক আগরণ ১৯০২) বইয়ে মোটের উপর সে-ধরণের কথাই আছে।

বিনয় সরকার—শুধু অভেদানন্দ বা বিবেকানন্দ কেন, যাঁরাই প্রাচীন হিন্দুজাতির যোগদর্শন নিয়ে চর্চা করেন, তাঁদের সকলকেই এই উপলক্ষ্যে মনে আনা যেতে পারে। কিন্তু আমাদের সুপরিচিত যোগদর্শনে আর অরবিন্দ-দর্শনে সোজাসুজি বীজগণিত-প্রসিদ্ধ সাম্য সম্বন্ধ (ইকুয়েশন্) টানা ঠিক হবে না। আগেই অরবিন্দ'র পাশ্চাত্য মন্তলের কথা বলেছি। একমাত্র প্রাচ্যের জোরে "ভাগবত-জীবন" দেখা দেয়নি। প্রাচ্য-দর্শনকে গুণ করতে হবে পাশ্চাত্য দর্শনের মাল দিয়ে। তবে বোঝা যাবে এ-বইয়ের ভেতরকার কথা।

লেখক—দার্শনিক বিশ্লেষণে ইকুয়েশন বা সাম্য-সম্বন্ধ আবার কি?

বিনয় সরকার—ব্যক্তিত্ব, সংস্কৃতি, কর্মকাণ্ড, চিন্তাপ্রণালী, আন্দোলন, বিপ্লব ইত্যাদি সম্বন্ধে ইকুয়েশন টানার বাতিক আমার আছে। অরবিন্দ-দর্শন সম্বন্ধে চালাতে চাই নিম্নের সাম্য-সম্বন্ধ :—

"ভাগবত-জীবন" = হিন্দুদর্শন (উপনিষদ-বেদান্ত-যোগ) × পাশ্চাত্য দর্শন (কাণ্ট-হেগেল-বার্গ্‌সঁ)

এই ধরণের সাম্য-সম্বন্ধ অন্যান্য ক্ষেত্রেও আমি খেড়েছি। বঙ্কিমকে জরিপ করবার জন্যে আমি কাষেম করি নিম্নরূপ ইকুয়েশন :—

"ধর্মতত্ত্ব" ("কৃষ্ণ-চরিত্র") = গীতা × কং

(ফরাসী দার্শনিক)

লেখক—আচ্ছা, বিবেকানন্দ সম্বন্ধে আপনার কোনো ইকুয়েশন আছে?

বিনয় সরকার—আছে বৈকি! নিম্নের সাম্য-সম্বন্ধে জরিপ করা আছে বিবেকানন্দকে :—

"বর্তমান ভারত" ("প্রাচ্য ও পাশ্চাত্য", "দরিদ্রনারায়ণ"-তত্ত্ব ইত্যাদি)

= হিন্দুদর্শন × পাশ্চাত্যদর্শন (ফিখ্‌টে-কার্লাইল-কং)।

লেখক—এই সাম্য-সম্বন্ধগুলা কি কড়ায়-ক্রান্তিতে স্বীকার ক'রে থাকেন?

বিনয় সরকার—রাধামাধব! সবই ঠারে-ঠোরে বুঝবার কায়দা বা সঙ্কেত মাত্র।

বলা বাহুল্য অরবিন্দ, বঙ্কিম, বিবেকানন্দ—

এঁদের দর্শনে দেশী-বিদেশী মাল ছাড়া আছে নিজ ব্যক্তিত্বের ছাপ। দুই তরফকে গুণ করবার মজি ও মুরোদ আসে সেই নিজস্ব থেকে। সর্ব্বত্রই সেই নিজস্ব ও ব্যক্তিত্বের প্রভাব,—বুঝে রাখতে হবে উহ্য। ব্যক্তিত্বই প্রত্যেক লোকের পক্ষে আধ্যাত্মিক যন্ত্রপাতি ও জীবনবেদের কর্ম্মকৌশল।

আমার "গরুমি" আর কত চালাবো? এখানে দাড়ি টানি।

লেখক—তবুও একটা কথা জান্‌তে ইচ্ছে কর্‌ছে। ভাগবত জীবনের" সঙ্গে স্বদেশী যুগের বিপ্লব-প্রবর্ত্তক অরবিন্দ'র যোগাযোগ কিরূপ?

বিনয় সরকার—যোগাযোগ বেশ গভীর। বইয়ের আকারে "ভাগবত জীবন" বেরিয়েছে ১৯৪০-৪১ সনে। লোকেরা মনে কর্‌ছে রচনাটা এ যুগের। আসল কথা বইয়ের অধিকাংশ অধ্যায় প্রবন্ধের আকারে বেরিয়েছিল ১৯১৪-১৬ সনে। তখন চল্‌ছিল বিংশ শতাব্দীর প্রথম কুরুক্ষেত্র। অরবিন্দ তখন রাষ্ট্রিক হিসাবে এক প্রকার "ফেরার"। রাষ্ট্রিক আন্দোলনের সঙ্গে তাঁর যেকো-খুসি যোগ ছিল ১৯০৫-১০ সনে। কাজেই প্রবন্ধগুলা তাঁর বিপ্লব-যুগেরই প্রায় সমসাময়িক। যারা অরবিন্দকে ১৯০৫-১০-এর যুগে জান্‌ত তারা তাঁকে যোগ-নিষ্ঠ বলেই জান্‌ত। ভারতীয় দর্শনে তাঁর পাণ্ডিত্য সম্বন্ধেও সকলেই ওয়াকিবহাল ছিল। আর তাঁর পাশ্চাত্য—বিশেষতঃ গ্রীক ও ফরাসী দর্শনে দখল সম্বন্ধেও সকলেরই অভিজ্ঞতা ছিল। বিপ্লবী অরবিন্দ আর যোগী অরবিন্দ ("ভাগবত জীবনের) আত্মিক হিসাবে সমসাময়িক।

"দি ইরাণ লিগ কোয়ার্টারলি"

( জুলাই, ১৯৪২ )

জোরাষ্ট্রিয়ান মতবাদ অনুসারে ধর্ম্মে, নৈতিক চরিত্রে এবং ঐহিক বিষয়ে পবিত্রতা।

২। সাহনামার ভিত্তি।

৩। জারাথুস্ট্রিয়ান গবেষণা।

৪। আমাদের তেহারাণ চিঠি।

"ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ"

( ফেব্রুয়ারী, ১৯৪২ )

মিঃ অটো নাথান, নিউইয়র্ক ইউনিভার্সিটির অধ্যাপক এবং মিলটন ফ্রিড্‌, একই বিশ্ববিদ্যালয়ে কর্ম্মী, উভয়ে মিলিয়া "কনসিউমার স্পেণ্ডিং ইনফ্লেসন এণ্ড দি ওয়েজ আর্ণার ইন দি ইউনাইটেড ষ্টেটস" নামক প্রবন্ধটী রচনা করিয়াছেন। অধুনা দেশরক্ষার জন্য ইউনাইটেড্‌ ষ্টেটস গভর্ণমেণ্ট বহু ক্রোর টাকা ব্যয় করিতেছেন। তাহার ফলে টাকার ফাঁপ হওয়া অবশ্যম্ভাবী এবং খাদ্যক্রয়ের যেরূপ ক্রয়শক্তি ছিল তাহারও রূপ ভিন্ন হইয়া যাওয়ার কথা। ইহাদের মধ্যে কিরূপ সম্বন্ধ তাহাই লেখক আলোচনা করিয়াছেন। এই সম্বন্ধ নির্ণয় করার মূল কারণ হইল শ্রমিকদের মঙ্গলকামনা। কারণ ফাঁপ হইলে শ্রমিকের পক্ষে বিপদ। অনেকগুলি উপায়ও অবশ্য ঠিক করা হইয়াছে যাহাতে ফাঁপ হইলেও তাহার স্বাভাবিক প্রতিক্রিয়া না হয় সেই জন্য। কিন্তু সেই উপায়গুলি আবার এমন ধরণের যাহাতে সাধারণ জীবনের মাপকাঠির উপর প্রভাব বিস্তার করে এবং তাহাদের যে স্তরে মাপকাঠি বাঁধা ছিল তাহা অপেক্ষা নিম্নে নামাইয়া দেয়।

সাধারণ যুক্তির ধারা হইল যে, খাদকের খরচার শক্তি কমাইয়া দেওয়া হউক এবং উৎপাদনকার্য্য যুদ্ধের জন্যই নিয়োজিত থাকুক ক্রমবর্দ্ধমান অবস্থায়। তাহাতে দেখা যায় যে, দেশ-রক্ষার জন্যই খাদকের সরবরাহ-কার্য্য সীমাবদ্ধ করা উচিত। কিন্তু কথা হইল যে, যদি খাদকের খরচার পথ বন্ধ করিয়া দেওয়া হয় তাহা হইলে তাহাদের হাতে বহু অর্থ সঞ্চিত হইয়া যাইবে। কারণ তাহারা অধিককাল শ্রমের জন্য বেশী টাকা অর্জ্জন করিতে পারিবে, নিয়োগ-সংখ্যা বৃদ্ধি পাইলে অনেক লোক রোজগার করিতে পারিবে, বেশী মাহিয়ানা হইবে এবং সাধারণ ব্যবসাদারদের লাভের অংশ বৃদ্ধি পাইবে অথচ তাহারা আবশ্যক দ্রব্যে পর্য্যন্ত খরচা করিতে অসমর্থ হইবে।

"এখন "ফাঁপ" বা ইনফ্লেসন শব্দের অর্থ কি? "ক্রেডিট" বৃদ্ধি হইলে এবং সকল প্রকার টাকার সারকুলেসন বৃদ্ধি হইলে আমরা সাধারণতঃ বলি যে "ফাঁপ" হইয়াছে। আমরা তখন হিসাব করিয়া দেখি না যে, কি কি পারিপার্শ্বিক অবস্থার মধ্যে ফাঁপ হইয়াছে। সেই জন্য প্রত্যেকটী মূল্যবৃদ্ধির কারণ হিসাবে ফাঁপকে ধরা হয়। এই প্রবন্ধে কিন্তু প্রত্যেক টাকার বৃদ্ধির অথবা প্রত্যেক মূল্যবৃদ্ধির অবস্থাকে ফাঁপ হিসাবে গণ্য করা হইবে না। কারণ অনেক সময়ে মূল্যবৃদ্ধি করা হয় ছোটখাটো বা অনুন্নত শিল্পকে তুলিবার জন্য। লেখকদ্বয়ের মতে যে অবস্থায় মূল্য বৃদ্ধি হইলেও দ্রব্য ও আরাম বৃদ্ধি

হয় না, এবং তাহা যদি কেবল মাত্র প্রতিযোগিতামূলক হয় যাহার দ্বারা উৎপাদনের খরচাও বৃদ্ধি হইয়া পড়ে তাহাকেই "ফাঁপ" বা ইনফ্লেসনের অবস্থা বলিতে হইবে। দেশরক্ষার জন্য যে বৃহৎ পরিমাণ অর্থব্যয় করা হয় তাহা একসঙ্গে বা একই সময়ে যে খাদকের হস্তে আসিয়া পৌঁছায় তাহা নহে। যতক্ষণ পর্য্যন্ত না যুদ্ধের দ্রব্যাদি প্রস্তুতের জন্য কাঁচামাল আসিয়া পৌঁছায় এবং তাহা সরঞ্জামাদিতে রূপান্তরিত হয় ততক্ষণ পর্য্যন্ত টাকা বাহিরে আসে না। সেই জন্য খাদকের আয় বৃদ্ধি পাইলেও সকল সময়ে তাহা ফাঁপের সৃষ্টি নাও করিতে পারে। চাহিদার অর্থনীতিতে যোগান তিন রকমের জিনিষ—প্রথম গভর্ণমেণ্টের খরচার টাকা এবং ব্যক্তিগত ইনভেষ্টমেণ্টের টাকা যখন একসঙ্গে বাজারে আসিয়া পৌঁছায় তখনই জিনিষপত্রের দাম অতিরিক্ত বৃদ্ধি পায় এবং সেই অনুপাতে উৎপাদন-বৃদ্ধির পথ রুদ্ধ করিয়া দেয়।

উহা ব্যতিরেকে ফাঁপ হইবার আর একটী কারণ হইল নূতন নিয়োগসমূহ এবং নিয়োজিত লোকের অতিরিক্ত ধরণের আয়। ১৯৪১ সনে যে পরিমাণ নিয়োগ ছিল—অবশ্য কৃষিকার্য্যের কথা বাদ দিয়া ধরা হইতেছে—১৯৪১ সনে তাহা অপেক্ষা নিয়োগ অনেক বৃদ্ধি পাইয়াছিল। এই বৃদ্ধির সংখ্যা ৩,২০০,০০০ বলিয়া জানা যায়।

ফাঁপ নিবারণের প্রধান দুইটী পন্থা লেখক নির্দ্দেশ করিয়াছেন। প্রথমতঃ, খাদকের ক্রয়শক্তি সাধারণভাবে কমাইয়া দিতে হইবে যাহাতে অল্প সরবরাহ করিতে পারা যায় এমন দ্রব্য তাহারা কম কিনিতে পারে। দ্বিতীয়তঃ, ক্যাপিট্যাল এবং ডিফেন্স কারখানার মামুলি নিয়ম করা, যথা :—"প্রায়রিটি, রেশনিং" এবং "প্রাইস পিলিং"। সাধারণভাবে খাদকের আয় বা ক্রয়শক্তি কমাইবার উপায় হইল বাধ্যতামূলক ঋণ, কর, খরচা, ব্যক্তিগত আয়কর কমাইয়া না দেওয়া এবং তাহার হার বৃদ্ধি করা।

আমেরিকা অবশ্য কিন্‌সের প্রণালী অনুসরণ করিয়াছে। কিন্তু লেখকের মত হইল কিন্‌সের প্রণালী ইংলণ্ডের আর্থিক অবস্থাকে ভিত্তি করিয়া হইয়াছে, তাহা আমেরিকার আর্থিক অবস্থার সহিত এক নাও হইতে পারে। অন্যপক্ষে একটী বিষয়ে ইংলণ্ড এবং আমেরিকার আর্থিক অবস্থার পার্থক্য প্রতীয়মান হয়, তাহা হইল, ইংলণ্ড বহু রকমের খাদ্যদ্রব্য বিভিন্ন স্থান হইতে আমদানি করিতে বাধ্য হয়। কিন্তু আমেরিকার উৎপাদিত খাদ্য দ্রব্যই আমেরিকার পক্ষে যথেষ্ট। এ কথা সত্য যে কিন্‌সের প্রণালী কেবলমাত্র এমন আর্থিক অবস্থার জন্য গঠিত হইয়াছে যেখানে সমগ্র খাদ্যদ্রব্যের আশ্রয়স্থল নিজদেশের উৎপাদনশক্তির মধ্যেই পর্য্যবসিত ও সীমাবদ্ধ হইতে চলিয়াছে। এ কথা তিনি নিজেই স্বীকার করিয়া লিখিয়াছেন—"নিউ রিপাবলিক" নামক প্রবন্ধে যে তাঁহার নির্ণীত প্রণালী প্রযোজ্য হইবার অবস্থা হইতে যুক্তরাষ্ট্র এখনও বহুদূরে রহিয়াছে।

ফরাসী দেশের খাদ্য সরবরাহ সমস্যা নামক প্রবন্ধটীতে দেখান হইয়াছে যে, যুদ্ধাবসানে তাহাদের খাদ্যের কিরূপ ব্যবস্থা প্রচলিত হইতেছে। ১৯৪০ সন হইতে প্রায় পাঁচশত ডিক্রি এবং অর্ডার এই খাদ্যসমস্যা লইয়া পাস করা হইয়াছে। যেসকল স্থলে যুদ্ধ-নক্ষ সৃষ্টি করা হইয়াছিল, সেই সব স্থানের শস্যাদি বিনষ্ট হইয়া গিয়াছে। তাহার সহিত অন্যান্য কারণ—যেমন যুদ্ধপূর্ব্বে বাসস্থান ত্যাগ, কৃষি-শ্রমিকের অভাব, অন্তর দুর্ভিক্ষ, কলকব্জার অভাব এবং মজুত মালও বিনষ্ট হইয়াছে—এইসব মিলিয়া সেখানে এক শোচনীয় অবস্থা সৃষ্টি হইয়াছে। এক কথায় বলা যায় যে উৎপাদনের গোলমাল এবং মজুতমাল নিঃশেষিত অবস্থা উপস্থিত হইয়াছে। আমদানি করার রাস্তাও বন্ধ হইয়াছে, দেশের মধ্যেও রেলপথ, সেতু প্রভৃতি বহু রকমের যানবাহনের পথ বিনষ্ট হইয়া গিয়াছে।

সরবরাহের সমস্যা সমাধানের জন্য যেসকল উপায় অবলম্বিত হইয়াছে তাহাকে মোটামুটিভাবে দুইভাগে বিভক্ত করা যায়। প্রথম—১৯৪০ সনের শেষভাগ যখন এমারজেন্সি অবস্থার দাবীর জন্য অধিক শস্য উৎপাদনের তাড়া দেওয়া হইয়াছিল। দ্বিতীয়ভাগে পড়ে—আধুনিক অবস্থা যখন অধিকদিন স্থায়ী ফলনাভের উপায় নির্ণয় করিয়া আইন হইতেছে তখন।

এমারজেন্সি এ্যাক্টশনে প্রথম কার্য্য ছিল দুর্ভিক্ষ যাহাতে না আসে তাহার ব্যবস্থা করা। সেই জন্য যত লোক বা জীবজন্তু ছিল তাহাদিগকে উৎপাদনের কার্য্যে নিয়োগ করিবার জন্য তাগিদ পড়িয়াছিল। সেই জন্য মিনিষ্টার এবং সেক্রেটারি অব ষ্টেট রুরাল ফিনান্স রুবিক্স দিবার ব্যবস্থা করিয়াছিলেন এবং প্রায় ২,০০০ মিলিয়ন ক্রাঁ দেওয়া হইয়াছিল বলিয়া জানা যায়। তাহার পর কতকগুলি আইন পাশ করা হয় যাহাতে "নিউট্রিসন" প্রাপ্ত হইবার যে যে উপায় তৎসমুদয়কে সম্পূর্ণভাবে কার্য্যকরী করার জন্য ব্যবস্থা ছিল। যেসকল কাঁচা মালকে খাদ্য-দ্রব্যে অথবা অন্য কোন উপায়ে ব্যবহার করা চলে তাহা খাদ্যদ্রব্য ছাড়া অন্যত্র যাহাতে ব্যবহৃত হইতে না পারে তাহার জন্য আইন পাশ করা হয়। তাহার সহিত আরও কয়েকটি আইন পাশ করা হয় যাহাতে কাঁকড়া, পাখরা, খরগোস, মাংস বা ডিম বাহিরে প্রেরণ করা নিষিদ্ধ হয়।

"সোসিয়াল ডিস-অর্গানিজেসন"; ব্যাবেল এ ইলিয়ট এবং ই ফ্রান্সিস কর্তৃক লিখিত; হার্পার এণ্ড ব্রাদার্স কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ১০৮৭; মূল্য ৩·৭৫ ডলার।

পুস্তকখানি পূর্ব্বপ্রকাশিত গ্রন্থের বর্দ্ধিত সংস্করণ মাত্র। অধিকাংশ অধ্যায়ের শীর্ষ ও প্রধান আলোচ্য বিষয়ের কোন পরিবর্ত্তন করা হয় নাই। বইখানির বেশীরভাগই পুনর্লিখিত হইয়াছে। খুব অল্প স্থলেই পরিবর্ত্তনের চিহ্ন পাওয়া যায় না।

সামাজিক প্রতিষ্ঠান এবং তাহার ভাঙ্গন সম্বন্ধেই পুস্তকখানি প্রধানতঃ রচিত হইয়াছে। তাহারই উপর নির্ভর করিয়া সামাজিক সমস্যাগুলির যথাযথ বিশ্লেষণ করিবার জন্য লেখকগণ চেষ্টা করিয়াছেন।

নূতন সংস্করণে পঞ্চম খণ্ডটি যুক্ত করা হইয়াছে। "রেভলিউসন" নামক অধ্যায়টিও নূতন লিখিত, কিন্তু তাহা "ফ্যাসিসম্ এণ্ড ওয়ার" নামক অধ্যায়ের সহিত সংমিশ্রিত হইয়া গিয়াছে। ফ্যাসিসম্ বা অন্যান্য ইস্‌ম্ সম্বন্ধে লেখক যেসব আলোচনা করিয়াছেন তাহা যেন খুবই সংক্ষিপ্ত বলিয়া মনে হয় এবং স্থানে স্থানে অস্পষ্ট হইয়াছে। যুদ্ধের বিষয় লেখকগণ যাহা লিখিয়াছেন তাহাতে তাঁহাদের মৌলিকত্বের পরিচয় পাওয়া যায়।

"ফ্রাস্ট্রেসন এণ্ড রিগ্রেসন। এন এক্সপেরিমেণ্ট উইথ ইয়ং চিল্ড্রেন।" রোজার বার্কার; টাবারা ডেম্বো এবং কুর্ট লেভিন কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব আয়োয়া প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ৩১৪; মূল্য ১·৫০ ডলার।

২৮ হইতে ৬১ দিনের শিশুদের লইয়া যে পরীক্ষা চালানো হইয়াছিল তাহারই সংক্ষিপ্ত বিবরণ এই পুস্তকে প্রকাশিত হইয়াছে। একটি ঘরে পরীক্ষক এবং শিশুকয়টি ব্যতিরেকে আর কেহই ছিল না। শিশুদিগকে ছাড়িয়া দেওয়া হয় এবং তাহাদের সম্মুখে নানারকম খেলনা দেওয়া হয়। তৎপরে প্রত্যেক শিশুকে লইয়া গিয়া আর একটি ঘরে রাখা হয়। ঘরখানির মধ্যে ছিল পুতুলের বাড়ী, জলাশয় তাহাতে সত্যকারের জল এবং অন্যান্য নানারকমের খেলনা। এই কামরায় শিশুগণকে আরও অর্দ্ধঘণ্টাকাল খেলা করিতে দেওয়া হইল এবং প্রত্যেকের সৃষ্টিশক্তি মাপ করিয়া ৮টি পয়েণ্ট পাওয়া গেল। এইসব পয়েণ্টের উদাহরণগুলি আকর্ষণীয়। ১ম—মাছ ধরিবার ছিপ লইয়া শিশুরা প্রায়ই সেলাইয়ের কার্য্য চালাইবার চেষ্টা করিল। ২য়—"বিয়ার" লইয়া চায়ের পাত্রে রাখিতে লাগিল অথবা টেলিফোনের চোঙ্গল লইয়া কাণে দিতে লাগিল কিন্তু কাহারও সহিত কথা বলিল না। ৩য়—ট্রাক লইয়া টানিতে লাগিল একটি লাইনও তাহার সহিত যুক্ত করিল। ৪র্থ—ঘাস ধরিতে লাগিল এবং কখনও কখনও কাটিয়া রক্তপাত করিল। এইভাবে কতবার একটি শিশুর "জিত" হয় এবং যত সময়ের মধ্যে তাহা হিসাব করিয়া লেখক প্রতি শিশুর সৃষ্টিশক্তি পরীক্ষা করিয়াছিলেন।

তাহার পর আরও অর্দ্ধঘণ্টাকাল কাটিয়া গেল। শিশুকয়টীকে লইয়া পুনরায় আর একটী কামরায় যাওয়া হইল। এই কামরায় যেসকল আসবাব ছিল তাহা বিশেষ আকর্ষণীয় নহে। শেষের কামরা এবং যে কামরায় সুন্দর খেলা দেওয়া ছিল তাহার মধ্যে একটী আড়াল দেওয়া হইল। কিন্তু আড়ালটী এমনভাবে দেওয়া হইল যাহাতে

বালকরা ভাল খেলাগুলির দিকে দৃষ্টি করিতে পারে অথচ তাহা লইতে পারে না। এই পরীক্ষার দ্বারা "ফ্রাষ্ট্রেসন" বা বিফলতার মনোভাব সম্বন্ধে পরীক্ষা করা হইয়াছিল।

বিফলতা, সফলতা ও সৃষ্টিশক্তি সম্বন্ধে একটী তালিকা প্রস্তুত করিয়া লেখক দেখাইয়াছেন প্রত্যেক শিশুর মধ্যে কতটা পার্থক্য আছে এবং শৈশব অবস্থায় উহাদের কিভাবে বিকাশ হইয়া থাকে।

প্রাইমারি খেলা ও সেকেণ্ডারি খেলার বিবরণও লিপিবদ্ধ করা হইয়াছে। সেকেণ্ডারি খেলার মধ্যে পরীক্ষা করা হইয়াছে এমনধারা কতকগুলি জিনিষ যাহাতে মানুষের চিত্তবিক্ষেপ ঘটে অর্থাৎ যাহাতে নিবিষ্ট-চিত্ত হওয়া সম্ভব নহে; যেমন একই সঙ্গে একটা মাছধরা ছিপের দড়ি ঝুলিয়ে দেওয়া হইল এবং একটা প্রশ্ন করিয়া অন্য বিষয়ে বালকের মনটাকে আকর্ষণ করা হইল।

পরীক্ষার দ্বারা সোসিয়াল সাইকলজির প্রমাণ সংগ্রহ করা অতি দুরূহ ব্যাপার এবং এক্ষেত্রেও তাহা বলা চলে। সকল সময়ে পরীক্ষা সাফল্যমণ্ডিত নাও হইতে পারে।

"দি মিড্‌ল্ ক্লাস ইন আমেরিকান পোলিটিক্স" আর্থার এম্ হলকুম্ব কর্ত্তৃক লিখিত; হার্ভার্ড ইউনিভার্সিটি প্রেস কর্ত্তৃক প্রকাশিত; ১৯৪০; কেম্ব্রিজ; পৃঃ ৩০৪; মূল্য ২·৫০ ডলার।

হার্ভার্ডের একজন বিখ্যাত রাষ্ট্রবিজ্ঞানবিদের কয়েকটী রচনা এই পুস্তকখানিতে সঙ্কলিত হইয়াছে। হলকুম্বের লেখা হইলেই তাহা প্রায় সকল লোকের চোখে পড়ে। মধ্যবিত্ত শ্রেণী যে আমেরিকার রাজনীতির ক্ষেত্রে একটা বিশেষ স্থান অধিকার করিয়া আছে তাহা ভুলিলে চলিবে না। হলকুম্বের মতে এই মধ্যবিত্ত শ্রেণীকে আরও ক্ষমতা ও শক্তি দেওয়া আবশ্যক। এই প্রসঙ্গে স্বাভাবিক প্রশ্ন উঠে যে "মধ্যবিত্ত" বলিতে কি বুঝায়। হলকুম্ব বলেন যে টাকার দিক্ হইতেই মধ্যবিত্তের শ্রেণীভাগ করা যুক্তিযুক্ত। কিন্তু মজার কথা এই যে, অধিকাংশ "পুঁজিপতি" নিজেকে মধ্যবিত্ত বলিয়া আমেরিকায় প্রচার করে। কেহ মধ্যবিত্ত কি না, তাহা অনেকটা ব্যক্তিগত মনোভাবের উপরই নির্ভর করিয়া থাকে। যদি একজন মনে করেন তিনি মধ্যবিত্ত তাহা হইলে তিনি মধ্যবিত্ত হইয়াই থাকেন। এই ধরণের চিন্তা আমেরিকার অধিকাংশ লোকই করিয়া থাকে, কাজেই ওখানে মধ্যবিত্তগণ সংখ্যা-গরিষ্ঠ। লেখকের মতে মার্ক্স যে সামাজিক শ্রেণীবিভাগ করিয়াছেন তাহা দুইভাগ করায় ভুল হইয়াছে, উহা তিনভাগ করাই শ্রেয়ঃ। মার্ক্স বলিয়াছেন যে সমাজে পুঁজিপতি আর দরিদ্র এই দুই শ্রেণীর লোক আছে কিন্তু বাস্তবিক এই ধনিক আর দরিদ্র শ্রেণীর মধ্যে মধ্যবিত্ত শ্রেণীও আছে তাহা তিনি মানিয়া লন নাই।

লিউইস কোরিস্ বা আলফ্রেড্ এম্ বিংহামের লেখার তুলনায় হলকুম্বের লেখা যেন অনেকটা পাণ্ডিত্যের প্রকাশক বলিয়া মনে হয়। হলকুম্বের আসল উদ্দেশ্য হইল যে পার্টি বা দলের সংখ্যা কমাইতে হইবে। কাজেই অধিকাংশ যদি মধ্যবিত্ত হয় তাহা হইলে ধনিক আর দরিদ্র শ্রেণী বেশী কিছু করিতে পারিবে না এবং তাহার দ্বারা নানা পার্টির সংখ্যা কমিয়া মাত্র তিনটীতে দাঁড়াইবে। আমেরিকায় যে পার্টি সিস্টেমের বদল কমিয়া আসিতেছে তাহা লেখক অস্বীকার করেন।

"ফিবল্ মাইণ্ডেড্ চিল্ড্রেন এস্ এ ম্যাসাচুসেটস প্রব্লেম" ; জেনেটি আর প্রয়েনের কর্তৃক লিখিত ; ম্যাসাচুসেট্স চাইল্ড কাউন্সিল কর্তৃক প্রকাশিত ; বোস্টন ; ১৯৪১ পৃঃ ৬৩।

"ম্যান এণ্ড দি ওয়েষ্টার্ণ ওয়ার্ল্ড" জন গাইস কর্তৃক লিখিত ; হ্রেস এণ্ড কোম্পানী কর্তৃক প্রকাশিত ; হারকুট ; নিউ ইউর্ক ; ১৯৪০ ; পৃঃ ১০৪১ ; মূল্য ৭ ডলার ৫০ সেণ্ট।

৩। "জুবিসপ্রডেন্স" এডগার পেডেন হাইমার কর্তৃক লিখিত ; ম্যাকগ্রহিল বুক কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইর্ক ; ১৯৪০ পৃঃ ৩৫৭ ; মূল্য ৩'৫০ ডলার।

৪। "মাইণ্ড্ দি এ্রেস" ; মার্টিন উডার্স কর্তৃক লিখিত ; হোয়ান এণ্ড কোম্পানী কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ৪২১ ; মূল্য ৩০৭৫ ডলার।

৫। "দি সোসিয়াল রিলেশন্স অব সায়েন্স" ; ডে সি জোণ্সের কর্তৃক লিখিত ; দি ম্যাকমিলান কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ৬৬৫ ; মূল্য ৩'৫০ ডলার।

৬। "পিথাগোরিয়ান পোলিটিক্স্ ইন সাউথার্ণ ইতালী" ; কুর্ট ফন ফ্রিৎস্ কর্তৃক লিখিত, কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ১১৩ ; মূল্য ২'০০ ডলার।

৭। "দি ফাউণ্ডেসন অব এম্পিরিক্যাল নলেজ" ; এ জে আয়ার কর্তৃক লিখিত ; দি ম্যাকমিলান কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ২৭৬ ; মূল্য ২'৫০ ডলার।

৮। "টুওয়ার্ড এ সলিডসন" ; ইসরেল গোল্ডষ্টাইন কর্তৃক লিখিত ; জি পি পুটনাম্স সন্স কর্তৃক প্রকাশিত ; পৃঃ ৩৪৫ ; নিউইয়র্ক ; ১৯৪০।

৯। "হিষ্ট্রি অব দি জুস ইন বলোন" ; এ্যাডল্ফ্ কোবের কর্তৃক লিখিত ; সলোমন গ্রেজেল কর্তৃক অনুবাদিত ; দি জুইস পাবলিকেসন সোসাইটী অব আমেরিকা কর্তৃক প্রকাশিত ; ফিলাডেলফিয়া ; ১৯৪০ ; পৃঃ ৪১২।

১০। "ষ্ট্যাটিসটিক্স অব জুস এণ্ড জুইস অর্গ্যানিজেসন" ; এইচ্ এস লিনফিল্ড কর্তৃক লিখিত ; দি আমেরিকান জুইস কমিটি কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৩৯ ; পৃঃ ৬৪।

১১। "হোয়াই এ্যান্টিসেমিটিসিস্ম্" ; এড্মাণ্ড জে হরভাথ কর্তৃক লিখিত ; দি বাস্ পাব্লিসার্স কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ৪০ ; মূল্য ৫০ ডলার।

১২। "চ্যালেঞ্জেস টু আমেরিকান ইউথ" জোসেফ আই আর্ণল্ড কর্তৃক লিখিত ; রো ; পিটারসন কর্তৃক প্রকাশিত ; ইভান্স্টন ; ১৯৪০ ; পৃঃ ৬৯৬ ; ১'৮০ ডলার।

১৩। "ওয়ার্লড্ ফেডারেসন" ; অসকার নিউকাম কর্তৃক লিখিত ; বার্ণেস এণ্ড নোবল্ কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৩৯ ; পৃঃ ১১৮।

১৪। "কার্ল মার্ক্স ইন হিজ আর্লিয়ার রাইটিংস" ; এইচ্ পি এ্যাডামস্ কর্তৃক লিখিত ; ম্যাকমিলান কোম্পানী কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ২২১ ; মূল্য ১'৯০ ডলার।

১৫। "ষ্ট্যাণ্ডার্ডস্ অব রিলিফ্ এন্ এ্যানালিসিস অব ওয়ান হাণ্ড্রেড ফ্যামিলি কেস রেকর্ডস" ; এনা রোসেলি জনসন কর্তৃক লিখিত ; মারে এণ্ড হাইসটার কর্তৃক প্রকাশিত ; ওয়াশিংটন ; ১৯৫৮ ; পৃঃ ১৫৩।

# দারিদ্র্য-দর্শন ও মজুরি-তত্ত্ব

শ্রীবিনয়কুমার সরকার

## দ্বিতীয় শিল্প-বিপ্লব ও মজুরির "লৌহ নিয়ম"

আজকাল সর্ব্বত্রই দেখা যায় যে, মজুরদিগকে বহাল তবিয়তে রাখিবার জন্য রাষ্ট্র কিছু-না-কিছু মজুরি-তত্ত্বদিগে সাহায্য করিতেছে।

রাষ্ট্রকে যতদিন আংশিকভাবেও মজুরদের খরচপত্র নির্ব্বাহ করিতে হইবে, ততদিন মজুরি-তত্ত্ব সম্বন্ধে একটা বড় কথা চোখের সামনে ভাসিবে। স্বীকার করিতেই হইবে যে, একালের মজুরি এত কম যে, অর্থনৈতিক উপায় হিসাবে অর্থাৎ "প্রকাশ্য বাজারে রোজগাররূপে" ইহা মজুরদের সর্ব্বনিম্ন অভাব দূর করিবারও যোগ্য নয়। বর্ত্তমান অবস্থায় মজুরি অর্থাৎ মজুরদের স্বাধীন রোজগার দ্বারা রোগ, দুর্ঘটনা, বার্দ্ধক্য, বেকার অবস্থা প্রভৃতির প্রতীকার হওয়া অসম্ভব।

এই অবস্থায় বলিতে বাধ্য যে, ইংরেজ অর্থশাস্ত্রী ম্যালথাসের মজুরি-তত্ত্বও একালে বাতিল নয়। রিকার্ডোর মতবাদও ছিঁকে'য় তুলিয়া রাখা সম্ভব নয়। এই দুই জনের মতের উপর প্রতিষ্ঠিত মার্ক্সীয় সমাজতন্ত্রী লাসালের মজুরি-তত্ত্বও বেশ কিছু টেঁকসই। ইহারা সকলেই মজুরির "লৌহ নিয়ম" স্বীকার করিয়া চলিতেন। লৌহ নিয়ম শব্দ লাসালের প্রবর্ত্তিত। অর্থনৈতিক সিদ্ধান্ত সমূহের মধ্যে এই নিয়ম বা আইনটা অতিমাত্রায় নিরেট বনিয়াদের উপর প্রতিষ্ঠিত বলা যাইতে পারে। এই মতটা এক হিসাবে অর্থশাস্ত্রের পিতামহ বা প্র-পিতামহ ইংরেজ পণ্ডিত আডাম স্মিথের রচনাবলীতেও পাওয়া যায়। তাঁহার পূর্ব্ববর্ত্তী ফরাসী পণ্ডিত তুর্গো "সম্পদের গড়ন ও বিতরণ" গ্রন্থে (১৭৬৯) এই তত্ত্বের আভাষ দিয়াছেন। এমন কি তাঁহারও আগেকার এক ফরাসী বইয়ে,—কাঁতিঁল-প্রণীত "ব্যবসা-বাণিজ্যের প্রকৃতি" গ্রন্থে (১৭৩৪-৫৫) এই মতবাদের সন্ধান মিলে।

"লৌহ আইন" বলিলে অথবা ম্যালথাস-বিবৃত "দুর্ভিক্ষার জীবন-যাত্রা" বলিলে বর্ত্তমান কালে একমাত্র রুটি বা ডাল-ভাতের হিসাব করিলে চলিবে না। স্বাস্থ্য রক্ষার জন্য সর্ব্বনিম্ন বরাদ্দটা চোখের সম্মুখে রাখা আবশ্যক। অনেক সময়ে মজুরদের সর্ব্বনিম্ন সামাজিক বরাদ্দ ও সম্বিতে হইবে। একালে মজুরেরা বাজারে মেহনৎ বেচিবার জন্য এই ধরণের সর্ব্বনিম্ন বরাদ্দ দাবী করিতে অভ্যস্ত। অবশ্য আজকাল বিভিন্ন জাতির মাথা-পিছু খাদন বৃদ্ধি হইয়াছে। তাহা দেখিলে মজুরির সাধারণ হার বাড়িয়া গিয়াছে বলিয়া মনে হইবে। কিন্তু আধুনিক অবস্থাতেও পুরাতন বুলির স্থান রহিয়াছে। কাজেই বলিতে হয় যে, এখনও মোটের উপর প্রায় সকল কারবারে দুর্ভিক্ষার জীবন-যাত্রারই রাজত্ব চলিতেছে। পয়লা নম্বরের বড়-বড় "জাতীয়" আয়-বিশিষ্ট দেশগুলিতেও মজুরির হালচাল ঠিক এইরূপ।

অনেক দেশের অর্থনৈতিক ক্ষেত্রে "খাঁটি" বা বস্তুনিষ্ঠ মজুরির হার সত্য-সত্যই বৃদ্ধি পাইয়াছে। জীবনযাত্রা প্রণালীর এই আপেক্ষিক উন্নতির সঙ্গে-সঙ্গে সামাজিকও রাষ্ট্রিক রূপান্তর মালুম হইতেছে। বিভিন্ন শ্রেণীর আদান-প্রদানের মধ্যে কমবেশী গণতান্ত্রিকতা স্থাপিত হইয়াছে। দেওয়ানী আইন-কানুনে আর শাসন-বিষয়ক উদারতায়ও এই গণশক্তির দিগ্বিজয় অল্পবিস্তর দেখা যাইতেছে।

ফরাসী অর্থশাস্ত্রী লেভাস্যর বলিতেন যে, রাষ্ট্রের দ্বারা ন্যায্য মজুরি প্রবর্ত্তন সম্ভবপর নয়। তাঁহার মতে সরকারী আইন আষ্টেপৃষ্ঠে বাঁধা জিনিষ। ইহার ভিতর নড়ন-চড়ন, উঠানামার ঠাঁই নাই। কিন্তু আর্থিক জীবনে নড়ন-চড়ন আর উঠানামা বিস্তর। উৎপাদনের তারতম্য, জীবনযাত্রার খরচা, স্থানীয় জীবনযাত্রাপ্রণালী সবই পরিবর্ত্তনশীল। কোনো একবগ্গা, একতরফা বাঁধাবাঁধির ভিতর এইসব চলে না। এত সব সঙ্কোচ-প্রসারের প্রতি লক্ষ্য রাখিয়া

অবস্থা অনুযায়ী ব্যবস্থা করা কোনো সরকারী আইনের নিকট আশা করা চলে না।

স্বাধীনতা-পন্থী অর্থশাস্ত্রী লেভাসুরের পক্ষে পূর্ব্বোক্তরূপ মতবাদ অতি স্বাভাবিক। তাহা সত্ত্বেও তিনি মজুরির উপর আইন, মজুর-সমিতি, ট্রেড ইউনিয়ন, ধর্ম্মঘট প্রভৃতি সামাজিক অনুষ্ঠান-প্রতিষ্ঠানের প্রভাব স্বীকার করিয়াছেন। অবশ্য প্রভাবটা কতকগুলা সর্ত্তের অধীন। অর্থাৎ রাষ্ট্রের তাবে ন্যায্য মজুরি কায়েম করা অথবা প্রতিষ্ঠানের একতিয়ারে ন্যায্য মজুরি কায়েম করা অনেক সময়েই সম্ভব নয়। শেষ পর্য্যন্ত তাঁহার রায় নিম্নরূপ: "ন্যায্য মজুরি ভাবপ্রবণ কথা মাত্র। কোনো দেশের সমগ্র মজুর সম্প্রদায়ের জন্য প্রয়োগ করিতে হইলে ন্যায্য মজুরি নির্দ্ধারণ করা অসম্ভব।"

ফরাসী অর্থশাস্ত্রী ক্রশির কথা আবার পাড়িতেছি। মজুরি বিশ্লেষণ করিতে গিয়া উহাকে তিনি মূল্যরূপে স্বীকার করিয়াছেন। মূল্য-নির্দ্ধারণে রাষ্ট্রের হস্তক্ষেপ কোনোকালেই বড় বেশী সুফল দেয় নাই। বরং ইহা বিপদজনকও বটে। এই তাঁহার মত। কিন্তু তবুও তিনি রাষ্ট্রের হস্তক্ষেপকে একদম অস্বীকার করেন না। যদি কেহ বলে যে, রাষ্ট্রের হস্তক্ষেপ দ্বারা সামান্য কিছু ফলও ফলিতে পারে না, তাহা হইলে ক্রশি তাহার বিরোধী। অন্ততঃ পক্ষে সর্ব্বনিম্ন "মজুরি" নির্দ্ধারণের বেলায় তিনি সরকারী হস্তক্ষেপের উপকারিতা স্বীকার করেন। বিশেষতঃ যেসকল কারবারে মজুরেরা একপ্রকার গোলামের মতন খাটিয়া চালাইতে অভ্যস্ত সেই সকল কারবারের মজুরি নির্দ্ধারণ সম্বন্ধে রাষ্ট্রের হস্তক্ষেপ বাস্তবিকই দরকারী। এই সম্বন্ধে ক্রশির চিন্তায় কোনো গোঁজামিল নাই।

মোটের উপর লেভাসুর ও ক্রশি এই দুই অর্থশাস্ত্রীর মতন মজুরি-গবেষকেরা বিমনা পণ্ডিত। এই ধরণের চিন্তাধারার সাহায্যে সমসাময়িক মজুরি-বাজারের সমস্যা সমাধান করা আদৌ সম্ভবপর নয়।

অন্যদিকে প্রতিষ্ঠানমূলক অর্থশাস্ত্রীদের কথা ধরা যাউক। তাঁহাদের পক্ষে মজুরি-সমস্যা সমাধানের বেলায় জার্ম্মাণ অর্থশাস্ত্রী ভীল বেশ-কিছু গ্রহণ-যোগ্য। তাঁহার বিশ্লেষণে মালিক ও মজুর নামক দুই উৎপাদন-শক্তি দ্রষ্টব্য। এই দুইয়ের ক্ষমতা তুলনায় বিচার করা আবশ্যক। কাহার ক্ষমতা বেশী, কাহার ক্ষমতা কম জানা চাই। ক্ষমতার আপেক্ষিক বেশী-কমির উপর নির্ভর করে মজুরির হার। ভীল বলিতেছেন যে, দুনিয়ার যে-কোনো বস্তুনিষ্ঠ গবেষক এই ক্ষমতার কমি-বেশীর প্রভাব সম্বন্ধে ওয়াকিবহাল। মজুরদের ক্ষমতা বৃদ্ধির সঙ্গে-সঙ্গেই মজুরির হার বাড়িয়াছে। মজুরদের ক্ষমতা বাড়িয়াছে ট্রেড ইউনিয়নে সঙ্ঘবদ্ধতার ফলে। এই সঙ্ঘবদ্ধতা যে পরিমাণে বাড়িয়াছে সেই পরিমাণে বাড়িয়াছে মজুরির হার। কি মুদ্রা-মজুরি কি বস্তু-মজুরি দুই প্রকার মজুরির হার ট্রেড উইনিয়নের প্রভাবে বাড়িয়াছে।

উনবিংশ শতাব্দীর প্রথম দিকে মালিকগণই একমাত্র প্রভাবশালী ছিল। তাহাদের নিকট সঙ্ঘহীন মজুরেরা কানা হইয়া থাকিত। মজুরির হার নিরূপণ করিত মালিকেরা একতরফা ভাবে। ইহাতে মজুরের কোনো হাত থাকিত না। বর্ত্তমানে সভাসমিতির স্বাধীনতা কায়েম হইয়াছে। মজুরেরা সঙ্ঘবদ্ধ হইতে অধিকারী। অধিকন্তু সার্ব্বজনীন ভোটাধিকারের ফলে মজুরদের রাষ্ট্র-শক্তি যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত হইয়াছে।

আর্থিক জীব হিসাবে মজুরেরা আজ ক্ষমতাশালী। রাষ্ট্রিক জীব হিসাবেও তাহাদের ক্ষমতা একালে বেশ-বাড়িয়াছে। ফলতঃ, কারবারের ক্ষেত্রে তাহারা মালিকদের নিকট হইতে খানিক উঁচু হারে মজুরি আদায় করিতে পারিতেছে।

মাপ-জোক তত্ত্ব, সংখ্যাশাস্ত্র, অর্থনৈতিক ইতিহাস এবং রাজনৈতিক প্রগতি লইয়া যাঁহারা আলোচনা করেন মজুরি-বাড়তির এই বাস্তব ঘটনাগুলা নিশ্চয়ই তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিবে। কিন্তু এই বাড়তির দৌড় ও বহর প্রকৃত কর্ম্মক্ষেত্রে কতটা? অর্থশাস্ত্রী, রাষ্ট্রশাস্ত্রী, সংখ্যাশাস্ত্রী ইত্যাদি পণ্ডিতদের গবেষণায় যেসকল তথ্য পাওয়া যায় সেসব অস্বীকার করিবার প্রয়োজন নাই। কিন্তু অপর দিকে অন্ন-বেতনের কেরাণীদের সহিত সমগ্র মজুর-

সম্প্রদায় তাহাদের মজুরির বাড়্তি সম্বন্ধে কি ভাবিতেছে তাহাও বুঝিয়া দেখা আবশ্যক।

এই সমস্ত "আপেক্ষিক" পরিবর্ত্তনের ও উন্নতির আলোচনাতেই কেরাণী-মজুরের দল খুসী থাকিতে পারে না। বর্ত্তমান যুগের আর্থিক রাজ্যে মালিক, নিয়োগকর্ত্তা, উপরওয়ালা, ডিরেক্টর, বড়-বড় কর্ম্মচারী ও মোটা-বেতনের চাকুরিয়া প্রভৃতির প্রতি মজুর-কেরাণীদের হাবভাব কিরূপ তাহা সামাজিক জীবনে কম উল্লেখযোগ্য নয়। সত্য কথা, মজুর-কেরাণীরদল আপেক্ষিক মজুরি-বাড়্তিতে সন্তুষ্ট হইতে পারে নাই।

আইনের কেতাবে তাহাদের ক্ষমতা বাড়িয়াছে। রাষ্ট্র-কাঠামোর দলিল-দস্তাবেজেও তাহারা নয়া-নয়া অধিকার ভোগ করিতেছে। এসব সত্য। তথাপি মজুর-কেরাণী-শিক্ষকের দল এইসকল অধিকার, মুক্তি ও স্বাধীনতার দলিল বা বুলির বেশী-কিছু কদর করিতে রাজি নয়। আর্থিক দারিদ্র্য নিবারণ সম্বন্ধে তাহারা এইসকল দলিল ও বুলির ভিতর তেমন-কিছু উল্লেখযোগ্য বস্তুনিষ্ঠ পাতি পাইতেছে না। শুধু কথাতে আর চিঁড়ে ভিজিতেছে না। এইসকল অধিকারের মৌখিক বা নামমাত্রিক দাম যাহাই হউক, যথার্থ বস্তুনিষ্ঠ দাম নেহাৎ অল্প। যতদিন পর্য্যন্ত এই সমস্ত দরিদ্র ব্যক্তি মুক্তি, স্বাধীনতা প্রভৃতি শব্দগুলা শব্দমাত্ররূপে সমঝিতেছে এবং এই সকল শব্দের পশ্চাতে নিরেট অর্থ ঢুঁড়িয়া না পাইতেছে ততদিন পর্য্যন্ত মজুরি-গবেষকদের পক্ষে মজুর-কেরাণীদলের চিন্তাধারা-মাফিক দুনিয়া বুঝিবার চেষ্টা করা কর্ত্তব্য। অর্থাৎ মজুরির আপেক্ষিক বাড়্তি লইয়া লাফালাফি না করাই যুক্তি-সঙ্গত।

মালিক ও মোটা-বেতনের চাকুরিয়াদের সহিত মজুরদের যথার্থ সম্বন্ধ মাপজোক দ্বারা বস্তুনিষ্ঠভাবে বিশ্লেষণ করিতে প্রবৃত্ত হওয়া উচিত। তাহা হইলে সমঝদার মজুর-নায়কেরা নিশ্চয়ই বুঝিতে পারিবেন যে, মজুর-সম্প্রদায় প্রতিমুহূর্ত্তে মালিকের দল আর মোটা মাহিয়ানার কর্ম্মচারীদের ভয়ে শশব্যস্ত। কোনো-না-কোনো অছিলায় তাহাদের জরিমানা দিতে হয়, অপমান সহিতে হয়, মায় চাকরি পর্য্যন্ত খোয়াইতে হয়। প্রভুদের হাতে জবাইয়ের ভয় তাহাদের জীবনকে সর্ব্বদা নিষ্পেষিত করে। বর্ত্তমান যুগের উচ্চতর মজুরি ও উন্নততর জীবনযাত্রা পরিচালনের আমলে মজুরদের স্বাধীনতা-বৃদ্ধি আনন্দের কথা বটে, কিন্তু পূর্ব্বোক্ত আশঙ্কা তাহাদের সমস্ত সুখই বিনষ্ট করিবার উপক্রম করিয়াছে। জরিমানার ভয়, বরখাস্তের ভয়, জবাইয়ের ভয় একালের আর্থিক দুনিয়ায় অন্যতম প্রাতিষ্ঠানিক সমাজ-শক্তি। মজুরির আপেক্ষিক বাড়্তি একালের একমাত্র সমাজশক্তি নয়।

সামাজিক অনৈক্য আর মানুষের উপর মানুষের অত্যাচার একই কথা। প্রত্যেক দেশেই আর প্রত্যেক জাতির ভিতরই আয়ের বেশী-কমিতে এইরূপ অনৈক্য ও অত্যাচার সৃষ্ট হয়। ভিন্ন-ভিন্ন রোজগারের লোক কোনো মতেই সামাজিক ঐক্য ভোগ করিতে পারে না। ভিন্ন-ভিন্ন ধাপের কর্ম্ম-পদও সামাজিক অনৈক্যের জন্য দায়ী। এইসকল আয়-গত ও ধাপ-গত অনৈক্য এবং অত্যাচার সহজেই লোকজনের নজরে পড়ে। তাহার জন্য গভীর গবেষণা আবশ্যক হয় না। ঠিক এই ধরণেরই অনৈক্য ও অত্যাচার একালে অন্য এক কর্ম্মক্ষেত্রে বেশ-কিছু পরিস্ফুট। বিভিন্ন দেশের বা জাতির লোকজনের পরস্পর যোগাযোগের বেলায় সেই অনৈক্য ও অত্যাচার দেখা যায়। আন্তর্জ্জাতিক মেলামেশাসমূহ অশেষ দ্বন্দ্ব ও অন্যায়ের প্রশ্রয় দিয়া থাকে। রোজগার সমান থাকা সত্ত্বেও এক জাতির লোক আর এক জাতির লোককে সামাজিক লেনদেনে সমান ভাবে না। বিদ্যায়, কর্ম্মপটুত্বে, চাকরির পদে সমান-সমান হইয়াও কোনো জাতির লোক অপর জাতির লোক কর্ত্তৃক অপমানিত ও নির্য্যাতিত হইতেছে। এই সকল আন্তর্জ্জাতিক দৃশ্য কোনো দেশের ভিতরকার আর্থিক অসাম্য ও সামাজিক অত্যাচারের দৃশ্য হইতে গুণ্ডিতে বা পরিমাণে কম নয়। কি আভ্যন্তরীণ, কি আন্তর্জ্জাতিক, উভয় কর্ম্মক্ষেত্রেই বর্ত্তমান যুগে অসাম্য ও অত্যাচার "সাবেক কালের" প্রায় সমানই রহিয়া গিয়াছে।

আজকাল আইনের বিধি অনুসারে "উপরের দশ

হাজার" বা "বড়-বড় জাতগুলা" তথাকথিত ছোট বা ইতর লোকদের যৎসামান্য সামাজিক স্বাধীনতা সম্বন্ধে খানিকটা নিরপেক্ষ। মাঝে-মাঝে উহা সহ্য করিয়া চলাও বড় জাত বা উচ্চ শ্রেণীদের দস্তর। কিন্তু পূর্ব্বেকার মত বর্ত্তমানেও এই সমস্ত অসাম্য সমান পীড়াদায়ক ও ব্যাপক ভাবেই বর্ত্তমান রহিয়াছে। নবীনীকৃত পুঁজিতন্ত্র এবং সমাজতন্ত্রের আমলে সামান্য কিছু অর্থনৈতিক ও সামাজিক উন্নতি সাধিত হইয়াছে। তাহা অস্বীকার করিবার জো নাই। কিন্তু পূর্ব্বেকার অর্থনৈতিক আমলগুলার মত বর্ত্তমান অবস্থার ভিতরেও মজুর, কেরাণী, অল্প-বেতনের ও নিম্নপদস্থ কর্ম্মচারী আর রাষ্ট্রিক হিসাবে পরাধীন জাতির কেরাণীরা এবং সামাজিক হিসাবে অবনত "পারিয়া" বা শ্রেণীসমূহ সমান অসাম্য ও মর্য্যাদাহীনতার নিগ্রহ ভোগ করিতেছে। আর্থিক রোজগারের আপেক্ষিক বাড়্‌তি উল্লেখ করিবার সময় এইসকল মানুষিক দুর্গতি, অপমান, অবিচার ও নির্য্যাতনের বহর চোখের সম্মুখে রাখা আবশ্যক।

ইংরেজ অর্থশাস্ত্রী কেনান তাঁহার "রিভিউ অব ইকনমিক থিয়োরি" ( অর্থনৈতিক চিন্তার ইতিহাস ) গ্রন্থে ( লণ্ডন, ১৯২৯ ) বলিয়াছেন :—"সাধারণতঃ রোজগার বাড়িতে থাকিলে দেখা যায় যে, মানুষের জীবনে নতুন-নতুন সুযোগ-সুবিধা আসিয়া উপস্থিত হইতেছে। আয়-বৃদ্ধি নানা প্রকার সুযোগ-বৃদ্ধির উপায় ও সূচী। কিন্তু ধনসম্পদের এমন একটা অবস্থা দাঁড়ায় যখন আয়-বৃদ্ধি মালিকের আর নতুন কোনো সুবিধা ঘটাইতে পারে না। বড়-বড় আয়বিশিষ্ট সম্পদগুলা বর্ত্তমানকালে এই অবস্থায় অনেক দিন হইল পৌঁছিয়াছে।" এই মত প্রচার করিয়া কেনান আর্থিক চিন্তারাজ্যে একটা আশার আবহাওয়া সৃষ্টি করিয়াছেন। কিন্তু বস্তুনিষ্ঠরূপে সংসারের দিকে তাকাইলে যে সকল অসাম্য ও অত্যাচার দেখা যায়, তাহার আবহাওয়ায় তাঁহার এই বাণী আর সত্য বলিয়া মানিয়া লইবার উপায় নাই। বরং উল্টা গাহিবার কারণই বেশ প্রচুর রহিয়াছে। আয়ের ঘরে যাহাদের শূন্য বা তাহার কাছাকাছি তাহাদের দৃষ্টিভঙ্গী ফেলিতব্য চিজ নয়। তাহাদের পক্ষ হইতে বিচার করিলে দুনিয়াখানা কেমন দেখাইবে? অর্থশাস্ত্রীমাত্রকে নিশ্চয়ই স্বীকার করিতে হইবে যে, বৃহত্তম আয়ের উপরেও যাহাদের আর্থিক সংস্থান তাহাদের হাতে সুযোগ, সুবিধা, ক্ষমতা বা অধিকার তরতরন্ত। অধিকন্তু তাহারা গরীবদের পক্ষে আরও দুর্জ্জয় বিপদে পরিণত। সমগ্র সমাজের নিকট এইসকল মহা-ধনীরা ক্রমেই অধিকতর বিপজ্জনক জীবে পরিণত হইতে চলিয়াছে। যতই রোজগার বা আয় বাড়িতেছে ততই ধনীদের পক্ষে দেশের ও দুনিয়ার ক্ষতি করিবার ক্ষমতা বাড়িয়া যাইতেছে। অতি-ধনীরা সেকালের মতন একালেও মানুষের অতি-শত্রু।

জীবনযাত্রা প্রণালীর ক্রমোন্নতি সম্বন্ধে কেনান নিম্নলিখিতরূপ অভিনব প্রচার করিতেছেন :—"বর্ত্তমান যুগের অনাথ, গরীব বা ভিক্ষুকের আয় লাজারাসের চেয়ে বেশী নয়, হেনরী ফোর্ডের আয় কিন্তু ডাইভ্‌সের চেয়ে অনেক বেশী।" সুতরাং আয় সম্পর্কে ধনী ও নির্ধনের মধ্যে ফারাক পূর্ব্ববর্ত্তী যে-কোন সময়ের তুলনায় অনেক বেশী। একথা কেনান স্বীকার করিতেছেন। এই বিষয়ে তাঁহার সঙ্গে একমত হওয়া সম্ভব।

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, পূর্ব্বোক্ত মতবাদের সঙ্গে-সঙ্গেই কেনান বলিতেছেন,—"বর্ত্তমানযুগে হেনরী ফোর্ড ও অনাথ, গরীব বা ভিক্ষুকের মধ্যে পার্থক্য ডাইভ্‌স্ ও লাজারাসের মধ্যবর্ত্তী পার্থক্যের মত অত-বেশী ভয়ানক ও সুগভীর নয়। ডাইভ্‌স্ প্রতিদিন লালরঙের সূক্ষ্ম লিনেন পরিচ্ছদ পরিধান করিয়া মহাসমারোহে ভোজন-বিলাস চরিতার্থ করিতেন। অপর দিকে দুর্ভাগা লাজারাস ডাইভ্‌সের টেবিল হইতে নিক্ষিপ্ত ভুক্তাবশেষের প্রতি সতৃষ্ণ নয়নে চাহিয়া থাকিত। সেই সময় তাহার দেহের ক্ষতগুলি কুকুরে লেহন করিত" ( লুক ষোড়শ অধ্যায় ১৯—২১ )। পুরাকালে কয়জন লাজারাসের ক্ষতগুলি পূর্ব্বোক্তরূপ কুকুর কর্ত্তৃক লেহিত হইত সংখ্যা-শাস্ত্রীরা তথ্য খাঁচিয়া ও অনুসন্ধান করিয়া তাহার কোনো হদিস দিতে পারিবে কিনা সন্দেহ। কিন্তু সংখ্যাশাস্ত্রের তরফ হইতে বর্ত্তমান যুগের দারিদ্র্যের আকার-প্রকার

সম্পর্কে অনুসন্ধান-তল্লাস চালানো কঠিন নয়। পৃথিবীর সকল দেশেই—এমন কি চরম সম্পদশীল দেশেও—এমন অনেক আধুনিক লাজারাসের সন্ধান মিলিবে যাহাদের অবস্থা অতি শোচনীয়। তাহাদের সহিত সমসাময়িক ভাইভ্‌সদের পার্থক্য ঠিক বাইবেলী পুরাবৃত্ত-কথিত পার্থক্যেরই সমান। সেকালের চরম দারিদ্র্যে আর একালের চরম দারিদ্র্যে ফারাক ঢুঁড়িয়া বাহির করা অতি-কঠিন।

সুতরাং দেখা যাইতেছে যে, দ্বিতীয় শিল্পবিপ্লব, নবীনীকৃত পুঁজিতন্ত্র এবং সমাজ-বীমার আমলে অনেক-কিছু উন্নতি, বাড়্‌তি, প্রগতি ইত্যাদি ঘটিয়াছে সত্য। কিন্তু দরিদ্রতর শ্রেণীসমূহের দৈন্যতা সম্পর্কে কোনো পাকা সমাধান এখনো দেখা যাইতেছে না। গরীবদের তরফ হইতে মানবজাতির প্রগতির ইতিহাসের শেষ অধ্যায় আজও বহু দূরে। লোকেরা নাকি অনেক যুগ পূর্ব্বেই বেদান্ত দেখিয়াছে শুনিতে পাই। কিন্তু আজ দুনিয়ার আর্থিক উন্নতির চরম যুগেও দারিদ্র্যান্ত নজরে পড়িতেছে না।

ভারতবর্ষ এখনও প্রথম শিল্পবিপ্লবের প্রাথমিক অবস্থার মধ্যেই দিনপাত করিতেছে। ভারতবর্ষে ট্রেড্ ইউনিয়ন-গুলাও সংখ্যায় অত্যন্ত অল্প। আর এইগুলি সন্তোষজনক রূপে সঙ্ঘবদ্ধ নয়। ভারতীয় মজুর-সঙ্ঘসমূহ এখনো সেকেলে ধরণের। আজও চরম দারিদ্র্য ও দুঃখ-দুর্দ্দশার মধ্যেই ভারতের দিন কাটিতেছে। ইহা দূর করিবার জন্য কোনো গুরুত্বপূর্ণ দেশব্যাপী মোসাবিদা করার ব্যবস্থা আজও ঘটিয়া উঠিল না। দারিদ্র্যের সঙ্গে জাতীয় সংগ্রাম পরি-চালনের কল্পনা পর্য্যন্ত দেখা যায় না বলিলেই চলে। সুতরাং সমাজ-বীমা এখনও ভারতে বস্তুনিষ্ঠ রাজনৈতিক সমস্যায় পরিণত হইতে পারে নাই। কাজেই ভারত সম্বন্ধে কেনান-প্রচারিত আর্থিক আশা-তত্ত্ব একদম অচল বিবেচিত হইতে বাধ্য।

ভারতীয় অর্থশাস্ত্রীদের পক্ষে আয়-বৃদ্ধি, মজুরি-বৃদ্ধি ইত্যাদি তথ্যের চর্চ্চা প্রবলভাবে অনুষ্ঠিত হওয়া বাঞ্ছনীয়। আমাদের মজুর ও অন্যান্য চাকুরিয়াদের আর্থিক মঙ্গল-সাধন ভারতীয় অর্থশাস্ত্রের অন্যতম লক্ষ্য হওয়া আবশ্যক। সঙ্গে-সঙ্গে "নৈতিক জীব" হিসাবে মজুর-কেরাণী-শিক্ষকদের শিক্ষা-বৃদ্ধির জন্যও বিশেষরূপে ওকালতি করা কর্ত্তব্য। জনগণের আর্থিক ও নৈতিক মঙ্গল সাধনের লক্ষ্য কাজে পরিণত করার পক্ষে আইন-সঙ্গত ও পাকা বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত ট্রেড্ ইউনিয়ন সব-সে-সেরা শক্তিশালী হাতিয়ার। এই ধরণেরই আর এক হাতিয়ার সকল শ্রেণীর ও সকল পেশার লোকজনদের মধ্যে সমাজ-বীমার রেওয়াজ বৃদ্ধি।

## নবীনীকৃত পুঁজিতন্ত্রে যুক্তিবিরোধী মজুরি-ব্যবস্থা

বর্ত্তমানযুগের মজুরি-প্রথা সন্তোষজনক নয়। এই মত সমসাময়িক অর্থনৈতিক চিন্তার অন্যতম প্রধান কথা। রাষ্ট্রের নিয়ন্ত্রণে সর্ব্বনিম্ন মজুরি-হার নির্দ্ধারণের জন্য ওকালতি করা এই অসন্তোষেরই অন্যতম মূর্ত্তি। ১৯১২ সনে অর্থশাস্ত্রী রেনো তাঁহার "সর্ব্বনিম্ন মজুরির পথে" শীর্ষক রচনা দ্বারা ফ্রান্সে এই আন্দোলনকে প্রবল আকার প্রদান করেন। যুক্তরাষ্ট্রেও সর্ব্বনিম্ন মজুর দাবী অনেকের দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

প্রচলিত মজুরি-প্রথার বিরুদ্ধে প্রবল সমালোচনা আর এক মূর্ত্তিতে দেখিতে পাই। মজুরদিগকে "পারিবারিক ভাতা" দানের কথাবার্ত্তায় সেই মূর্ত্তি বিশেষরূপে পরিস্ফুট হইয়া উঠিয়াছে। এই ভাতাকে মামুলি মজুরির অতিরিক্ত দান বুঝিতে হইবে। এই মত ফ্রান্সে ও জনপ্রিয় বটেই। যুক্তরাষ্ট্রে ও মার্কিণ মুল্লুকে উহা ক্রমশঃ প্রভাব বিস্তার করিতেছে। ডগলাস-প্রণীত "ওয়েজেস্ অ্যাণ্ড দি ফ্যামিলি" (মজুরি ও পরিবার) গ্রন্থে (১৯২৫) মজুরদের জন্য মজুরি-বহির্ভূত এই অতিরিক্ত আয় বিশেষরূপে সমর্থিত হইয়াছে।

বর্ত্তমান যুগে কেবলমাত্র অবাধ প্রতিযোগিতা দ্বারাই দ্রব্য-মূল্য, মজুরি বা খাজনা নির্দ্ধারিত হয় না। প্রত্যেক বড়-বড় আর্থিক কারবারেই নৈতিক আর সামাজিক প্রভাবও উল্লেখযোগ্যরূপে দৃষ্ট হয়। কম-সে-কম রাজনীতি প্রত্যেক উল্লেখযোগ্য আর্থিক কাজকর্ম্মে প্রভাব বিস্তার

করিতে আরম্ভ করিয়াছে। সুতরাং আজিকার মজুরি-প্রথা কেবলমাত্র অর্থনৈতিক ক্রিয়াকাণ্ড নয়। নৈতিক আদর্শ আর রাষ্ট্রিক লক্ষ্যও ইহার সঙ্গে জড়াইয়া রহিয়াছে। ফলতঃ মজুরি-বিজ্ঞান একাকে সোজাসুজি ধনবিজ্ঞানের শাখা নয়। সমাজবিজ্ঞান আর রাষ্ট্রবিজ্ঞানও মজুরি-বিজ্ঞানকে নিয়ন্ত্রিত করিতেছে।

১৮৮৬ সনের ফরাসী আইনটী মজুরি প্রথার "অর্থ-নীতিবহির্ভূত" অর্থাৎ "অলৌকিক" রীতির একটী জলন্ত দৃষ্টান্ত। সেই আইনে মজুরদেরকে মেডেল দিবার ব্যবস্থা করা হয়। এই সম্মানে ভূষিত করা হয় কিরূপ মজুরকে? যাহারা প্রতিষ্ঠানসমূহের সহিত একনাগাড় ত্রিশ বৎসর সংযুক্ত আছে।

সম্পদ্-সৃষ্টির কাজে মজুরেরা পুঁজিওয়ালাদের মতনই সমান শক্তিশালী কর্ত্তা। ধনদৌলত যে পরিমাণে সৃষ্ট হয় সেই পরিমাণের উপর নির্ভর করিয়াই মজুরেরা পায় শ্রমের মূল্য, আর পুঁজিওয়ালারা পায় পুঁজি-ব্যবহারের দাম। কালহিসাবে অবশ্য মজুরেরা সম্পদ্-সৃষ্টির পর পর্যন্ত মজুরি পাইবার জন্য বসিয়া থাকে না। সম্পদ্-সৃষ্টির পূর্ব্বেই তাহারা শ্রমের মূল্য আদায় করিয়া লয়। কিন্তু আর্থিক ঘটনাগুলা বিশ্লেষণ করিতে বসিলে দেখি যে, সম্পদের পরিমাণের উপরই নির্ভর করে সম্পদস্রষ্টা মজুর ও পুঁজিপতির দাম। "সীমান্তের" উৎপাদন-ক্ষমতা প্রত্যেকের ভোগ্য আয় নির্দ্ধারণ করে এবং এইরূপ হওয়াও বাঞ্ছনীয়।

খাঁটি তত্ত্বের দিক্ হইতে বিচার করিলে পুঁজিওয়ালার আয়ের মতনই মজুরি বা মজুরদের রোজগারও উভয় পক্ষের সমবেত কার্য্যফলের সহিত অভিন্নরূপে সংশ্লিষ্ট। এই গেল খাঁটি তত্ত্ববিশ্লেষণের কথা। কিন্তু প্রকৃত কর্ম্ম-ক্ষেত্রে ঘটনাগুলা কিরূপ? প্রথমতঃ বাস্তবিক পক্ষে আর্থিক, রাষ্ট্রিক ও অন্যান্য সামাজিক প্রতিষ্ঠানের সহিত মজুরদের যোগাযোগ অতি বিস্তীর্ণ ও গভীর। সম্পদ্-সৃষ্টির বেলায় মজুরদিগকে দুই বিভিন্ন শ্রেণীর ঘটনাবলীর ভিতর দিয়া অগ্রসর হইতে হয়। প্রথমতঃ, মজুরেরা পূর্ব্ব হইতেই বিরাজমান বা ভাবী পুঁজিপাট্টা ও ব্যবসা-প্রতিষ্ঠানের উপর নির্ভর করিতে বাধ্য। সময়ের দিক্ হইতে বাচাই করিলেই দেখা যায় যে, মজুরি-তহবিল বা মজুরি-স্রোতের মতন একটা বস্তু আছেই আছে। আর্থিক জগতে এই চিজ প্রথম হইতেই আছে বলিয়া মজুরগণ তাহাদের মুরোদ প্রদর্শনে সমর্থ। অন্তরূপ মজুরির সন্ধান, তাহার পর মজুর ও মজুরের কার্য্য।

"প্রাতিষ্ঠানিক অর্থশাস্ত্রে" মজুরকে সম্পদ্-সৃষ্টির কার্য্যে অপর অংশীদার বা অংশীদারগণের সহযোগিরূপে সমঝিয়া লওয়া একদম অসম্ভব। পরিবার, সম্পত্তি এবং চুক্তিবিষয়ক আইন-কানুনের চোখেও মজুরেরা মালিকের সহযোগী বা সমান নয়। মজুরি পাওয়ার সঙ্গে অধীনতার সম্বন্ধ। সমাজে মজুরদের ঠাঁই দ্বিতীয় বাঁশীর পরিচায়ক। সুতরাং মজুরির "লৌহ নিয়ম" একটী পহেলা নম্বরের অর্থনৈতিক সত্য। এই নিয়ম অনুসারে মজুরকে সংসারের সর্ব্বনিম্ন জীবনযাত্রা প্রণালীতে অভ্যস্ত হইতে হয়। জীবনের এই জীবনযাত্রাকে রুটি-রেখা বা ডালভাতের সীমানা বলিতে পারি। দারিদ্র্য-রেখাও বলা চলে। চরম দুর্গতির জীবনযাত্রা-প্রণালী ছাড়া ইহা আর কিছু নয়। পেশাদার সমাজতন্ত্রী না হইয়াও প্রত্যেক বস্তুনিষ্ঠ অর্থশাস্ত্রী "আয়রণ আরবাইট্‌স্‌লোন" (মজুরি, ১৯২৬) গ্রন্থে প্রচারিত জার্ম্মাণ পণ্ডিত ফ্রান্‌ৎস ওপেন হাইমারের সঙ্গে একমত হইতে বাধ্য। "ইস্ সালারিও (মজুরি, ১৯১৩) গ্রন্থে ইতালিয়ান অর্থশাস্ত্রী আকিলে লরিয়া এবং "সোস্যাল প্রব্‌লেম" (সামাজিক সমস্যা, ১৯০১) গ্রন্থে ইংরেজ অর্থশাস্ত্রী হবসনও এই মত প্রচার করিয়াছেন।

দ্বিতীয়তঃ, আর্থিক জগতে মজুরদের পক্ষে আরও একটী মহত্বপূর্ণ বাস্তব সত্যের অস্তিত্ব রহিয়াছে। প্রত্যেক পল্লী-শহরের স্থানীয় রীতিনীতি, আচার-ব্যবহার, জীবন-যাত্রা-প্রণালী প্রভৃতি চিজের দরুণ,—অনেক সময়ে অজ্ঞাতসারেই—ধনোৎপাদন-ক্ষেত্রে দুর্ব্বলতর অংশীদার অর্থাৎ মজুরদের জন্য কিছু কিছু সুবিধা সৃষ্ট হইয়া যায়। অর্থাৎ নির্জ্জলা প্রতিযোগিতার আমলে মজুরদের যেরূপ চরম দুর্দ্দশা ভোগ করা উচিত ছিল বরাৎক্রমে তাহা তাহাদিগকে পুরাপুরি ভোগ করিতে হইতেছে না। কেননা একমাত্র প্রতিযোগিতাই সংসারে একাধিপত্য করিয়া

বসিয়া নাই। তাহার বিরোধী সামাজিক শক্তিও সর্ব্বদাই সর্ব্বত্র কিছু-কিছু দেখা যায়। দেশপ্রথা, ঐতিহ্য, লোকাচার প্রভৃতি প্রতিনিয়তই উহার প্রকোপ অল্পবিস্তর হ্রাস করিয়া দিতেছে। সামাজিক আবেষ্টনের এইসমস্ত শক্তি সর্ব্বদা উল্লেখযোগ্য। টক্কর খর্ব্ব করিবার অথবা প্রতিযোগিতার কুফল নিয়ন্ত্রিত করিবার জন্য অন্যান্য ব্যবস্থাও আছে। প্রথমতঃ, উল্লেখযোগ্য ট্রেড-ইউনিয়নসমূহের কার্য্যকলাপ। তাহার সঙ্গে মজুরদের স্বার্থে মজুরদল কর্ত্তৃক পরিচালিত রাষ্ট্রনীতির প্রভাবও যোগ করিতে হইবে। ফলতঃ, প্রতিযোগিতা বা টক্কর মজুরি-নির্দ্ধারণে অনেকটা দুর্ব্বল হইয়া পড়ে।

অবাধ প্রতিযোগিতা বা "লৌহ-নিয়মে"র ব্যবস্থায় মজুরেরা "ভদ্র জীবন-যাত্রা"র অধিকার হইতে বঞ্চিত হয়। তাহাদের পূর্ণতর ও যোগ্যতর জীবন যাপনের সহায়ক প্রয়োজনীয় উপকরণাদির দাবী-দাওয়া মিটানো যাইতে পারে না। এক কথায়, তাহাদের পক্ষে স্বাধীন ব্যক্তিত্ব-বিশিষ্ট মানুষের মত অভাব-অভিযোগাদির পূরণ কখনই সম্ভবপর নয়। এইসমস্ত দাবী-দাওয়ার আংশিক পূরণ করিতে হইলেও অবাধ প্রতিযোগিতা ও লৌহ নিয়মের বহির্ভূত মজুরি পাওয়ার ব্যবস্থা থাকা চাই।

তত্ত্বের দিক হইতে মজুরদের "সীমান্ত উৎপাদন ক্ষমতা" মজুরি-নির্দ্ধারণের প্রধান নিয়ামক। একথা অস্বীকার করিবার জো নাই। তাহা সত্ত্বেও দুইটী বিপরীত শ্রেণীর ঘটনাবলী দ্বারা মজুরির প্রকৃত হার নিয়ন্ত্রিত হইয়া থাকে। একদিকে মজুরি-তহবিল বা মজুরি-প্রবাহ এবং লৌহ-নিয়ম-ঘটিত চক্র বিরাজমান। অপর দিকে মজুরের অভাব-অভিযোগ দূর করিবার উপযোগী টক্কর-বিরোধী প্রথা ও ঐতিহ্যসমূহ খাড়া আছে। রিকার্ডোর প্রচারিত "অর্থনৈতিক মানুষ" "প্রাচীন-পন্থী" পুঁজিতন্ত্রের প্রতিবৃত্তি। এই পুঁজিতন্ত্রের তত্ত্বমাফিক প্রকৃত মজুরি হার নির্ণীত হয় না। রক্ত-মাংস লইয়া গঠিত বাস্তব মানুষের ভাব-ধারণা, আদর্শ, কর্ত্তব্যজ্ঞান, ও ভাব-প্রবণতা ইত্যাদির দ্বারা মজুরির হার বহুল পরিমাণে,—হয়ত অনেক সময় অচেতনভাবেই,—নির্দ্ধারিত হইয়া থাকে। এই সকল চিন্তা, ধারণা, আদর্শ, ভাবনা, ভাবালুতা, রীতিনীতি ইত্যাদি জিনিষকে "অযৌক্তিক" বা যুক্তি-বিরুদ্ধ বলা চলে। এমনকি, মামুলি টক্করনিষ্ঠ ধনবিজ্ঞানের বিচারে এই সব চিজ অর্থশাস্ত্র-বিরুদ্ধও বটে। ইতালিয়ান অর্থশাস্ত্রী পারেতো আত্মতো দি সোসিঅলজিয়া জেনেরালে" (সমাজ-বিজ্ঞান) গ্রন্থে এইসকল যুক্তিহীন ও ধনবিজ্ঞান-বিরোধী ধারণাসমূহ সম্বন্ধে (১৯১৬) পরিষ্কার ভাষায় বর্ণনা করিয়াছেন।

রিকার্ডো-প্রচারিত অর্থনৈতিক মানুষের পূর্ণলীলার বিরোধী এবং অর্থশাস্ত্রবিরুদ্ধ ও প্রতিযোগিতা-বিরোধী দ্বিতীয় শ্রেণীর ঘটনাবলীর মধ্যেই সমাজবীমার মূল সূত্রগুলার সন্ধান মিলিবে। বস্তুতঃ, সমাজবীমা এই টক্কর-বিহীন ও ধনবিজ্ঞান-বিরোধী ঘটনানিচয়েরই সম্প্রসারণ। মামুলি মজুরিগঠনে সহায়তা করা সমাজ-বীমার স্বধর্ম্ম নয়। মজুরির অতিরিক্ত রোজগার বা "পরিপূরক মজুরি"র সংস্থান করিবার জন্যই সমাজবীমা আত্মপ্রকাশ করে।

খুব সম্ভব, মজুরের উৎপাদন-ক্ষমতার দিকে নজর না রাখিয়াই সমাজবীমা-প্রথার কাজ আরম্ভ হয়। সমাজ-বীমা মজুরি-তহবিল বা মজুরি-প্রবাহের বিরুদ্ধেও বিদ্রোহী। আবার মজুরির লৌহ নিয়মের বিরুদ্ধেও বিদ্রোহ ঘোষণা সমাজবীমার স্বধর্ম্ম। সমাজ-বীমার আসল লক্ষ্য সহজেই ধরিতে পারি। মজুরেরা সাধারণ জীব হিসাবে কতকগুলা অভাবের অধীন। ধনোৎপাদনের কাজে তাহাদেরকে কর্ম্মক্ষম হইতে হয়। অধিকন্তু নাগরিক হিসাবে মজুরদের অভাব-অভিযোগ আছে। এই সমস্ত চাহিদা, একাগ্রতা ও অভাব মিটাইবার ব্যবস্থা করাই সমাজবীমার চরম উদ্দেশ্য।

মজুরির অতিরিক্ত আয়ের সংস্থান করিবার জন্য সমাজবীমা যতদিন বলবৎ থাকিবে ততদিন উহা বর্ত্তমান যুগের মজুরি-প্রথারই স্থায়ী সমালোচনারূপে বর্ত্তমান থাকিবে। একথা আগেই বলা হইয়াছে। পারেতো-বিবৃত "অযৌক্তিক" সংস্থানগুলার দ্বারা বর্ত্তমানের মজুরি-

ব্যবস্থাকে খানিকটা মানুষোচিত করা হইয়া থাকে। তাহাতে মজুরদের আর্থিক বিড়ম্বনা সহনীয় হইয়া উঠে। কিন্তু মজুরি-ব্যবস্থা এখনও "লৌহ-নিয়ম" দ্বারাই শাসিত হইতেছে। সমাজবীমা প্রকারান্তরে একটা রফা-কবচ। ইহা আবিষ্কার করিয়া রাষ্ট্র ও মালিকগণ মজুরদের সঙ্গে যেন অর্ধপথ অগ্রসর হইয়াই কোলাকুলির ব্যবস্থা করিয়াছে। তাহার ফলে প্রাচীন পুঁজিতন্ত্র কথঞ্চিৎ সংশোধিত বা খর্বীকৃত প্রতিযোগিতার ব্যবস্থায় রূপান্তরিত হইতেছে। সঙ্গে-সঙ্গে অপেক্ষাকৃত সহৃদয় ও মানুষোচিত আর্থিক সম্বন্ধের আবহাওয়া সৃষ্ট হইতেছে। মোটের উপর নবীনীকৃত পুঁজিতন্ত্র ( নেও-ক্যাপিট্যালিজম্ ) দেখা দিতেছে।

একটা নয়া সমাজ-দর্শনেরও আবির্ভাব হইয়াছে। দেখা যাইতেছে যে, মজুরদের মনোভাব বেশ-কিছু বদলাইয়া আসিতেছে। মজুরগণ পুঁজি ও পুঁজিপতি সম্পর্কে বিরুদ্ধ মনোভাব পোষণ করিতেছে না। পুঁজি ও পুঁজিপতি, সমাজ বা অন্ততপক্ষে মজুরশ্রেণীর মঙ্গল-সাধনের উপায় এইরূপ সমঝিয়া রাখা মজুরদের দস্তুর দেখা যাইতেছে। এমনকি পুঁজিপতির সঙ্গে সহযোগিতা চালাইয়া পুঁজি ব্যবহার করিবার দিকেও মজুরদের মেজাজ খেলিতেছে।

গোঁড়া সমাজতন্ত্রবাদ অনুসারে মজুর বনাম ধনিক সমস্যা ছিল সমাজের আসল কথা। সেই ব্যবস্থায় মজুরদের দর্শন ছিল শ্রেণী-সংগ্রাম। তাহার পরিবর্তে আমরা এখানে নবীনীকৃত সমাজতন্ত্রবাদের ( নেও-সোশ্যালিজমের) আবহাওয়ায় আসিয়া পড়িতেছি। নবীনীকৃত সমাজতন্ত্র নবীনীকৃত পুঁজিতন্ত্রেরই অপর পিঠ বা পরিপূরক মাত্র। প্রাচীন ক্লাসিকাল অর্থশাস্ত্রে "প্রাকৃতিক সংহতির" বা স্বাভাবিক সঙ্ঘ ব্যবস্থার উল্লেখ আছে। ফরাসী অর্থশাস্ত্রী জিদ্ বলেন যে, তথাকথিত স্বাভাবিক সঙ্ঘের ব্যবস্থায় সমাজের ভিতরকার বিভিন্ন স্বার্থের মধ্যে ঐক্য কায়েম হইতে পারে নাই। নবীনীকৃত সমাজতন্ত্রের আমলে মানুষের জীবন ও চিন্তাধারা নয়া-নয়া পারিপার্শ্বিক অবস্থার মধ্যে আসিয়া পৌঁছিতেছে। তাহার ফলে "প্রাকৃতিক সংহতি", "বাঞ্ছিত সংহতি", "সুচিন্তিত সঙ্ঘ", "সচেতন সঙ্ঘ" ইত্যাদি দেখা দিতেছে। এই সবের প্রভাবে "স্বাভাবিক সংহতি" খানিকটা সংশোধিত ও পরিপূর্ণ হইতে চলিয়াছে বলা যাইতে পারে। এই নয়া সমাজ-ব্যবস্থার আমলে লোকজন একদিকে অন্ধ টক্করের অরাজকতা হইতে উদ্ধার পাইতেছে। অপর দিকে লোকেরা রৌঢ় সঙ্ঘবদ্ধতার নাগপাশ ও দ্বারাত্মক অত্যাচার হইতেও রক্ষা পাইতেছে। এখনো ব্যক্তিগত সম্পত্তির ব্যবস্থা মানিয়া লওয়া হইতেছে বটে। কিন্তু উহা "সামাজিক প্রতিষ্ঠান" বা সমাজের কার্যকলরূপে বিবৃত হইতেছে। সার্বজনিক স্বার্থ রক্ষার জন্য সকল প্রকার বিধি-নিষেধের অধীনে আসিয়া ব্যক্তিগত সম্পত্তি তাহার পুরাণা স্বরূপ হারাইতেছে। "সচেতন সংহতির" আদর্শে আইন প্রস্তুত হইতেছে। সেই আইনগুলা স্বাভাবিক অন্যায়-অবিচারসমূহ দূর করিতে উদ্যত হইয়াছে।

( ক্রমশঃ )

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# মাসিক ইয়ার্ন

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | অগ্রহায়ণ, ১৩৪৯ | ৮ম সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিলস্ লিমিটেড

মাননীয় ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | ভিঃ পিঃ মাশুল ৵০ আনা স্বতন্ত্র | প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

**(Economic Progress)**

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

**Section 1 Wealth of Bengal:** Scarcity of Small Coins. High Price of Rice & Paddy. Want of Country Boats. Price of Food-stuffs. Nation-building and Village Re-construction Works in some Sub-Divisions of Bengal. (pp. 221-225).

**Section 2. Economic India:** Works of the Probation Office in Bombay. Opportunities for Receiving Training in Military College. Expenses for Social Works. Produce of Kolar Gold Mines. Condition of the Scheduled Banks. Estimated Sugar Production in India. Industrial Development in Orissa. Trade in Molasses. A Donation by Sir Dorabji. Premium for Indian Cargo Insurance. Foreign Banks in India. Scarcity of one rupee coins. (pp. 226-229).

**Section 3. World Economy:** Leave on full pay granted to labourers in Newzealand. Wages and Leave grantd to Labourers in Cuba. Production of Eggs in U. S. A. War-time Savings in China. New Vaccine for Typhoid. (pp. 230-231).

**Section 4. Men, Institutions and Movements:** Central Trust of China. Air-chief of Turkey. Labour Association in Mysore. Movement for producing increased Food-stuffs. Allahabad University Union. Problem of the Evacuees. Purchase of Food-stuffs and Clothings by Assam Government. Post-war Economy. Export of Rice and Paddy from Chittagong. (pp. 232-234).

**Section 5. Interview:** Philosophers of Different Types (Conversasion with Benoy Kumar Sarkar) Haridas Mukerjee. (pp. 235-237).

**Section 6. World of Journals:** *International Labour Review*. April (1941) number summarized. (pp. 238-239).

**Section 7. Reviews:** The Family Past and Present. Family and Community in Ireland. Wisdom in Conduct: an Introduction to Ethics. Nationalism. (pp. 240-241).

**Section 8. Bibliography:** 19 books announced. p. 242.

**Articles:**

(1) Philosophy of Poverty and Theory of Wages.
By Benoy Kumar Sarkar. (pp. 243-246).

Effects of Industrialization on International Trade.
By Manmatha Nath Sarkar, M.A. (pp. 247-252)

---


# Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 701. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 330, Nine Charts. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal)

**S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL: Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DAS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ২৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ১৩ |
| মোট সম্পত্তি | ৪ |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ,, ৫০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3

Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-

La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-

The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-

The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-

The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Banesvar Doss with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2

Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-

Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0

Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্** ঃ—ডাক্তারীর অভাব। ধান-চাউলের মূল্য। নৌকার প্রয়োজন। খাদ্য-মূল্য। জাতি-গঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা—বগুড়া, নেত্রকোণা (ময়মনসিংহ), টাঙ্গাইল (ময়মনসিংহ), কিশোরগঞ্জ (ময়মনসিংহ), কুষ্টিয়া (নদীয়া)। (২২১-২২৫)

**আর্থিক ভারত** ঃ—বোম্বের "প্রোবেশান" অফিসারের কার্য্য। সামরিক কলেজে শিক্ষার সুযোগ। সমাজ-সেবার খরচা। কোলার স্বর্ণখনির উৎপাদন। সিডিউলড্ ব্যাঙ্কের অবস্থা। ভারতবর্ষে "এসটিমেটেড্ চিনির উৎপাদন। উড়িষ্যায় শিল্পোন্নতি। ভারতে কোলাগুড়ের বাণিজ্য। সার ভোরাবজির দান। ভারতীয় কার্গো বীমার হার। ভারতে পরদেশী ব্যাঙ্ক। 'রৌপ্যমুদ্রার প্রচলন হ্রাস। (২২৬-২২৯)

**দুনিয়ার ধনদৌলত** ঃ—নিউজিলাণ্ডে মাহিয়ানা সমেত বাৎসরিক ও আইন-মাফিক ছুটি। কিউবার শ্রমিকের ছুটি ও বেতন। মার্কিণ দেশে ডিম উৎপাদনের প্রধান স্থান। মার্কিণ দেশে সয়াবিনের ব্যবহার। চীনদেশে যুদ্ধের সময়ে সকল। বৈমানিক বিদ্যা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন। টাইফয়েডের নূতন ভাক্‌সিন। (২৩০-২৩১)

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—চীনের সেন্ট্রাল ট্রাষ্ট। তুর্কীর "এয়ার চীফ"। মহীশূরের শ্রমিক সঙ্ঘ। খাদ্যশস্য বৃদ্ধির আন্দোলন। এলাহাবাদ বিশ্ববিদ্যালয় ইউনিয়ান। ব্যাঙ্কত্যাগীদিগের সমস্যা। আসাম সরকারের খাদ্য দ্রব্য ও বস্ত্রাদি ক্রয়। যুদ্ধোত্তর কালের অর্থনীতি। চট্টগ্রামের ধান চাউল রপ্তানি। (২৩২-২৩৪)

**মোলাকাৎ** ঃ—রকমারি দার্শনিক (অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন) শ্রীহরিদাস মুখোপাধ্যায়। (২৩৫-২৩৭)

**পত্রিকা-জগৎ**

**সমালোচনা**

**গ্রন্থপঞ্জী**

**প্রবন্ধাবলী** ঃ

(১) দারিদ্র্য-দর্শন ও মজুরি-তত্ত্ব
শ্রীবিনয়কুমার সরকার

(২) শিল্পপ্রসারে ও আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্য
শ্রীমন্মথনাথ সরকার, এম্-এ ২৪৭



## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৫৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও ঐতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ।৵০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড
১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

অগ্রহায়ণ—১৩৪৯ আর্থিক উন্নতি ২৬শ বর্ষ—৮ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## ভাঙ্গানীর অভাব

এতদঞ্চলে টাকার খুচরা ভাঙ্গানীর অভাবে এক টাকার নোট লইয়া হাট-বাজারের এক প্রান্ত হইতে অন্য প্রান্ত পর্য্যন্ত দীর্ঘ সময় ধরিয়া ঘুরিয়া ফিরিয়াও উহার কোনরূপ ভাঙ্গানী পাওয়া যায় না। ইহাতে সকল দিকে অচল অবস্থার সৃষ্টি হওয়ায় লোককে বিষম মুস্কিলে পড়িতে হইয়াছে। তা'ছাড়া আধ পয়সা গরীব দুঃখী জনসাধারণের প্রধান সম্বল। বর্ত্তমান সময়ে সেই আধ পয়সার অন্তর্দ্ধানও সাধারণের পক্ষে দারুণ বিপদ-জনক হইয়া দাঁড়াইয়াছে। এ অবস্থায় এখন সত্বর আবার যাহাতে এই অর্দ্ধ পয়সা, পয়সা, আনী, দুয়ানী, সিকি ও আধুলী প্রভৃতি ভাঙ্গানীর পর্য্যাপ্ত সংখ্যায় আমদানি হইয়া সাধারণের এই দুর্ভোগ দূর হইতে পারে, অবিলম্বে তাহার সুব্যবস্থা করিবার জন্য আমরা কর্ত্তৃপক্ষগণকে অনুরোধ করিতেছি।

(নীহার)

## ধান-চাউলের মূল্য

দিন দিনই ধান ও চাউলের মূল্য বৃদ্ধি পাইতেছে। রাজাসাইল চাউল চারি আনা পর্য্যন্ত বিক্রয় হইতেছে। পুরাতন রাজাসাইল ধান্য ছয় টাকা এবং নূতন রাজাসাইল সওয়া পাঁচ, সাড়ে পাঁচ টাকা দরে বিক্রয় হইতেছে। সময় বুঝিয়া ধান্য-বিক্রয়কারিগণ মাঝে মাঝে আরও কড়া দর হাঁকিতেছে। শুনা যায়, চর অঞ্চলে কোন কোন স্থানে ধান না কাটিতেই দালালগণ ক্ষেত্রের ধানের বায়না করিয়া ফেলিতেছে। ধান-চাউলের এই অস্বাভাবিক মূল্য-বৃদ্ধির দরুণ সকলেই আতঙ্কিত হইয়া পড়িয়াছে।

ওজর এসব ধান অন্যত্র চালান দেওয়া হইতেছে। যদি একথা সত্য হয় তবে এ জেলায় অন্নাভাব দেখা দেওয়ার বিশেষ সম্ভাবনা রহিয়াছে। আমরা আশা করি কর্তৃপক্ষ এ সম্বন্ধে অনুসন্ধান করিয়া ইহার বিহিত বিধান করিবেন। নতুবা এই দুর্দিনে লোকের প্রাণ বাঁচান দায় হইয়া পড়িবে।

( নোয়াখালি হিতৈষী )

## নৌকার প্রয়োজন

চর অঞ্চলে রাঙ্গাসাইল ধান্য কাটা আরম্ভ হইয়াছে। এসব ধান আনয়নের জন্য প্রচুর নৌকার প্রয়োজন। অতি-বৃষ্টির দরুণ এবার পৌষ ধান্যের যথেষ্ট ক্ষতি সাধিত হইয়াছে। চর অঞ্চলের ধান্য সময়মত আনিতে না পারিলে লোকের কষ্টের সীমা থাকিবে না। সাধারণ সময়ে যখন হাজার হাজার নৌকা বিদ্যমান ছিল, তখনও লোকের ধান্য আনিতে নৌকার জন্য যথেষ্ট বেগ পাইতে হইত। মাঘ মাস পর্য্যন্ত ধান্যের নৌকা আসিত। এবার যে কিভাবে এসব ধান্য আনয়ন করা হইবে তাহা বাস্তবিকই বিশেষ চিন্তার বিষয় হইয়া পড়িয়াছে। আমরা আশা করি অবস্থা বিবেচনাপূর্ব্বক কর্তৃপক্ষ কিছুকালের জন্য প্রচুর পরিমাণে নৌকার বন্দোবস্ত করিয়া চর অঞ্চলের চাষীদের ধান্য আনার সুবিধা করিয়া দিবেন।

( নোয়াখালি হিতৈষী )

## খাদ্য-মূল্য

নাই বলিতে কিছুই নাই! দরিদ্র এবং ধনী আজ সমাবস্থাপন্ন। বরিশালের বাজারে কিছুই পাওয়া যায় না। শুধু বিদেশী আমদানি মালই নহে—এদেশী শাকসব্জী, মাছ, দুধ প্রভৃতিও দুর্ঘট। একটী হাটে, যেখানে ঠেলাঠেলি করিয়া চলা যাইত না, সেখানে ২০০—৩০০ মানুষের অধিক দেখা যায় না। যাইবে কিসের জন্য?

৩২টী বৈ মাছ

বেগুন সের

| | | |
|---|---|---|
| কাঁচকলা | হালি ( ৪টা ) | ৵০ |
| কাঁচা মরিচ (লঙ্কা) | সের | ১৲ |
| আলু | | ।৶০ |
| আলপাই | | ৵০ |
| বরবটী | | ৵৹ |
| পোরল | | ৵৹ |
| শালশাক | ৩ গাছা | ৲৩ |
| ঘি | সের | ৩৲ |
| সাগু | | ২৲ |
| দুধ | | ৶০ |
| ইক্ষু গুড় | | ।৶০ |
| চিনি নাই, কেরোসিন অঘট | | |
| চাউল | | |
| তৈল | | |
| মরদা পাওয়া যায় না | | |
| আটা | | ৷৶০ |
| মুড়ি | | ১৲ |
| মিশ্রি | | ১।০ |
| বাতাসা | ,, | ৯।০ |
| কলা | একটী | ৲৩ |

চিনির অভাবে অনেক মিঠাইয়ের দোকান উঠিয়া গিয়াছে। এখানে সাম্প্রদায়িকতা প্রবল আকার ধারণ করিয়াছে, হিন্দুরা বলে তাহারা যাহা পায় না, মুসলমানগণ তাহা পায়। একজন বিশিষ্ট ব্যক্তি দেখিয়াছেন বাজারে যখন চিনি নাই, তখন একজন মুসলমানের চকবাজারস্থ দোকানে ২৫ বস্তা চিনি আছে। তদন্ত করিবার লোকও নাই। কাজেই বৃথা রোদন।

এ হেন অবস্থায় বেশী ফসল জন্মানোর আবশ্যকতা খুব, কিন্তু মুখে বলিলে তো হয় না—জায়গা নাই, অভ্যাস নাই, শক্তি নাই, বুদ্ধি নাই। নাই বলিয়া আজ এ দুঃখ। এমন আহার্য্য জিনিষের অভাব গত যুদ্ধে হয় নাই; বরং সে সময় এদেশী খাদ্য দ্রব্য সস্তাই ছিল। এমনভাবে চলিলে অনাহারে, কদাহারে লোক অচিরাৎ মরিতে আরম্ভ করিবে। গ্রাম হইতে এবার জ্বরের প্রকোপের

সংবাদ দারুণ ভাবেই আসিতেছে, অথচ ঔষধপথ্য বলিতে কুইনাইন নাই, বার্লি নাই।

তারপর নাই পয়সা। এক পয়সার জিনিষ কিনিতে একখানি একআনি বায় হয়, চার পয়সায় না কিনিলে জিনিষ পাওয়া যায় না। সরকারী ব্যবস্থার আশ্বাসের উপরও বিশ্বাস আর নাই। যেমন ষ্ট্যাণ্ডার্ড রুল, তেমনি চিনি, তেমনি কুইনাইন, কোনও আশ্বাস কাহারও ভাগ্যে সত্য আশ্বাস বলিয়া প্রমাণিত হয় না। আমরা করিতেছি ইতিহাস রচনা, প্রতীকারের আশা আর নাই। লোকে চায় এ অবস্থার পরিবর্ত্তন।

( বরিশাল হিতৈষী )

## জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা

### বগুড়া

বগুড়া জেলার চন্দনবাইশায় "কর্ম্মী-সঙ্ঘ" নামক প্রতিষ্ঠানটী গত ১৯৪১ সনের ফেব্রুয়ারী মাসে স্থাপিত হইয়া এ যাবৎ যেসব পল্লী-হিতকর কার্য্য করিয়াছে, নিম্নে তাহার একটী সংক্ষিপ্ত বিবরণ দেওয়া যাইতেছে। এই প্রতিষ্ঠানটী বাঙলা সরকারের পল্লী-সংগঠন কার্য্যকে দ্রুত বেগবন্ত প্রসারিত করিবার উদ্দেশ্য রাখে এবং ঐ কার্য্যের সহায়ক হইয়া দেশের মঙ্গল সাধন করিতে চায়। গত বৎসর সঙ্ঘের জন্মদিনে এই প্রতিজ্ঞাই কর্ম্মীদিগকে আকুল করে যে, তাহারা কাজের ভিতর দিয়া জীবনে অগ্রসর হইবে, বৃথা আড়ম্বরে কিম্বা বাক্যে বিশ্বাস করিবে না। তৎপর এই কাজের নিশান হস্তে তুলিয়া তাহারা গ্রামে গ্রামে ফিরিয়া কাদা জলে ভিজিয়াছে, রৌদ্রে পুড়িয়াছে। তাহারা আপন হাতে মাইলের পর মাইল রাস্তার জঙ্গল কাটিয়াছে, কচুরীপানা তুলিয়াছে, দীন-দুঃখীকে সাহায্য করিয়াছে। কিন্তু সব সময়েই তাহারা অলস নিদ্রাতুর পল্লীবাসীর প্রাণে ও কাণে জাগরণের বাণী আনিয়া দেওয়াকেও তাহাদের কর্ম্ম-তালিকার এক সুবৃহৎ অঙ্গ হিসাবে গ্রহণ করিয়াছে। এজন্য তাহারা গ্রামে গ্রামে, রাস্তায় রাস্তায় দাঁড়াইয়া বক্তৃতা করিয়াছে, স্থানীয় হাটবাজারের দিনে হাটবাজারে উপস্থিত হইয়া পল্লীর সুখদুঃখের "স্লোগান" গাহিয়াছে। কর্ম্মী-সঙ্ঘ মনে করে দিনের পর দিন প্রবল আন্দোলনের মুখেই পল্লীর জাগরণ আসিবে।

এ যাবৎ সঙ্ঘ যেসব কার্য্য করিয়াছে, তাহার একটা বিবরণ নিম্নে দেওয়া যাইতেছে :—

| | |
|---|---|
| রাস্তাঘাট পরিষ্কার | ৭৮ মাইল |
| কচুরীপানা ধ্বংস | ৩টী ডোবা |
| সঙ্গীতসহ শোভাযাত্রা | ২১ বার |
| রাস্তানির্ম্মাণ | ১টী |
| পুল তৈয়ার | ১টী |
| সভাসমিতি ও বক্তৃতা | ৫০টী |
| দরিদ্রদের সাহায্য | ১১টী |
| নৈশ-স্কুল পরিচালনা | ১টী |

সঙ্ঘের তহবিলে এখন আদায়ী ২০৲ টাকা পরিমাণ মূল্যের ধান, চাউল ও পাট মজুদ আছে। সঙ্ঘ সম্প্রতি মাত্র সাতখানা গ্রামের উন্নতিকর কার্য্যের ভার গ্রহণ করিয়াছে।

সঙ্ঘ একটি বেসরকারী প্রতিষ্ঠান, কিন্তু স্থানীয় ইউনিয়ন বোর্ড ও জুট রেগুলেশন ডিপার্টমেণ্টের কর্ম্মচারিবৃন্দ, সঙ্ঘের কর্ম্মিগণকে অনেক সাহায্য করিয়াছেন ও করিতেছেন। এখানে বলা প্রয়োজন, উপরোক্ত রাস্তা ও পুলটী ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট ডাক্তার মজিবর রহমান সাহেবের চেষ্টার ফল। তবে তিনি সঙ্ঘের কর্ম্মিগণের সাহায্যে উক্ত দুইটি কার্য্য সম্পন্ন করিয়াছেন। বগুড়ার এস্, ডি, ও মিঃ ফজলুর রহমান গত ৩১শে মার্চ্চ চন্দন-বাইশায় আসিলে সঙ্ঘের প্রেসিডেণ্ট মহোদয় তাঁহাকে সঙ্ঘ পরিদর্শন করিতে অনুরোধ করেন। এস্, ডি, ও মহোদয় স্বীকৃত হইয়া কর্ম্মীদের প্যারেড্ পরিদর্শন করেন।

### নেত্রকোণা ( ময়মনসিংহ )

বিগত ৭ই সেপ্টেম্বর হইতে ১৭ই সেপ্টেম্বর পর্য্যন্ত ১৫০ দেড়শত শিক্ষার্থী নিয়া বিরিশিরি ভি, টি, স্কুলে সুসংএর জমিদার শ্রীযুক্ত বাবু নীহাররঞ্জন সিংহ শর্ম্মা

বাহাদুরের সভাপতিত্বে রেভাঃ ডাব্লিউ, বি, ক্রুট্‌স, রেভাঃ ডি, জে, হোয়াইট, রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ মুরারী মহারাজ, ডাঃ পি, সি, রায়, চীফ্ ইন্‌স্‌পেক্টর বাবু নীহাররঞ্জন দাস, বি-এল, রেঞ্জ ইন্সপেক্টর মৌলভী আব্‌সর উদ্দীন খাঁ, বি-এল, অন্যান্য ভদ্রমহোদয় ও ভদ্রমহিলাগণের উপস্থিতিতে একটি ট্রেনিং ক্যাম্পের উদ্বোধন হয়।

ট্রেনিং ক্যাম্পে স্থানীয় ডি, টি, ও বাইবেল ট্রেনিংএর ছাত্র ও ছাত্রীগণ সম্পূর্ণরূপে যোগদান করেন।

বালিকা বিদ্যালয়ের সেক্রেটারী সুপারিণ্টেণ্ডেণ্ট মিস এফ, এস, হেরিস্ মহোদয়ার অনুগ্রহে পর্য্যায়ক্রমে শিক্ষয়িত্রীগণও উক্ত ট্রেণিংএ যোগদান করেন। এখানে শিক্ষার্থিগণ যাহাতে আদর্শ শিক্ষা পাইতে পারেন, তাহার সুবন্দোবস্ত করা হয়।

শেষ দিন শিক্ষার্থীদের একটি পরীক্ষা হয়। স্থানীয় মহকুমা পল্লী-উন্নয়ন সমিতির প্রেসিডেণ্ট এস্, ডি ও, মহোদয়ের স্বাক্ষরিত সার্টিফিকেট দিবার ব্যবস্থা করা হয়। স্থানীয় ডি, টি স্কুলের ছাত্রী কুমারী সমীবালা মারাক সর্ব্বোচ্চ স্থান অধিকার করেন।

এই সার্কেলে ২০টী আদর্শ সমিতি স্থাপিত হইয়াছে এবং উক্ত সমিতিগুলিতে মুষ্টিভিক্ষা রীতিমত আদায় হইতেছে। ইতিমধ্যে ৫০০ পাঁচ শতটী পড়ার বই ও ২০টী "রিডিং চার্ট" নৈশ বিদ্যালয়সমূহে বিতরণ করা হইয়াছে।

## টাঙ্গাইল ( ময়মনসিংহ )

পল্লী-উন্নয়ন বিভাগের উদ্যোগে সম্প্রতি মুক্তাপুর থানার অন্তর্গত সাইটাচরা গ্রামে অনেক স্থানে জঙ্গল পরিষ্কার করা হয়। এই কার্য্যে বহু গণ্যমান্য ব্যক্তি যোগদান করিয়াছিলেন এবং কুঠার, দা ইত্যাদি দ্বারা বহু অকেজো বৃক্ষ ও জঙ্গল তাঁহারা নিজ হস্তে কাটিয়াছেন। যাঁহারা যোগদান করিয়াছিলেন, তন্মধ্যে আমকীর ডি, এস্, ও, বাবু মুক্তিরঞ্জন মজুমদার, এম্ এ, বি এল, টাঙ্গাইল চার্জের প্রোপাগাণ্ডা অফিসার বাবু দুর্গামোহন মুখোপাধ্যায়, বি এ আমুকীর এসিষ্ট্যাণ্ট্ ইন্সপেক্টর বাবু মনোরঞ্জন ঘোষ, বি এ মহেরার জমিদার বাবু রমেন্দ্রনারায়ণ রায় চৌধুরী এবং সাইটাচরা গ্রামের অক্লান্তকর্ম্মী বাবু মতিলাল সাহার নাম বিশেষ উল্লেখযোগ্য। এই জঙ্গলসমাকীর্ণ গ্রামের অবস্থার পরিবর্ত্তন দেখিয়া পার্শ্ববর্ত্তী গ্রামসমূহেও জঙ্গল পরিষ্কার করার সাড়া পড়িয়া গিয়াছে। যেসব স্থান পরিষ্কার করা হইয়াছে, তাহাতে শীঘ্রই ধান ও সরিষা জন্মান হইবে। অনেক বাড়ীর ধারেই এত বাজে গাছগাছড়া ছিল যে, বাড়ীতে আলো বাতাস পর্য্যন্ত ঢুকিতে পারিত না। এইসব বাড়ীতে এখন আলো বাতাস খেলিতে দেখিয়া যাহারা জঙ্গল পরিষ্কারের বিরুদ্ধে ছিল, সকলেই স্বপক্ষে আসিয়াছে। রাস্তাঘাটও অনেক পরিষ্কার হইয়াছে।

গত ২০শে সেপ্টেম্বর নাগরপুর থানার অন্তর্গত নরদই গ্রামে বাবু নিত্যানন্দ সরকার মহাশয়ের সভাপতিত্বে এক সভার অধিবেশন হয়, টাঙ্গাইল চার্জের প্রোপাগাণ্ডা অফিসার বাবু দুর্গামোহন মুখোপাধ্যায়, বি এ, ও নাগরপুর ৩নং সার্কেলের প্রোপাগাণ্ডা এসিষ্ট্যাণ্ট মৌঃ আব্দুল আজিজ সিদ্দিকি মহোদয়গণ সমবেত জনমণ্ডলীকে পল্লী উন্নয়ন, খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি, সহযোগিতা গভর্ণমেণ্টের টেকনিক্যাল ট্রেনিং স্কীম ও হোমগার্ডের প্রয়োজনীয়তা সম্বন্ধে সরল ভাষায় বক্তৃতা করিয়া সুন্দরভাবে বুঝাইয়া দেন। পল্লী-উন্নয়ন সমিতিটী এই পর্য্যন্ত ১২টী গ্রাম্য বিবাদ মীমাংসা করিয়া অনেক লোককে মোকদ্দমার কবল হইতে রক্ষা করিয়াছে।

## কিশোরগঞ্জ ( ময়মনসিংহ )

গত ১লা সেপ্টেম্বর কিশোরগঞ্জ মহকুমার অন্তর্গত করিমগঞ্জ থানার অধীন খুদীরজঙ্গল পল্লী-মঙ্গল সমিতির উদ্যোগে ও স্থানীয় জুট রেগুলেশন সার্কেলের ফিল্ড অফিসার, সরকারের প্রচেষ্টায় খুদীরজঙ্গল বোর্ড-স্কুল প্রাঙ্গণে প্রায় ৫০০ শত লোকের সমাগমে এক জনসভার অধিবেশন হইয়া গিয়াছে। বিভিন্ন বক্তা আরও বেশী করিয়া খাদ্যশস্য উৎপাদন করিয়া আসন্ন দুর্ভিক্ষ হইতে নিজদিগকে রক্ষা করিতে এবং বর্ত্তমান সঙ্কটকালে গভর্ণমেণ্টের উপর

পূর্ণ আস্থা স্থাপন করিয়া জাপান এবং জার্ম্মাণির বর্ব্বরোচিত আক্রমণ হইতে দেশকে রক্ষা করিবার জন্য জনগণকে অনুরোধ করেন। মুদীয়রজল সমিতির সেক্রেটারী মহোদয় তাহার সমিতির কার্য্যাবলীর যথাযথ বিবরণ দাখিল করেন :—

১। এই সমিতি বাংলা ১৩৪৯ সনের ১লা শ্রাবণ স্থাপিত হইয়া মুষ্টি ও মরশুমি ফসল প্রভৃতি দিয়া তাহার বর্ত্তমান তহবিল ৫০৲ পঞ্চাশ টাকায় উন্নীত করিয়াছে।

২। প্রায় দুই মাইল নূতন রাস্তা নির্ম্মাণ ও প্রায় ৪ মাইল পুরাতন রাস্তার সংস্কার করিয়াছে।

৩। প্রায় পাঁচ একর জঙ্গল পরিষ্কারপূর্ব্বক খাদ্যশস্য উৎপাদনের উপযুক্ত জমি বাহির করিয়াছে।

৪। স্থানীয় এগ্রিকালচারেল ডিমনষ্ট্রেটর মিঃ এস, আর, ঘানের উপদেশ ও পরামর্শক্রমে প্রত্যেক বাড়ীতে সারের প্রবর্ত্তন ও যথাযথভাবে গোবর-সারের সংরক্ষণ ব্যবস্থা করিয়াছে।

## কুষ্টিয়া ( নদীয়া )

নদীয়া জেলার অন্তর্গত কুষ্টিয়া মহকুমার অধীন মৌলভপুর থানার গোবরপাড়া গ্রামে ভেড়ামারা সার্কেলের জুট রেগুলেশন ও পল্লী-উন্নয়ন বিভাগ কর্ত্তৃক একটী সমিতি স্থাপিত হয়। ভেড়ামারা সার্কেলের এসিষ্ট্যাণ্ট ইন্‌স্পেক্টার মৌঃ আব্দুল খালেক, বি এ ও পি, এল, এ মৌলবী মোহাম্মদ ইসাকের ঐকান্তিক চেষ্টায় উক্ত সমিতির কার্য্যাবলী সুশৃঙ্খলভাবে চালিত হইতেছে।

সম্প্রতি মৌঃ আব্দুল খালেক ও মৌঃ মোহাম্মদ ইসাকের উদ্দীপনায় ও উক্ত সমিতির সহযোগিতায়, গোবরপাড়া ও পাঁড়েরপাড়া গ্রামের প্রায় ৫০০ শত স্বেচ্ছা-সেবকের দ্বারা মধুরাপুর নদী হইতে মধুরাপুর মৌজার ভিতর দিয়া ন্যূনাধিক ১ মাইল লম্বা ও ৯ ফুট পাশে একটী খাল কাটা হইয়াছে। উক্ত খাল প্রায় ১০ হাজার একর জমিতে জল সরবরাহে সাহায্য করিয়া আমন ধানের বিশেষ উপকার সাধন করিয়াছে। ইহা বিশেষ উল্লেখ-যোগ্য যে, গোবরপাড়া, পাঁড়েরপাড়া হইতে আরম্ভ করিয়া আদাবাড়িয়ার মাঠ দিয়া বোয়ালিয়া পর্য্যন্ত বন্যার জল প্রবেশ করিবার ইহাই একমাত্র পথ। নৈশ-বিদ্যালয় পরিচালন, মুষ্টি আদায়, ম্যালেরিয়া নিবারণ ইত্যাদি কার্য্যও সুচারুরূপে চলিতেছে। বর্ত্তমান বৎসরে অনাবৃষ্টি ও পরে বন্যা দ্বারা আউশ ধানের সম্পূর্ণ ক্ষতি হওয়া সত্ত্বেও সাময়িক দান হিসাবে যথেষ্ট পরিমাণ ধান্য আদায় হইয়া সমিতির তহবিলে জমা হইয়াছে।

## বোম্বের "প্রোবেশান" অফিসারের কার্য্য

বোম্বের ডিপ্রেস্ড্ এড্ সোসাইটীর প্রোবেশান অফিসারদের নিকটে যেসকল শিশু বা নাবালক শিক্ষার জন্য আসিয়াছিল তাহাদের সংখ্যা ও সাফল্য নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে :—

| প্রোবেশান অফিসারের নাম | পেণ্ডিং ১.৪.৪১ | নূতন কেস ৪.১.৪২ | সফল | সময় বর্দ্ধিত | বিতাড়িত | পলায়িত |
|---|---|---|---|---|---|---|
| মিঃ টি এস্ কোচাভারা | | ৪৬ | | | | |
| মিসেস কাম্‌লা ডোঙ্গরে | | ৩৭ | | | | |
| মিঃ ডাবলিউ সিং | | | | | | |
| ,, শাউলি নাথ রেণু | | | | | | |
| ,, কে কি ভিগে | | | | | | |
| মিস বি বুজেন | | | | × | × | ২ |
| মিঃ ওম প্রকাশ গোয়েল | | | × | ১ | × | × |
| মিঃ সের সিং | | | × | ৪ | × | × |
| মিঃ পি. আর. রাও | × | × | × | ১ | × | × |
| মোট | ১৭১ | ১৮৪ | ১০৫ | ৩৭ | ১৭ | ২১ |

### সামরিক কলেজে শিক্ষার সুযোগ

ভারতীয় স্থল-বাহিনী, বিমান-বহর অথবা নৌ-বাহিনীতে কমিশন পাইবার জন্য যেসব ভারতীয় ও এ্যাংলো-ইণ্ডিয়ান যুবক কেডেট্ কলেজে ভর্ত্তি হইতে চায়, তাহাদিগকে ইংরেজী পদ্ধতিতে শিক্ষা দিবার জন্য দেহ্‌রাদুনস্থ প্রিন্স-অব-ওয়েল্‌স্ রয়্যাল ইণ্ডিয়ান মিলিটারী কলেজে ব্যবস্থা করা হইয়াছে। যেসকল যুবক এই সকল বিভাগের চাকুরী তাহাদের জীবনের পেশা হিসাবে গ্রহণ করিতে ইচ্ছুক, এই স্কুল কেবল তাহাদের জন্যই নির্দ্দিষ্ট। প্রার্থীদের পিতামাতা ও অভিভাবকদিগকে এই মর্ম্মে একটি ঘোষণায় সহি করিতে হইবে। এই স্থানে শিক্ষার পদ্ধতি এই রকম হইবে যে, কোনও ছাত্র যদি কেডেট্ কলেজ অথবা নৌ-বহরে ভর্ত্তি হইবার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারে, তবুও সে বিশ্ববিদ্যালয়ে ভর্ত্তি হইবার জন্য সাধারণ স্কুলে শিক্ষিত ছাত্রদের সমান সুবিধা ভোগ করিবে। এই সম্পর্কে বলা চলে যে, ক্যাম্ব্রিজ সিণ্ডিকেট এই কলেজকে "এ" শ্রেণীর ক্যাম্ব্রিজ স্কুল সার্টিফিকেট প্রদানের জন্য অনুমোদন করিয়াছেন।

এই কলেজের শীতকালীন সেশন আগামী ১৯৪৩ সনের ২০শে জানুয়ারী হইতে আরম্ভ হইবে। এই

সেশনে যোগদানের জন্য প্রার্থীদিগকে ১৯৪৩ সনের ২০শে জানুয়ারী তারিখে ন্যূনপক্ষে ১১ বৎসর বয়স্ক এবং উর্দ্ধপক্ষে ১২ বৎসরের হইতে হইবে। বাঙলার অধিবাসী বা বাঙলায় স্থায়ীভাবে বসবাসকারী ভারতীয় ও ইঙ্গ-ভারতীয় অবিবাহিত বালকেরাই কেবল দরখাস্ত করিতে পারিবে। প্রত্যেক বৎসরের ফিস্ ১,৫০৲ টাকা ৭৫০৲ হিসাবে দুই কিস্তিতে প্রত্যেক সেশনের প্রারম্ভে আদায় করিতে হইবে।

এই সম্পর্কে বার্ষিক ১,০০০৲ টাকা হারে বাঙলা সরকার তিনটি বৃত্তি ৬ বৎসর কালের জন্য প্রদান করিবেন। যেসব ছাত্র উক্ত কলেজে ভর্ত্তি হইবে ও যাহাদের পিতামাতা এবং অভিভাবকগণ তাহাদের সম্পূর্ণ ব্যয় নির্ব্বাহ করিতে পারেন না, তাহারাই এই বৃত্তি পাইবে। একটি বৃত্তি মুসলিম ছাত্রদের জন্য সংরক্ষিত থাকিবে।

## সমাজ-সেবার খরচা

প্রাদেশিক মিউনিসিপ্যালিটি এবং ডিষ্ট্রিক্টবোর্ড প্রভৃতির দ্বারা কত পরিমাণ বহন করা হয়?

| বিষয় | সমাজ সেবার খরচা (০০০ টাকা) | মাথা পিছু বাৎসরিক খরচা আনা | মোট খরচা সমাজ-সেবা বিষয়ে % হিসাবে |
|---|---|---|---|
| শিক্ষা | ১৭,১৬০ | ৬ | ৪৮ |
| চিকিৎসা | ৭,৬৭৮ | ২½ | ২০ |
| পাবলিক হেল্‌থ | ৫,৮৯৪ | ১½ | |
| চাষ | ১,১৫৩ | ½ | |
| পশু চিকিৎসা | ৭২২ | ¼ | |
| সমবায় | ১,১৬১ | ½ | |
| কলকারখানা | ১,৬০৫ | ½ | |

## কোলার স্বর্ণখনির উৎপাদন

গত পাঁচ বৎসরের মধ্যে কোলার স্বর্ণখনিতে যে পরিমাণ টাকার স্বর্ণ উৎপন্ন হইয়াছে তাহা নিম্নে দেওয়া গেল :—

| বৎসর | স্বর্ণের পরিমাণ ( আউন্স হিঃ ) | টাকায় মূল্য নির্দ্ধারিত |
|---|---|---|
| ১৯৩৬ | ৩৩১,৮৫৬,১৫৩ | ৩,০৭,০৩,১১২ |
| ১৯৩৭ | ৩৩০,৭১০,২২৩ | ৩,০৬,০৩,৭০১ |
| ১৯৩৮ | ৩২১,১১৪,৮২৯ | ৩,০৬,৭৭,৮২৮ |
| ১৯৩৯ | ৩১৪,৫০১,৩১৩ | ৩,২৬,৪৪,৭২৪ |
| ১৯৪০ | ২০৯,২৪১,৭০৯ | ৩,২৬,৬২,৪৬০ |
| মোট | ১,৫৮৭,৪২৪,২২৭ | ১৫,১২,২২,৮২৫ |

## সিডিউল ব্যাঙ্কের অবস্থা

ভারতীয় সিডিউল ব্যাঙ্কের তুলনামূলক অবস্থার পর্য্যালোচনা নিম্নের তালিকায় দেওয়া গেল :—

| | | ( হাজার টাকা হিঃ ) | |
|---|---|---|---|
| | ১.৮.৪২ | ১৫.৮.৭১ | |
| ডিম্যাণ্ড লায়েবিলিটি ইন ইণ্ডিয়া | | | |
| টাইম লায়েবিলিটি ইন ইণ্ডিয়া | | | |
| টোটাল ক্যাশ ইন ইণ্ডিয়া | | | |
| রিজার্ভ ব্যাঙ্কে ব্যালেন্স | ৬২,৯১,২৬ | ৬৩,২৮,৭৬ | ৩৬,৫৬,৪২ |
| এ্যাডভান্সেস ইন ইণ্ডিয়া | ৮৪,২৫,২০ | ৮৫,২২,৪৭ | ১১৫,১৬,১৮ |
| বিল্‌স্ ডিসকাউণ্টেড ইন ইণ্ডিয়া | | | ৪,৩৮,৮৩ |

## ভারতবর্ষে "এসটিমেটেড্" চিনির উৎপাদন

| বৎসর | ইক্ষুর আবাদী ভূমির পরিমাণ ( একর হিঃ ) | গুড় উৎপাদন গুড়ের অথবা চিটা গুড়ের ( টন হিঃ ) | মোট উৎপাদন চিনির ( টন হিঃ ) |
|---|---|---|---|
| ১৯৩২-৩৩ | ৩,৪২৫,০০০ | ৪,৮৫৯,০০০ | ৫১,১২৯,০০০ |
| ১৯৩৩-৩৪ | ৩,৪২২,০০০ | ৫,০৪৪,০০০ | ৫২,৪৫৪,০০০ |
| ১৯৩৪-৩৫ | ৩,৬০২,০০০ | ৫,২৯২,০০০ | ৫৪,৩৪৬,০০০ |
| ১৯৩৫-৩৬ | ৪,১৫৪,০০০ | ৬,১০২,০০০ | ৬১,২০২,০০০ |
| ১৯৩৬-৩৭ | ৪,৫৮২,০০০ | ৬,৯৩২,০০০ | ৬৭,৩২২,০০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৯৩৭-৩৮ | ৩,১২৭,০০০ | ৫,৫৭২,০০০ | ৪৪,৬৩৭,০০০ |
| ১৯৩৮-৩৯ | ৩,২৭০,০০০ | ৩,৫৭২,০০০ | ৩৫,৮৪১,০০০ |
| ১৯৩৯-৪০ | ৩,৭৬৭,০০০ | ৪,৭৪৮,০০০ | ৪৭,৬৭২,০০০ |

## উড়িষ্যায় শিল্পোন্নতি

উড়িষ্যা সরকারের একখানি প্রেস ইস্তাহারে প্রকাশ—সাপ্লাই ডিপার্টমেণ্ট হইতে ২৫০০০ হাজার চিরুণীর জন্য দ্বিতীয় দফায় যে অর্ডার দেওয়া হইয়াছিল, তাহা সরবরাহ করা হইয়াছে এবং বর্ত্তমানে তৃতীয় দফা অর্ডারের কার্য্য চলিতেছে। এই দফায় ৬০,০০০ হাজার চিরুণীর অর্ডার দেওয়া হইয়াছে।

## ভারতে ঝোলাগুড়ের বাণিজ্য

ইক্ষু হইতে কত পরিমাণ ঝোলাগুড় উৎপাদন হইয়া থাকে তাহা নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে।

( টন হিঃ )

| | | |
|---|---|---|
| ঝোলাগুড় তৈরীর হার | ১৯৩৯-৪০ | ১৯৩৮-৩৯ |
| ইক্ষু কারখানা হইতে | ৪৮৫,৩০০ | ২৪২,৩০০ |
| গুড় রিফাইনারি | ১৬,২০০ | ৬,৪০০ |
| খাঁসসারি | ১২৫,০০০ | ১০০,০০০ |

## সার ডোরাবজির দান

কার্থামিউটিক্যাল এবং ফাইন কেমিক্যাল সেক্সনের জন্য রিডারশিপ খরচা বাবদ সার ডোরাবজি টাটার ট্রাষ্টিগণ দুই লক্ষ টাকা প্রদান করিয়াছেন। বোম্বে বিশ্ব-বিদ্যালয় স্থির করিয়াছেন ডিপার্টমেণ্ট অব কেমিক্যাল টেক্নলজি নূতন করিয়া খুলিবেন।

## ভারতীয় কার্গো বীমার হার

যুক্তরাজ্য ও ভারতের মধ্যে পণ্যদ্রব্য যাতায়াতের জন্য বীমার হার পুনরায় বদল হইয়াছে বলিয়া জানা যায়। ভারতের পূর্ব্ব দিক্ হইতে এবং সিংহল হইতে যদি জাহাজ ছাড়া হয় তাহা হইলে ১০% হইতে ৯% কমাইয়া দেওয়া হইয়াছে। কিন্তু পশ্চিম কূল হইতে জাহাজ ছাড়িলে তাহার হার বৃদ্ধি করা হইয়াছে যথা ৭% হইতে ৯% হইয়াছে। কাজেই দেখা যাইতেছে যে উভয় কূল হইতেই পণ্য দ্রব্যের হার একই প্রকার করা হইয়াছে।

## ভারতে পরদেশী ব্যাঙ্ক

ভারতে পরদেশী বা এক্সচেঞ্জ ব্যাঙ্কের সংখ্যা ১৯৪১ সনে ছিল ১৭।

| নাম | মূলধন ও রিজার্ভ লক্ষ পাউণ্ড | আমানত ও চল্‌তি হিসাব লক্ষ পাউণ্ড | লাভ ভারত ও ব্রহ্মে লক্ষ পাউণ্ড | অফিসের সংখ্যা |
|---|---|---|---|---|
| চার্টার্ড ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া, অষ্ট্রেলিয়া ও চায়না | ৬০ | ৭৭৯·২১ | ৩·৬৮ | ১০ |
| ইষ্টার্ণ ব্যাঙ্ক | ১৫ | ১৪৩·০৭ | ১·৬০ | ৪ |
| গ্রিণ্ডলে এণ্ড কোঃ | ৩·৫ | ৪৭·৩৭ | — | ১৩ |
| লয়েড্‌স্ ব্যাঙ্ক | ২৫৮·১০ | ৫৮২২·৯২ | ১০·৩৬ (১৯৪০) | ১৯ |
| মার্কেণ্টাইল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া | ২১·২৫ | ২৪৭·৮৩ | ২·১৪ | ৮ |
| ন্যাশনাল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া | ৪২·০০ | ৩৯৬·২৬ | ৫·২৪ | ১৩ |
| টমাস কুক্ অ্যাণ্ড সন | ২৫·০ | ২৯·৭৮ | — | ৮ |
| নেদারল্যাণ্ডস্ ইণ্ডিয়া কমার্শিয়েল ব্যাঙ্ক | ৩০০ | ১২২৪·০৮ | ·৭৯ গিল্ডার ('৪০) | ২ |
| নেদারল্যাণ্ডস্ ট্রেডিং সোসাইটি | ৪০০·৩০ | ২৩২০·১২ | ১৮·৮৫ (১৯৩৯) | ৩ |

| নাম | মূলধন ও রিজার্ভ | আমানত ও চল্‌তি হিসাব | লাভ ভারত ও ব্রহ্ম | অফিসের সংখ্যা |
|---|---|---|---|---|
| | লক্ষ পাউণ্ড | লক্ষ পাউণ্ড | লক্ষ পাউণ্ড | |
| শাখা নাশিওনাল উল্‌ত্রামারিনো | পাওয়া যায় নাই | | | |
| আমেরিকান্ এক্সপ্রেস কো ১৯৪০ | ৬৭'৯৮ ডলার | | ২০'৩৪ ডলার | |
| হংকং অ্যাণ্ড সাংহাই ব্যাঙ্কিং করপোরেশন ১৯৪০ | ১৩৪৮'৭৪ | ৮৮০৯'২১ ডলার | | |
| ন্যাশনাল সিটি ব্যাঙ্ক অব্ নিউইয়র্ক | ১৫৪০ | ২৮৭৮৮'২২ | | |
| ব্যাঙ্ক অব্ চায়না ১৯৪০ | ৪৪৪'৪৭ (চী. ড.) | ৩১৩৪২'৭৩ | | |
| ব্যাঙ্ক অব্ কমিউনিকেশনস্ ১৯৪০ | | | ১৪'৬৮ (১৯৪১) | |
| কঁতোয়ার নাশিওনাল দেস্কঁৎ দ্য পারি ১৯৪০ | | | ২১৪'৪৭ (১৯৩৯) | |
| ওভার সী চাইনিজ ব্যাঙ্কিং করপোরেশন ( ব্রহ্ম ) ১৯৪০ | | | | |

## রৌপ্যমুদ্রার প্রচলন হ্রাস

একখানি প্রেসনোটে বলা হইয়াছে :—ভারত সরকারের বিজ্ঞপ্তিতে কিছুকাল পূর্ব্বে জানাইয়া দেওয়া হইয়াছে যে, আগামী বৎসর ১লা মে হইতে পঞ্চম জর্জ্জ ও ষষ্ঠ জর্জ্জ মোহরাঙ্কিত টাকা ও আধুলি গ্রহণ বাধ্যতামূলক থাকিবে না। ১৯৪৩ সনের অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত ডাকঘর, রেল ষ্টেশন ও গভর্ণমেণ্ট ট্রেজারীতে এইসকল মুদ্রা গৃহীত হইবে। এই তারিখের পর পুনঃবিজ্ঞপ্তি পর্য্যন্ত বোম্বাই, কলিকাতা ও মাদ্রাজের রিজার্ভ ব্যাঙ্কের ইস্থ ডিপার্টমেণ্টে গ্রহণ করা হইবে। ইহাই প্রচলিত রৌপ্য মুদ্রার পরিবর্ত্তে ক্রমান্বয়ে নূতন মুদ্রা বাজারে ছাড়িবার পূর্ব্ব ব্যবস্থা। মুদ্রার ব্যাপারে রৌপ্যের ব্যবহার কমান এবং জাল মুদ্রা তৈরীর পথ বন্ধ করিবার জন্য এই ব্যবস্থা অবলম্বিত হইতেছে।

## নিউজিল্যাণ্ডে মাহিয়ানা সমেত বাৎসরিক ও আইন-মাফিক ছুটি

নিউজিল্যাণ্ডের ফেডারেশন অব লেবারের রিসার্চ অফিসার অনুসন্ধানের পর সেখানে সাধারণ শ্রমিকদের ছুটী ও মাহিয়ানা সম্বন্ধে নিম্নলিখিত তালিকা প্রকাশ করিয়াছেন :—

| শ্রমিক শ্রেণী | ছুটীর সংখ্যা | | এগ্রিমেণ্ট সংখ্যা | |
|---|---|---|---|---|
| | ছুটী | কোন ছুটী নাই | ছুটী | কোন ছুটী নাই |
| সাপ্তাহিক পারিশ্রমিক | ২৫০ | ১৩ | ৭৮ | ২ |
| ঘণ্টার | ৮৬ | ৭৭ | ৩৭ | ৪ |

ইহা জানা যায় যে বিভিন্ন কার্য্যের শ্রেণী অনুসারে ছুটীর সময় কম বেশী হইয়া থাকে তবে তিন সপ্তাহের নিম্নে কেহই ছুটী পায় না।

যাহারা সাপ্তাহিক হিসাবেও মাহিয়ানা পায় তাহাদের আইন-মাফিক ছুটীর জন্য মাহিয়ানা দেওয়া হইয়া থাকে।

## কিউবার শ্রমিকের ছুটী ও বেতন

এক্ষণে কিউবার সমস্ত শ্রমিকই বাৎসরিক অন্ততঃ পক্ষে ১৪ দিন ছুটী পাইয়া থাকে এবং উক্ত ছুটীর জন্য মাহিয়ানা কাটা হয় না। যাহারা ১৯৪০ সনের কনষ্টিটিউসনের ৬৭ নং আর্টিকেলের অন্তর্গত তাহারা একমাস করিয়া ছুটি পাইবে। ইহাও ২৫৩০ ডিক্রীতে বলা হইয়াছে অনতিবিলম্বে কংগ্রেসকে অনুরোধ করা হইবে যাহাতে ৬৭ নং আর্টিকেলটী পিস রেটে যাহারা কাজ করে তাহাদের প্রতিও নিয়োজিত হয়।

## মার্কিণ দেশে ডিম উৎপাদনের প্রধান স্থান

| | ১৯৪১ উৎপাদন ১,০০০ ডজন হিঃ | ১৯৪২ প্রাপ্যতা ১,০০০ ডজন হিঃ | ১৯৪১ সন অপেক্ষা কত অংশ ১৯৪২ সনে অধিক উৎপাদন (শতকরা হিঃ) |
|---|---|---|---|
| আয়োয়া | ২৩০,৭৫০ | ২৫৫,১৬৭ | ১১ |
| ওহিও | ১৯৯,৮৩৩ | ২১৮,৪১৭ | ৯ |
| টেক্সাস | ১৮৪,৮৩৩ | ২২৬,৩৩৩ | |
| পেনসিল-ভানিয়া | ১৭৮,৪১৭ | ১৯৪,৩৩৩ | |
| ইলিনয়স | ১৬৯,২৫০ | ১৮৬,৯১৭ | |
| মিনেসোটা | ১৬৮,২৫০ | ১৯৬,০০০ | |
| মিসৌরি | ১৬৭,৯১৭ | ১৯১,৩৩৩ | |
| উইসকনসিন | ১৬১,৮৩৩ | ১৭৯,৫৮৩ | |
| নিউইয়র্ক | ১৫৮,৬৭৭ | ১৭৩,৫৮৩ | |
| ক্যালিফর্ণিয়া | ১৪১,৯১৭ | ১৫৫,৪১৭ | |
| ক্যানসাস | ১৩৩,২৫০ | ১৫৪,৫৮৩ | |
| ইণ্ডিয়ানা | ১৩১,৫৮৩ | ১৪৭,৬৬৭ | |
| মিচিগান | ১১২,৬৬৭ | ১২১,১৬৭ | |
| নেব্রাস্কা | ১০৪,৪১৭ | ১২০,০৮৩ | |

### মার্কিণ দেশে সয়াবিনের ব্যবহার

সয়াবিন আধুনিক যুগে একটা যুগান্তর আনিয়াছে। মার্কিণ দেশে ইহার ব্যবহার কত পরিমাণ বৃদ্ধি পাইয়াছে তাহা উহার চাষের জমির পরিমাণ দেখিলেই বুঝা যায়। এই বৎসর সয়াবিন চাষের জমির পরিমাণ ৫৪% বৃদ্ধি পাইয়াছে। অর্থাৎ ১ মিলিয়ন একর জমিতে অন্ততঃ পক্ষে ইহার চাষ হওয়া চাই।

### চীনদেশে যুদ্ধের সময়ে সঞ্চয়

কমিটি ফর দি প্রমোসন অব ওয়ার সেভিংস কর্তৃক প্রদত্ত একটী বিবৃতি হইতে জানা যায় যে, চীন দেশে যুদ্ধের সময় সঞ্চয়-বৃদ্ধির জন্য কিভাবে চেষ্টা চলিতেছে। এই আন্দোলনের প্রভাব চীনদেশের প্রত্যেক রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করিয়াছে এবং প্রত্যেক চীনাই ইহার উপযোগিতা স্বীকার করিয়া লইয়াছে। প্রত্যেক প্রদেশেই শাখা কমিটি গঠন করা হইয়াছে এবং অনুরূপ শাখা নগরে ও জিলায় ছড়াইয়া পড়িয়াছে। যাহারা বিদেশে আছে তাহাদের নিকট হইতেও বহু দান আসিয়া পৌঁছিতেছে। ইহা বলা হইয়াছে যে, গত দুই বৎসরে মোট ১,৭০০,০০০,০০০ ডলার ওয়ার-সেভিংস হিসাবে প্রাপ্ত হওয়া গিয়াছে।

### বৈমানিক বিদ্যা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন

শুক্রবার প্রাতে সরকারীভাবে ঘোষণা করা হয় যে, বৃটিশ কমনওয়েলথের মধ্যে বৈমানিক বিদ্যা শিক্ষাদান ব্যবস্থার এরূপ দ্রুত উন্নতি হইয়াছে যে, মার্কিণ যুক্তরাষ্ট্রে রাজকীয় বিমানবাহিনীকে যে সুবিধাদি দেওয়া হইত, এখন আর তাহা প্রয়োজন হইবে না।

### টাইফয়েডের নূতন ভ্যাক্‌সিন

মেরিয়া ক্রোণ্টোভস্কায়া নাম্নী একজন রুশ দেশের নারী বিজ্ঞানবিদ্ একটী ভ্যাকসিন আবিষ্কার করিয়াছেন যাহার দ্বারা টাইফয়েডের বীজাণু একেবারে বিনষ্ট করা যায়।

## চীনের সেণ্ট্রাল ট্রাষ্ট

চীন দেশের সেণ্ট্রাল ট্রাষ্ট ওয়ার রিস্ক্ সম্বন্ধে যাহা কিছু প্রয়োজনীয় প্রতিষ্ঠান তাহা গঠন করিবার জন্য সৃষ্ট হইয়াছে। জীবনবীমা সম্বন্ধেও ইহা এক্ষণে বিশেষ-ভাবে উন্নতি সাধন করিতেছে এবং এক দিক্ থেকে বলা চলে যে, গভর্ণমেণ্টের তরফের যাহাকিছু সাহায্য তাহা ইহার দ্বারাই বর্দ্ধিত হইতেছে। সেণ্ট্রাল ট্রাষ্টের সাহায্যে জীবনবীমার কতটা সম্প্রসারণ হইয়াছে সে বিষয়ে বলিতে গিয়া "চায়না ইনফরমেশন বুলেটিন" বলিয়াছেন যে, ১৯৪২ সনে কেবলমাত্র জীবনবীমাই হইয়াছে ৫৫ মিলিয়ন ডলারের।

সবচেয়ে মজার ব্যাপার হইল যে ট্রাষ্ট কর্ত্তৃক একটী দালালও জীবনবীমার কার্য্য সংগ্রহের জন্য নিযুক্ত হয় নাই। দালালের যে পরিমাণ কমিশন দেওয়ার ব্যবস্থা আছে তাহাতে পলিসি-হোল্ডারদের বহু পরিমাণে ক্ষতি হইয়া থাকে। কারণ কোম্পানী তাহার নিজের পকেট হইতে কমিশন দেয় না। সেই জন্য সেণ্ট্রাল ট্রাষ্ট একটী সুন্দর পথ অবলম্বন করিয়াছে। ট্রাষ্ট নিজের কর্ম্মচারী-দিগকে শিক্ষা দিয়া লইয়াছে এবং তাহারাই উক্ত বীমার কার্য্য সংগ্রহ করিয়া থাকে; কিন্তু তাহার জন্য কমিশন আদায়ের কোন ব্যবস্থা নাই। এক্ষেত্রে প্রশ্ন হইতে পারে যে বীমার দালালী করিয়া তাহারা কিছুই যদি না পায় তাহা হইলে ভালভাবে কার্য্য করিবে কেন? তাহার উত্তর ট্রাষ্ট গোড়াতেই ঠিক করিয়া রাখিয়া দিয়াছে এবং কর্ম্মচারীদিগকে মাহিয়ানা খুব মোটা ধরণের দিয়া থাকে এবং তাহাদের উন্নতির ব্যবস্থা সম্মুখে খুলিয়া রাখে। ইহা ছাড়া তাহারা যে বিনা কমিশনে পলিসি-হোল্ডারদের বিপুল উপকার সাধন করিতেছে তজ্জন্য যথেষ্ট সম্মান ও পদবী দেওয়া হইতেছে। কাজেই তাহারা যথেষ্ট মনোযোগের সহিত এবং পরিশ্রম করিয়া জীবনবীমার কার্য্য সংগ্রহ করিয়া থাকে এবং পলিসি-হোল্ডারদেরও বিশেষ ক্ষতি হয় না। প্রিমিয়াম অল্প হয়। কাজেই বহুলোকে তাহা দিতেও সমর্থ হইতেছে।

## তুর্কীর "এয়ার চীফ"

গত মে মাসে তুরস্কের প্রধান বায়ুর কর্ত্তা জেনারাল সেফিক চাক্মাক্ মধ্য প্রাচ্যের ব্রিটিশ ট্যাঙ্ক অফিসারদের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন। সাক্ষাৎকালে, তিনি ব্রিটিশ এয়ার ফোর্স কিভাবে কার্য্য করিয়া থাকে তাহার একটা ধারণা করিয়া লন। তিনি নৌবহর ও স্থলসৈন্যও পরিদর্শন করেন। ব্রিটিশ ও আমেরিকান ফাইটার ও বম্বার সম্বন্ধে তিনি খুবই উচ্চ ধারণা পোষণ করেন।

## মহীশূরের শ্রমিক সঙ্ঘ

অধুনা লেবার এক্ট অনুসারে মহীশূর ষ্টেটের মধ্যে লেবার এসোসিয়েশন গঠিত হইয়াছে। কোলার গোল্ড ফিল্ডে ছয়টী কারখানাতেই উক্ত ধরণের সঙ্ঘ বর্ত্তমান। সেই ছয়টী সঙ্ঘের বর্ত্তমান সভ্য-সংখ্যা নিম্নে দেওয়া গেল।

| | | সভ্য-সংখ্যা |
|---|---|---|
| | মাইসোর মাইনস্ লেবার এসোসিয়েসন | ৫,৩২৫ |
| | চ্যাম্পিয়ন রিফ্ | ২,৪০৪ |
| | উরগাও মাইনস্ | ৪,৪৮৮ |
| ৪। | নান্ডিড্রগ মাইনস্ | ৬,৭৯৮ |
| ৫। | কে জি এফ ইলেক্‌ট্রিসিটি ডিপার্টমেণ্ট | ৩০০ |
| ৬। | কোলার ব্রিক্-মেকিং কোম্পানী | ২২০ |

মোট শ্রমিক-সংখ্যার ৮৫% লোকই উক্ত সঙ্ঘের সভ্য হইয়াছে বলিয়া জানা যায়।

## খাদ্যশস্য বৃদ্ধির আন্দোলন

গত ৭ই সেপ্টেম্বর তারিখ জামালপুর থানার বাউসী সার্কেলের অধীন শিমলা-মনোহর নামক পল্লীতে এক বিরাট সভার অধিবেশন হইয়াছে। সহস্রাধিক পাটচাষী সভায় যোগদান করতঃ সভার উদ্দেশ্য সাফল্যমণ্ডিত করিয়াছিল। সাবডিভিসনের প্রোপাগাণ্ডা অফিসার বাবু যতীন্দ্রমোহন দে সরকার বি-এ, মৌঃ মোঃ গফুর রহমান (প্রোপাগাণ্ডা এসিষ্ট্যাণ্ট); বাবু ক্ষিতীশ চন্দ্র দাস (প্রাইমারী লাইসেন্সিং এসিষ্ট্যাণ্ট), বাবু ব্রজেন্দ্র কিশোর রাক্‌দাম (ক্যাশ এসিষ্ট্যাণ্ট) ও অন্যান্য অফিসারগণ বর্ত্তমান খাদ্য-সমস্যা ও তাহার প্রতিকার; আরও অধিক খাদ্যশস্য উৎপাদন, গো-জাতির উন্নতি, উৎকৃষ্ট সার-প্রয়োগ, পল্লীর শিক্ষা, স্বাস্থ্য, অর্থকরী কুটীর-শিল্প, মৎস্যের চাষ, হাঁস-মুরগী পালন ও সব্জী বাগান ইত্যাদি বিষয়ে বক্তৃতা করেন। অতঃপর সভাপতি বাউসী সার্কেলের এসিষ্ট্যাণ্ট ইন্‌স্পেক্টর মৌঃ মোহম্মদ ইস্‌মাইল, বি-এ, পাট-নিয়ন্ত্রণ বিভাগের সহিত দেশবাসীর সম্বন্ধ, বর্ত্তমান পাটের বাজার ও তাহার ভবিষ্যৎ এবং পাটচাষী-দিগের কর্ত্তব্য সম্বন্ধে সর্ব্বসাধারণের নিকট এক আবেদন জানান। উপস্থিত চাষীদের প্রদত্ত বিবরণ হইতে জানা গিয়াছে যে, তাহারা অধিক খাদ্যশস্য উৎপাদন সম্বন্ধে বদ্ধপরিকর। এই অঞ্চলের অধিকাংশ জমিতেই নানা-প্রকার খাদ্যশস্যের আবাদ করা হইয়াছে এবং অনুকূল বৃষ্টির প্রভাবে আগামী শস্যের অবস্থাও বিশেষ আশাপ্রদ বলিয়া মনে হইতেছে।

## এলাহাবাদ বিশ্ববিদ্যালয় ইউনিয়ান

গতরাত্রে কার্য্যকরী সমিতি যে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন তদনুযায়ী এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার ইউনিভার্সিটি ইউনিয়ানের সভাপতির নিকট নিম্নলিখিত পত্র লিখিয়াছেন :—

"ইউনিভার্সিটি ইউনিয়ান একটি শিক্ষা-সম্পর্কিত ক্লাব। ইউনিয়ানকে সর্ব্বদাই আলাপ-আলোচনার পূর্ণ স্বাধীনতা দেওয়া হইয়াছে। সম্প্রতি ইহা রাজনৈতিক পরিকল্পনা ইত্যাদি রচনার একটি কেন্দ্র হইয়া উঠিয়াছে। গত কয়েক দিনে যেসকল সভা হইয়াছে তাহাতে বিশ্ববিদ্যালয়ের কি বন্ধ রাখিবার, বিশ্ববিদ্যালয়ের কার্য্য অব্যাহত রাখা অসম্ভব করিয়া তুলিবার এবং স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের কার্য্যে বিঘ্ন ঘটাইবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ইউনিয়ন এখনও ইহার কর্ম্মকর্ত্তা নির্ব্বাচন করে নাই। বিশ্ব-বিদ্যালয়ের নির্দ্দেশ অমান্য করিয়া পড়ার সময় ইউনিয়নের সভা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের অংশরূপে ইউনিয়ন সক্রিয় রাজনৈতিক আন্দোলনে যোগ দিতে পারে না। যাহারা শিক্ষা-জীবনকে ধ্বংস করিতে চায় তাহাদিগকে বিশ্ববিদ্যালয়ের মাঠ বা বাড়ী ব্যবহার করিতে দেওয়া চলে না। যাহারা লেখাপড়া করিতে চাহেনা, লেখাপড়া ছাড়িয়া দিবার স্বাধীনতা তাহাদের আছে। বিশ্ববিদ্যালয়ও তাহার কর্ত্তব্য সাধন করিবে। ইউনিয়ানকে এতদ্দ্বারা জানিয়া দেওয়া হইল। ইহার পর ইউনিয়ানের বাড়ীতে বিশ্ববিদ্যালয় ভবনের কোন অংশে কিংবা হোষ্টেলে ইউনিয়ানের কোন সভা করিতে দেওয়া হইবে না।

## বাস্তুত্যাগীদিগের সমস্যা

বাস্তুত্যাগীদিগের সমস্যা আলোচনার এবং ঐ সম্পর্কে জমিদারগণ সরকারকে কিভাবে সাহায্য করিতে পারেন, তাহা বিবেচনার উদ্দেশ্যে বাঙ্গলার জমিদারদিগের একটি সম্মেলন আহ্বানের কথা সরকার চিন্তা করিতেছেন। কোন কোন জমিদার নিজ নিজ জমিদারীতে কতকগুলি বাস্তুত্যাগীকে বসবাসের ব্যবস্থা করিয়া দিতে পারেন কি না—সম্মেলনে সে সম্পর্কে আলোচনা হইবে। প্রকাশ, রাজস্ব-সচিব শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় কয়েকদিন পূর্ব্বে জমিদারদের নিকট এই সম্পর্কে পত্র লিখিয়াছেন। উত্তরে অনেক জমিদার এই বিষয়ে সহানুভূতি জানাইয়াছেন।

### আসাম সরকারের খাদ্য দ্রব্য ও বস্ত্রাদি ক্রয়

সাধারণের প্রয়োজন মিটাইবার জন্য আসাম সরকার চলতি বছরে প্রায় এক কোটি আটষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার টাকার খাদ্যদ্রব্য ও কাপড়চোপড় কিনিয়া রাখিবেন। আসামের বাহির হইতে যেসকল জিনিষ কেনা হইবে তাহার পরিমাণ প্রায় নব্বই লক্ষ টাকা; আসামের বিভিন্ন স্থান হইতে প্রায় ষাট লক্ষ টাকার জিনিষ কেনা হইবে। আসামের বাহিরের জিনিষ ন' ওয়ালেস এণ্ড কোং'র মারফতে এবং আসামের ভিতরের জিনিষ টীন ব্রাদার্সের মারফতে কেনা হইবে। ইহা ছাড়া অপরাপর সূত্রে যেসকল জিনিষ কেনা হইবে তাহার পরিমাণ তিন হাজার টাকার বেশী হইবে না।

### যুদ্ধোত্তর কালের অর্থনীতি

যুদ্ধোত্তর সমস্যা সম্বন্ধে লর্ড সভায় যে আলোচনা হইয়াছে, তাহাতে যুদ্ধের পর আন্তর্জ্জাতিক অর্থনীতির বিরাট পরিবর্ত্তনের আভাস দেওয়া হইয়াছে।

লর্ড এডিসন বলেন, অতলান্তিক সনদের ৫ ধারায় সমস্ত লোককে ভয় ও অভাবের কবল হইতে মুক্ত করার কথা বলা হইয়াছে। এই পরিকল্পনাকে বাস্তবে পরিণত করিতে হইলে অপরিমিত যুদ্ধ-ঋণ পরিশোধ এবং আন্তর্জ্জাতিক মুদ্রানীতি পরিচালন করিবার জন্য বিশ্বব্যাপী এক নব বিধান রচনা করিতে হইবে এবং প্রত্যেক দেশে একই মজুরীর হার নির্দ্ধারণের জন্য একটি আন্তর্জ্জাতিক কমিশন গঠন করিতে হইবে।

লর্ড পেরি বলেন, এই যুদ্ধের জন্য যে অর্থব্যয় হইতেছে, তাহার বেশীর ভাগই বৃটেন বহন করিতেছে। শান্তির জন্য মূল্য দিতে আমরা ইচ্ছুক এবং পৃথিবীকে সেই শান্তির খবরও দিতে চাই। কিন্তু পৃথিবীরও এই মূল্যের একাংশ পরিশোধ করা উচিত। আন্তর্জ্জাতিক কর নির্দ্ধারণ সম্ভব কিনা গভর্ণমেণ্টের এখনই তাহা বিবেচনা করা উচিত। এই কর নির্দ্ধারণ সম্পূর্ণ সম্ভব। বিজিত ও অন্যান্য রাষ্ট্রগুলির সকলেরই এইরূপ আন্তর্জ্জাতিক কর দেওয়া উচিত। লর্ড ট্রাবলফি বলেন যে বিজয়ী রাষ্ট্রসমূহের পরিচালনাধীনে একটি আন্তর্জ্জাতিক বিমান বহরের এই প্রস্তাব কার্য্যে পরিণত করা উচিত। উত্তরে লর্ড সাইমন বলেন যে, বৃটেন আবার স্বর্ণমানের প্রবর্ত্তন করিবে এরূপ কথা তিনি শুনেন নাই। আন্তর্জ্জাতিক ঋণ-সমস্যা সম্বন্ধে তিনি বলেন যে, গত যুদ্ধের শোচনীয় ভুলের যাহাতে পুনরাবৃত্তি না হয় বৃটিশ গভর্ণমেণ্ট সেইরূপ সঙ্কল্প করিয়াছেন।

প্রেসিডেণ্ট রুজভেল্ট সম্প্রতি বলিয়াছেন যে, অর্থ দিয়া যুদ্ধের ব্যয়ের পরিমাণ করা যায় না এবং কোন জাতিই মিত্রজাতিসমূহের যুদ্ধ-প্রচেষ্টার দ্বারা ধনী হইতে পারিবে না। লর্ড সাইমন বলেন, এই বিবৃতি বিশেষ উল্লেখযোগ্য। ইহা উদার এবং জ্ঞানপ্রদ। আমরা এ বিষয়ে সম্পূর্ণ একমত এবং বিশ্বাস করি যে, শান্তিলাভের জন্য মার্কিণ যুক্তরাষ্ট্রের সহিত সহযোগিতার ইহা সুদৃঢ় ভিত্তি।

### চট্টগ্রাম হইতে ধান চাউল রপ্তানি

চট্টগ্রামের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতরক্ষা আইন অনুযায়ী এক আদেশে জানাইয়াছেন যে, রেলযোগে, জলপথে কিম্বা অন্য কোনমতে জেলার ধান ও চাউল অন্যত্র রপ্তানি হইতে পারিবে না। সঙ্গে সঙ্গে ইহাও জানান হইয়াছে যে, এই আদেশ অমান্যে তিন বৎসর কারাদণ্ড, অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ডই হইতে পারিবে।

# রকমারি দার্শনিক

অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন

হরিদাস মুখোপাধ্যায়

লেখক—ব্রজেন শীলের লেখা কোনো দার্শনিক বই কি একদম পাওয়া যায় না?

বিনয় সরকার—একটা মজার কথা বলছি। ১৯২৪ সনে ব্রজেন শীল যখন মহীশূরে, তখন তাঁর লেখানকার অন্যতম বাঙ্গালী সহযোগী একটা ১৪।১৬ পৃষ্ঠার পুস্তিকা প্রকাশ করেন। তাতে ছিল প্রাচীন ভারতীয় দর্শন সম্বন্ধে ব্রজেন শীলের আলোচ্য বিষয়ের সূচীপত্র। সেটা বই-তো নয়ই—এমন কি বইয়ের চুম্বকও নয়। তার ভিতর আলোচ্য বিষয়বস্তুর সূচী ছাড়া আর কিছু ছিল না; কিন্তু এ সূচীটা দেখলেই বুঝা যায় যে, একমাত্র ব্রজেন শীল ছাড়া আর কারো সাধ্য নাই যে সেই বই লেখে। ভারতীয় দর্শনসাহিত্য যারা ঘাঁটাঘাঁটি করতে চায়, তারা অনেকদিন পরেও এই সূচীর ভিতর হরেক রকমের হদিশ পেতে বাধ্য। বিশেষভাবে লক্ষ্য করার কথা এই যে, ব্রজেন শীলের কল্পনায় ছিল প্রকারান্তরে গোটা ভারতীয় সংস্কৃতির ইতিহাস। একমাত্র দর্শনে যারা মাথা খেলায়, তাদের পক্ষে ব্রজেন শীলের সূচীর ভিতর থৈ পাওয়া কঠিন—এমন কি অসম্ভব। দর্শন ছিল তাঁর চিন্তায় সংস্কৃতির অন্যতম অংশ। দর্শন বললে তিনি একসঙ্গে অনেক জিনিষ,—গোটা জীবনকে জীবন বুঝতেন। অন্যান্য অনেক-কিছুর সঙ্গে, যথা নৃতত্ত্ব, ধনবিজ্ঞান, রাষ্ট্রনীতি, গুরুমার শিল্প, ইতিহাস ইত্যাদি,—দর্শনকে তিনি সুসঙ্গত দেখতেন। বস্তুতঃ, এইজন্যই বাঙ্গালী বিপ্লবের যুগে (১৯০৫-১৪) ব্রজেন শীলকে আমরা দার্শনিক বলতাম না—বলতাম লোকটা বিদ্যার জাহাজ, বিদ্যা-দিগ্‌গজ, সর্ব্ববিদ্যা-বিশারদ পণ্ডিত, জ্যান্ত বিশ্বকোষ! এ বিশ্বকোষ হাটকাতো সে যুগের ইন্দ্র-চন্দ্র-বরুণ-যম সকলেই। একালের দার্শনিকদের ভিতর হীরালাল হালদারকে অনেকদিন ব্রজেন শীলের বৈঠকখানায় চৌকীর উপর তাকিয়া ঠেস দিয়ে গড়াতে দেখেছি।

এ সূচীর ভিতর সাংস্কৃতিক স্তরবিন্যাসের বিষয়ে ইঙ্গিত করা আছে। তাতে ব্রজেন শীলকে খানিকটা হেগেল-পন্থী ও কঁৎ-পন্থীরূপে পাকড়াও করা সম্ভব। তা ছাড়া তিনি একালের বহুবনিষ্ঠা (মুরালিজম) প্রচার করেছেন। বিষয়ে তাঁকে জার্মাণ গিয়র্কে, ফরাসী দুর্খাই এবং ইংরেজ হিগিস ইত্যাদি আইন-পণ্ডিতগণের "এক গ্লাসের ইয়ার" বলতে পারি।

লেখক—ব্রজেন শীলের লেখালেখি কি সত্য সত্যই নেহাৎ কম ছিল?

বিনয় সরকার—ব্রজেন শীলের বক্তৃতা ও প্রবন্ধাবলী নানা পত্রিকায় ছড়িয়ে রয়েছে। সে সব একত্র করলে

বড় বড় দু'একখানা বই দাঁড়িয়ে যেতে পারে। বোধহয় হাজার-বারশো পৃষ্ঠা হবে। সে আকারে বেরুলে আমি যারপর নাই আনন্দিত হই। ১৯০৫-১৪ সনের পূর্ব্ববর্ত্তী আর সমসাময়িক যুবক বাঙলার জ্ঞান-বিজ্ঞান ব্রজেন শীলে মূর্ত্তিমন্ত ছিল। বাস্তবিক পক্ষে বিবেকানন্দ-অভেদানন্দ যুগে* ভারতীয় দর্শন-বিজ্ঞান-পাণ্ডিত্যের অন্যতম বিপুল খুঁটো ব্রজেন শীল।

লেখক—কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্যকে স্বদেশী যুগে লোকেরা কি চোখে দেখতো?

বিনয় সরকার—কেষ্টবাবু নিতুক লোক নন। লোকজনের সঙ্গে তাঁর যাওয়া-আসা কম ছিল। স্বদেশী যুগে (১৯০৫-১৪) তাঁর বেদান্ত-ব্যাখ্যা বেরিয়েছিল ইংরেজিতে (১৯০৯)। ছোই বই, কিন্তু ঠাসা মাল। ঐ ধরণের বই তখনকার দিনে আর একখানাও বোধ হয় ছিল না। বেদান্তের তর্জ্জমাকারী বা প্রচারক ও ভাষ্যকারের মূর্ত্তিতে গ্রন্থকার দেখা দেননি। তখনকার দিনে উপনিষদ বেদান্ত ইত্যাদি ভারতীয় দার্শনিক সাহিত্যকে ইয়োরামেরিকান পণ্ডিতেরা দর্শন বলিতে রাজী হতো না। কেষ্ট ভট্টাযি স্বদেশসেবক—যদিও সরকারী চাকুরে। তাঁর কলমের লক্ষ্য ছিল বেদান্তকে দর্শনের কোঠায় ঠেলে তোলা। বুঝতে হবে তখনকার দিনে ভারতীয় দর্শনকে "ভদ্রলোকের পাতে" দেবার জন্য ভারতীয় পণ্ডিতদের পক্ষে আয়া-নুন খেয়ে উঠেপড়ে লাগতে হয়েছিল। কেষ্ট ভট্টাচার্য্য এ ধরণের পণ্ডিতদের অগ্রণী। অধিকন্তু বেদান্তকে একটা ষোলকলায় সম্পূর্ণ গড়ন দেবার চেষ্টাও তাঁর ছিল। তা ছাড়া পাশ্চাত্য মগজে যে ধরণের রচনাকে দর্শনের ইজ্জৎ দেয়, সেই দার্শনিক ইজ্জতে বেদান্তকে ভূষিত করবার জন্য গ্রন্থকার লড়াই করেছেন। আজকাল এবং পরবর্ত্তীকালেও যারা বেদান্তচর্চ্চা করতে চায়, তাদের পক্ষে ঐ রচনাটা কাজে লাগবে। বেশ শক্ত বই, ঢোক গিলে-গিলে বুঝতে হয়। বেদান্তের চিত্তবিজ্ঞান, আধ্যাত্মতত্ত্ব আর তর্কশাস্ত্র খোলসা করবার মতলবে তিনি জার্ম্মাণ দার্শনিক কাণ্ট আর হেগেলকে মাঝে মাঝে ডেকেছেন। তাতে বেদান্তের পরিভাষিকগুলা তলিয়ে-মজিয়ে বুঝবার সুবিধা হয়েছে। তুলনামূলক সমালোচনার ফলে বেদান্তকে ডাইনে-বাঁয়ে বাড়িয়ে দেখতে পারা গেছে।

লেখক—বাঙালী পণ্ডিত-মহলে জার্ম্মাণ চিন্তার প্রভাব স্বদেশী যুগে ছিল দেখছি?

বিনয় সরকার—ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি ইংরেজ সাহিত্যবীর কার্লাইল জার্ম্মাণ দর্শনের ও সাহিত্যের প্রচার করেন। তার ঢেউ ভারতেও পৌঁছেছিল। বিবেকানন্দ, অভেদানন্দ, ব্রজেনশীল, হীরালাল হালদার, কেষ্ট ভট্টাচার্য্য ইত্যাদি সকলেই কার্লাইল-প্রচারিত এবং অন্যান্য ইংরেজ-সেবিত জার্ম্মাণ সংস্কৃতিতে মসগুল ছিলেন। আজও সে ধারা চলেছে। কেষ্টবাবুকে সাধারণে কাণ্ট-পন্থী বলে জানে। তিনি অনেক বিষয়ে কাণ্ট-পন্থী নন। এখানে বলতে পারি যে, ব্রজেনশীল ও হীরালাল হালদারকে লোকেরা হেগেলপন্থী বলে। কিন্তু ব্রজেন শীল পুরাপুরি হেগেলপন্থী নন। হালদার সম্বন্ধেও কিছু-কিছু 'কিন্তু' আছে। তবে তাঁকে পৌনে ষোল-আনা হেগেলপন্থী বলা চলে।

লেখক—আপনাকে কেহ কেহ মার্ক্স-পন্থী বলে। কথাটা ঠিক কি?

বিনয় সরকার—মার্ক্স-সাহিত্যের দুটো বড় বড় বই (ক্লাসিক) আমি বাংলায় তর্জ্জমা করেছি (১৯২৩-২৪)। বোধহয়, এজন্য আমাকে লিখিয়ে-পড়িয়ে লোকেরা মার্ক্সপন্থীরূপে বিবৃত করে। কিন্তু মার্ক্সের কয়েকটা মোটা মোটা সিদ্ধান্তের বিরুদ্ধে আমি সর্ব্বদাই বকাবকি ক'রে থাকি আর কলম চালাইও। মার্ক্স-প্রবর্ত্তিত অর্থনৈতিক

* বিনয় সরকারের মতে বিবেকানন্দ যুগই (১৮৯৩-১৯০২) হচ্ছে প্রকৃতপক্ষে বিবেকানন্দ-অভেদানন্দ যুগ।

অদ্বৈতবাদের আমি কট্টর বিরোধী। মানুষের জীবনে, সভ্যতায় ও সংস্কৃতিতে অর্থ-কথা অন্যতম শক্তি বটে, কিন্তু একমাত্র শক্তি নয়। এই হলো আমার কথা। ঠিক এই কথাই বলতে পারি আবার ফ্রয়েড-প্রচার সম্বন্ধে। ব্যক্তি ও সমাজ বিষয়ক যৌন বিশ্লেষণ আলবৎ করি। কিন্তু যৌন-শক্তিই মানুষের জীবনে একমাত্র শক্তি নয়। অন্যান্য শক্তিও একসঙ্গে কাজ করে।

লেখক—কেহ-কেহ মনে করে আপনি কঁৎ-পন্থী?

বিনয় সরকার—তার কারণ, বোধহয়, আমার একটা বড় বইয়ের নামে 'পজিটিভ' (বস্তুনিষ্ঠ, ইন্দ্রিয়নিষ্ঠ, যুক্তিনিষ্ঠ, সংসারনিষ্ঠ, ইহনিষ্ঠ) শব্দটা আছে। এই শব্দটা আমি কঁৎ-প্রচারিত অর্থে চালিয়েছি। কিন্তু কঁৎ-প্রবর্তিত দর্শনে অতীন্দ্রিয়, আত্মা, দেবদেবী, ধর্ম ইত্যাদি চিজের ঠাঁই নেই। এই সবের যথোচিত ইজ্জৎ দেওয়া আমার দস্তুর। আমি দুমুখো ছুরি,—আসলে বহুত্বনিষ্ঠ।

লেখক—আপনাকে অনেকে আবার হার্ডার-পন্থী বলে। এর মানে কি?

বিনয় সরকার—মানে অতি সোজা। অনেকদিন ধ'রে আমি হার্ডারের গুণগান ক'রে আসছি। নানা বিদ্যার ক্ষেত্রে 'হার্ডার', 'হার্ডার' বকা আমার দস্তুর। কিন্তু হার্ডারের একটা বড় কথার বিরুদ্ধে সর্বদাই আমি পাঁতি দিয়ে থাকি। হার্ডার ছিলেন কবিবর গোটের যুগের জার্মাণ সমাজশাস্ত্রী,—দার্শনিক কাণ্টের সমসাময়িক। হার্ডারের মতে প্রত্যেক জাতির একটা আত্মা বা প্রাণ আছে। আর সেই প্রাণ দেখতে পাই তার ভাষায়। অতএব তাঁর বরেৎ,—জাতি-মাফিক রাষ্ট্র, ভাষা-হিসাবে রাষ্ট্র, ভিন্ন-ভিন্ন সংস্কৃতির জন্য ভিন্ন-ভিন্ন রাষ্ট্র। এই বাণী হলো দুনিয়ার জাতীয় স্বাধীনতার আর জাতীয়তার মন্তর। হার্ডার চান,—যতগুলা জাতি, ততগুলা রাষ্ট্র,—যতগুলা ভাষা ততগুলা রাষ্ট্র। বিভিন্ন ভাষাভাষী নরনারীর সম্মেলনে রাষ্ট্র-গঠন হার্ডার-দর্শনে অসম্ভব। হার্ডার-মত অনুসারেই একালের লোকেরাও,—পোল, চেক, লিথুয়ানিয়ান, হাঙ্গেরিয়ান, বুলগার, আরব, ভারতীয় ইত্যাদি,—দেশ-বিদেশে জাতিমাফিক 'জাতীয় রাষ্ট্রের' নেশায় মাতাল। এই মত আমার পক্ষে বরদাস্ত করা অসম্ভব। অন্যান্য ভারত-সন্তানের মতন আমিও এই মত নিয়েই জীবন সুরু করেছিলাম। কিন্তু স্বদেশী যুগেই, ১৯১০-১১ সনের আবহাওয়ায় "ইতিহাস-বিজ্ঞান ও মানব জাতির আশা" প্রবন্ধে তার বিরুদ্ধে মত প্রচার করতে সুরু করেছি। 'পলিটিক্স্ অব বাউণ্ডারিজ' (সীমানার রাষ্ট্রনীতি, ১৯২৬) বইয়ে তার কিছু পরিচয় আছে। আমার বিবেচনায় রাষ্ট্র একটা কৃত্রিম শাসনযন্ত্র। এর ভিতর প্রাণ, আত্মা, ইত্যাদি বস্তু দেখবার কোনো প্রয়োজন নাই। প্রত্যেক রাষ্ট্রেই নানা ভাষাভাষী নরনারী, হরেক রকমের সংস্কৃতিওয়ালা নরনারী একসঙ্গে জীবন চালাতে সমর্থ। এ হিসাবে আমি হার্ডারের এবং হার্ডার-প্রবর্তিত দেশ-বিদেশী চিন্তাধারার উল্টা। জগৎ-প্রসিদ্ধ (মায় ভারত-প্রসিদ্ধ) জাতীয়তা-দর্শনের বিরুদ্ধে চলে আমার রাষ্ট্রদর্শন। আমি হার্ডার-প্রচারক বটে, কিন্তু কোনো কোনো বিষয়ে আমি হার্ডারের চাই নই—বরং হার্ডার-বিরোধী।

("দৈনিক মাতৃভূমি"তে প্রথম প্রকাশিত ২ নবেম্বর ১৯৪২)।




"ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ"

( ক্যানাডা, এপ্রিল ১৯৪২ )

পি, ওয়েলব্রোক কর্তৃক লিখিত "সমরোপকরণ নির্ম্মাণের কলকারখানায় শ্রমিক বণ্টন" শীর্ষক প্রবন্ধে দেখান হইয়াছে আধুনিক যুগ কিভাবে এবং কোন নীতি অবলম্বন করিয়া "ওয়ার ইকনমি" সার্থক হইয়া থাকে। এসেনন্যাল ও নন-এসেনন্যাল এই দুই প্রকারে ভাগ করা হয়। যুদ্ধের সময়ে এসেনন্যাল বলিতে সমর সাহায্যে যে যে বস্তু প্রস্তুত করিতে হয় তাহাই এবং বাদবাকী সব কিছুই নন-এসেনন্যাল। অনেক সময়ে অভিজ্ঞতাব দ্বারা বুঝা যায় যে হঠাৎ এই ধরণের এসেনন্যাল কার্য্যের শ্রমিক যত পরিমাণ আবশ্যক তাহা প্রাপ্ত হওয়া কঠিন। কাজেই নন-এসেনন্যাল কার্য্যে নিযুক্ত যে সব শ্রমিক তাহাদিগকে আবার এসেনন্যাল কার্য্যের মধ্যে উপযুক্ত শিক্ষার দ্বারা গঠিত করিয়া লইতে হয়। তাহা ছাড়া, নূতন লোকও এই-সকল বিষয়ে শিক্ষা গ্রহণ করিয়া শ্রমিক হিসাবে নিযুক্ত হইয়া থাকে। কাজেই অনেক স্থলে বেকার সমস্যারও একটা সমাধান হইয়া থাকে।

কিন্তু উপরিউক্ত সাধারণ ব্যবস্থা হইতে কয়েকটী সমস্যারও আবির্ভাব হয়। যে কোন বিষয়ে এক অবস্থা হইতে অপর অবস্থায় হঠাৎ লইয়া গেলেই সমস্যা কিছু না কিছু আসিবেই। উহাদের সাধারণের জন্য বিশেষজ্ঞেরও আবশ্যক। শ্রমিক বণ্টনের ব্যাপারেও কয়েকটী সমস্যার উদ্ভব হইয়া থাকে, যথা—শ্রমিক চলাচল বিষয়ে, অযথা বহু শ্রমিক না আসিয়া পড়ে। অনাবশ্যক লোক এক বিষয় হইতে অন্য বিষয়ে যেন না যায়। যে স্থলে সমর উপকরণ প্রস্তুতের কারখানা আছে সেখানে বহু শ্রমিক আসিয়া থাকিতে বাধ্য হয়, সেই জন্য সামাজিক অবস্থারও কিছু কিছু পরিবর্ত্তন হওয়া সম্ভব।

জার্ম্মাণিতে শ্রমিক বণ্টন শীর্ষক প্রবন্ধটী অনুবাদিত হইয়া প্রকাশিত হইয়াছে। ডাঃ বাইসিগেল কর্তৃক রাইখ-সারবাইট্‌স্‌ব্লাট নামক পত্রিকায় প্রকাশিত হয় প্রথম। লেখক প্রধানতঃ দুইটী প্রয়োজনীয় ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেন শ্রমিক সংগ্রহের ক্ষমতা অর্পণ করা হয় যাহাকে, তাহাকে যথেষ্ট শক্তি দান করা হয় এবং দ্বিতীয়—নিয়োগ ও বরখাস্ত সম্বন্ধে খুবই বেশী রকম শাসন রাখা হয়। লেখক অবশ্য ইহাও বলিয়াছেন যে, কেবলমাত্র এইসকল উপায় দ্বারা ক্রমবর্দ্ধমান শ্রমিকের চাহিদা মেটানো সম্ভবপর নহে। যে যে বিষয়ে নিযুক্ত হইবে তজ্জন্য বিশেষ দক্ষতা অর্জ্জন করা, যান্ত্রিক শিক্ষা দেওয়াও বিশেষ প্রয়োজনীয় কার্য্য। ১৯৩৯ সনের একটী আইন পাশ হয় তদ্দ্বারা "ওয়ার্কবুক" সিস্টেম করা হয় এবং সেই জন্যই উপরিউক্ত কার্য্যের সুবিধা হইয়া যায়।

দেখা যায় যে, ১৯৩৬ সনের হেমন্তকালের সময়েই নিয়োগ কার্য্যালয় হইতে প্রায় ২২ মিলিয়ন শ্রমিককে ওয়ার্কবুক দেওয়া হইয়াছিল। ১৯৩৯ সনের সকল প্রকার শ্রমিকদেরই ওয়ার্কবুক রাখার বাধ্যতামূলক নিয়ম হওয়ায় ১৪ মিলিয়ন আরও ওয়ার্কবুক দেওয়া হয়।

প্রত্যেক ওয়ার্কবুকের সহিত একটী করিয়া ইনডেক্স কার্ড দেওয়া থাকিত। কোথাও কোথাও বিশেষ উদ্দেশ্য হেতু ডুপ্লিকেট কার্ড, সার্টিফিকেট কার্ড এবং সাপ্লিমেণ্টারি কার্ডও রাখা হইত। উহাতে বইয়ের দার মর্ম্ম লিখিত

থাকে। ওয়ার্কবুক ও কার্ড ইনডেক্স যাহাতে ঠিক আধুনিকতম থাকে তাহার জন্য উভয়কেই আধুনিকতম করার চেষ্টা হয়। প্রত্যেক বিশেষ ধরণের কার্য্যের পরিবর্ত্তন অথবা ব্যবস্থার বিষয়ে ইহাতে লিখিত হয়।

শান্তির সময় হইতে যুদ্ধের সময়ে নিয়োজিত শ্রমিকদের যাহাতে কোন অসুবিধা না উপস্থিত হয় তজ্জন্য এমপ্লয়মেণ্ট অফিস প্রথম হইতেই হিসাব করিয়া রাখিয়াছে যে, প্রত্যেক প্রয়োজনীয় সৈনিকের কলকারখানায় কত শ্রমিক আবশ্যক। যেখানেই মিলিটারি সার্ভিসের জন্য লোক আবশ্যক হইবার সম্ভাবনা থাকে সেখানেই কার্ড ইনডেক্স মিলাইয়া তাহার স্থলে লোক বদলি দেওয়া হয়। সঙ্গে সঙ্গে নূতন শ্রমিক যাহাতে কার্য্য শিক্ষা করিয়া অন্যান্য শিল্পের চাহিদা মিটাইতে পারে তাহার ব্যবস্থা করা হয়।

নিউজিল্যাণ্ডে "ওয়াটার ফ্রন্ট কণ্ট্রোল" কমিশন সম্বন্ধে প্রবন্ধটীতে নিউজিল্যাণ্ড হইতে যুদ্ধের সময়ে প্রধান উৎপন্ন দ্রব্যের রপ্তানির বিষয় লিখিত হইয়াছে। কাজেই জাহাজ সম্বন্ধেও আলোচনা আসিয়া পড়ে। নিউজিল্যাণ্ড নিজে যতটা বিজড়িত তাহাতে উহার জাহাজ মিলিটারি ও জাতীয় উদ্দেশ্যে ব্যবহার বন্ধ করিয়া দিয়াছে। অন্যান্য জাহাজ ডুবি হইয়াছে। কয়েকটী কার্গো মাত্র দক্ষিণ আমেরিকার বাণিজ্যের জন্য ব্যবহৃত হইয়া থাকে। কাজেই প্রধান সমস্যা হইল যে সীমাবদ্ধ জাহাজের স্থান কিভাবে কার্য্যকরী ও সঙ্কুচিতভাবে ব্যবহার করা যায়। এই জন্য গভর্ণমেণ্ট মনে করেন যে, শিপিং ইনডাষ্ট্রির সমাক্ ব্যবহার বৃদ্ধি করিতে হইলে লোডিং এবং আনলোডিংএর ব্যাপার সম্পূর্ণ বদলাইয়া দিতে হইবে।

সেই জন্য একটী কমিটী গঠিত হইল যাহাতে রেলওয়ে, এবং মেরিণ ডিপার্টমেণ্টের সদস্য সকল গৃহীত হইল। তাহারা জলের ধারে কার্য্যাদি সম্বন্ধে ঠিক বর্ণনা দিবে এবং কিভাবে জাহাজ সব চেয়ে বেশী কাযে লাগান যায় তাহার বিষয়ে উপায় নির্দ্ধারণ করিবে। ১৯৪০ সনের মার্চ্চ মাসে উক্ত কমিটি একটী বিবরণী দেয়।

"দি লষ্ট পিস্" বা অপহৃত শান্তি শীর্ষক প্রবন্ধে হারল্ড বাটলার দেখাইয়াছেন যে, আন্তর্জ্জাতিক প্রতিষ্ঠান এই আন্তর্জ্জাতিক যুদ্ধে কোন উপকারেই আসিল না। তাহা ইতিহাস ও সাহিত্যের একটা খুবই বড় ঘটনাস্বরূপ। মিঃ বাটলার বলেন যে, শান্তি বিনষ্ট হইবার প্রথম ও প্রধান কারণ হইল জনসাধারণের শান্তির জন্য আপ্রাণ চেষ্টা এবং তাহাই হইল ডিক্টেটরদের সম্পত্তি যাহার উপর নির্ভর করিয়াও তাঁহারা বিশ্বশক্তির জন্য চেষ্টা করিতে উদ্যত হইয়াছেন। বন্‌টিবিউটারি কারণস্বরূপ লেখক দেখান যে, এই যুদ্ধের যান্ত্রিক উন্নতির বিষয় ( যুদ্ধে অথবা শান্তির সময়ে ) কেহই ঠিক পরিমাপ করিতে না পারা। পৃথিবীতে সকল স্থানেই নূতন প্রণালীর উদ্ভাবন ও নূতন ধরণের ব্যবসা ও শিল্প গঠিত হইয়া উঠিয়াছে।

"দি ফ্যামিলি পাষ্ট এণ্ড প্রেসেন্ট"; বার্ণহার্ড জে ষ্টার্ন কর্তৃক সম্পাদিত; এ্যাপ্লটন সেঞ্চুরি কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; পৃঃ ৪৬১; মূল্য ২·৭৫ ডলার।

প্রোগ্রেসিভ্ এডুকেশন এসোসিয়েশন কর্তৃক এই পুস্তকখানি প্রচারিত হয়। আধা ঐতিহাসিক ভাবে সঙ্কলিত তথ্যাদি পুস্তকখানিতে লিখিত হইয়াছে। আদিম সমাজের সাইস্থ্যজীবন সম্বন্ধে প্রথম অধ্যায়টী লিখিত হইয়াছে। উক্ত অধ্যায়ের অধিকাংশ মধ্যযুগের ইয়োরোপের অবস্থা ও অতীত পৃথিবী লইয়া পর্য্যালোচনা। তাহার পরে চৈনিক ও ইসলামিক কৃষ্টি সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। কিন্তু তাহার ঠিক পরবর্ত্তী অধ্যায় দুইটীতে বাণিজ্যিক ও শিল্পসম্বন্ধীয় আমূল পরিবর্ত্তন এবং আমেরিকায় ঔপনিবেশিক গৃহস্থ সম্বন্ধে যখন আলোচনা করা হইয়াছে তখন যেন মনে হয় পাঠককে আধুনিক আমেরিকায় লইয়া আসা হইয়াছে। বাকী পুস্তকের অর্দ্ধাংশে এই যুগের আমেরিকার গৃহস্থ ঘরকন্না সম্বন্ধেও আলোচনা করা হইয়াছে। বইখানিতে প্রায় একশতটী সঙ্কলন আছে, এবং অধিকাংশ স্থলই ঐসকল সঙ্কলন বর্ণনা প্রসূত অথবা বাস্তব ঘটনা লইয়া রচিত।

বহু সাহিত্য হইতে ঐসকল সঙ্কলন করা হইয়াছে। গল্প, ঐতিহাসিক গ্রন্থ এবং বৈজ্ঞানিক পুস্তকাদিও বাদ যায় নাই।

বইখানিতে বহু ছবি ও গ্রাফ দেওয়া হইয়াছে যদিও তাহার দ্বারা উহার বিশেষ কোন উন্নতি সাধন করা হয় নাই। প্রত্যেকটী অধ্যায় আরম্ভের সময়ে সম্পাদকীয় মন্তব্য আছে।

"ফ্যামিলি এণ্ড কমিউনিটি ইন আমেরিকা"; কার্ণার্ড এম আরেন্সবার্গ এবং সোলন টি কিমবল কর্তৃক লিখিত; হার্ভার্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৪০; পৃঃ ৩২২; মূল্য ৩·৫০ ডলার।

আমেরিকার ক্লেয়ার কাউন্টিতে দুইজন মানবতত্ত্ববিদ্ সামাজিক প্রতিষ্ঠান সমূহের সম্বন্ধে মনোরম বিবৃতি প্রদান করিয়াছেন। অনুসন্ধান দ্বারা যে সংখ্যা সংগ্রহ করা যায় তাহাতে জানা যায় যে, ক্ষুদ্র চাষীরা তাহাদের বাড়ীর লোকের শ্রমের উপরেই প্রধানতঃ নির্ভর করে এবং বড় বড় চাষীরা প্রধানতঃ ভাড়া করা শ্রমের দ্বারা কার্য্য পরিচালনা করিয়া থাকে। ছোট চাষীদের "ইকনমি" (ব্যয়-বাহুল্যতার) সম্বন্ধে আলোচনা করার পরে, গৃহস্থের শ্রম সম্বন্ধে বিশ্লেষণ করা হইয়াছে। কয়েকটি অধ্যায়ে দেখানো হইয়াছে ব্যক্তির সহিত সমষ্টির কিরূপ আত্মীয়তা।

সমস্তগুলিকে সংক্ষিপ্তভাবে বলিতে গেলে বলা চলে যে, আমেরিকার পল্লীজীবনের সমাজতত্ত্ব এবং তাহার ছোট ছোট চাষীদের জীবনধারণের পন্থা কেবলমাত্র দুইটী প্রতিষ্ঠানের ভিতর হইতে সুপ্রকাশিত হয়, তাহারা হইল গৃহস্থ এবং পল্লীসমাজ (পৃঃ ৩১১)। উক্ত দুইটী প্রতিষ্ঠানই পরস্পর আত্মীয়তাসূত্রে আবদ্ধ। এই দুইটী প্রতিষ্ঠানের অন্তর্গত পাঁচটী বিভিন্ন প্রতিষ্ঠানের নাম করা যায় যথা :—১। গৃহস্থদের আত্মীয়তার ধরণ, ২। বয়ঃক্রম অনুসারে এবং বংশপরম্পরা হিসাবে আত্মীয়তা, ৩। যৌন অনুষ্ঠানের সম্বন্ধাদি, ৪। স্থানীয় শ্রমিকের বিভাগ ও তাহাদের পরস্পরে সম্বন্ধ, ৫। ইকনমিক এক্সচেঞ্জ এবং মেলা ও বাজারের মধ্যে বণ্টন প্রভৃতির পারস্পরিক সম্বন্ধ।

পল্লীসমাজের বিষয় যাঁহারা আলোচনা করিয়া থাকেন, তাঁহাদের নিকটে এই বইখানির (মেথডলজিক্যাল) প্রণালী-সম্বন্ধীয় ধারণা ও চিন্তাগুলি উপকারে আসিতে পারে।

"উইজডম ইন কণ্ডাক্ট এ্যান ইন্ট্রোডাকশন টু এথিকস্" ক্রিষ্টোফার ব্রাউনি গার্নেট কর্তৃক লিখিত; নিউইয়র্ক, ১৯৪০; হারকুর্ট, ব্রেস এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; পৃঃ ৪৪৮।

বইখানি প্রধানতঃ সাধারণ লোকের জন্যই লিখিত হইয়াছে। ইহার সূচী ও পুস্তকতালিকাটী খুবই চমৎকার হইয়াছে। "উইজডম টুন কণ্ডাক্ট বলিলে কি বুঝায় তাহা বলিতে গিয়া লেখক বলিয়াছেন যে "মানুষের জ্ঞান, বিচারশক্তি ও ভালমন্দের কোনটীতে আস্থা আছে তাহার বাস্তব প্রমাণ যখন আচরণের মধ্য দিয়া বৎসরের পর বৎসর প্রকাশিত হয় তখনই আচরণে জ্ঞানী হওয়া যায় (পৃঃ ১৩)। এথিকসের প্রধান চারিটী মত লইয়া বিশদরূপে আলোচনা হইয়াছে যথা:—১ম হাইট রুলস্, যে মতটী কাণ্ট, বুদ্ধ এবং প্লেটো কর্তৃক অনুসৃত হইয়াছে। ২য় "দি গুড"—ইহা এপিকিউরিয়ন, হবস্ এবং বেনথাম কর্তৃক প্রচারিত হইয়াছে। ৩য়—"ইনার লাইফ" লাওৎসে, কোহেলেথ এবং টলস্টয় কর্তৃক গৃহীত হয়। ৪র্থ—"দি গ্রুপ" হেগেল, মার্ক্স, কোং এবং জেন এ্যাডামস্ কর্তৃক গৃহীত। "উইজডম ইন কণ্ডাক্ট" উপরি উক্ত চারটী মতগুলির আংশিক সংমিশ্রণে গঠিত, তাহা অনুসৃত হয় কনফিউসিয়াস, সক্রেটিস এবং এ্যারিস্টটল কর্তৃক। এই শ্রেষ্ঠগুলিকে ঐতিহাসিক প্রমাণ দ্বারা সমর্থিত করিয়া পরে এথিকসের সমস্যাগুলির সম্বন্ধে নিয়োজিত করা হয়। এথিকসের সমস্যাগুলিকে চারভাগে বিভক্ত করা হইয়াছে—১ম পসিটিভ এবং ২য় নেগেটিভ, ৩য় পার্সোন্যাল এবং ৪র্থ গ্রুপ্যাল। ব্যক্তিগতভাবে দারিদ্র্য, অসুখ, বিফলতা, মৃত্যু প্রভৃতি নেগেটিভ; ক্রীড়া, বিদ্যা, বিবাহ, বন্ধুত্ব প্রভৃতি পজিটিভ। আবার নেগেটিভের মধ্যে সমষ্টি-গত দারিদ্র্য, অসুখ, অপরাধ, যুদ্ধ ইত্যাদি আছে, কিন্তু গভর্ণমেণ্ট শিল্প, ছাপাখানা, বেতার, ধর্ম্ম প্রভৃতি হইল পসিটিভ।

"ন্যাশন্যালিসম: এ রিপোর্ট বাই এ ষ্টাডি গ্রুপ অব নেমবার্স অব দি রয়্যাল ইনসটিটিউট অব ইণ্টারন্যাশন্যাল এ্যাফেয়ার্স" অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ৩৬০: মূল্য ৩'৭৫ ডলার।

উনবিংশ ও বিংশ শতাব্দীর প্রধান নীতি হইল জাতীয়তা এবং ইহাই হইল গঠনমূলক ভাবাদর্শ। ভার্সাইলিসের ট্রিটি লেখকের মতে জাতীয় আত্মরক্ষার প্রধান ভিত্তি। উক্ত ট্রিটির পর হইতে প্রায় বিশ বৎসর ধরিয়া একরকম বলা হইতেছে যে, এই জাতীয়তাবাদের নানারকম প্রকাশ পাইয়াছে বহুপ্রকার আলোড়নের মধ্য দিয়া এবং তাহার শেষ পরিণতিতে আসিয়াছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ। নেশন বলিলে বুঝায় একটী রাজনৈতিক একক এবং জাতীয়তা হইল সঙ্ঘের নিদর্শন।

আধুনিক যুগে এই ধরণের ভাবধারার জন্যই ন্যাশন্যালিসম বা জাতীয়তা সম্বন্ধে গবেষণা করার প্রয়োজন আছে। সেই কাজ যখন রয়্যাল ইনসটিটিউট অব ইণ্টার-ন্যাশন্যাল এ্যাফেয়ার্স কর্তৃক গৃহীত হইয়াছে তখন বুঝিতে হইবে যে, ইহা সত্যই উচ্চস্তরের বস্তুতে পরিণত হইবে। ষ্টাডি গ্রুপের বিবরণী সংগ্রহের প্রথা যে কতদূর উপযোগী তাহা পূর্ব্বে কলোনিয়াল প্রব্লেম সম্বন্ধে প্রমাণিত হইয়াছে, ব্রিটিশ এম্পায়ার সম্বন্ধে রচনাতে প্রমাণিত হইয়াছে এবং রিপাবলিক অব সাউথ আমেরিকা সম্বন্ধেও একই কথা বলা চলে। সেই হেতু উক্ত প্রথাই এই পুস্তক রচনা সম্বন্ধেও অবলম্বন করা হইয়াছে। আধুনিক ন্যাশন্যালিসম বা জাতীয়তা সম্বন্ধে এই পুস্তকে সুচারুরূপেই আলোচনা করা হইয়াছে। জাতীয়তা আন্দোলনের বিভিন্ন গতির বিশ্লেষণ করা হইয়াছে। ইয়োরোপ, আমেরিকা ও এশিয়ার ঐতিহাসিক ঘটনা অবলম্বন করিয়া "মালটি-ন্যাশন্যাল ষ্টেট" বহুজাতি সন্নিবেশিত রাষ্ট্র ও জাতীয়তা নীতি প্রসূত সমস্যাগুলিও যথাসম্ভব পরীক্ষা করা হইয়াছে।

সমাজবিজ্ঞানবিদের পক্ষে এই পুস্তকখানি উপকারে আসিতে পারে। তাহার কারণ হইল ইহা এক-মাত্র রাজনৈতিক বা মনস্তাত্ত্বিক দিক্ হইতে আলোচিত হয় নাই। কিন্তু "গ্রুপ ইনটিগ্রেসনের" দিক্ হইতে আর স্থায়ী চিন্তার দিক্ হইতেও ইহা লিখিত হইয়াছে।

"দি মাইণ্ড অব্ দি ডুয়ার এণ্ড আদ্ অব দি ফাইল" ; এ্যালবার্ট এল অসবোর্ণ কর্তৃক লিখিত ; বয়িড্ প্রিন্টিং কোং কর্তৃক প্রকাশিত ; পৃঃ ২৩১ ; মূল্য ৪'৫০ ডলার।

"ল ইয়ার্স এণ্ড দি প্রোমোসন অব জাসটিস" এলথের লুসিলে ব্রাউন কর্তৃক লিখিত ; রাসেল সেজ ফাউণ্ডেসন কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; পৃঃ ৩০২ ; মূল্য ১'০০ ডলার।

৩। "ড্রাগ এ্যাডিক্টস আর হিউম্যান বিংস" ; হেনরি স্মিথ উইলিয়ম কর্তৃক লিখিত ; স' পাবলিসিং কোং কর্তৃক প্রকাশিত ; ওয়াশিংটন ডি, সি ; পৃঃ ২৭৩ ; মূল্য ২'৫০ ডলার।

৪। "নারকোটিক এ্যাডিকসন এস্ এ ফ্যাক্টর ইন পেটি লারসেনি ইন ডেট্রয়েট" ; এড্ওয়ার্ড সি এ্যাড্রি এবং মরিস ক্লক্ কর্তৃক লিখিত ; ডেট্রয়েট বিউরো অব মিউনিসিপ্যাল রিসার্চ ইনকর্পোরেসন কর্তৃক প্রকাশিত ; ডেট্রয়েট ; পৃঃ ২৩।

৫। "ম্যারিহিউয়ানা, আমেরিকান নিউ ড্রাগ প্রব্লেম" ; রবার্ট পি ওয়ালটন কর্তৃক লিখিত ; জে পি লিপিনকট কর্তৃক প্রকাশিত ; ফিলাডেলফিয়া ; ১৯৩৮ ; পৃঃ ২২৩ ; মূল্য ৩'০০ ডলার।

৬। "ইণ্ডাসট্রিয়াল রিলেসনস্ ইন গ্রেটবিটেন" ; (২য় সংস্করণ) জে হেনরি রিচার্ডসন কর্তৃক লিখিত ; পি, এস্, কিং কর্তৃক প্রকাশিত ; লণ্ডন ; ১৯৩৮ ; পৃঃ ২৯০ ; মূল্য ৪ শিলিং।

৭। বেন উইলাউচ ওয়ার্ক ; এ রিপোর্ট মেড টু দি পিলগ্রিম ট্রাষ্ট" ; ম্যাকমিলান কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৩৮ ; পৃঃ ৪৪৭ ; মূল্য ৩'০০ ডলার।

৮। "সোস্যাল ইনসিওরেন্স : এন্ এ্যানালিসিস অব জার্মাণ এণ্ড ব্রিটিশ অর্গ্যানিজেসন" ; সি, এ, কাল্ল কর্তৃক লিখিত ; সোস্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল কর্তৃক প্রকাশিত ; ওয়াশিংটন ; ১৯৩৮ পৃঃ ৩৩৩ ; মূল্য ২'৫০ ডলার।

৯। "দি ফারিসিস" ; (২য় ভলিউম) ; লুই ফিনকেলটাইন কর্তৃক লিখিত ; দি জুইস পাবলিকেসন সোসাইটি অব আমেরিকা কর্তৃক প্রকাশিত ; ফিলাডেলফিয়া ; ১৯৩৮ ; মূল্য ২'৫০ ডলার (প্রতি ভলিউম)।

১০। "রেসিয়াল প্রোভার্বস" ; সেলউইন্ জি, চ্যাম্পিয়ন কর্তৃক লিখিত ; ম্যাক্মিলান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৩৮ ; পৃঃ ৭৬১ ; মূল্য ১০'০০ ডলার।

১১। "ফ্যামিলিয়ে, ফোক্ উণ্ড হাট" ; আলফ্রেড্ ফিয়ার কাণ্ডট্ কর্তৃক লিখিত ; ফাডিনাণ্ড এন্কে ফারলাগ কর্তৃক প্রকাশিত ; ষ্টুপার্ট ; ১৯৩৮ ; পৃঃ ১৪০ ; আর এম ৩'৪০।

১২। "ভেরনের সোমবার্ট এণ্ড হিজ টাইপ অব ইকনমিক্স" ; এম্ জে প্লটনিক কর্তৃক লিখিত ; একো প্রেস কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৩৭ ; পৃঃ ১৩৩ ; মূল্য ২'০০ ডলার।

১৩। "ডু এ্যাডোলেসেণ্টস্ নিড্ পেরেণ্টস্" ; ক্যাথারিন হোয়াইট সাইড্ টেলর কর্তৃক লিখিত ; নিউ ইয়র্ক ; ১৯৩৮ ; এ্যাপ্লটন সেঞ্চুরি কর্তৃক প্রকাশিত ; পৃঃ ৩৮০ ; মূল্য ২'৫০ ডলার।

# দারিদ্র্য দর্শন ও মজুরি-তত্ত্ব

শ্রীবিনয়কুমার সরকার

( পূর্ব্বানুবৃত্তি )

## সনাতন দারিদ্র্য ও মজুরি-তত্ত্ব

অথাতো দারিদ্র্য-জিজ্ঞাসা। এই জিজ্ঞাসাটা একমাত্র মজুরি-তত্ত্বের জিজ্ঞাসা নয়। সমগ্র ধনবিজ্ঞানের আসল জিজ্ঞাসাই এই। ধনবিজ্ঞানকে দারিদ্র্য-বিজ্ঞান বলা বর্ত্তমান লেখকের দস্তুর। মানুষের পক্ষে ইহার চেয়ে বড় প্রশ্ন আর নাই।

কি এশিয়ায়, কি ইয়োরামেরিকায় দারিদ্র্যই সামাজিক সাহিত্যের সনাতন বিষয়-বস্তু। ফরাসী অর্থশাস্ত্রী কেনে তাঁহার "তাব্‌লা একনমিক" (১৭৫৮) গ্রন্থে অষ্টাদশ শতাব্দীর ফরাসী কৃষকদের আর্থিক দুর্গতি চিত্রিত করিয়াছেন। আমরা মুকুন্দরামের "চণ্ডীতে" (১৫৮৯) ষোড়শ শতাব্দীর বাঙালী কৃষকদের প্রায় সেইরূপ দুরবস্থার কাহিনীই লিপিবদ্ধ দেখিতে পাই।

ঊনবিংশ শতাব্দীর ইয়োরোপ সম্বন্ধে দারিদ্র্য-বিষয়ক গবেষণা পল্লীসমাজ আর কৃষকশ্রেণীতে আবদ্ধ নয়। একালে শহরে দারিদ্র্য ও ফ্যাক্টরির মজুরদের দুরবস্থা সম্বন্ধে আলোচনার রেওয়াজই বেশী দেখা যায়। ১৮১৭ সনে প্রকাশিত হয় ইতালিয়ান অর্থশাস্ত্রী জায়া-প্রণীত "লাস্থ্‌ য়ালে মিজারিয়া" (একালের দারিদ্র্য)। ফরাসী-সুইস অর্থশাস্ত্রী সিস্‌মঁদি-প্রণীত "নুভো প্র্যাসিপ দেকোনোমী পোলিটিক" ( ধনবিজ্ঞানের নয়া সূত্র ) গ্রন্থ বাহির হয় ১৮২৭ সনে। ইহাতে দরিদ্র শ্রেণীর আর্থিক ও সামাজিক দুর্গতির উপর জোর দেওয়া হইয়াছে।

বিলাতী কমন্স সভার ( ১৮৩১-৩২ ) সিলেক্ট কমিটীর রিপোর্টে রামমোহন রায় ভারতের অবস্থা বিবৃত করিয়াছেন। তাহাতে ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে আমাদের কৃষক ও মধ্যবিত্ত সম্প্রদায়ের জীবনযাত্রা-প্রণালী কিরূপ শোচনীয় ছিল জানিতে পারা যায়। ইয়োরোপীয়ানদের লিখিত সমসাময়িক বিবরণীতে দেখিতে পাই যে, ইয়োরোপের বিভিন্ন দেশেও ঠিক এই ধরণের শোচনীয় অবস্থা বর্ত্তমান ছিল।

ইংরেজ অর্থশাস্ত্রী জন ষ্টুয়ার্ট মিল তাঁহার "প্রিন্সিপল্‌স্ অব্‌ পোলিটিক্যাল ইকনমি" ( ধনবিজ্ঞানের মূলসূত্র, ১৮১৮ ) নামক গ্রন্থে মজুরদের ভবিষ্যৎ সম্পর্কে গুরুত্বপূর্ণ কথা বলেন। তাঁহার বক্তব্য নিম্নরূপ :—"ধরিয়া লইলাম যে, মজুরির হার কোথাও কোথাও উঁচু। কিন্তু কাজটার ভিতর মজুরদের কোনো ব্যক্তিগত স্বার্থ বা আগ্রহ নাই। অন্যের হুকুম তামিল করা তাহাদের একমাত্র ধান্ধা। আর লাভ যা-কিছু তা মালিকের। এই অবস্থা নিতান্ত অসহনীয়। কেননা মানুষ আজকাল খানিকটা শিক্ষিত হইয়াছে। অধিকন্তু একালে মনিবদের চেয়ে মজুরেরা নিজেকে ছোট ভাবিতে নারাজ।"

দেশের অধিকাংশ লোক চিরকাল বা আরও অনেক দিন পর্য্যন্ত অপরের জন্য লকড়ি কাটিয়া আর জল তুলিয়া জীবনধারণ করিবে এবং অপরের সেবা করিবে মিল তাহা আদৌ বিশ্বাস করিতে প্রস্তুত ছিলেন না। মজুরগণ নিয়মবদ্ধ যন্ত্রহিসাবে ধনোৎপাদনের কাজে—বিশেষতঃ যে কাজে তাহাদের নিজ স্বার্থ নাই,—সাহায্য করিতে ক্রমশই কম রাজি হইবে, এই ছিল মিলের নিঃসন্দেহ ধারণা।

মিলের চিন্তাধারার ভিতর এইসমস্ত সমাজতান্ত্রিক বা কমিউনিষ্ট বা কম্‌-সে-কম্‌ চরমপন্থী মত দেখা যায়। এই সব বাণী দেখিয়া তাঁহাকে দুই চিন্তাজগতের ভিতরকার পুল স্বরূপ বিবেচনা করা যায়। এই পুলের এক দিকে প্রতিযোগিতামূলক অর্থনৈতিক চিন্তা, সনাতন ক্লাসিক ধনবিজ্ঞান। অপর দিকে সমাজতন্ত্রবাদের "মুক্ত দেহি" অথবা আর্থিক

লেনদেন-সম্পর্কে মজুর-নিষ্ঠ অর্থশাস্ত্র। ১৮৮৩-১৮৮৯ সনের যুগে জার্মাণ রাষ্ট্রবীর বিসমার্কের নেতৃত্বাধীনে সমাজবীমা প্রতিষ্ঠিত হইয়াছে। তাহার পর হইতে আর্থিক দুনিয়া মিল-প্রদর্শিত অথবা মিল-বাঞ্ছিত পথে বেশখানিক দূর আগাইয়া আসিয়াছে। আজকাল দেখিতেছি দুই জিনিষ। প্রথমতঃ নবীনীকৃত পুঁজিতন্ত্রের আদর্শ অনুসারে মালিকদের সমাজে মজুর-হিতচিন্তা, দ্বিতীয়তঃ, নবীনীকৃত সমাজতন্ত্রের আদর্শ অনুসারে মালিকদের সহিত বনিয়া চলিবার মজুর-নীতি। মিল-প্রচারিত পাঁতির ভিতর যেসকল অর্দ্ধ-নিষ্ঠিত সৌধের আদর্শ বিধৃত আছে সেই সমুদয়ের পূর্ণতা সাধন বর্ত্তমানে দেখিতে পাইতেছি।

কিছুকাল পূর্ব্বে এক অদ্ভুত অবস্থা ছিল। তখন—অতি-বেশীদিনের কথা নয়,—সমস্যা ছিল বিচিত্র। মজুরির সাহায্যের জন্য কোনো ব্যবস্থা করিলে মজুরির হার কমিতে পারে কিনা এই ছিল ভাবনা। রাষ্ট্রশাস্ত্রী ও অর্থশাস্ত্রীরা বিশেষ চিন্তায় পড়িতেন। উদাহরণস্বরূপ ইংরেজ অর্থশাস্ত্রী মার্শ্যালের কথা উল্লেখ করা যাইতে পারে। অধিকাংশক্ষেত্রেই মজুরি কমিবে বলিয়া তিনি যুক্তি প্রদর্শন করিয়াছেন। কিন্তু তিনি উল্টা কথাও বলিয়াছেন। নিষ্ঠিষ্ট কতকগুলা অবস্থায় মজুরি কমিতে পারে। এই ছিল তাঁহার মত। কিন্তু সেই সকল অবস্থা সর্ব্বত্র দেখা যায় না। অতএব সরকারী সাহায্যের ব্যবস্থায় মজুরি অনেক ক্ষেত্রেই না কমিতেও পারে।

নির্ধনদের জন্য ধনীদের উপর ট্যাক্স বসাইলে মজুরির হার কমিবে এইরূপ সন্দেহও প্রকাশ করা হইত। ইংরেজ সমাজ-সেবক চার্লস্ বুথ ধনীর উপর ট্যাক্স বসাইবার প্রস্তাব করেন। বুথের প্রস্তাবের বিরুদ্ধে মত গঠিত হয়। মার্শ্যাল কিন্তু বলেন যে, কোনো কোনো অবস্থায় পুঁজির উপর চড়া ট্যাক্স প্রবর্ত্তন সত্ত্বেও মজুরি কমিবে না। আমাদী সমাজ অর্থাৎ দেশের তরুণ-তরুণীদের মঙ্গলের জন্য ট্যাক্স হইতে পাওয়া টাকা খরচ হইলে মজুরি কমিতে পারে না। অধিকন্তু গোটা দেশের ভিতর স্বাস্থ্যরক্ষা ও শিক্ষাবিস্তার সম্বন্ধে কড়া আইন জারি থাকিলেও মজুরির হার কমিতে পারে না। এই ছিল মার্শ্যালের মত।

আর একটা কথাও শুনা যাইত। অনেকে বলিত যে, দারিদ্র্য চরমে না উঠা পর্য্যন্ত ধনীদের উপর ট্যাক্স চাপাইয়া গরীবের স্বার্থে টাকা খরচ করা অন্যায়। মার্শ্যাল এ মতবাদ মানিয়া লইতে আদৌ প্রস্তুত ছিলেন না। তিনি বলেন, "ধীরভাবে নিজের দুঃখকষ্ট সহ্য করার মতন ধীরভাবে পরের দুঃখকষ্টে অবিচলিত থাকা নিশ্চয়ই ভাল। কিন্তু এই ধীরতা, সহিষ্ণুতা আর অবিচলিত থাকার বাড়াবাড়িও হইতে পারে। এই সবের সীমা আছে।" তিনি আরও একটী সুন্দর কথা বলিয়াছেন। "অনেকের ধারণা,—বর্ত্তমানে যে দরিদ্র-সেবা ও দান-খয়রাতের যে ব্যবস্থা আছে তাহার ফলে কিছুদিন বাদে আর দুঃখকষ্ট কিছুই থাকিবে না। সামান্য যা-কিছু দুঃখ-কষ্ট থাকিবে তাহা লোকের সাহস, শিক্ষা ও শক্তি-বৃদ্ধির জন্য প্রয়োজনীয়। সুতরাং বর্ত্তমান সমাজ-ব্যবস্থা সহ্য করিয়া চলাই শ্রেয়ঃ। কিন্তু এই সহ্য করা আমার মতন অনেকের নিকট দুর্ব্বিসহ আকারই ধারণ করিয়াছে। কারণ আমার বিবেচনায় এখনো অনেক দুঃখকষ্ট আছে এবং তাহার প্রকোপও খুব বেশী। লোক-শিক্ষার উদ্দেশ্যে আর চরিত্র গঠনের উদ্দেশ্যে যতটা কষ্ট স্বীকার আবশ্যক তার চেয়ে বেশী কষ্ট বর্ত্তমানে জুটিতেছে।"

মার্শ্যালের এই সমস্ত বাণী দেখিলে বুঝা যায় যে, তিনি মিলের পন্থারই অনুসরণ করিয়া চলিয়াছেন। মিলের প্রিন্সিপ্‌ল্‌স্ ( ধনবিজ্ঞানের মূলসূত্র ) গ্রন্থ আর মার্শ্যালের "ওফিসিয়াল পপারেস্" নামক সরকারী তদন্ত সংক্রান্ত প্রবন্ধাবলী এক সুরে গাঁথা। আমরা গরীব অনাথ ও মজুরদের আর্থিক ও সামাজিক মঙ্গল ও উন্নতি বিধানের জন্য দুই রচনাতে একই ধরণের আগ্রহ, আবেগ এবং ওকালতির আভাষ পাই। কিন্তু একটা মজার কথা উল্লেখযোগ্য। একালের ইংরেজ অর্থশাস্ত্রী কেনানের কথা পাড়িতেছি। আধুনিক জগতের অর্থনৈতিক প্রতিষ্ঠান-সমূহের মধ্যে কেনান সাম্য, নিরাপত্তা ও স্বাধীনতার প্রগতি বিশ্লেষণ করিয়াছেন। বিশ্লেষণটা বস্তুনিষ্ঠ এবং

অনেকাংশেই স্বীকারযোগ্য। বর্ত্তমান লেখকের বিবেচনায়ও সাম্য, নিরাপত্তা এবং স্বাধীনতা একালের জনসাধারণ আপেক্ষিকভাবে বেশ-কিছু ভোগ করিতেছে। ইহা মানিয়া লওয়া উচিত। কিন্তু দুঃখের কথা, তিনি মিলের যুক্তিধারা সমঝিতে পারিলেন না। মিল-প্রচারিত মজুর-প্রীতির প্রতি দোষারোপ করিয়াছিলেন। এমনকি কেনান মিলকে এইজন্য "ভাবালু" এবং "অপরিষ্কার মগজওয়ালা" লোক পর্য্যন্ত বলিয়া গালি পাড়িয়াছেন।

কেনান এইখানে স্বীকারযোগ্য নন। মজুর-প্রীতি, মজুর-মঙ্গল, দরিদ্র-সেবা, দারিদ্র্য-নিবারণ ইত্যাদিবিষয়ক যুক্তি ও ভক্তি সম্বন্ধে মিলকে আজও বাতিল বিবেচনা করা চলিতে পারে না। বর্ত্তমান যুগে মজুরি চড়িয়াছে, এবং সাম্য, নিরাপত্তা ও স্বাধীনতার যথেষ্ট উন্নতি হইয়াছে। এই কথা পূর্ব্বেই বলিয়াছি। তাহা সত্ত্বেও মিলের মতবাদ মানিয়া চলাই উচিত। কেননা দারিদ্র্য, দুঃখ, দুর্গতির বহর এবং আকার-প্রকার আজও অমানুষিক অবস্থায়ই রহিয়াছে।

একালের জার্ম্মাণ অর্থশাস্ত্রী আডোল্‌ফ্ ভেবার সেকালের জার্ম্মাণ অর্থশাস্ত্রী লাসাল-প্রবর্ত্তিত মজুরির লৌহ নিয়ম নিম্নলিখিতরূপে খণ্ডন করিয়াছেন। তিনি বলেন :—এই নিয়ম স্বীকার করা যায় যদি একটা সর্ত্ত স্বীকার করিয়া লই। মেহনতের পরিমাণ ( অর্থাৎ মজুর-সংখ্যা ) মেহনৎ উৎপাদনের খরচা অর্থাৎ মজুর-প্রতিপালন, মজুরের শিক্ষা-প্রদান প্রভৃতির দ্বারা নির্দ্ধারিত হয়। এক কথায়, মজুরি-বৃদ্ধির সঙ্গে-সঙ্গে সেই অনুপাতে মজুরের সংখ্যাও বাড়িয়া যায়।" ভেবারের বিচারে এই অবস্থা বাস্তবজগতে ঘটে না। তাঁহার পক্ষে লৌহ-নিয়ম স্বীকার করা সম্ভব হইতে পারে অন্য এক অবস্থায়। ধরা যাউক যেন অর্থনৈতিক ও রাজনৈতিক কুশাসন চলিতেছে। দেশে পুঁজিপাটার পরিমাণ খুব কমিয়া গেল। তাহা হইলে বাজারে যেসব মজুর নকরি চুঁড়িতেছে তাহাদিগকে কাজে লাগাইবার মতন পুঁজি মিলিবেনা। এই অবস্থায় মজুরির লৌহ-নিয়ম খাটিতে পারে। কিন্তু সেই অবস্থা সর্ব্বদা ঘটে না। এই গেল ভেবারের দুই সর্ত্ত। প্রথম সর্ত্তবিষয়ক অভিমতটী অতিরিক্ত আশাব্যঞ্জক বটে কিন্তু একেবারে ফেলিবার নয়। ভেবারের দ্বিতীয় সূত্রে মানবজাতিকে হামেশা নতুন-নতুন পুঁজি ও নয়া-নয়া আর্থিক ক্রিয়াকাণ্ডের জন্য তৈয়ারি হইতে বলিতেছে। অধিকন্তু আর্থিক ও রাষ্ট্রিক বে-বন্দোবস্ত ও কুশাসনের বিরুদ্ধে সজাগ থাকিবার জন্য ভেবার সকলকে উপদেশ দিয়াছেন। দ্বিতীয় মতটি যেমন সন্দেহজনক তেমনি গ্রহণযোগ্যও বটে।

ভেবার-প্রচারিত এইসমস্ত অর্থনৈতিক মত ও সূত্র প্রভৃতির প্রতি সহানুভূতিশীল হওয়া অসম্ভব নয়। কিন্তু অর্থশাস্ত্রীদের পক্ষে মজুরি-ঘটিত বাস্তব অবস্থা সম্বন্ধে অন্ধ হইয়া থাকিলেও চলিবে না। মজুর-বাজারের কেনা-বেচা অর্থাৎ মজুর-নিয়োগ, মজুর বরখাস্ত করণ ইত্যাদি কান্ড সংসারের সুখময় ঘটনা নয়। কারবারের সর্ত্তগুলা দস্তুর মতন অসন্তোষজনক। মজুরির দ্বারা প্রাথমিক অভাব-অভিযোগই মোচন করা কঠিন। সুখ-স্বাচ্ছন্দ্য প্রভৃতির সন্ধান করা ত দূরের কথা। মজুরদেরকে সম্মান-সূচক মেডেল বা অন্যান্য খেতাব দিবার ব্যবস্থা হইয়াছে। তাহারা পারিবারিক ভাতা পাইতেছে। বিলাতী বেকার-বীমার ব্যবস্থায় যথোচিত চাঁদা না দিয়াও মজুরেরা বীমা-ভাণ্ডার হইতে সাহায্য পায়। জার্ম্মাণিতে হিট্‌লারী ব্যবস্থায় "শীতকালীন সাহায্য" চলিতেছে। নানা নামে এই সবই পরিপূরক মজুরি ছাড়া আর কিছু নয়। পরিপূরক মজুরির উপর মজুরি-ব্যবস্থা নির্ভর করিতেছে। যতদিন এই ব্যবস্থা চলিবে ততদিন এই কলকারখানাবহুল যান্ত্রিক সভ্যতার চরম যুগেও আমরা বলিতে বাধ্য যে, মজুরি গঠনের কাজে লৌহ-নিয়মেরই জয়জয়কার চলিতেছে।

ফরাসী সমাজশাস্ত্রী বুগ্‌লে কলকারখানায় গণতন্ত্রের সমর্থক সিণ্ডিক্যালিষ্টদিগকে মামুলি পার্লামেণ্টারী গণ-তন্ত্রেরই পতাকাবাহিরূপে সমঝিয়াছেন। বুগ্‌লের এই বিচার যুক্তিসঙ্গত নয়। সত্য কথা,—সিণ্ডিক্যালিষ্টপন্থী ফরাসী মজুরেরা মামুলি রাষ্ট্রিক গণতন্ত্রের তোয়াক্কা রাখে না।

উনবিংশ শতাব্দীর প্রথম দিকে মজুরদের আর্থিক ও সামাজিক অবস্থা শোচনীয় ছিল। সেই শোচনীয় অবস্থা

আজও চলিতেছে। সেকালের দুর্দশা মোচনের জন্য ফরাসী সমাজতন্ত্রী সাঁ-সিমঁ "আদর্শ কারখানা-ধুরন্ধরের আবির্ভাব আকাঙ্ক্ষা করিতেন।

ইংরেজ সমাজতন্ত্রী রবার্ট ওয়েন তাঁহার ভাবুকতায় "নূতন নৈতিক জগৎ" প্রচার করিতেন। কিছু পরবর্ত্তী কালে ফরাসী সমাজশাস্ত্রী লে-প্লে "পিতৃস্থানীয় মালিকে"র উৎপত্তি কল্পনা করিতেন। সেই সব ভাবুকতার আবশ্যকতা আজও আছে। কেননা সেকালের দুরবস্থাগুলা আজও দেখিতেছি।

সিণ্ডিক্যালিষ্টগণ রাষ্ট্রনীতি-হীন আর্থিক ব্যবস্থার পক্ষপাতী। তাহারা পার্লামেণ্টারি শাসন-ব্যবস্থার বিরুদ্ধে খড়্গহস্ত। তাহাদের একমাত্র আকাঙ্ক্ষা আর্থিক উন্নতি। মানুষ হিসাবে মানুষের মতন ব্যক্তিগত ও সামাজিক জীবন ধারণের উপায় উদ্ভাবন করা তাহাদের একমাত্র লক্ষ্য। দারিদ্র্য-সমস্যার সমাধানের জন্য রাষ্ট্রনীতি ছিঁকেয় তুলিয়া রাখা আবশ্যক। চাই দারিদ্র্য-নির্ব্বাসন। সিণ্ডিক্যালিষ্টদের এই সত্য যদি দারিদ্র্য-দার্শনিকরা স্বীকার না করেন তাহা হইলে তাঁহারা নিজের মগজ ও বিবেক দুই-ই ঠকাইয়া চলিবেন মাত্র।

সমাজমঙ্গল-বিষয়ক প্রতিষ্ঠানসমূহের ক্রমবিকাশের ধারায় দেখিতেছি যে, নবীনীকৃত পুঁজিতন্ত্র বা নবীনীকৃত সমাজতন্ত্র যার-পর-নাই উল্লেখযোগ্য স্থানের অধিকারী। কিন্তু তাহা বলিয়া এই দুই চিজ লইয়া বাড়াবাড়ি করিলে ঠিক হইবে না। "সলিডারিজম্" অর্থাৎ সামাজিক ঐক্য প্রতিষ্ঠার জন্য এই দুই নবীনীকৃত তন্ত্রের দরদ তারিফযোগ্য বটে। কিন্তু এই ঐক্যনীতিরও সীমানা আছে। সেকালের জার্ম্মাণ দার্শনিক হেগেলের রাষ্ট্রনিষ্ঠা অদ্বৈতপন্থী। একালের ফরাসী সমাজশাস্ত্রী দুর্খাইম যে সমাজ-নিষ্ঠা প্রচার করিয়াছেন তাহাও সেইরূপ কতক পরিমাণে অদ্বৈতপন্থী। এই সমাজ-নিষ্ঠার উপর অত্যধিক জোর দিলে চলিবে না। তাহার সহিত ব্যক্তিগত সৃষ্টি-শক্তির সমবৌতা স্থাপনের প্রয়োজন। হিন্দু সমাজ-শাস্ত্রের স্বয়ংক্রিয় বা স্বরাজী "পুরুষ" এবং জার্ম্মাণ দার্শনিক কাণ্ট প্রচারিত "মানবের নৈতিক কর্তৃত্ব" ইত্যাদির মধ্যে আমরা এই বাক্তিত্বেরই সন্ধান পাই। এই দুই ধরণের চিন্তা বর্ত্তমান যুগে আবার জরুরি। "রাস্তার লোক" ইত্যাদি শব্দে মামুলি জনসাধারণের পরিচয় দেওয়া বিলাতী চিন্তার রেওয়াজ। সেই রাস্তার লোকের সমালোচনার উপর আমাদের খুব বেশী জোর দেওয়া উচিত। কেননা তাহাদের অধিকাংশই জানে দারিদ্র্য, ব্যাধি, দুর্গতি, অপমান কি চিজ। অর্থনৈতিক ভেদাভেদ ও তজ্জন্য অপমান-নিগ্রহ ইত্যাদি সম্বন্ধে পথের ভিখারী আর মামুলি নরনারীর ধারণা সুস্পষ্ট। এইসকল চিন্তা ও দাবী-দাওয়া খতাইয়া লইলেই সামাজিক উন্নতির পরবর্ত্তী ধাপের জন্য ধাক্কা দিবার ব্যবস্থা করা সম্ভবপর হইবে। সমাজবীমা ও "ন্যায্য" মজুরির ধনবিজ্ঞানের পক্ষে এই সমস্ত সার্ব্বজনিক সমালোচনার বস্তুনিষ্ঠ ও খাতির-মদারৎ বিশ্লেষণ অতিমাত্রায় মূল্যবান।

শারীরিক স্বাস্থ্য ও সামাজিক কর্ম্মদক্ষতা সম্বন্ধে রাস্তার লোকেরা নিত্য-নূতন সর্ব্বনিম্ন দাবী জারি করিতেছে। দাবীগুলা বাড়্তির পথে। বিভিন্ন ব্যক্তি-প্রচারিত দাবীসমূহই সামাজিক প্রতিষ্ঠানগুলিকে প্রগতির পথে টানিয়া লইতেছে। এই দাবী-চক্রে আমরা মানুষের জীবনের মধ্যে ক্রিয়াশীল হাজারো বাসনা, লক্ষ্য, আদর্শ, ইত্যাদি "অযৌক্তিক" বস্তুর সঙ্গে মোলাকাৎ করিতেছি। আর্থিক জীবের এই "অযৌক্তিক" চিজগুলার অসংখ্য রূপান্তর ঘটিয়া থাকে। এই সমুদয় রকমারি বাসনা, লক্ষ্য, আদর্শ ইত্যাদির বিশ্লেষণ করিতে-করিতেই সনাতন দারিদ্র্যের নয়া-নয়া বহর ও গড়ন খর্ব্ব বা চিট্ করা সম্ভব হইবে। এক শ্রেণী হইতে অন্য শ্রেণীতে সম্পদের হস্তান্তর-সাধন নবীনীকৃত পুঁজিতন্ত্রের আমলে বস্তুনিষ্ঠ মজুরি-তত্ত্বের অবিচ্ছেদ্য ও অপরিহার্য্য সত্য। মজার কথা শেষ পর্য্যন্ত দাঁড়াইল নিম্নরূপ :—অর্থশাস্ত্র-বিরুদ্ধ অর্থনীতির মধ্যেই ন্যায্য মজুরি তাহার ন্যায়সঙ্গত আসনের আশা করিতে পারে।

# শিল্পপ্রসার ও আন্তর্জ্জাতিক ব্যবসা-বাণিজ্য*

শ্রীমন্মথনাথ সরকার, এম, এ

যুদ্ধ হাঙ্গামার ফলে পূর্ব্ব ইয়োরোপ ও পৃথিবীর অন্যান্য অগ্রসর দেশগুলায় শিল্প-প্রসারের সম্ভাবনা উপস্থিত হইয়াছে। ইহাতে আন্তর্জ্জাতিক ব্যবসা-বাণিজ্য কেমন দাঁড়াইবে, বিশেষতঃ বিলাতের ভাগ্যেই বা কি ঘটিবে তাহা ভাবিয়া দেখার সময় উপস্থিত হইয়াছে।

গত মহাযুদ্ধের পরেও কতকটা এইরূপ অবস্থা দেখা দিয়াছিল। বিলাতে এ-সম্বন্ধে তদন্ত করার জন্য বালফুর কমিটি নামে এক শিল্প-বাণিজ্য কমিটী গঠন করা হইয়াছিল। কমিটী সাগরপারের বাজারগুলা সম্বন্ধে তদন্ত ও গবেষণা করিয়া ১৯২৬ সনে এক রিপোর্ট প্রণয়ন করে। এই রিপোর্টে গুরুত্বপূর্ণ অনেক মতামত প্রকাশ করা হইয়াছিল। সেগুলা খতাইয়া দেখিলে বর্ত্তমান সমস্যাটা বেশ সহজ হইয়া আসিবে।

সাগরপারের অনগ্রসর দেশগুলায় শিল্প-প্রসার ঘটিলে বৃটেন ও অন্যান্য পুরাতন শিল্প-প্রধান দেশগুলার রপ্তানি বাণিজ্যের ক্ষতি না হইয়াই পারে না। কমিটী এই সত্যটা স্বীকার করিয়া লইয়াছে; কিন্তু এই অসুবিধা দূর করার আরও কতকগুলা উপায় জুটিতে পারে। কমিটী তাহাও সবিস্তারে বর্ণনা করিয়াছে। প্রথম উপায় বা ব্যাপারটী হইতেছে এই যে, সাগরপারের অনগ্রসর দেশগুলির প্রথম শিল্প-প্রচেষ্টা প্রধানতঃ নিতান্ত সহজ ও সাধাসিধে কল-কারখানা পত্তনেই সীমাবদ্ধ থাকে। ইহাতে বৃটেনের মত প্রথম শ্রেণীর শিল্প-প্রধান দেশের রপ্তানি বাণিজ্যের অসুবিধা কিছুটা দূর হইতে পারে। কিন্তু তবুও অসুবিধা থাকিয়া যায় অনেক। কাজেই এ সম্বন্ধে আলোচনার বিশেষ কোন প্রয়োজন নাই। দ্বিতীয়তঃ, কল-কারখানা পত্তনের ফলে যন্ত্রপাতি ও আরও নানাপ্রকার জিনিষের চাহিদা উপস্থিত হয়। তৃতীয়তঃ, নূতন শিল্প-প্রধান দেশের ক্রয়-ক্ষমতা বাড়িয়া যায়। চতুর্থতঃ, কোন দেশে প্রাথমিক শিল্প থেকে মাধ্যমিক শিল্পে শ্রমিক অপসারণের ফলে অপর কোন দেশে প্রাথমিক পণ্য উৎপাদনের হিড়িক পড়িয়া যায়, আর এইরূপ দেশে শিল্পদ্রব্যের চাহিদা বাড়িয়া যায়। শেষোক্ত তিনটী উপায় বা ঘুঁটা সম্বন্ধে গভীরভাবে আলোচনা করিলে বেশ-কিছু ফললাভের সম্ভাবনা আছে।

## যন্ত্রপাতির চাহিদা

কল-কারখানার মজুরদের মাথাপিছু পুঁজি নিয়োগ হারের যথেষ্ট তারতম্য দেখা যায়। হাল্কা জিনিষপত্র তৈরীর কারখানায় এই হার বড় জোর ১৫০ পাঃ। কিন্তু ভারি শিল্পদ্রব্য তৈরীর কারখানায় এই হার কখনও কখনও ১,০০০ পাঃ পর্য্যন্ত পৌঁছায়। এই পুঁজিপাটার অধিকাংশই প্লাণ্ট অর্থাৎ যন্ত্রপাতি ক্রয়ে ব্যয় করা হয়। প্রাথমিক শিল্পদ্রব্য উৎপাদনে মোতায়েন দেশগুলাকে এইসমস্ত যন্ত্রপাতি বিদেশ থেকেই আমদানি করিতে হয়। নূতন কল-কারখানা পত্তনের সময় এই সমস্ত কারখানায় মোতায়েন মজুরদের পক্ষে যন্ত্রপাতি ক্রয়ের জন্য মাথাপিছু কত ব্যয় করা হইল সেটা বিশেষ দ্রষ্টব্যের মধ্যে নয়। যন্ত্রপাতি ক্রয়ের তুলনায় উৎপন্ন শিল্পদ্রব্যের মূল্য কিরূপ দাঁড়ায়, তাহাই হইতেছে আসল কথা। মধ্যে মধ্যে যন্ত্রপাতির সংস্কার করিতে হয়, আবার নতুন নতুন যন্ত্র বসাইতে হয়। এইসমস্তও খতাইয়া দেখার প্রয়োজন।

অষ্ট্রেলিয়া দেশ থেকে এই সম্বন্ধে অনেক তথ্য ও হদিস পাওয়া যাইবে। কোন্ কারখানায় যন্ত্রপাতি বাবদ কত পুঁজি ঢালা হইয়াছে, প্রত্যেক বৎসর নূতন কল-কব্জা বাবদ কত ব্যয় করা হইয়াছে, উৎপন্ন শিল্প দ্রব্যের

---

* "দি বুলেটিন অব্ ইণ্টারন্যাশনাল নিউজ", ২৯শ খণ্ড, ১৬ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ অবলম্বনে লিখিত।

মূল্যের সহিত ঐ সমস্ত যন্ত্রপাতির কেতাবী মূল্যের সম্পর্কই বা কিরূপ—সমস্তই হিসাব করিয়া দেখা সম্ভবপর। এক কারখানার শিল্পদ্রব্য অনেক সময় অপর কারখানায় কাঁচামালরূপে গণ্য হয়। ফলে একই জিনিষ হিসাবের সময় দুইবার যোগ করার সম্ভাবনা আছে। একে বলা হয় ডাবল কাউন্টিং। পূর্ব্বোক্ত হিসাব নিকাশের সময় এই ডাবল-কাউন্টিংয়ের হিসাব মোটামুটিভাবে বাদ দেওয়া চলে। অষ্ট্রেলিয়ার সম্বন্ধে আলোচনার বেলায় আহার্য্য, পানীয় দ্রব্য, তামাকজাত দ্রব্য তৈরী ও প্যাকিং এবং বিদ্যুৎ ও গ্যাস উৎপাদনের হিসাবপত্রও বাদ দিতে হইবে। কারণ অষ্ট্রেলিয়ার এইসমস্ত দ্রব্য ( তামাক ছাড়া ) খুব বেশী পরিমাণে আমদানির প্রয়োজন কোন দিনই উপস্থিত হইতে পারে না। বর্ত্তমানে অষ্ট্রেলিয়ার "শিল্পোন্নতি"র যুগ আরম্ভ হইয়াছে। এই শিল্পোন্নতি না ঘটিলেও অষ্ট্রেলিয়ার মধ্যে ঐ সমস্ত দ্রব্য আমদানির প্রয়োজন হইত না। অবশিষ্ট মাধ্যমিক শিল্পগুলার মোট মূল্য ও তেল-কয়লা এবং বৈদ্যুতিক শক্তির মূল্য যোগ করিয়া ১৯৩৭-৩৮ সনে অষ্ট্রেলিয়াজাত মোট শিল্পদ্রব্যের মূল্য দাঁড়াইয়াছে ১৫৪ মিলিয়ন অষ্ট্রেলিয়ান পাউণ্ড। অষ্ট্রেলিয়ার কলকারখানার উৎপন্ন নয়, এমন বহু অষ্ট্রেলিয়া-জাত কাঁচা মাল অষ্ট্রেলিয়ার কল-কারখানাগুলিতে ব্যবহৃত হইয়াছে। এই সমস্ত কাঁচামালের মোট মূল্য ২১ মিলিয়ন অষ্ট্রেলিয়ান পাউণ্ড। কাজেই দেখা যাইতেছে, আহার্য্য, পানীয়, তামাকজাত দ্রব্য ডাবল কাউন্টিং ও আমদানিকরা দ্রব্য বাদ দিয়া অষ্ট্রেলিয়ার মোট শিল্প-দ্রব্য উৎপাদন দাঁড়াইয়াছে প্রায় ১৭৫ মিলিয়ন অঃ পাঃ। ইহাকে অষ্ট্রেলিয়ার "নিট উৎপাদন" রূপে গণ্য করা যাইতে পারে। অষ্ট্রেলিয়ার প্রাথমিক শিল্পদ্রব্যসমূহ উৎপাদনের সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট কতকগুলা মাধ্যমিক শিল্পও আছে। অষ্ট্রেলিয়া কেবলমাত্র এইসমস্ত মাধ্যমিক শিল্প-প্রচেষ্টার মধ্যেই আপনাকে সীমাবদ্ধ রাখিতে পারিত। তাহা হইলে প্রাক্‌যুদ্ধ জীবনযাত্রা-প্রণালীতে উপনীত হওয়ার পর অষ্ট্রেলিয়াকে প্রাক্‌যুদ্ধ মোট আমদানির তুলনায় ১৭৫ মিলিয়ন অঃ পাঃ অতিরিক্ত আমদানি করিতে হইত।

১৯৩৮ সনে আলোচ্য মাধ্যমিক শিল্প-প্রচেষ্টাগুলিতে প্রযুক্ত প্ল্যাণ্ট ও মেশিনারীর ( জমি ঘরবাড়ী বাদ ) মোট কেতাবী দাম দাঁড়াইয়াছিল প্রায় ৭০ মিলিয়ন অঃ পাঃ। এই অর্থ ঐ সনে ঐ সমস্ত শিল্প-প্রচেষ্টায় মোট উৎপাদনের নিট মূল্যের প্রায় ৪০%। এই প্ল্যাণ্টের সমস্তই হয়ত নূতন করিয়া ( ধরিয়া লওয়া যাক, অধিকাংশই বিদেশ হইতে ) ক্রয় করিবার প্রয়োজন হইতে পারে। তাহা হইলে, এই ক্রয়-মূল্যের সহিত উহার কেতাবী মূল্যের সম্পর্ক যে কিরূপ দাঁড়াইবে তাহা ঠিকভাবে বলা কঠিন। এই মূল্য যে বেশী দাঁড়াইবে তাহাতে আর কোনই সন্দেহ নাই। তবে যতদূর সম্ভব, দ্বিগুণের অতিরিক্ত না ও হইতে পারে। আলোচ্য শিল্পগুলার মত কতকগুলা শিল্প কেবলমাত্র আমদানি করা যন্ত্রপাতি দ্বারা পত্তন করা যাইতে পারে। এখন এইসমস্ত আমদানি করা যন্ত্রপাতির মূল্যের সহিত এই ধরণের কারখানা-জাত মালপত্রের মূল্যের তুলনা করা যাক। মোটের উপর, যন্ত্র-পাতির দাম বাৎসরিক পণ্যদ্রব্য উৎপাদনের মূল্যের তুলনায় কমই দাঁড়াইবে। কোন বৎসরেই যন্ত্রপাতির মূল্য উৎপন্ন শিল্পদ্রব্যের মূল্যের অর্দ্ধেকের বেশী দাঁড়াইবে না। কারখানা পত্তনের উপযোগী যন্ত্রপাতি ক্রয়ের জন্য খুব বেশী যোগাইতে হয়। এই সমস্ত নূতন কারখানার প্রতিযোগিতার ফলে রপ্তানি বাণিজ্যের চিরন্তন ক্ষতি হওয়া অনিবার্য্য। কিন্তু যন্ত্রপাতির মূল্য দ্বারা এই ক্ষতির পূরণ হইবে, এইরূপ ধারণাকে আদৌ বস্তুনিষ্ঠ ধ্যান-ধারণা বলা চলে না।

শিল্প-প্রচেষ্টা ও কল-কারখানা কম-বেশী বিস্তৃতি লাভ করিতে থাকে। বাস্তবক্ষেত্রে এইরূপই দেখা যায়। যন্ত্রপাতি অনবরত ক্ষয় হইতে থাকে। আর ক্ষয়ের হার বিস্তৃতির হারের চেয়ে বেশীই দাঁড়ায়। সেইজন্য অনবরত মেশিনারী আর প্ল্যাণ্টের চাহিদা উপস্থিত হয়। ইহাতে এইসমস্ত কারখানার প্রতিযোগিতার ফলে আমদানির চাহিদা-হ্রাসের যে আশঙ্কা আছে তাহা এই নতুন অর্থাৎ যন্ত্রপাতির চাহিদা সম্পূর্ণরূপে দূর করিয়া দেয়। ১৯৩৭-৩৮ সনে অষ্ট্রেলিয়ায় নতুন যন্ত্রপাতি প্রবর্ত্তন আর পুরাতন

যন্ত্রপাতির পরিবর্ত্তন একটু বেশী পরিমাণেই ঘটে। এইজন্য আলোচ্য কল-কারখানাগুলাকে ১০৫ মিলিয়ন অঃ পাঃ ব্যয় করিতে হয়। অর্থাৎ এইসমস্ত কলকারখানায় উৎপন্ন দ্রব্যের মোট মূল্যের প্রায় ৬% ব্যয় হয়। ইহাতে কলকারখানাগুলার খুব বেশী অসুবিধা ঘটিতে পারে না। যন্ত্রপাতি বিদেশ হইতে ক্রয় করিলেও তেমন কিছু আসে যায় না। এই জাতীয় শিল্পের যদি বিস্তৃতি না ঘটে, তাহা হইলে অসুবিধা আরও কম হইবে। ১৯৩১-৩৮ সনে মোট মূল্য-হ্রাস ঘটিয়াছে ৫ মিলিয়ন অষ্ট্রেলিয়ান পাউণ্ডের কাছাকাছি। অর্থাৎ আলোচ্য শিল্প-প্রচেষ্টা সমূহের মোট উৎপাদনের শতকরা তিনেরও কম।

## মোট চাহিদার বাড়তি

বালফুর কমিটীর সুপারিশ-অনুযায়ী প্রথম সুবিধাটী লইয়া এতক্ষণ আলোচনা করা গেল। এই সুবিধাটা বিশেষ আশাপ্রদ নয়। এখন দ্বিতীয় সুবিধাটা সম্বন্ধে আলোচনা করা যাউক। শিল্প-প্রসারের ফলে সমস্ত লোকের আয় বৃদ্ধি ও চাহিদা বৃদ্ধি এই দ্বিতীয় সুবিধায় পরিণত। এখন জিজ্ঞাস্য, সত্য সত্যই কি এইরূপ ঘটিয়া থাকে?

এই মতবাদের কার্য্যকারিতা নির্ভর করে, শিল্প-প্রসারের ফলে শিল্পোদ্যোগী দেশের আধিক লাভ আর জাতীয় সম্পদ-বৃদ্ধি ও তজ্জন্য বিদেশী দ্রব্যের চাহিদা-বৃদ্ধির পারস্পরিক সম্পর্কের উপর। প্রাথমিক ও মাধ্যমিক শিল্প দ্রব্য উৎপাদনে মোতায়েন মজুরদের মাথাপিছু প্রকৃত উৎপাদন হারের পার্থক্যের মধ্যে প্রথম উপায়টীর জন্য খোঁজখবর লইতে হইবে। আর্থিক প্রচেষ্টার বিভিন্ন বিভাগে সংরক্ষণ ও সরকারী সাহায্যের ব্যবস্থা থাকিতে পারে। এই কৃত্রিম মূল্য লইয়া যাচাই করা ঠিক হইবে না। আন্তর্জ্জাতিক মূল্য অনুসারেই মাপজোক লইতে হইবে। এ সম্বন্ধে মিঃ কলিন ক্লার্ক খুব ভাল ষ্ট্যাটিষ্টিকস নির্দ্ধারণ করিয়াছেন। বিভিন্ন দেশে এই দুই জাতীয় শিল্পে মোতায়েন মজুরদের উৎপাদন-ক্ষমতার মধ্যে নানা প্রকারের তারতম্য দেখা যায়। তিনি তাহা হিসাব করিয়া দেখাইয়াছেন। তিনি দেখাইয়াছেন যে, এর্জেন্টিনা, হাঙ্গেরী, রুমানিয়া ও ভারতবর্ষে মাধ্যমিক শিল্পে মোতায়েন মজুররা প্রাথমিক শিল্পের মজুরদের চেয়ে গড়ে প্রায় দ্বিগুণ মাল উৎপাদন করে। আয়ার ও ক্যানাডায় এই পার্থক্যের হার তিনগুণ। কিন্তু অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ডে প্রাথমিক শিল্পের লোকজন মাধ্যমিক শিল্পের মজুরদের তুলনায় গড়ে অনেক বেশী মাল উৎপাদন করিয়া থাকে।

প্রাথমিক শিল্প হইতে মাধ্যমিক শিল্পে মজুরদের অপসারণ হামেসাই ঘটিয়া থাকে। পূর্ব্বোক্ত দেশগুলিতেও নিশ্চয়ই ইহা নিত্য-নৈমিত্তিক ব্যাপার। ইহাতে পূর্ব্বোক্ত তারতম্যগুলাও এই সমস্ত দেশের প্রত্যেকটীতে ঘটিতে বাধ্য। তারতম্যগুলা এই সমস্ত দেশের প্রত্যেটীর জাতীয় আয়ের উপরেও কার্য্যকরী প্রভাব বিস্তার করে। কিন্তু নীতির দিক্ হইতে কেবলমাত্র এইটুকু মাপিয়া লইলেই যথেষ্ট হইবে না। মজুর-অপসারণ উভয় প্রকার শিল্পে মোতায়েন মজুরদের মোট উৎপাদন এবং তাহাদের দ্বারা উৎপন্ন পণ্যদ্রব্যের আপেক্ষিক দরেরও পরিবর্ত্তন সাধন করিয়া থাকে। তবে ইহা মজুর অপসারণের বহর ও পরিমাণের উপর অনেকটা নির্ভর করে। যেসমস্ত দেশে জমির অভাব, সেইসমস্ত দেশে কিছু চাষী মজুর যদি কলকারখানায় স্থানান্তরিত করা যায়, তাহা হইলে বাকী চাষী মজুররা কিছু স্বস্তির নিঃশ্বাস ফেলার অবসর পায়। আর ইহাতে মাথাপিছু ফসল উৎপাদনের হারও নিশ্চয়ই বাড়িয়া যায়। কলকারখানার মজুরদের সংখ্যা-বৃদ্ধির সঙ্গে সঙ্গে আরও অনেক-কিছু করার দরকার। শিল্প-কেন্দ্রের প্রসারতা সাধন এবং গড়ে কৃষিক্ষেত্রগুলার পরিধি বাড়াইতে পারিলে বেশ ভাল ফল পাওয়া যায়। এই সঙ্গে কলকারখানায় রীতিমত শ্রম-বিভাগের ব্যবস্থা করিতে পারিলে মাথাপিছু উৎপাদনের হারও বাড়িয়া যাইবে।

প্রাথমিক শিল্প থেকে মাধ্যমিক শিল্পে খুব বেশী মজুর অপসারিত করিলে প্রাথমিক শিল্প দ্রব্যের দর বৃদ্ধির আশঙ্কা আছে। এই অপসারণ বা স্থানান্তরিতকরণ অর্থনীতি-সম্মত উপায়ে বা উহার বিরোধিতা করিয়া

নিষ্পন্ন হইতে পারে। প্রথম ক্ষেত্রে মোট জাতীয় আয়ের বাড়তির হার কমিতে পারে, কিন্তু দ্বিতীয় অবস্থায় জাতীয় আয় ক্রমশঃ হ্রাস পাইতে থাকে। ছোট, কৃষিপ্রধান ও অত্যধিক জনবহুল দেশে শিল্প-প্রসারের ফলে প্রকৃত জাতীয় আয় নিশ্চয়ই বাড়িয়া যাইবে। তবে, কৃষিকার্য ও কলকারখানায় নিযুক্ত মজুরদের উৎপাদন ক্ষমতার প্রাথমিক পার্থক্য ও একটী হইতে অন্যটীতে স্থানান্তরিত মজুরদের সংখ্যার হিসাব লইয়া মাপজোক করিলে অবস্থা সেরূপ সন্তোষজনক মনে হইবে না। যথেষ্ট পরিমাণে কৃষি-কার্যের উপযোগী ভূমি-উর্বরাযুক্ত ও কাঁচামাল উৎপাদনকারী দেশের ব্যাপক শিল্পপ্রসারের বেলায় কিন্তু বিপরীত ব্যাপারই চোখে পড়িবে। অপসারিত মজুরদের উৎপাদন ক্ষমতার গড় প্রাথমিক পার্থক্য দেখিয়া মনে হইবে, এইরূপ দেশের জাতীয় আয় বেশ বাড়িয়া চলিতেছে। কিন্তু প্রকৃত পক্ষে বাড়তির হার খুব কমই দাঁড়াইবে। এমন কি জাতীয় আয় হ্রাস পাইতেও পারে।

এইসমস্ত তথ্যগুলি সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত হইয়া এখন একটী বাস্তব উদাহরণ লইয়া বিচার করা যাউক। শিল্প প্রসারের ফলে শিল্প-প্রচেষ্টার প্রধান বিভাগগুলিতে মোতায়েন মজুরদের মাথাপিছু উৎপাদন হারের কোনরূপ তারতম্য হয় নাই—সোজাসুজি এই ধারণা লইয়া আলোচনা করিতে হইবে।

কাল্পনিক একটী দেশ লইয়া আলোচনা করা যাউক। এই দেশের কার্যক্ষম লোকের শতকরা ৬০ জন ( শতকরা খুব বেশী অংশ নিশ্চয়ই ) প্রাথমিক শিল্পে ( কৃষি ও খনি শিল্পে) আর বাকী শতকরা ৪০ জন সমান সমান মাধ্যমিক ( কল কারখানা ) শিল্প ও বিভিন্ন কমার্শ্যাল সার্ভিসসহ যানবাহন চলাচল ও অন্যান্য সার্ভিসরূপ তৃতীয় শ্রেণীর বৃত্তি বা পেশায় নিযুক্ত আছে। আরও একটী কল্পনা করিতে হইবে। মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর পেশায় নিযুক্ত লোকজনের মাথাপিছু উৎপাদনের হার প্রাথমিক শিল্পে মোতায়েন লোকজনের মাথাপিছু হারের তুলনায় বেশ দ্বিগুণ দাঁড়াইয়া থাকে। আমাদের আর একটী কল্পনার আশ্রয় গ্রহণ করিতে হইবে যে, দেশটী প্রথমতঃ কেবলমাত্র প্রাথমিক পণ্যদ্রব্য ( অন্য কিছুই নয় ) রপ্তানি করে, আর রপ্তানির মূল্য মোট জাতীয় আয়ের ১৫% সচরাচর প্রায় এইরূপই ঘটিয়া থাকে। আর দেশটী মাধ্যমিক শিল্পজাত দ্রব্য ( অধিবাসীদের উপযোগী কারখানাজাত দ্রব্য ও যন্ত্রপাতি ) আর কল কারখানার উপযোগী তেল কয়লা ও আরও কিছু কাঁচামাল আমদানি করে। এই আমদানির মূল্য রপ্তানির ঠিক সমান সমান। নিম্নে আমদানির মোটামুটি পরিচয় দেওয়া হইল। দেশটী জাতীয় আয়ের ১০% মূল্যের কাঁচামাল আর তেল কয়লা আমদানি করে। এই মূল্য খুব বেশী আর দেশটী প্রাকৃতিক সম্পদের দিক্ থেকে যে স্বাবলম্বী নয় তাহা বেশ বুঝা যাইতেছে। কারখানার নতুন নতুন যন্ত্রপাতি আর যান-বাহনের মেশিনারী বাবদ ব্যয় হয় জাতীয় আয়ের ১২%, আর কারখানাজাত শিল্পজাত দ্রব্য আমদানির মূল্য মোট জাতীয় আয়ের ৪৩%। লোক-সংখ্যার কোনই পরিবর্তন ঘটে নাই, আর জাতীয় আর্থিক প্রচেষ্টার প্রত্যেক বিভাগেই মাথাপিছু উৎপাদনের হারও একই রকম রহিয়াছে,—এইরূপও ধারণা করিতে হইবে।

এখন ধরা যাউক, এই দেশটী প্রত্যেক বৎসর প্রাথমিক শিল্পে মোতায়েন লোকজনের ১% মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর পেশায় স্থানান্তরিত করিতে লাগিল। ইহাতে প্রাথমিক পণ্যদ্রব্য ( পূর্বোক্ত অবস্থা অনুসারে ) উৎপাদন প্রত্যেক বৎসর মূল জাতীয় আয়ের ০·৭% মত হ্রাস পাইবে। মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর উৎপাদন ( এক সঙ্গে ) প্রত্যেক বৎসর জাতীয় আয়ের ১·৪% মত বৃদ্ধি পাইবে। কাজেই প্রত্যেক বৎসর জাতীয় আয় প্রাথমিক মূল্যের তুলনায় ০·৭% বর্দ্ধিত হইবে। মিঃ ক্লার্ক হিসাব করিয়া দেখাইয়াছেন যে, মাথাপিছু প্রকৃত আয়-বৃদ্ধির প্রায় ৭০% তৃতীয় শ্রেণীর সার্ভিসসমূহে ( যানবাহন ইত্যাদি ) ব্যয় হইয়া যাইবে। অবস্থা যদি এইরূপ হয়, তাহা হইলে, প্রত্যেক বৎসর তৃতীয় শ্রেণীর উৎপাদন বাড়াইতে হইবে মূল জাতীয় আয়ের ০·৫%, ইহাতে মাধ্যমিক উৎপাদন মূল জাতীয় আয়ের ০·২% বর্দ্ধিত হইবে।

এখন জিজ্ঞাস্য, ইতিপূর্বে যেসমস্ত দ্রব্য আমদানি করা হইত, তাহার মোট চাহিদা কি পরিমাণে বাড়িবে? শিল্পদ্রব্যের উৎপাদন যে হারে বাড়িবে, কল কারখানার উপযোগী কাঁচামালের (পূর্বে যে সমস্ত আমদানি করা হইত সেইগুলিসহ) চাহিদাও যতদূর সম্ভব, সেই অনুপাতেই বাড়িয়া চলিবে। মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর উৎপাদন যদি প্রথমতঃ সমান সমান থাকে (পূর্বে এইরূপই ধরা হইয়াছে) তাহা হইলে প্রত্যেক বৎসর এই বাড়তির হার দাঁড়াইবে প্রায় ৩·১%। অধিবাসীদের ব্যবহারের উপযোগী শিল্পদ্রব্যের মোট চাহিদাও নিশ্চয় বাড়িবে, তবে জাতীয় আয়ের তুলনায় এই বাড়তির পরিমাণ কম দাঁড়াইবে। কিন্তু অধিবাসীদের ব্যবহারের জন্য প্রধানতঃ উত্তম ধরণের জিনিষপত্র বা সৌখীন জিনিষপত্র আমদানির সম্ভাবনা আছে। সাধারণতঃ এইরূপই ঘটিয়া থাকে। এরূপ ক্ষেত্রে জাতীয় আয়ের তুলনায় বিদেশী পণ্য দ্রব্যের চাহিদা অধিকতর গতিবেগসহ বর্দ্ধিত হইবে। এই বাড়তির হার প্রত্যেক বৎসর ১% পর্যন্ত দাঁড়াইতে পারে।

মূল জাতীয় আয়ের সাথে বিবিধ পণ্যদ্রব্য ও অধিবাসীদের ব্যবহারোপযোগী কারখানাজাত দ্রব্য আমদানির অনুপাত সম্পর্কে এতক্ষণ অনেকগুলা কল্পনার আশ্রয় গ্রহণ করা হইল। এইসমস্ত কাল্পনিক তথ্য অনুসারে পূর্বের আমদানি বিবিধ শিল্পদ্রব্যের চাহিদা প্রাক্তন জাতীয় আয়ের ·৩% বাড়িতে পারে। কল-কারখানা, যানবাহন ইত্যাদির জন্য নতুন নতুন যন্ত্রপাতির প্রয়োজন হইতে পারে। এজন্য অল্প সময় পরেই এই বার্ষিক বাড়তির হারও বাড়িয়া যাইবে। কিন্তু বাড়তির হার জাতীয় আয়ের ১%এর সামান্য ভগ্নাংশমাত্র হইতে পারে। কাজেই তাহা ধর্ত্তব্যের মধ্যে গণ্য করা চলে না।

শিল্পপ্রসার আরও হওয়ার সঙ্গে সঙ্গে নতুন নতুন প্ল্যান্ট ইত্যাদির চাহিদা অকস্মাৎ বর্দ্ধিত হইবে। শিল্প প্রসারের গতি অপরিবর্তিত থাকা পর্যন্ত এই চাহিদা বৃদ্ধি অব্যাহতই থাকিবে। বর্ত্তমানে অষ্ট্রেলিয়ার কারখানাগুলায় অত্যধিক যন্ত্রপাতির ব্যবহার দেখিতে পাওয়া যায়। নব-প্রতিষ্ঠিত শিল্প যদি অষ্ট্রেলিয়ার মাপ কাঠিতে পৌঁছিয়া থাকে, তাহা হইলে প্রত্যেক বৎসর নতুন যন্ত্রপাতি আমদানির মূল্য দাঁড়াইবে জাতীয় আয়ের প্রায় ·১%। অতিরিক্ত যানবাহন ও কলকব্জারও প্রয়োজন হইবে। ফলে শিল্প প্রসারের প্রারম্ভে যে পরিমাণে ভারি ভারি শিল্পদ্রব্য আমদানির প্রয়োজন হইয়াছিল তাহাও বাড়িয়া যাইবে। এই বাড়তির পরিমাণ দাঁড়াইবে জাতীয় আয়ের প্রায় ১%।

শিল্প-প্রসারের ধারণা করা গেল। তাহার আমলে প্রত্যেক বৎসর মাধ্যমিক শিল্পদ্রব্য উৎপাদনের হার দাঁড়াইবে জাতীয় আয়ের ·৯%। এ সম্বন্ধে ইতিপূর্বেই রীতিমত ব্যাখ্যা করা হইয়াছে। এইসমস্ত শিল্পদ্রব্যের কতকগুলি প্রাক্তন আমদানি করা শিল্পদ্রব্যের সহিত প্রতিযোগিতা করিবে না। উদাহরণ স্বরূপ দালান কোঠার কথা উল্লেখ করা যাইতে পারে। কিন্তু দেশটী যদি পূর্বে অধিকাংশ শিল্প-দ্রব্যই বিদেশ হইতে আমদানি করিত, আর ইহাতে চালানের খরচও যদি খুব কম পড়িত, তাহা হইলে শিল্পজাত উৎপাদনের বাৎসরিক বৃদ্ধির প্রায় দুই-তৃতীয়াংশ প্রাক্তন বিদেশী দ্রব্যকেই স্থানচ্যুত করিবে। ধরিয়া লওয়া যাইতেছে যে, এই নতুন শিল্পদ্রব্য না থাকার সময় যে পরিমাণে জাতীয় আয় বাড়িয়াছে, ইহার উৎপাদনের সময়েও জাতীয় আয় সেই ভাবেই বর্দ্ধিত হইয়াছে।

স্বদেশী দ্রব্য ক্রমেই বিদেশী শিল্পদ্রব্যকে স্থানচ্যুত করিতে থাকিবে। শিল্প-প্রসারের প্রথম বৎসর ছাড়া পরবর্ত্তী প্রত্যেক বৎসর শিল্পদ্রব্যের চাহিদা যে হারে বাড়িয়া চলিবে, এই স্থানচ্যুতির হার অন্ততঃ পক্ষে তাহার দ্বিগুণ, এমন কি তার চেয়েও বেশী দাঁড়াইবে। শিল্প প্রসারের প্রথম বৎসরে ভারি ভারি শিল্পদ্রব্যের অত্যধিক চাহিদা সহজেই অনুমেয়।

আমাদের উদাহরণে দেখানো হইয়াছে, শিল্প প্রসারের প্রথম বৎসরে জাতীয় আয়ের (১·০+·৩—·৬) অর্থাৎ ·৭% মূল্যের সমান আমদানি বর্দ্ধিত হইবে। দ্বিতীয় বৎসরে শিল্প-প্রসার আরম্ভ হওয়ার পূর্ববর্ত্তী যুগের

তুলনায় পরিবর্ত্তন দাঁড়াইবে মূল জাতীয় আয়ের $1\cdot0+2(\cdot03-\cdot01)\%$। তারপর এইভাবেই পরিবর্ত্তন ঘটিতে থাকিবে। চতুর্থ বৎসরে শিল্প প্রসারের পূর্ব্বেকার তুলনায় আমদানি কম দাঁড়াইবে। তারপর প্রত্যেক বৎসর মূল জাতীয় আয়ের ·০৩% পরিমাণে আমদানি কমিতে থাকিবে। তবে ঘটনাটি বদলাইবার প্রয়োজন বশতঃ হ্রাসের পরিমাণ সামান্য কমিতে থাকিবে। কোন সময়ে শিল্প প্রসার যদি হঠাৎ কান্ত হয়, তাহা হইলে শিল্প-প্রসারের পূর্ব্ববর্ত্তী যুগের জাতীয় আয়ের ১% মত আমদানি হঠাৎ পড়িয়া যাইবে। কিন্তু তারপর আর আমদানি হ্রাস পাইবে না।

শিল্প-প্রসারের যুগে আমদানির চাহিদা ক্রমাগত সমান মাত্রায় হ্রাস পাইতে থাকিবে। আমরা এইরূপ ধারণা করিয়াছি। কিন্তু বাস্তবিক পক্ষে এইরূপ ঘটিতে পারে না। ইহার দুইটী কারণ আছে। প্রথমতঃ, অধিকাংশ দেশের মোট জনসংখ্যা এবং অধিকাংশ পেশায় নিযুক্ত লোকজনের মাথাপিছু গড় উৎপাদন পূর্ব্ব সিদ্ধান্ত অনুযায়ী অপরিবর্ত্তিত অবস্থায় থাকিতে পারে না। সময়ে এই সমস্ত বাড়িতে থাকে। ফলে পূর্ব্ববর্ণিত ব্যাপার-গুলিকে বাধা প্রদান করে। আর এইগুলির সহিত শিল্প-প্রসারের বিশেষ কোন সম্পর্ক নাই বলিলেই চলে। এখন ধরা যাক জনসংখ্যা বৃদ্ধির হার মাঝারি রকমের অর্থাৎ প্রতি বৎসর ১% হিসাবে চলিতেছে। প্রাথমিক, মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর উৎপাদনের হারও ঠিক এই অবস্থায় আছে। অন্যান্য দিকের যদি কোনই পরিবর্ত্তন না হয়, তাহা হইলে আমদানির চাহিদা প্রত্যেক বৎসর ২% এমন কি তার চেয়েও বেশী ঘটিবে। অর্থাৎ আমাদের উদাহরণে বর্ণিত দেশের মূল জাতীয় আয়ের ·০৩% মত বার্ষিক আমদানির হার বর্দ্ধিত হইবে। উদাহরণে বর্ণিত দেশটী তাহার জাতীয় আয়ের ১৫% মূল্যের পণ্যদ্রব্য আমদানি করিতে আরম্ভ করিয়াছিল। এইরূপ অবস্থায় বাস্তবিকপক্ষে আমাদের কল্পিত দেশটীর আমদানি পরিমাণের দিক্ হইতে আদৌ হ্রাস পাইবে না। তবে জাতীয় আয়ের তুলনায় ইহা হ্রাস প্রাপ্ত হইবে। আরও একটী বিষয় বিবেচনা করার দরকার। শিল্প-প্রসার ছাড়া আরও নানা কারণে গড় আয় বাড়িয়া যাইতে পারে। ইহাতে প্রাথমিক উৎপাদকদের পক্ষে তৃতীয় শ্রেণীর পেশায় যোগদানের সংখ্যা বাড়িয়া যাইতে পারে। অথচ, ইহাতে আমদানি বাণিজ্যের সহিত আদৌ প্রতিযোগিতা উপস্থিত হইবে না। কিন্তু কলকারখানায় যোগদানকারীর সংখ্যা কমিয়া যাইবে।

( ক্রমশঃ )

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# প্রাথমিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | পৌষ, ১৩৪৯ | ৯ম সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিলস লিমিটেড

[illegible] শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা | ডাক মাশুল ৵০ আনা বতন্ত্র। | প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

**(Economic Progress)**

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

**Annual subscription Rs. 3/- (excluding postage).**

***Office:*** *9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

**Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.**

**Section 1. Wealth of Bengal:** Want of Country Boats and Difficulty of the Landholders. Malaria in the Patuakhali Sub-division (Barisal). An indigenous Substitute for Quinine. Loss due to Midnapur Flood. Number of People wounded and killed in Bengal. Cultivation of Fish. (pp. 253-257).

**Section 2. Economic India :** Increase in India's Industrial Production. Paper made in India. Military College in India. Agricultural Expenses in Madras. War Allowance and Leave in Municipalities. Price-control and Wages in India. Want of Copper Coins. Increase in the number of persons addicted to drinking. (258-260).

**Section 3. World Economy:** Debt in different Countries is on the increase. Production of Potatoes in America. Wheat in U.S.A. House rent in S. Africa. Control of House rent in Canada. Condition of the Labourers in the Nyasaland Protectorate. (pp. 261-269).

**Section 4. Men, Institutions and Movements:** Emergency Law in China. Labour Conference in India. Re-construction Scheme in Irak. Post-war Planning Committee in U. S. A. A Public Meeting in Calcutta in connection with the Government Decision regarding Paper. (pp. 254-265).

**Section 5. Interview:** Place of Truth in the Legal Profession. (pp. 266-268).

**Section 6. World of Journals:** *The Journal of the National Institute of Banking and Insurance. The Agricultural Situation.* (pp. 269-270).

**Section 7. Reviews:** Political and Economic Planning. The Education of Backward Child. America organises to win the War. Women at work. (pp. 271-272).

**Section 8. Bibliography:** 11 books announced. p. 279.

**Article:**

Effects of Industrialization on International Trade.
By Manmatha Nath Sarkar, M.A. ( pp. 274-276).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. (Demy).

   **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
3. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 6. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

**আর্থিক পরিচয়**

| | | |
|---|---|---|
| নূতন বীমা | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | | ১৮ কোটি ২৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | | ৭ ১৩ |
| মোট সম্পত্তি | | ৭ ৬৩ |
| দাবী শোধ (১৯০৭-৪১) | | ১ ৭০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | | প্রায় এক কোটি টাকা |

**হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক**

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs.
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs.
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্** ঃ—নৌকার অভাব ও কৃষাধিকারীদের বিপদ। পটুয়াখালীতে ম্যালেরিয়া। কুইনাইন বনাম লাটা-চূর্ণ। বর্ত্তমান দুর্ভিক্ষে ক্ষতির পরিমাণ। বিপদের উপর বিপদ। বাঙ্গালায় হুতাহুত। ইলিশ মাছের চাষ। রোহিত-কাৎলা মাছের চাষ। (২৫৩-২৫৭)

**আর্থিক ভারত** ঃ—ভারতের শিল্পোৎপাদন-বৃদ্ধি। ভারতে কাগজ নির্ম্মাণ। ভারতে শ্রমমরিক কলেজ। মান্দ্রাজে কৃষির ব্যয়। আসামের আলুর বীজ। বিভিন্ন মিউনিসিপালিটিতে যুদ্ধ-ভাতা ও ছুটী। ভারতবর্ষে মাহিয়ানা-নীতি ও মূল্য-নিয়ন্ত্রণ। পয়সার অভাব। মন্বন্তরের সংখ্যা-বৃদ্ধি। (২৫৮-২৬০)।

**দুনিয়ার ধনদৌলত** ঃ—বিভিন্ন দেশে "ঋণ" বৃদ্ধি। আমেরিকায় আলুর উৎপাদন। মার্কিণ দেশের গম। দক্ষিণ আফ্রিকাতে বাড়ী ভাড়া। কানাডায় বাড়ী-ভাড়া নিয়ন্ত্রণ। নিবাসাল্যাণ্ড প্রোটেক্টোরেটে শ্রমিকের অবস্থা। (২৬১-২৬৩)।

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—চীনদেশে "এমার্জেন্সী" আইন। ভারতে শ্রমিক-সম্বন্ধে কনফারেন্স। ইরাকের "পুনর্গঠন পরিকল্পনা"। আমেরিকায় যুদ্ধপশ্চাৎ পরিকল্পনা কমিটি। সরকারের কাগজ সম্পর্কিত সিদ্ধান্ত বাতিলের অনুরোধ। (২৬৪-২৬৫)।

**মোলাকাৎ** ঃ—আইন ব্যবসায়ে সত্যের স্থান। ২৬৬

**পত্রিকা-জগৎ** ২৬৯

**সমালোচনা** ২৭১

**গ্রন্থপঞ্জী** ২৭৩

**প্রবন্ধ** ঃ

শিল্পপ্রসার ও আন্তর্জ্জাতিক ব্যবসাবাণিজ্য

শ্রীমন্মথনাথ সরকার, এম এ



## বিনয় সরকারের বৈঠকে

( বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি )

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, জন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাথী, "রবীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নবরত্ন ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪২০ পৃষ্ঠা মূল্য ৩৲

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ৮৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২৷০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১৷০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাক্‌রেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪৷০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ১০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

পৌষ—১৩৪৯

# আর্থিক উন্নতি

১৭শ বর্ষ—৯ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## নৌকার অভাব ও ভূম্যধিকারীদের বিপদ

স্থানীয় ভূম্যধিকারিগণ বিপদের বেড়াজালে জড়িত হইয়া পড়িয়াছেন। দায়িত্বশীল মানুষ বলিয়া সর্ব্বদাই তাঁহারা ভীত ও সঙ্কুচিত। একদা তাঁহারা ঘোষণা করিয়াছিলেন যে, তাঁহারা সরকারের অবৈতনিক চাকর। তাহার অর্থ এই যে, সরকারকে যে টাকা আদায় করিতে হইত খাজনাস্বরূপ তাহা আদায় করিয়া সরকারকে কিস্তি-মত সূর্য্যাস্তের পূর্ব্বে পৌছাইয়া দিয়া তবে অবশিষ্ট তাঁহারা ভোগ করিতেন, এবং নানাভাবে উপদ্রুত হইবার ভয়ে তাঁহারা আড়ষ্ট থাকিতেন। তথাপি তাহাতে কিছু অর্থ ও মানসম্মান মুনাফা তাঁহাদের ছিল। ১৩৩৪ সনের ভারত বিধি অনুসারে গঠিত আজিকার ব্যবস্থাপক সভাসমূহ সে সাধে বাদ সাধিয়াছে। আইনের পর আইন করিয়া প্রজার সুবিধা করার যতই চেষ্টা হইয়াছে ততই ভূম্যধিকারীর বিপদ পুঞ্জীভূত হইয়াছে ও হইতেছে। তথাপি তাঁহারা "উঃ" শব্দটী করিতে সাহস করেন নাই। শুধু অভিনন্দন দিয়া নিজেদের অস্তিত্ব বজায় রাখিয়াছেন। এখন আসিয়াছে যুদ্ধ। এবারে সঙ্কট বাড়িয়াছে বহুগুণ। ক্ষুদ্র একটী ব্যাপার—নৌকা নিয়ন্ত্রণ। ইহার অন্তর্নিহিত দুঃখের বোঝা যে কত বড় তাহা আজ ভূম্যধিকারিগণ প্রাণে প্রাণে বুঝিতেছেন। মফঃস্বল বলিতে যে অঞ্চল বুঝায় সেই পটুয়াখালী ভোলা প্রভৃতি স্থানের বড় বড় নদীতে বড় বড় নৌকা ব্যতীত চলাফেরা করা যায় না। সে নৌকা নিয়ন্ত্রিত হওয়ায় নায়েব তহশীলদার জমিদার কেহই মফঃস্বলে যাইতে পারেন না। মফঃস্বলে যাইতে না পারিলে খাজনা আদায় করিবেন কিরূপে? সরকারী রাজস্ব দিবেন কিরূপে? না দিতে পারিলে সূর্য্য ও অস্তগমন না করিয়া বসিয়া থাকিবে না—এক—দুই—তিন। ভূম্যধিকারীর সুখ-সূর্য্য—জীবন-সূর্য্য সবই অস্ত-

গত। তাই বাখরগঞ্জের জমিদারগণ আবেদন করিয়াছিলেন অন্ততঃ কয়েক মাসের জন্য তাঁহাদিগকে মফঃস্বলে যাইবার অনুমতি দেওয়া হউক। অনুমতি দেওয়া হইয়াছে—আগামী ২৮শে ফেব্রুয়ারী অবধি ধান যারা কাটে তাহাদিগকে ও ধান-চাউলের বেপারীগণকে এক সময় ছয় সপ্তাহ করিয়া নির্দ্দিষ্ট অঞ্চলে নৌকা চালাইতে দেওয়া হইবে বলিয়া স্থিরীকৃত হইয়াছে।

এ হুকুমে কৃষ্যধিকারীদের কথা নাই। কথাটা থাকিলেই কিন্তু অনেক সোলযোগ কমিয়া যাইত।

( বরিশাল হিতৈষী )

## পটুয়াখালীতে ম্যালেরিয়া

)

এবার পটুয়াখালী ( বরিশাল ) মহকুমায় ম্যালেরিয়ার প্রকোপ এত বৃদ্ধি পাইয়াছে যে, লোকের মনে স্বভাবতই ত্রাসের সঞ্চার না হইয়া পারে না। সহর ও পল্লীগ্রামগুলির সর্ব্বত্রই ম্যালেরিয়ার করাল ছায়া বিস্তার লাভ করিয়াছে। পল্লীগ্রামগুলির প্রতি লক্ষ্য করিলে শিহরিয়া উঠিতে হয়। এমন একখানা বাড়ী দেখা যায় না যেখানে একাধিক লোক ম্যালেরিয়ার কবলে পতিত না হইয়াছে। কোন কোন পরিবারের সমস্ত লোকই আক্রান্ত হওয়ায় পথ্য বন্ধের সংবাদও আমরা পাইয়াছি। মৃত্যু-সংখ্যাও ভয়াবহ। কোন গ্রামে ৪০ জনেরও অধিক মৃত্যুমুখে পতিত হইয়াছে এবং ৪ খানা বাড়ীতে ১৩ জন লোকের মৃত্যু-সংবাদও আমাদের কাছে পৌঁছিয়াছে। ম্যালেরিয়ার ঔষধ কুইনাইন পাওয়া যাইতেছে না। ডিষ্ট্রীক্ট বোর্ড হইতে যে পরিমাণ কুইনাইন বিতরিত হইতেছে তাহা প্রয়োজনের তুলনায় অতি কম। ডিষ্ট্রীক্ট বোর্ডের নবনির্ব্বাচিত চেয়ারম্যান মৌঃ আবদুল ওয়াহাব খান কিছুদিন পূর্ব্বে পটুয়াখালীর এই অবস্থা পরিদর্শন করিতে বাহির হইয়াছিলেন। তিনি কয়েকটী খাল ঘুরিয়া পটুয়াখালী আসিয়া অফিসিয়াল লইয়া ম্যালেরিয়া নিবারণকল্পে একটী আলোচনা বৈঠক করেন এবং ডিষ্ট্রীক্ট বোর্ড হইতে অতিরিক্ত ডাক্তার নিযুক্ত করিয়া চিকিৎসার ব্যবস্থা করা হইবে বলিয়া তিনি ভরসা দিয়াছেন। এতদ্ব্যতীত কুইনাইন বিতরণের জন্য বিভিন্ন স্থানে কেন্দ্র খোলার ব্যবস্থাও করিয়া যান। এই মহকুমার জন্য অতিরিক্ত কুইনাইন সরবরাহ করা হইবে বলিয়াও চেয়ারম্যান সাহেব প্রতিশ্রুতি দিয়াছেন।

( পল্লীসেবী )

( ২ )

এই বৎসর পটুয়াখালীতে ম্যালেরিয়ার ব্যাপকতা ও প্রচণ্ডতা খুব বেশী বলিয়া ডিষ্ট্রীক্ট বোর্ডের কর্ত্তৃপক্ষীয়গণ অতিরিক্ত ডাক্তার নিয়োগ করিয়াছেন ও অতিরিক্ত কুইনাইন বিতরণের ব্যবস্থা করিয়াছেন। ইহা আমরা আগের সপ্তাহের "পল্লীসেবী" সংখ্যায় প্রকাশ করিয়াছিলাম। কিন্তু আজ পর্য্যন্তও অতিরিক্ত ডাক্তারের তৎপরতায় কুইনাইন বিতরণের বাস্তব কার্য্য অনেক স্থানেই অনুসৃত হইতেছে না কেন ইহা আমরা বুঝিতে পারিতেছি না।

( পল্লীসেবী )

## কুইনাইন বদলে লাটা-চূর্ণ

চারিদিক্ হইতে ম্যালেরিয়ার উপদ্রবের সংবাদ আসিতেছে। কুইনাইন পাওয়া যাইবে না তাহাও বুঝা যাইতেছে। অতএব আমাদের দেশীয় একটী ঔষধের কথা বলিয়া দেওয়া কর্ত্তব্য মনে করিতেছি। এদেশে প্রচুর পরিমাণে লাটা পাওয়া যায়। লাটার মধ্যে কুইনাইনের গুণ আছে। লাটা-চূর্ণ করিয়া খাওয়াইলে জ্বর নিশ্চয় কমিয়া যাইবে। এক সময় পুড়িয়া কুইনাইনের বিক্রয় হইতেছিল, তখন বানরীপাড়ার একদল লোক কুইনাইনের নামে লাটার গুড়া চালাইয়া ধনী হইয়াছিল। আজ আবার সে সুযোগ উপস্থিত। ইহাতে দেশবাসীরও উপকার করা হইবে।

( বরিশাল হিতৈষী )

## বর্ত্তমান দুর্দ্দৈবে ক্ষতির পরিমাণ

বর্ত্তমান বন্যার খেলা-লীলায় মানুষ গরু ও গৃহাদি অন্যান্য সম্পত্তি যে কি পরিমাণ নষ্ট হইয়াছে, আজও তাহার বিবরণ স্থিরীকৃত হয় নাই, সরকারী লোকজন

প্রাথমিক হিসাবের চতুর্গুণ অর্থাৎ ৪০ হাজার লোক কেবল মেদিনীপুর জেলায়ই মারা গিয়াছে বলিয়া মাড়োয়ারী রিলিফ সোসাইটীর সম্পাদক মহাশয় প্রকাশ করিয়াছেন। যাহা হউক গভর্ণমেণ্ট হইতে যখন ইহার ঠিক বিবরণ নির্দ্ধারণের ব্যবস্থা হইয়াছে তখন ইহার একটা পূর্ণ হিসাব বাহির হইবে। ( নীহার )

## বিপদের উপর বিপদ

বন্যা-বিপদের ফলে যেসকল সর্ব্বহারা দুর্গত জলোচ্ছ্বাসে কোনক্রমে ভাসিয়া গিয়া, পলাইয়া উচ্চ স্থানে ও বালী আড়ির উপর প্রাণ বাঁচাইয়াছিল, বর্ত্তমানে তাহাদের বিধ্বস্ত ভিটার জল শুকাইয়া যাওয়ায় সেই ধ্বংস স্তূপের উপর কোনক্রমে পর্ণকুটীর তৈয়ারী করিয়া মাথা গুঁজিবার মত আশ্রয় করিতেছে। মাছি ও মশার অসম্ভব উপদ্রব নিবারণের জন্য উহার পার্শ্বস্থ আবর্জ্জনায় আগুন ধরাইয়া ধোঁয়া দিতে যাওয়ায় অনেক স্থলে সেই সকল পর্ণ-কুটীর পুড়িয়া গিয়া তাহাদিগকে একেবারে নিঃস্ব করিয়া ফেলিতেছে। আমরা বেতিলিয়া, দুরমঠ, ফুলেশ্বর প্রভৃতি গ্রামে ঐপ্রকার অনেক কুটীর ভস্মসাৎ হইবার সংবাদ পাইয়াছি। বিপদের উপর এই বিপদ দিন দিনই ধ্বংসের পথ প্রশস্ত করিতেছে। ( নীহার )

## বাঙ্গালায় হতাহত

বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশনে স্বরাষ্ট্রসচিব সম্প্রতি কলিকাতা ও বাঙ্গালার অন্যান্য জিলায় হাঙ্গামার ফলে হতাহত ব্যক্তিদিগের সংখ্যা বিবৃত করিয়া বলেন যে, গত ৫ই সেপ্টেম্বর অবধি সংগৃহীত সংবাদে প্রকাশ, কলিকাতায় ২০ জন এবং প্রদেশের অন্যত্র ৯ জন নিহত হইয়াছে। কলিকাতায় ১৫৫ জন আহত হয়; তন্মধ্যে ৭৪ জন পুলিশের লোক। প্রদেশের অন্যত্র ৪১ জন আহত হয়; তন্মধ্যে পুলিশ ১১ জন। হতাহত ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে মন্ত্রী মহাশয় বলেন যে, এখনও কোন ক্ষতিপূরণ দেওয়া হয় নাই।

## ইলিশ মাছের চাষ

বাঙ্গালায় মৎস্যের বর্ত্তমান সরবরাহ অব্যাহত রাখিবার উদ্দেশ্যে বাঙ্গালার জলে প্রাপ্য ইলিশ ও রোহিত মাছের জীবন-প্রণালী সম্পর্কীয় বর্ত্তমান জ্ঞানের ভিত্তিতে এই মাছগুলিকে বেপরোয়া ধ্বংস হইতে বাঁচাইবার জন্য কতকগুলি সাধারণ উপদেশ প্রচার করা দরকার। প্রথমেই জানা উচিত যে, ইলিশ মাছ বর্ষাকালে ডিম প্রসব করে; এবং ফলে শরৎ ও শীতকালে জল কমিয়া আসার সঙ্গে সঙ্গেই ইহাদের পোনাগুলি অধিক সংখ্যায় ধ্বংস হয়। মাছের ভবিষ্যৎ বংশবৃদ্ধির পক্ষে ইহা একটি বিরাট অন্তরায়। পোনা মাছগুলিকে ধ্বংসের মুখ হইতে বাঁচাইবার জন্য আইনসঙ্গত কোন ব্যবস্থা অবলম্বন করার মত ব্যাপক তথ্যাদি এখন পর্য্যন্তও সংগ্রহ করা সম্ভবপর হয় নাই। কিন্তু স্থানীয় কর্ম্মচারীদিগের মধ্যস্থতায় চাষী এবং মৎস্যজীবীদের মধ্যে এতৎ-সম্পর্কীয় প্রচারকার্য্য চালাইলে কিছু উপকার পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

বর্ষা ঋতুর পর যখন বন্যার জল চাষীদের জমিতে গিয়া জমে, তখন জাল বা ঐরূপ অপর কোন যন্ত্রদ্বারা পোনাগুলিকে ধরা সহজ ব্যাপার। এইরূপেই জাতীয় সম্পদের বিরাট ক্ষতিসাধন করা হইতেছে। এই অপচয় নিবারণার্থ সর্ব্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করা বাঞ্ছনীয়।

অর্থনৈতিক দিক্ হইতে বিচার করিলে দেখা যায়, বাঙ্গালীদের পক্ষে ইলিশ মাছের মত লাভজনক মাছ আর নাই। ইহা স্রোতবাহী শ্রেণীর মাছ। বর্ষাকালে বিভিন্ন বড় বড় নদীর উজান বাহিয়া ইহারা বিপুল সংখ্যায় উপরের দিকে উঠিতে থাকে। যদিও ঠিক হিসাব পাওয়া যায় না, তবু অনুমান—মৃত ইলিশ মৎস্য হইতে উপার্জ্জিত আয়ের পরিমাণ কয়েক কোটী টাকা হইবে। এই মৎস্য সম্বন্ধে আর একটি কথা এই যে, ইলিশ মাছ আমাদের নিকট প্রকৃতির একটি আশীর্ব্বাদস্বরূপ। বহু শতাব্দী ধরিয়া আমরা এই মৎস্য ব্যবহার করিয়া আসিতেছি, কিন্তু ইহার সংরক্ষণ ও বৈজ্ঞানিক উপায়ে বিস্তৃতিসাধনের দিকে

আমরা আদৌ দৃষ্টি নিক্ষেপ করি নাই। ফলে এই দাঁড়াইয়াছে যে, বহু স্থান মৎস্যশূন্য হইয়া পড়িয়াছে এবং বর্ত্তমানে এই মাছের অভাব চতুর্দ্দিকে প্রবল। সুখের বিষয়, এই মাছের উৎপাদন বাড়ানো কষ্টকর নয়। কারণ প্রকৃতিই কোন কোন ঋতুতে ইহার সংরক্ষণের ব্যবস্থা করিয়া থাকে।

বাঙ্গালাদেশে বর্ষাকালই ইলিশ মাছের উপযুক্ত মরশুম। এই সময় মাছগুলি বাড়ন্ত অবস্থায় থাকে এবং প্রচুর পরিমাণে পাওয়া যায়। যখন জল কমিতে থাকে তখন জেলেরা এক হইতে তিন ইঞ্চি লম্বা পোনা ইলিশ মাছ খুব ঘন জাল দ্বারা ধরে এবং ৬ পয়সা সের দরে বিক্রয় করে। এই সময় পোনা ইলিশগুলি নদীর মোহনা ও সমুদ্র সৈকতের দিকে চলিয়া যায়। ডিসেম্বর মাসের মাঝামাঝি সময়ে পোনা ইলিশগুলি ৯ ইঞ্চি পর্য্যন্ত লম্বা হয়। তখন ইহারা নদীর মোহনায় এবং সৈকতে ঝাঁকে ঝাঁকে থাকে। সুন্দরবনের ধীবরেরা পর্য্যাপ্ত পরিমাণে এই শ্রেণীর ইলিশ মাছ শিকার করিয়া থাকে। ফেব্রুয়ারী ও মার্চ্চ মাসে এই পোনা ইলিশগুলি পূর্ব্ববঙ্গের কোন কোন নদীর উপরের দিকে অগ্রসর হয় এবং সেখানে ধরা পড়ে। পোনা ইলিশের স্বাদ বয়স্ক ইলিশের মত নয়। ইহার দামও খুব কম হয়। সুতরাং দেখা যায়, ইলিশ মাছের প্রকৃতিদত্ত ভাণ্ডার এইভাবে নিঃশেষ হইতে থাকে। এবং চাহিদা মিটাইবার জন্য বিনা বিচারে বিভিন্ন আকারের মাছ ধরার কাজ অব্যাহতভাবে চলিতে থাকে।

## রোহিত-কাৎলা মাছের চাষ

বর্ষাকালে যখন নদীগুলি জলে পূর্ণ হয়, রোহিত, কাৎলা, মৃগেল ও কালবাউশ প্রভৃতি মাছ তখনই প্রচুর পরিমাণে জন্মে। এই মাছগুলির ডিম বেশী ভারি নয়। ফলে বহুসংখ্যক ডিম ও পোনা মাছ ধানের মাঠে ভাসিয়া যায়। এইখানে খুব অনুকূল অবস্থার মধ্যে মাছগুলি বাড়িয়া উঠে এবং অল্প সময়ের মধ্যে ৩।৪ ইঞ্চি পর্য্যন্ত লম্বা হয়। কিন্তু যখন জল কমিয়া যায় এবং ধান কাটা হইয়া যায় তখন গরীব কৃষকেরা ছোট মাছগুলিকে ব্যাপক ভাবে ধরিতে থাকে। যখন জল একেবারে শুকাইয়া যায়, তখন অবশিষ্টগুলি ধ্বংসপ্রাপ্ত হয়। বন্যার সময় এই সমস্ত খালে নিকটবর্ত্তী নদী হইতে অনেক পোনা মাছের আমদানি হয়। যখন জল কমিতে থাকে, তখন ক্ষীয়মাণ স্রোতের মুখে নানারূপ ফাঁদ পাতিয়া খাল হইতে এই শ্রেণীর পোনা মাছ ধরা হয়।

যদি চাষীরা তাহাদের ক্ষেতে প্রাপ্ত পোনা মাছ ধরার ব্যাপারে উদ্যোগী না হয়, তবে তাহাদিগকে জমির জল এমনভাবে নিষ্কাষণ করিতে উপদেশ দেওয়া উচিত—যেন পোনা মাছগুলি নিকটস্থ পুকুর, খাল অথবা নদীতে যাইয়া পড়িতে পারে। ইহার ফলে চাষীরা কিছু মাছ অবশ্য হারাইবে; কিন্তু কয়েক আনাতেই তাহার ক্ষতি-পূরণ সম্ভব। কিন্তু এই ব্যবস্থায় বাঙ্গালার অধিবাসীরা রোহিত-কাৎলা প্রভৃতি মাছের প্রচুর উৎপাদন দ্বারা প্রকারান্তরে লাভবান হইবে। চাষী ও স্থানীয় অধিবাসী-দিগকে উপদেশ দেওয়া দরকার যে, তাহারা যেন ক্ষেত হইতে প্রাপ্ত পোনা দ্বারা তাহাদের পুষ্করিণীসমূহ পূর্ণ করে। বয়ঃপ্রাপ্ত পোনাগুলির দাম অনেক বেশী হইবে; সুতরাং ছোট পোনাগুলি কিছুতেই নষ্ট করা উচিত নয়।

গবর্ণমেণ্টের স্থায়ী ও অস্থায়ী খালগুলি হইতে যেন ছোট রোহিত, কাৎলা মাছ ধরা না হয়, তজ্জন্য অবিলম্বে নিষেধাজ্ঞা জারি করা উচিত। যদি দৈবাৎ কোনও ছোট মাছ ধরা পড়ে, তবে এইসমস্ত খালেও জল ব্যবহারকারীরা যাহাতে তাহা ছাড়িয়া দেয়, তাহারও ব্যবস্থা করা প্রয়োজন। দেশের ও দশের উপকারের জন্য যে-সরকারী জলাশয়গুলির মালিকগণও যাহাতে সরকারের সহিত এই ব্যাপারে সহযোগিতা করেন, তাহাও তাঁহাদিগকে বুঝাইয়া দেওয়া উচিত।

উপরোক্ত বর্ণনা হইতে পরিষ্কার বুঝা যায় যে, বর্ষার পর যাহাতে জেলেরা সরুভাবে বুনা জাল ব্যবহার না করে তজ্জন্য তাহাদিগকে উপদেশ দেওয়া দরকার। ইহাতে অনেক মূল্যবান ক্ষুদ্র ক্ষুদ্র মাছ নির্ব্বিচারে ধ্বংস হয়। কারণ বর্ষা ঋতুতে ডিম পাড়ার জন্য অনেক মাছ নদীর উজান অঞ্চলে যাইয়া জমা হয়।

যদিও বর্ত্তমান অবস্থায় ডিম ছুটাইবার স্থানের বন্দোবস্ত করা সম্ভব নহে তথাপি মিউনিসিপ্যালিটিসমূহের দৃষ্টি এতৎপ্রতি আকর্ষণ করা প্রয়োজন যে, তাহাদের জল কলসমূহে যে সকল পোনা মাছ সম্পূর্ণ আকস্মিকভাবে আসিয়া পড়ে, সেইগুলিকে যেন সফর-কেন্দ্র ও শোধন-কেন্দ্রসমূহ পরিষ্কার করার জন্য খালি করার সময় নদীতে ছাড়িয়া দেওয়ার ব্যবস্থা হয়। কলিকাতা কর্পোরেশনের পলতায় অবস্থিত জলকল সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা হইতে দৃঢ়তার সহিত আমি এই কথা বলিতে পারি যে, এইভাবে অসংখ্য ছোট ইলিশ ও অন্যান্য মাছ হুগলী নদীতে ছাড়িয়া দেওয়া যাইতে পারে।

সাময়িক কারণে "নিষিদ্ধ অঞ্চলে" মাছ ধরা সম্পর্কে যে নিষেধাজ্ঞা জারি করা হইয়াছে, তাহার ফলে আগামী শীত ঋতুতে পোনা ইলিশগুলি কতকটা নিষ্কৃতি পাইবে এবং আগামী কয়েক বৎসরে ইলিশ মাছের সংখ্যা কিছু বৃদ্ধি পাইবার যথেষ্ট সম্ভাবনা রহিয়াছে। ব্যবসা ও বিজ্ঞান উভয় দিক্ হইতেই এই ব্যবস্থার ফলাফল গভীর অভিনিবেশ সহকারে লক্ষ্য করা প্রয়োজন।

যতদূর সম্ভব "জটকা" মাছ শিকার বন্ধ করিতে হইবে এবং জেলেদিগকে বিশেষভাবে বুঝাইয়া দিতে হইবে যে, যদি ছোট মাছগুলিকে ফেব্রুয়ারী ও মার্চ্চ মাসে ধরা না হয়, তবে বর্ষাকালে এইগুলি উৎকৃষ্ট ইলিশ মাছে পরিণত হইবে। জটকা মাছ ধরার কতকগুলি স্থান "নিষিদ্ধ" অঞ্চলের অন্তর্ভুক্ত; ইহার ফলেও ইলিশ মাছগুলি কতকটা নিষ্কৃতি পাইবে।

দুর্গাপূজা হইতে সরস্বতী পূজা পর্য্যন্ত ইলিশ মাছ না খাওয়ার যে একটি প্রাচীন হিন্দু রীতি রহিয়াছে তাহাও মাছের প্রভূত উপকার করিবে। কারণ, ইহাতে ছাড়া মাছগুলি সাগরে ফিরিয়া গিয়া মোটাসোটা হওয়ার সুযোগ পাইবে।

### ভারতের শিল্পোৎপাদন-বৃদ্ধি

ভারতবর্ষের শিল্পোৎপাদনে ও কলকারখানার মালিকদের উৎসাহ দেওয়ার জন্য ভারতসরকারের সরবরাহ বিভাগ বিশেষ উদ্যোগী হইয়াছেন। শিল্পপতিদের সুবিধার জন্য কলিকাতা, বোম্বাই, মাদ্রাজ, করাচী, লাহোর কানপুর এবং নয়াদিল্লীতে শিল্পসম্ভার কয়েকটি প্রদর্শনী (স্যাম্পল রুম বা নমুনা-প্রদর্শনী) খোলা হইয়াছে। বর্তমানে যেসব জিনিস ভারতে প্রস্তুত হয় না অথচ এখানে যাহার চাহিদা রহিয়াছে তাহা এবং অন্যান্য জিনিসের উৎপাদন কিভাবে বৃদ্ধি করা যায় সেই সম্পর্কে নানারকম কলকব্জা ও যন্ত্রপাতির নক্সা ও মডেল এইসব প্রদর্শনীতে একজন অভিজ্ঞ লোকের তত্ত্বাবধানে রাখা হইয়াছে। দর্শকদের তিনি খুঁটিনাটি বিষয় বিশদরূপে বুঝাইয়া দেন।

এই প্রদর্শনীর ব্যবস্থা অল্প কিছুদিন হইলেও ইতিমধ্যেই উহাতে বেশ ভাল ফল পাওয়া গিয়াছে। কলকারখানার মালিকেরা এই প্রদর্শনী দেখিয়া নূতন নূতন জিনিষ তৈরী করিতে আরম্ভ করিয়াছেন এবং ইতিমধ্যেই ৬৯টি নূতন জিনিষের নমুনা পরীক্ষার জন্য পাওয়া গিয়াছে। এই প্রদর্শনী দেখিয়া পঞ্জাবের একজন অজ্ঞ ও নিরক্ষর গ্রামবাসী সেলাইয়ের কল তৈয়ার করিতে শিখিয়াছে এবং ইতিমধ্যেই সে বহু কল সরবরাহ করিয়াছে।

### ভারতে কাগজ নির্ম্মাণ

ভারতবর্ষে যাহাতে অধিক কাগজ প্রস্তুত হইতে পারে তজ্জন্য ভারত সরকার একজন কমিশনার নিযুক্ত করিয়াছেন। ঐ জন্য যে রাসায়নিক দ্রব্য ও যন্ত্রপাতির আবশ্যক হইবে তাহা আমদানির ব্যবস্থাও তিনি করিবেন। কাগজ ব্যবহারে মিতব্যয়িতা, যুক্তিযুক্তভাবে কাগজ ব্যবহার ও মিলের সর্ব্বোচ্চ-উৎপাদন ব্যবস্থাই সরকারের মূল নীতি। একটা কথা আছে "সংস্কৃতে পরাকৃতে ঘর গেল অসুতে জলুতে"। আজই ৯০ ভাগ কাগজ গবর্ণমেণ্ট নিলেন—স্কুল-কলেজ ছাপাখানা সব বন্ধ হয় হয়—ভারত গবর্ণমেণ্ট নিযুক্ত করেন কমিশনার, "যাবৎ বিবি ভাতে হবে তাবৎ মিঞা গোর সবে।" (বরিশাল হিতৈষী)।

### ভারতে সামরিক কলেজ

হিন্দুযুবকদিগকে সামরিক শিক্ষা দিবার জন্য তামিল নাড় প্রাদেশিক হিন্দুমহাসভার তৃতীয় অধিবেশনে এই মর্ম্মে প্রস্তাব গৃহীত হয় যে, মাদ্রাজে "কৃষ্ণদেব সামরিক কলেজ" স্থাপিত করা হউক। স্থির করা হইয়াছে যে এই কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য ২০ লক্ষ টাকা ব্যয় করা হইবে।

### মাদ্রাজে কৃষির ব্যয়

কৃষিবিভাগের ডিরেক্টর উন্নত ধরণের বীজ ও কৃষি ব্যবস্থার জন্য একটী পরিকল্পনা দিয়াছিলেন। জানা গিয়াছে যে, মাদ্রাজ গবর্ণমেণ্ট উহা অনুমোদন করিয়াছেন। এই পরিকল্পনা অনুসারে দক্ষিণ আর্কট জেলায় ৪৫০ লক্ষ বিঘা জমিতে ৩০,০০০৲ টাকা, কৃষ্ণা জেলায় ৯ লক্ষ বিঘা জমিতে ৪০,০০০৲ টাকা ব্যয়িত হইবে। আরও জানা যায় যে, এই পরিকল্পনাকে দুই বৎসরের মধ্যে কার্য্যকরী করিয়া তুলিতে হইবে।

### আসামের আলুর বীজ

জানা গিয়াছে যে, বাঙ্গালায় আলুর অভাব নিবারণের

জন্য বাঙ্গালার গবর্ণর আসামের বিভিন্ন বাজার হইতে ৭৫ হাজার মণ আলুর বীজ ক্রয় করিতেছেন। এজন্য বাঙ্গালা সরকারের এজেণ্ট প্রতি সপ্তাহে ক্রীত মাল চালান পাঠাইতেছেন। বাংলার উৎপাদন-শক্তি বৃদ্ধির জন্যই এই বীজগুলি যাহাতে ব্যবহৃত হইতে পারে তাহার প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হইয়াছে। আলুর চাহিদা সমগ্র ভারতে যথেষ্ট। অথচ ব্রহ্মদেশ হইতে আলু আসা বন্ধ হইয়া গিয়াছে। সেই জন্য গবর্ণমেণ্টের এই প্রয়াস অদূর ভবিষ্যতে সাধারণের কষ্ট নিবারণ করিতে পারে।

## বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে যুদ্ধ-ভাতা ও ছুটী

রাজপুতানায় যোধপুর মিউনিসিপ্যালিটি গত এপ্রিল মাস হইতে মাগ্‌গিভাতা হিসাবে কাড়ুদারদের ৩৲ বৃদ্ধি দিয়াছে। মে মাস হইতে মাগ্‌গিভাতা হিসাবে কাড়ুদার-দের মাসিক ১৷৷০ বৃদ্ধি দিয়াছে শ্রীরঙ্গম ও টিনেভেলি মিউনিসিপ্যালিটি।

ইন্দোর মিউনিসিপ্যালিটিতে কাড়ুদার ও আবর্জ্জনা ফেলিবার গাড়ীর মেথরদের বৎসরে আট দিন পূরা মাহিয়ানার সহিত ছুটি দিবার ব্যবস্থা হইয়াছে। মেটারনিটির জন্য ৩০ দিন ছুটী দিবার ব্যবস্থা গৃহীত হইয়াছে।

## ভারতবর্ষে মাহিয়ানা-নীতি ও মূল্য-নিয়ন্ত্রণ

যুদ্ধের জন্য জীবন ধারণের খরচা কলকারখানা অঞ্চলে বৃদ্ধি পাওয়ায় মাহিয়ানা বৃদ্ধির জন্য শ্রমিকদের চাহিদা দেখা যাইতেছে। সেণ্ট্রাল ও প্রভিন্সিয়াল গবর্ণমেণ্ট জীবিকা নির্ব্বাহের খরচা বাবদ সকল প্রকার মাহিয়ানাভোগী কর্ম্মচারী এবং শ্রমিকদের পারিশ্রমিক বৃদ্ধি করিয়া দিয়াছেন। সেই অনুসারে প্রধান প্রধান কলকারখানাতেও মজুরি বৃদ্ধি হইয়াছে।

যে যে উপায়ে মজুরি বৃদ্ধি ও মজুরকে সাহায্য করা হইতেছে তাহা সংক্ষিপ্তভাবে নিম্নে দেওয়া গেল :—সময় সময় বোনাস বৃদ্ধি করা হইতেছে। "কষ্ট অব লিভিং" বা জীবিকা নির্ব্বাহের খরচা অনুযায়ী বোনাসের পার্থক্যও করা হইতেছে। কলকারখানা অঞ্চলে দোকান খোলা হইতেছে যেখানে শ্রমিকরা ন্যায্য মূল্যে জিনিষ ক্রয় করিতে পারে। কারণ ঐসব দোকান লাভের জন্য খোলা হয় নাই। এই ধরণের দোকান সর্ব্বপ্রথমে আমেদাবাদে মিলওনার্স এ্যাসোসিয়েশন কর্ত্তৃক খোলা হয় এবং তাহার পরে উক্ত এ্যাসোসিয়েশন এবং লেবার এ্যাসোসিয়েশন উভয়ে মিলিত ভাবে দোকান পরিচালিত করিতে থাকে। কিন্তু দুঃখের বিষয় শীঘ্রই দেখা গেল যে, ঐ সব দোকানে বহু ক্ষতি হইয়াছে। কাজেই সব বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

বড়োদা ষ্টেটে শ্রমিকরা আন্দোলন করায় একটী আবিট্রেশন নিযুক্ত হয় এবং তাহার পরিকল্পনা অনুসারে প্রত্যেক মিলে দোকান খোলা হয়। মিলের তৈয়ারি কাপড় এবং অন্যান্য দ্রব্যাদি তৈরীর খরচায় বিক্রয় করা হইত।

আবার অন্যান্য স্থানে "স্লাইডিং স্কেলে" ঐ ধরণের যুদ্ধ-ভাতা দেওয়া হইয়াছে। ১৯৩৯ সন হইতে প্রধান প্রধান কলকারখানায় উক্ত ভাতা ৬·২৫% হইতে ১২·৫০% পর্য্যন্ত দেওয়া হইয়াছে। ১৯৩৯ সনে ফ্যাক্টরী এ্যাক্টের মধ্যে যেসব কলকারখানা পড়ে তাহাদের শ্রমিক-সংখ্যা ছিল ১৭,৫১,১৩৭। এখানে বলিয়া রাখা ভাল যে, যখন যুদ্ধের জন্য শ্রমের ঘণ্টা বৃদ্ধি পাইল তখন বাংলার পাটের কলে মজুরদের ১০% মজুরি আরও বৃদ্ধি করিয়া দেওয়া হইল।

জামসেদপুরে টাটা আয়রন এণ্ড ষ্টীল কোম্পানীতে যত শ্রমিক আছে এবং যাহারা ৭৫৲ টাকা মাসে মাহিনা অথবা মজুরি হিসাবে প্রাপ্ত হইয়া থাকে, তাহাদের ফ্ল্যাট রেট ২৷৷০ টাকা হিঃ দেওয়ার ব্যবস্থা হইয়াছে অবশ্য যতদিন পর্য্যন্ত যুদ্ধ থাকিবে ততদিন। কিন্তু উক্ত ব্যবস্থা মজুর ইউনিয়ন কর্ত্তৃক গৃহীত না হওয়ায় ঐ ব্যাপার কনসিলিয়েশন বোর্ডের কাছে পাঠানো হয় এবং সেখান হইতে ব্যবস্থা করা হয় যে ৫০৲ মাহিয়ানা যাহাদের তাহারা পাইবে ২৷৷০, ৫০৲-৭৫৲ যাহারা মাহিয়ানা পায় তাহারা ৩৲ টাকা হিসাবে বৃদ্ধি পাইবে, ৭৫৲-১০০৲ পর্য্যন্ত বেতনধারী লোকে ৩৷৷০ হিসাবে বৃদ্ধি পাইবে এবং যাহারা ১০০৲-১২৫৲ বেতন পান তাঁহারা ৪৲ হিসাবে মাগ্‌গিভাতা পাইবেন।

## পয়সার অভাব

নয়াদিল্লীর ২৭শে নবেম্বরের এক সরকারী ইস্তাহারে বলা হইয়াছে যে, বর্ত্তমানে পয়সা, ডবল পয়সা, আনী, দুয়ানী প্রভৃতির অভাবে জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে এবং বিষয়টি গভীর উদ্বেগের সৃষ্টি করিয়াছে। সুতরাং এই সমস্যার প্রধান কারণগুলি সকলকে জানাইয়া দেওয়া প্রয়োজন।

দেশের অর্থনৈতিক কার্য্যাবলী বৃদ্ধি পাওয়ায় আনী, দুয়ানী প্রভৃতি মুদ্রার প্রয়োজন বৃদ্ধি পাওয়া স্বাভাবিক। যুদ্ধ ভারতের নিকটবর্ত্তী হওয়ায় ভারতবর্ষে বিরাট সামরিক বাহিনী রাখিতে হওয়ায়ও ঐরূপ মুদ্রার প্রয়োজন বৃদ্ধি পাইয়াছে। তবে এইসকলই পয়সা, আনী, দুয়ানী, প্রভৃতির অভাবের একমাত্র কারণ নহে। পয়সা, ডবল পয়সা প্রভৃতি জমাইয়া রাখাই এই সমস্যার প্রধান কারণ।

অভাবের আশঙ্কায় খাদ্যশস্যের ন্যায় পয়সা, ডবল পয়সা প্রভৃতি জমাইবার প্রবৃত্তি মানুষের পক্ষে স্বাভাবিক। অল্প পরিমাণে হইলেও ব্যাপকভাবে পয়সা প্রভৃতি জমান হইলে, উহার মোট পরিমাণ নগণ্য থাকে না। জনসাধারণ ও সংবাদপত্রের চেষ্টার ফলেই এই সমস্যার প্রতিকার হইতে পারে। ইহার প্রতিকারের জন্য জনসাধারণকে বুঝাইয়া দেওয়া দরকার যে, জনসাধারণের প্রকৃত প্রয়োজন মিটাইবার যথেষ্ট সামর্থ্য সরকারের আছে।

পয়সা গলাইয়া বিক্রয় করিলে অধিক লাভ হইবে এই আশায় পয়সা জমানই বর্ত্তমান সমস্যার প্রধান কারণ। এইরূপে জনসাধারণের শোষণ আদৌ ক্ষমাযোগ্য নহে। তবে জনসাধারণ সহ্য করিতে সম্মত না হইলে এই অবস্থা চলিতে পারে না।

কিছুকাল হইতে সরকারী টাকশালে যত অধিক সম্ভব ডবল পয়সা, আনি, দুয়ানী প্রভৃতি তৈয়ার করা হইতেছে। ১৯৩৯ খৃষ্টাব্দে যখন যুদ্ধ বাধে তখন মাসিক ১ কোটি ৬০ লক্ষ মুদ্রা তৈয়ারী হইত। এখন মাসিক ৭ কোটি মুদ্রা উৎপন্ন হইতেছে এবং যুদ্ধের প্রথম তিন বৎসরে মোট ১ শত ৮০ কোটি মুদ্রা উৎপন্ন হইয়াছে। সরকার অদূর ভবিষ্যতে মুদ্রা উৎপাদনের ক্ষমতা আরও বৃদ্ধি করিবার ব্যবস্থা করিতেছেন। কিন্তু যেসকল লোক লাভের উদ্দেশ্যে জনসাধারণকে এইভাবে শোষণ করিতেছে তাহাদিগের কার্য্যাবলী প্রকাশ করিয়া দিবার জন্য সরকার সংবাদপত্র ও জনসাধারণকে যথাসাধ্য চেষ্টা করিতে অনুরোধ করিতেছেন।

## মদ্যপের সংখ্যা বৃদ্ধি

ভারতবর্ষে মদ্যপানের জন্য সামাজিক নিন্দা পূর্ব্বে দেখা যাইত। সেজন্য অনেক সময়ে উহার প্রচলন হ্রাস পাইত। কালক্রমে জাতীয়তাবাদের এবং স্বাদেশিকতার উদ্ভব হইলেও বৈদেশিক প্রভাবও যে সঙ্গে সঙ্গে বৃদ্ধি পাইয়াছে তাহা মদ্যপানের দোকান-বৃদ্ধির সংখ্যা দেখিলেই বুঝা যাইবে। আমরা ভাল জিনিষ বিদেশী বলিয়া ত্যাগ করি কিন্তু মন্দটী নির্ব্বিবাদে গ্রহণ করি! তাহার প্রমাণ নিম্নে দেওয়া গেল :—

| প্রদেশ | প্রদেশপিছু মদের দোকান-সংখ্যা | | | বর্গ মাইলপিছু দোকান-সংখ্যা | | | দোকানপিছু লোক-সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৯০৬-০৭ | ১৯১৯-২০ | ১৯২৩-২৪ | ১৯০৬-০৭ | ১৯১৯-২০ | ১৯২৩-২৪ | ১৯০৬-০৭ | ১৯১৯-২০ | ১৯২৩-২৪ |
| মাদ্রাজ | ১১,৪৫১ | ৬,১০৭ | ৬,০৪২ | ১২ | ২৩ | ২৪ | ৩,৩৩৮ | ৬,৩৪৬ | ৭,০০৪ |
| বোম্বাই | ২,৫১৪ | ১,৮৮০ | ১,৬৩১ | ৩০ | ৪০ | ৪৮ | ৬,০২৪ | ৮,৫৭০ | ৯,৮১৬ |
| সিন্ধু | ২৯০ | ১৮২ | ১২৬ | ১৬১ | ২৫৯ | ২৭৫ | ১০,৯৫২ | ১৯,০০২ | ১৬,০২৪ |
| বাংলা | ৩,০৬০ | ১,১৩৪ | ৯৭৯ | ২৫ | ৬৮ | ৭৮ | ১৬,৫৭৬ | ৪১,১৭৫ | ৪৭,৬২৬ |
| যুক্তপ্রদেশ | ৫,৫৮৪ | ৪,০০৩ | ২,৬১৫ | ১৯ | ২৭ | ৪১ | ৮,৫৩৭ | ১১,৩৩১ | ১৭,৩৪৫ |
| পাঞ্জাব | ১,২৯২ | ৬৬৬ | ৫১৭ | ৭৪ | ১৪৪ | ১৮৬ | ১৫,৭২৫ | ৩১,১৬৯ | ৪০,১৫৩ |
| নিম্ন-বার্ম্মা | ১২১ | ১৫২ | ১৪৫ | × | ৪২৭ | ৪২৫ | × | ২৯,৫০৭ | ৩১,৬৫২ |
| উচ্চ-বার্ম্মা | ৩৬ | ২০ | ২৮ | × | ১,২৩৪ | ১,০৮৩ | × | ২১,৯৫০ | ৪২,৬৯৯ |
| মধ্যপ্রদেশ | ৫,২৭০ | ৩,৫২৫ | ২,৪৯০ | ১৯ | ২৮ | ৪০ | ২,২৪৩ | ৩,৯৪৬ | ৫,৪৮৭ |
| আসাম | × | ১৮৮ | ১৮৭ | × | ২৬৪ | ২৬৫ | × | ৩৯,৯২৫ | ৪০,১৩৯ |
| বিহার ও উড়িষ্যা | × | ১,৮৬৪ | ১,৭২৯ | × | ৪৫ | ৪৮ | × | ১৮,২৪১ | ১৯,৬৬৫ |

## বিভিন্ন দেশে "ঋণ" বৃদ্ধি

সাধারণ খরচা বৃদ্ধি হওয়ায় পৃথিবীর নানাস্থানেই আমদেশিক ঋণও বিশেষভাবে বাড়িয়াছে। নিম্নলিখিত তালিকা হইতে উহা স্পষ্ট বুঝা যাইবে :—

| | |
|---|---|
| যুক্তরাষ্ট্র | |
| জুন ১৯৩৭ | ৩৬,৪০০ |
| ডিসেম্বর ১৯৪১ | ৪০,৯০০ |
| জাপান ( ইয়েন ) | |
| মার্চ্চ ১৯৩৮ | |
| আগষ্ট ১৯৪১ | |
| জার্মাণি ( মার্ক ) | |
| মার্চ্চ ১৯৩৮ | |
| সেপ্টেম্বর ১৯৪১ | |
| যুক্ত রাজ্য ( পাউণ্ড ) | |
| মার্চ্চ ১৯৩৮ | |
| নবেম্বর ১৯৪১ | |
| সুইডেন ( ক্রাউন ) | |
| জুন ১৯৩৮ | |
| ডিসেম্বর ১৯৪১ | |
| সুইট্‌জারল্যাণ্ড ( ফ্রাঁ ) | |
| ডিসেম্বর ১৯৩৭ | |
| ডিসেম্বর ১৯৪০ | |
| বেলজিয়াম ( ফ্রাঁ ) | |
| ডিসেম্বর ১৯৩৭ | |
| সেপ্টেম্বর ১৯৪১ | |

## আমেরিকায় আলুর উৎপাদন

( মে মাসের শতকরা হিঃ )

| | মে মাসের অবস্থা |
|---|---|
| গড়পড়তা ১৯৩০-১৯৩৯ | |
| নর্থ ক্যারোলিনা | |
| সাউথ ক্যারোলিনা | |
| জর্জ্জিয়া | |
| ফ্লোরিডা | |
| এ্যালাবামা | |
| মিসিসিপি | |
| আরকানসাস | ৮৩ |
| লুসিয়ানা | |
| টেক্সাস | |
| ক্যালিফর্নিয়া | |
| মোট ১১টী ষ্টেট | |

## মার্কিণ দেশের গম

১লা এপ্রিল পর্য্যন্ত আমেরিকার মিল, ওয়ার্ক হাউস প্রভৃতিতে যত গমের ষ্টক ছিল তাহার গড় নিম্নে দেওয়া গেল :—

( ১০০০ বুসেল ডিঃ )

| শ্রেণী | ১৯৩১-৩২ এভারেজ |
|---|---|
| হার্ড রেড উইনটার | ৬৭,৩০৫ |
| সফ্‌ট রেড উইনটার | ৩৩,৯২৯ |
| হার্ড রেড স্প্রিং | ৪৬,৫৫৪ |
| ডুরুম | ১২,০২৪ |
| ম্যানিটোবা | ৩১,৭৩৩ |
| মোট | ২০১,৮৪৫ |

## দক্ষিণ আফ্রিকাতে বাড়ী ভাড়া

সনের সাউথ আফ্রিকান রোড্‌স্ এামেণ্ডমেণ্ট ২৬ নিয়ম ১৯২০ সনের রোড্‌স্ এাক্টকেই সংযত রাখা হইয়াছে। উহার দ্বারা বলা হইয়াছে যে, বাড়ী রেন্টিন্ট তৈয়ারী হউক না কেন উক্ত আইন সর্বপ্রকারের বাটী ভাড়া সম্বন্ধে প্রয়োগ করা যাইবে। ইহাতে আরও বলা হইয়াছে যে, একটী রেন্ট বোর্ড গঠিত করা হইবে এবং উক্ত বোর্ড সমস্ত বাটীর ভাড়া কমাইয়া দিবে। ১৯৪০ সনে উক্ত বোর্ড কর্তৃক মোট ৪৮৯ পাউণ্ড ভাড়া কমানো হইয়াছে।

## ক্যানাডায় বাটী-ভাড়া নিয়ন্ত্রণ

১৯৪১ সনের ১লা নবেম্বর তারিখে "ম্যাক্সিমাম রেন্টাল" বা সর্বোচ্চ বাটীভাড়া স্থির করিয়া দেওয়া হইয়াছে ম্যাক্সিমাম রেন্টাল রেগুলেসন অনুসারে বেসিক ডেটে যে ভাড়া ছিল সেই অনুপাতে ভাড়া নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। আগেকার বাটী ভাড়ার জন্য যে সব আইন ছিল সেগুলি কয়েকটী জেলায় মাত্র খাটিত। এক্ষণে যে নূতন আইন জারী করা হইয়াছে তাহা সমগ্র ক্যানাডাস্থ যে বাড়ী সবারই উপরে প্রযোজ্য।

ভারতবর্ষের নয়া দিল্লী, সিমলা প্রভৃতি স্থানে বাটী ভাড়া নিয়ন্ত্রণের জন্য হাউস রেন্ট কণ্ট্রোল অর্ডার পাশ করা হইয়াছে। কিন্তু দুঃখের বিষয় কলিকাতায় দেখা যাইতেছে যে লোক আসিয়া পড়িয়াছে তখন বাড়ীওয়ালারা যথেচ্ছ ভাড়া বাড়াইতে চেষ্টা করিতেছে। ক্যানাডার মত কলিকাতায় হাউস রেন্ট কণ্ট্রোল করার ব্যবস্থা একান্ত প্রয়োজনীয় বোধ হয়।

## নিয়াসাল্যাণ্ড প্রোটেক্টোরেটে শ্রমিকের অবস্থা

নিম্নলিখিত তালিকায় দেখানো হইয়াছে নিয়াসাল্যাণ্ড প্রোটেক্টোরেটের ১১০টী গ্রামে লোক-সংখ্যা কত, শিক্ষা কেমন, জীবনধারণের মাপকাঠি কিরূপ এবং কার্য্যের অবস্থা কি (১৯৩৯)।

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
|---|---|---|---|---|---|---|
| গ্রামের সংখ্যা | ৩৪ | ১২ | ১৩ | | ৯ | |
| বাড়ীর " | ৭১২ | ৪২৯ | ৫৭৬ | ৮৬৮ | ৫৩৩ | |
| গ্রামের লোকসংখ্যা | | | | | | |
| পুরুষ | ৩৮৫ | | | | | ৮৮৩ |
| স্ত্রীলোক | ৭৪৬ | | | | | ১,২৮১ |
| শিশু | ৮৬২ | | | | | ১,৭৩৮ |

কত লোক চলিয়া গিয়াছে

| | |
|---|---|
| চিরদিনের জন্য | ১০৬ |
| সাময়িকভাবে | ৬৬ |
| মোট | ১৭২ |
| গ্রামপিছু মোট লোকসংখ্যা | ৩৯৭ |
| এক্ষণে গ্রামে আছে কিন্তু পূর্বে বাহিরে ছিল | |
| কতদিন বাহিরে অবস্থান করে | |

শিক্ষা এবং কার্য্যের অবস্থা

| | |
|---|---|
| ষ্ট্যাণ্ডার্ড ১ পাশ করার সংখ্যা | |

কত লোক নিম্নতন কার্য্যে নিযুক্ত

| | |
|---|---|
| চাষ | |
| খনি | ১৮৩ |
| দক্ষতার কার্য্য | ৬২ |

জীবনের মাপকাঠি

| | |
|---|---|
| গৃহপালিত পশু | |
| দুখানি ঘরের বাড়ী | |
| বাড়ীর সহিত ফার্ণিচার ... | |
| বাইসাইকল ও মেশিন | |

### চীন দেশে "এমার্জেন্সী আইন

সমগ্র জাতিকে একটী যুদ্ধরত একক জাতি হিসাবে গঠন করিবার জন্য জেনারেল চিয়াংকাইসেক ন্যাশন্যাল জেনারেল মোবিলিজেসন এ্যাক্ট পাশ করিয়াছেন। ২৯শে মার্চ্চ ১৯৪২ সনে উহা চীন দেশের ন্যাশন্যাল গভর্ণমেণ্ট অনুমোদন করিয়াছেন। ইহার উদ্দেশ্য হইল, চীন এখন যে সঙ্কটময় অবস্থায় পৌছিয়াছে তাহাতে সকল উপায় এক সঙ্গে গ্রহণ করিতে হইবে। যুদ্ধের জন্য খরচ কমাইয়া দিতে হইবে এবং উৎপাদন আরও বৃদ্ধি করিতে হইবে এবং যত শ্রমিক পাওয়া যায় তত যুদ্ধের কাযে নিয়োগ করিতে হইবে। জেনারেলেসিমো জনসাধারণকে জানাইয়াছেন যে, যদি যুদ্ধ-প্রচেষ্টাকে অক্ষুণ্ণ রাখিতে হয় তাহা হইলে যুদ্ধরতদের জন্য খাদ্য যোগাইতে হইবে এবং ভবিষ্যতে বাঁচিবার জন্য খাদ্য সঞ্চিত রাখা একান্ত আবশ্যক।

### ভারতে শ্রমিক-সম্বন্ধে কনফারেন্স

শ্রমিক আইন সম্বন্ধে আলোচনার জন্য কেন্দ্রীয় গভর্ণমেণ্ট কর্তৃক একটি সভা আহূত হয়। তাহাতে কেন্দ্রীয় গভর্ণমেণ্ট এবং প্রাদেশিক গভর্ণমেণ্টের সভ্যেরা যোগদান করিয়াছিলেন এবং স্বাধীনরাজ্যের দিক থেকেও যেখানে প্রধান প্রধান কারখানা আছে তাহাদের সভ্য আসিয়াছিলেন। ভারত গভর্ণমেণ্টের ফিরোজ খাঁ নুন উপস্থিত ছিলেন। এই ধরণের সভার এই তৃতীয় বার অধিবেশন হইল। ইহাতে প্রস্তাব গৃহীত হয় যে এই ধরণের সভা প্রতি বৎসর আহূত হইবে; শুধু তাহাই নহে, ইহাতে মালিক ও শ্রমিক উভয়েই যাহাতে সভায় যোগদান করিতে পারে তাহারও ব্যবস্থা করা হইবে।

১৯৪০ ও ১৯৪১ সনে উক্ত কনফারেন্স কর্তৃক যেসকল মন্তব্য গৃহীত হইয়াছিল তাহার মধ্যে উল্লেখযোগ্য ব্যাপার হইল এই যে, ফ্যাক্টরী এ্যাক্টকে পুনরায় সংশোধন করা হইবে এবং ট্রেড ইউনিয়ান বিষয়ক ব্যাপারে প্রত্যেক প্রাদেশিক গভর্ণমেণ্ট হস্তক্ষেপ করিতে পারিবে।

### ইরাকের "পুনর্গঠন পরিকল্পনা"

নিউ ইয়র্ক কনফারেন্সে শ্রমিক সম্পর্কে যেসব প্রস্তাব গৃহীত হইয়াছে সেগুলি সম্বন্ধে আলোচনার জন্য ইরাক গভর্ণমেণ্ট একটি বিশেষ কমিটি স্থাপন করিয়াছেন। তাঁহারা ঐসকল মন্তব্য আলোচনা করিবেন এবং ইরাকের আবহাওয়ায় কতটা প্রযোজ্য তাহা স্থির করিবেন।

### আমেরিকায় যুদ্ধপশ্চাৎ পরিকল্পনা কমিটি

হাউস অব রিপ্রেজেনটেটিভে ১২ মার্চ্চ তারিখে (১৯৪২ সনে) প্রস্তাব গৃহীত হয় যাহাতে 'ন্যাশন্যাল কমিশন ফর পোষ্ট-ওয়ার রিকনষ্ট্রাকশান' স্থাপিত হইতে পারে। এই কমিশনে পাঁচজন সভ্য সেনেট হইতে এবং পাঁচজন সভ্য হাউস অব রিপ্রেজেনটেটিভ হইতে লওয়া হয়। সেনেটের প্রেসিডেণ্ট উক্ত পাঁচ জন সভ্যকে নিয়োগ করিবেন এবং হাউস অব রিপ্রেজেনটেটিভের স্পীকার পাঁচজনকে নিয়োগ করিবেন। তিনজনকে গভর্ণমেণ্টের শাসন শাখা হইতে এবং তিনজনকে শ্রমিক সঙ্ঘ হইতে, তিনজনকে কৃষি সঙ্ঘ হইতে এবং তিনজনকে শিল্প ব্যবসা হইতে লওয়া হইবে। একজনকে লওয়া হইবে ব্যাঙ্ক ও ফিন্যানসিয়াল প্রতিষ্ঠান হইতে, তিনজনকে ধর্ম্ম সম্প্রদায় হইতে, দুই জনকে শিক্ষা প্রতিষ্ঠান হইতে, তিনজনকে খাদক দল হইতে যাহাদের মধ্যে অন্ততঃ

ছইজন কনসিউমারস্ কো-অপারেটিভ হইতে লওয়া চাই। একজনকে পাবলিক হেলথ ও ওয়েলফেয়ার এ্যাসোসিয়েসন হইতে লওয়া হইবে। একজন অভিজ্ঞ অর্থনীতিজ্ঞ গৃহীত হইবেন এবং একজন প্রসিদ্ধ শিল্প-ইঞ্জিনিয়ার লওয়া হইবে।

## সরকারের কাগজ সম্পর্কিত সিদ্ধান্ত বাতিলের অনুরোধ

ভারত গভর্ণমেণ্ট সম্প্রতি এক অর্ডিন্যান্স জারী করিয়া সকল কাগজ প্রস্তুতকারক এবং ব্যবসায়ীদিগকে শতকরা ৯০ ভাগ কাগজ গভর্ণমেণ্টের কাজের জন্য সংরক্ষণ এবং অবশিষ্ট ১০ ভাগ সাধারণের ব্যবহারের নিমিত্ত রাখিতে নির্দেশ প্রদান করিয়াছেন; তাহার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করিবার জন্য কলিকাতা ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে কলিকাতার কাগজ বিক্রেতা, প্রকাশক-সভা, সাংবাদিক সঙ্ঘ, ছাত্র ফেডারেসন এবং অন্যান্য ব্যবসায়ী সঙ্ঘের সমবেত উদ্যোগে এক বিরাট জনসভার অধিবেশন হয়। বাঙ্গালার ভূতপূর্ব্ব অর্থসচিব ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করেন। ভারত সরকার যাহাতে অবিলম্বে আদেশ প্রত্যাহার করেন তজ্জন্য অনুরোধ জানাইয়া বহু বক্তা সভায় বক্তৃতা করেন। সরকারের এই আদেশের ফলে বাঙ্গালা তথা ভারতবর্ষে শিক্ষা, সমাজ এবং মানুষের দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় কাজে বিঘ্ন সৃষ্টি হইবে বলিয়া বক্তাগণ তাহাদের বক্তৃতায় উল্লেখ করেন।

সভায় সর্ব্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাবটি গৃহীত হয়—

কলিকাতার নাগরিকবৃন্দের এই জনসভা প্রস্তাব করিতেছেন যে, সম্প্রতি যদি ভারতের মিলে প্রস্তুত কাগজের শতকরা ৯০ ভাগ গভর্ণমেণ্টের প্রয়োজনে গ্রহণ করিবার সিদ্ধান্ত অনুসারে কাজ করা হয় তাহা হইলে শিল্প, বাণিজ্য, সমাজ প্রভৃতি সম্পর্কিত সকল প্রতিষ্ঠানের কাজ বন্ধ হইয়া যাইবে এবং দেশের নিয়ন্ত্রিত সমাজ ব্যবস্থার ক্ষতি হইয়া বহু সহস্র লোক বেকার হইয়া পড়িবে।

"দেশে সাধারণতঃ বৎসরে ১ লক্ষ ৭০ হাজার টন কাগজ প্রস্তুত হইয়া থাকে। গভর্ণমেণ্টের ব্যবস্থা কার্য্যে পরিণত হইলে সাধারণের ব্যবহারের জন্য মাত্র ১০ হাজার টন বা তদপেক্ষা কিছু কম কাগজ পাওয়া যাইবে। তাহার ফলে শুধু সাধারণের অসুবিধা হইবে না—গভর্ণমেণ্টের যুদ্ধ-ব্যবস্থাও ব্যাহত হইবে। বিদেশ হইতে কাগজ আমদানি প্রায় বন্ধ হইয়াছে; যাহা আমদানি হয় তাহাও গভর্ণমেণ্টের কার্য্যে ব্যবহৃত হয় বলিয়া দেশে কাগজের বাজারে নানারূপ অনাচার চলিতেছে। বড় বড় কাগজ ব্যবসায়ীরাও সে ক্ষেত্রে অতি-লোভীদিগের কার্য্য বন্ধ করিতে পারিতেছেন না। গভর্ণমেণ্টের এই নূতন সিদ্ধান্তের ফলে বাজারের কাগজওয়ালাদিগের অতি লাভের চেষ্টা আরও বাড়িয়া যাইবে।

"এই সভা গভর্ণমেণ্টকে একটী প্রতিনিধিমূলক সম্মিলন আহ্বান করিয়া সকলের চাহিদা মত কাগজ যোগাইবার ব্যবস্থা করিতে অনুরোধ করিতেছে।

"মিলসমূহ যাহাতে অধিক পরিমাণে কাগজ প্রস্তুত করিতে সমর্থ হয় তাহার ব্যবস্থা করিবার জন্য এবং কুটীর শিল্প হিসাবে কাগজ প্রস্তুত ব্যবস্থাকে উৎসাহিত করিবার জন্য গভর্ণমেণ্টকে এই সভা অনুরোধ জানাইতেছে।"

## আইন ব্যবসায়ে সত্যের স্থান

কোন এক বন্ধুর সহিত কথোপকথনের মর্ম—

[শ্রীপঞ্চকুমার মুখোপাধ্যায়, এম্ এ, বি এল্]

প্রঃ—আপনি অত সত্যের পক্ষপাতী হইলে কি হইবে? আপনি যে ব্যবসায়ে লিপ্ত তাহাতে সত্যের কোন স্থান আছে কি?

উঃ—আইনের ও বিচারের উদ্দেশ্যই হইল সত্যের সন্ধান করা; কিন্তু যে যে পরীক্ষার ভিতর দিয়া তাহা সন্ধান করা হয় সেগুলিতে কখন কখন হয়তো ত্রুটি থাকিতে পারে। তাহার জন্য আইনের উদ্দেশ্য সত্যের অনুসন্ধান ব্যর্থ হইবার নয়।

প্রঃ—আশ্চর্য্য করলেন! ওকালতী মানেই মিথ্যাকে সত্যি করা আর সত্যিকে মিথ্যা করা নয় কি? উকীল হয়েও সত্যান্বেষী হওয়া যায় কি?

উঃ—ওকালতী মানে সত্যকে মিথ্যা বা মিথ্যাকে সত্য করা নয়। "লাজিক" বা ন্যায়শাস্ত্র যাঁহারা অভ্যাস করিয়াছেন তাঁহাদের বিরুদ্ধেও তাহা হইলে একই ত্রুটি স্বীকার করিয়া লইতে হয়। কারণ আইনে সত্যের সন্ধানে যুক্তিকের সাহায্য অনেক পরিমাণে গ্রহণ করিতে হয়। সেই জন্য সাধারণের কাছে মনে হয় যে, উকীল সত্যকে মিথ্যা করে আর মিথ্যাকে সত্য করে।

প্রঃ—আইন অনুযায়ী সত্যের পরীক্ষা কিরূপ?

উঃ—পরীক্ষা সকল স্থলে এক প্রকার হইতে পারে না। ঘটনা ও পারিপার্শ্বিক অবস্থা অনুসারে পার্থক্য ঘটিয়া থাকে। তবে মোটামুটি বলা চলে "কন্‌সিসটেন্সি" বা সামঞ্জস্য হইল সত্যানুসন্ধানের প্রথম ও প্রধান বিষয়। প্রসিদ্ধ লেখক জি ই আণ্ডারহিল বলেন, সমগ্রের সহিত ও পরস্পরের সহিত সকল অংশের, জ্ঞান ও অজ্ঞানের সকল অংশের সামঞ্জস্যই শুধু সত্যের চূড়ান্ত পরীক্ষা। ব্রাড্‌লিও বলেন, সামঞ্জস্য হইল সত্যের একমাত্র পরীক্ষা।*

প্রঃ—সামঞ্জস্য না দেখাইলে আর সত্য প্রমাণ হইবে না?

উঃ—হওয়া উচিত নয়। বিচারালয়ে "বিলিফ" ও "ডাউট" কথা খুবই প্রচলিত। বিলিফ বলিতে চলতি কথায় বিশ্বাস এবং ডাউট বলিতে সন্দেহ বুঝায়। যেখানে বিচারপতিরা বিশ্বাস করেন না, সেখানে সত্য প্রমাণিত হয় না। বিশ্বাস না করার জন্য অধিক সময়ে বিচারক কোন প্রকার যুক্তি না দেখাইতে অথবা সামান্য যুক্তি দিতে পারেন; উহার মধ্যে কোন সত্য নাই।

প্রঃ—যুক্তিহীন অবিশ্বাসের কারণ কি?

উঃ—আপনার প্রশ্নের উত্তর দেওয়া কঠিন। মনে হয় উহা মনঃপ্রসূত, বৈজ্ঞানিক নয়। যে কারণের জন্য বিচারকের মনে একজনের উপরে একটা ধারণা দৃঢ়বদ্ধ তাহা হইল "পজিটিভ্ নলেজ" বা প্রত্যক্ষ জ্ঞান। যে ক্ষেত্রে একটি মাত্র ধারণা আছে সেখানে দ্বিতীয় ধারণার স্থান নাই। যদি ধারণার সহিত বাস্তবে কোন ভেদ না থাকে তাহা হইলে তাহা সত্য বা বাস্তব বলিয়া

* ব্রাড্‌লি—"এপিয়ারান্স এণ্ড রিয়ালিটি" পৃঃ ১৩৮, ১৩৯।

স্থির হয়। কিন্তু উক্ত প্রত্যক্ষ জ্ঞান চিরস্থায়ী বা অপরিবর্ত্তনীয় হইতে পারে না। সেজন্য প্রত্যেক ঘটনা বিশেষভাবে পৃথক করিয়া দেখার নিয়ম আছে। একজন লোক যদি একবার কোন অন্যায় করে তাহা হইলে দ্বিতীয় বারও করিয়াছে তাহা প্রমাণ করার জন্য সম্পূর্ণ পৃথক সাক্ষ্যের আবশ্যক। সেইরূপ যাকে সাধু পুরুষ বলিয়া মনে দৃঢ় ধারণা আছে তাহার নামে যদি কোন দোষ দেওয়া যায় তাহা হইলে যে দোষ দেন ও যাহার নামে দোষ দেয় উভয়ের মধ্যে আত্মীয়তা বা সম্বন্ধ কি তাহা লক্ষ্য করা প্রথমে দরকার; তাহার পর নিজের প্রত্যক্ষ জ্ঞান নিয়োগ করা চলে।

প্রঃ—কোন ঘটনা "সম্ভবত" বলিয়া কি করিয়া উহাকে বাস্তব ধরিয়া কায করা যায়?

উঃ—তাহা পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভর করে। কোন লোক নিজ স্বার্থের জন্য অন্যায় কার্য্য করিবার অভিযোগে অভিযুক্ত হইলে সামঞ্জস্যের অভাব হয় না; তখন অল্প সাক্ষ্যের উপরে নির্ভর করা চলে। কিন্তু অপরের স্বার্থ সংশ্লিষ্ট থাকিলে অধিক বিশ্বাসযোগ্য সাক্ষ্যের আবশ্যক। যদি কোন লোক অধিক টাকা উপার্জ্জনের জন্য অপরের সর্ব্বনাশ করে, তাহা হইলে সেই সর্ব্বনাশের সহিত সংশ্লিষ্ট ব্যাপারসমূহে অবিশ্বাসের কারণ খুবই কম। মেনের ক্রিমিন্যাল লঁ অব ইণ্ডিয়া (পৃঃ ২৪০) হইতে এখানে একটি মোকদ্দমার উল্লেখ করি। যদি কেহ চাকর নিয়োগ করিয়া শুনিতে পান যে সেই চাকরটি চুরির সন্দেহে রহিয়াছে তাহা হইলে তিনি হয়তো সন্দেহের বশে উক্ত চাকরকে বিতাড়িত করিয়া দিবেন। কিন্তু যদি উহাকে নিয়োগ করার পর মনিব প্রথম তাহার চুরির অপরাধের কথা শুনেন তাহা হইলে তাঁহার উচিত আরও অধিক ও বিশ্বাসযোগ্য সাক্ষ্য সংগ্রহ করা। অবশ্য যদি চাকরী হইতে বিদায় দিতে চান। তাহা অপেক্ষা আরও প্রত্যক্ষ প্রমাণ লওয়া উচিত তাহাকে চুরি অভিযোগে অভিযুক্ত করিবার জন্য। হার্ব্বার্ট স্পেনসার বলেন যে বিপরীতের ধারণাই যখন হয় না তখন সত্য বাস্তবিক।

প্রঃ—বিপরীতের ধারণা হয় না এমন কি থাকিতে পারে?

উঃ—প্রত্যেক বিষয়েই বিরুদ্ধতা করা চলে, কিন্তু যুক্তি-সঙ্গত না হইলে উহাকে গোঁয়ারতুমি বলে। যুক্তির উপর নির্ভর করিয়া বৈপরীত্যের সন্ধান পাওয়া না গেলে তাহা সত্য হইয়া দাঁড়ায়। এই জন্যই বলা হয়, সাধারণের ঝগড়া একরকম আর আইনের ঝগড়া আর এক রকম। কারণ আইনে যুক্তি আছে কিন্তু সাধারণ লোক যুক্তির ধার ধারে না।

প্রঃ—বাস্তব ও সত্য কি এক নয়?

উঃ—সত্য নির্ভর করে বাস্তবতার উপর। যাহা হওয়া সম্ভব বা যাহা স্বাভাবিকভাবে ঘটিয়া থাকে তাহা সত্যের সম্ভাব্যতা। সত্য দুই প্রকার,—বাস্তব সত্য (রিয়াল ট্রুথ) এবং সামঞ্জস্যগত প্রমাণিত সত্য। বিচারালয়ে প্রমাণিত সত্য যুক্তির ভিতর দিয়া প্রমাণ করিতে হয়। একজন আর একজনের উপর বিনা কারণে রাগ করে না। "ক" যখন "খ"কে গালি দিবে তখনই "খ" তাহার প্রতি রোষ প্রকাশ করিতে চাহিবে। এই ঘটনার মধ্যে "ক" যদি বলে সে কিছু করে নাই তাহা হইলে বুঝিতে হইবে সে সম্পূর্ণ মিথ্যা বলিতেছে এবং স্বাভাবিক অবস্থার উপর নির্ভর করিয়া তখন "খ"এর কথায় বিশ্বাস করা যাইতে পারে। এখানে "ফর্ম্যাল ট্রুথ" এবং তাহার উপর বিশ্বাস—ন্যায়শাস্ত্রের যুক্তি দ্বারা সম্ভব হইবে। আরও গভীরভাবে দেখিতে হইলে দেখিতে হইবে "ক" ও "খ"এর সত্য বলার ক্ষমতা কতটা আছে। যদি দেখা যায় সাধারণত "খ" "ক"এর চেয়ে বেশী সত্য কথা বলে, তাহা হইলে "ক"কে কম নির্ভর-যোগ্য মনে করা চলে। ইহাই হইল আইনের "প্র্যাক্‌টিক্যাল ফাউণ্ডেসন" (বস্তুতান্ত্রিক ভিত্তি)।

প্রঃ—মনে করুন একজন লোককে ভাল বলিয়া জানি। সে কি মন্দ হইতে পারে?

উঃ—ভাল শব্দের অর্থ অনেক। যদি তাহাকে নিঃস্বার্থ এবং পরোপকারী বলিয়া নিশ্চয়রূপে আপনার জানা থাকে, তাহা হইলে যখন কেহ উক্ত ব্যক্তিকে স্বার্থপর বা পরের অনিষ্টকারী বলিয়া অভিযোগ করে তখন আপনার সন্দেহ হইতে পারে। কিন্তু যদি লোকটা মন্দ নয় অর্থাৎ সাধারণতঃ অন্যায় করে না বলিয়া আপনার ধারণা থাকে তাহা হইলে "স্বার্থ", বিশেষ টাকাপয়সার স্বার্থ অথবা বিশেষ কারণে হিংসা চরিতার্থতার জন্য সে কিছুই করিতে পারে না, এ রকম ধারণা করমাল টুথের বাহিরে।

প্রঃ—তাহার সত্যই অন্যায়ের ইচ্ছা ("ইন্‌টেনশন") ছিল তাহা কি করিয়া ধরা যায়?

উঃ—স্বার্থ উদ্ধারের পর উক্ত স্বার্থজনিত সুখ-সুবিধা কে কিভাবে ভোগ বা ত্যাগ করে তাহা দেখিলে বুঝা যায় কার্য্যের মূলে কাহার কি ইচ্ছা বা উদ্দেশ্য ছিল। ইচ্ছা ও জ্ঞান সর্ব্বদা একত্র থাকে, কারণ কোন লোক যখনই অপরের সঙ্গে ব্যবহার করে তখনই সে জানে যে তাহার ব্যবহারের ফলে অপর ব্যক্তির মনের উপর বা দেহের উপর প্রতিক্রিয়া হইবে। আইনে একটা কথা আছে "ম্যালিস"। এই ম্যালিসকে বাংলায় ঈর্ষা দ্বারা ঠিক বুঝানো যায় না। ম্যালিস কোন কোন মানুষের প্রকৃতিগত এবং ইহার বশবর্ত্তী কার্য্যে ইচ্ছা ও জ্ঞান বর্ত্তমান থাকে। ম্যালিস সাধারণতঃ দুই প্রকার,—অপ্রত্যক্ষ এবং প্রত্যক্ষ। সত্যের উদ্ঘাটনের জন্য ইন্‌টেনশন, ম্যালিস, নলেজ প্রভৃতির বিচার হওয়া দরকার।

প্রঃ—আপনাদের তো অনেক ক্ষেত্রে "ধরিয়া লইতে" অর্থাৎ প্রিজাম্পশনও করিতে হয়। তাহাতে সত্য কি করিয়া আবিষ্কার করিতে পারেন?

উঃ—এই প্রশ্নের দুইটী ভাগ—প্রথম হইল প্রিসাম্পসান কি এবং দ্বিতীয় হইল তাহাতে সত্য কতটা প্রভাবিত হয়।

খুব সাধারণভাবে যদি ধরা যায় তাহা হইলে বলা যায় যে, যেখানে নিছক সত্যের সন্ধান পাওয়া যায় নাই অথচ কোন তথ্যকে সম্পূর্ণ মিথ্যাও বলা চলে না সেখানে সত্য বলিয়া গৃহীত উক্ত তথ্য হইতে যুক্তিসঙ্গত সিদ্ধান্ত সত্য বা মিথ্যা বলিয়া ধরিয়া লওয়াকে প্রিজাম্পশন বলে। আইন সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হইলে তাহাকে বলে প্রিজাম্পশন অব ল'। এই সকল সিদ্ধান্ত আইনের অন্তর্গত ও অংশস্বরূপ গ্রহণ করিতে হয়। আইনের এই সকল প্রিজাম্পশন আবার রিবাটেব্‌ল এবং ইরি-বাটেব্‌ল্ হইতে পারে। যেগুলি ইরিবাটেব্‌ল্ বা অপ্রতিহত সেগুলিকে বিচারক সম্পূর্ণ সত্য প্রমাণরূপে গ্রহণ করিতে পারেন এবং যেগুলি অপ্রতিহত নয় সেগুলি প্রতিহত না হওয়া পর্য্যন্ত সত্য বলিয়া সিদ্ধান্ত করিলে বিচারকের ভ্রান্তি নাও হইতে পারে।

ইন্‌টেনশন ও নলেজ (ইচ্ছা ও জ্ঞান) সম্বন্ধে দুই একটি আইনের প্রিজাম্পশনের উদাহরণ দিই। অপরিচিত লোক অনিমন্ত্রিতভাবে কোন গৃহস্থের বাড়ীতে রাত্রিতে চড়াও হইতে গেলে তাহাকে বাধা দিলে যদি সে জোর করে তাহা হইলে তাহাকে ইণ্ডিয়ান পেন্যাল কোডের ৪১১ ধারার অপরাধে অভিযুক্ত করা যায়। যদি দেখা যায় বয়স্থা নারী কাহাকেও ধুতুরা ফুলের বীজ খাওয়াইয়াছে তাহা হইলে ধরিয়া লওয়া হয় যে উক্ত বীজ ভক্ষণের ফল সে জানিত এবং জানিয়া তাহা করিয়াছে।

প্রঃ—ইহাতে সত্য আবিষ্কার হয় কিভাবে?

উঃ—যেমন জ্যামিতিতে এ্যাক্সিয়মেটিক্ ট্রুথ না থাকিলে কিছু প্রমাণ করা যায় না, তেমনি আইনে প্রিজাম্পশন না থাকিলে সত্যে উপনীত হওয়া কঠিন। এই সকল প্রিজাম্পশন বিচারকদের বহু অভিজ্ঞতার ফল।




"দি জার্ণাল অব্ দি ন্যাশন্যাল ইনষ্টিটিউট অব্ ব্যাঙ্কিং এণ্ড ইন্সিওরেন্স"

( অক্টোবর, ১৯৪২ ).

"ফিক্ড অর্গ্যানিজেশন্" সম্বন্ধে কয়েকটি কথা।

ব্যাঙ্ক—প্রধান ঋণ প্রতিষ্ঠান।

৩। ব্যাঙ্ক ও নগদ টাকা রিজার্ভ।

৪। ইম্পিরিয়্যাল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া।

৫। ব্যাঙ্কের শাখা ম্যানেজার হিসাবে কি করিয়া সাফল্যের সহিত কাজ করা যায়।

৬। প্রভিডেণ্ট বীমার ইতিহাস এবং সামাজিক ও অর্থনৈতিক উন্নতির পথে উহার দান।

৭। গ্রাম্য ব্যাঙ্কিং মৃত্যু-পথে।

৮। শাখা ব্যাঙ্কিং।

"দি এগ্রিকালচার্যাল সিচুয়েশন"

( ওয়াশিংটন, জুন ১৯৪২ )

"প্রাইস সিলিংস্" বলিতে কৃষকেরা কি বুঝে?

দ্রব্যাদির পর্য্যালোচনা।

আমাদের যুদ্ধ-কালীন খাদ্য-দ্রব্যের সংরক্ষণ।

"তাদের আমরা খাবার পাঠাই, জল নয়।"

দি ফার্মার্স ফিক্ড্ বিল।

ন্যাশন্যাল ফিক্ড্ ব্যালেন্স।

গম উৎপাদনে মনুষ্য-শক্তি।

১৯৪২ সনে তুলাশস্যের বীমা।

উপরি উক্ত প্রবন্ধগুলির মধ্যে "যুদ্ধকালীন খাদ্য সংরক্ষণ" নামক প্রবন্ধটিতে আমেরিকানরা খাদ্য উৎপাদন সম্বন্ধে যে পথ অবলম্বন করিয়াছে তার প্রশংসা আছে। খাদ্যদ্রব্যের মূল্য যেরূপ থাকিলে কৃষকেরা উৎপাদন-বৃদ্ধির উৎসাহ পাবে উহা সেরূপ নির্দ্ধারিত ও নিয়ন্ত্রিত হইয়াছে।

আটলান্টিক মহাসাগরে জাহাজ বিনষ্ট হইতেছে। গাড়ীর জন্য রবারের টায়ারের অভাব হইয়াছে। সেই জন্য হয়তো যানবাহনের কিছু অসুবিধা হইতেছে। টিন এবং বারলাপ ঠিক করিয়া রাখায় অদূর ভবিষ্যতে কিছু বিশৃঙ্খলা আসিতে পারে। সৈনিক বৃদ্ধিতে শ্রমিক শক্তি কমিয়া গিয়াছে, এ কথা সত্য, শ্রমিক হ্রাস কল্পনাতীত। ঐ সকল ব্যাপার আমেরিকানদের নিরুৎসাহ করিতে পারে নাই। মার্কিণদেশে বিশ্বাস ছিল আমেরিকার কখনও খাদ্যাভাব হইতে পারে না, সে বিশ্বাস আঘাত পাইয়াছে। পার্ল হার্ব্বারের পতনের পর হইতে এত ঘটনা ঘটিয়াছে যে, তাহাতে মার্কিনবাসীরা আর শান্তির সময়ের মত খাদ্য পাইবে বলিয়া আশা করে না। নূতন নূতন অবস্থার সহিত যুদ্ধ করিবার জন্য নূতন নূতন পরিকল্পনা স্থির করিয়া লইতে হইবে।

"তাদের আমরা খাদ্য পাঠাই জল নয়" শীর্ষক প্রবন্ধটিতে লেখক দেখাইয়াছেন যে মার্কিণ দেশ হইতে কি পরিমাণ জলীয় খাদ্য সরবরাহ করা হইত। লেখক বলেন, যে কোন সংখ্যাতাত্ত্বিক হিসাব করিয়া দেখাইতে পারেন যে মার্কিণদেশের খাদ্য-সরবরাহের মধ্যে কি পরিমাণ জল সরবরাহ করা হইয়াছে। এই জল অর্থাৎ জলীয় পদার্থ ভিন্ন, দুগ্ধ, ফল ও অন্যান্য শাক-

সঞ্চীর মধ্যে পাওয়া যায়। কিন্তু এখন ঐ ধরণের "ওয়েষ্ট", বা নষ্ট করার পন্থা মার্কিণদেশবাসী অবলম্বন করিতে পারে না। খাদ্যের যেটুকু পুষ্টির অংশ সেইটুকুই কোন মতে পাঠানো যাইতে পারে। কারণ যানবাহনের অসুবিধা এবং প্যাক করার জিনিষপত্রের অভাব খুব প্রকট হইয়া উঠিয়াছে। জল ও ইজারা দ্বারা প্রেরিতব্য খাদ্যাদি ডি-হাইড্রেটিং প্ল্যান্টের সাহায্যে জল নিষ্কাষিত করিয়া পাঠানো হইতেছে। এই ধরণের খাদ্যের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হইল ডিম। ডিম-বিশুষ্ককরণ কারখানা হইতে প্রায় ১৫·৭ কোটি পাউণ্ড শুষ্ক ডিম এপ্রিল হইতে মে মাসের মধ্যে পাঠানো হইয়াছে। অবশ্য ১৯৪২ সনের শেষ অবধি যদি ধরা যায় তাহা হইলে পরিমাণটা ২০ কোটি পাউণ্ড হইবে। ঐ ধরণের প্রায় ৮৯টি কারখানা মিচওয়েষ্ট এবং সাউথ ওয়েষ্টে কাজ করিতেছে—উহাদের কার্যকরী শক্তি হইল বাৎসরিক ২৮৫ কোটি পাউণ্ড। ১৯৪০ সনে ঐ ধরণের মাত্র ১৮টি কারখানাতে ৭ কোটি পাউণ্ড উৎপাদন করা হইয়াছিল। প্রায় সমগ্র উৎপাদন মিত্রশক্তির জন্য সরবরাহ করার দরুণ দেশের মধ্যে উহার ব্যবহার এখনও পরীক্ষা করা হয় নাই। কিন্তু এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ মত প্রকাশ করেন যে, অদূর ভবিষ্যতে দেশের মধ্যে ইহার যথেষ্ট ব্যবহার হওয়ার সম্ভাবনা আছে। কেক্, পুডিংস্ প্রভৃতির জন্য বিশুষ্ক ডিম খুব উপযোগী। স্নেহের পক্ষেও ইহা উপকারী। কনডিউনার প্যাকেজে প্রায় বারটি ডিমের গুঁড়া ধরে বলিয়া জল ও ইজারা বিল অনুযায়ী সরবরাহের সুবিধা হইয়াছে।

"পোলিটিক্যাল অ্যাণ্ড ইকনমিক প্ল্যানিং"; ব্রিটিশ রিকনস্ট্রাকশান এজেন্সি কর্তৃক প্রকাশিত; প্ল্যানিং নং ১৮৬, লণ্ডন ৭ই এপ্রিল, ১৯৪২।

"রিকনস্ট্রাকশান অ্যাণ্ড দি ওয়ার এফর্ট" শীর্ষক ভূমিকায় বলা হইয়াছে যে যুদ্ধের এই তিন বৎসরের ভিতরেই পুনর্গঠন এজেন্সি কর্তৃক অনেক কাজ হইতেছে। অনেকে মনে করিতে পারেন যে, এতগুলি এজেন্সির অস্তিত্ব অযৌক্তিক। ইহাও মনে করা সম্ভব যে একমাত্র আটলান্টিক চার্টার বা আরও দুই একটি বিবৃতিকে কেন্দ্র করিয়া পরিকল্পনা কখনও সন্তোষজনক হইতে পারে না। সংহতির অভাব এইসকল পরিকল্পনার একটা বড় রকমের দুর্বলতা, কিন্তু ভবিষ্যতে আবার তাহাই শক্তির পরিচায়ক হইয়া উঠিতে পারে। শান্তি শুধু কল্পনার দ্বারা লভ্য নয়। যুদ্ধের উদ্দেশ্য, প্রণালী এবং তজ্জাত প্রতিষ্ঠানের উপর নির্ভর করিয়া আমরা শান্তির একটা কাঠামো চিন্তা করিতে পারি। সমগ্র শক্তি যুদ্ধের জন্য উন্মুক্ত করিতে হইলে যুদ্ধের আদর্শ এবং যুদ্ধের পরবর্তী অবস্থায় কি হইবে তাহার একটা ছবি যদি মানব-মনের সম্মুখে না থাকে তাহা হইলে "টোটাল ওয়ার" সম্বন্ধে সকল প্রচেষ্টা সাফল্যমণ্ডিত হইতে পারে না। কেহ কেহ বলেন যে, এই ধরণের প্ল্যানিং এজেন্সি যুদ্ধ প্রচেষ্টার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট না থাকায় তাহা অনেক অংশে কাল্পনিক ও ভুয়া।

"দি এডুকেশন অব্ দি ব্যাকওয়ার্ড চাইল্ড"; ফ্যাবিয়ান সোসাইটির রিসার্চ সিরিজ নং ৫১; লণ্ডন, ১৯৪১; ভিক্টর গোলানৎস লিঃ এণ্ড দি ফ্যাবিয়ান সোসাইটি। পৃঃ ২৪, মূল্য ৬ পেন্স মাত্র।

গ্রেট ব্রিটেনে সাধারণ শিশুদের শিক্ষা বিষয়ে যেসব বিঘ্ন রহিয়াছে সেগুলি এই পুস্তিকাতে সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে। যেসব শিশু "সাব-নরম্যাল" তাহারা বহু সময়েই "নরম্যাল" শিশুদের উন্নতির পথ রুদ্ধ করে। মাত্র কয়েকটি বিদ্যালয়ে এবং কতক কতক স্থলে এইসকল বাধা অতিক্রম করার জন্য যেসকল উপায় অবলম্বিত হইয়াছে তাহা এখানে বলা হইয়াছে। যে সকল শিশু সাব-নরম্যাল তাহাদের নিয়োগ সম্বন্ধেও বেশ ভাল সাহায্য করার ব্যবস্থা দেখা যায় না। সেই জন্য সামাজিক প্রথার কণ্টকস্বরূপ আরও কয়েকটী সমস্যাও ভবিষ্যতে আসা অবশ্যম্ভাবী।

ভবিষ্যৎকালে যাহাতে ঐসকল সমস্যা না আসিতে পারে তজ্জন্য কয়েকটী উপায় এই পুস্তিকাতে নির্দেশ করা হইয়াছে। ঐ সকল উপায়ের মধ্যে বিদ্যালয়গামী ছাত্রদের মধ্যে বৈজ্ঞানিকভাবে শ্রেণীভাগ করার প্রথাটী বিশেষভাবে উল্লেখযোগ্য। নার্সারি স্কুলের ব্যবস্থার আরও বৃদ্ধি পাওয়া আবশ্যক। কেস রেকর্ড সম্পূর্ণ না হউক অন্ততঃ প্রচুরভাবে যাহাতে পাওয়া যায় তাহার ব্যবস্থা রাখাও একান্ত প্রয়োজন। হাতের কাজ যাহাতে অধিক পরিমাণে শিক্ষা দেওয়া হয় তাহাও বিবেচনা করা উচিত।

"আমেরিকা অর্গানাইজেস ট্ উইন দি ওয়ার"; (এ হ্যাণ্ডবুক অব আমেরিকান ওয়ার এফর্ট) হারবুক প্রেস এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২; পৃঃ ৩৯৫; মূল্য ২ ডলার।

যুদ্ধ সম্বন্ধে সুপ্রসিদ্ধ কর্তৃপক্ষগণ কর্তৃক যে সমস্ত কথা বলা হইয়াছে তাহারই সংগ্রহ এই পুস্তকখানিতে সঙ্কলন করা হইয়াছে। যুদ্ধের পিছনে কি কি উদ্দেশ্য রহিয়াছে

এবং কিভাবে বিভিন্ন সৈন্য-সংক্রান্ত ও সাধারণ লোকের শক্তি একত্রিত করিয়া যুদ্ধ করা যায় এবং ব্যক্তিগতভাবে লোকে কিভাবে যুদ্ধে সাহায্য করিতে পারে তৎসমুদয় এই পুস্তকে আলোচিত হইয়াছে।

বইখানির একখানি অধ্যায়ের নাম হইল "হোয়াট উই আর ফাইটিং ফর"। ইহাতে প্রেসিডেন্ট রুসভেল্ট এবং উইলসটন চার্চিল উভয়ের বক্তৃতার সারমর্ম দেওয়া হইয়াছে। তাহা ছাড়া উক্ত অধ্যায়ে আটলান্টিক চার্টারের নকল এবং ডিক্লারেসনস অব দি ইউনাইটেড নেসনস প্রভৃতিও দেওয়া হইয়াছে। বইখানির শেষের অধ্যায় লিখিত হইয়াছে ভাইস প্রেসিডেন্ট হেনরি এ ওয়ালেস কর্তৃক। উক্ত অধ্যায়ের শিরোনামা হইল "দি ফাউণ্ডেসন অব দি পিস"। উহাতে প্রধানতঃ যে যে উপায় অবলম্বিত হইয়াছে তাহারই কাঠামোটী দেওয়া হইয়াছে, যেমন দি ফুড ষ্ট্যাম্প প্ল্যান, দি কটন ষ্ট্যাম্প প্লান প্রভৃতি উপায়-গুলি, যদ্দ্বারা প্রাচুর্য্যের সাহায্য হয় সেই সব তথ্য।

আর একটী অধ্যায়ের কথা এখানে উল্লেখ করা অত্যাবশ্যক বোধ করি। তাহা হইল "হাউ ক্যান আমেরিকান লেবার হেলপ্ দি ওয়ার এফার্ট"। এই অধ্যায়টী জন চেম্বার্লেন এসোসিয়েট প্রফেসর অব্ জার্ণালিজম্, কলাম্বিয়া ইউনিভার্সিটি কর্তৃক লিখিত হইয়াছে। ইহাতে দেখান হইয়াছে আমেরিকার মধ্যে ও বাহিরে শ্রমিক আন্দোলন হেতু বিভিন্ন সমস্যার কথা। তাহা ছাড়া শ্রমিক নেতাগণের চিন্তাধারার যথেষ্ট সুখ্যাতিও লেখক করিয়াছেন।

"উইমেন এট ওয়ার্ক" মেরি এগনেস হ্যামিলটন প্রণীত; নারী ট্রেড্ ইউনিয়নিস্‌মের সংক্ষিপ্ত ইতিহাস। ভক্স রাউটলেজ এণ্ড সন্স কর্তৃক প্রকাশিত; পৃঃ ১৮৮, মূল্য ৪ শিলিং মাত্র।

যুদ্ধের পূর্ব্বে গ্রেটব্রিটেনে নারী শ্রমিকের সঙ্ঘ সম্বন্ধে সংক্ষিপ্ত ইতিহাস পুস্তকখানিতে লিখিত হইয়াছে। যুদ্ধের সময়ে নারী শ্রমিকের অবস্থা সম্বন্ধে লেখিকা কোন কথা বলিতে চাহেন না। কারণ তিনি মনে করেন যে উহার সম্বন্ধে কিছু বলার সময় এখনও আসে নাই।

১৯১৪-১৮ সনে স্ত্রীলোকদিগের নিয়োগ সম্বন্ধে যেরূপ পরিবর্ত্তন সাধিত হইয়াছিল ঠিক সেইরূপ পরিবর্ত্তন এই সময়েও সাধিত হইতেছে। যদি আজকার দিনে নারী শ্রমিকের অবস্থার কিছুও উন্নতি হইয়া থাকে তাহা হইলে বলিতে হইবে যে, এই নারী শ্রমিক সঙ্ঘের জন্যই তাহা হইয়াছে। ইহাও বলিতে হইবে যে, যে ধরণের সঙ্ঘ এক্ষণে আমাদের চক্ষে পড়িতেছে ঠিক সেই ধরণের সঙ্ঘ যুদ্ধের পর আর থাকিবে না। উহা আধুনিক ধরণের সঙ্ঘ হইতে নানা বিষয়ে পৃথক হইতে বাধ্য। লেখিকার মতে যদি এইসকল নারী শ্রমিক সঙ্ঘ ভবিষ্যতে বহুসংখ্যক নারীর উপকার সাধন করিতে চায় তাহা হইলে ইহাকে কতকগুলি বিষয়ের উপর অধিক নজর দিতে হইবে এবং তাহাদিগকে মূল্যও দিতে হইবে। লেখিকা বলেন যে, নারী নহে, এখন আমাদের আদর্শ হওয়া চাই সমগ্র মানব এবং তাহাদের কল্যাণসাধন। সেই কল্যাণ সাধনায় ধর্ম্ম, জাতি, বর্ণ এসব কিছুই যেন বাধাস্বরূপ না দাঁড়ায়। নারীর যে পুরুষের সঙ্গে সমান সর্ত্ত চাওয়ার অভিযান আজ দেখা যাইতেছে তাহার পূর্ণতা হইবে সেই দিন যে দিন নারী ঠিক ঠিক মানব-কল্যাণে আত্মনিয়োগ করিতে পারিবে। আজ এই বাণী যাহা নারীর লেখা হইতে প্রকাশ পাইয়াছে তাহা যেন দুনিয়ার মানব-চক্ষে স্থান পাইয়া নীচতা ও স্বার্থপরতাকে দূরীভূত করিতে পারে।




১। ডিসিস এণ্ড দি সোসিয়াল সিসটেম"; আর্থার গার্ডহাস কর্তৃক লিখিত; জর্জ এলেন এণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত; মূল্য ১০ শিলিং ৬ পেন্স।

২। "ফক্সোলজি টু ডে"; এ্যাণ্ড্রু মে গ্রাডজানজেভ কর্তৃক লিখিত; ইনসটিউট অব প্যাসিফিক রিলেসনস কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ১৯৩; মূল্য ১ ডলার মাত্র।

৩। "লাসার্টে ডু ট্রাভেইল"; রেনে গেরকা কর্তৃক লিখিত; টেক্সতে অফিসিয়েল দে লা লোয়া ডু ৪ অক্টোবর; ১৯৪১; প্যারি; গ্রাসারিট; পৃঃ ১২৪; মূল্য ফ্রেঞ্চ ফ্রাঁ ১২।

৪। "দি হসপিটাল সারভিসেস" সোমারভিলে হেসটিংস কর্তৃক লিখিত; চিকটর গোলাঞ্চ লিঃ এবং ফাবিয়ান সোসাইটী কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ২৪; মূল্য ৬ পেন্স মাত্র।

৫। "দি আই, এল, পি ইন ওয়ার এণ্ডপিস"; ইণ্ডিপেণ্ডেণ্ট লেবার পার্টি কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪২; পৃঃ ৪৩; মূল্য ৬ পেন্স মাত্র।

৬। "দি সি, আই, ও এণ্ড ন্যাশন্যাল ডিফেন্স"; মারে, ফিলিপস এণ্ড আদার্স কর্তৃক লিখিত, আমেরিকান কাউন্সিল অব পাবলিক এ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত; ওয়াশিংটন; ১৯৪১; পৃঃ ১৯; মূল্য ২৫ সেন্ট।

৭। "দি সোভিয়েট এক্সপেরিমেণ্ট"; হ্যারি বেসট্ কর্তৃক লিখিত; রিচার্ড আর স্মিথ কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ১২০; মূল্য ১'২৪ ডলার।

৮। "দি ব্যালেন্স সিট অব দি ফিউচার"; আর্নেষ্ট বেভিন কর্তৃক লিখিত; রবার্ট এম্ ম্যাকব্রাইড এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক, ১৯৪১; পৃঃ ৩০৩; মূল্য ২'৭৫ ডলার মাত্র।

৯। "টিউবারকিউলোসিস ইন ইণ্ডাষ্ট্রি"; লেবোনা গার্ডনার কর্তৃক লিখিত; ন্যাশন্যাল টিউবারকিউলোসিস এ্যাসোসিয়েসন কর্তৃক প্রকাশিত, সারনালেক; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ৩১৪।

১০। "ফুড রিলিফ টু সোসিয়াল সিকিউরিটি" এ্যাক্ট প্রেস কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব শিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত; শিকাগো ১৯৪১; পৃঃ ৩৮৮; মূল্য ২'৫০ ডলার।

"ওয়েষ্টওয়ার্ড দি কোর্স"; পাল ম্যাকগিরে কর্তৃক লিখিত; উইলিয়াম মরো এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২; পৃঃ ৪৩৪; মূল্য ২'৭৫ ডলার।

১২। "পোষ্টওয়ার প্ল্যানিং ইন দি ইউনাইটেড ষ্টেট্স" জর্জ গ্যালোওয়ে কর্তৃক লিখিত; দি টোয়েন্টিয়েথ সেঞ্চুরি ফাণ্ড কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২ পৃঃ ১৪৮।

১৩। "কলেকটিভ বারগেনিং ডিটারমিনেসন প্রব্লেমস এণ্ড প্রিন্সিপলস্ ইন বার্গেনিং আরব্রিট্রেসন এণ্ড কনসিলেসন" দি রোল্যাণ্ড প্রেস কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ৬৪০; মূল্য ৪ ডলার।

১৪। "সোস্যিয়েলাইজেড কো-অপারেটিভ" রবার্টস প্যারি কর্তৃক লিখিত; ১৯৪২ সন; পৃঃ ১৭৪।

# শিল্পপ্রসার ও আন্তর্জ্জাতিক ব্যবসা-বাণিজ্য*

শ্রীমন্মথনাথ সরকার, এম, এ

( পূর্ব্বানুবৃত্তি )

দ্বিতীয়তঃ, পূর্ব্বোক্ত উদাহরণে কথিত আরও একটী ধারণা সকল সময় সত্য নাও হইতে পারে। আমরা ধারণা করিয়াছি যে, আলোচ্য দেশের নূতন কলকারখানা-জাত মালপত্রের দুই-তৃতীয়াংশ উক্ত দেশকে পূর্ব্বে বিদেশ হইতেই আমদানি করিতে হইত। অবশিষ্ট কারখানাজাত দ্রব্যগুলি কোনদিনই আন্তর্জ্জাতিক ব্যবসা বাণিজ্যের অন্তর্ভুক্ত হয় নাই। এই দেশে পূর্ব্বের আমদানি জিনিষপত্রের মধ্যে কতকগুলি উৎপাদন করার অসুবিধা এত বেশী যে, উক্ত দেশ ক্রমাগত সেই সমস্ত জিনিষ আমদানি করিতেই চলিবে। আবার কতকগুলি জিনিষপত্র উৎপাদনের সুবিধা এত বেশী যে, দেশটী ঐ সমস্ত পণ্যদ্রব্য বিদেশে রপ্তানি করিতে আরম্ভ করিবে। এই সমস্ত জিনিষপত্রের কতকগুলি হয়ত দেশটী কোনদিনই আমদানি বা ব্যবহারও করে নাই। জাতীয় আয়ের তুলনায় আমদানির অনুপাত খুব কমই দেখা যায়। সেই জন্য আমদানির স্থলাভিষিক্তরূপে শিল্পদ্রব্য উৎপাদনের বার্ষিক বৃদ্ধির হারও কম দাঁড়াইতে থাকিবে। এখন মূল উদাহরণটী লইয়া আলোচনা করা যাউক। উদাহরণে অর্থনৈতিক প্রচেষ্টার প্রত্যেকটি বিভাগে মোতায়েন লোকজনের সংখ্যা আর মাথাপিছু উৎপাদন একইভাবে থাকে এইরূপ ধরা হইয়াছে। মাধ্যমিক শিল্পদ্রব্য উৎপাদন প্রত্যেক বৎসর মূল জাতীয় আয়ের ০·১% মত বাড়িয়া চলে এইরূপ স্থির করা হইয়াছে। শিল্প-প্রসার যতই ঘটিতে থাকিবে আমদানি ততই কমিতে থাকিবে। কিন্তু আমদানি-বাণিজ্যের সহিত প্রত্যক্ষ প্রতিযোগিতায় রত শিল্পদ্রব্যের উৎপাদন-বৃদ্ধির অনুপাত যখন দুই-তৃতীয়াংশ হইতে এক-তৃতীয়াংশে পরিণত হইবে তখন শিল্প-প্রসারের ফলে আমদানি হ্রাস একেবারে কান্ত হইবে।

কল্পিত দেশটীর কতকগুলি কারখানা-জাত শিল্পদ্রব্য বিদেশের বাজারও হস্তগত করিতে পারে। শিল্প-প্রসারের ফলে আগেই হউক বা পরেই হউক এইরূপ ঘটিতে বাধ্য। ইহাতে বাকী পাওনা পরিশোধের যথেষ্ট সুবিধা হইবে। ফলে শেষ পর্য্যন্ত স্বদেশী শিল্পদ্রব্যের তুলনায় আমদানি করা বিদেশী শিল্পদ্রব্য অনেক সস্তায় পাওয়া যাইবে। ইহাতে আমদানির পরিমাণ ও উহার মোট মূল্য বৃদ্ধির রীতি-মত সম্ভাবনা আছে। কারখানাজাত দ্রব্য সকল সময় বিদেশে রপ্তানি হয় না। কিন্তু শিল্প-প্রসার যে-কোন অবস্থাতেই থাকুক না কেন, উহা ব্যবসা-বাণিজ্যের কিছু পরিবর্ত্তন সাধন করে। কারণ শিল্প-প্রসারের ফলে মাধ্যমিক পণ্যদ্রব্যের তুলনায় প্রাথমিক পণ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটে। আদান-প্রদান পরিবর্ত্তন সম্বন্ধে যদি কোন ব্যবস্থা করা না হয়, তাহা হইলে অধিকতর পরিমাণে কারখানা-জাত দ্রব্য বিক্রয়ের ভাবগতি দেখা যাইবে। বার্লক্স কয়েকটী আন্তর্জ্জাতিক ব্যবসা-বাণিজ্যের উপর শিল্প-প্রসারের এই বিস্ময়জনক প্রভাব সম্পর্কে আলোচনা করে নাই। এই অসুবিধাজনক প্রভাবের ফলে শিল্প প্রচেষ্টা-রত দেশটীর আমদানি খুব বেশী পরিমাণে বাড়িয়া যাইতে পারে। মূল্য হ্রাস সত্ত্বেও এই আমদানি-বৃদ্ধির অসুবিধা অব্যাহত থাকে। কিন্তু ইহাতে পুরাতন শিল্প-প্রধান দেশের রপ্তানি বাণিজ্যের কিছু সুবিধাই হইয়া থাকে।

এতক্ষণ শিল্পোন্নতির বিশেষ ( যদিও কাল্পনিক ) নীতির লইয়া আলোচনা করা গেল। ইহাতে প্রাথমিক শিল্প হইতে মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর শিল্পে লোকজন অপসারণ এবং প্রাথমিক শিল্পের তুলনায় মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর শিল্পে মোতায়েন লোকজনের মাথাপিছু উৎপাদনের হার বেশী ধরা হইয়াছে। কিন্তু কতকগুলি দেশে ইহার বিপরীত ঘটিতে দেখা যায়। এ সম্বন্ধে পূর্ব্বেও আলোচনা করা হইয়াছে। উদাহরণস্বরূপ অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ডের উদাহরণ উল্লেখ করা যাইতে পারে। শিল্পোন্নতির ফলে এইসমস্ত দেশে যতদূর সম্ভব জাতীয় আয় হ্রাস পায়, আর এতদিন পর্য্যন্ত বিদেশ হইতে যে সমস্ত পণ্য দ্রব্য আমদানি করা হইত সেই সমস্ত ক্রয় করার শক্তি বৃদ্ধি পাওয়া দূরে থাকুক, কমিয়াই থাকে। এই সমস্ত পণ্যদ্রব্য বিদেশ হইতে আমদানি করা হউক আর স্বদেশজাত হউক,

তাহাতে কিছুই আসে যায় না। এখন একটী বাস্তব দৃষ্টান্ত লইয়া আলোচনা করা যাউক। পূর্ব্বোক্ত উদাহরণের মত মজুরদের বৃত্তিগত বিভাগ যেন ঠিকই রহিয়াছে। মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর শিল্পের তুলনায় প্রাথমিক শিল্পে যেন দুই গুণ লোক নিযুক্ত রহিয়াছে আর মোট জনসংখ্যা ও প্রত্যেক প্রসার শিল্প প্রচেষ্টার গড় উৎপাদন অপরিবর্ত্তিত অবস্থায় আছে। এখন প্রাথমিক শিল্পগুলি হইতে ১% লোক সরাইয়া আনিলে প্রকৃত জাতীয় আয় ০·৬% হ্রাস পাইবে। মজুরদল সেই জন্য প্রাথমিক শিল্প এমন কি তৃতীয় শ্রেণীর পেশা হইতেও মাধ্যমিক শিল্পে যোগদান করিবে। ফলে মাধ্যমিক শিল্পদ্রব্য উৎপাদন পূর্ব্ববর্ত্তী উৎপাদনের তুলনায় ৮% বর্দ্ধিত হইবে। এই বাড়তির পরিমাণ প্রাক্তন জাতীয় আয়ের প্রায় ১%, অর্থাৎ পূর্ব্বেকার তুলনায় অনুপাত কিছু বেশীই দাঁড়াইবে।

এখন ধরা যাউক, পূর্ব্বতন কল্পিত দেশটীর তুলনায় আলোচ্য কল্পিত দেশটী কারখানার উপযোগী কাঁচামাল ও তেল-কয়লা ইত্যাদি কিছু কম আমদানি করে। আর পূর্ব্বতন কল্পিত দেশটীর মাধ্যমিক শিল্পদ্রব্য উৎপাদন আলোচ্য দেশটীর তুলনায় প্রায় দ্বিগুণ। ইহাতে আলোচ্য দেশটীতে মাধ্যমিক শিল্পদ্রব্য আমদানির চাহিদা মূল জাতীয় আয়ের ০·৪% বৃদ্ধি পাইবে। এখন অধিবাসীদের উপযোগী শিল্পদ্রব্যসমূহের পূর্ব্বতন আমদানির বহর যদি বেশী দাঁড়ায়, আর ইহার মোট মূল্য দাঁড়ায় প্রাক্তন জাতীয় আয়ের প্রায় ৯%, তাহা হইলে, এইসমস্ত দ্রব্যের চাহিদা (দেশে উৎপন্ন শিল্পদ্রব্যসহ) জাতীয় আয়ের প্রায় ০·৭% মত হ্রাস পাইবে। ফলে ইতিপূর্ব্বে এই শ্রেণীর যেসমস্ত দ্রব্য আমদানি করা হইত তাহার মোট চাহিদা জাতীয় আয়ের প্রায় ০·৩% কমিয়া যাইবে। তবে শিল্প-প্রসারের পর 'মাত্র একবারের জন্য' যে সমস্ত যন্ত্রপাতি খরিদ করা হয় তাহার বাৎসরিক বাড়তির হিসাব বাদ দেওয়া হইয়াছে। প্রাথমিক শিল্পের তুলনায় মাধ্যমিক ও তৃতীয় শিল্পের উৎপাদন বেশী ঘটিলে যেভাবে আমদানি বাড়তির সম্ভাবনা আছে তাহা মোটেই ঘটিবে না। এখন কোন দেশে স্বদেশী মাধ্যমিক শিল্পদ্রব্য যদি পূর্ব্বতন আমদানি করা বিদেশী দ্রব্যের দুই-তৃতীয়াংশ স্থানচ্যুত করিতে পারে, তাহা হইলে শিল্প-প্রসারের প্রথম বৎসরের পর হইতে মূল জাতীয় আয়ের ১% মত বাৎসরিক আমদানির চাহিদা হ্রাস পাইতে থাকিবে। শিল্পোন্নতির প্রথম বৎসরে যন্ত্রপাতি আমদানি কিছু বেশী পরিমাণেই ঘটে। তখন আরও একটী বিষয় মনে রাখিতে হইবে যে, মাধ্যমিক ও তৃতীয় শ্রেণীর পেশায় তুলনায় প্রাথমিক শিল্পে মাথাপিছু উৎপাদন বেশী দাঁড়ায়, পৃথিবীতে এমন দেশ খুব কমই আছে।

### অন্যান্য দেশে প্রাথমিক পণ্যের উৎপাদন বৃদ্ধি

বালফুর কমিটী যে তৃতীয় সুবিধাটীর কথা উল্লেখ করিয়াছেন, তাহা লইয়া আলোচনা করা যাউক। প্রাথমিক পণ্যদ্রব্য উৎপাদনের নূতন নূতন সূত্র আবিষ্কার এবং এইগুলির বিস্তৃতি-সাধন এই সুবিধা ঘটাইয়া থাকে। পূর্ব্বেকার রপ্তানিকারক দেশগুলির শিল্প-প্রসারের ফলে এই সমস্ত দেশের প্রাথমিক পণ্য সরবরাহ হ্রাস পায়, ফলে নতুন নতুন প্রাথমিক পণ্যদ্রব্য রপ্তানিকারক দেশের সৃষ্টি হয়, আর এই সমস্ত দেশে শিল্পজাত দ্রব্যের চাহিদাও বর্দ্ধিত হয়। শিল্প-প্রসারের ফলে (পূর্ব্বে ইঙ্গিত) মাধ্যমিক এবং (সম্ভবতঃ) তৃতীয় শ্রেণীর উৎপাদনের তুলনায় প্রাথমিক পণ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটিবে। ফলে সর্ব্বত্রই প্রাথমিক পণ্য উৎপাদন বাড়িতে থাকিবে। যে সমস্ত দেশ বর্দ্ধিত প্রাথমিক পণ্য দ্রব্যের কতকাংশ বা সমস্তই রপ্তানি করিবে, সেই সমস্ত দেশকে নিশ্চয়ই আরও বেশী শিল্পদ্রব্য আমদানি করিতে হইবে। কিন্তু যেসমস্ত দেশ প্রাথমিক পণ্যের চেয়ে শিল্পজাত দ্রব্যই প্রধানতঃ রপ্তানি করিয়া আসিয়াছে, সেইসমস্ত দেশে প্রাথমিক পণ্যদ্রব্য উৎপাদন বৃদ্ধি আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষতি-পূরণের মত বৃদ্ধি ঘটাইতে পারিবে না। অনুন্নত দেশে শিল্পপ্রসারের ফলে আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের ক্ষতি হইতে বাধ্য। বালফুর কমিটী ইহার ক্ষতিপূরণের উপযোগী আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির যে আশ্বাস প্রদান করিয়াছেন তাহা বাস্তবিক পক্ষে প্রয়োজনের তুলনায় কিছু কমই ঘটিবে। পূর্ব্বতন শিল্পদ্রব্য-আমদানিকারী দেশগুলি প্রায় আত্মনির্ভরশীল হইয়া উঠিবে। এইসমস্ত দেশের ব্যবসা-বাণিজ্য অর্থাৎ রপ্তানির তুলনায় আমদানির মূল্য পূর্ব্বের তুলনায় অনেক কম সুবিধাজনক বিবেচিত হইবে। যেসমস্ত দেশ এ পর্য্যন্ত প্রধানতঃ প্রাথমিক পণ্যদ্রব্যই রপ্তানি করিয়া আসিয়াছে, সেই সমস্ত দেশে যদি ব্যাপক শিল্পপ্রসার ঘটিতে থাকে, তাহা হইলে এই সত্যটী রীতিমত প্রমাণিত হইবে।

### শেষ সিদ্ধান্ত

পূর্ব্বোক্ত আলোচনায় অনেকগুলি সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। নিম্নে ঐগুলি সংক্ষেপে (কতকটা বিস্তৃতভাবেই বটে) প্রকাশ করা গেল :—

(১) শিল্প-প্রসারের সময় নূতন শিল্পনিষ্ঠ দেশগুলির নূতন যন্ত্রপাতির প্রয়োজন হইবে। এইসমস্ত যন্ত্রপাতির অধিকাংশই বিদেশ থেকে রপ্তানি করিতে হইবে। শিল্প-প্রচেষ্টায় নিযুক্ত প্রত্যেক বাড়তি লোকের জন্য বৎসরে ১৫০ পাঃ হইতে ১,০০০ পাউণ্ড মূল্যের নূতন যন্ত্রপাতি ক্রয় করিতে হইবে। তবে যন্ত্র ক্রয়ের মূল্য উপরের অঙ্কের তুলনায় সাধারণতঃ নীচের অঙ্কের দিকেই থাকিবে। শিল্পপ্রসারের সঙ্গে সঙ্গে জনহিতকর সার্ভিসগুলি বাড়িতে থাকিবে। এইগুলির জন্য কিছু অতিরিক্ত যন্ত্রপাতির দরকার হইবে।

(২) অপেক্ষাকৃত সুবিধাজনক ক্ষেত্রে প্রাথমিক শিল্পগুলির তুলনায় মাধ্যমিক ও তৃতীয় শিল্পে মাথাপিছু গড় উৎপাদনের হার অনেক বেশী দাঁড়াইতে পারে। ইহাতে নূতন শিল্পনিষ্ঠ দেশের পক্ষে আমদানি-হ্রাসের সম্ভাবনা অনেকাংশে দূরীভূত হয়। (শিল্প-প্রসারের হার মাঝারি রকমের ধরা হইয়াছে)। কারণ মাঝারি হারে লোকসংখ্যা বৃদ্ধি ও যান্ত্রিক (টেক্‌নিকাল) যোগ্যতা-বৃদ্ধির ফলে মোট চাহিদা বৃদ্ধি অবশ্যম্ভাবী। অসুবিধা-জনক ক্ষেত্রে কিরূপ ঘটিতে পারে তাহাও বিবেচনা করিয়া দেখা যাউক। দেশটা হয়তো সংরক্ষণ শুল্ক ও সরকারী সাহায্যের আওতায় কোন রকমে শিল্পনিষ্ঠ দেশ-রূপে গড়িয়া উঠিতেছে। এইরূপ দেশে প্রাথমিক শিল্পের তুলনায় মাধ্যমিক ও তৃতীয় শিল্পে মাথাপিছু প্রকৃত উৎপাদনের মূল্য যথেষ্ট কম দাঁড়াইলেও দেশের মোট আমদানির পরিমাণ নিশ্চয়ই কমিয়া যাইবে। প্রত্যেক দেশের শিল্প-প্রসারের সময় প্রথমেই যন্ত্রপাতি আমদানি বৃদ্ধির চাহিদা উপস্থিত হয়। তদনন্তর, অবস্থা যেমনই হউক না কেন, মূলতঃ প্রাথমিক পণ্য উৎপাদক দেশগুলির শিল্পপ্রসার ঘটিলে ঐ সমস্ত দেশের জাতীয় আয়ের তুলনায় আমদানি নিশ্চয়ই কমিবে। তারপর এমন অবস্থা ঘটিবে যখন এইসমস্ত দেশের শিল্পজাত দ্রব্যগুলি রপ্তানির উপযোগী পণ্যদ্রব্যে পরিণত হইবে। এইরূপ অবস্থা ঘটার পর দেশগুলির আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য যে কোন পরিবেশ সহ বর্ধিত হইতে পারে। এমন কি জাতীয় আয়ের চেয়েও দ্রুতগতিতে বাড়িবার সম্ভাবনা আছে।

(৩) কোন নূতন শিল্পনিষ্ঠ দেশে পুরাতন শিল্পনিষ্ঠ দেশগুলির যে পরিমাণে রপ্তানি বাণিজ্যের ক্ষতি হইবে, শেষোক্ত দেশগুলি অন্যান্য দেশে রপ্তানি বাড়াইয়া তাহার আংশিক পূরণ করিতে পারে। প্রাথমিক পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য নূতন চেষ্টায় রত দেশগুলিতে এই সুবিধা জুটিতে পারে। কিন্তু পুরাপুরি ক্ষতিপূরণ, এমন কি তাহার ধারে কাছে যাওয়াও সম্পূর্ণরূপে অসম্ভব। নূতন শিল্প-নিষ্ঠ দেশগুলি যখন কারখানাজাত পণ্য-দ্রব্যগুলি রপ্তানি করার অবস্থায় পৌঁছায়, তখন শিল্পজাত দ্রব্যের পুরাতন রপ্তানিকারী দেশগুলির ভাগ্য আরও অনিশ্চিত হইয়া পড়ে। পুরাতন দেশগুলি নূতন শিল্পপ্রধান দেশ-গুলির রপ্তানি পণ্যদ্রব্যের পরিপূরক হিসাবে কতকগুলি শিল্পদ্রব্য রপ্তানি করিয়া লাভবান হইতে পারে, কিন্তু তাহাদের সহিত প্রতিযোগিতা করিয়া কোন মাল বিদেশের বাজারে চালানো তাহাদের পক্ষে অসম্ভব। মোটের উপর এই বেলায় রপ্তানি বাণিজ্যের ক্ষতি হওয়া অনিবার্য। তবে নিট ফল আরও কতকগুলি বাজারের উপর নির্ভর করে। সেগুলি লইয়া এখানে আলোচনা করা চলে না।

এতক্ষণ যাবৎ যে সমস্ত আলোচনা করা হইল, তাহা হইতে নিম্নরূপ সিদ্ধান্ত করা যাইতে পারে। যথা: পৃথিবীতে এমন দেশ অনেক আছে, যে সমস্ত দেশে শিল্প-প্রসারের সঙ্গে সঙ্গে সম্ভব মত লোক-সংখ্যা বাড়িতে থাকে, আর অর্থনৈতিক প্রচেষ্টার প্রত্যেকটী বিভাগে উৎপাদনও বাড়িয়া চলে। এইসমস্ত দেশে আমদানির চাহিদা-বৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা আছে। অন্ততঃপক্ষে আমদানি যে কমিবে না তাহা নিশ্চিতরূপে বলা যাইতে পারে। কিন্তু এমন দেশও বহু আছে যেখানে মাধ্যমিক শিল্প-দ্রব্যের তুলনায় প্রাথমিক পণ্য উৎপাদনের সুবিধা বেশী। তবে এই ধরণের দেশের সংখ্যা খুব অল্প। এই সমস্ত দেশে শিল্প-প্রসার ঘটিলে বিদেশী দ্রব্যের চাহিদা হ্রাসের খুব সম্ভাবনা আছে। ১৯২৯ সনের পরবর্তী পাঁচ বৎসরে আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণের জন্য নানাপ্রকার আইন-কানুনের আধিক্য দেখা যায়। এ সম্বন্ধে যদি তত বেশী বাড়াবাড়ি না করা হয়, তাহা হইলে আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য পরিমাণের দিক্ হইতে নিশ্চয়ই বাড়িতে থাকিবে, তবে সমস্ত পৃথিবীর মোট আয়ের তুলনায় ইহা হ্রাস পাইবে। শিল্পদ্রব্য রপ্তানিকারী পুরাতন দেশগুলিকে বিষম সমস্যার সম্মুখীন হইতে হইবে। এইসমস্ত দেশকে রপ্তানির যোগ্য শিল্পদ্রব্যের দ্রুত পরিবর্তন সাধন করিতে হইবে। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে, এইসমস্ত দেশকে বয়ন-জাত শিল্পদ্রব্য রপ্তানির ক্ষতি হাসিমুখেই সহ্য করিতে হইবে। তখন এদিক্ দিয়া রপ্তানি বাণিজ্য কেবলমাত্র সর্বোৎকৃষ্ট কাপড়-চোপড়েই সীমাবদ্ধ হইবে। এইসমস্ত দেশকে তখন শিল্প-প্রচেষ্টার প্রত্যেকটী বিভাগে নূতন নূতন মাল আর পূর্বের তুলনায় আরও বেশী সরস মাল উৎপাদনেই মনোনিবেশ করিতে হইবে।

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে, ত্রৈলোক্যচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# ARTHIK UNNATI

**(Economic Progress)**

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar. *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengal translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE JANUARY-FEBRUARY NUMBER, 1943.

**Section 1. Wealth of Bengal:** Scarcity of Food. Price of Paper. Difficulties of the Purchasers. Export of Rice from Bengal. Almond Oil-cake. Effort at Village Re-construction and Nation-building. (pp. 277-279).

**Section 2. Economic India :** Women's Institutions in India. Condition of Crops. Quantity of Land per Cultivator. Men employed in Laboratories for Improvement of Cotton. Madras Government Rules for Gratuity. Production of Molasses in India. (pp. 280-282).

**Section 3. World Economy:** Loss due to Air-Raids in Great Britain. Compensation for War Damage. Butter and Cheese in U. S. A. Production of Wheat in U.S.A. Rules regarding Safety of Life and Locomotives at Sea. Working Hours during War U.S.A. Rules relating to Health of the Labourers in Iran. Household Expenses in Sweden. (pp. 283-285).

**Section 4. Men, Institutions and Movements:** American Council of Education, The National Recreation Association. Public Affairs Committee. Inter-American Social Security Conference. Railfare in Mexico. Suggested Change of Permanent Settlement in Bengal. Dr. Phularenu Dutt, M.A. D. Lit (Paris). (pp. 286-289).

**Section 5. Interview:** *Arthik Unnati and the Bangiya Dhanabijnan Parisat* (Conversation between Prof. Benoy Kumar Sarkar & Sj. Haridas Mukerjee. (pp. 290-292).

**Section 6. World of Journals:** *Agricultural Situation. Indian Journal of Economics. International Labour Review.* (pp. 293-294).

**Section 7. Reviews:** Pure Theory of Capital. Economic Warfare. (pp. 295-297).

**Section 8. Bibliography:** 13 books announced. p. 278.

**Article:**

Filter-less Tubewell.

By Bijad Baran Sarkar, D.A. Tubewell Expert. (299-300).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 701. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DAS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ |
| মোট সম্পত্তি | |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3 ৲

Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-

La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-

The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-

The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-

The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/-
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ্** ঃ—খাদ্যসঙ্কট। কাগজের মূল্য। ক্রেতাদের দুর্ভোগ। বাঙ্গলা হইতে চাউল রপ্তানি করা হইবে না। বাদামের খইল। জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা। (২৭৭-২৭৯)।

**আর্থিক ভারত** ঃ—ভারতের নারী-প্রতিষ্ঠান। চাষী-শিল্প জমির পরিমাণ। চারোত্তরে শস্যের অবস্থা। তুলার উন্নতির জন্য ল্যাবরেটরির লোক-সংখ্যা। মাদ্রাজ গভর্নমেণ্টের প্রাটুরিটির নিয়ম। ভারতে গুড় উৎপাদন। (২৮০-২৮২)।

**দুনিয়ার ধনদৌলত** ঃ—গ্রেটব্রিটেনে এবার রেডের জন্য ক্ষতি। যুদ্ধ ক্ষতি-পূরণ। আমেরিকায় ১৯৪২ সনের এপ্রিল মাসে মাখন ও পনীরের দর। আমেরিকায় ধন উৎপাদন। সমুদ্রে নিরাপত্তা-বিষয়ক নিয়ম। যুক্তরাষ্ট্রে যুদ্ধকালীন শ্রমের সময়। ইরাণে শ্রমিক-স্বাস্থ্য সম্বন্ধীয় ব্যবস্থা। সুইডেনে জীবনযাত্রার খরচা। (২৮৩-২৮৪)।

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—আমেরিকান কাউন্সিল অন এডুকেশন। দি ন্যাশন্যাল রিক্রিয়েশন অ্যাসোসিয়েশন। পাবলিক অ্যাফেয়ার্স কমিটি। ইণ্টার-আমেরিকান সোসিয়াল সিকিউরিটি কনফারেন্স। মেক্সিকোর সোসিয়াল ও রেলফেয়ার কনফারেন্স। মিঃ ওয়েণ্ডেল উইলকী। বাঙলার চিরস্থায়ী বন্দোবস্তের রদবদল। শ্রীমতী ডাঃ ভূলরেণু দত্ত, এম এ, ডি লিট্ (প্যারিস)। (২৮৬-২৮৯)।

**গোলাকাৎ** ঃ—"আর্থিক উন্নতি" ও বঙ্গীয় ধন-বিজ্ঞান পরিষদ্। [ অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন। ] (২৯০-২৯২)।

**পত্রিকা-জগৎ** ২৯৩

**সমালোচনা** ২৯৫

**গ্রন্থপঞ্জী**

**প্রবন্ধ** ঃ

ফিল্টারহীন নলকূপ

শ্রীবিপদবারণ সরকার, বি এ ২৯৯



## বিনয় সরকারের বৈঠকে

( বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি )

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়েরা, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১।০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

মাঘ—১৩৪৯

# আর্থিক উন্নতি

১৭শ বর্ষ—১০ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'সহমান' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—অস্ত্র আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




### খাদ্যসঙ্কট

দেশে নিদারুণ খাদ্যসঙ্কট উপস্থিত হইয়াছে। চাউলের দর ক্রমশঃ বৃদ্ধি পাইয়া স্থানে স্থানে ১৫৲ টাকা হইতে ১৮৲ টাকা মণ পর্য্যন্ত উঠিয়াছে। কয়লার মণ ২৷৷০ টাকা হইতে ৩৲ টাকা। আলানি কাঠের দর বাড়িয়াই চলিয়াছে। দেশবাসী আগতপ্রায় দুর্ভিক্ষের বিভীষিকায় আতঙ্কগ্রস্ত হইয়া উঠিয়াছে।

বৃটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন আতঙ্কগ্রস্ত জনগণের মনোভাবের প্রতিধ্বনি করিয়া ভারতগভর্ণমেণ্টের বাণিজ্য-বিভাগে এক আবেদন প্রেরণ করিয়াছেন। আবেদনে বাঙ্গলার খাদ্যসঙ্কটের এক ভয়াবহ চিত্র অঙ্কিত হইয়াছে। উক্ত আবেদনে বর্ণিত হইয়াছে বাঙ্গলার ধান্য-উৎপাদন-সম্পর্কে বিগত সেপ্টেম্বর মাসে যে পূর্ব্বাভাষ বাহির হইয়াছিল, প্রকৃতপক্ষে তদপেক্ষা ৭,৮৩,০০০ একর কম জমিতে ধান্য উৎপন্ন হইবে। ইহা ছাড়া চব্বিশ-পরগণা এবং মেদিনীপুরের বন্যাবিধ্বস্ত অঞ্চলে বিশাল ভূমিখণ্ডের খাদ্যশস্য সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। দেশের কোন কোন স্থানের শস্য কীটপতঙ্গ দ্বারাও বিনষ্ট হইয়াছে।

### কাগজের মূল্য

সরকার বাহাদুর সম্প্রতি কাগজের মূল্য নির্দ্ধারণ করিয়া দিয়াছেন। প্রতি পাউণ্ড কাগজ আট বা নয় আনা। কিন্তু কলিকাতার ব্যবসাদারগণ এখন এ বিষয়ে দৃষ্টিপাত করিতেছেন না। তাহারা এখন অসম্ভব দরে কাগজ বিক্রয় করিতেছেন। পক্ষান্তরে সরকার যদি দর বৃদ্ধি করিতেন তবে সে বিষয়টী তৎক্ষণাৎ কার্য্যে পরিণত হইত।

( বঙ্গবাসী )

### ক্রেতাদের দুর্ভোগ

স্থানীয় মূল্য-নিয়ন্ত্রণ কমিটী হইতে ধান, চাউল, তৈল ইত্যাদির মূল্য-নিয়ন্ত্রণক্রমে বিজ্ঞপ্তি আদি প্রচার ও ঢোল-সহরৎ দ্বারা ঘোষণা করিতে দেখা যায় বটে, কিন্তু তৎসত্ত্বেও বাজারে বিকি-কিনির ব্যাপারে অহরহ নিয়ন্ত্রিত মূল্যের ব্যতিক্রম ঘটিতেছে বলিয়া শুনা যায়। যদি অবস্থা এরূপই হয় তবে মূল্য-নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা কি তাহা আর না বলিলেও চলে। দোকানদারদের অন্যান্য নানারূপ কারসাজির ত আর কথাই নাই। বর্ত্তমানে খুচরা পয়সার উপলক্ষেও ক্রেতাদিগকে অনেকস্থলে অযথা হয়রাণ করা হইতেছে। দোকানদারের নিকট অনেক সময় খুচরা পয়সা থাকিলেও কেহই হাতের পয়সা ছাড়িতে রাজী নহে। এভাবে সকলদিক্ দিয়াই ক্রেতাদের নানারূপ দুর্ভোগের অন্ত নাই। ( নোয়াখালী হিতৈষী )

### বাঙ্গলা হইতে চাউল রপ্তানি করা হইবে না

এসোসিয়েটেড প্রেসের জনৈক প্রতিনিধি বাঙ্গলার প্রধান মন্ত্রী মিঃ এ কে ফজলুল হকের সহিত সাক্ষাৎ করিলে তিনি তাঁহার নিকট এইরূপ অভিমত ব্যক্ত করেন যে, এই প্রদেশে এক বৎসরের উপযুক্ত খাদ্যদ্রব্য না থাকায় বাঙ্গলা দেশ হইতে চাউল এবং অন্যান্য দ্রব্য রপ্তানি করা হইবে না।

প্রধান মন্ত্রী আরও বলেন যে, তিনি সরকারী তথ্যাদির উপর সম্পূর্ণ আস্থা স্থাপন করিতে প্রস্তুত নহেন। তিনি শুধু সরকারী তথ্যের উপর নির্ভর করিয়াই নহে, পরন্তু নিজে ব্যক্তিগতভাবে পর্য্যবেক্ষণ করিবার পর এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

সহকর্ম্মিগণের অনুরোধে প্রধান মন্ত্রী এই সম্পর্কে তাঁহার নিজের দৃঢ় মতামত ভারত সরকারের নিকট পেশ করিতে যাইতেছেন। এতদনুসারে তিনি দিল্লী যাত্রা করিয়াছেন।

### বাদামের খইল

বাদামের খইল গরু প্রভৃতির উৎকৃষ্ট খাদ্য। উহা প্রধান সাররূপেও রীতিমত ব্যবহৃত হইতেছে। সম্প্রতি যুক্তপ্রদেশে সালফেট অব্ এমোনিয়া মিশাইয়া বাদামের খইলকে এক প্রকার বিশেষ সাররূপে পরিবর্ত্তিত করা হইয়াছে এবং প্রায় ১৬০,০০০ মণ ইহারই মধ্যে ইক্ষু চাষীদিগের ভিতর বিলাইয়া দেওয়া হইয়াছে। ভারতে বর্ত্তমানে যে পরিমাণে এই খইল প্রস্তুত হয় তাহা দ্বারা সার দেওয়া হইলে যে ভূমির উৎকর্ষ সাধিত হইবে তাহা বলা বাহুল্য। মোট ২৮৫০০০ টন খইল দেশে বিক্রয়ার্থ পাওয়া যাইবে। জানা থাকিলে কৃষকেরা উহা ব্যবহারে লাভবান হইতে পারে। তৈল শিল্পের উন্নতি সাধিত হইলে খইলের পরিমাণও তদনুপাতে বর্দ্ধিত হইবে। এদেশ হইতে এই খইল গড়ে প্রতি বৎসর ২১৯০০০ টন রপ্তানি হইয়া থাকে। ইংলণ্ডের যুক্তরাজ্য ইহার ৩।৪ অংশ আমদানি করে। যুদ্ধের পূর্ব্বে জার্ম্মাণি, হল্যাণ্ড, বেলজিয়াম উহার প্রধান ক্রেতা ছিল। বর্ত্তমানে এইসব বিদেশী বাজার বন্ধ হইয়াছে। দেশের সর্ব্বত্র যাহাতে ইহা সাররূপে বিক্রীত হয় তাহার জন্য রীতিমত চেষ্টা কেবল যে চাষী বা শিল্পীই করিবে এমন নহে, রেলের ভাড়া হ্রাস ও অন্যান্য ব্যবস্থা করাইয়া কৃষিবিভাগ এ বিষয়ে কার্য্যকরী চেষ্টা করিতে পারেন। অপরের দ্বারা সুফল পাওয়া যাইবে না। প্রাদেশিক কৃষিবিভাগ প্রকৃত মনোযোগ দিলে ও কৃষককে ইহার প্রয়োজনীয়তা বুঝাইয়া সরবরাহের ব্যবস্থা করিলে কেবল যুদ্ধকাল পর্য্যন্ত নহে—ভবিষ্যতেও স্থায়ী উপকার হইবে সন্দেহ নাই।

### জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা

বরিশাল জেলার পটুয়াখালী সার্কেলে কলাপাড়া থানার দক্ষিণ দৌলতপুর-সোনাতলা গ্রামে একটি শক্তিশালী পল্লী-মঙ্গল সমিতি গঠিত হইয়াছে। পাটচাষ ও পল্লী-উন্নয়ন বিভাগের এসিষ্ট্যাণ্ট ইন্‌স্পেক্টর মৌঃ আবদুল মজিদ, বি-এ, গত ২৪।৭।৪২ তারিখে এই সমিতি পরিদর্শন করেন এবং পল্লী-সংস্কার সম্বন্ধে নানা প্রকার উপদেশ দ্বারা সমিতির মেম্বার ও ভলাণ্টিয়ারদিগের মধ্যে বিপুল কর্ম্ম-

প্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা জাগাইয়া তোলেন। নিম্নে সমিতির সংক্ষিপ্ত কার্য্যাবলী প্রদত্ত হইল :—

১। সমিতির মেম্বার ও স্বেচ্ছাসেবক বাহিনীর প্রচেষ্টায় ঝেপুপাড়ার দক্ষিণে "মৈয়াতলা" নামক নূতন হাটটি প্রতিষ্ঠিত হইয়াছে।

২। উক্ত হাটে সমিতির অফিস ঘর তৈয়ার করা হইয়াছে।

৩। সমিতির প্রচেষ্টায় মৈয়াতলা হাটে একটি প্রাইমারী স্কুল স্থাপিত হইয়াছে।

৪। উক্ত হাটে একটি নৈশ-বিদ্যালয়ও স্থাপিত হইয়াছে এবং পল্লীর মধ্যে আরও পাঁচটি নৈশ-বিদ্যালয় খোলা হইয়াছে।

৫। হাটে মুসলমানদের নামাজ পড়ার জন্য টিন দ্বারা বড় রকমের জুম্মা মসজিদ নির্ম্মাণ করা হইয়াছে।

৬। ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রতিকারের জন্য ডিষ্ট্রীক্ট বোর্ডের ঔষধ বিতরণ করা হইয়াছে এবং কলেরা ও মহামারীর সময় ডিষ্ট্রীক্ট বোর্ডের সাহায্যে কলেরার ইনজেকশনের ব্যবস্থা করা হইয়াছে।

৭। বিশুদ্ধ পানীয় জলের জন্য হাটখোলায় ৯০´×৬০´ ফুট একটি পুষ্করিণী খনন করা হইয়াছে। ইহার সম্পূর্ণ ব্যয় সরকার হইতে মঞ্জুর করা হইয়াছিল।

৮। উক্ত হাট হইতে আন্ধারমাণিক নামক নদীর তীর দিয়া বহুদূর পর্য্যন্ত একটি রাস্তা নির্ম্মাণ করা হইয়াছে। ইহার ব্যয়ও সম্পূর্ণ সরকার হইতে মঞ্জুর করা হইয়াছে।

৯। স্বেচ্ছাসেবকবাহিনী কর্ত্তৃক পল্লীর মধ্যে পুরাতন রাস্তার মেরামত-কার্য্য সম্পন্ন হইয়াছে।

১০। পল্লীর সমস্ত রাস্তা-ঘাট ও ঝোপ-জঙ্গল পরিষ্কার করা হইয়াছে।

১১। পানীয় জলের পুষ্করিণীগুলির জল যাহাতে দূষিত না হয় তাহার ব্যবস্থা করা হইয়াছে।

১২। চোর, ডাকাত ও দুষ্ট দমনের জন্য গ্রাম-রক্ষী দল গঠন করা হইয়াছে।

১৩। সমিতি কর্ত্তৃক একটি গুণ্ডা ও তিনটি চোর ধৃত হইয়া ঝেপুপাড়া থানায় প্রেরিত হয়। বিচারে তাহাদের কারাদণ্ডও হইয়াছে।

১৪। প্রতি বৃহস্পতিবার সমিতির অফিসে নির্দ্দিষ্ট সময় সমিতির সাপ্তাহিক বৈঠক হইয়া থাকে। ঐ সময় পল্লীর যাবতীয় বিবাদ-বিসম্বাদ মীমাংসা করিয়া দেওয়া হয়।

১৫। এযাবৎ প্রায় ২০০ শতের অধিক সাধারণ বিবাদ-বিসম্বাদ মীমাংসা করিয়া দেওয়া হইয়াছে।

১৬। সমিতির চাঁদা এযাবৎ প্রায় ৩০০৲ আদায় হইয়াছে। তন্মধ্যে খরচ বাদে প্রায় শতাধিক টাকা তহবিলে জমা আছে।

### ভারতের নারী-প্রতিষ্ঠান

নারীর আশা বা কল্পনাকে রূপ দিবার জন্য এবং তাহার অভাব অভিযোগ জ্ঞাপন করার জন্য নারী প্রতিষ্ঠান এক্ষণে বহু গড়া করিতেছে। নারীদের অভাব যাহাতে তাহারা পুরুষের বিনা সাহায্যে নিজেরাই বলিতে পারে তাহাই নারী-প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। ন্যাশন্যাল কাউন্সিল অব উইমেন ১৯২৪ সনে প্রতিষ্ঠিত হয়। এই প্রতিষ্ঠানের গোড়ার দিকে কাজ ছিল সামাজিক সুখ-সুবিধার দিকে নজর রাখা এবং দেশ-বিদেশের নারী-প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন করা। অল ইণ্ডিয়া উইমেন্স কনফারেন্স ১৯২৬ সনে প্রতিষ্ঠিত হয় এবং ইহারও প্রধান কার্যতৎপরতা দেখা যায় শিক্ষা ও সমাজ সংস্কার বিষয়ে। এইসকল নারী প্রতিষ্ঠানগুলি ক্রমবর্দ্ধমান বলিলে ভুল হইবে না। কারণ নারীরা এক্ষণে রাজনীতি বিষয়ে ব্যাপকভাবেই হস্তক্ষেপ করিতেছেন। এইসকল প্রতিষ্ঠানের উদ্যোগেই শিশু-বিবাহ, সম্পত্তি সম্বন্ধে নারীর অধিকার মুক্তভার প্রতিকার প্রভৃতি দেখা যায়।

১৯১৭ সন হইতে ১৯২৭ সনের মধ্যে নারী-জাগরণ তাহাদের রাজনীতিক্ষেত্রে কর্মতৎপরতা সত্যই আমাদের দৃষ্টি আকর্ষণ করে। ১৯১৭ সনে যখন মণ্টেগু চেম্‌সফোর্ড রিপোর্ট বাহির হয় তখন নারীর নামগন্ধও উহাতে দেখা যায় নাই। কিন্তু ১৯২৭ সনে সাইমন কমিশনে দেখা যায় যে, নারী সম্বন্ধে একটী ভিন্ন অধ্যায়ই লিখিত হইয়াছে। ইহা হইতে বেশ প্রমাণ পাওয়া যায় যে, নারী ভারতের রাজনীতিক্ষেত্রে কতখানি নিজের অধিকার বিস্তার করিতে পারিয়াছে। এক্ষণে মোট নারী ভোটারের সংখ্যা জানা গিয়াছে ২৬৮,০০০—অবশ্য সারা ভারতবর্ষে।

### ছারোতরে শস্যের অবস্থা

ছারোতর নামটী খুবই অপ্রচলিত। এই স্থানটী উত্তর গুজরাটে। একদিকে তাহার সেধি নদী এবং অপর দিকে আছে মাহী। ইহা আনান্দ, বর্সাদ এবং নাদিয়াদ তালুক লইয়া কায়রা ডিষ্ট্রিক্টে ৫৭০ বর্গ মাইল ব্যাপিয়া অবস্থান করিতেছে। এখানে যে শস্য জন্মায় তাহার ৬৪·৪% সিরিল, তামাক ১৬·৮%, তৈলবীজ ৪·০%, তুলা ২·৪%, ফল এবং শাকসব্জী ৭·০%, মশলা ইত্যাদি ০·৭%। নিম্নলিখিত তালিকা হইতে দেখা যাইবে যে, এখানে কত পরিমাণে বিভিন্ন শস্যাদি জন্মিয়া থাকে।

### চাষী-পিছু জমির পরিমাণ

| | পতিদার | শতকরা | অ-পতিদার | আর্দ্র |
|---|---|---|---|---|
| | একার ভি. | হিঃ | ভি. | ও. ভি. |
| তামাক | ৩ — ৯ | ৪১·১ | ১ — ৩২ | ২ — ২৮ |
| সিরিল | ৩ — ৮ | ৪০·৯ | ৩ — ৩৯ | ৩ — ১৯ |
| গবাদি পশুর খাদ্য | ১ — ৮ | ১৪·২ | ১ — ৩ | ১ — ৬ |
| কুমিন ও ভারিয়ালি | ০ — ২ | ০·৪ | ০ — ৪ | ০ — ৪ |

| | পতিদার একার ডি. | শতকরা হিঃ | অ-পতিদার এ. জ. | ফার্ম এ. জি. |
|---|---|---|---|---|
| নানারকম | ০ — ৫ | ১'৬ | ০ — ৫ | ০ — ৫ |
| ঘাস | ০ — ২ | ০'৬ | ০ — ১ | ০ — ২ |
| গ্রোস শস্যের জমি | ৭ — ২৪ | | ৭ — ৬ | ৭ — ২৪ |
| দুইবার হয় এমন শস্যের জমি | ০ — ৩২ | | ০ — ২২ | ০ — ২৮ |
| মোট শস্যের জমি | ৭ — ২ | | ৬ — ২৭ | ৬ — ৩৬ |

## তুলার উন্নতির জন্য ল্যাবরেটরির লোক-সংখ্যা

স্থায়ী কর্মী ১৯২৪-৩৭

| | ১৯৩৩ | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| টেকনিক্যাল এবং অফিস ষ্টাফ | ৮ | ১১ | ১২ | ৩২ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৪ | ৩৫ | ৩৬ |
| রিসার্চ ষ্টুডেন্ট | ১ | ৩ | ১ | ১ | × | × | × | × | ২ | ২ |
| ফিউমিগেসন কেমিষ্ট | × | × | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| মোট | ৯ | ১৪ | ৩৫ | ৩৫ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৬ | ৩৯ | ৭০ |

১৯৩১ ও ১৯৩২ সনে টেকনিক্যাল ষ্টাফ ৩৯ জন থাকে এবং ফিউমিগেশন কেমিষ্ট ২ জন। কিন্তু রিসার্চ ষ্টুডেন্ট ছিল না। এখনও ইহাদের সংখ্যা সমান আছে বলিয়া জানা যায়।

## মাদ্রাজ গভর্ণমেণ্টের গ্র্যাচুয়িটির নিয়ম

মাদ্রাজ গভর্ণমেণ্ট দুইটী আইন পাশ করিয়াছেন তাহাতে বহু লোক উপকৃত হইয়াছে। ইহার একটীর নাম হইল মাদ্রাজ রিট্রেঞ্চমেণ্ট এণ্ড ইনভ্যালিড গ্র্যাচুয়িটিস এবং অপরটী মাদ্রাজ কমপ্যাসিয়নেট গ্র্যাচুয়িটি। উক্ত আইন দুইটী ১৯৪০ সনের ১লা এপ্রিল হইতে প্রচলিত হইয়াছে বলিয়া অবগত হওয়া যায়। পূর্ব্বেরটী নন-পেনসেনেবল্ গভর্ণমেণ্ট সারভেণ্টদের পক্ষে প্রযোজ্য এবং দ্বিতীয়টী মৃত গভর্ণমেণ্ট সারভেণ্টদের ফ্যামিলির পক্ষে প্রযোজ্য। নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে গ্র্যাচুয়িটির পরিমাণ কিরূপ :—

| চাকরীর কাল | | সর্ব্বাপেক্ষা অধিক গ্র্যাচুয়িটি |
|---|---|---|
| ১০ বৎসরের কম নহে | কিন্তু ১৫ বৎসরের কম— | ১৫ বৎসর ৪ মাসের মাহিনা |
| ১৫ | | ১৫ বৎসর ৪ মাসের মাহিনা |
| ২০ | | ১৫ বৎসর ৬ মাসের মাহিনা |

ঠিক অনুরূপভাবে মাদ্রাজ কর্পোরেশনও তাহাদের কর্ম্মচারীদের জন্য আইন প্রস্তুত করিয়াছে। মৃত চাকরদের উত্তরাধিকারীদের সেই গ্র্যাচুয়িটি দিবার ব্যবস্থা হইয়াছে। কিন্তু ইহা ১০০০৲ এর বেশী কোথাও দেওয়া হইবে না।

| | |
|---|---|
| ৫ বৎসরের উপর চাকরীর কাল হইলে | ৩ মাসের মাহিনা |
| | ৬ মাসের |
| | ৯ |
| | ১২ |

## ভারতে গুড় উৎপাদন

গুড় ও রাব গুড় যেভাবে আমদানি রপ্তানি হইয়াছে তাহার পরিচয় নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে :—

নবেম্বর হইতে অক্টোবর পর্য্যন্ত

| প্রদেশ ও ষ্টেট | ১৯৩৭-৩৮ | | ১৯৩৮-৩৯ | |
|---|---|---|---|---|
| | আমদানি ( টন হিঃ ) | রপ্তানি ( টন হিঃ ) | আমদানি ( টন হিঃ ) | রপ্তানি ( টন হিঃ ) |
| যুক্তপ্রদেশ | ২,১৮১ | ৩০২,৬৯২ | ৭,০০০ | ২৫৯,০০০ |
| পাঞ্জাব | ১৪৮,৬৪৮ | ৭,৩৬৩ | ১০৩,০০০ | ২৪,০০০ |
| বিহার | ৩৫,৩৭১ | ২৬,৭০১ | ১৮,০০০ | ৮৯,০০০ |
| বাঙ্গলা | ১৪২,৫১৯ | ৬,৩৯২ | ১২৩,০০০ | ৬,৬০০ |
| মাদ্রাজ | ৯,৪৩১ | ৩০,৮৯০ | ১২,৬০০ | ৩৮,০০০ |
| বোম্বাই | ৫০,৯৮০ | ১৯,২৩৭ | ৪৩,৪০০ | ১৬,০০০ |
| আসাম | | ১,৪৪৬ | | ৩০০ |
| মধ্যপ্রদেশ ও বেরার | | ১৮৬ | | ১৬৮ |
| সিন্ধু ও ব্রিঃ বেলুচিস্তান | ১৯,৩৮৩ | ১৯২ | | ৯৪ |
| উড়িষ্যা | ২,০৮৩ | ৪৮১ | ৮,৩৩৪ | ২,৬৬৪ |
| উঃ পঃ ফ্রন্টিয়ার প্রদেশ | ৪৫১ | ৩২,৯৮০ | ৫২৭ | ২০,৫০০ |

সারা ভারতে ১৯৩৯-৪০ সনে মোট গুড় উৎপন্ন হইয়াছিল ২,৪৪১,০০০ টন এবং তাহার পূর্ব্বের বৎসর উহার উৎপাদন-সংখ্যা ছিল ২,১৩১,০০০। ১৯৩৯-৪০ সনে প্রায় ১৫% গুড় উৎপাদন বৃদ্ধি পাইয়াছিল বলিয়া জানা যায়। ১৯৩৯-৪০ সনে স্থলপথে গুড় রপ্তানির পরিমাণ ছিল ৩,০০০ টন মাত্র। দেশের মধ্যে খরচার জন্য অধিকাংশ পরিমাণে গুড় প্রস্তুত হইয়া থাকে। কেবলমাত্র অল্প পরিমাণেই স্থলপথে রপ্তানি করা হয়। কিন্তু তথাপি আজ ।০ হইতে ৸০ পর্য্যন্ত সের বিক্রয় হইতেছে।

## গ্রেটব্রিটেনে এয়ার রেডের জন্য ক্ষতি

১৯৪২ সনের মে মাস পর্য্যন্ত গ্রেটব্রিটেনে এয়ার রেডের জন্য যে পরিমাণ ক্ষতি হইয়াছে তাহা নিম্নের তালিকায় দেওয়া গেল :—

| মাস | |
|---|---|
| জানুয়ারী | |
| ফেব্রুয়ারী | |
| মার্চ্চ | |
| এপ্রিল | |
| মে | |
| জুন | |
| জুলাই | |
| আগষ্ট | |
| সেপ্টেম্বর | ৬,৭৮৮ |
| অক্টোবর | ৬,১৭৯ |
| নবেম্বর | ৪,৮০৪ |
| ডিসেম্বর | ৩,৯৩৩ |

## যুদ্ধ ক্ষতি-পূরণ

ওয়ার ডামেজ অ্যাক্ট অনুসারে বাড়ীঘর মেরামত করিবার জন্য দান করা হইয়াছে ৩৫,০০০,০০০ পাউণ্ড গত এপ্রিল মাস পর্য্যন্ত। পূর্ব্ব বৎসরের এপ্রিল পর্য্যন্ত দান হিসাবে দেওয়া হইয়াছিল ৪০,০০০,০০০ পাউণ্ড। ১৯৪২ সনের ১লা জুলাই তারিখে যে টাকা দিবার কথা ছিল তাহা বহু লোকই দিতে পারে নাই বলিয়া জানা গিয়াছে।

## আমেরিকায় ১৯৪২ সনের এপ্রিল মাসে মাখন ও পনীরের দর

( প্রতি পাউণ্ডে ১ সেণ্ট )

| | নিউইয়র্ক | শিকাগো | বোসটন | ফিলাডেলফিয়া |
|---|---|---|---|---|
| মাখন ৯২ স্কোর | ৩৭·৯১ | ৩৭·৪৪ | ৩৮·৪৩ | |
| ৯১ | ৩৭·৪২ | ৩৬·৮৯ | ৩৮·০৫ | |
| ৯০ | ৩৭·৩২ | ৩৬·৮০ | ৩৭·৮২ | |
| ৯০ | × | ৩৭·০২ | × | |
| পনীর | ২৩·৩৪ | ২১·২৯ | ২৩·৭৫ | |

### আমেরিকায় গম উৎপাদন

( ১০০০ বুশেল হিঃ )

| ষ্টেট | ১৯৪১ |
|---|---|
| নিউ ইংলণ্ড | |
| নিউইয়র্ক | |
| নিউজার্সি | |
| পেনসিলভেনিয়া | |
| ওহিও | |
| ইণ্ডিয়ানা | |
| ইলিনয়িস | |
| মিচিগান | |
| উইসকনসিন | ২০০ |
| মিনেসোটা | ৩,৪৪৭ |
| আইয়োয়া | ১,৪৮০ |
| মিসৌরি | ৩,২০০ |
| নর্থ ডাকোটা | ৩৮,৮৩০ |
| সাউথ ডাকোটা | ১০,৮০০ |
| নেব্রাসকা | ৩,২০০ |
| কানসাস | ১৪,৮০০ |
| মেরিল্যাণ্ড | ২৮০ |
| ভার্জিনিয়া | ৩০০ |
| কেনটাকি | ১,০৪০ |
| টেনেসি | ৩৫০ |
| ওকলাহোমা | ৪,৬০০ |
| টেকসাস | ৩,৯৫০ |
| আদার সাউদার্ণ | ৭৪৬ |
| মোণ্টানা | ১১,২১০ |
| ইডাহো | ৭,৪০০ |
| ওয়াইওমিং | ১৬১ |
| কোলোরাডো | ২,৩৮০ |

### সমুদ্রে নিরাপত্তা-বিষয়ক নিয়ম

প্যাসেঞ্জার জাহাজে নিরাপত্তার জন্য আইন পাস করা হইয়াছিল। উহা "কনভেনশন অব সেফ্‌টী অব লাইফ এট সি" কর্তৃক গৃহীত মত অবলম্বনেই প্রস্তুত হইয়াছিল বলিয়া জানা যায়। প্রাক্‌যুদ্ধ নিয়ম অনুসারে প্রত্যেক জাহাজেই "লাইফ-বয়া" থাকা একান্ত আবশ্যক। উহার ছাঁচ ও বয়াপ্তি সম্বন্ধেও বিশেষ কানুন দেখা যায়। গ্রেট ব্রিটেনের নিয়ম অনুসারে প্রতি জাহাজে অন্ততঃ পক্ষে ছয়টী লাইফ-বয়া থাকার ব্যবস্থা আছে। ঐসব বয়াতে আপনা-আপনি জ্বলিতে পারে এমন আলোর ব্যবস্থা আছে এবং ঐ আলো জলের মধ্যেও নিবিয়া যায় না।

| | বয়ার সংখ্যা | আলোক |
|---|---|---|
| যে জাহাজ ২০০ ফুটের কম লম্বা | ৮ | ৬ |
| " ২০০ ফুট হইতে ৪০০ ফুট লম্বা | ১২ | ৬ |
| ৪০০ " ৬০০ | ১৮ | ৯ |
| ৬০০ ৮০০ " | ২৪ | ১২ |
| ৮০০ " আরও উর্দ্ধে | ৩০ | ১৫ |

তাহার মধ্যে একটী বয়াতে লাইফ-লাইন ১৫ ফুট লম্বা থাকা হইল বাধ্যতামূলক নিয়ম।

নরওয়েতে নিম্নতম সংখ্যার বয়া থাকা ক্রু-র সংখ্যার উপর নির্ভর করে। তাহা নিম্নের তালিকা দেখিলে বুঝা যাইবে :—

| | |
|---|---|
| ক্রু ৪ জন পর্য্যন্ত | ১টি বয়া |
| " ৫ হইতে ৯ জন পর্য্যন্ত | ২টী |
| " ১০ " ১৯ জন " | ৩টী |
| " ২০ কিম্বা তাহার উর্দ্ধে | ৪টী |

নেদারল্যাণ্ডের নিয়ম হইল জাহাজের দৈর্ঘ্য অনুপাতে বয়ার সংখ্যা বৃদ্ধি। ৪০০ টনের জাহাজে অন্ততপক্ষে ১টী বয়া থাকিবে।

### যুক্তরাষ্ট্রে যুদ্ধকালীন শ্রমের সময়

| কারখানা | ৪০ ঘণ্টার বেশী খাটে তাহার শতকরা হিসাব | ওভার-টাইম ওয়ার্ক কত পরিমাণ |
|---|---|---|
| মেশিন টুল এক্সেসরিস | ১৫·১ | |
| লোকোমোটিভ্‌স্ | ১১·২ | |

| কারখানা | ৪০ ঘণ্টার বেশী খাটে তাহার শতকরা হিসাব | ওভার-টাইম ওয়ার্ক কত পরিমাণ |
|---|---|---|
| জাহাজ | ৯১·২ | |
| তামার খনি | ৭৬·২ | |
| অর্ডন্যান্স | ৭৫·২ | |
| ব্রাস, ব্রোঞ্জ, তামা | ৬৮·০ | |
| ইঞ্জিন | ৬৬·৫ | |
| বৈদ্যুতিক | ৬২·৪ | |
| সেকেণ্ডারি অর্ডন্যান্স | ৬০·৭ | ১০·৫ |
| এ্যলুমিনিয়াম তৈয়ারি | ৫০·২ | ৯·৯ |
| ট্রাক্স্ | ৪৫·৭ | ৯·১ |
| গাড়ী, ইলেক্ট্রিক ও ষ্টিম রেল | ৪৩·১ | ১১·৪ |
| ব্লাষ্ট ফার্ণেস | ২৮·১ | ৯·৩ |
| স্মেলটিং এণ্ড রিফাইনিং | ২৫·৬ | ৭·৩ |
| কেমিক্যালস্ | ১৮·৪ | ৮·৭ |

উপরিউক্ত তালিকা দেখিলে বুঝা যাইবে যে ৪০ ঘণ্টার অতিরিক্ত খাটাইবার ক্ষমতা আমেরিকার কল-কারখানাওয়ালারা পাইয়াছে।

## ইরাণে শ্রমিক-স্বাস্থ্য সম্বন্ধীয় ব্যবস্থা

ইরাণে রেল নির্ম্মাণের জন্য যেসকল শ্রমিক নিযুক্ত হইয়াছে তাহাদের জন্য গভর্ণমেণ্ট "হেল্‌থ্ ষারভিস" খুলিতে মনস্থ করিয়াছেন। ১৯৩১ সনের জুলাই মাসে রেল তৈয়ারির শ্রমিক ছিল ৪১,০০০ জন।

একটী আইনও জারি করা হইয়াছে যে, পানীয় জলের সুব্যবস্থা থাকিবে। চুক্তির সময় শ্রমিকদের বাসস্থান এবং খাইবার ব্যবস্থাও থাকিবে। কোন মড়ক উপস্থিত হইলে শ্রমিকদের বাসস্থান বিনামূল্যে শোধন করিয়া দেওয়া হইবে এবং কিভাবে চলা আবশ্যক তার ডাক্তারি উপদেশ মিলিবে। উক্ত হেল্‌থ্ সারভিসের এই সকল কার্য্যের জন্য ছোঁয়াচে রোগের এবং মড়কের প্রকোপ বিশেষভাবে কমিয়া গিয়াছে।

যদি কোন আকস্মিক দুর্ঘটনা হয় তাহা হইলে যাহাতে সত্বর প্রাথমিক চিকিৎসা দেওয়া হয় তাহার ব্যবস্থা আছে।

## সুইডেনে জীবনযাত্রার খরচা

১৯৪১ সনের প্রারম্ভে সুইডিস্ কনফেডারেশন অব ট্রেড ইউনিয়নস এবং সুইডিস্ এম্প্লয়ার্স ফেডারেশন এই উভয় দলের লোক মিলিয়া একটী বোঝাপড়া করেন যে, ১৯১৪—১০০ ধরিয়া ২১২ সূচী সংখ্যা ধরিলে যে অনুপাতে দ্রব্যাদির মূল্য বৃদ্ধি হয় সেই অনুপাতে মাহিয়ানার হারও বৃদ্ধি করা যাইতে পারে। কিন্তু দেখা গেল ১৯৪১ সনের শেষের দিকে উক্ত সূচী সংখ্যা ২১২ হইতে ২২৭ হইয়াছে। কাজেই প্রায় ৭% বৃদ্ধি হইয়া গিয়াছে। কিন্তু মাহিয়ানার যাহা বরাদ্দ হইয়াছে তাহার কোনই পরিবর্ত্তন হয় নাই।

সেই জন্য পুনরায় একটী চুক্তি করা হইয়াছে যাহাতে ১৯৪২ সনের যে সূচী সংখ্যা হইবে তাহার অনুপাতে মাহিয়ানার হার ঠিক থাকে।

### আমেরিকান কাউন্সিল অন এডুকেশন

উক্ত কাউন্সিল দুইটী পুস্তিকা প্রচার করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। সেই পুস্তিকাগুলি আন্তর্জাতিক সমস্যা বিষয়ে শিক্ষকদিগের সাহায্য করিবে। প্রথমটীর নাম হইল 'দি টিচার এণ্ড ইণ্টার ন্যাশন্যাল রিলেসনস এবং দ্বিতীয়টী হইল "আমেরিকান আইডেলেসন রিকনসিডার্ড"। প্রথমটীতে প্রণালী ও মতামত সম্বন্ধে আলোচনা করা হইয়াছে এবং শেষেরটীতে দেখা যায় আমেরিকার স্বাতন্ত্র্য ১৭৯৯-১৯১৪ সন পর্য্যন্ত। ইহাতে বিশেষ জোর দেওয়া হইয়াছে ১৯১৪-১৯৪১ সনের উপর। ইহাতে ৬০ পৃষ্ঠায় আসল ডকুমেণ্টগুলি লিখিত হইয়াছে। এইসকল তথ্য আলোচ্য বিষয় সংক্রান্ত বলিয়াই প্রতীয়মান হয়। দুইটী পুস্তিকাতেই পুস্তক-তালিকা দেওয়া হইয়াছে।

### দি ন্যাশন্যাল রিক্রিয়েশন অ্যাসোসিয়েশন

বালটিমুরে উক্ত এ্যাসোসিয়েশনটী উহার ষড়বিংশতিতম বাৎসরিক কংগ্রেস আহ্বান করে। এখানে আলোচনা করা হইয়াছে একটী সাধারণ বিষয় লইয়া 'দি আমেরিকা উই ডিফেণ্ড'। একটী পুস্তিকা নির্ম্মিত হইয়াছে যাহাতে প্রায় ৪৫০টী প্রশ্ন গ্রথিত করা হইয়াছে।

### পাবলিক অ্যাফেয়ার্স কমিটি

উক্ত কমিটির বৈঠকটী বসে ৩০নং রকাফেলার প্লাজা, নিউইয়র্ক সহরে। এই কমিটি কর্ত্তৃক একটী পুস্তিকা প্রচার করা হইয়াছে। উক্ত পুস্তিকাটীর নাম হইল "গান্‌স্, প্লেন্‌স এণ্ড ইয়োর পকেট বুক"। বইখানির লেখক হইলেন রল্‌ফ্ হুডেন্ট। ইনি রাসেল সেজ ফাউণ্ডেশনের সহিত সংশ্লিষ্ট। ১৯৪১ সনের ডিফেন্স বিল ৪৫ বিলিয়ান হইয়াছিল বলিয়া ইনি অনুমান করিয়াছিলেন। উক্ত সংখ্যা ইউ এস এ-তে যত বাড়ী ১৯১০ সন হইতে নির্ম্মিত হইয়াছে তাহাদের খরচার সমষ্টি, যত টাকা রেলওয়েতে খাটছে তাহার দ্বিগুণ। আসল কথা হইল যখন আমেরিকার অধিক কামান প্রয়োজন হইয়াছে তখন তাহার মাখন ব্যবহারও কম হইতে বাধ্য। অর্থাৎ নিদারুণ ট্যাক্স এবং কনসিউমার ক্রেডিটের শ্রাদ্ধ হইবে বলিয়া ধরিতে পারা যায়। "পোষ্ট ডিফেন্স রি-অ্যাডজাষ্টমেণ্ট" অর্থাৎ ভবিষ্যতের পুনপ্রতিষ্ঠায় বিশেষ অসুবিধা হইতে পারে।

### ইণ্টার-আমেরিকান সোসিয়াল সিকিউরিটি কনফারেন্স

পেরুতে একটী প্রাথমিক অধিবেশন হইয়া যাইবার পর ইণ্টার-আমেরিকান সোসিয়াল সিকিউরিটি কনফারেন্স বসিবে বলিয়া জানা গিয়াছে। উক্ত কমিটিতে ক্যানাডা এবং উরুগোয়ে যোগদান করিয়াছিল বলিয়া অবগত হওয়া যায়। সান্টিয়াগো ডি চিলিতে সোসিয়াল সিকিউরিটির অধিবেশন হইয়াছিল। অবশ্য চিলির গভর্ণমেণ্ট এই বিষয়ে বিশেষ উদ্যোক্তা বলিয়া জানা যায়।

### মেক্সিকোর সোসিয়াল ও রেল ফেয়ার

এখানে সামাজিক মঙ্গলের জন্য একটী টেকনিক্যাল কাউন্সিল স্থাপিত হইয়াছে। ১৯৪২ সনের জানুয়ারী মাসে মেক্সিকান মিনিষ্ট্রি অব্ লেবার রিপাবলিকের প্রেসিডেণ্টের মত গ্রহণ করিয়া টেকনিকাল সোসিয়াল ও রেল ফেয়ার কাউন্সিল স্থাপন করিয়াছেন। প্রভু এবং

শ্রমিক উভয় দলের সভ্যকেই ইহাতে যোগদানের জন্য আহ্বান করা হইয়াছে।

### মিঃ ওয়েডেল উইলকী

ব্রিটিশ-বিদ্বেষী বলিয়া তাঁহার সম্পর্কে যে অভিযোগ করা হইয়াছে, অদ্য ব্রিটিশ রেডিও ভাষ্যকার মিঃ সিডনী মোসলীর সহিত সাক্ষাতকালে মিঃ উইল্‌কী তাহা অস্বীকার করেন। মিঃ উইল্‌কী বলেন, "আমার সম্পর্কে এ অভিযোগ নিতান্তই হাস্যকর। ব্রিটিশ জাতি এবং ব্রিটিশ সংস্কৃতির প্রতি আমার গভীর শ্রদ্ধা এবং প্রীতি রহিয়াছে। আমার চাইতে ঘনিষ্ঠতর বন্ধু ব্রিটেনের নাই।"

প্রসঙ্গতঃ, ব্রিটিশ কমনওয়েলথ সম্পর্কে তিনি বলেন' —শাসন সম্পর্কে উহা এক নিখুঁত এবং প্রয়োজনীয় পরিকল্পনা। ব্রিটেনকে তিনি প্রশংসা করেন বলিয়াই যে-সকল অঞ্চলে উন্নততর সমাজ বিধানের প্রয়োজন, সেখানে যে বিশেষ ধরণের ঔপনিবেশিক নীতি প্রবর্তিত হইতেছে, তাহার সমালোচনা করিবার অধিকারও তাঁহার আছে, ইহাই তিনি মনে করেন।

### বাঙলার চিরস্থায়ী বন্দোবস্তের রদবদল

বঙ্গীয় আইন সভার প্রোগ্রেসিভ কোয়ালিশন দলের নেতা মাননীয় মিঃ এ, কে, ফজলুল হক নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করিয়াছেন। বঙ্গীয় ভূমিরাজস্ব কমিশন যে সকল সুপারিশ করিয়াছেন, উক্ত বিবৃতিতে তিনি তাহার একটি বৈকল্পিক পরিকল্পনার উল্লেখ করিয়াছেন। উক্ত পরিকল্পনাটি বিশেষভাবে বিবেচনা করিবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অনুরোধ করা হইয়াছে।

মাননীয় মিঃ এ, কে, ফজলুল হক বিবৃতিতে বলিয়াছেন —বাঙলার চিরস্থায়ী বন্দোবস্ত রদ করা সম্পর্কে ফ্লাউড কমিশনের রিপোর্ট দাখিল হওয়ার পর আড়াই বৎসরের অধিককাল অতীত হইয়াছে। কিন্তু গভর্ণমেণ্ট দুঃখের সহিত স্বীকার করিতেছেন যে, এ পর্য্যন্ত তাঁহারা ঐ সকল সুপারিশ সম্বন্ধে তাঁহাদের সিদ্ধান্ত ঘোষণা করিতে সমর্থ হন নাই। গভর্ণমেণ্ট উপলব্ধি করিতে পারিতেছেন যে, এই বিলম্বের ফলে দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক ভবিষ্যৎ সম্পর্কে কৃষাণী এবং প্রজাবর্গের মধ্যে একটা অনিশ্চয়তার ও অস্বস্তির ভাব জাগরূক হইয়াছে এবং আশু বিপৎপাতের সম্ভাবনা আছে বলিয়া তাঁহারা মনে করিতেছেন। যেসকল কারণে এবং অবস্থাধীনে এই বিলম্ব ঘটিতেছে, তাহার উপর গভর্ণমেণ্টের কোনও হাত নাই। ফ্লাউড কমিশনের সুপারিশসমূহ আলোচনা-প্রসঙ্গে যেসকল সমস্যা দেখা দিয়াছে, ঐ সকল সমস্যার মীমাংসা-ব্যপদেশে যথেষ্ট সময় ও মনোযোগ দেওয়া পূর্ব্বোক্ত কারণে গভর্ণমেণ্টের পক্ষে সম্ভব হইতেছে না।

প্রথমতঃ, চিরস্থায়ী বন্দোবস্ত এবং তাহার ফলে উদ্ভূত অবস্থাসমূহের সমাবেশে এমন একটি জটিল ও ব্যাপক রাজস্ব ব্যবস্থা গড়িয়া উঠিয়াছে, জগতের অন্য কোনও দেশে যাহার তুলনা দেখা যায় না। দ্বিতীয়তঃ, চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করা অথবা তাহার রূপান্তরসাধন সম্পর্কে এত বেশী কাগজপত্র বা প্রবন্ধাদি লিখিত হইয়াছে যে, তাহাতে অসুবিধা আরও বেশী হইয়াছে। ঐ সকল কাগজপত্রে বা প্রবন্ধে এমনসকল পরস্পর-বিরোধী মত প্রকাশিত হইয়াছে এবং ঐ সকল যুক্তি এমনই অকাট্য ও জটিল যে, তাহাতে সমস্যার সমাধান করা একরূপ অসম্ভব হইয়া দাঁড়াইয়াছে। যাহা হউক, উক্ত রিপোর্ট বিবেচনা করার সময় উপস্থিত হইয়াছে বলিয়াই আমি মনে করি। এ সময় যদিও আমরা এক বিপজ্জনক অবস্থার মধ্য দিয়া চলিয়াছি এবং আমরা জীবন-মরণের সন্ধিস্থলে দণ্ডায়মান, তথাপি আমার মতে উক্ত রিপোর্টের আলোচনা সুরু করিবার সময় উপস্থিত হইয়াছে। তবে রিপোর্ট আলোচনা আরম্ভ করিতে আরও কিছু সময় লাগিবে। সুতরাং আমার মতে পরীক্ষামূলকভাবে কতকগুলি প্রস্তাব উত্থাপন করা এই বিষয়ে আশু আলোচনার সর্ব্বোৎকৃষ্ট উপায়। ঐ প্রস্তাবগুলিকে ভিত্তি করিয়া আলোচনা আরম্ভ হইতে পারিবে এবং গভর্ণমেণ্টের সিদ্ধান্তের ভিত্তি কিরূপ হইবে, তৎসম্বন্ধে জনমতের আভাষ পাওয়া যাইবে।

এই বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করার প্রশ্ন সম্পর্কে আমি জনসাধারণের বিবেচনার

জন্য একটি বৈকল্পিক পরিকল্পনা উপস্থিত করিতেছি। আমি ইহা পরিষ্কারভাবে জানাইতে চাই যে, এই বিবৃতিতে যে মতামত প্রকাশ করা হইল তাহা আমার নিজস্ব মত; উহা কোন অংশে সরকারী প্রস্তাব নহে। কতকগুলি গুরুতর সমস্যা চাপা পড়িয়া আছে, সেইগুলি জনসাধারণের আলোচনার জন্য উপস্থিত করার জন্যই আমি এই প্রস্তাব করিতে সাহসী হইয়াছি। কারণ, ঐসকল সংস্কার প্রতি উপেক্ষা করা এখন আর কোনমতে যুক্তিযুক্ত বলিয়া মনে করি না।

আমি প্রথমতঃ ধরিয়া লইতেছি যে, বর্ত্তমান পরিস্থিতিতে কমিশনের বিভিন্ন বৈকল্পিক সুপারিশ অনুযায়ী ভূস্বামিগণের যাবতীয় স্বত্ব ক্রয় করা গভর্ণমেণ্টের পক্ষে সম্ভবপর নহে। আমার প্রথম প্রস্তাব এই,—

(১) কোর্ট অব ওয়ার্ডস আইন উঠাইয়া দিয়া কোর্ট অব ওয়ার্ডস প্রতিষ্ঠান বিলোপ করা; (২) সমস্ত ভূমি, জলাশয়, বন ও খনি গভর্ণমেণ্টের হাতে আসিবে। এজন্য বিশেষ আইন প্রণয়ন করার প্রয়োজন হইবে। (৩) যাহারা কৃষাণ হিসাবে প্রকৃতপক্ষে ভূমির দখলকার অথবা যাহারা জলাশয় বন ও খনির মালিক, তাহাদের স্বত্বদখল অক্ষুণ্ণ থাকিবে। (৪) কৃষিভূমি সম্পর্কে এই ব্যবস্থা হইবে যে, প্রকৃত চাষীকে সরাসরিভাবে গভর্ণমেণ্টকে মোট উৎপন্ন ফসলের এক-ষষ্ঠাংশ দিতে হইবে; জলকর, বনকর এবং খনিকর সম্বন্ধে উহাদের প্রকৃত মালিকগণ গভর্ণমেণ্টকে নির্দ্ধারিত অংশ প্রদান করিবেন। (৫) ভূমি জলাশয়, বন ও খনি সংক্রান্ত অথবা তদ্‌সংক্রান্ত যাবতীয় স্বার্থের সকল প্রকার টাক্স রহিত করা হইবে। অর্থাৎ পথকর, বনকর, চৌকিদারী ও শিক্ষাকর প্রভৃতি সমস্তই রহিত করিতে হইবে। প্রকৃত কৃষকগণকে উৎপন্ন শস্যের মূল্যের এক-ষষ্ঠাংশ গভর্ণমেণ্টকে দিতে হইবে। এতদ্ব্যতীত অপর সকল ব্যক্তিকে নিজের নির্দ্ধারণানুসারে তাহাদের আয়ের একাংশ গভর্ণমেণ্টকে দিতে হইবে।

(৬) রাজস্ব আদায়কারীদিগকে নিম্নলিখিত পদ্ধতিতে পারিশ্রমিক দেওয়া হইবে,—

(ক) যুদ্ধারম্ভের পূর্ব্ববর্ত্তী দশ বৎসরে রাজস্ব আদায়-কারীদের যে আয় ছিল গড়ে তাহার শতকরা ৫০ ভাগ মালিকানা স্বরূপ তাহাদিগকে দেওয়া হইবে।

(খ) তাহাদিগকে খাজনা, রাজস্ব, ট্যাক্স অথবা সেস দিতে হইবে না।

(গ) উপরে (ক) প্রকাশ বর্ণিত মালিকানা বাবদ রাজস্বআদায়কারীদের সমস্ত আয়, যাহা খাজনা আদায়ী হিসাবে লিখিত থাকিবে, তাহা গভর্ণমেণ্টের প্রাপ্য হইবে।

(ঘ) বর্ত্তমানে যেসকল সম্পত্তি বা জমিদারী কোর্ট অব ওয়ার্ডসএর পরিচালনাধীন আছে ঐ সকল সম্পত্তির যে মালিকানা দেওয়া হইবে, তাহা বর্ত্তমানে প্রদত্ত ভাতা অপেক্ষা বেশী হইবে না।

(ঙ) দায়গ্রস্ত সম্পত্তি সম্বন্ধে গভর্ণমেণ্ট নিজ বিবেচনা মত মালিকানার পরিমাণ কমাইতে পারিবেন।

(৭) প্রকৃত চাষীদের কেহই ৫০ বিঘার বেশী জমি পাইবে না। এই প্রকারে যে জমি উদ্বৃত্ত হইবে, তাহা ছোট ছোট চাষীদের মধ্যে সমান অংশে বণ্টন করিয়া দেওয়া হইবে, যাহাতে ন্যায়সঙ্গত ভাবে যতদূর সম্ভব সকলের মধ্যে জমির বণ্টন হইতে পারে।

(৮) যাঁহারা ভূমির আয় পান না—অন্যভাবে যাঁহাদের আয় হয়, গভর্ণমেণ্ট তাঁহাদের আয়ের নির্দ্দিষ্ট একটা সঙ্গত অংশ গ্রহণ করিতে পারিবেন। এই প্রকারে প্রদেশের আয়কর আদায়ের ব্যবস্থা হইতে পারিবে।

(৯) বঙ্গদেশ হইতে যে বাণিজ্য শুল্ক আদায় হয়, তাহা এইভাবে বঙ্গীয় সরকারকে দেওয়ার ব্যবস্থা হইবে।

(১০) পাটের রপ্তানি-শুল্কও বঙ্গীয় সরকারকে দিতে হইবে।

পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করার জন্য এই সব মূল প্রস্তাব দেওয়া হইল। ভূমি, জলাশয়, বন ও খনি প্রভৃতি সম্বন্ধে যখন স্বতন্ত্রভাবে বিবেচনা করা হইবে তখন ইহারও পরিবর্ত্তন করিতে হইবে। এই পরিকল্পনানুযায়ী অর্থাগমের একটা আনুমানিক হিসাব ধরিতে পারিলে তাহা আনন্দপ্রদ হইত। ভূমি, জলাশয় প্রভৃতি হইতে উৎপন্ন

দ্রব্যের ঠিক মূল্য নির্দ্ধারণ করা সম্ভব নহে। এ সম্পর্কে তথ্য সংগ্রহ করিবার আমার সময় হয় নাই। আমার বন্ধুগণ যদি এ বিষয়ে অগ্রণী হইয়া আয়ের একটী মোটামুটী হিসাব দিতে পারেন তবে আমি বিশেষ কৃতজ্ঞ হইব। আবশ্যকীয় তথ্যের অধিকাংশ কমিশনের রিপোর্ট ও সেটেলমেণ্ট রেকর্ডে ও অন্যান্য কাগজপত্রে পাওয়া যাইবে। আমার বিশ্বাস, উৎপন্ন দ্রব্যের মূল্যের এক-ষষ্ঠাংশ রাজস্ব-স্বরূপ গ্রহণ করিলে বাঙলা গভর্ণমেণ্ট বৎসরে অন্ততঃ একশত কোটি টাকা পাইবেন। উহা হইতে মালিকানা দেওয়ার পর গভর্ণমেণ্টের শাসনকার্য্য নির্ব্বাহের জন্য অন্ততঃ ৪০ কোটি টাকা থাকিবে।

আমি স্বীকার করি যে, উক্ত পরিকল্পনায় কতকটা আমূল পরিবর্ত্তনমূলক সুপারিশসমূহ রহিয়াছে এবং কয়েকটী সুপারিশ অবিলম্বে গৃহীত হওয়া সম্ভবপর নহে। সুতরাং আমি নিম্নে আর একটি পরিকল্পনা পেশ করিতেছি :—

১। গভর্ণমেণ্ট কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক বর্ত্তমানে পরিচালিত সমস্ত জমিদারী কোর্ট অব ওয়ার্ডসের হাত হইতে মুক্ত করিতে হইবে।

২। কোর্ট অব ওয়ার্ডস আইন এরূপভাবে সংশোধন করিতে হইবে যেন গভর্ণমেণ্ট তাঁহাদের বিবেচনা মতে উপযুক্ত ও ন্যায়সঙ্গত সর্ত্তে সমস্ত জমিদারী এবং ভূমি, জলাশয়, বন ও খনি স্বত্ব অধিকার করিতে পারেন।

৩। গভর্ণমেণ্ট প্রকৃত চাষীদের কিংবা জলাশয়, খনি ও বনের অধিকারী বা দখলকারীদের সংস্পর্কে না আসা পর্য্যন্ত এই প্রক্রিয়া কঠোরভাবে অনুসরণ করা হইবে।

৪। চাষযোগ্য জমির বেলায় প্রকৃত চাষীকে জমি হইতে উৎপন্ন মোট ফসলের মূল্যের এক-ষষ্ঠাংশ গভর্ণমেণ্টকে দিতে হইবে—আর জলাশয়, বন ও খনির বেলায় ঐ সমুদয়ের দখলকারী ও স্বত্বভোগিগণ গভর্ণমেণ্টকে একটা নির্দ্ধারিত অংশ রাজস্ব হিসাবে দিবেন।

৫। খাস জমি এবং বর্গা পত্তন করা জমি গভর্ণমেণ্টের সম্পত্তি হইবে; গভর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্ধারিতভাবে ঐ সমস্ত জমির বিলি-ব্যবস্থা হইবে।

৬। কোন চাষীকে ৫০ বিঘার অধিক জমি রাখিতে এবং কাহাকেও ১০০ বিঘার অধিক জমি খাস দখলে রাখিতে দেওয়া হইবে না।

৭। আয়কর, বাণিজ্য-শুল্ক, পাটের রপ্তানি শুল্ক ও অন্যান্য কর সম্পর্কে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের সহিত পরামর্শ করিয়া ব্যবস্থা করা হইবে।

উল্লিখিত প্রস্তাবসমূহের অধিকাংশের ভিত্তি হইতেছে, রাজস্ব কমিশনের রিপোর্টের পরিশিষ্টে সন্নিবেশিত ভিন্ন মতাবলম্বী সদস্যদের মন্তব্য। সুতরাং এগুলি স্বভাবতই পরীক্ষামূলক। আমি পুনরায় উল্লেখ করিতেছি যে এই সমুদয় আমার নিজের ব্যক্তিগত অভিমত; সুতরাং গভর্ণমেণ্টের সহিত এই সমুদয়ের কোন সম্পর্ক নাই।

## শ্রীমতী ডাঃ ফুলরেণু দত্ত, এম এ, ডি লিট্ (প্যারিস)

ইনি বরিশালের রায় বাহাদুর শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের কন্যা এবং কলিকাতা মেয়েদের কলেজের প্রফেসর। গত ১৯শে ডিসেম্বর তারিখে কলিকাতা এ আর পি নারী ওয়ার্ডেনদের অফিসার-ইন-চার্জ নিযুক্ত হইয়া সেবা-কার্য্য আরম্ভ করিয়াছেন। কলিকাতায় ইহার পরদিন হইতেই কয়েকদিন যাবৎ জাপানীদের বোমা পড়িতেছে। আমাদের জেলার একটী ৩২ বৎসরের নারী এই ভীষণ দুর্য্যোগের মধ্যে সাহসের সহিত এইরূপ বিপদ-সঙ্কুল সেবাকার্য্য-ভার গ্রহণ করায় আমরা অত্যন্ত আনন্দিত হইয়াছি। ইহার পূর্ব্বে ব্রহ্মদেশ হইতে প্রত্যাগত জনগণের সাহায্য ও সেবা-কার্য্যে ইনি কলিকাতায় প্রশংসা অর্জ্জন করিয়াছেন।

ইনি এই নূতন দায়িত্বপূর্ণ কাজ সুচারুরূপে ও নিরাপদে সম্পন্ন করিয়া বরিশালের গৌরব বৃদ্ধি করুন।

( বরিশাল হিতৈষী )

# "আর্থিক উন্নতি" ও বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্

[ শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন। ]

প্রঃ—আপনি তো ১৯২৬ সন হ'তে ষোল-সতর বছর ধ'রে "আর্থিক উন্নতি" মাসিক আর বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ চালাচ্ছেন। এই পরিষদ্‌কে শুনেছি কেহ-কেহ আপনার টোল বলে। আপনার ব্যবস্থায় ধনবিজ্ঞানের আকার-প্রকার কিরূপ?

উঃ—আমার ব্যবস্থায় ধনবিজ্ঞান মোটামুটি অর্থশাস্ত্রের কর্ম্মকাণ্ড। ধনবিজ্ঞানের ইতিহাসকে বহুকট ক'রে কাজ সুরু ক'রেছি বলা যেতে পারে। আরও বলা উচিত যে, জ্ঞানকাণ্ড, থিয়োরি বা তত্ত্ব বহুকট করা হয়েছে। এই অসহযোগ ভেনে-শুনেই চালাচ্ছি। তবে ক্বচিৎ-কখনো ঐতিহাসিক রচনা "আর্থিক উন্নতি"তে বেরোয় না তা নয়। তত্ত্বকথাও যে পুরাপুরি বাদ গেছে তাও বলা ঠিক নয়। কিন্তু এই দুই পথের গবেষণা সজ্ঞানে বন্ধ রাখা হয়েছে। প্রধানতঃ বা একমাত্র আর্থিক কর্ম্মকৌশল বা ধনবিজ্ঞানের কর্ম্মকাণ্ড সম্বন্ধে মগজ খেলাবার মতলবেই আমি এই পত্রিকা ও টোল-জাতীয় প্রতিষ্ঠানের সূত্রপাত করেছি। এজন্যই পত্রিকার নাম "ধনবিজ্ঞান" দিই-নি—দিয়েছি "আর্থিক উন্নতি"।

প্রঃ—আপনি বলেছেন যে, ভারতে ধনরাষ্ট্র-সমাজ-দর্শনের তত্ত্বকথা বা জ্ঞানকাণ্ড একপ্রকার আলোচিত হয় না। আপনার কাছে তো তত্ত্বকথার জন্যই বিশেষ ব্যবস্থা আশা করা উচিত। অথচ আপনি নিজেই অন্যদিকে মাথা খেলাচ্ছেন কেন?

উঃ—বুঝতে হবে যে, কর্ম্মকাণ্ডকে আমি নেহাৎ ছেলে-খেলা বা নকড়া-ছকড়া বিবেচনা করি না। আবার ধনবিজ্ঞানের ইতিহাসও আমার বিবেচনায় ফেলিতবা চিজ্ নয়। সবই আমি চাই। কিন্তু আমি যখন ধনবিজ্ঞানে লেখালেখি সুরু করি তখন আমাকে দেশ ও দুনিয়ার চারিদিকে নজর ফেলে নিজ পথ ঠিক করতে হয়েছিল। ধনবিজ্ঞান বিদ্যাটাকে আদৌ লেখালেখির প্রধান ধান্ধা করবো কিনা—এমন কি তাই ঠিক ছিল না। তারপর ধনবিজ্ঞানেরই বা কোন্ পথে যাই এ সম্বন্ধেও একটা সমস্যা এসে দাঁড়িয়েছিল।

:—শেষ পর্য্যন্ত আপনি কর্ম্মকাণ্ডের পথ বেছে নিলেন কেন?

উঃ—১৯১৪-২৪এর ভেতর দুনিয়া-পর্য্যটনের সময় মগজ খেলতো একদমে নানা বিদ্যার আসরে। তার ভেতর ধনবিজ্ঞান ছিল অন্যতম মাত্র। ১৯২০ নবেম্বর মাসে হাজির হই প্যারিসে। তখন ঠিক করি যে, ধনবিজ্ঞান নিয়েই বেশী সময় কাটানো যাবে। সেখানে ফরাসী ধনবিজ্ঞান পরিষদের দুই সভাপতি, —সেনেটার রাফায়েল জর্জ লেভি এবং উড্-গিয়ো, —আমাকে তাঁদের সভার সভ্য ক'রে নিলেন

(১৯২১)। প্রায় বার বছর ধরে নানাদেশে মুসাফিরি করতে-করতে হরেক-রকম,—ইংরেজ,অন্-ইংরেজ অর্থশাস্ত্রীর সঙ্গে দহরম-মহরম চালিয়েছি। কিন্তু নজরটা আমার ছিল সর্ব্বদাই ভারতের দিকে।

:—১৯১৪-২০ সনের যুগে অর্থনৈতিক গবেষণা ভারতে কিরূপ ছিল?

উ:—সেই কথাই বল্‌ছি। গবেষণার পরিমাণ ছিল নগণ্য। বিশেষতঃ, বাংলাদেশে এত কম ছিল যে, তা ধর্ত্তব্যের মধ্যে নয়। না তত্ত্ব, না ইতিহাস, না কর্ম্মকাণ্ড,—কোনোদিকেই এক-প্রকার কিছু ছিল না বল্‌লেই চলে। যা-কিছু ছিল তা প্রায় আগা-গোড়া ইতিহাস অথবা পল্লী-সূচীরের নৃতত্ত্ব। এই যুগের পত্তিয়ানে স্বদেশী রমেশ দত্ত, অধিকা উকিল আর ভন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়ের কথা বাদ দিয়ে বাচ্ছি।

প্র:—আপনার মেজাজে কর্ম্মকাণ্ডের প্রয়োজনীয়তা খুব বড় মনে হ'লো কেন?

উ:—সর্ব্বদাই ভাব্‌তাম,—আমাদের দেশের জন্য কোন্ চিন্তা, কোন্ শ্রেণীর কাজ সবচেয়ে জরুরি ও সময়োপযোগী? বাঙালী ও অন্যান্য ভারতীয় লিখিয়ে-পড়িয়েদের মগজে কোন্-কোন্ আধিক কথা বেশী ব'সে যাওয়া উচিত? এইসকল প্রশ্নই সর্ব্বদা মনে আস্‌তো প্যারিসের অর্থশাস্ত্রীদের বৈঠকে। ১৯১৪-২০এর ভারতীয় অর্থশাস্ত্রী ও রাষ্ট্রনায়কদের লেখালেখি ও বকাবকি আমি বিলাত, আমেরিকা, জাপান, চীন ও ফ্রান্স হ'তে বেশ-কিছু দেখ্‌ছিলাম। মনে হ'লো যে, ভারতীয় মগজ,—বিশেষতঃ বাঙালী মগজ,—মেরামত করার প্রয়োজন। আর তার জন্য জরুরি ধনবিজ্ঞানের কর্ম্মকাণ্ড,—বিশেষতঃ, সংখ্যানিষ্ঠ কর্ম্মকাণ্ড।

প্র:—লোকেরা কি আপনাকে কর্ম্মকাণ্ডের লোক ব'লে জানে? আমাদের দলে আপনি ত আজকাল কেবল গ্রন্থকাররূপে পরিচিত?

উ:—কথাটা ঠিক। এখানে রগড়ের জন্য আর একটা কথা ব'লে যাচ্ছি। স্বদেশী যুগে জীবন সুরু করবার সময় (১৯০৭) কর্ম্মকাণ্ড ছিল আমার একমাত্র সাধনা। "শিক্ষা-বিজ্ঞান" বিষয়ক বইগুলা করেছিলাম,—মাসলতে নিজের কায়েম-করা "জাতীয়" শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ চালাবার জন্য। তখনকার দিনে বন্ধুরা আমাকে "কেজো লোক" ব'লে জান্‌তো, আর "শিক্ষাবিজ্ঞান সরকার" বলে ঠাট্টা করতো।

:—অর্থশাস্ত্রের কর্ম্মকাণ্ড কি ১৯১৪-২০ সনে ভারতে জানা ছিল না?

উ:—নিশ্চয়ই ছিল। কিন্তু আমার পছন্দ-সই প্রণালীতে ধনবিজ্ঞানের কর্ম্মকাণ্ড আলোচিত হ'তো না। ভারত-প্রচলিত পথের প্রতিবাদস্বরূপ দেখা দেয় আমার কর্ম্মকাণ্ড। অন্যান্য অনেক-কিছুর মতন এই অধমের "আধিক উন্নতি"-গবেষণাটাও প্রতিবাদ-বিশেষ।

:—আপনি বিদেশে-প্রবাসী থাকবার সময় ভারত-প্রচলিত অর্থনৈতিক কর্ম্মকাণ্ডের বিরুদ্ধে প্রতিবাদ-গুলা প্রচার করলেন কি ক'রে?

উ:—১৯২০-২৫ সনের ভেতর ফ্রান্স, জার্ম্মাণি, অষ্ট্রিয়া, সুইট্‌সার্ল্যাণ্ড ও ইতালি হ'তে আমি ভারতবর্ষের নানা মাসিক, সাপ্তাহিক ও দৈনিক পত্রিকায় ভারতীয় মনীষিগণের অপরিচিত হরেক-রকমের তথ্য ও তত্ত্ব প্রকাশ করেছিলাম। আমি যখন সুইট্‌সার্ল্যাণ্ডে, সুভাষচন্দ্র বসু তখন চিত্তরঞ্জন-প্রবর্ত্তিত-ও-সম্পাদিত "ফরওয়ার্ড" দৈনিকের কর্ম্ম-কর্ত্তা। ১৯২৩ সনের শেষের দিকে তিনি আমাকে "ফরওয়ার্ডে"র ইয়োরোপীয় সংবাদদাতা বাহাল করেন। তাতেও অর্থনৈতিক লেখালেখির সুযোগ বেড়ে যায়।

প্র:—এই সকল লেখালেখির বিশেষত্ব কি ছিল?

উ:—প্রত্যেক প্রবন্ধই ছিল ফরাসী, জার্ম্মাণ বা ইতালিয়ান ভাষায় প্রচারিত অর্থনৈতিক দলিলের উপর প্রতিষ্ঠিত। এসব মাল ভারতীয় পণ্ডিতমহলে

বিলকুল নয়া মালুম হয়েছিল। অনেকের কাছ থেকে আমি এই মর্মে চিঠি পেতাম। আমার আলোচনা-প্রণালী সম্বন্ধে কলিকাতার "মডার্ণ রিভিউ"-তে "মেথডলজি অব রিসার্চ ইন্ ইকনমিক্স্" প্রকাশ করি (১৯২৪)। বাঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ প্রতিষ্ঠার জন্য বাঙালী জাতের নিকট একটা প্রস্তাব পেশ করি "প্রবাসী" মাসিকের মারফৎ। (১৯২৪)।

:—দেশে ফেরার পর বাঙালী জাতের সাড়া কিরূপ পেয়েছিলেন?

উ:—সাড়া পাওয়া গেছে প্রথম-প্রথম কয়েকজন বন্ধুর। নরেন্দ্রনাথ লাহা, তুলসীচন্দ্র গোস্বামী (শ্রীরামপুর), তারকনাথ মুখোপাধ্যায় (উত্তরপাড়া), সত্যচরণ লাহা, গোপালদাস চৌধুরী (সেরপুর, ময়মনসিংহ) নলিনীমোহন রায় চৌধুরী (টেপা, রংপুর) ইত্যাদি বন্ধুবর্গ "আর্থিক উন্নতি" আর বঙ্গীয় ধনবিজ্ঞান-পরিষদের প্রথম সহায়ক হন (১৯২৬)। তারপর হ'তে প্রধানতঃ বা একমাত্র নরেন লাহার ঘাড়ে পড়েছে বন্ধুত্বের অত্যাচার। তাঁর বারান্দায় বসে চৌদ্দের বৈঠক, আর লাইব্রেরিতে পাই আত্মিক খোরাক। আর তাঁর ছাপাখানা আছে ব'লে নিয়মিতরূপে বেরোয় "আর্থিক উন্নতি"। "বাংলায় ধনবিজ্ঞান" গ্রন্থের দুই খণ্ডে (১৯৩৭, ১৯৩৯) এসব খবর পাবি। অ-বৃত্তিক গবেষকদের রচনাবলীও এই বইয়ের ভেতর আছে।

প্র:—আপনার অর্থনৈতিক গবেষণা-প্রণালীর বিশেষত্ব কি?

উ:—প্রথমতঃ, ভারতীয় সুধীমহলে আলোচিত হ'তো একমাত্র বা প্রায় একমাত্র ভারতীয় আর্থিক তথ্য। আমার আলোচনায় আর্থিক ভারতকে একা হাজির হ'তে হয় না। প্রায় প্রত্যেক কথক্ষেত্রেই ভারতকে ফেলা হয় ইয়োরামেরিকার নানাদেশের আর জাপানের ভেতর।

দ্বিতীয়তঃ, ভারতীয় সুধীরা বিদেশী অর্থকথা কচিৎ-কখনো আলোচনা করতেন। অধিকন্তু তাঁদের আলোচনায় বিদেশটা ছিল প্রায় সকল ক্ষেত্রেই একমাত্র বিলাত। আমার আলোচনায় ইয়োরামেরিকার বহুদেশ এবং জাপানও এসে পড়ে। সুতরাং বিলাতের একাধিপত্য থাকে না।

তৃতীয়তঃ, আমাদের দেশে যখন-তখন বকা হতো "ভারতীয় অর্থশাস্ত্র"। তার জায়গায় আমি দাঁড় করালাম "বিশ্বদৌলত ও আর্থিক ভারত"। তুলনামূলক ধনবিজ্ঞান হ'লো আমার পারিভাষিক। আমার বকাবকিতে দুনিয়ানিষ্ঠা দাঁড়িয়ে গেছে আট-পৌরে গবেষণার আত্মিক ভিত্তি।

চতুর্থতঃ, ভারতীয় সুধীদের আর্থিক চিন্তায়, —সজ্ঞানে বা অজ্ঞানে,—রাষ্ট্রনীতির প্রভাব দেখা দিত। আমার লক্ষ্য হ'লো ধনবিজ্ঞানকে সাধ্যমত রাষ্ট্রনীতি থেকে মুক্ত করা।

পঞ্চমতঃ, ধনবিজ্ঞানের ক্ষেত্রে রাষ্ট্রিক আকাঙ্ক্ষা, লক্ষ্য, আদর্শ বা ভাবুকতা ছিঁচ্‌কে'র তুলে' রেখেছি। তার বদলে দেখা দিয়েছে অর্থ-নৈতিক যুক্তির স্বরাজ। সুতরাং বস্তু-পরিচয়, তথ্যসংগ্রহ ও সংখ্যা-বিশ্লেষণ বা মাপাজোপা দাঁড়ালো প্রধান ধান্ধা। এর উল্টা ছিল ভারতীয় সুধীমহলের প্রায় সর্বজনপ্রিয় আদর্শ-নিষ্ঠার ধন-বিজ্ঞান।

এক কথায় বলতে পারি যে, এই অধমের অর্থ-নৈতিক গবেষণা-প্রণালীর খুঁটা মাত্র দুই,—প্রথমতঃ, দুনিয়ানিষ্ঠা; দ্বিতীয়তঃ, বস্তুনিষ্ঠা।

"এগ্রিকালচার্যাল সিচুয়েশন

( সেপ্টেম্বর, ১৯৪২, ওয়াশিংটন )

অন্নের জন্য একত্রিত হও।

দ্রব্যাদির সমালোচনা।

১৯৪১ এবং ১৯৪২ সনে খাদকের খরচা।

খাদ্য-সরবরাহের উন্নতি।

ওয়ার বোর্ড অন দি ফার্ম ফ্রন্ট।

চাষীদের জন্য ওয়ার রিস্ক্ ইনশিওরেন্স।

কমপিউটিং ইনডেক্স অব প্রাইসেস পেড।

৮। ক্রোর ক্রোর মুরগির বাচ্চার জন্ম হইতেছে।

৯। চাষে মনুষ্যশক্তি।

উপরিউক্ত প্রবন্ধের মধ্যে ১৯৪১-১৯৪২ সনের খাদকের খরচা সম্বন্ধে আলোচনাটী আমাদের সাধারণ জীবনে অনেকটা আলোকপাত করিবে বলিয়া আশা করা যায়। আয়ের পরিবর্তন, মূল্য-বৃদ্ধি এবং বাজারে দ্রব্যাদির অভাব প্রভৃতির দ্বারা যেসব সমস্যা উঠিতেছে সাধারণের মঙ্গলের দিক্ হইতে কিভাবে তাহার সমাধান করা যায় তাহাই এই প্রবন্ধের লক্ষ্য-বস্তু। এইসকল সম্বন্ধে তথ্য এত প্রয়োজনীয় যে, বিউরো অব হোম ইকনমিকস এবং বিউরো অব্ লেবার ষ্ট্যাটিসটিক্স্ কর্তৃক ১৯৪২ সনের খাদকের আয় ও খরচা সম্বন্ধে নগর ও গ্রামের বিভিন্ন গৃহস্থের নিকট হইতে তথ্য-সংগ্রহের ভার দেওয়া হইয়াছে।

১৯৪১ সনের কিছু-কিছু তথ্য অবশ্য একণে প্রাথমিক সংগ্রহ হিসাবে প্রাপ্ত হওয়া যায়। উক্ত দুইটী বিউরো আমেরিকান গৃহস্থের অবস্থা ও তাহার আয়ের অনুপাত বিবেচনা করিয়া তুলনামূলকভাবে একটী বিবরণী প্রদান করিয়াছে।

ইহা হইতে দেখা যায় যে, আমেরিকার গৃহস্থেরা খুব খরচে নয়। বরং তাহারা সামঞ্জস্য অবলম্বন করিয়া খরচা করে। তাহাদের আয় অবশ্য বৃদ্ধি পাইয়াছে। কারণ এখন সমগ্র দেশই প্রায় যুদ্ধের জন্য উদ্‌গ্রীব হইয়া উঠিয়াছে। শ্রমিকের ঘরে বাবুগিরির খরচা একেবারেই দেখা যায় না। ১৯৩৫-৩৬ সন অপেক্ষা গৃহস্থদের খরচার হার ১৯৪১ সনে বিশেষ পৃথক নয় বলিয়া প্রতীয়মান হয়, অন্ততঃ মূল্যের দিক্ হইতে। ব্যক্তিগত হিসাবে ট্যাক্সের হার খুব বেশী হইয়াছে এবং সাধারণ মঙ্গলের জন্য দানের হারও বৃদ্ধি পাইয়াছে। কাজেই জমার ভাগ খুবই কমিয়া গিয়াছে।

১৯৪২ সনের প্রথম দিকে দেখা যায় যে, ১৯৩৬ সনে যে রকম খরচার হার ছিল ঠিক তদনুরূপই আছে। যে অনুপাতে আয় বৃদ্ধি হইয়াছে সেই অনুপাতে কিন্তু খাদন বৃদ্ধি হয় নাই। বাড়ী-ভাড়ার খরচা ১৯৪১ সনে দেখা যায় ১৯৩৫-৩৬ সনের অপেক্ষা অনেক কম। কিন্তু ১৯৪২ সনে ১৯৪১ সনের অপেক্ষা বৃদ্ধি পায়। খাদ্য সম্বন্ধে যে খরচা তাহা ১৯৩৫-১৯৩৬ সনের অপেক্ষা অধিক ছিল না। ওখানে গড় দামের হার ৬% বৃদ্ধি পাইয়াছে। অবশ্য ১৯৪১ সনে। কিন্তু ১৯৪২ সনে দেখা যায় প্রায় ১৬% হইয়া গিয়াছে। যতক্ষণ পর্য্যন্ত না টাকা বেশী পায় ততক্ষণ সাধারণ গৃহস্থেরা খাদ্যাদি সম্বন্ধে অধিক খরচা করিতে সাহস করে নাই। যেসব গৃহস্থের আয়

প্রায় ২,৫০০ ডলার তাহারা ৭০০ ডলার খাদ্যের জন্য খরচা করিয়া থাকে।

প্রায় অর্দ্ধেক গৃহস্থের আয় ১৯৪১ সনে ছিল ১,৪৮০ ডলার। কিন্তু ১৯৪২ সনের প্রথম কয় মাসে খাদকের আয় দেখা যায় বাৎসরিক ১,৪৪০ ডলারেরও কম। ইহা হইতে বুঝা যায় যে, ১৯৩৫-৩৬ সন হইতে ১৯৪১-৪২ সন পর্য্যন্ত কিভাবে আয়ের হার বৃদ্ধি পাইয়া গিয়াছে। মধ্যবিত্তের আয় ১৯৩৫-৩৬ সনে ছিল ১,০৭০ ডলার। এইসকল তথ্য হইতে বুঝা যায় যে, এডারেজ লোকের খাদ্যের জন্য খরচা ছিল ১৯৪১ সনে ৫০০ ডলার করিয়া, আর ১৯৩৬ সনে ছিল ৩৭৮ ডলার। অর্থাৎ প্রায় ৩২% বৃদ্ধি হইয়াছে বলা চলে।

### "ইণ্ডিয়ান জার্ণাল অব ইকনমিক্স"

( অক্টোবর, ১৯৪২ )

ভারতীয় টাকাকড়ির নীতি।

ছায়োত্তারের মিশ্র আবাদের আর্থিক কথা।

৩। বিদেশী বিনিময়ের "ডাইন্যামিক্" নীতি।

৪। নোটস এণ্ড মেমোরাণ্ডাম—

(ক) বিহারে গ্রামের দ্রব্যাদির মূল্য গবেষণা।

(খ) হবসনের অর্থনীতি।

(গ) উ: প: প্রদেশের জীবনের মাপকাঠি।

(ঘ) গান্ধীর আর্থিক নীতি।

### "ইণ্টার-ন্যাশন্যাল লেবার রিভিউ

( জুন, ১৯৪২ )

আফ্রিকার ঔপনিবেশিক শ্রমিক এবং জাতীয় জীবনে তাহার প্রভাব।

২। যুদ্ধ এবং বাণিজ্য-জাহাজের নাবিক।

৩। ফরাসী দেশে আর্থিক পুনর্গঠন। ক্যানাডায় মনুষ্য-শক্তির প্রশ্ন। যুক্তরাষ্ট্রে ও গ্রেটব্রটেনে যুদ্ধ সময়ে কাযের ঘণ্টা—ফিজিতে শ্রমিকের অবস্থা—ইণ্টার-আমেরিকান সোসিয়াল সিকিউরিটি কনফারেন্স।

৪। সংখ্যাতত্ত্ব—বেকার, কায্য ও কাযের সময়।

"থিওরি অব ক্যাপিটাল"; ফ্রেডারিক এ, হাইক কর্তৃক লিখিত; মেসার্স ম্যাকমিলান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ৪৫৪; মূল্য ২১ শিলিং।

অধ্যাপক হাইক বহুদিন ধরিয়া থিওরি অব ক্যাপিটাল সম্বন্ধে চর্চা করিতেছেন। অবশ্য পুঁজির উপর টাকার অন্যান্য প্রভাব বাদ দিয়াই পুঁজিতত্ত্ব সম্বন্ধে তিনি শেষ কথা যাহা বলিয়াছেন তাহাই এই পুস্তকে প্রকাশিত হইয়াছে। সময়ের উপাদান সম্বন্ধে বিশদভাবে আলোচনা করিয়া ক্যাপিটাল প্রোডাকশন সম্বন্ধে নূতন আলোক প্রদান করিয়াছেন। বইখানিতে সুদতত্ত্ব অথবা পুঁজির অন্যান্য তথ্য সম্বন্ধে বিশেষ আলোচনা নাই বলা চলে। এখানে-ওখানে সামান্যই বলা হইয়াছে। উৎপাদন, উৎপাদনের ব্যবহার যে যে শক্তির দ্বারা স্থিরীকৃত হয় সেই সেই শক্তির কথাই বিশেষ আলোচনা করিয়া লেখক পুস্তকখানি রচনা করিয়াছেন। অষ্ট্রিয়ান স্কুলের যেরকম মতামত, অধ্যাপক হাইকের মতও ঠিক তদনুরূপ। অ্যাংলো-আমেরিকান মত, যাহার প্রধান পৃষ্ঠপোষক ছিলেন অধ্যাপক মার্শ্যাল, তাহার সহিত পার্থক্যের কথাও লেখক বেশ পরিষ্কারভাবেই বুঝাইতে চেষ্টা করিয়াছেন। যদিও বইখানির প্রধান উদ্দেশ্য ছিল ক্যাপিটাল সমস্যার যত রকমের সমাধান আছে তাহাদের প্রকৃষ্ট সমালোচনা করা, কিন্তু লেখক প্রকৃত পক্ষে অষ্ট্রিয়ান স্কুলের মত এবং অ্যাংলো-আমেরিকান স্কুলের মত দুইটির ভেদাভেদ সম্বন্ধেই অধিক গবেষণা করিয়াছেন।

হাইকের মতে দুইটী স্কুলের অভিমত প্রতিষ্ঠিত হইবার পূর্ব্বে তাহারা যে যে দিক্ হইতে আলোচনা সুরু করিয়াছিল তাহারই মধ্যে অন্ততঃ ছয়টী পার্থক্য দৃষ্ট হয়। যথা—১। অ্যাংলো আমেরিকান স্কুল ধরিয়া লইয়াছিলেন যে ক্যাপিটাল হইল ফিক্সড বা স্থির কিন্তু অষ্ট্রিয়ান স্কুল উৎপন্নের মধ্যে সময়ের উপাদানটী বিবেচনা করিয়া সারকুলেটিং ক্যাপিটাল বা চালু পুঁজির কথা একেবারে ভুলিয়া যান নাই। ২। অ্যাংলো-আমেরিকান স্কুল ধরিয়া লইয়াছে যে ক্যাপিটাল গুডস্ অর্থাৎ উৎপাদনের জন্য আবশ্যক দ্রব্যাদি বহুদিন স্থায়ী এবং তাহার রিপ্লেসমেণ্ট আবশ্যক করে না। কিন্তু অষ্ট্রিয়ান স্কুল বলে যে রিপ্লেসমেণ্ট অনবরত আবশ্যক। ৩। মার্শ্যালের স্কুল বলে যে অল্প সময়ের জন্য পুঁজির পরিমাণ একই রকম থাকে কিন্তু অপর স্কুলের মত হইল যে পুঁজির চরিত্রই অস্থিরতা। কাজেই অনবরত তাহা ব্যবহৃত হইতেছে এবং পুনরায় আসিতেছে। ৪। ক্যাপিটাল গুডসের উপর সুদের প্রভাব যথেষ্টই আছে। ৫। ইংলিশ স্কুল ধরিয়া লইয়াছে যে, টেকনিক্যাল্ মনেজ বা যান্ত্রিক শিক্ষার ক্রমোন্নতির জন্যই কলকারখানার যন্ত্রপাতিও যথেষ্ট পরিবর্ত্তিত হইয়া থাকে। কিন্তু অষ্ট্রিয়ান স্কুল বলে যে, নূতন যান্ত্রিক পরিবর্ত্তন মানেই আরও পুঁজির আবশ্যক। ৬। অ্যাংলো-আমেরিকান স্কুল বলে যে পুঁজির প্রয়োজন বৃদ্ধি পায় যখন কলকব্জা নূতন করিয়া বাড়াইবার প্রয়োজন হয় (অর্থাৎ স্ট্রাচারাল এক্সপ্যান্শান অব্ প্রোডাকশান)। কিন্তু অষ্ট্রিয়ান স্কুল বলে তাহা নয়, যখন নূতন যান্ত্রিক শিক্ষার এবং ব্যবহারের পরিবর্ত্তন ঘটে তখনই পুঁজির আবশ্যকতা আরও বাড়িয়া যায় (ইহাকে লঙ্গি-চিউডিন্যাল চেঞ্জ বলে)। হাইক নিজেই এক স্থলে স্বীকার করিয়াছেন যে, পার্থক্য যাহাই হউক না কেন উহা

কেবলমাত্র কোন একটী বিষয়ের উপর অধিক বা অল্প জোর দেওয়া লইয়াই হইয়াছে। তিনি যদিও মুদ্রানীতি সম্বন্ধে বিশদ আলোচনা করেন নাই তথাপি তাহার মতামত প্রকাশ করিতে ত্রুটী করেন নাই। তিনি ১৯২৯ সনেই বলিয়াছিলেন যে, ব্যাঙ্ক লিকুইডিটির উপরেই সর্ট টার্ম লোনের সুদ নির্ভর করে। হাইকেনএর সর্ট টার্ম এবং লং টার্ম লোনের সম্বন্ধে মত খুবই পরিষ্কার। তাঁহার মতে উভয় ক্ষেত্রেই ইনভেস্টমেন্ট এবং লিকুইডিটি দুইটিই নির্ণয়কারী উপাদান। হাইক টাকার যে প্রভাব সেটার উপর তত জোর না দিয়া বাস্তবিক ইনভেস্টমেন্টের উপরেই জোর অধিক পরিমাণে দিয়াছেন। মিঃ কিন্‌স্ কিন্তু স্পষ্টভাবেই সর্ট টার্ম সম্বন্ধে আলোচনা করিয়া বলিয়াছেন যে টাকার প্রভাবই প্রধান। কিন্তু রিয়াল এবং লং টার্ম লোনের কার্য্য-কারণ সম্বন্ধে আলোচনা করি । হাইক আমাদিগের খুবই উপকার করিয়াছেন। হাইক মনিটারি ফ্যাক্টরকে বিশেষ স্থান না দিয়া বলিয়াছেন "আই ক্যানট্ হেলপ্ রিগ্রাডিং দি ইনক্রিসিং কনসেনট্রেসন অন সর্ট-রান এক্টেট্ হইচ্ ইন দিস কনটেকসট্ এ্যামাউন্টস টু দি সেম থিং এস কনসেনট্রেসন অন্ পিওরলি মনিটারি ফ্যাক্টর্স নট ওন্‌লি এ সিরিয়স এণ্ড ডেনজারাস এরার…"।

"ইকনমিক ওয়ারফেয়ার"; (১৯৩৯-১৯৪০); পল আইনৎসিগ কর্ত্তৃক লিখিত; মেসার্স ম্যাকমিল্যান অ্যাণ্ড কোং কর্ত্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ১৪; মূল্য ৭ শিলিং ৬ পেন্স নেট।

আধুনিক ভাগ্যবিপর্য্যয় ও যুদ্ধের সম্বন্ধে ইতিহাস বা আর্থিক তথ্য এত দ্রুত পরিবর্ত্তনশীল যে পুস্তক প্রকাশিত হইতে না হইতেই তাহার যে মূল্য তাহা লুপ্ত হইয়া যাইতেছে। গ্রেটব্রিটেনে আর্থিক যুদ্ধের প্রণালী সম্পূর্ণ ভাবে পরিবর্ত্তন লাভ করিতেছে; এবং ইহার উদ্দেশ্য আরও পরিষ্কার এবং যোজনা আরও সুন্দর হইতেছে। কিন্তু ডাঃ ডালটনের চেষ্টা সাফল্যমণ্ডিত হইবার পূর্ব্বে ইয়োরোপ এবং এশিয়ার হঠাৎ পরিবর্ত্তিত ঘটনাপরম্পরার সহিত আর্থিক কলরতের সত্বর নূতন প্রণালী অনুসরণযোগ্য হওয়া আবশ্যক। বালকান দেশসমূহের নাৎসিদিগের করতলগত হওয়া এবং উহাদের প্রভাব বালটিক ষ্টেটে বিস্তৃতি লাভ করা, আমেরিকা ও সোভিয়েট রাশিয়ার যুদ্ধে অবতরণ করা এবং জাপানের বৈহ্যতিক বিষয়ে এশিয়ার বহুলাংশ উহার অন্তর্ভুক্ত হওয়া প্রভৃতি ঘটনাগুলি লেখকের দৃষ্টির বাহিরে ছিল। যুদ্ধের প্রথম বৎসরের গতিবিধি লক্ষ্য করিয়া লেখক আর্থিক যুদ্ধের প্রণালী ও পরিণাম সম্বন্ধে সুসংবদ্ধভাবে যুক্তিপূর্ণ যে আলোচনা করিয়াছেন তাহাতে অনেকটা আলোক উক্ত বিষয়ের উপর পতিত হয়।

ডাঃ আইনৎসিগ দেখাইয়াছেন যে, গ্রেটব্রিটেনের তিনটী প্রধান ভুল তাহার আর্থিক যুদ্ধের শক্তিকে দুর্বল করিয়া দিয়াছে, যথা—১ম—ইয়োরোপ এবং এশিয়ার যুদ্ধ-বিরত দেশসমূহকে সন্তুষ্ট রাখিবার একাগ্র চেষ্টা এবং তাহাদের বিরতিকে খুব উচ্চ স্থান দেওয়া। ২য়—"মিস্সি দি বোট" অর্থাৎ যখন অস্ত্র অপহৃত হইল তাহার পর আস্তাবলের দ্বার রুদ্ধকরণ প্রথা; ৩য়—প্রাক্‌যুদ্ধ আর্থিক ব্যবস্থাকে বিপদের মুখেও আঁকড়াইয়া থাকার চেষ্টা, যে প্রচেষ্টা "টোট্যাল ওয়ারে"র সম্পূর্ণ বিরুদ্ধে।

১৯১৪ সন অপেক্ষা ১৯৩৯ সনে ভালভাবেই ব্লকেড করার সুযোগ ছিল যাহাতে করিয়া আর্থিক যুদ্ধ চালানো গ্রেটব্রিটেনের পক্ষে সহজসাধ্যই হইত। জার্ম্মাণি হাঙ্কিন এবং ভালাডিভস্টক হইতে টিন, রবার, তৈল এবং অন্যান্য দ্রব্যাদি বেশ সংগ্রহ করিতে লাগিল। মিত্রশক্তি ব্লকেড করার জন্য নৌ-শক্তি প্রয়োগ করিল না। যুদ্ধ চলা সত্ত্বেও, ট্রেড এগ্রিমেণ্ট এবং "ব্ল্যাক্ লিষ্ট" চলিল এবং যুদ্ধ-বিরত দেশসমূহের ব্যবসায়ীরা জার্ম্মাণির মধ্যস্থতায় কার্য্য করিতে লাগিল এবং তাহারা কাঁচা-মাল ক্রয় করিয়া জমা করার সুযোগ যথেষ্ট পাইতে লাগিল। উক্ত কাঁচামালসমূহ জার্ম্মাণি সর্ব্বপ্রথম ক্রয় করিয়া লইল। তৎপরে ঐসকল দেশ করতলগত করিয়া তৎসমুদয়ের দ্রব্যাদি "সিজ্" করিয়া লইল।

উক্ত অবস্থার সহিত প্রকৃত যুদ্ধ করিতে হইলে ইংরাজ-দিগকে জার্ম্মাণিকে হারাইয়া পূর্ব্বেই দ্রব্যাদি ক্রয়ের

ব্যবস্থা করা উচিত ছিল এবং যে কোন মূল্যে তাহা করা বাঞ্ছনীয় ছিল। কিন্তু জার্ম্মাণি সকল সময়েই প্রথমে অবতীর্ণ হইয়াছে এবং পৃথিবীর অন্যান্য স্থানের মূল্য অপেক্ষা অধিক মূল্য দিয়া ক্রয় করিয়াছে এবং বিক্রেতাকে মাল ডেলিভারি দেওয়ার নিরাপত্তা হইতেও মুক্তি দিয়াছে। গ্রেটব্রিটেনের কোন ক্রয় করার প্রতিনিধিও ছিল না যাহারা কেনার টার্ম ঠিক করিবে এবং শীঘ্রই একটি ব্যবস্থা করিয়া লইতে পারিবে। তাহা ছাড়া ব্যবসার গতানুগতিক নিয়ম-কানুনের ঠিক অনুসরণ করা গ্রেট-ব্রিটেনের প্রধান অন্তরায় ছিল। ফিনানসিয়াল যুদ্ধেও বহু দুর্ব্বলতা ও মন্থরগামিতা একত্রিত হইয়াছে। জার্ম্মাণ শাসনে যেসব ব্যাঙ্ক ছিল তাহাদিগকে ব্লাক লিষ্ট করায় বহু বিলম্ব হইয়াছে। এমবার্গো বসানোর পূর্ব্বেই সিলবনে জার্ম্মাণরা পাউণ্ড নোট অবতরণ করাইয়া লইয়াছিল। লণ্ডন হইতেও বিস্তর টাকা জার্ম্মাণরা সরাইতে সমর্থ হইয়াছে।

প্রথম বৎসরেই জার্ম্মাণির আর্থিক শক্তিকে আঘাত করিবার জন্য আকাশ হইতে বোমাবর্ষণের কোন চেষ্টা হয় নাই। ভিফেন্সিভ ইকনমিক ওয়ারসমূহে গ্রেটব্রিটেনকে খুবই ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে। ১৯৪০ সন অবধি আটলান্টিকে ইংরাজ জাহাজ খুব বেশী ডুবি না হওয়ায়, গম, তেল প্রভৃতি অত্যাবশ্যক দ্রব্যাদির আমদানি করিয়া সেই সময়ের সঙ্কট কোন ক্রমে অতিক্রম করা হইয়াছে। কিন্তু যখনই জার্ম্মাণি কন্টিনেন্টের আটলান্টিক বন্দরসমূহ দখল করিল তখন হইতে আটলান্টিকে জাহাজ ডুবির সংখ্যা ভয়াবহ হইয়া উঠিয়াছে।




"ইন্টার-ন্যাশন্যাল ইকনমিক ডিসইনটিগ্রেশন"; ডিলহেলম রোপকে কর্তৃক লিখিত; মেসার্স উইলিয়াম হেন এণ্ড কোং লিঃ কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪২; পৃঃ ২৮৩, মূল্য ২১ শিলিং মাত্র।

২। "প্লান ফর আফ্রিকা"; কিটা হিণ্ডেন কর্তৃক লিখিত; মেসার্স জর্জ এলেন এণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ২২৪; মূল্য ৭ শিলিং ৬ পেন্স।

৩। "ইয়ারবুক এণ্ড ডিরেক্টরী অব ইণ্ডিয়ান কো-অপারেশন"; ইণ্ডিয়ান কো-অপারেটিভ রিভিউ কর্তৃক প্রকাশিত; বেজওয়াডা; ১৯৪২; পৃঃ ৭১৮; মূল্য ৫৲।

৪। "ফিউচার্স ট্রেডিং এণ্ড ফিউচার্স মার্কেট ইন কটন"; এইচ আই ধোলাকিয়া কর্তৃক লিখিত; মেসার্স নিউ বুক কোং কর্তৃক প্রকাশিত; বোম্বে; ১৯৪২; পৃঃ ৩০৩; মূল্য ১০৲ মাত্র।

৫। "আন ইনট্রোডাকসন টু ইকনমিক থিওরি"; এস্ এন সেন এবং এস্ কে দাস কর্তৃক লিখিত; মেসার্স বুক ল্যাণ্ড কর্তৃক প্রকাশিত; কলিকাতা; ১৯৪২; পৃঃ ৪৫৯; মূল্য ৫৲ মাত্র।

৬। "ইকনমিকস্ ফর কমার্স"; জে কে মিকর্ড কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি কুইনসল্যাণ্ড কর্তৃক প্রকাশিত, ব্রিসবেন; ১৯৪২; পৃঃ ৪১৭।

৭। "দি প্রেসেন্ট ওয়ার এণ্ড ইণ্ডিয়ান ইণ্ডাস্ট্রি"; চাঁদলাল বি কাপাসি কর্তৃক লিখিত; সি বি কাপাসি কর্তৃক প্রকাশিত; নিউ দিল্লী; ১৯৪১; পৃঃ ১৬; মূল্য ৵০ আনা মাত্র।

৮। "লাইফ ইনসিওরেন্স প্রব্লেমস"; হরগোপাল সিং পাইণ্ড কর্তৃক লিখিত; এইচ এস পাউণ্ড কর্তৃক প্রকাশিত; লাহোর; পৃঃ ৬৭; মূল্য ।০।

৯। "প্যারিটি, প্যারিটি, প্যারিটি"; জন্ ডি ব্ল্যাক কর্তৃক লিখিত; হার্ভার্ড কমিটি অন রিসার্চ ইন দি সোসিয়্যাল সায়েন্স কর্তৃক প্রকাশিত; কেম্ব্রিজ; ১৯৪২; পৃঃ ৩৬৭।

১০। "ইণ্ডিয়ান ট্রেড"; বি ভি নারায়ণস্বামী নাইডু কর্তৃক লিখিত; আন্নামালি ইউনিভার্সিটি; রেজিষ্ট্রার কর্তৃক প্রকাশিত; চিদাম্বরাম; ১৯৪২; পৃঃ ২৭০; মূল্য ২৲ মাত্র।

১১। "দি অল ইণ্ডিয়া ইণ্ডাস্ট্রিয়াল এণ্ড কমার্সিয়াল ডিরেক্টরী; অল ইণ্ডিয়া ইণ্ডাস্ট্রিয়াল ফেডারেশন কর্তৃক প্রকাশিত; বোম্বে; ১৯৪২; মূল্য ২৲ মাত্র।

১২। "দি থিওরি অব ইন্টারেষ্ট"; এস্ লক্ষ্মী নরসিংহম কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব মাইসোর কর্তৃক প্রকাশিত; ১৯৪২; পৃঃ ২৪৯।

১৩। "মনোপলি"; ই এ ঘি রবিনসন কর্তৃক লিখিত; কেম্ব্রিজ ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; কেম্ব্রিজ; ১৯৪১; পৃঃ ২৯৮; মূল্য ৭ শিলিং ৬ পেন্স মাত্র।

# ফিল্টারহীন নলকূপ

শ্রীবিপদবরণ সরকার, বি, এ, নলকূপ-বিশেষজ্ঞ

নলকূপের শেষ প্রান্তে ফিল্টার বা ঝাঁঝরি-নল বালিস্তরে প্রোথিত থাকে। উহাদ্বারা দুইটী উদ্দেশ্য সিদ্ধ হইয়া থাকে। প্রথম, জলকে বালিমুক্ত করা, দ্বিতীয়, নলের গায়ে অসংখ্য ছিদ্র করিয়া বালি হইতে জল চুয়াইবার পথ বাড়াইয়া দেওয়া। হিসাব করিয়া দেখা গিয়াছে, ২৫০টী ১½" নলকূপ একটী ২ ফুট ব্যাসের পাতকুয়ার সমান হয়। সুতরাং দেখা যাইতেছে একটী কূপের ২ ফুট মুখে যে-পরিমাণ মাটী হইতে অতি আস্তে জল চুয়াইলেও যে পরিমাণ জল হয়, নলকূপের অতি সরুমুখে সেই পরিমাণ জল আদৌ চুয়াইতে পারে না। সেই জন্যই ১২ ফুট লম্বা নলের গায়ে প্রায় অর্দ্ধ ইঞ্চি অসংখ্য ছিদ্র করিয়া জলের পথ বাড়াইয়া দিতে হয় এবং জলের সঙ্গে বালি না ঢুকে এই জন্য একখানা ৬০ মেশ বা ৩০ গজের পিতলের চাদর জড়াইয়া ছিদ্রগুলিকে ঢাকিয়া রাখিতে হয়। বাজারে যত প্রকার ফিল্টার বাহির হইয়াছে, বালি বাধা দেওয়ার জন্য সূক্ষ্ম জালতি (যথা ওয়াল-ওয়ার্থ ফিল্টার) বা নলের গায়ে অতি সরু দাগ কাটিবার (যথা ডেজ ফিল্টার) ব্যবস্থা করা অপরিহার্য্য হইয়াছে। অতি সামান্য ময়লা জমিলেই ঐ ছিদ্রগুলি বন্ধ হইয়া যায়। বালি-স্তরের জল অতি নির্ম্মল হইলেও জলের সঙ্গে চূণজাতীয় দ্রব্য দ্রব অবস্থায় অল্প-বিস্তর মিশ্রিত থাকে। ঐ চূণ ফিল্টারের গায়ে আটকাইয়া গিয়া ছিদ্রগুলি বুজাইয়া ফেলে। উহা কেবল জালতিকে বুজাইয়াই ক্ষান্ত হয় না, সরু বালি দানার সঙ্গে মিশিয়া, ফিল্টার নলের বাহিরে এবং তাহার নিকটবর্ত্তী বালিস্তরে একটি কঠিন আবরণের সৃষ্টি করে। কাজেই নলের ভিতর দিয়া কোনও যন্ত্র চালাইয়া ঐ আবরণকে ভাঙ্গিয়া স্থানচ্যুত করা যায় না। পিতলের চাদর অব্যাহত রাখিয়া কোনও যন্ত্র নলের বাহিরে পৌছান অতি অসম্ভব।

নল না তুলিয়া ফিল্টার পরিষ্কার করার যত প্রকার কৌশলই বাহির করিয়াছি, তাহাদিগের দ্বারা স্থায়ী ফল পাইতেছি না। নলকূপের জলে প্রবল আলোড়ন সৃষ্টি করা, জল ফেলে ঘা মারিয়া ফিল্টার-নলকে কাঁপান—কিছুতেই ঝাঁঝরি-নল পুরাপুরি সাফ হইতেছে না। কোনও এসিড দিয়া পরিষ্কারের ব্যবস্থাও আশানুরূপ ফল দিতেছে না।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া আমার দৃঢ় ধারণা হইয়াছে, নলকূপের একমাত্র শত্রু ঝাঁঝরি-নলকে কোনও প্রকারে বাদ দেওয়া যাইতে পারে কিনা তাহার উপায় উদ্ভাবন করিতে হইবে।

বঙ্গদেশে কোথাও কোথাও কাঁকরবহুল বালিস্তর পাওয়া যায়। মেদিনীপুর এবং বাঁকুড়া জিলায় অনেক স্থানে ভূগর্ভে ঐ জাতীয় জলবাহী স্তর আছে। ঐ স্তরে নলকূপ নির্ম্মাণ করিলে ফিল্টার আবশ্যক হয় না। একটী ৪" ফিল্টার-হীন নলকূপ বালিচকে নির্ম্মিত হইয়াছে। আজ ১০ বৎসরের অধিক হইল উহা একইভাবে জল দিয়াছে। কলিকাতায় হরিশ মুখার্জ্জি রোড, প্রতাপাদিত্য রোড, বলরাম বোস ঘাট ষ্ট্রীট অঞ্চলে ২০০ ফুটের নীচে কাঁকরবহুল বালিস্তরের সন্ধান পাওয়া যায়। ঐ অঞ্চলে নলকূপ খুব দীর্ঘস্থায়ী হয়; এবং ফিল্টার না দিলেও, বালিহীন নির্ম্মল জল পাওয়া যাইতে পারে।

ফিল্টার-হীন নলকূপ সম্বন্ধে শুধু বালিস্তরের একটী মারাত্মক অসুবিধা এই যে, বালি যতই তুলিয়া ফেলা যাউক না কেন, নূতন বালি আসিয়া তাহার স্থান পূরণ করে। নলের প্রান্ত খোলা থাকিলে বালি উদ্গত হইয়া নলের মধ্যে ভর্ত্তি হইয়া যায় এবং শেষে পাম্পের টানে বালি-জলও উঠিতে পারে না।

কাঁকরবহুল বালিস্তরের বালি, পাম্পের টানে জলের সঙ্গে উঠিতে পারে, কিন্তু নলের মধ্যে ঠেলিয়া উঠে না। যে স্থানের বালি সেই স্থানেই জমাট হইয়া পড়িয়া থাকে এবং কয়েকদিন অনবরত পাম্প করিলে জলের সঙ্গে আর

বালিদানাও দেখা যায় না। নলকূপ বিশেষজ্ঞগণ যাহাকে বালি উদ্গত (সাণ্ড ব্লো) বলেন, কাঁকর স্তরে সে বালাই নাই। স্বচ্ছন্দে নলকূপের তলদেশ উন্মুক্ত রাখিয়া জল প্রবেশের পথ বাধা যাইতে পারে। ইহাতেও যদি বালি উঠা বন্ধ না হয়, তবে নলের মধ্যে কাঁকর ঢালিয়া জলের সঙ্গে বালি উঠা বন্ধ করা যাইতে পারে।

শুধু বালিস্তরে নলকূপ প্রোথিত করিতে হইলে, বালিস্তরের মধ্যে ৬" হইতে এক ফুট পর্য্যন্ত নল দেওয়া যাইতে পারে। বালিস্তরে অতিরিক্ত খনন করা ফিল্টার-হীন নলকূপের পক্ষে বিপজ্জনক, কেননা উহাতে বালি উদ্গত হওয়ার ভয় আছে। তবে লোনা জল পরিহার করার জন্য নিয়মাতিরিক্ত খনন আবশ্যক হইলে নলের শেষ প্রান্ত হইতে অন্ততঃ ১০ ফুট বালিস্তর কাঁকর দিয়া ভর্ত্তি করা আবশ্যক। ইহাতে নলের মধ্যে বালি উঠিবে না, এবং জলের সঙ্গে বালি উঠার সম্ভাবনাও রহিত হইয়া যাইবে।

কূপ বা ইন্দারার ফিল্টারের দরকার হয় না অথচ নলকূপে ইহা অপরিহার্য্য কেন? পূর্ব্বেই বলা হইয়াছে ইহার একটী কারণ এই যে, নলকূপগুলি কূপের তুলনায় অত্যন্ত সরু। ইহাই নলকূপের একটী প্রধান ত্রুটী বলিয়া ধরা যাইতে পারে। অতি সরু নলে নলের গায়ে ছিদ্র করিয়া জল প্রবেশের পথ না বাড়াইলে আদৌ জলের যোগান হইতে পারে না। এই জন্যই ফিল্টারের সৃষ্টি হইয়াছে। নলের মধ্যে যাহাতে বালি ঢুকিতে না পারে, সেই জন্য পিতলের চাঁদরদানা সচ্ছিদ্র নলে জড়ান থাকে; বালিস্তরে নির্ম্মল জল থাকে, সুতরাং নলকূপের কাঁবরি-নল জলকে নির্ম্মল করার জন্য ব্যবহৃত হয় না। এই হিসাবে উহাকে ফিল্টার বলা ভুল বলিলেও অত্যুক্তি হয় না। ফিল্টার বাদ দিতে হইলে, নলের ব্যাস বাড়াইতে হইবে। বস্তুতঃ, কূপ নির্ম্মাণের যে সমস্ত পদ্ধতি আছে, তাহা হইতে জল আহরণের যে নিয়ম প্রচলিত আছে, নলকূপকেও যথাসম্ভব সেই দিকে চালাইয়া নিতে হইবে। নলের ব্যাস অন্ততঃ ৪" হওয়া আবশ্যক, ৬" হইলে আরও ভাল হয়।

৪" বা ৬" লোহার নলের দাম অত্যন্ত অধিক সে বিষয়ে সন্দেহ নাই। লোহার নলের পরিবর্ত্তে বিলাতি মাটির নল বা মাটির নল ব্যবহৃত হইতে পারে। ইহার দাম ১½" লোহার নলের সমান। এই দুর্ম্মূল্যের দিনেও বার্ণ কোম্পানীর ৪" মাটির নল নয় আনা ফুট বিক্রী হইতেছে। মাটির নলকূপের প্রচলন হইলে, আমাদের দেশী কুম্ভকারগণও অতি সহজে ঐ নল প্রস্তুত করিতে পারিবে।

কূপ বা ইন্দারার মধ্যে একটী নল নামাইয়া যে প্রকারে পাম্প লাগান হয়, ফিল্টার-হীন নলকূপে সেইভাবে পাম্প লাগাইতে হইবে। ৪" নলকূপের মধ্যে জলের তলে ৪।৫ ফুট ১½" নল নামাইয়া, কূপের মধ্যে হাওয়া প্রবেশের পথ খোলা রাখিতে হইবে। এই প্রকার পাম্প লাগানো "ইন্‌ডিরেক্ট ফিটিং" বলে। ইহার উপকারিতা এই যে, পাম্পের টানে জলের সঙ্গে নলের মধ্যে বালি ঠেলিয়া উঠিতে পারিবে না। পাম্পের টানে স্তরের বালি আকর্ষণ অনেকটা সংহত হইয়া যাইবে। এবং বালি হইতে জল চুয়াইবার বেগ স্বাভাবিক হইবে, পাম্প চালাইবার বেগ অনুযায়ী বালি হইতে জল পরিস্রুত হইবে না। এই গৌণ সংলগ্নের (ইনডিরেক্ট ফিটিং) উপযোগিতা লিখিয়া বুঝান খুব কঠিন। কাহারও বিশেষ জানার আবশ্যক থাকিলে, সাক্ষাৎ মতে আলোচনা দ্বারা বিষয়টী নিঃশেষে নির্দ্ধারিত হইতে পারে।

পরীক্ষা সমীক্ষা করিয়া যতদূর জানা গিয়াছে, তাহাতে হস্তচালিত পাম্পের উপযোগী ফিল্টারহীন নলকূপ নির্ম্মাণ করিতে নিম্নলিখিত নিয়মগুলি মানিয়া চলা আবশ্যক!

(১) নলের ব্যাস অন্ততঃ ৪ ইঞ্চি হওয়া আবশ্যক।

(২) ৬ ইঞ্চি বা বড় জোর ১ ফুটের অধিক বালিস্তরে নলকূপ নির্ম্মাণ বিপজ্জনক।

(৩) সরুদানার বালিতে নলকূপ শেষ করিতে হইলে নলের খোলা প্রান্ত হইতে ২।৩ ফুট কাঁকর ঢালিয়া ভর্ত্তি করিয়া দিতে হইবে।

(৪) অতিরিক্ত বালিস্তরে নল বসান আবশ্যক হইলে নলের প্রান্ত হইতে অন্ততঃ ১০ ফুট বালিস্তর কাঁকর দ্বারা ভর্ত্তি করিতে হইবে। নলের ভিতরের ব্যাস হইতেও বড় গর্ত্ত খোড়ার জন্য কাঁচি কাটার ব্যবহার আবশ্যক। কেননা কাঁকর বোঝাই গর্ত্তের ব্যাস নলের ভিতরের ব্যাস হইতে অন্যূন ২ ইঞ্চি অধিক হওয়া আবশ্যক।

উৎসাহী পাঠকগণ এবং আমার শিল্পগণের কাছে বিনীত নিবেদন—ফিল্টারহীন নলকূপ সম্বন্ধে তাঁহাদের কোনও অভিজ্ঞতা থাকিলে, তাঁহারা যেন আমাকে বিদিত করেন। তাঁহাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞানদ্বারা আমার গবেষণায় সহায়তা হইতে পারে।

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

# পাক্ষিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | ফাল্গুন, ১৩৪৯ | ১১শ সংখ্যা

UNIVERSITY

বঙ্গেশ্বরী কটন মিল্‌স লিমিটেড

ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

# ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

Managing Director, Bowreah Cotton Mills Ltd.

CONTENTS OF THE FEBRUARY-MARCH NUMBER, 1943.

**Section 1. Wealth of Bengal:** Effort to prevent Malaria, Province, Bengal Government Budget. Discontent on account of Rice. (pp. 301-302).

**Section 2. Economic India :** Production of Standard Cloth in India. Construction of Battle Ships in India. Salt Problem in India. Result of Cotton Tests in India. Production of Sugar in different Provinces. Working Days in Sugar Mills. (pp. 303-305).

**Section 3. World Economy:** Potato in America. Cotton Seeds produced in America. Insurance Business in Argentina. Loss due to Fire in Canada. Motor Insurance in South Africa. Social Reforms in British Guiana. Business Insurance in Great Britain. (pp. 306-307).

**Section 4. Men, Institutions and Movements:** The Indian Society of Agricultural Economics. The Eighth Pan-American Child Congress. Second Inter-American Conference of Agriculture. Success of the Indian Force. Production of Fish in large number. (pp. 308-312)

**Section 5. Interview:** Patriotism and Self-Sacrifice of Satis Chandra Mukerjee. (pp. 313-314).

**Section 6. World of Journals:** *International Labour Review*, (pp. 315-316).

**Section 7. Reviews:** The United Nations: What they are. become. The Road we are travelling. Wage Incentive Method. America. (pp. 317-318).

**Section 8. Bibliography:** 14 books announced.

**Article:**

Control of Commodities and Prices.
By Sudha Kanta Dey, M.A., B.L. (pp 320-324).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368 Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 310. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal)

**S. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**S. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়ঃ

আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ১৩ |
| মোট সম্পত্তি | ৪ ৬৩ |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ৭০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বার্ষিক সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Aus. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal) Aus. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Bineswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Aus. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**
15, College Square, Calcutta.

# সূচী


**বাংলার সম্পদ** ঃ—ম্যালেরিয়া-নিবারণী প্রচেষ্টা। দেশের অবস্থা। বাঙ্গলা সরকারের বাজেট। চাউলের অত্যধিক মূল্য-বৃদ্ধিতে বিক্ষোভ। (৩০১-৩০২)

**আর্থিক ভারত** ঃ—ভারতে ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র উৎপাদন। ভারতে যুদ্ধ-জাহাজ নির্ম্মাণ। ভারতে লবণ-সমস্যা। ভারতীয় তুলার পরীক্ষার বর্ষনা ১৯৩০-৪২। বিভিন্ন প্রদেশে চিনির উৎপাদন। চিনির কলে মোট কার্য্যের দিন ১৯৩৭-৩৮—১৯৩৯-৪০। (৩০৩-৩০৪)

**দুনিয়ার ধনদৌলত** ঃ—আমেরিকায় আলুর ফলন। আমেরিকায় তুলার বীজ উৎপাদন। আর্জ্জেন্টিনার বীমা-বাণিজ্য। ক্যানাডায় অগ্নির দরুণ লোকসান। দক্ষিণ আফ্রিকায় মোটর বীমা। ব্রিটিশ গায়ানায় সামাজিক সংস্কার। গ্রেটব্রিটেনে ব্যবসায় বীমা পরিকল্পনা। (৩০৪-৩০৭)

**ব্যক্তি ও সঙ্ঘ** ঃ—দি ইণ্ডিয়ান সোসাইটি অব্ এগ্রিকালচারাল ইকনমিক্স্। দি এইটথ্ প্যান-আমেরিকান চাইল্ড কংগ্রেস। সেকেণ্ড ইণ্টার-আমেরিকান কনফারেন্স অব্ এগ্রিকালচার। ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্ব। অধিকতর যন্ত্র-উৎপাদন। (৩০৮-৩১২)

**মোলাকাৎ** ঃ—সতীশ মুখোপাধ্যায়ের স্বদেশ নিষ্ঠা ও স্বার্থত্যাগ [শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন।] ৩১৩

**পত্রিকা-জগৎ** ৩১৪

**সমালোচনা** ৩১৭

**গ্রন্থপঞ্জী** ৩১৯

**প্রবন্ধ** ঃ

পণ্যদ্রব্য ও পণ্যদ্রব্য-মূল্য নিরূপণ

শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল



## বিনয় সরকারের বৈঠকে

( বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি )

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ভন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নবরত্ন ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে জানাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৫৲

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৭৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার। ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১।০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাবরেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ।০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

ফাল্গুন—১৩৪৯ ১৭শ বর্ষ—১১শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

## ম্যালেরিয়া-নিবারণী প্রচেষ্টা

বাঙলা সরকার ম্যালেরিয়া-নিবারণকল্পে কতকগুলি দান মঞ্জুর করিয়াছেন। উক্ত দানগুলি নিম্নবর্ণিতভাবে মিউনিসিপ্যালিটি ও সমিতিসমূহকে দেওয়া হইয়াছে :—

ঢাকার রমণা অঞ্চলের ম্যালেরিয়া নিবারণকল্পে ঢাকা ম্যালেরিয়া নিবারণী কমিটির সভাপতিকে ৩,৭১০৲ টাকা প্রদান করা হইয়াছে।

২৪-পরগণা জেলার ভাটপাড়া মিউনিসিপ্যালিটিকে ঐ অঞ্চলের ম্যালেরিয়া নিবারণকল্পে ১,০০০৲ টাকা প্রদান করা হইয়াছে। সর্ত্ত রহিয়াছে যে, মিউনিসিপ্যালিটিও সমপরিমাণ টাকা নিজ তহবিল হইতে ব্যয় করিবে।

অনুরূপ সর্ত্তে খুলনা মিউনিসিপ্যালিটিকে ১,০ ০৲ টাকা প্রদান করা হইয়াছে।

বীরনগর পল্লী-মণ্ডলীকে ২০০৲ টাকা দেওয়া হইয়াছে। সর্ত্ত রহিয়াছে যে, মণ্ডলীও ২০০৲ টাকা নিজ তহবিল হইতে ম্যালেরিয়া-নিবারণকল্পে ব্যয় করিবে।

অনুরূপ সর্ত্তে দিনাজপুর মিউনিসিপ্যালিটিকে ৭৫০৲ টাকা প্রদান করা হইয়াছে।

বাঙলা সরকার হুগলী জেলার অন্তর্গত আরামবাগ মিউনিসিপ্যালিটিকেও মিউনিসিপ্যালিটির এলাকার ম্যালেরিয়া নিবারণের জন্য ২,০০০৲ টাকা দান করিয়াছেন।

উক্ত কার্য্যের জন্য সরকার বাহাদুর নিম্নলিখিত দানগুলিও মঞ্জুর করিয়াছেন :—কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটিকে ১,৩০০৲ টাকা, শ্রীরামপুর মিউনিসিপ্যালিটিকে ১,২৯৭৲ টাকা এবং নদীয়া জেলার অন্তর্গত শান্তিপুর মিউনিসিপ্যালিটিকে ১,০০০৲ টাকা। চট্টগ্রামের পার্ব্বত্য-অঞ্চলে পল্লী-উন্নয়ন-কল্পে বাঙলা সরকার ৩,২০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন।

## দেশের অবস্থা

( ১ )

একজন ভদ্রলোক নৌকায় করিয়া ২৫০টা নারিকেল লইয়া আসিতেছিলেন। মধ্যপথে রাত্রি হয়। তখন মাঝিরা বলে "মহাশয় তালয় তালয় নৌকা হইতে নামুন"—এই বলিয়া তাহাকে নামাইয়া দিয়া নৌকা নিয়া চলিয়া যায়।

( ২ )

একজন পেন্সন-প্রাপ্ত পুলিশ অফিসার ৩৫০৲ টাকার চাউল কিনিয়া দেশে রওয়ানা হইয়াছেন। রাত্রিকালে নৌকা এমন একস্থানে পৌঁছিল যেখানে জনমানব নাই। তিনি মাঝিদের মধ্যে সন্দেহজনক হাবভাব দেখিয়া বলিলেন, তিনি পায়খানায় যাইবেন, তীরে নৌকা ভিড়াইতে হইবে। মাঝিরা বলিল, নৌকায় বসিয়াই পায়খানায় যাউন। বাবু বলিলেন, সে সুবিধা হয় না। অগত্যা নৌকা তীরে লাগিল—তিনি প্রাণ লইয়া চম্পট দিলেন। ( বরিশাল হিতৈষী )

## বাঙ্গলা সরকারের বাজেট

বাঙ্গলা গবর্ণমেণ্টের ১৯৪৩-৪৪ সনের বাজেটে প্রধান প্রধান দফায় কত টাকা বরাদ্দ করা হইয়াছে, তাহা নিম্নে প্রদত্ত হইল :—

| | |
|---|---|
| ভূমিরাজস্ব | ৩১,৬১,০০০৲ |
| আবগারী | ২৪,৮৪,০০০৲ |
| বন | ২৩,৬৮,০০০৲ |
| শাসন ব্যবস্থা | ১,৬৩,৮২,০০০৲ |
| বিচার | ১,০২,২৮,০০০৲ |
| জেল ও বন্দীবাস | ৫৭,১০,০০০৲ |
| পুলিশ | ২,৮২,৪৪,০০০৲ |
| শিক্ষা—সাধারণ | ১,৭৫,৪১,০০০৲ |
| ঐ—এ্যাংলো-ইণ্ডিয়ান ও ইয়োরোপীয় | ১১,২৮,০০০৲ |
| চিকিৎসা | ৫৪,৮৫,০০০৲ |
| জনস্বার্থ | ৪০,১৬,০০০৲ |
| কৃষি | ৫২,৩০,০০০৲ |
| সমবায় | ১৬,৭৪,০০০৲ |
| ব্যবসায় বাণিজ্য | ১৭,৮৪,০০০৲ |
| ঐ শিল্পোন্নতি | ১২,৭২,০০০৲ |
| পূর্ত্ত কার্য্য | ১,১৭,৯১,০০০৲ |
| দুর্ভিক্ষ | ১৩,০৭,০০০৲ |
| ভাতা ও পেন্সন | ১,১৭,২৫,০০০৲ |

## চাউলের অত্যধিক মূল্য-বৃদ্ধিতে বিক্ষোভ

চাউলের দুষ্প্রাপ্যতার ফলে পাবনায় এক গুরুতর পরিস্থিতির উদ্ভব হইয়াছে। চাউলের নির্দ্ধারিত মূল্য প্রতি মণ ৯৲ টাকা থাকিলেও গত বুধবার স্থানীয় চাউল ব্যবসায়িগণ চাউলের মূল্য হঠাৎ প্রতি মণ ১৫৲ টাকায় চড়াইয়া দেয়। ইহাতে সাব্রাই অফিসারের নিকট এইরূপ অভিযোগ করা হয় যে, চাউল-ব্যবসায়িগণ তাহাদের মজুদ চাউল লুকাইয়া রাখিয়া কৃত্রিম উপায়ে চাউলের দর বাড়াইয়া দিয়াছে। তদন্তের পর কর্তৃপক্ষ প্রতি মণ ৯৲ টাকা দরে চাউল বিক্রয় করিবার আদেশ দেন। কিন্তু চাউল-ব্যবসায়িগণ উক্ত আদেশ অনুযায়ী কার্য্য না করিয়া দোকানে তালাবন্ধ করিয়া দেয় এবং বলে যে, তাহাদের মজুদ চাউল নাই। ইহার ফলে চাউল বিক্রেতা এবং ক্রেতাদিগের মধ্যে একটা হাঙ্গামা আসন্ন হইয়া পড়ে। কিন্তু পরে দোকানদারগণ কিছু চাউল বিক্রয় করায় হাঙ্গামা নিবারিত হয়।

অতঃপর রাত্রিতে এক জনতা একখানি দোকানের মধ্যে প্রবেশ করিয়া এক বস্তা পটল ও এক বস্তা আলু লইয়া চলিয়া যায়। চাউল-ব্যবসায়িগণ দোকান তালা-চাবি বন্ধ করিয়া রাখে। মধ্যাহ্নে বহুসংখ্যক লোকের এক জনতা চাউল কিনিবার জন্য বাজারে সমবেত হয় এবং দোকানের দরজাগুলি তখনও বন্ধ আছে দেখিয়া উহা ভাঙ্গিয়া ফেলিবার চেষ্টা করে। সংবাদ পাইবামাত্র সদর মহকুমা হাকিম, মূল্য-নিয়ামক এবং পুলিশ ঘটনাস্থলে আসিয়া উপস্থিত হয়। এবং তখন ক্রেতা-সাধারণকে মাথা-পিছু টাকায় চারি সের করিয়া চাউল বিক্রয় করা হয়।

( পক্ষান্তরে )

### ভারতে ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র উৎপাদন

নয়াদিল্লী, ৯ই ফেব্রুয়ারীর সংবাদে প্রকাশ, পূর্ব্ব সপ্তাহে বোম্বাই সহরে মিল মালিকদের সহিত যে সমস্ত আলোচনা হইয়াছে তাহার ফলে ভারতবাসীর জন্য বৎসরে ১৪০ কোটী গজ ষ্ট্যাণ্ডার্ড কাপড় সরবরাহ করা সম্ভব হইবে। বর্ত্তমানে বাজারে যে মূল্যে কাপড় বিক্রয় হইতেছে ষ্ট্যাণ্ডার্ড কাপড়ের দাম তাহার চেয়ে শতকরা চল্লিশ টাকা কম হইবে। ভারত গবর্ণমেণ্ট জানুয়ারী হইতে এপ্রিল মাস পর্য্যন্ত তিন মাসের জন্য ৫ কোটী গজ কাপড়ের অর্ডার দিয়াছেন। ১৫ই এপ্রিল হইতে উহার সরবরাহ আরম্ভ হইবে।

গত নবেম্বর মাসে মিল মালিকদের সহিত যে চুক্তি হয় তদনুসারে আগামী মার্চ্চ মাসের মাঝামাঝি দেড় কোটী গজ ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র ভারতের বিভিন্ন অঞ্চলে ক্রয় করিতে পারা যাইবে। বিভিন্ন প্রদেশে এই বস্ত্রের নিম্নরূপ বাঁটোয়ারা করা হইয়াছে :—

আসাম ৪০০,০০০ গজ।
বাংলা ৩,০০০,০০০ গজ।
বোম্বাই ২৪,০০০,০০০ গজ।
পাঞ্জাব ১,৯০০,০০০ গজ।
সিন্ধু ৬,৭০০,০০০ গজ।

বাদ বাকী কাপড় কয়েকটী দেশীয় রাজ্যে সরবরাহ করা হইবে।

### ভারতে যুদ্ধ-জাহাজ নির্ম্মাণ

যুদ্ধ আরম্ভ হওয়ার পর হইতে ভারতবর্ষে বহু যুদ্ধ-জাহাজ নির্ম্মিত হইয়াছে এবং এখনও পুরাদমে ঐ কাজ চলিয়াছে। ভারতীয় নৌ-বাহিনীর জাহাজ নির্ম্মাণ পরিকল্পনানুযায়ী যত প্রয়োজন মিটাইবার জন্য প্রথম প্রথম বাণিজ্য জাহাজগুলিকে অস্ত্র-সজ্জিত করিয়া যুদ্ধ-জাহাজে পরিণত করা হইয়াছে। এখন অবশ্য ভারতীয় নৌবাহিনীর জন্য ভারতবর্ষ, ইংলণ্ড ও অষ্ট্রেলিয়ায় নূতন করিয়াই যুদ্ধ-জাহাজ তৈরী হইতেছে। ১৯২০ সনে ইংলণ্ডে ভারতের জন্য "যমুনা" ও "সাটলেজ" নামে দুইটি ছোট জাহাজ নির্ম্মিত হয়। ১৯৩১ সনে আরও কয়েকটি নূতন জাহাজ জলে ভাসান হয়। ১৯৩২ সনে নূতন জাহাজের সংখ্যা ১৯৩০ ও ১৯৩১ সনের তুলনায় আড়াই গুণ বৃদ্ধি পাইয়াছে। গত বৎসর প্রত্যেক মাসে একটি হইতে আরম্ভ করিয়া ৬টি পর্য্যন্ত নূতন জাহাজ জলে ভাসান হইয়াছে। ডিসেম্বর মাসের শেষাশেষি ভারতবর্ষে 'মাহুরা' নামে একটি সাবমেরিন-বিধ্বংসী ও মাইন-তোলা জাহাজ তৈরী হইয়াছে। ভারতীয় নৌবাহিনীর আধুনিক যুদ্ধ জাহাজাদির বেশীর ভাগই আজকাল ভারতবর্ষে নির্ম্মিত হইতেছে।

এইসমস্ত যুদ্ধ জাহাজ নির্ম্মাণের কলকব্জা ইঞ্জিন, ডায়নামো, বৈদ্যুতিক যন্ত্রপাতি ও অন্যান্য খুটিনাটি অনেক সাজ-সরঞ্জাম আজকাল ভারতবর্ষের কলকারখানাতেই তৈরী হইতেছে। ভারতের জাহাজী শ্রমিকরাও খুব কর্ম্মঠ এবং দক্ষ কারিগর। ভারতের মাল মসলা দিয়া ভারতীয় শ্রমিকদের দ্বারা নির্ম্মিত নৌবহরই আজ ভারতের উপকূল ভাগ রক্ষা করিতেছে। মাল্ উপদ্বীপের যুদ্ধেও এই সব যুদ্ধ-জাহাজ নিযুক্ত আছে।

### ভারতে লবণ-সমস্যা

ভারতে লবণের অভাব ঘটিয়াছে, এমন কি ইহার দুর্ভিক্ষেরও আশঙ্কা রহিয়াছে বলিয়া যে অভিযোগ করা

হইতেছে ভারত গভর্ণমেণ্ট তাহা লক্ষ্য করিয়াছেন। একটি সরকারী বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, প্রকৃত ব্যাপার হইতেছে এই যে, বর্ত্তমানে যে লবণ প্রস্তুতের ব্যবস্থা আছে তাহাতে এক বৎসরের ব্যবহারোপযোগী লবণ অপেক্ষাও অনেক অধিক পরিমাণে লবণ প্রস্তুত হইয়া থাকে। বৎসরে আনুমানিক প্রায় ৫ শত ৩০ লক্ষ মণ লবণ প্রস্তুত হইয়া থাকে। গত ১৫ই জুন ভারতে মোট ৩ শত ৬২ লক্ষ মণ লবণ মজুত ছিল। সুতরাং স্পষ্টই বুঝা যায়, যে পরিমাণ লবণ মজুত আছে তাহা বর্ত্তমান চাহিদা মিটাইবার পক্ষে যথেষ্ট। যুদ্ধকালীন অবস্থার দরুণ যানবাহনের অসুবিধা সৃষ্টি হওয়ায় হয়ত মাঝে মাঝে লবণের সাময়িক অভাব হইতে পারে। ইহা একেবারে এড়াইতে পারা যাইবে না। কিন্তু যেসকল অঞ্চলে অসুবিধা দেখা দিয়াছে, অপেক্ষাকৃত অধিক সংখ্যায় রেলওয়ে ওয়াগনের ব্যবস্থা করিয়া সেইসকল স্থানে লবণ সরবরাহ করার জন্য যথাসম্ভব চেষ্টা করা হইতেছে। দেশের মধ্যে সমগ্রভাবে প্রচুর পরিমাণ লবণ মজুত থাকিলেও পূর্ব্ব প্রদেশসমূহে একটি বিশেষ সমস্যা বর্ত্তমান রহিয়াছে। ঐ সকল প্রদেশের অধিবাসিগণ উৎকৃষ্ট শ্রেণীর সাদা লবণ পছন্দ করিয়া থাকে। এই শ্রেণীর লবণ যুদ্ধের পূর্ব্বে বিদেশ হইতে এবং করাচী পূর্ব্বভারত হইতে আমদানি করা হইত। করাচী ও ভারতের পশ্চিম উপকূল হইতে বর্দ্ধিত পরিমাণে লবণ সরবরাহ করিয়া এই অভাব পূরণের জন্য বিশেষ ব্যবস্থা করা হইয়াছে। সমুদ্রোপকূলে ও দেশের অভ্যন্তরভাগে যাহাতে লবণ সংগ্রহ ও প্রস্তুত করা যাইতে পারে এবং এইরূপে প্রস্তুত লবণের উপর যাহাতে কোনও শুল্ক ধার্য্য না করা হয় তাহার জন্য প্রস্তাব করা হইয়াছে। বর্ত্তমানে যে ব্যবস্থা আছে তাহাতে গৃহে ব্যবহারের জন্য লবণ প্রস্তুত বা সংগ্রহ করা যাইতে পারে। যে গ্রামে লবণ প্রস্তুত বা সংগ্রহ করা হয়, সেই গ্রামে উহা বিক্রয়ও করা যাইতে পারে। এই সুবিধা আরও বৃদ্ধি করার জন্য প্রস্তাব করা হইলেও স্মরণ রাখা উচিত যে প্রকৃতপক্ষে দেশে লবণের কোনরূপ অভাব দেখা দেয় নাই। যদি ইচ্ছামত লবণ প্রস্তুত ও বিক্রয় করার অনুমতি দেওয়া হয় তবে তাহাতে লবণ শুল্ক সম্পর্কে একেবারেই ফাঁকি চলিবে এবং ইহার ফলে লবণ সম্পর্কিত রাজস্বের ক্ষতি হইবে। শুল্ক বিষয়ে যে প্রস্তাব করা হইয়াছে তৎসম্পর্কে বলা যায় যে, মাঝে মাঝে স্থানীয়ভাবে যে লবণের অভাব হইয়া থাকে ভারত গভর্ণমেণ্ট তাহার সহিত এই শুল্কে কোনও সম্পর্ক দেখিতে পান না। এমন কি বর্ত্তমানেও লবণ তৈরীর ব্যয় ও নিয়ন্ত্রিত মূল্যের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে। কাজেই সকল সময়ে যথোপযুক্ত লবণ সরবরাহ ব্যবস্থার জন্য শুল্ক তুলিয়া দেওয়ার বা হ্রাস করার কোন আবশ্যকতা নাই।

## ভারতীয় তুলার পরীক্ষার বর্ণনা ১৯৩০-৪২

| বর্ণনা | ১৯৩০ | ১৯৩১ | ১৯৩২ | ১৯৩৩ | ১৯৩৪ | ১৯৩৫ | ১৯৩৬ | ১৯৩৭ | ১৯৩৮ | ১৯৩৯ | ১৯৪০ | ১৯৪১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | -৩১ | -৩২ | -৩৩ | -৩৪ | -৩৫ | -৩৬ | -৩৭ | -৩৮ | -৩৯ | -৪০ | -৪১ | -৪২ |
| স্পিনিং টেষ্ট্ | ৯২ | ৬০ | ৮৭ | ১২১ | ১১২ | ১৩৫ | ১২৯ | ১০৯ | ১২৭ | ১১৪ | ১৩৫ | ১৪৪ |
| ফাইবার টেষ্ট্ | ৭ | ১৯ | ৩০ | ১৮ | ১৯ | ৪৪ | ৪২ | ৩২ | ৩৫ | ৪২ | ৫২ | ৫৯ |
| ইয়ার্ণ টেষ্ট্ | ২ | ৩ | ৫ | ৩ | ৭ | ১৩ | ১০ | ১৪ | | ৩৬ | ২৩৪ | ১৮০ |
| রুথ টেষ্ট্ | × | × | × | × | × | × | × | × | | ৬৯ | ৬২৪ | ৮২১ |
| ষ্ট্যাটিসটিক্যাল এ্যানালিসিস | × | × | × | × | × | × | × | ৩ | | × | × | ২ |
| মিসিলেনিয়াস | × | × | × | × | × | × | × | × | ১ | × | ১ | ২ |
| মোট | ১০১ | ৮২ | ১২২ | ১৪২ | ১৩৮ | ১৯২ | ১৯১ | ১৫৮ | ২১১ | ২৬১ | ১০৪৬ | ১২০৮ |

## বিভিন্ন প্রদেশে চিনির উৎপাদন

| | ১৯৩৫-৩৬ | ১৯৩৬-৩৭ | ১৯৩৭-৩৮ | |
|---|---|---|---|---|
| | | ( টন হিঃ ) | | |
| যুক্ত প্রদেশ | | ৬২২,৮০০ | | |
| বিহার | | ৩৩৪,০০০ | | |
| পাঞ্জাব | | ২৬,১০০ | | |
| মাদ্রাজ | | ৩৩,৭০০ | | |
| বোম্বে | | ৪৩,২০০ | | |
| বেঙ্গল | | ২৯,৪০০ | | |
| অন্যান্য প্রদেশ | | ৭৬,৮০০ | ৮১,২০০ | ৮১,৪০০ |
| | ১,১০৫,০০০ | ১,২৩৭,০০০ | ১,০৭১,২০০ | ৭৬৫,৪০০ |

## * চিনির কলে মোট কার্য্যের দিন ১৯৩৭-৩৮—১৯৩৯-৪০

| | সর্ব্বোচ্চ | সর্ব্ব নিম্ন | সর্ব্বোচ্চ | সর্ব্ব নিম্ন | সর্ব্বোচ্চ | সর্ব্ব নিম্ন |
|---|---|---|---|---|---|---|
| প্রদেশ | ১৯৩৭-৩৮ | | ১৯৩৮-৩৯ | | ১৯৩৯-৪০ | |
| যুক্তপ্রদেশ | ১৮১ | | | ২৩ | ১৭৬ | |
| বিহার | ১৩৬ | | | ৪৩ | ১৬৬ | |
| অন্যান্য প্রদেশ | ১৮১ | ৩৭ | ১৮৪ | ১৫ | ২০৩ | |
| সমগ্র ভারত | ১৮১ | ৩৭ | ১৮৪ | ১৫ | ২০৩ | ৩০ |

* ইণ্ডিয়ান ট্রেড জার্ণাল সাপ্লিমেণ্ট।

### আমেরিকায় আলুর ফসল

| | |
|---|---|
| নর্থ ক্যারোলিনা | |
| সাউথ | |
| জর্জিয়া | |
| ফ্লোরিডা | |
| এলাবামা | |
| মিসিসিপি | |
| আরকানসাস | |
| লাউসিয়ানা | |
| ওকলাহোমা | |
| টেক্সাস | |

### আমেরিকায় তুলার বীজ উৎপাদনক

| | ১৯৪০-১৯৪১ | ১৯৪০ |
|---|---|---|
| | | ১,০০০ টন |
| মিসৌরি | | ১৭২ |
| ভার্জিনিয়া | | |
| নর্থ ক্যারোলিনা | | |
| সাউথ | | |
| জর্জিয়া | | |
| ফ্লোরিডা | | |
| টেনেসি | | ২৬৬ |
| এলাবামা | | ৩৪২ |
| মিসিসিপি | | ৬০৪ |
| আরকানসাস | | ৬৩৮ |
| লাউসিয়ানা | | ১৪০ |
| ওকলাহোমা | | ৩২০ |
| টেক্সাস | ১,৪৪৪ | ১,১৮৩ |
| নিউ মেক্সিকো | ৪৭ | ৪৭ |
| আরিজোনা | ৮৭ | ৮১ |
| ক্যালিফর্নিয়া | ২৪২ | ১৮০ |
| অন্যান্য | ৮ | ১১ |
| যুক্ত রাষ্ট্র | ৪,৪২৫ | ৪,৭৮৮ |

### আর্জেন্টিনার বীমা-বাণিজ্য

১৯৪১ সনে আর্জেন্টিনায় যত বীমার কারবার ছিল তাহাদের প্রিমিয়াম হইতে আয় ৫·৪% বৃদ্ধি পাইয়াছিল। মোট প্রিমিয়াম আয়ের মধ্যে জীবন বীমা ছিল ৩০%, অগ্নিবীমা ছিল ২৩·২%, ওয়ার্কমেনস কমপেনসেসন ছিল ২২·৩%, মোটর ১২·৯%, মেরিন ছিল ৫·২%, অন্যান্য ৩·৮%।

### কানাডায় অগ্নির জন্য লোকসান

অন্টেরিও প্রদেশে কারখানায় অগ্নি লাগায় ১৯৪২ সনের প্রথম দিকে যে লোকসান হইয়াছিল তাহা ১৯৪১ সনের অপেক্ষা অধিক বলিয়া জানা যায়। উহার নির্দ্ধারিত

* লিন্ট উৎপাদন হইতে সঙ্কলিত। ৩৫ নেট পাউণ্ড লিন্টকে ৬৫ পাউণ্ড তুলার বীজ হিসাবে গ্রহণ করা হইয়াছে।

সংখ্যা ১৯৪২ সনের প্রথম ছয় মাসে ১,৫০০,১৬১ ডলার কিন্তু তাহার পূর্ব্ব বৎসরের সমস্ত মাসে উহার সংখ্যা ছিল ১,৪২০,০১৮ ডলার। ১৯৪০ সনের অগ্রিকাণ্ডে লোকসানের সংখ্যা ছিল ১,২০১,০৬৩ ডলার। ইহা হইতে বুঝা যায় যে, এখানে অগ্রিকাণ্ডে লোকসানের হার ক্রমবর্দ্ধমান।

## দক্ষিণ আফ্রিকায় মোটর বীমা

এখানে বাধ্যতামূলক মোটর বীমার ভার সমস্তই ষ্টেট গ্রহণ করিয়াছে। ১৯৪২ সনের মোটর ভেহিক্‌ল্‌স্ ইন্‌সিওরেন্স এ্যাক্ট অনুসারে মোটর গাড়ী বীমা করা বাধ্যতামূলক হইয়াছে। উপস্থিত প্রাইভেট ( ব্যক্তিগত ) বীমা কোম্পানী কর্ত্তৃক এইসকল কার্য্য গৃহীত হইতেছে। কিন্তু যদি গবর্ণমেণ্ট মনে করে যে, প্রিমিয়মের হার অত্যধিক তাহা হইলে এই সকল বীমার কোম্পানী বন্ধ করিয়া দিতে পারে। অবশ্য সম্পূর্ণরূপে বন্ধ করা বা আংশিকভাবে করা গবর্ণমেণ্টের ইচ্ছার উপর নির্ভর করিতেছে। গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দেশিত কোম্পানী, নির্দ্দিষ্ট হারে নির্দ্দিষ্ট সময়ের জন্য মোটর বীমার কার্য্য করিতে পারে।

## ব্রিটিশ গায়ানার সামাজিক সংস্কার

নব-নিযুক্ত ব্রিটিশ গায়ানার গভর্ণর আর্থিক ও সামাজিক সংস্কারের জন্য একটী পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন। উহার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয় হইল—১। পাবলিক ওয়ার্কস কমিশন, ২। দি এনাইমেণ্ট অব এ লেবার অর্ডিন্যান্স এবং লেবার ডিপার্টমেণ্টের সৃষ্টি।

গভর্ণরের বক্তৃতা হইতে জানা যায় যে, আর্থিক উন্নতির দিক্ হইতে যে পরিকল্পনা করা হইয়াছে তাহার উপলব্ধির জন্য কলোনিয়াল ডেভালাপমেণ্ট এণ্ড ওয়েলফেয়ার এ্যাক্ট অনুসারে পরীক্ষা খননের ব্যবস্থা করা হইবে এবং তজ্জন্য ২৬,০০০ পাউণ্ড খরচার বরাদ্দ করা হইয়াছে। উক্ত টাকা পশ্চিম ডেমেরারা প্রদেশের ড্রেনেজ ও পরীক্ষার জন্য ব্যয় করা হইবে বলিয়া প্রকাশিত হইয়াছে। মাহাইেসিয়নি এবং বারবিস নদীর দিকে ড্রেনেজ ও পরীক্ষার জন্য ৩৩৯,০০০ পাউণ্ড খরচা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। ছোটখাটো পরিকল্পনার মধ্যে কৃষির উন্নতি, পাবলিক হেলথ, হাউসিং এবং শিক্ষা বিষয়ও অন্তর্ভুক্ত করা হইয়াছে বলিয়া জানা যায়। ইউনাইটেড কিংডম কর্ত্তৃক অনেক টাকা এরই মধ্যে দেওয়া হইয়া গিয়াছে—যেমন এ্যাবরিজিন্যাল ইণ্ডিয়ানদের চিকিৎসার জন্য ১০,১৪০ পাউণ্ড দেওয়া হইয়াছে। ইয়োলো ফিভার নিবারণের জন্য ৮,০২৫ পাউণ্ড ব্যয় করা হইয়াছে এবং ম্যালেরিয়োলজিষ্ট নিযুক্ত করার জন্য ৫,৯০০ পাউণ্ড দান করা হইয়াছে।

## গ্রেটব্রিটেনে ব্যবসায় বীমা পরিকল্পনা

বোর্ড অব ট্রেড কর্ত্তৃক বিসনেস ইকুইপমেণ্ট স্কিম অনুসারে প্রিমিয়মের হার দিবার যে ব্যবস্থা দেওয়া যায় তাহার পরিমাণ হইল ১ পাউণ্ড। ১০ শিলিং শতকরা হিসাবে দুইটী সমান ভাগে দেওয়া চলে।

### দি ইণ্ডিয়ান সোসাইটি অব্ এগ্রিকালচার‍্যাল ইকনমিক্স্

উক্ত সোসাইটীর বাৎসরিক অধিবেশন লাহোরে ১৯৪১ সনের ১২ই ও ১৩ই এপ্রিল হইয়া গিয়াছে। সেই সময়ে নিম্নলিখিত অফিস-বেয়ারার নির্ব্বাচিত হইয়াছিল—প্রেসিডেণ্ট বিজয়ারাঘবাচারিয়া কে টি। ভাইস প্রেসিডেণ্ট —১। কে, বি, মিয়ান আফজাল হোসেন। ২। ডাঃ সান হিগিন বটম। ৩। ডাঃ পি, জে, টমাস।

### দি এইটথ্ প্যান-আমেরিকান চাইল্ড কংগ্রেস

ওয়াশিংটনে ১৯৪২ সনের মে মাসে প্যান-আমেরিকান চাইল্ড কংগ্রেসের অষ্টম অধিবেশন হয়। এই কংগ্রেসে শরীর-রক্ষা এবং চিকিৎসা বিষয়, শিক্ষা ও আনন্দ এবং আর্থিক ও সামাজিক সেবার বিষয় বিশদভাবে পর্য্যালোচিত হইয়াছিল বলিয়া জানা যায়। যুদ্ধের সময় এবং যুদ্ধের পরে শিশুদের প্রয়োজনীয় কার্য্য লইয়াও আলোচনা হইয়াছে।

### সেকেণ্ড ইণ্টার-আমেরিকান কনফারেন্স অব্ এগ্রিকালচার

১৬ই জুলাই ১৯৪২ তারিখে মেক্সিকো সিটিতে উক্ত সভার অধিবেশন হয়। প্রায় ২১টী রাষ্ট্র হইতে এখানে সভ্য পাঠান হইয়াছিল। তাহারা প্রধানতঃ চাষ-আবাদ সম্বন্ধেই বিশেষজ্ঞ বলিয়া জানা যায়। এখানে প্রধান প্রধান সমস্যার মধ্যে সামাজিক, শিক্ষা, এগ্রোনমিক এবং যান্ত্রিক শিক্ষা বিষয়ে উল্লেখযোগ্য আলোচনা হইয়াছিল।

এই সভার সভাপতিত্ব করেন মিঃ মার্তে আর গোমেজ। ইনি মেক্সিকান গভর্ণমেণ্টের কৃষিবিষয়ক ডিপার্টমেণ্টের সেক্রেটারী বলিয়া অবগত হওয়া যায়।

### ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্ব

সম্প্রতি রাষ্ট্রীয় পরিষদে এক প্রশ্নের উত্তরে ভারতীয় সেনাবাহিনীর সফলতাপূর্ণ কর্ম্মাবলী পর্য্যালোচনা করিয়া ডেপুটি কম্যাণ্ডার-ইন্-চীফ্ জেনারেল স্যার এ্যালান হার্টলী বলিয়াছেন: "ভারতের যুদ্ধরত সৈন্যদল যুদ্ধের পূর্ব্বতন অবস্থায় যে অংশ গ্রহণ করিয়াছে এবং ভবিষ্যতে যেরূপ অংশ গ্রহণ করিবে বর্ত্তমান পরিস্থিতিতে তাহাদিগকে সেরূপ যুদ্ধের সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট হইয়া থাকিতে হয় নাই।"

জেনারেল হার্টলী আরও বলিয়াছেন, "কিন্তু ভারতীয় ৪র্থ এবং ৫ম সৈন্যদল, ভারতীয় ৪র্থ মোটর ব্রিগেড প্রভৃতি সৈন্যদল আফ্রিকার যুদ্ধে যে দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছে তাহা চিরকাল উজ্জ্বল হইয়া থাকিবে এবং সেইজন্য ভারতবর্ষ, বৃটিশ সাম্রাজ্য এবং সম্মিলিত জাতিসঙ্ঘ তাহাদের নিকট কৃতজ্ঞ থাকিবে। মধ্যপ্রাচ্যে আড়াই বৎসরকাল যথার্থ সংগ্রামে লিপ্ত থাকিয়া ভারতীয় ৪র্থ সৈন্যদলের ১৫,০০০ যোদ্ধা হতাহত হইয়াছে। কিন্তু তাহারা ১০০,০০০ ইটালীয় এবং জার্ম্মাণ যোদ্ধাকে বন্দী করিয়াছে এবং অসংখ্য শত্রুপক্ষীয় ট্যাঙ্ক এবং বিমান ধ্বংস করিতে সক্ষম হইয়াছে।

মধ্যপ্রাচ্যের অন্যান্য নানাস্থানে সৈন্য সমাবেশের কার্য্যে ভারতীয় সৈন্যদলগুলি যে সাহায্য প্রদান করিয়াছে স্যার এ্যালান তাহার উল্লেখ করেন। ইহারা অধিনায়ক জেনারেল উইলসনের অধীনস্থ পারস্য-ইরাক সৈন্যবাহিনীর

একটী বড় অংশ। স্যার এ্যালান বলিয়াছেন, "পারস্যোপসাগর হইতে রাশিয়া পর্য্যন্ত মূল সংবাদ এবং সরবরাহ লাইন ধরিয়া টুলিতে ভারতীয় বিশেষজ্ঞেরা এবং মজুরেরা একটা বিশেষ অংশ গ্রহণ করিয়াছেন।"

### ব্রহ্ম রণাঙ্গন

ব্রহ্ম রণাঙ্গন সম্বন্ধে তিনি বলিয়াছেন যে, এই বনাকীর্ণ দেশে যুদ্ধের সমস্যা এখনও খুব বিশাল আয়তনে বিদ্যমান এবং সরবরাহের প্রশ্ন আরও বেশী কঠিন। আমাদের শত্রুরা সেখানে অভ্যস্ত হইয়া গেলে এখনও তাহাদের নিকট এই সমস্যা গুরুতর। নানা অসুবিধা সত্ত্বেও সমস্ত রণাঙ্গনব্যাপী আমাদের প্রাচ্যসৈন্যদল ব্রহ্মদেশের অভ্যন্তরে প্রবেশ করিয়াছে। আমাদের গরিলা বাহিনী এবং পর্য্যবেক্ষক সৈন্যদল আরও অভ্যন্তরভাগে প্রবেশলাভ করিয়াছে। এতদিন ধরিয়া আমরা আমাদের বৃটীশ এবং ভারতীয় সৈন্যদলগুলিকে যেসমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র যুদ্ধকার্য্যে লিপ্ত রাখিয়াছি তাহাতে দেখা যাইতেছে যে, তাহারা মালয় এবং ব্রহ্ম যুদ্ধের অভিজ্ঞতা লাভ করিয়া যথেষ্ট লাভবান হইয়াছে, কারণ তাহাতে তাহাদের পরবর্ত্তী শিক্ষার সামঞ্জস্য ঘটিয়াছে।

স্যার এ্যালান মন্তব্য করিয়াছেন: "ভারতীয় যোদ্ধারা আজ জাপানীদের সহিত অরণ্যমধ্যে যুদ্ধ করিতে সুদক্ষ হইয়া উঠিয়াছে এবং শত্রুদিগকে উত্যক্ত করিয়া বিশেষ সাফল্য অর্জ্জন করিতেছে।"

"সংক্ষেপে বলিতে গেলে আমরা আস্তে আস্তে পথের সন্ধান পাইয়াছি। মালয় এবং ব্রহ্মে শত্রুদের আক্রমণাত্মক নীতি হইতে আমরা তিক্ত অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছি। তাহাদের আত্মঘাতী আত্মরক্ষা-নীতির সহিত কিরূপে আমাদের যুদ্ধ করিতে হইবে তাহা আমরা উপলব্ধি করিতে পারিতেছি।"

বাণিজ্য জাহাজগুলির রক্ষীর কার্য্যে নিযুক্ত থাকার জন্য পর্য্যবেক্ষণ এবং মাইন ধ্বংসাদি কার্য্যের জন্য ডেপুটী কম্যাণ্ডার-ইন্-চীফ ভারতীয় নৌবহরকে প্রশংসা করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, আরাকান অঞ্চলে বর্ত্তমান সমর পরিচালনের ফলে ভারতীয় নৌবাহিনী পুনরায় ব্রহ্ম-সৈন্যদলসমূহের সহিত সহযোগিতা করিবার সুযোগ পাইয়াছে এবং ইতিপূর্ব্বেই শত্রুর সহিত অনেক যুদ্ধ হইয়া গিয়াছে।

ভারতীয় বিমানবাহিনী বর্ত্তমানে আয়তন-বৃদ্ধির কার্য্যে ব্যাপৃত আছে এবং সর্ব্বাপেক্ষা আধুনিক যুদ্ধী এবং বোমারু বিমান সহযোগে শিক্ষাপ্রাপ্ত হইতেছে। বর্ত্তমান সৈন্যসংগ্রহের কার্য্য যদি অব্যাহত থাকে তাহা হইলে ব্রহ্ম রণাঙ্গনে রাজকীয় বিমানবহর এবং যুক্তরাষ্ট্রীয় বিমানবহরের সঙ্গে ভারতীয় বিমানবাহিনীর ক্ষমতা উপলব্ধি হইবে।

যুদ্ধ-পরিস্থিতি মোটামুটী উন্নতিব্যঞ্জক বর্ণনা করিয়া স্যার এ্যালান বলিয়াছেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট, বৃটীশ প্রধান-মন্ত্রী এবং এই দুই দেশের নৌ, স্থল এবং বিমানবাহিনীর সেনাপতিমণ্ডলীর কাসাব্লাঙ্কা সম্মেলনের পরেই কায়রো, তুরস্ক, ভারতবর্ষ এবং চুংকিংএ অনুষ্ঠিত বহু সভাসমিতি হইতে প্রকাশ পায় যে, সম্মিলিত জাতিসঙ্ঘ আক্রমণ শুরু করিয়া তাহার বেগ অব্যাহত রাখিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ।

### অধিকতর মৎস্য-উৎপাদন

বঙ্গীয় শিকারী বিভাগের ডিরেক্টর ডাঃ এস, এল, হোরা সম্প্রতি নিম্নোক্ত মর্ম্মে এক বিবৃতি প্রচার করিয়াছেন:—

জরুরী অবস্থায় দরকারী খাদ্যসম্ভারের তালিকাতে যদিও মৎস্যকে অন্তর্ভুক্ত করা হয় নাই তবুও ইহা সর্ব্বজনবিদিত যে, ভাত যাহাদের প্রধান খাদ্য স্বাস্থ্যনীতির দিক্ হইতে মাছ তাহাদের পক্ষে অতি প্রয়োজনীয়। ভাতের মধ্যে প্রোটিন, চর্ব্বি, ভিটামিন "এ" প্রভৃতি কতকগুলি অত্যাবশ্যক খাদ্যপ্রাণের অভাব; মাছ অথবা অন্য কোন প্রকার জৈব খাদ্যদ্বারাই এই অভাব পূরণ করা সম্ভবপর হইতে পারে। এমতাবস্থায় স্পষ্টই দেখা যাইতেছে যে, মাছের অপ্রাচুর্য্য পরিণামে বাঙালীর সাধারণ স্বাস্থ্যের উপর প্রতিকূল ফল উৎপাদন করিতে পারে; সুতরাং

ভবিষ্যতে মাছের সরবরাহ বৃদ্ধি করিবার উদ্দেশ্যে সর্ব্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করা অতীব বাঞ্ছনীয়। এতদ্‌সম্পর্কে আরও স্মরণ রাখিতে হইবে যে, মাছ পচনশীল দ্রব্য ; তাই জনসাধারণের জন্য মৎস্য সরবরাহের কথা বিবেচনা করিতে হইলে মৎস্যের যথোচিত সংরক্ষণ ও দ্রুত আমদানী-রপ্তানীর প্রশ্নও বিবেচনা করিতে হইবে। যেহেতু বর্ত্তমানে সামরিক কারণে বাঙলা দেশের অনেকগুলি বন্দীপ ও উপকূল অঞ্চলে মাছ ধরা নিষিদ্ধ করা হইয়াছে এবং যেহেতু অত্যাবশ্যক রণসম্ভারাদি বহনের জন্য যানবাহনের চাহিদা উত্তরোত্তর বাড়িয়া চলিয়াছে, তাই জরুরী অবস্থায় আঞ্চলিকভাবে আত্মনির্ভরশীল হইতে হইলে আমাদের আয়ত্ত সমস্ত জলের মধ্যে সর্ব্ব শ্রেণীর মাছ মজুদ রাখা অত্যন্ত দরকার। এমন কি, বর্ত্তমান জরুরী পরিস্থিতির কথা ছাড়িয়া দিলেও নিঃসন্দেহে এই কথা বলা যায় যে, মাছের চাষ কৃষিকার্য্য হইতে অনেক বেশী লাভজনক, আর ইহাতে তেমন বেশী মনোযোগেরও দরকার হয় না।

কয়েক মাস আগে, দৈনিক খবরের কাগজের সংবাদে জানা যায় যে, আভ্যন্তরীণ মাছের চাষের বিশেষ রকম সম্প্রসারণ দ্বারাই মিশর মাছের অভাব দূর করিয়াছে। যুদ্ধ আরম্ভ হইবার সঙ্গে সঙ্গে মিশরে মাছ সরবরাহ বার্ষিক ১২,০০০ টন হইতে ২,০০০ টনে হ্রাস প্রাপ্ত হয় ; কারণ যুদ্ধের দরুণ বৈদেশিক মৎস্য-ব্যবসায়ীদের কার্য্য-কলাপ নিয়ন্ত্রণ করিতে হইয়াছিল। কিন্তু মৎস্য বিভাগ ছোট ছোট মাছগুলিকে সাগর হইতে হ্রদে স্থানান্তরিত করে, ফলে মৎস্য সরবরাহ বার্ষিক ৪,০০০ টন পর্য্যন্ত বৃদ্ধি পায়। মিশরের এই খাদ্যসমস্যা সমাধানপ্রণালী হইতে ভারতবর্ষ শিক্ষালাভ করিতে পারে। বর্ষাকালে বন্যার সময় ধানক্ষেত ও ছোট ছোট খালগুলিতে রোহিত, কাতলা ও মৃগেল মাছের যেসকল পোনা ঝাঁকে ঝাঁকে দেখিতে পাওয়া যায় সেইগুলি সংগ্রহ করিয়া পুকুর এবং হ্রদে ছাড়িয়া দেওয়া উচিত। ইহাতে আমাদের মৎস্য সরবরাহ অনেক পরিমাণে বৃদ্ধি পাইতে বাধ্য। সর্ব্বপ্রকার জলে যেন মৎস্যের চাষ বৃদ্ধি পায় তৎপ্রতি দৃষ্টি রাখা আমাদের প্রত্যেকেরই কর্ত্তব্য, এমন কি ধানক্ষেতগুলিতে ও ধানের সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণে মৎস্য উৎপাদন করা দরকার।

স্মরণাতীত কাল হইতেই বাঙলা দেশে মৎস্যের চাষ চলিয়া আসিতেছে, কিন্তু অদ্যাবধি এই উদ্দেশ্যে নিয়োজিত পদ্ধতিসমূহের আদৌ উন্নতি সাধন করা হয় নাই। বর্ত্তমানে দেখা যায় পোনা মাছ কিনিয়া ইহার অথবা পুকুরের অবস্থার প্রতি কোনও দৃষ্টিপাত না করিয়াই ইহা পুকুরে ছাড়িয়া দেওয়া হয় এবং ইহাতে আশাপ্রদ ফল পাওয়া যায় না। নিম্নোক্ত উপদেশগুলি যদি অনুসরণ করা যায় তাহা হইলে মাছের চাষকে আরও লাভজনক ব্যবসায়ে পরিণত করা যাইতে পারে।

যে কোনও জলে মাছ ছিপাইবার আগে জাল দিয়া অথবা গ্রীষ্মকালে পুকুরগুলিকে শুষ্ক করিয়া উহা হইতে বেয়াল, লাড়া, চিতল ও শুশুক প্রভৃতি শিকারী মাছগুলি তুলিয়া ফেলা দরকার।

এই সম্পর্কে স্মরণ রাখিতে হইবে যে, শিকারী মাছ-গুলির উৎপাত ছাড়াও পুকুরগুলি ক্রমাগত জলে ডুবিয়া থাকার মত মৎস্য উৎপাদনের প্রতিকূল আর কিছুই নাই। এই জন্য পুকুরকে সময় সময় সম্পূর্ণ শুকাইয়া কিছু দিনের জন্য পতিত অবস্থায় রাখিয়া দিলে পুকুরের খুব উপকার সাধিত হয়।

২। পুকুর খননের সময় খাড়াভাবে মাটি কাটা বা ইহাকে অতিরিক্ত গভীর করা মোটেই বাঞ্ছনীয় নহে। কারণ অভিজ্ঞতার ফলে দেখা গিয়াছে যে, অগভীর স্থানই মৎস্য উৎপাদনের পক্ষে সর্ব্বাপেক্ষা উর্ব্বর আর অগভীর স্থান সর্ব্বাপেক্ষা অনুর্ব্বর। নূতন কাটা পুকুরগুলিতে মাছের চাষ আরম্ভ করিবার পূর্ব্বে, সেগুলি কিছুদিন খালি রাখা দরকার।

৩। কচুরীপানা ও ঘাস প্রভৃতি অবাঞ্ছিত গুল্মলতাদি তুলিয়া ফেলা দরকার। কিন্তু পানা ও কলমীশাক প্রভৃতি কচি গুল্মাদি মাছের খাদ্য যোগায় ও জল শোধিত করে, সুতরাং এইগুলি কিছুতেই নষ্ট করা উচিত নয়। যদিও মাছগুলিকে ছায়া দিবার জন্য জলের উপরিভাগে

কিছু কিছু লতাপাতা থাকা দরকার তবুও ঘন গাছ-পালাগুলি পরিষ্কার করিয়া ফেলা উচিত, কারণ ইহাতে জলের উপরিভাগ সম্পূর্ণরূপে অন্ধকারাচ্ছন্ন হইয়া যাইতে পারে।

সুনিশ্চিতভাবেই জানা গিয়াছে যে, রুক্ষ, কঠিন ও ঘন ছায়াময় গাছপালা হইতে অতি অল্প সুবিধা পাওয়া যায় আর খাট ও পাতলা গাছপালা অধিকতর উপকারী ও বাঞ্ছনীয়।

৪। কোনও ক্ষেত্রেই পোনাগুলি সরাসরি পুকুরের মধ্যে ছাড়িয়া দেওয়া উচিত নয়। কারণ পোনাগুলি যে ভাবে বাজারে বিক্রী হয় তাহাতে অনেক রকমের মৎস্যের ডিম থাকিতে পারে। ইহার কিছুটা যদি শিকারী মৎস্যের পোনা হয় তাহা হইলে এইগুলি ছোট রোহিত মৎস্যের পক্ষে বিশেষভাবে হানিকর হইতে পারে। তারপর পোনাগুলির বৃদ্ধির পক্ষে সর্ব্বাপেক্ষা অনুকূল হইতেছে অগভীর ও উষ্ণ জল। মজুদ করিবার উদ্দেশ্যে প্রাপ্ত পোনা-গুলিকে ৮ ফুট দীর্ঘ ও ৮ ফুট প্রস্থ এবং ১৪০ ফুট গভীর মৎস্য-ফুটন কেন্দ্রে রাখা উচিত। ২৪ হইতে ৩৬ ঘণ্টার মধ্যে ডিমগুলি ফুটিবার পর পোনা মাছগুলিকে একটি কাপড়ের জাল ও হাতার সাহায্যে কিঞ্চিৎ বৃহত্তর এবং তিন চার ফুট গভীর পোনাচাষের পুকুরে স্থানান্তরিত করিতে হইবে। পোনাগুলি তাড়াতাড়ি বাড়াইয়া তুলিতে হইলে ইহাদের স্বাভাবিক খাদ্যের ব্যবস্থা করা উচিত। এই জন্য ছোট ছোট গর্ত্ত করিয়া তাহার মধ্যে গোবর, সরিষার খোল, শুষ্ক পাতা অথবা খড় রাখিয়া দিলে পোনাগুলির উত্তম খাদ্য প্রস্তুত হইতে পারে। যতদিন না পোনাগুলি কনিষ্ঠাঙ্গুলির মত বড় হয় ততদিন এই স্বাভাবিক খাদ্যগুলি নার্সারি পণ্ডে স্থানান্তরিত করিতে হইবে; ইহার পরে পোনাগুলিকে বড় পুষ্করিণীতে চালান দেওয়া সম্ভবপর হইবে। যদি কয়েক একর পর্য্যন্ত বিস্তৃত খুব বড় জলাশয়ে মাছ জমা রাখিতে হয় তাহা হইলে পোনাগুলিকে গভীর জলে স্থানান্তরিত করিবার পূর্ব্বে ছোট পুষ্করিণীতে বাড়িতে দেওয়া দরকার। শীত কালে ও বর্ষাকালে তিন হইতে ছয় ইঞ্চি আকারের পোনা পাওয়া যায়; সেগুলি যে কোন আয়তনের জলাশয়ে রাখা যাইতে পারে, এবং পূর্ব্বোক্ত বিষয়ের দিকে লক্ষ্য না রাখিলেও চলিবে।

৫। একটা পুষ্করিণীতে কত মাছ রাখা যাইতে পারে তাহা নির্ভর করে উক্ত পুষ্করিণীর জলের উর্ব্বরতা-শক্তি এবং উহার উপরিভাগের আলো-বাতাসের উপর। সাধারণতঃ একটা মাছের জন্য এক গ্যালন জল এবং ছয় ফুট গভীরতা প্রয়োজন। এই দিকে লক্ষ্য রাখিয়া পুকুরে মাছ চাষ করা উচিত। পুকুরে স্বাভাবিক ও কৃত্রিম মৎস্যখাদ্য কিরূপ আছে, তাহা বিবেচনা করিয়া মাছ-চাষ করিলে উত্তম ফল পাওয়া যায়।

উল্লিখিত বক্তব্য হইতে বুঝা যায় যে, একটা পুকুরে কয়েক হাজার পোনা মাছ রাখা সম্ভব হইলেও ইহাতে সম সংখ্যায় বা কিছু কম সংখ্যায় পরিণত মাছ রাখা সম্ভব নহে। সেই জন্য পোনাগুলি বড় হইলেই অন্য পুকুরে চালান দেওয়া এবং বড়গুলি তথা হইতে বিক্রী করিয়া ফেলা উচিত।

৬। মাছের খাদ্য পুকুরের তলার মাটিতে এবং জলে উভয় জায়গায়ই পাওয়া যায়। পুকুরের অগভীর অংশে ছোট গাছপালাগুলি সহজে বাড়িয়া উঠে এবং পরে গভীরতর অংশে প্রসারিত হয়। এই জলীয় গাছপালা-গুলি ও তাহার সঙ্গের পোকামাকড়গুলি মাছের উত্তম খাদ্য ও মৎস্য বৃদ্ধির অনুকূল।

ইহা জানা উচিত যে দুই পুকুরের জল কখনও সমান নহে। এই জন্য পুকুর অনুযায়ী মাছের বৃদ্ধি দেখা যায়। পুকুরের তলার জলীয় পোকামাকড় ও লতাপাতা মৃগেল মাছের পক্ষে উপকারী; আর পুকুরের উপরিভাগস্থ ও পার্শ্বস্থ শাকসব্জী রুই-কাতলা মাছের বৃদ্ধির সাহায্য করে। যাহা হউক ঠিকমত কৃত্রিম সার দিলে মাছের বৃদ্ধির হার বাড়ানো সম্ভব এবং তাহাতে ভাল ফল পাওয়া যায়। নর্দ্দমার কাদায় যে তৃণ ইত্যাদি জন্মে তাহাও মাছের উত্তম খাদ্য। মৎস্য-চাষে এইরূপ খাদ্যের ব্যবহারে আশাতিরিক্ত লাভবান হওয়া যায়।

৭। যখন মাছগুলি আট বা দশ মাসের হয়, তখন

বিশেষ করিয়া গ্রীষ্মকালে পুকুরে মাঝে মাঝে জাল দেওয়া উচিত। ইহার ফলে আবর্জ্জনাময় পাঁক অথবা পাঁক উঠিয়া যাইবে। আর নীচের দিকে জল পরিষ্কার থাকিলে মাছগুলির চলাফেরার বেশ সুবিধা। যদি পরীক্ষা করিয়া দেখা যায় যে, মাছ আদৌ বাড়িতেছে না তখন ৪নং ধারার বর্ণিত দ্রব্যের সাহায্যে পুকুরের উর্ব্বরতা বাড়ানো উচিত। অথবা মাছের সংখ্যা কমাইয়া অন্য পুকুরে স্থানান্তরিত করা আবশ্যক।

৮। মাছের বৃদ্ধির জন্য ছায়া প্রয়োজন। যদি পুকুরের পারে ছায়া বিতরণের কোন গাছ না থাকে তাহা হইলে দুই-এক জায়গায় ছায়ার জন্য গাছ রোপণ করা অথবা ছায়াদানকারী অন্য কোন প্রকার জলজ সব্জীর চাষ করা আবশ্যক।

৯। মাছগুলির যাহাতে অনিষ্টকর কোন পরভোজী লতার গায়ে গা ঘসিতে না হয় তজ্জন্য কতকগুলি বাঁশ বা ঐ জাতীয় কিছু পুকুরে মাঝে মাঝে পুঁতিয়া রাখা দরকার।

যদি মাছের গায়ে লাল দাগ বা উকুন দেখা দেয় তাহা হইলে লবণমোলা জলে ( ০·২—০·৩ ) বা এক গ্যালন জলে ½ গ্রাম পটেসিয়াম পার্ম্যাঙ্গানেট মিশাইয়া উক্ত রোগাক্রান্ত একটা মাছ নমুনাস্বরূপ সেই জলে রাখিয়া দেওয়া উচিত। ব্যাপক মৎস্য-চাষের ক্ষেত্রে রোগাক্রান্ত মাছগুলি অন্য একটা হাসপাতাল পুকুরে ( রোগাক্রান্ত মাছের জন্য পুকুর ) স্থানান্তরিত করিতে হইবে আর সেখানে মাছগুলি সম্পূর্ণ আরোগ্যলাভ না করা পর্য্যন্ত উল্লিখিত ব্যবস্থা প্রয়োগ করিতে হইবে। এতদ্ব্যতীত সমস্ত পুকুরেও লবণ ও পটেসিয়াম পার্ম্যাঙ্গানেট ব্যবহার করা যাইতে পারে। মাছগুলি পূর্ণ আরোগ্য লাভ করিলে আবার আসল পুকুরে ছাড়িয়া দেওয়া যাইতে পারে। এই পন্থায় পুকুর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা যায় এবং পরভোজী লতা এবং মৎস্যের চর্ম্মরোগ দূরীকরণে যথেষ্ট সাহায্য হয়।

১১। গ্রীষ্মকালে পুকুরের চারিপাশ ও তলদেশ হইতে মরা উদ্ভিদগুলি তুলিয়া ফেলা আবশ্যক। কারণ পুকুরের তলদেশে এইসব মৃত গাছগাছড়াগুলি পচিয়া অনেক সময় মাছের মধ্যে মৃত্যুর হার খুব বেশী বাড়াইয়া তোলে। যদি মাছগুলি অধিক সংখ্যায় মরিতে দেখা যায় তাহা হইলে পুকুরে একখানি জাল টানিয়া পুকুরের জল পরিষ্কার করিয়া ফেলা উচিত। যদি মাছের মস্তক ভয়ানক আকারে ফোলা দেখা যায় তাহা হইলে পুকুরের জলে চূণ অথবা পটেসিয়াম পার্ম্যাঙ্গানেট ছড়াইয়া দিলে বিশেষ উপকার পাওয়া যাইতে পারে।

যে কোনও প্রকার সাংঘাতিক মড়কের সময় পুকুরের অবস্থা ও রোগের লক্ষণসমূহ উল্লেখ করতঃ মৎস্য-চাষ অভিজ্ঞ চিকিৎসকের জন্য পত্র লেখা উচিত এবং যদি সম্ভব হয় তাহা হইলে একটা মৃত মাছ ও শতকরা পাঁচ ভাগ ফরমালিন ঔষধ অথবা সাধারণ লবণে মাখিয়া রোগ নির্ণয়ের জন্য বাঙ্গলার মৎস্য বিভাগে প্রেরণ করা উচিত।

# সতীশ মুখোপাধ্যায়ের স্বদেশ-নিষ্ঠা ও স্বার্থত্যাগ

[ শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন। ]

প্রঃ—সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের সম্বন্ধে কিছু বলবেন ?

উঃ—সতীশ মুখোপাধ্যায় এখনো বেঁচে আছেন। কাশীতে থাকেন। মাস কয়েক হ'ল তাঁর সঙ্গে আমার কাশীতে দেখা হ'য়েছে। তাঁকে সার্ব্বজনিক কাজকর্ম্মে বোধ হয় ১৯২১-২২ সনের গান্ধি-যুগের পর কেউ বড়-একটা দেখেনি। আজকাল তিনি প্রকারান্তরে সত্যি-সত্যিই "কাশী বাসী"। বিদেশ থেকে ফিরে আসবার পর তাঁর সঙ্গে আমার মাত্র একবার দেখা হ'য়েছিল। তাও কয়েক মিনিটের জন্য কলকাতায়। বোধ হয় ১৯২৭ সনে। তার পর গত মার্চ্চ মাসে কাশীতে দেখা হয়।

প্রঃ—তাঁর বয়স কত ?

উঃ—বোধ হয় আশীর কাছা-কাছি। সতীশবাবু, বিবেকানন্দ, ব্রজেনশীল ইত্যাদি মনীষীদের প্রায় সমান বয়সের লোক। এঁদের সঙ্গে বন্ধুত্বও তাঁর ছিল।

প্রঃ—আপনি তাঁকে প্রথম দেখেন কখন ?

উঃ—১৯০২ সনে। তখন আমি প্রেসিডেন্সি কলেজের দ্বিতীয় বার্ষিকের ছাত্র। সেই হিসাবে ইডেন হিন্দু হষ্টেলের বাসিন্দা। একজন দাড়িওয়ালা ভদ্রলোককে রাধাকুমুদ মুখোপাধ্যায়ের ঘরে যাওয়া-আসা করতে দেখতাম। তখন বোধ হয় তাঁর বয়স বছর চল্লিশেক। শুনলাম তাঁর কারবার হচ্ছে ইডেন-কলেজের ভাল-ভাল ছেলেদের সঙ্গে মেলা-মেশা করা।

প্রঃ—ভাল-ভাল ছেলেদের সঙ্গে মেলা-মেশা কি ?

উঃ—প্রথম-প্রথম এই কথার মানে আমিও বুঝেছিলাম কি না সন্দেহ। খবর পেয়েছিলাম তিনি হাই-কোর্টের উকিল। কিন্তু উকিলি করেন না। উকিল উকিলি ছেড়ে দেওয়া আমার অভিজ্ঞতায় একটা অবর-দস্ত নতুন কাণ্ড মনে হ'য়েছিল। তার পর বিশ্ববিদ্যালয়ের প্রথম-দ্বিতীয়-তৃতীয় ইত্যাদি ছাত্রদেরকে বাড়ীতে-মেসে-হষ্টেলে গিয়ে পড়ানো! তাই বা কি ? শুনলাম,—কাউকে ইংরেজিতে রচনা লিখতে সাহায্য করতেন ( অবশ্য এটা বুঝতে কঠিন লাগেনি ), কারু সঙ্গে আবার দেশের কথা সম্বন্ধে তাঁর আলাপ হ'তো। ১৯০২ সনে "দেশের কথা" জিনিষটা আমার কাছে অতি-নতুন ঠেকেছিল।

প্রঃ—কেন ? "দেশের কথাটা"র ভেতর নূতনত্ব কি আছে ?

উঃ—এই ত মজা ! "দেশ", "দেশের কথা", "স্বদেশ-সেবা" "দেশের জন্য স্বার্থত্যাগ" ইত্যাদি শব্দ আমি আগে কখনো শুনিনি। শুনলাম প্রথম সতীশ বাবুর সংস্পর্শে। তখন আমার বয়স বছর পনর। ১৯০১ সনে কলকাতায় কংগ্রেসের অধিবেশন দেখে-

ছিলাম বটে। সুরেন ব্যানার্জির বক্তৃতাও শুনেছিলাম। কিন্তু তবুও কংগ্রেসটাকে স্বদেশ-সেবার কারখানা ব'লে মনে হয় নি। বস্তুতঃ, স্বদেশ-সেবা শব্দটাই যেন শুনিনি। তোদের আজকালকার তুলনায় সে যুগের ছোকরারা কত আনাড়ি ছিল দেখ্‌ছিস্? অবশ্য হয়ত বা ছোকরাদের ভেতর আমিই একমাত্র আনাড়ি ছিলাম। যাক। "দেশ" আর "স্বার্থত্যাগ" এই দুটা পারিভাষিক আমি সতীশবাবুর আবহাওয়ার দখল ক'রে নিলাম। স্বদেশ-নিষ্ঠা আর স্বার্থত্যাগ জীবন-দর্শনে ঠাঁই পেয়ে গেল। অন্ততঃ এক-মেটে' হিসাবে।

প্রঃ—প্রথম মোলাকাতের যুগে সতীশবাবুর কাছে আপনি আর কি নতুন জ্ঞান লাভ করলেন?

উঃ—শুনলাম লোকটা টাকা রোজগার করে না। পারে ত গরীব ছেলেদেরকে সাহায্যও করে। এই গেল "স্বার্থত্যাগের" দুই দফা। স্বার্থত্যাগ শব্দ তাঁর মুখে বেরুতো অহরহ। তার পর শুনা গেল,—তিনি অবিবাহিত। বিয়ে না করাটাও আমার মাথায় একটা প্রকাণ্ড নতুন জিনিষ মালুম হ'য়েছিল। স্বার্থত্যাগের তৃতীয় দফা হিসাবে এটা আমার মগজে ঘর ক'রে বস্‌ল।

প্রঃ—কেন? বিয়ে না করা, ব্রহ্মচারী থাকা,—এতো সাধু-সন্ন্যাসীদের অতি মামুলি কথা। বাঙ্‌লা দেশের কে না জানে?

উঃ—তাই ত। কিন্তু সতীশ বাবু যে সন্ন্যাসী, ফকীর বা সাধু তা কল্পনা করব কি ক'রে? লোকটা হাই-কোর্টের উকিল। জামা-জুতা, কাপড়-চোপড়, খাওয়া-দাওয়া, হাসি-ঠাট্টা, মিল-স্পেন্সার, সেক্স-পীয়ার-কাল'ইল ইত্যাদিতে তাঁর সঙ্গে অন্য-কোনো লিখিয়ে-পড়িয়ে বাঙালীর কারাক কোথায়? সতীশবাবুকে মনে হ'ত যেন স্বার্থত্যাগী গৃহস্থ মাত্র। বিয়ে করাটা আমার চিন্তায় স্বার্থত্যাগের অন্যতম লক্ষণ বা চিহ্ন মাত্র ছিল।

প্রঃ—কেন, তখন কি আপনি লিখিয়ে-পড়িয়ে বাঙালী সন্ন্যাসী দেখেন নি? বিবেকানন্দ'র দল আপনার অভিজ্ঞতায় আসে নি?

উঃ—না ভাই, সতীশ বাবুর সঙ্গে দেখা-সাক্ষাৎ হবার পূর্ব্বে আমি বোধ হয় বিবেকানন্দ'র নাম পর্য্যন্ত শুনিনি।

প্রঃ—কি বল্‌ছেন আপনি? ১৯০২ সনে বিবেকানন্দ মারা গেলেন। তখন আপনি প্রেসিডেন্সি কলেজে দ্বিতীয় বার্ষিকের ছাত্র। সেই সময়ে হিন্দু হষ্টেলে থেকেও আপনি বিবেকানন্দ'র নাম শুনেন নি?

উঃ—সাধে কি লোকে আমাকে গরু বলে? আমার আহাম্মুকির কথা যত শুন্‌বি, তত তোর লজ্জা বাড়্‌তে থাকবে। বিবেকানন্দ'র নাম আমি কোন্ ঘটনায় প্রথম শুনি জান্‌লে হাস্‌তে আরম্ভ ক'র্‌বি।

### "ক্রপ্‌স্ এণ্ড মার্কেটস"

( ইউনাইটেড্ ষ্টেট্‌স্, মে, ১৯৪২ )

১। শস্যাদি সম্বন্ধে বর্ণনা—

কতগুলি শস্যের অবস্থা বিজ্ঞপ্তি।

চাষী মজুর : ষ্টেট পিছু মাহিনার হার, ১৮৬৬-১৯৪২।

চাষে খড়ের মজুদ।

কয়েকটী বিশেষ শস্যের আনুমানিক উৎপন্নের সংখ্যা এবং বাস্তব উৎপাদন।

চাষীরা যেরূপ মূল্য পাইয়াছে।

গম, ইণ্ডিয়ার মিলে মজুদ, এলিভেটর এবং গুদাম হাউস সম্বন্ধে এপ্রিল, ১৯৪২।

২। বাজার বিজ্ঞপ্তি।

তুলা

ডেয়ারি ও পোলট্রি উৎপন্ন।

পশুর খাদ্যাদি।

শস্য।

জীবজন্তু ও গবাদি পশুর চর্ম।

### "ইণ্টার-ন্যাশন্যাল লেবার রিভিউ"

( জেনেভা, জুলাই ১৯৪২ )

১। ইণ্টার ন্যাশন্যাল লেবার রিভিউ পত্রিকা এবং সাধারণের শান্তির পরিকল্পনা : লণ্ডনে এমারজেন্সি কমিটির মিটিং, এপ্রিল, ১৯৪২।

২। ব্রিটিশ সেণ্ট্রাল আফ্রিকার শ্রমিক অবস্থা।

৩। যুদ্ধ এবং বাণিজ্যিক নৌ-শ্রমিক।

৪। যুক্তরাষ্ট্র, নিউজিল্যাণ্ড এবং ইরাকে পুনর্গঠন পরিকল্পনা, ব্রিটিশ গায়নাতে সামাজিক সংস্কার, ব্রেজিলে যান্ত্রিক শিক্ষা, সুইডেনে মজুরি নিয়ন্ত্রণ, ফরাসী সমাজ-বীমার পরিবর্তন, ব্রিটিশ কমন ওয়েল্‌থের বাড়ী সম্বন্ধে আইনকানুন।

৫। জীবন-ধারণের খরচা ও খাদ্যাদির মূল্য।

"দি আই, এল্, ও এবং প্ল্যানস ফর এ" 'পিপ্‌লস্ পিস' ( দি ইণ্টার-ন্যাশন্যাল লেবার রিভিউ এবং সাধারণের শান্তির পরিকল্পনা ) শীর্ষক প্রবন্ধটী লণ্ডনে এমারজেন্সি কমিটির সভার বিবরণী বলিলে বিশেষ ভুল হইবে না। ইহাতে লিখিত হইয়াছে প্রথমেই যে এই যুদ্ধ হইল সাধারণের—ইহা বড়লোকের যুদ্ধ নহে। আমাদের সম্মুখে সমস্যা হইল যে আমাদের ভাগ্য-নিয়ন্ত্রণের ব্যবস্থা আমাদের হস্তে থাকিবে কি না, আমাদের কর্ম-জীবনের গঠন আমরা নিজেরা দিতে সমর্থ হইব কি না অথবা কয়েকটী লোক যাহাদের হস্তে অস্ত্রশস্ত্রাদি যথেষ্ট আছে তাহারাই আমাদের পরিচালিত করিবে? শ্রমিকের প্রাণে যে আত্মিক প্রেরণা তাহারই পরিণতি হিসাবে আন্তর্জাতিক শ্রমিক অফিস প্রতিষ্ঠিত হইয়াছিল। ইহা বলা চলে সীমানা ছাড়াইয়া, ভাষার ব্যবধান অতিক্রম করিয়া, জাতীয় স্বার্থপরতাকে মাড়াইয়া তাহাদের এক ধরণের জীবন ধারণের ব্যবস্থা এবং সুখ ও স্বাচ্ছন্দ্য আনয়ন করা যায় কিভাবে তাহার উপায় নির্দ্ধারণের জন্যই আন্তর্জাতিক শ্রমিক অফিস সৃষ্টি হইয়াছে এবং তাহারা উহাকেই পরস্পরের একমাত্র সমস্যা বলিয়া গ্রহণ করিয়াছে। আজ পর্য্যন্ত যে সামাজিক ব্যবস্থা ছিল তাহাতে ওজনদাড়ীর

দুইটী দিকে "গরহজমের" ভারই বেশী ছিল। উপর দিকে গরহজম হইত অতিরিক্ত খাদ্যের জন্য এবং নিম্নের দিকে তাহা আসিত বুভুক্ষার তাড়নায়, অত্যাচারের পরিকল্পনায় এবং নিঃসহায় একতাবিহীন অবস্থার জন্য। এমন সমাজ গড়িতে হইবে যেখানে দারিদ্র্য থাকিবেনা প্রত্যেক মানুষের সুখী হইবার অধিকার অবিচ্ছিন্নভাবে থাকিবে। কাহারও অবকাশ-বিহীনতায় জীবন বিফল না হয়—ইহাই লক্ষ্যবস্তু।

মিঃ আর্থার বেভিন ব্রিটিশ মিনিষ্টার অব লেবার এবং ন্যাশন্যাল সার্ভিসের কর্ত্তা উপরি উক্ত মন্ত্রে একটী বক্তৃতা দিয়াছিলেন। উক্ত এমার্জেন্সি কমিটির মিটিং হইবার কারণ হইল মিউইয়র্ক ওয়াশিংটন কনফারেন্সের যে মূল উদ্দেশ্য ছিল তাহারই প্রবর্ত্তন করা। বিশেষ করিয়া যুদ্ধ-পশ্চাৎ সমস্যাগুলির বিষয়ে যেসকল প্রস্তাব উহাতে গৃহীত হইয়াছিল তাহারই বাস্তবরূপ দিবার ব্যবস্থা করাও এই সভার অন্যতম উদ্দেশ্য ছিল। কি কি উপায়ে চলতি যুদ্ধের কষ্টের নিবারণ হয় সেদিকে ইহার লক্ষ্য ছিল কম যেমন শ্রমিক সরবরাহ, সামাজিক নিরাপত্তা এবং নৌ-বিষয়ক প্রশ্নাদি।

পুনর্গঠনের জন্য সাধারণ ব্যবস্থা ব্যতিরেকেও কতকগুলি সমস্যা শ্রেণীবদ্ধ করিয়া তাহাদের উপর বিশেষ জোর দেওয়া হইয়াছে। ক্লাসিফায়েড্ লিষ্টের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয় সমস্যা, পুনর্গঠন এবং বহুকালব্যাপী নীতির মধ্যে পার্থক্য করিয়াই বিষয়গুলিকে ও সমস্যা-গুলিকে সাজানো হইয়াছে। কিন্তু ইহাও কেহ কেহ নির্দ্দেশ করিয়াছিলেন যে, উপরি উক্তভাবে শ্রেণীভাগ করার বিশেষ কোন ফলোদয় নাও হইতে পারে, কারণ তাহা অনেকটা কৃত্রিম এবং এখন যে রকম আর্থিক বা সামাজিক নীতির প্রবর্ত্তন করা হইবে তাহাই ভবিষ্যতে যুদ্ধ-পশ্চাৎ পৃথিবীর রূপ নির্ণয় করিবে।

বিশেষ শ্রেণীবদ্ধ বিষয়গুলির মধ্যে একটী হইল পাবলিক ওয়ার্কস্ পলিসি। ভবিষ্যতের যুদ্ধ-পশ্চাৎ পৃথিবীতে যাহাতে সাধারণের মধ্যে বেকার না থাকে তাহার উপায় স্বরূপ "প্ল্যানড্ পাবলিক ইনভেষ্টমেণ্ট পলিসি" হইল অন্যতম পরিকল্পনা। ইহা যাহাতে বিভিন্ন দেশে ভালভাবে কার্য্যকরী হইতে পারে তাহার জন্য জাতীয়, স্থানীয় অথবা দেশীয় অনুষ্ঠান ও কর্তৃপক্ষ ঠিক করা হইবে। ইহাদের কর্ত্তব্যই হইবে উচ্চ ধরণের কর্ম্ম নিয়োগ।

"দি ইউনাইটেড নেশানস। হোয়াট দে আর। হোয়াট দে মে বিকাম।" হেনরি বেনেট কর্তৃক লিখিত; ওয়ার্ল্ড সিটিজন্‌স্ এ্যাসোসিয়েশন কর্তৃক প্রকাশিত; শিকাগো; ১৯৪২; পৃঃ ১০০; মূল্য ২৫ সেণ্ট।

যুক্ত জাতির ভবিষ্যৎ উন্নতি সম্বন্ধে এবং উপস্থিত ইহার কিরূপ অবস্থা তৎসম্বন্ধে পুস্তকখানিতে মূল্যবান আলোচনা করা হইয়াছে। ইউনাইটেড নেশান বলিয়া যেরূপ একটী প্রতিষ্ঠান গঠিত হইয়াছে তাহার তুল্য অন্য কোন প্রতিষ্ঠান আজ পর্য্যন্ত জন্মায় নাই, ইহাই হইল লেখকের অভিমত। ইউনাইটেড্ ষ্টেট্‌সের ডিক্লারেশন যাহা হইয়াছে তাহাতে যোগদানকারী অংশীদারদের কিরূপ পারস্পরিক সাহচর্য্য চলিবে তাহারই একটা বিবরণ ইহাতে পাওয়া যায়। যুদ্ধ-পরিচালনার কার্য্যে ইউনাইটেড ষ্টেট্‌স ও গ্রেটব্রিটেন কিভাবে পরস্পরের সহায়তা করিবে তাহারই জন্য যে ব্যবস্থা ওয়াশিংটনে করা হইয়াছে তাহাও বিভিন্ন অধ্যায়ে বর্ণিত হইয়াছে। যেমন কম্বাইনড্ মিউনিশনস এ্যাসাইনমেণ্ট বোর্ড, দি কম্বাইনড্ র' মেটিরিয়ালস বোর্ড এবং কম্বাইনড শিপিং এ্যাডজাষ্টমেণ্ট বোর্ড। লাও লিজ বিল, রিসার্ভ ষ্টক তৈয়ারি করিবার জন্য পরিকল্পনা ইত্যাদিও পুস্তকখানির বিষয়-বস্তু। উহা ব্যতিরেকে অন্যান্য ধরণের ইণ্টার-এ্যালায়েড কো-অপারেশনও (ইউনাইটেড ষ্টেটস ক্যানেডিয়ান জয়েণ্ট বোর্ডস এণ্ড কমিটিস এণ্ড কো-অপারেশন উইথ ল্যাটিন আমেরিকা প্রভৃতিও ইহার অন্তর্গত) বইখানির আলোচ্য বিষয়ের মধ্যে উল্লেখযোগ্য বলিয়া মনে হয়। ইউনাইটেড নেশানের সম্ভাবিত উন্নতির পরিকল্পনার মধ্যে ইউনাইটেড পোলিটিক্যাল কাউন্সিল স্থাপিত হইবে এবং ইহার একটী এক্সিকিউটিভ ব্রাঞ্চও স্থাপিত হইবার কথা আছে। এই এক্সিকিউটিভ ব্রাঞ্চকে সাহায্য করিবে কতগুলি টেকনিক্যাল কাউন্সিল, যাহারা অর্থনীতি, ঐশ্বর্য্য, যানবাহন, খাদ্য, স্বাস্থ্য, গবেষণা এবং অন্যান্য প্রয়োজনীয় খবর সংগ্রহ করিবে ও তদনুরূপ বিষয়ে পরামর্শ প্রদান করিবে।

"দি রোড উই আর ট্রাভলিং ১৯১৪-১৯৪২"; ষ্টুয়ার্ট চেস কর্তৃক লিখিত; দি টোয়েণ্টিয়েথ সেঞ্চুরি ফাণ্ড কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২; পৃঃ ১০৬; মূল্য ১ ডলার মাত্র।

শান্তির সময়ে আর্থিক সমস্যা কিভাবে আসিতে পারে এবং তাহার কিভাবেই বা সমাধান করা যায় তাহা লইয়াই বইখানিতে যতদূর সম্ভব পরিষ্কারভাবে আলোচনা করা হইয়াছে। পুস্তকখানি টোয়িণ্টিয়েথ সেঞ্চুরি ফাণ্ডের জন্য বিশেষভাবে লিখিত হইয়াছে। ইহার প্রধান উদ্দেশ্য হইল যাহাতে যুদ্ধের পরে ইউনাইটেড ষ্টেটস্ পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা শক্তিমান দেশরূপে প্রতিষ্ঠা লাভ করিতে পারে তাহার ব্যবস্থা করা। বন্ধু দেশগুলির মধ্যে যাহাতে উহার কর্তৃত্ব বিশেষভাবে স্থায়ী থাকিতে পারে তাহাও ইহার লক্ষ্য বস্তু। সারা পৃথিবীর লোক যাহাতে পরস্পরের মধ্যে কো-অপারেশনের উপর নির্ভর করিয়া থাকিতে পারে তাহারই জন্য একটী পরিকল্পনা স্থির করা হইয়াছে। সেই জন্য লেখক ১৯১৩ সনের বলস্ত কাল হইতে আজ পর্য্যন্ত ইউনাইটেড্ ষ্টেটসে যেসকল পরিবর্ত্তন ঘটিয়া গিয়াছে তাহার একটি কাঠামো প্রস্তুত করিয়াছেন। তখনই উড্রো উইলসন তাঁহার "নিউ ফ্রিডম" নামক নূতন নীতি প্রচার করিয়াছিলেন। পরিবর্ত্তনের ইতিহাস—নিউ ফ্রিডম হইতে আরম্ভ করিয়া আজ পর্য্যন্ত অর্থাৎ যতদিন হইল ইউনাইটেড্

ষ্টেটস আবার যুদ্ধের মধ্যে জড়িত হইল সেই পর্য্যন্ত যান্ত্রিক শিক্ষার প্রগতি, লোক-সংখ্যার উচ্চ গতি, ইউনাইটেড ষ্টেটসের সীমানা নিয়ন্ত্রণ, পারস্পরিক নির্ভরশীলতা বেকার-সমস্যার ভীতি, প্রাইভেট ইনভেষ্টমেণ্টের যে অবকাশ তাহার অবসান, ফ্রি মার্কেট বন্ধ হইয়া যাওয়া, প্রচার কার্য্যের বৃদ্ধি, মেকানাইজড্ ওয়ারফেয়ারের প্রবর্ত্তন এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্টের দিনে দিনে ক্ষমতা বৃদ্ধি প্রভৃতি বিষয় যথাযথভাবে বইখানিতে আলোচনা করা হইয়াছে।

"এসেন্স অব ইনসেনটিভ মেথড্স" চার্লস্ ওয়াল্টার লিউস্ কর্ত্তৃক লিখিত; রোনাল্ড প্রেস কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ৪৬২; মূল্য ৬ ডলার।

যুদ্ধের জিনিষপত্র উৎপাদন বৃদ্ধির জন্য মাহিয়ানার হার যাহাতে বৃদ্ধি পায় তাহার দিকে বিশেষ জোর দেওয়া হইয়াছে। প্রথম দিকে কয়েকটী অধ্যায়ে কার্য্য বিশ্লেষণ এবং ইনসেনটিভ প্ল্যানের নির্ব্বাচন প্রভৃতি বিষয়ে আলোচনা করা হইয়াছে। ইহাতে এম্প্লিফিউটিভদের সুবিধা হইবে বাছাই করিয়া তাহাদের ব্যক্তিগত ক্ষেত্রে উপায় অবলম্বন করার পক্ষে। তাহার পর কয়েকটী বিশেষ প্ল্যান ও মডিফিকেশনের বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ করা হইয়াছে। সব বিশ্লেষণগুলিই তুলনামূলকভাবে সাজানো হইয়াছে। কারণ তাহাদের মধ্যে দুর্ব্বলতা ও সবলতা যাহাতে বেশ সুস্পষ্ট হইয়া উঠে তাহারই দিকে লক্ষ্য রাখা হইয়াছে। অবশেষে প্ল্যানগুলি কোন্ভাবে কার্য্যকর ভাবে নিয়োগ করা যায় সে বিষয়েও আলোচনা করা হইয়াছে। অধুনা কয়েক বৎসরে যে সকল অভিজ্ঞতা হইয়াছে এবং তাহার দ্বারা যে সব প্ল্যান নূতন করিয়া আঁটিতে হইয়াছে অথবা যাহা সম্পূর্ণভাবে ত্যাগ করিতে হইয়াছে তাহাও পুস্তকখানিতে সন্নিবিষ্ট হইয়াছে। তাহা ছাড়া নূতন নূতন প্ল্যান ইহাতে দেওয়া হইয়াছে এবং বহু প্রয়োজনীয় খবর সন্নিবিষ্ট হইয়াছে। "এক্সিলারেটিং প্রিমিয়ম" প্ল্যানস নামক একটী বিশেষ অধ্যায়ে লেখকের নিজস্ব চিন্তার কথা প্রকাশ করা হইয়াছে। ইহাতে কেভারেল ফেয়ার লেবার ষ্ট্যাণ্ডার্ডস এক্টি এবং ষ্টেট মিনিমাম লেজিসলেশন সম্বন্ধে বিশেষভাবে আলোচিত হইয়াছে। বাকী অধ্যায়গুলিতে গ্রুপ এপ্লিকেশন, টনসেটিড প্ল্যানস সাপ্লিমেণ্টারি টু প্রোডাকশান প্রভৃতি বিষয়ে লেখা হইয়াছে।

"রি-মেকিং অব আমেরিকা": জে ষ্টালিন কর্ত্তৃক লিখিত; হাফটন মিফ্লিন কোং কর্ত্তৃক প্রকাশিত; বোসটন, ১৯৪২; পৃঃ ২৮৭; মূল্য ৩ ডলার।

আমেরিকার গঠন-কার্য্যের উপযোগী মিনিষগুলির সম্বন্ধে এবং ভবিষ্যতে মনুষ্য-শক্তি ও আর্থিক শক্তির ব্যবহার সম্বন্ধে বইখানিতে সুন্দরভাবে আলোচনা করা হইয়াছে। আধুনিক সময়ে পৃথিবীব্যাপী যে রক্ষা কার্য্য চালাইবার পন্থা অবলম্বিত হইয়াছে সে সম্বন্ধে লেখক তাঁহার মন্তব্য করিয়াছেন যে সামাজিক নিরাপত্তা যে শুধু টোটাল ডিফেন্সের পক্ষে একান্ত প্রয়োজনীয় তাহাই নহে, ন্যাসন্যাল ইউনিটি অর্থাৎ জাতীয় একতাও মনুষ্যশক্তির এবং পারস্পরিক সাহচর্য্যের জন্য বিশেষ মূল্যবান। বিদেশী নীতি সম্বন্ধে বইখানি একটী নূতন আলোকপাত করিয়াছে। "ফডিমাল সোসিয়াল রিলেশন" সামাজিক আত্মীয়তার ঘনিষ্ঠতাই এক্ষণে বিদেশী নীতির মূল ভিত্তি হওয়া বাঞ্ছনীয় এবং পূর্ব্বের যে "স্বার্থ" ভিত্তি তাহা এখন অচল হইয়া উঠিয়াছে। লেখক বলেন যে, হ্যারি হপকিনসকে ইংলণ্ডে আমেরিকার স্পেশাল রিপ্রেসেনটেটিভ হিসাবে এবং একজন সমাজ বিজ্ঞানবিদ ও শ্রমিক সম্বন্ধে বিজ্ঞ লোককে লণ্ডনে দূত হিসাবে পাঠানো খুবই সময়োচিত কার্য্য হইয়াছে বলিয়া লেখক বিবেচনা করেন।

লেখক বলেন যে, সারা পৃথিবীটাই একটা বিদ্রোহের মধ্যে রহিয়াছে। আমেরিকা এই পৃথিবীতেই রহিয়াছে এবং যে পরিবর্ত্তন অবশ্যম্ভাবী তাহার অংশ ইহাকে লইতেই হইবে। আমেরিকাকে নূতনভাবে গঠন করিতে গিয়া আমরা পৃথিবীকেও নূতন গঠনে সাহায্য করিব। এক্ষণে আমেরিকা স্বতন্ত্র একটা জাতিরূপে গঠিত হইবে এবং এখানে আরও দীর্ঘায়ু এবং আরও প্রয়োজনীয় সভ্যতার সৃষ্টি হইবে বলিয়া আশা করা যায়।




"সোসিয়াল ওয়েলফেয়ার এণ্ড প্রফেশানাল এডুকেশন" এডিথ এ্যাবট কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব শিকাগো কর্তৃক প্রকাশিত; শিকাগো; ১৯৪২; পৃঃ ৩২১; মূল্য ৩ ডলার।

২। "এল ট্রাবাজো আ ডোমিসিলিও" অসকার আলার্কন কর্তৃক লিখিত; ১৯৪১; পৃঃ ৮৭।

৩। "দি কেস অব আফ্রিকান ফ্রিডম"; ভরেন ক্যারি কর্তৃক লিখিত; ফেবার এণ্ড ওয়ারবার্গ কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ১২৮; মূল্য ২ শিলিং

৪। "লেবার প্রব্লেম্‌স্ ইন দি প্যাসিফিক ষ্যান-ডেটস্" ভন এ্যালস্টিন ডেকার কর্তৃক লিখিত; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; লণ্ডন এণ্ড নিউ-ইয়র্ক; ১৯৪০; পৃঃ ২৪৬।

৫। "প্ল্যানিং ফর আমেরিকা"; জর্জ বি-গ্যালোরে এণ্ড এসোসিয়েটস কর্তৃক লিখিত; হেনরি হোলট্ এণ্ড কোঃ কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ৭১৩; মূল্য ৩ ডলার মাত্র।

৬। "দি ডিনামিক্‌স্ অব ইনডাষ্ট্রিয়াল ডেমক্রাসি"; এস ক্লিনটন; গোল্ডেন এবং রাটানবার্গ কর্তৃক লিখিত; হার্পার এণ্ড ব্রাদার্স কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২; পৃঃ ৩৪৮; মূল্য ৩ ডলার।

"দি পসিশন অব কলোনিস ইন এ ব্রিটিশ কমনওয়েলথ অব নেশানস" লর্ড হেলি কর্তৃক লিখিত; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; অক্সফোর্ড; ১৯৪১; পৃঃ ৪২।

৮। "ইকনমিক্‌স্ অব সোসিয়াল সিকিউরিটি"; এস্ ই হ্যারিস কর্তৃক লিখিত; ম্যাকগ্রহিল কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক এণ্ড লণ্ডন; ১৯৪১; পৃঃ ৪৪৪; মূল্য ৫ ডলার মাত্র।

৯। "দি ইণ্টার-আমেরিকান সিস্টেম"; ভন পি ভ্যানড্রে কর্তৃক লিখিত; ম্যাকমিল্যান কোম্পানী অব ক্যানাডা কর্তৃক প্রকাশিত; টোরোণ্টো; ১৯৪২; পৃঃ ৩২৯।

১০। "ওয়েজ ইনসেনটিভ মেথড্‌স্" চার্লস ওয়াল্টার লিটল্ কর্তৃক লিখিত; দি রোণাল্ড প্রেস কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪২ পৃঃ ৪৭২; মূল্য ৫ ডলার মাত্র।

"এন কো-অপারেটিভিজমো আর্জেন্টিনো এ এল্ পেরু" আলেকজান্দ্রো ম্যাকলিন ই এসটেনো কর্তৃক লিখিত; প্যান-আমেরিকান ইউনিয়ন কর্তৃক প্রকাশিত; ওয়াশিংটন; ডি সি ১৯৪২; পৃঃ ৪১।

১২। "দি ফিনানসিয়াল এণ্ড ইকনমিক হিসট্রি অব দি আফ্রিকান ট্রপিক্যাল টেরিটরিস"; সার অলান পিম কর্তৃক লিখিত; ক্লারেনডন প্রেস কর্তৃক প্রকাশিত; অক্স-ফোর্ড; ১৯৪০; পৃঃ ২৩৪।

১৩। "মোবিলাইজিং ক্যানাডাস রিসোর্সেস ফর ওয়ার"; এ এফ্ ডাবলিউ প্ল্যাম্পট্রে কর্তৃক লিখিত; দি ম্যাকমিল্যান কোম্পানী অব ক্যানাডা কর্তৃক প্রকাশিত; টোরোণ্টো; ১৯৪১; পৃঃ ৩০৬; মূল্য ৩ ডলার।

১৪। "টেকনোলজি এণ্ড সোসাইটি"; এস্ ম্যাকি রোসেন এণ্ড লওরা রোসেন কর্তৃক লিখিত; উইলিয়াম এফ্ অগবার্ণ কর্তৃক লেখা ভূমিকা সম্বলিত; দি ম্যাকমিলান কোম্পানী কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ৪৮৪; মূল্য ৩ ডলার।

# পণ্যদ্রব্য ও পণ্যদ্রব্য মূল্য নিয়ন্ত্রণ

শ্রীসুধাকান্ত দে

## প্রকৃত অবস্থা

প্রত্যেকে জানেন আমাদের দেশে ভীষণ দ্রব্য-সঙ্কট দেখা দিয়াছে। দ্রব্য-সঙ্কটের অর্থ: (১) দ্রব্য দুষ্প্রাপ্য হইয়া দাঁড়াইয়াছে; অথবা (২) দ্রব্য এরূপ অগ্নিমূল্যে বিকাইতেছে যে জনসাধারণের পক্ষে তা ক্রয় করা প্রায় অসম্ভব।

অনেককেই সাংসারিক ব্যয় যথাসম্ভব সংক্ষেপ করিতে হইতেছে। না করিয়াই বা উপায় কি? না খাইয়া ত মানুষ বাঁচিতে পারে না। চাউল, ডাইল, তৈল, লবণ, চিনি, মাছ, মাংস, দুধ, ঘি সব-কিছুর দর ২০০ হইতে বৃদ্ধি পাইয়াছে। কোথাও কোথাও দর তার চেয়েও বেশী বাড়িয়াছে। সুতরাং সাধারণ গৃহস্থের পক্ষে প্রয়োজনীয় সমস্ত চাউল কিনিতেই গলদ্‌ঘর্ম হইতে হয়, অন্য খাদ্যদ্রব্য কিনিবার মত অর্থ কমই হাতে থাকে। খাদ্যদ্রব্যের অভাবে মানুষ সব চেয়ে বেশী কষ্ট পায়। লোকের মুখে, সভাসমিতিতে, সংবাদপত্রে সর্বত্র এক কথা শোনা যাইতেছে: 'খাদ্যাভাবে লোক যারপর নাই বিপন্ন হইয়াছে।'

খাদ্যদ্রব্য ছাড়া অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যও বহু গুণ বাড়িয়াছে। বস্ত্র-সমস্যার কথা জানেন না, এমন বাঙ্গালী কেহ নাই। খুঁজিলে দেখা যাইবে, কত গৃহস্থের বাড়ীতে পুরুষ ও স্ত্রীলোক প্রায় এক বস্ত্রে লজ্জা নিবারণ করিতেছে। কাপড়ের দর ক্রমাগত বাড়ায় লোকে উদ্ধারের উপায় খুঁজিয়া পাইতেছে না।

তারপর কাগজের দুর্ভিক্ষ ত আমরা অনবরত অনুভব করিতেছি। কাগজের দর কল্পনাতীতরূপে বৃদ্ধি পাইয়াছে। কয়লা সম্বন্ধেও ঐ কথা।

ফলে, একদিকে মানুষের পেটে অন্ন নাই, অথবা কূ-অন্ন পড়িতেছে (তাও কম পড়িতেছে), অন্যদিকে তার লেখাপড়া, ব্যবসা-বাণিজ্য সর্বত্রই বিষম বাধা উপস্থিত হইয়াছে।

সত্য বটে, ১৯১৪-১৮ খৃষ্টাব্দের বিশ্বযুদ্ধে পণ্যদ্রব্যের মূল্য খুব বৃদ্ধি পাইয়াছিল, এবং লোককে অপরিসীম দুঃখকষ্ট সহ্য করিতে হইয়াছিল। কিন্তু তখন কেহ ভাবিতে পারে নাই চাউলের দাম মণ প্রতি ২৫৲ টাকা হইবে, অথবা এক জোড়া মোটা ধুতি ৮৲ ও শাড়ী ১১৲।১২৲ টাকার কমে পাওয়া যাইবে না। গত যুদ্ধের মূল্যবৃদ্ধির সহিত বর্তমান যুদ্ধের মূল্যবৃদ্ধির তুলনাই হইতে পারে না।

একথা বলা যাইতে পারে বটে যে, বর্তমান যুদ্ধে অসংখ্য লোক নূতন নূতন চাকরী লাভ করিয়াছে ও অর্থোপার্জন করিতেছে। স্থল, জল, আকাশ সৈন্য বাহিনীতে, এ আর পি ও সিভিক গার্ড হিসাবে হাজার হাজার যুবক কাজ পাইয়া অর্থোপার্জন করিতেছে। তা ছাড়া, সমর সম্ভার যোগানের জন্য নানা সরকারী বিভাগ খোলায় সেগুলিতে বহুসংখ্যক কেরাণী ও অন্য কর্মচারীদের লওয়া হইয়াছে। মাটি কাটা, রাস্তা তৈরী, রেল পাতা, এরোড্রোম নির্মাণ প্রভৃতি অনেক নূতন ব্যবসাতেও বাঙ্গালীর ছেলে টাকা খাটাইয়া টাকা আনিতেছে। একটা সঠিক হিসাব গ্রহণ করিলে দেখা যাইবে, হাজার হাজার লোক আজ কাজ পাইয়াছে ও কিছু-না-কিছু উপার্জন করিতেছে; যাদের পকেটে কোন দিন পয়সার ঝনঝনানি শোনা যায় নাই (বিদ্যার অল্পতাবশতই হোক্ বা অন্য কারণেই হোক্) এমন সব লোকও তাদের মধ্যে অনেক আছে। সৈন্যবাহিনীকে রসদ্ যোগাইয়াও অনেকে দুপয়সা রোজগার করিতেছে।

এই সব লোক পরে বেকার হইয়া পড়িবে কিনা, সে প্রশ্ন এখন আলোচনা করিতেছি না। এক শ্রেণীর লোকের উপার্জন-ক্ষমতা হওয়ায় দেশের ক্রয়-শক্তি জন্মিয়াছে,

ইহাই আমাদের বক্তব্য। কিন্তু উপরোক্ত ব্যক্তিগণ দেশের সমগ্র উপার্জনক্ষম লোকের অল্প অংশ মাত্র। দেশের যে সব লোকের আয় বাঁধা বরাদ্দ, সামান্য চাকুরীজীবিগণ—ইহারা সরকারের, জমিদারের বা সওদাগর আপিসের কর্মচারী—দেশের নূতন অর্থাগমের কোন অংশ পাইতেছে না। বহু স্থানে মাগ্‌গি ভাতার প্রচলন হইয়াছে বটে, কিন্তু তা মূল্যবৃদ্ধির হারে নয়। সুতরাং কষ্টের সীমা নাই দুঃখের বিষয়, আমাদের দেশে অধিকাংশ চাকুরে এই শ্রেণীর।

মনে হইতে পারে, ধান চাউলের দর অনেক বাড়িয়াছে, অতএব চাষীদের অবস্থা আগের তুলনায় ভাল হইয়াছে। তা সত্য হইলে, বর্তমান অবস্থার স্বপক্ষে অনেক-কিছু বলিবার থাকিত। কিন্তু কোন কাঁড়া মালের উৎপাদকই আজ সুবিধা করিতে পারিতেছে না। প্রথমত, দর-বৃদ্ধির অতি অল্প অংশ মাত্র তার ভাগে পড়িতেছে। দ্বিতীয়ত, যে লভ্যটুকু তার ভাগে আসিতেছে, তা তার প্রয়োজনীয় সমুদয় দ্রব্যের ক্রয়-শক্তি অপেক্ষা অনেক কম। তৃতীয়ত, চাষীর ফসল যথেষ্ট হয় নাই বলিয়া, সে কম পাইতেছে।

কারখানার শ্রমিকের কিছু সুবিধা হইয়াছে। সে চাষী অপেক্ষা অধিক সঙ্ঘবদ্ধ এবং যুদ্ধের প্রয়োজনে অনেক ক্ষেত্রে তাকে তার পরিশ্রমের জন্য বেশী মূল্য দিয়া রাখিতে হইতেছে।

সমাজের অন্যান্য শ্রেণীর লোকদের মধ্যে কেহ লাভবান্, কেহ ক্ষতিগ্রস্ত হইতেছে। যেমন, উত্তমর্ণ ঠকিতেছে, অধমর্ণ জিতিতেছে। ধরুন, কোন ব্যবসায়ী ব্যাঙ্কের নিকট হইতে দশ হাজার টাকা ধানের উপর ধার লইয়াছে। ব্যাঙ্ক আগে যখন দশ হাজার টাকা ধার দিয়াছে, তখন তাতে যত ধান পাইত, এখন তার অর্দ্ধেকও পায় না। পরন্তু অধমর্ণ ধার শোধ করিতে গিয়া আসের অর্দ্ধেক বা তার চেয়েও কম ধান বেচিয়া শোধ করে।

বস্তুত, সমাজের প্রত্যেক শ্রেণী লইয়া পরীক্ষা করিয়া দেখা দরকার, বর্তমান দর-বৃদ্ধিতে কার কিরূপ সুবিধা বা অসুবিধা হইতেছে। সম্যক্ পর্যালোচনার পর মোটামুটি এই কথা বলা চলে যে, সাধারণভাবে দেশের অধিকাংশ লোক, দ্রব্য মূল্যের, বিশেষত খাদ্যদ্রব্য মূল্যের, বৃদ্ধি হেতু অত্যন্ত দুর্দশাগ্রস্ত হইয়াছে। যারা নূতন পয়সার মুখ দেখিয়াছে, এ বিষয়ে শুধু তাদের সংখ্যাই যথেষ্ট বলিয়া বিবেচিত হইতে পারে না। তাদেরও অনেকে যথেষ্ট উপার্জন করে না।

## কারণ কি ?

মূল্যবৃদ্ধির কারণ দ্রব্যাল্পতা। কিন্তু দ্রব্যাল্পতার কারণ কি ? কতকগুলি কারণ স্পষ্ট। যেমন,

(১) যুদ্ধের জন্য যোগান। এক্ষণে বাংলা ও আসাম যুদ্ধের অত্যন্ত নিকটবর্তী হইয়া পড়িয়াছে। সুতরাং ক্রয়-বর্দ্ধনের সকল শ্রেণীর সৈন্যদের রসদ যোগান যে উত্তরোত্তর বাড়িয়া যাইবে তা নিশ্চিত নয়।

(২) স্বদেশের বাহিরে রপ্তানি। সরকারের মারফৎ সিংহল কর্তৃক লক্ষ লক্ষ মণ চাউল ক্রয়ের কথা আমরা জানি। ইহা লইয়া সংবাদপত্রে আন্দোলনও হইয়া গিয়াছে। সরকার ছাড়া সমুদ্রপারে অন্য বিক্রেতারা আছে, ভুলিয়া গেলে চলিবে না। যেখানে আমাদের নিজেদের ঘরে যথেষ্ট খাবার ও অন্য প্রয়োজনীয় জিনিষ নাই, সেখানে বাহিরের লোক ভাগ বসাইলে আমাদের অভাব ত হইবেই।

(৩) কিছুদিন আগেকার ভয়ঙ্কর তুফান। মেদিনীপুর ও অন্যান্য স্থানের প্রবল বন্যায় বহু লোকের মৃত্যু হইয়াছিল ও শস্যের প্রভূত ক্ষতি হইয়াছে। তারপর সরকার হইতে শস্যের যে পূর্ণাভাস পাওয়া গিয়াছে, তাতে চাউলের অভাব হইবে বলিয়া মনে হয়।

ইত্যাদি।

কিন্তু এখানে আরও দুইটি কারণ সম্বন্ধে কিঞ্চিৎ বিশেষ বিবেচনা করা দরকার।

প্রথমত সরকার প্রবর্তিত নিয়ন্ত্রণনীতি। এই প্রথা দ্বারা বিশেষভাবে চাউল ও অন্য খাদ্যদ্রব্যের যোগান ও মূল্য নিয়ন্ত্রণ করিবার ব্যবস্থা হইয়াছিল। এই নিয়ন্ত্রণ এরূপ কঠোরভাবে প্রযুক্ত হইবার হুকুম ছিল যে, চাউল প্রভৃতি এক জেলা হইতে অন্য জেলায় চালান দেওয়া

নিষিদ্ধ ছিল, অবশ্য সরকারী আদেশ পাইলে তা সম্ভব হইত। অন্য দিকে, খাদ্যদ্রব্যের ও অন্যান্য জিনিষের দর বাঁধিয়া দিবার প্রচেষ্টা ছিল। সরকারের লক্ষ্য ছিল এই যে, শেষ পর্যন্ত তাঁরাই জিনিষ কিনিয়া প্রয়োজনমত সরবরাহ করিবেন। চিনি, আটা, চাউল ইত্যাদি জিনিষ সর্বসাধারণকে এক একবারে নির্দিষ্ট অল্প পরিমাণে বিভিন্ন স্বীকৃত দোকান হইতে নিয়ন্ত্রিত অল্প দরে দিবার ব্যবস্থা সরকার করিয়াছিলেন।

কিন্তু নিয়ন্ত্রণের ফল আশানুরূপ হয় নাই। সরকার-নির্দিষ্ট দোকান হইতে "রাস্তার লোকের" জন্য অল্প দামে বিভিন্ন জিনিষ বিলি করা হইয়াছে বটে, কিন্তু চাউলের দর এই সময়ে ১২।১৩৲ টাকা হইতে ২৫৲ টাকায় উঠিয়াছে। ইহাতে দেশে বিশেষ অসন্তোষ ও আন্দোলন দেখা দিয়াছে। সন্দেহ করা হইয়াছে যে, যাদের হাতে চাউল ইত্যাদির পুঁজি ছিল তারা তা বাজারে ছাড়ে নাই, সরকার জোর করিয়া দর নির্দিষ্ট করিয়া দিবেন, এই ভয়ে; অন্য দিকে জিনিষের যথেষ্ট যোগানের অভাবে দর আরও চড়িয়া গিয়াছে। যাহোক্, বর্তমানে বাংলা সরকার কতক পরিমাণে এক স্থান হইতে অন্য স্থানে খাদ্য-দ্রব্য চালান দিবার বিধিনিষেধ কতকগুলি নির্দিষ্ট ক্ষেত্রে শিথিল করিয়া দিয়াছেন। যদিও "রাস্তার লোকের" জন্য নিয়ন্ত্রিত দরে বিক্রয়ের ব্যবস্থাটা বলবৎ রহিয়াছে।

আমাদের বিবেচনায়, সরকারের নিয়ন্ত্রণ-নীতি দেশের দ্রব্য সঙ্কট ও মূল্য সঙ্কট দেখা দিবার জন্য কতক পরিমাণে দায়ী। আমরা বলিতেছি না, এ বিষয়ে বাংলা সরকার ইচ্ছা পূর্বক বিপদ্ আনয়ন করিয়াছেন। তাঁরা যে পরীক্ষা করিতে গিয়াছিলেন, তা বিফল হইয়াছে; এবং তা বুঝিতে পারিয়া তাঁরা যে কতক পরিমাণে সে ব্যবস্থা রহিত করিয়াছেন, সেজন্য তাঁরা প্রশংসার্হ।

দ্বিতীয়তঃ, ইনফ্লেশন বা কৃত্রিম মুদ্রাবৃদ্ধি। বর্তমানে ভারতীয় ও প্রাদেশিক সরকারকে বহুতর খাতে কোটি কোটি টাকা খরচ করিতে হইতেছে। যুদ্ধের ব্যয় ক্রমেই বিপুল হইতে বিপুলতর আকার ধারণ করিতেছে। সরকার কেমন করিয়া এইসব খরচ মিটাইতে পারেন? এত সোনা বা রূপা বা তামার প্রচলন সম্ভবপর নয় যে, ইচ্ছামত ব্যবহার করিয়া খরচ মিটান যায়। সোনা, রূপা, এমন কি তামা জমাইবার প্রবল প্রবৃত্তি ত লোকেদের আছেই; পরন্তু তার উপরে নোট অর্থাৎ কাগজে মুদ্রিত সরকারের প্রতিজ্ঞা-পত্র না চালাইয়া উপায় নাই। অতিরিক্ত কাগজী মুদ্রা প্রচলিত করিলে দেশের মধ্যে টাকার দর কমিতে ও সব রকম জিনিষের দর বাড়িতে বাধ্য। ইহা মুদ্রার পরিমাণ-তত্ত্বের এক রকমের আর কি। মনে রাখা দরকার

(১) বাংলা দেশের লোক-সংখ্যা খুব বেশী বাড়িয়াছে;

(২) যুদ্ধ ও অন্যান্য কারণে খাদ্য ও অন্যান্য দ্রব্যের প্রয়োজন বাড়িয়াছে;

সেগুলির যোগান যথেষ্ট নাই।

সুতরাং সাধারণ নিয়ম অনুসারে জিনিষের দর বাড়িবার কথা। নিয়ন্ত্রণ ব্যবস্থার দরুন টান-যোগানের সমতা প্রাপ্তিতে বিঘ্ন বাধা ঘটায় কতকগুলি জিনিষের দর বাড়িয়াছে। আবার কৃত্রিম মুদ্রাবৃদ্ধি দেশের সকল পণ্য-দ্রব্যকে সমভাবে আঘাত করিতেছে। কথা হইতে পারে যে, দেশে যদি মুদ্রা বা ক্রয়-শক্তি বৃদ্ধি পায়, তা হইলে তা সর্ব শ্রেণীর মধ্যে ছড়াইয়া পড়িবার কথা। তবে অধিকাংশ লোকের এরূপ দুর্দশা কেন হইল? সত্য বটে, ক্রয়-শক্তি বাড়িলে সকল শ্রেণীর লোকে তার সুযোগ পাইবার কথা, কিন্তু তজ্জন্য সময়ের প্রয়োজন হয়। যুদ্ধের পরবর্তী সময় সমষ্টা বিবেচনা করিলে দেখা যাইবে, যোগান কিছুতেই টাল সামলাইতে পারিতেছে না এবং কৃত্রিম মুদ্রা বৃদ্ধি সকল শ্রেণীর মধ্যে ছড়াইয়া পড়িবার পূর্বেই আবার মুদ্রা বৃদ্ধি ঘটিতেছে। এক্ষণে ক্রমাগত ইনফ্লেশন দ্বারা নূতন নূতন অবস্থার উদয় হইতেছে, তার সহিত খাপ খাওয়াইবার সময় মিলিতেছে না। গুরুতর অর্থসঙ্কট—যা সকল দেশের সকল অর্থশাস্ত্রী বিশেষ ভয়ের চোখে দেখেন—দেখা দেয় এই পথে, এখনই তা স্মরণ রাখা দরকার।

## উপায়-নির্দ্দেশ

বাংলা দেশে দ্রব্য সম্পর্কে এক্ষণে যে অভাব ও অত্যন্ত মূল্যবৃদ্ধি দেখা দিয়াছে, তার সমাধানের কি কোন উপায় নাই? আমরা মনে করি না, নাই। ইংলণ্ড আমাদের চেয়ে ঢের বেশী পরিমাণে যুদ্ধের বুঝি বহন করিতেছে। অথচ সেখানে পণ্যদ্রব্যের মূল্যের সূচীসংখ্যা মোটামুটি ২৫%এর বেশী বৃদ্ধি পায় নাই—যুদ্ধপূর্ব্ব মূল্যের তুলনায়। আমেরিকার যুক্তরাষ্ট্রে সর্ব্বপ্রকার যুদ্ধ-প্রয়োজনীয় দ্রব্যের উৎপাদন কি পরিমাণে বাড়িয়া গিয়াছে, তা সকলেই জানেন। তথাপি সেখানে দ্রব্যমূল্যের সূচীসংখ্যা প্রায় আগের মতই রহিয়াছে।

আমাদের প্রয়োজন দুইটি :

(১) সকল রকম দ্রব্য যথাযোগ্য, অন্তত যথেষ্ট, পরিমাণে পাইবার সুযোগ সৃষ্টি করা।

(২) ঐ সব দ্রব্যের দর যতদূর সম্ভব শস্তা হওয়া।

কতকগুলি জিনিষের উৎপাদন কতক পরিমাণে আমাদের করায়ত্ত। যেমন ধান, ডাল, সরিষা, ডিম ইত্যাদি। অবশ্য এগুলি সম্বন্ধে মুস্কিল এই যে, কোন কোন ক্ষেত্রে টান যোগানে তৎক্ষণাৎ সমতা আনা যায় না। যেমন, আজ বুঝা যাইতেছে, ধানের ক্ষেত এ বছর অনেক পরিমাণে বাড়ান উচিত ছিল। কিন্তু একথা এক বছর আগে বুঝা যায় নাই। অথচ তার জন্য এক বছর, অন্তত ছয় মাস, দরকার। তথাপি সরকার যদি সুচিন্তিত ও প্রণালীবদ্ধভাবে খাদ্য ও প্রয়োজনীয় দ্রব্য বাড়াইবার নীতি গ্রহণ করেন, তা হইলে বাংলাদেশ নিজের সকল দ্রব্যের যোগান নিজে দিতে পারিবে বলিয়া আমাদের বিশ্বাস। ধান বা গম বা তুলা বা আঁক বা কাগজ কি আমরা যথেষ্ট পরিমাণে দেশের মধ্যে উৎপাদন করিতে পারি না? এজন্য দরকার কোথাও সরকারের উৎসাহ দান, কোথাও পুঁজিদারগণের পরস্পর মিলন, আবার কোথাও অতিরিক্ত বাক্তির সমাবেশ।

দেশে যথেষ্ট জিনিষ উৎপন্ন হইলে কৃত্রিম নিয়ন্ত্রণের প্রয়োজন হয় না। দর আপনা হইতে নামিয়া যায়। যুদ্ধ চলিতে থাকুক অথবা থামিয়া যাক্, অতি-প্রয়োজনীয় জিনিষ উৎপাদনে আমাদের নিরস্ত থাকা চলিবে না। বাংলা দেশকে পরমুখাপেক্ষী না থাকিয়া নিজের অভাব নিজে মিটাইবার চেষ্টা করিতে হইবে। কিন্তু বাংলা দেশের মধ্যে নিয়ন্ত্রণ-নীতি—ইহা একপ্রকার সংরক্ষণ—চালাইবার কোন প্রয়োজন আমরা দেখিতেছি না। বরং রেলায় রেলায় যত অবাধ আদান প্রদানের ব্যবস্থা থাকিবে, তত পণ্য দ্রব্যাদির সহজ চলাচলে লোকের অভাব মিটিবে এবং প্রতিযোগিতার সাধারণ নিয়মে দর অধিক চড়িতে পারিবে না। সুতরাং আমরা চাই, গোটা বাংলা দেশের পক্ষে এক অখণ্ড নীতি প্রযুক্ত হয়।

সরকার জিনিষ কিনিয়া সস্তা দরে দিতে চান, ভাল কথা। কিন্তু মনে রাখা দরকার, ব্যবসা করা ও শাসন চালান এক জিনিষ নয়। সরকারকে ব্যবসায়ী সাজিতে হইলে কোথাও কোথাও ভুল হইবে, এবং তা বড় রকমের ভুল। অল্প আয়ের সাধারণ লোকেদের জন্য যে নিয়ন্ত্রিত দরের ব্যবস্থা আছে, তার সপক্ষে বরং বলিবার কথা আছে। কিন্তু সেই নিয়ন্ত্রিত দর সর্ব্বত্র প্রচলিত করিবার ক্ষমতা সরকারের নাই, ইহা প্রমাণিত হইয়া গিয়াছে।

আজকের দিনে সবচেয়ে লক্ষ্য করিবার বিষয় এই যে, টাকার দর ক্রমাগত কমিয়া যাইতেছে। শুধু যে টাকার দর কমিতেছে তা নয়। সর্ব্বপ্রকার ক্রয়-শক্তির মর্য্যাদা নামিতেছে। যুদ্ধের পূর্ব্বে এক টাকায় যে পরিমাণ জিনিষ পাওয়া যাইত এখন তার চেয়ে ঢের কম—কোথাও অর্দ্ধেক, কোথাও সিকি, কোথাও তার চেয়েও কম,—পাওয়া যাইতেছে।—এই টাকা সোনা রূপা বা কাগজ যাই হোক্। অর্থাৎ জিনিষের দর বাড়িতেছে, আর টাকার দর কমিতেছে। অর্থশাস্ত্রীরা এই অঘটনের কারণ লইয়া বিশেষ মাথা ঘামাইতেছেন। সম্প্রতি শ্রীযুক্ত ভকীল এ সম্বন্ধে একটি পুস্তিকাও লিখিয়াছেন। আমরা সংক্ষেপে কতকগুলি কারণ নির্দ্দেশ করিয়াছি। দেশের বর্ত্তমান অবস্থায় একদিকে যোগানের অভাব ও টান বৃদ্ধি অন্য দিকে কৃত্রিম মুদ্রা বৃদ্ধি ইহার কারণ। কিন্তু কোন্‌টার গুরুত্ব বেশী তা নির্ণয় করা সহজ নহে। কোন কোন

ব্যবসার গায়ে হঠাৎ অসম্ভব রকম হাওয়া লাগিয়াছে, তা সহজেই বুঝা যাইবে। কিন্তু নৌকা বানচাল হইতে কতক্ষণ? সুতরাং ব্যবসায়ীগণ সাবধান! যেমন করিয়া হোক্ টাকাকে পতন হইতে রক্ষা করা সরকারের একটা বড় কর্ত্তব্য হইয়া দাঁড়াইয়াছে। একটা যুক্তি এই দেওয়া যাইতে পারে, যুদ্ধের দৌলতে কতকগুলি ব্যবসা গঠিত হইবার ও গজাইয়া উঠিবার সুযোগ পাইতেছে। এই সুযোগ কেন না গ্রহণ করা হইবে? বস্তুতঃ, আজিকার যুদ্ধোন্মত্ততার দিনে যুক্তিমূলক বাণী কাহারও কাণে পৌঁছিবে কি না সন্দেহ। তথাপি অর্থশাস্ত্রীর পক্ষে সাবধান-বাণী উচ্চারণ না করিয়া উপায় নাই।

ইনফ্লেশন সম্বন্ধে বক্তব্য এই যে, ইহা দুঃসাধ্য রোগ নয়। বস্তুতঃ দর চাপিয়া রাখা ইনফ্লেশনকে জব্দ করিবার অন্ত পন্থা। একণে আমাদের পরামর্শ এই, দেশের সর্ব্বত্র মাল চলাচলের স্বাধীনতা থাকুক; সরকার যদি সকল মাল কিনিয়া লইয়া বাঁধা দরে সবাইকে দিতে পারেন, আমাদের আপত্তি নাই; তা না পারিলে তাঁরা পণ্যের বদলে পণ্য নীতি অবলম্বন করিয়া কৃত্রিম মুদ্রার চাপ কতকটা কমাইয়া দিন; আর ব্যবসায়ীর প্রকৃত লাভ না মারিয়া জুয়াড়ীকে কঠোর হস্তে দমন করুন; এবং পণ্যদ্রব্যের স্বাভাবিক দর কি হইতে পারে তা বিবেচনা করিয়া তাই প্রচলিত রাখুন, তা ছাড়া যে দরিয়া দ্বারা জুয়াড়ী-কুল দমন করিবেন সেই দরিয়াকেই যেন কূলে না ধরে সেদিকেও কড়া নজর রাখুন।

শ্রীনগেন্দ্রনাথ ঘোষ দেনহ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

# মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৭শ বর্ষ | চৈত্র, ১৩৪৯ | ১২শ সংখ্যা

UNIVERSITY

বঙ্গেশ্বরী কটন মিলস লিমিটেড

ডিরেক্টর চক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩ টাকা | ডাক মাশুল ৵০ আনা স্বতন্ত্র | প্রতি সংখ্যা ।৵ আনা

সম্পাদক শ্রীবিনয়কুমার সরকার

# ARTHIK UNNATI

**(Economic Progress)**

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar. *Vidya-vaibhava*

**Section 1.** deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business-establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

**Section 2.** deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

**Section 3.** deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

**Section 4.** deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

**Section 5.** is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper

## Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

*N.B.* About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

*Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.*

**Director**

**DR. NARENDRA NATH LAW**

**Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.**

CONTENTS OF THE MARCH-APRIL NUMBER, 1943.

**Section 1 Wealth of Bengal:** Government Aids to Charitable Dispensaries. An Asylum for the Beggars. Employment of Evacuees from Burma in Chittagong. (pp. 325-327).

**Section 2. Economic India :** Population of India. "Grow more Crops" Policy in India. Vegitables in Ceylon. About Cotton. A Store-house for Crops in Patna. Death rate in Towns and Villages. (pp. 328-330).

**Section 3. World Economy:** Mapple Product of America. Food required per head for every adult person in U. S. A. (pp. 331-333).

**Section 4. Men, Institutions and Movements:** Trade Unions in Mexico. House-rent Control in Newzealand. Housing Act in Tasmania. The Sheriff of Calcutta, Sir A. F. Rahaman's Lecture at the Calcutta University Convocation. (pp. 334-336).

**Section 5. Interview:** Getting the A B C of Vivekananda Philosophy ( Conversation between Prof. Benoy Sarkar and Sj. Haridas Mukerjee). (pp. 537-339).

**Section 6. World of Journals:** *International Labour Review (September, 1942) Summarised.* (pp. 340-341).

**Section 7. Reviews:** The Crisis of Our Age. Introduction to the Sociology of Art. (pp. 342-343).

**Section 8. Bibliography:** 14 books announced. 344.

**Article:**

Economic India through American Eyes.
By Maumatha Nath Sarkar, M. A. (pp. 345-348).

## Works by and about BENOY SARKAR

**B. K. SARKAR:**

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 6. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

**B. C. DUTT:** **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

**N. N. CHAUDHURY:** **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

**S. K. GHOSHAL:** **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

**B. DASS** (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 600. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

# গত পঁয়ত্রিশ বৎসরের

## সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

**আর্থিক পরিচয়**

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ ,, ২৩ ,, |
| মোট সম্পত্তি | ৪ ,, ৬৩ ,, |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ১ ,, ৫০ ,, ,, |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা |

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

# হিন্দুস্থান কো-অপারেটিভ্

## ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।



## NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-

Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-

La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-

The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-

The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-

The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Banesvar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

**CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.**

15, College Square, Calcutta.

# সূচী


বাংলার সম্পদ্ ঃ—দাতব্য চিকিৎসালয়ে সরকারী দান। ভিখারী নিবাস। চট্টগ্রামে বার্মা-প্রত্যাগতদের কর্মনিয়োগ ব্যবস্থা। (৩২৪-৩২৭)

আর্থিক ভারত ঃ—ভারতের লোকবল। শিক্ষিতের হার। ভারত হইতে রেড়ির তৈল রপ্তানি। ভারতবর্ষে "সস্ত জন্মাও" নীতি। সিংহলে শাকসব্জী। তুলার কথা। পাটনায় শস্যভাণ্ডার। গ্রাম ও নগরে মৃত্যুহার। (৩২৮-৩৩০)

দুনিয়ার ধনদৌলত ঃ—আমেরিকায় ম্যাপল প্রোডাক্ট। মার্কিণ দেশে পূর্ণ বয়স্ক গৃহস্থ পিছু প্রতি বৎসর কত খাদ্য লাগে? (৩৩১-৩৩৩)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—মেক্সিকোতে ট্রেড্ ইউনিয়ন সঙ্ঘ। নিউজিল্যাণ্ডে বাটীভাড়া নিয়ন্ত্রণ। টাসমেনিয়ায় হাউসিং এ্যাক্ট। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে শেরিফের অভিভাষণ। (৩৩৪-৩৩৬)

মোলাকাৎ ঃ—বিবেকানন্দ-দর্শনে হাতে-খড়ি। [ শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন। ] ৩৩৭

পত্রিকা-জগৎ ৩৪০

সমালোচনা ৩৪২

গ্রন্থপঞ্জী ৩৪৪

প্রবন্ধ ঃ

মার্কিণ চোখে আধিক ভারত

শ্রীমন্মথনাথ সরকার, এম এ



## বিনয় সরকারের বৈঠকে

( বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি )

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাশ, ব্রাহ্ম সমাজ, নয়কুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়েরা, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৫৲

## বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৭৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র ( বিনয় সরকার ) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি ( বিনয় সরকার ) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন ( বিনয় সরকার ) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী ( বিনয় সরকার ) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক ( ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত ) ১৸০। ৮। টাকাকড়ি ( রবি ঘোষ ) ১।০। ৯। টাকার কথা ( নরেন রায় ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি ( শিব দত্ত ) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান ( বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা ( নগেন চৌধুরী ) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন ( প্রফুল্ল বিশ্বাস ) ৷৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

চৈত্র—১৩৪৯ ১৭শ বর্ষ—১২শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—অস্ত্র আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।




## দাতব্য চিকিৎসালয়ে সরকারী দান

বাঙলা সরকার ১৯৪২-৪৩ সনে চট্টগ্রাম বিভাগের জন্য চিরাচরিত নিয়মানুসারে প্রতি থানায় ৫০০৲ টাকা ও প্রতি গ্রাম্য চিকিৎসালয়ে ২৫০৲ টাকা হারে নিম্নলিখিত সাহায্য মঞ্জুর করিয়াছেন—

চট্টগ্রাম—৯টি থানা চিকিৎসালয় ও ১৩টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ৬,২৫০৲।

নোয়াখালী—১৩টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ৩,২৫০৲।

ত্রিপুরা—৪টি থানা চিকিৎসালয় ও ১৩টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ৪,৭৫০৲।

২৪-পরগণা—৫টি থানা চিকিৎসালয় ও ৩০টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ১০,০০০৲।

নদীয়া—৫টি থানা চিকিৎসালয় ও ৭৭টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ১৩,৫০০৲।

মুর্শিদাবাদ—৫টি থানা চিকিৎসালয় ও ২১টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ২,০০০৲।

যশোহর—১০টি থানা চিকিৎসালয় ও ২২টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ১০,৫০০৲।

খুলনা—১টি থানা চিকিৎসালয় ও ১২টি গ্রাম্য চিকিৎসালয়ের জন্য ৩,৫০০৲।

## ভিখারী-নিবাস

বঙ্গীয় ব্যবস্থা পরিষদের বর্ত্তমান অধিবেশনে মাননীয় মন্ত্রী মিঃ এস, কে, বসু ১৯৪৩ সনের বঙ্গীয় ভিক্ষুক নিয়ন্ত্রণ বিল উত্থাপন করিবেন। এই বিল কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে। এই বিলে প্রস্তাব করা

হইয়াছে যে, এই আইন জারী হইবার সঙ্গে সঙ্গে প্রাদেশিক গভর্ণমেণ্ট অন্ততপক্ষে দশজন সদস্য লইয়া সত্বর একটী "ভিক্ষুক নিয়ন্ত্রণ পরামর্শ বোর্ড" স্থাপন করিবেন। প্রস্তাবিত আইনের উদ্দেশ্য ও হেতু বর্ণনা করিয়া বলা হইয়াছে :—

"বহুদিন ধরিয়া কলিকাতার নাগরিকরা এই ইচ্ছা পোষণ করিয়া আসিয়াছে যে, ভিক্ষুকদের প্রতি করুণা প্রদর্শনের জন্য এবং শহরের স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা অব্যাহত রাখার উদ্দেশ্যে কলিকাতার ভিক্ষুক-সমস্যা সমাধান করিবার জন্য উপযুক্ত কর্ম-পন্থা গ্রহণ করা উচিত। কলিকাতার বিমানাক্রমণ হেতু বিশেষ অবস্থার উদ্ভব হওয়াতে বর্তমানে এই দাবী আরো প্রবলতর হইয়া দাঁড়াইয়াছে। বিমান আক্রমণ আশ্রয়স্থলের সংকীর্ণ স্থানে বহুলোকের ভীড়ের মধ্যে কুষ্ঠ এবং অন্যান্য সংক্রামক রোগগ্রস্ত ভিক্ষুকদের সংস্পর্শে আসিয়া নাগরিকদের মধ্যেও ঐ সমস্ত রোগ সংক্রমিত হওয়ার বিশেষ আশঙ্কা রহিয়াছে। এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা আর বেশী দিন স্থগিত রাখা উচিত নহে। সেইজন্য বাঙলা সরকার এই আইনের বিধানবলে সমস্ত ভিক্ষুককে একত্রিত করিয়া তাহাদিগকে কতকগুলি ভিখারী-নিবাসে স্থান দিবার এবং তাহাদিগকে নিম্নলিখিত জিনিষ-গুলি সরবরাহ করিবার ক্ষমতা গ্রহণের প্রস্তাব করিয়াছেন :—

(ক) সকলের জন্য খাদ্য, বস্ত্র এবং আশ্রয় ;

(খ) রোগীদের চিকিৎসা-ব্যবস্থা ;

(গ) কর্মক্ষমদের জন্য কর্ম ; এবং

(ঘ) বালকবালিকাদের জন্য ও যে সমস্ত বয়স্ক লোকেরও শিক্ষা দিলে উপকার হইবে, তাহাদিগের জন্য শিক্ষা প্রদানের ব্যবস্থা।"

## চট্টগ্রামে ব্রহ্ম-প্রত্যাগতদিগের কর্ম-নিয়োগের ব্যবস্থা

ব্রহ্ম-প্রত্যাগতদিগের ( অধিকাংশ স্ত্রীলোক ) মধ্যে যাহারা আজও পর্যন্ত থাকিবার স্থান পায় নাই তাহাদের জন্য গ্রাম-অঞ্চলে বসবাস করার উপযুক্ত দুইটি ক্যাম্প করা হইয়াছে। ক্যাম্প দুইটিতে বর্তমানে প্রায় ৮০০ লোক রহিয়াছে। এই ক্যাম্পে ধান ভানা, তুলার বীচি ছাড়ান, সুতা কাটা প্রভৃতি কাজ করান হইতেছে। যে সকল পুরুষ বাহিরে কাজ যোগাড় করিতে অসমর্থ তাহা-দিগকে জঙ্গল কাটা ও মাটির কাজে নিযুক্ত করা হইতেছে। কাপড় বুনার কাজও আরম্ভ করা হইয়াছে। সক্ষম লোকদিগকে এইসকল কাজ করিয়া জীবিকা নির্বাহ করিতে উৎসাহ দেওয়া হইতেছে। অক্ষম ও রোগীদিগকে বিনামূল্যে আহারাদি ও ঔষধপত্র দেওয়া হইতেছে। ধান ভানা কাজ সাময়িক ব্যাপার, যখনই তুলার বীচি ছাড়ান, সুতা কাটা ও কাপড় বুনার সাহায্যে তাহারা জীবিকানির্বাহ করার মত হইবে, তখনই ধান ভানার কাজ তুলিয়া দেওয়া হইবে। তাহাদিগকে গ্রামের অর্থোপার্জনকারী অধিবাসিরূপে পরিগণিত হইতে সাহায্য করাই হইতেছে প্রধান উদ্দেশ্য।

আর এক প্রকার প্রত্যাগত লোক রহিয়াছে যাহারা কোন রকম থাকিবার স্থান পাইয়াছে, কিন্তু জীবিকা-নির্বাহ করার মত কাজ পায় নাই। তাহাদের জন্য "ওয়ার্ক ক্যাম্প" ( কাজের জন্য ক্যাম্প ) খোলা হইয়াছে। সেখানে তাহারা প্রতিদিন আসিয়া কাজ করিয়া যায়। এইসকল ক্যাম্পে ঢেঁকি, তুলার বীচি ছাড়ান ও সুতা কাটার চরকা, তাঁত এবং ধান ও তুলা রাখা হইয়াছে। সমুদ্রতীরবর্তী স্থানের এইসকল ক্যাম্পে লবণ তৈরি করার জন্য কড়াই ফিল্টার এবং উনান দেওয়া হইয়াছে। লবণ তৈরির ক্যাম্পে যাহারা কাজ করিতেছে তাহাদিগকে জ্বালানি দ্রব্য কিনিবার জন্য বিনা সুদে টাকা ধার দেওয়া হইতেছে। তাহাদের তৈরি লবণ বাজারে বাহির হইলে তাহার পর ঐ টাকা মাসিক কিস্তি হিসাবে পরিশোধ করিতে হইবে। এই সকল ক্যাম্প ও ক্যাম্পের জিনিষ পত্রাদি ইউনিয়ন বোর্ড অথবা স্থানীয় কোনও কমিটির সম্পত্তি। চট্টগ্রাম জেলায় বর্তমানে ১৮টি "ওয়ার্ক ক্যাম্প" রহিয়াছে এবং সেখানে প্রায় ২,১০০ ব্রহ্ম-প্রত্যাগত লোক কাজ করিতেছে।

আরও এক প্রকার কর্ম-প্রথা উদ্ভাবন করা হইয়াছে।

এই প্রথা অনুসারে ইভাকুয়ীদিগকে ( বর্ষা-প্রত্যাগত ) তাহাদের বাড়ীতেই কাজ দেওয়া হয়। তাহাদিগকে যে কাজ দেওয়া হয় তাহা এইরূপ : তুলার বীচি ছাড়ান, সূতা কাটা, কাপড় বুনা, লবণ তৈয়ারী, ক্যামোফ্লেজ জাল তৈয়ারী, কাঠের কাজ, মাদুর বুনা, মাটির হাড়ি-কলসী প্রভৃতি তৈয়ারী, গাড়ীর চাকা তৈয়ারী, এবং আরও অন্যান্য কুটীর-শিল্প বিষয়ক-কাজ। হাতে কাগজ তৈয়ারী করা কাজের পরিকল্পনা সম্বন্ধে অনুসন্ধান ও বিবেচনা করা হইতেছে। তুলার বীচি ছাড়ান ও সূতা কাটার জন্য প্রত্যেক পরিবারকে একটি তুলার বীচি ছাড়ান চরকা ও একটি সূতা কাটার চরকা এবং কিছু পরিমাণ তুলা দেওয়া হইতেছে। সর্ত থাকে যে সূতা কাটিয়া বিক্রয় করিয়া নূতন তুলা কিনিবে এবং এইভাবে তাহাদের মূলধন বজায় রাখিবে। ইহার নিশ্চয়তাস্বরূপ তাহাদিগকে জামিন দিতে হয়, চরকার রেজিষ্টারে তাহাদের সহি অথবা টিপসহি লওয়া হয়। অন্যান্য কুটীরশিল্পকেন্দ্রে একখানা বণ্ডে সহি করাইয়া এক এক জনকে বিনা সুদে টাকা ধার দেওয়া হইতেছে। সর্ত থাকে যে, এই টাকা লইয়া তাহারা যে শিল্পে দক্ষ সেই শিল্পের সাহায্যে জীবিকানির্বাহ করিবে এবং মাসিক কিস্তিতে টাকা পরিশোধ করিবে। এ পর্যন্ত ৬৩টি এই প্রকার কর্মকেন্দ্র স্থাপন করা হইয়াছে এবং সেগুলিতে প্রায় ১৩,৩০০ জন লোক কাজ করিতেছে। এই সকল কর্মকেন্দ্র সাবরেজিষ্ট্রার, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, জেলা বোর্ডের সদস্য, উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অথবা স্থানীয় কমিটি দ্বারা পরিচালিত হয়।

যেসকল লোক অন্য কোনও কাজ পাইতেছে না তাহাদিগকে সাহায্য করিবার জন্য পুষ্করিণী, খাল প্রভৃতির পুনর্খনন, রাস্তা নির্মাণ প্রভৃতি কার্য্য আরম্ভ করা হইয়াছে।

কাপড় বুনা, জুতা তৈয়ারী, মাটির পাত্রাদি তৈয়ারী, বাবুর্চিগিরি, ধাতু দ্রব্যাদি প্রস্তুত, ছাতা তৈয়ারী, সাবান তৈয়ারী, ঘড়ি মেরামত, চামড়ার জিনিষ পত্রাদি তৈয়ারী করা প্রভৃতি প্রয়োজনীয় শিল্পাদি শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। এই উদ্দেশ্যে শিল্প বিভাগের ৮টি প্রদর্শনী পার্টি জেলার বিভিন্ন স্থানে কার্য্য করিতেছে। কাপড় বয়ন শিক্ষা দেওয়ার জন্য বয়ন-বিদ্যালয়গুলিকে অথবা যে সকল স্থানে সুনিপুণ কারিগর ও তাঁত আছে সেখানে সরকার হইতে সাহায্য দেওয়া হইতেছে, যাহাতে প্রত্যাগতরা বিনা খরচে বয়ন-বিদ্যা শিক্ষা করিতে পারে। এই উদ্দেশ্যে কতকগুলি স্থানীয় ঘড়ি মেরামতির, চামড়ার দ্রব্যাদি প্রস্তুত, রুটি-বিস্কুট তৈয়ারী প্রভৃতির কারখানাতে সাহায্য দেওয়া হইয়াছে। সমবায় বিভাগ স্থানীয় বয়ন-পারদর্শীদিগকে বয়ন-শিক্ষা পরিদর্শন করার জন্য দিয়াছেন। এ পর্য্যন্ত ২৪টি শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা করা হইয়াছে এবং তাহাতে এক হাজারেরও অধিক লোক শিক্ষা পাইতেছে।

দুর্দশাগ্রস্ত জেলেরা ক্যামোফ্লেজ জাল তৈয়ারী করিতেছে। তাহাদিগকে শণ বা শণের সূতা এবং পারি-শ্রমিক স্বরূপ টাকা অগ্রিম দেওয়া হইতেছে। জাল বুনা শেষ হইলে তাহাদের সম্পূর্ণ পারিশ্রমিক মিটাইয়া দিয়া জাল লওয়া হয়।

বর্ষা-প্রত্যাগতগণ চিরস্থায়িভাবে সরকারের খরচ না করিয়া যাহাতে জীবিকানির্বাহের এই সকল সুযোগ গ্রহণ করে সেজন্য তাহাদের নিকট আবেদন জানান হইয়াছে।

## ভারতের লোকবল

ভারতের ১৯৪১ সনের লোকগণনার চূড়ান্ত ফলাফল প্রকাশিত হইয়াছে। নিম্নে কয়েকটি হিসাব প্রকাশিত হইল :—

সমগ্র ভারতের লোকসংখ্যা ৩৮ কোটি ৮৯ লক্ষ ৯৭ হাজার ৯ শত ৪৫; ১৯৩১ সনে লোকসংখ্যা ছিল ৩৩ কোটি ৮১ লক্ষ ১৯ হাজার ১ শত ৫৪। প্রধান প্রধান প্রদেশগুলির লোকসংখ্যা নিম্নরূপ :—

| প্রদেশ | ১৯৪১ | ১৯৩১ |
|---|---|---|
| মাদ্রাজ | ৪৯,৩৪১,৮১০ | ৪৪,২০৫,২৪৩ |
| বোম্বাই | ২০,৮৪৯,৮৪০ | ১৭,৯৯২,০৫৩ |
| বাঙ্গলা | ৬০,৩০৬,৪২৫ | ৫০,১১৫,৫৪৮ |
| যুক্তপ্রদেশ | ৫৫,০২০,৬১৭ | ৪৮,৪০৮,৪৮২ |
| পাঞ্জাব | ২৮,৪১৮,৮১৯ | ২৩,৫৮০,৮৬৪ |
| বিহার | ৩৬,৩৪০,১৪১ | ৩২,৩৬৭,৯০৯ |
| মধ্যপ্রদেশ ও বেরার | ১৬,৮০৩,৫৮৪ | ১৫,৩২৩,০৫৮ |
| আসাম | ১০,২০৪,৭০৩ | ৮,৬২২,৭৯১ |
| উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ | | |
| উড়িষ্যা | | |
| সিন্ধু | | ৩,৮৮৭,০৭০ |

প্রধান প্রধান সহরগুলির লোকসংখ্যা নিম্নরূপ :—

| সহর | ১৯৪১ | ১৯৩১ |
|---|---|---|
| কলিকাতা | ২,১০৮,৪২১ | ১,১৬৩,৭৭১ |
| বোম্বাই | ১,৪৮৯,৮৮৩ | ১,১৬১,৩৮৩ |
| মাদ্রাজ | ৬৪৭,২৩০ | |
| লাহোর | ৪২৯,৭৪৭ | |
| দিল্লী | ৩৪৭,৫৩৯ | |
| করাচী | ২৪৭,৭৯১ | |
| হাওড়া | ২২৪,৮৭৩ | |
| কাশী | ২০৫,৩১৫ | |
| ঢাকা | ১৩৮,৫১৮ | |
| কাণপুর | ২৬৩,৭৫৫ | |
| আমেদাবাদ | ৩১০,০০০ | |
| লক্ষ্ণৌ | ২৭৪,৬৫২ | |

## শিক্ষিতের হার

সমগ্র ভারতে শিক্ষিতের হার ১৯৩১ সনের অপেক্ষা শতকরা ৭০ বৃদ্ধি পাইয়াছে :—প্রদেশগুলির মধ্যে পাঞ্জাবেই শিক্ষিতের হার সর্ব্বাপেক্ষা বৃদ্ধি পাইয়াছে। ১৯৪১ সনের হিসাবে দেখা যায়, ঐ প্রদেশে বর্ত্তমানে শিক্ষিতের সংখ্যা শতকরা ৩০। যুক্তপ্রদেশে শিক্ষিতের সংখ্যা শতকরা ৮জন মাত্র। শিক্ষিতের সংখ্যা বোম্বাই প্রদেশেই সর্ব্বাপেক্ষা বেশী। ১৯৪১ সনের হিসাবানুসারে এই প্রদেশে পুরুষদের মধ্যে শতকরা ৩০জন শিক্ষিত এবং মেয়েদের মধ্যে শতকরা ৯জন শিক্ষিত। বোম্বাইয়ের পরেই বাঙ্গলার স্থান। বাঙ্গলায় পুরুষদের মধ্যে শতকরা ২৪জন এবং মেয়েদের মধ্যে শতকরা ৭জন শিক্ষিত অর্থাৎ এই প্রদেশে গড়পড়তা শতকরা ১৬জন শিক্ষিত।

১৯৪১ সনের হিসাবে দেখা গিয়াছে, করদ-অধিকৃত ভারতের মোট লোকসংখ্যা ৩২৩,২৯৫। তন্মধ্যে পুরুষ ১৬২,৯১৬ এবং নারী ১৬০,৩১৯।

## ভারত হইতে রেড়ির তৈল রপ্তানি

( গ্যালন হিঃ )

| দেশ | | | | |
|---|---|---|---|---|
| অষ্ট্রেলিয়া | | | | ১৯৩৫-৩৬ |
| নিউজিল্যাণ্ড | | | | ৭,৬১২ |
| ষ্ট্রেটসেটলমেণ্ট | | | | ১২,৪৪০ |
| মরিসাস | | | | ৮,৩৫১ |
| যুক্তরাজ্য | | | | ১৮,১৩৫ |
| সিংহল | | | | ৯,৫৭,৬৫৬ |
| ইউনিয়ন অব সাউথ আফ্রিকা | ৫৯,৮৫৯ | ১১,৯৩০ | | ১৭,৫২৪ |
| স্যাম | ১৬,২৬৩ | ২৬,৪৩০ | | ৬৩,৫৮৫ |
| পর্তুগিজ ইষ্ট আফ্রিকা | ৮,৩৬৫ | ৩৩৬ | | × |
| ইতালী | × | × | | × |
| ডেনমার্ক | × | × | | × |
| বেলজিয়াম | × | × | | ১৯,১০৩ |
| জার্মানি | × | × | | ২৪,০৮০ |
| নেদারল্যাণ্ড | × | × | | ১৫২,১৮৫ |
| সুইডেন | × | × | | ২৭,০৫৪ |
| আমেরিকা | × | × | | ২৫,৭৭৯ |
| ক্যানাডা | | × | | ৩,০০০ |
| | | × | ১৪,৬২৬ | ৬,২৪০ |

গত মহাযুদ্ধের সময় অর্থাৎ ১৯১৪ সনে ইউনাটেড কিংডমে মোট রেড়ির তৈল রপ্তানী করা হইয়াছিল ১৯৬,০০০ গ্যালন এবং তাহার পর বৎসরে অর্থাৎ ১৯১৫ সনে উহার সংখ্যা ছিল ১৭৭,০০০ গ্যালন। কিন্তু মিত্রপক্ষ ও গভর্ণমেণ্টের নিজের এরোপ্লেন ইঞ্জিনে তৈল দিবার জন্য রেড়ির তৈল মোট রপ্তানী করা হয় ১৯১৬ সনে ১,৩০০,০০০ গ্যালন, ইহার মধ্যে অবশ্য ১,২২০,০০০ গ্যালন ভারত হইতে গিয়াছিল। ১৯১৭-১৮ এবং ১৯১৮-১৯ সনে উহার সংখ্যা ছিল ১,০৮৬,০০০ এবং ৮৯৩,৮০০ গ্যালন মাত্র।

### ভারতবর্ষে "শস্য জন্মাও" নীতি

এক্ষণে জানা গিয়াছে যে, ভারতবর্ষে "আরও শস্য জন্মাও" নীতির অনুসরণ করায় কৃষির জমি বৃদ্ধি পাইয়াছে। উহার পরিমাণ এক্ষণে ৭·৬ মিলিয়ন একর বৃদ্ধির অংশ বলিয়া প্রকাশ পায়। উহাতে গত বৎসর ধান ও মিলেট উৎপন্ন হইয়াছিল। খাদ্য-শস্য হইলে তুলা ও অন্য পরিমাণে পাট চাষের ব্যবস্থাও হইয়াছিল। ২১৪ মিলিয়ন একর ভূমিতে বাস্তবিক চাষ চলিতেছে বলিয়া জানা যায়, ৪৬ মিলিয়ন একর ভূমি জলা, ৯২ মিলিয়ন একর ভূমি চাষের অযোগ্য, ৯২ মিলিয়ন একর হইল পাহাড় ও মরুভূমি, কাজেই চাষ হইতে পারে না এবং ৬৮ মিলিয়ন একর ভূমিতে বন আছে।

চালের জন্য মোট ভূমি কর্ষিত হয় ৭৩ মিলিয়ন একর হইতে ৭৫·৬ মিলিয়ন একর পর্য্যন্ত। মিলেট চাষ হয় ৫১ মিলিয়ন একর জমিতে। বোম্বে, সিপি, পাঞ্জাব,

বিহার ও ইউ পি ঐ সকল চাষের জন্য ৪·১ মিলিয়ন একর জমি বৃদ্ধি করিয়াছে।

ভারতগভর্ণমেণ্ট চাষীদের জন্য ৩৬ লক্ষ টাকা "সাবসিডি" দিয়াছেন।

## সিংহলে শাকসব্জী

একজন লেখক বলিয়াছেন যে "গার্ডেন সিটি অব কলম্বো" (কলম্বো বাগিচা নগর) এক্ষণে "ভেজিটেবল্ সিটিতে" পরিণত হইয়াছে অর্থাৎ শাকসব্জীর নগরে পরিণত হইয়াছে। এখন আর সুন্দর ক্যানা ফুল দেখা যায় না, না আছে সবুজ ঘাসের মাঠ, তাহার স্থানে আসিয়াছে সারবাধী ফসলের গাছ। আধুনিক "ড্রাই জোন" স্থলে জঙ্গল কাটার ব্যবস্থা হইয়াছে এবং যত রকম কোদাল, বুড়ুল লইয়া সকলে লড়াই লাগাইয়াছে কি ভাবে বনানীকুল ধ্বংস করিয়া মানবের ব্যবহারের জন্য সুন্দর খাদ্য প্রস্তুত হইতে পারে। কিন্তু এত করিয়াও খাদ্যাভাব যেমন তেমনই রহিয়া যাইতেছে কেন বুঝিয়া উঠা যায় না।

## তুলার কথা

গত বৎসরের তুলনায় এবার তুলার চাষের পরিমাণ কমিয়া গিয়াছে। তৃতীয়বার কোরকাই অনুসারে জানা যায় যে ১৮·২ মিলিয়ন একর ভূমিতে তুলার চাষ হইয়াছে। কিন্তু গত বৎসর ছিল ২২·২ মিলিয়ন একর অর্থাৎ এবৎসরে প্রায় ৪ মিলিয়ন একরে তুলার চাষ কম হইয়াছে। নূতন চাষের জন্য তুলার দাম বৃদ্ধি পাইয়াছে। কাজেই নিয়ন্ত্রিত ভূমিতে তুলার চাষ করানো সম্পর্কে একটু মুস্কিল আসা সম্ভব।

## পাটনায় শস্য-ভাণ্ডার

১৭৬৬ খ্রী: অ: পাটনায় একটী বিরাট শস্য ভাণ্ডার তৈয়ারী করা হইয়াছিল। এই ভাণ্ডারটী দুর্ভিক্ষ প্রভৃতি আকস্মিক বিপদের সময় রক্ষা করিবার জন্যই গঠিত হইয়াছিল। ইহার ইষ্টক দেওয়াল প্রায় ১২ ফুট চওড়া। শুনা যায় মিশরে জোসেফ ঠিক এই ধরণের একটা শস্য ভাণ্ডার গঠন করিয়া রাখিয়াছিলেন সাত বৎসর ব্যাপী অজন্মার হাত হইতে বাঁচিবার জন্য। আমাদের পাটলিপুত্রের এই শস্য-ভাণ্ডারে কি কিছুই নাই আজ এই দুর্দিনে ভারতবাসীকে বাঁচাইবার জন্য? এখানে প্রায় ১৪০টী সিঁড়ি আছে যাহা বহিয়া চাল ভিতরে লইয়া যাইতে হয়।

## গ্রাম ও নগরে মৃত্যুহার

| বৎসর | গ্রাম | নগর | পার্থক্য |
|---|---|---|---|
| ১৯৩১ | ২৪·৮ | ২৫·৪ | +০·৬ |
| ১৯৩২ | ২১·৫ | ২৪·০ | +২·৫ |
| ১৯৩৩ | ২২·৪ | ২২·২ | −০·২ |
| ১৯৩৪ | ২৪·৯ | ২৪·৪ | −০·৫ |
| ১৯৩৫ | ২৩·৪ | ২৪·৩ | +০·৯ |
| ১৯৩৬ | ২২·৩ | ২৫·৩ | +৩·৩ |
| ১৯৩৭ | ২২·২ | ২৪·৭ | +২·৫ |
| ১৯৩৮ | ২৪·০ | ২৬·৩ | +২·৩ |

## আমেরিকার ম্যাপ্‌ল প্রোডাক্ট

| রাষ্ট্রের নাম | যে যে গাছ কাঁটা হইয়াছে (১০০০ গাছ হিঃ) | | চিনি প্রস্তুত (১,০০০ পাউণ্ড হিঃ) | | সিরাপ তৈয়ারী (১,০০০ গ্যালন হিঃ) | |
|---|---|---|---|---|---|---|
| | ঘোট | | ঘোট | | ঘোট | |
| | ১৯৩০-৩১ | | ১৯২০-৩১ | | ১৯৩০-৩১ | |
| মেন | | | | | ৩৪ | |
| নিউহ্যাম্পসায়ার | | | | | | |
| ভারমন্ট | | | | | | |
| ম্যাসাচুসেটস্ | | | ৬৯ | | | |
| নিউ ইয়র্ক | | ৩,১১১ | ৩৪১ | | | |
| পেন্‌সিলভেনিয়া | | ৪৪১ | ৮৮ | | | |
| ওহিও | ১,১২৯ | ৮৫৪ | ২৭ | | | |
| মিচিগান | ৪৪১ | ৪৮৮ | ২৮ | | | |
| উইস্কনসিন | ২৮৬ | ২৯৮ | ৯ | | | |
| মেরিল্যাণ্ড | ৫৮ | ৩৮ | ১৯ | | | |

## মার্কিণ দেশে পূর্ণবয়স্ক গৃহস্থ-পিছু প্রতি বৎসর কত খাদ্য লাগে

| খাদ্য তালিকা | ক্যানাডা | | ইউনাইটেড ষ্টেটস্ | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ব্রিটিশ | ফরাসী | শ্বেত | | নিগ্রো | | সকল স্থানে শ্বেত ও নিগ্রো |
| | | | উত্তর আটলান্টিক | প্যাসিফিক | পূর্ব্ব, দক্ষিণ, মধ্য | দক্ষিণ | |
| রুটি | | | ৭৩·১ | | ৩৫·৭ | | ৮৮·২ |
| ময়দা | | | ৪০·২ | | ২৭·৮ | | ৫৮·৫ |
| রাই | | | ৭·৫ | | | | ৭·৭ |
| অন্যান্য | | | ২৫·৪ | | | | |

| খাদ্য তালিকা | ক্যানাডা | | ইউনাইটেড ষ্টেটস্ | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ব্রিটিশ | ফরাসী | শ্বেত | | নিগ্রো | | সকল স্থানে |
| | | | উত্তর আটলান্টিক | প্যাসিফিক | পূর্ব্ব, দক্ষিণ, মধ্য | দক্ষিণ | শ্বেত ও নিগ্রো |
| কেক, বিস্কুট, পেট্রি | | | ১৭·৭ | | ৭·৩ | | ১২·৫ |
| ময়দা | | | ১৬·২ | | ৬০·৫ | | ২৯·৩ |
| গম | | | ১৪·৯ | | ৪২·৭ | | ২৭·০ |
| অন্যান্য | | | ১·৪ | | ১৭·৭ | | ২·৩ |
| সিরিল | | | ১৬·০ | | | | ১৬·৮ |
| চাল | | | ২·২ | | | | ২·৯ |
| ম্যাকারোণি | | | ৬·৮ | | | | ৫·৭ |
| অন্যান্য | | | | | | | ৮·২ |
| ক রুটি ও সিরিল | | | | | | | ১২৬·৭ |
| বিফ্ ( টাটকা ) | | | | | | | ২৩·১ |
| পর্ক | | | | | | | ৭·৮ |
| মাটন | | | | | | | ৪·৯ |
| ভিল | | | | | | | ৪·৮ |
| হগস ও বেকন | | | | | | | ৬·৯ |
| সসেজ | | | | | | | ৬·১ |
| সংরক্ষিত মাংস | | | | | | | ১·১ |
| মাছ | | | | | | | ৮·৪ |
| পোলট্রি ইত্যাদি | | | | | | | ১১·৩ |
| মাংস ও মাছ | | | | | | | ৭৪·০ |
| জন্তুর চর্ব্বি ( মোট ) | | | | | | | ৬·২ |
| লাউ | | | | | | | ৪·৪ |
| মার্গারিণ | | | | | | | × |
| শাকসব্জীর চর্ব্বি | | | | | | | ৩·০ |
| ( লিটার হিঃ ) | | | | | | | |
| ভেজিটেবল তৈল | | | | | | | |
| চর্ব্বি ও তৈল | | | | | | | |
| দুগ্ধ ( লিটার হিঃ ) | | | | | | | |
| সমগ্র | | | | | | | |
| অন্যান্য | | | | | | | |
| ক্রীম | | | | | | | |

| খাদ্য তালিকা | ক্যানাডা | | ইউনাইটেড ষ্টেটস্ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ব্রিটিশ | ফরাসী | শ্বেত | | নিগ্রো | | সকল স্থানে | |
| | | | উত্তর আটলান্টিক | প্যাসিফিক | পূর্ব, দক্ষিণ মধ্য | দক্ষিণ | শ্বেত ও নিগ্রো | নিগ্রো |
| পনীর | | | ৪·৪ | | ২·৭ | | ৪·০ | |
| মাখন ,, | | | ১১·৯ | | ৪·৮ | | ১০·৭ | |
| ডিম ( সংখ্যা ) | | | ৩২৬·০ | | ৩৩৪·০ | | ৩০২·০ | |
| দুগ্ধ, ও দুগ্ধ হইতে উৎপন্ন দ্রব্যাদি | ২১৯·২ | | ১৯৪·৭ | ২১৫·০ | ১৬১·২ | | ১৫৮·৮ | ৮৭·৩ |
| ছোলা বিন্ | ১·৩ | | ৭·৩ | ৬·০ | ৯·১ | | ৪·০ | ৮·৭ |
| আলু | ৮৮·৫ | | ৮৮·৯ | ৭৮·৮ | ৫৭·৮ | | ৮১·৯ | ৬৬·৯ |
| ফ্রেস ভেজিটেবল | ১৪·৯ | | ৬৮·৩ | ১১৫·০ | ৮১·২ | | ৭৩·১ | ৬১·২ |
| লিফি গ্রীণ্ ইয়োলো | ৯·০ | | ৪৩·৫ | ৮১·০ | ৫৩·৮ | | ৪৮·৩ | ৪৪·২ |
| অন্যান্য | ৫·৯ | | ২৪·৮ | ৩৪·১ | ২৭·৪ | | ২৪·৮ | ১৭·০ |
| টাটকা ফল | ৭০·৭ | | ৭৪·৫ | ১৩৬·১ | ৬১·০ | | ৮৩·৫ | ৩৬·১ |
| সাইট্রাস | ১৮·৭ | | ২৪·৩ | ৪৮·০ | ১৫·১ | | ৩২·৩ | ১৫·৮ |
| অন্যান্য | ৫২·০ | | ৫০·১ | ৮৮·৩ | ৪৬·০ | | ৪৪·২ | ২০·২ |
| সংরক্ষিত শাকসব্জী | ১৮·৩ | | ২৯·২ | ৪০·৪ | ২৩·৮ | | ২৬·১ | ১৪·৯ |
| বাদাম | × | | ১·৪ | ২·৭ | ২·২ | | ১·৬ | ২·০ |
| শাকসব্জী ও ফল | ২৭৯·৩ | | ২৬৯·৬ | ৩৭৯·২ | ২৩৫·১ | | ২৭০·৩ | ১৮৯·৮ |
| চিনি ইত্যাদি | ৪১·২ | | ৩৬·০ | ৪৪·৮ | ৪৪·৩ | | ৩৭·১ | ৩৮·৭ |
| চিনি | ২৪·৮ | | ৩১·৬ | ৩৬·০ | ৩৩·২ | | ৩২·৯ | ৩২·৯ |
| অন্যান্য ( জ্যাম, জেলি ) | ৬·৪ | | ৪·৪ | ৮·৮ | ১১·১ | | ৪·২ | ৫·৮ |
| কনডাইমেন্টস্ | × | | × | × | × | | × | × |
| লবণ | × | | × | × | × | | × | × |
| অন্যান্য | × | | × | × | × | | × | × |
| চা | ৩·০ | | ১.১ | ·৭ | ·৪ | | ১·১ | ·৬ |
| কফি | ১·২ | | ৪·৭ | ৮·৭ | ৬·৪ | | ৭·৬ | ৫·৪ |
| বিন | × | | ৫·৪ | ৭·৫ | ৪·৫ | | × | × |
| সাবস্টিটিউট | × | | ·২ | ১·২ | ১·৯ | | × | × |
| কোকো, চকোলেট | ·৫ | | ·৭ | ১·১ | ·৭ | | ·৬ | ·৬ |
| অন্যান্য যাহা শ্রেণীভুক্ত হয় না | | | | | | | | |
| বিভারেজ ( লিটার ) | | | | | | | | |
| বিয়ার | | | | | | | | |
| মদ্য | | | | | | | | |
| অন্যান্য এ্যালকহলিক | | | | | | | | |
| বিভারেজ | | | | | | | | |

### মেক্সিকোতে ট্রেড্ ইউনিয়ন সঙ্ঘ

১৯৪২ সনের আরম্ভ হইতে দুইটী নূতন ন্যাশন্যাল ট্রেড্ ইউনিয়ন ফেডারেশন সৃষ্টি হইয়াছে। প্রথমটী ১৯৪২ সনের জানুয়ারী মাসে জন্মলাভ করে। প্রঃ জুলিও লোপেজ সিলভা (ইনি চেম্বার অব ডেপুটিসের একজন সভ্য) ইহার সেক্রেটারি নিযুক্ত হইয়াছেন।

দ্বিতীয়টী জন্মলাভ করে ১৯৪২ সনের মার্চ্চ মাসে। ইহার নামকরণ করা হয় "দি ন্যাশন্যাল প্রোলিটেরিয়ান কনফেডারেশন"। মিঃ আলফ্রেডো নাভারেও ইহার সাধারণ সম্পাদক হিসাবে নিযুক্ত হন।

### নিউজিল্যাণ্ডে বাটীভাড়া নিয়ন্ত্রণ

১৯৪১ সনের সেপ্টেম্বর মাস হইতে "ফেয়ার রেণ্ট এাক্ট" নামক আইনের প্রসার বৃদ্ধি পাইয়াছে। বাড়ী-ভাড়া বৃদ্ধি যাহাতে বন্ধ হয় তাহারই জন্য এই ভাড়া নিয়ন্ত্রণ বিল আনীত হইয়াছে। থাকিবার জন্য যেসকল বাড়ী তাহার ভাড়া কমাইয়া নূতন ধারা যুক্ত হইয়া ১৯৩৯ সনের আইন সংশোধন করা হইয়াছে।

ইনডেক্স নাম্বার সমান রাখিতে হইলে বাটীভাড়া কমাইয়া নিয়ন্ত্রিত করা একান্ত প্রয়োজন। এই ধরণের আইন ক্যানাডাতেও প্রচলিত হইয়াছে।

### টাসমেনিয়ায় হাউসিং এ্যাক্ট

টাসমেনিয়াতে দি হোমস্ এাক্ট পাস করা হইয়াছে। ইহাতে কেবল যে বাটীভাড়া কমাইবার ব্যবস্থা হইয়াছে তাহা নহে আরও একটী হাউসিং বোর্ড নিযুক্ত করা হইয়াছে এবং যেসকল বাড়ী বাসের অযোগ্য তাহাদিগকে মানুষের অযোগ্য বাসভূমি বলিয়া প্রচার করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। অবশ্য ইহার জন্য গভর্ণমেণ্ট হইতে বাড়ীওয়ালারা কিছু কিছু টাকা সাহায্য পাইয়া থাকে। মিউনিসিপ্যাল হাউসিং এাক্ট অনুসারে যে কোন বাড়ী মিউনিসিপ্যালিটি কর্ত্তৃক একটা বিশেষ নিয়ন্ত্রিত ভাড়ায় ভাড়া দেওয়ানো যাইতে পারে।

### কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে শেরিফের অভিভাষণ

গত ১২ই মার্চ্চ শুক্রবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে কলিকাতার শেরিফ জনাব এ, এফ, রহমান তাঁহার অভিভাষণে বলেন :—

আজ বিশ্ববাসীর মনে বর্ত্তমান জগতের সংঘাতের কথাই সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়া রহিয়াছে। বিজ্ঞানের আবিষ্কারসমূহের সহিত সময় ও স্থানের ব্যবধান অনেক পরিমাণে হ্রাস পাইয়াছে; এই পৃথিবীর পুরাতন সীমারেখা দ্রুত অদৃশ্য হইতেছে; আমাদের সভ্যতার প্রাচীর ভাঙ্গিয়া পড়িতেছে। আমরা যুদ্ধ অপেক্ষাও বড় বিপর্য্যয়ের সম্মুখীন হইতেছি। কেবল যে অর্থনৈতিক আস্থা দূরীভূত হইয়াছে এবং বাণিজ্যের কাঠামো ভাঙ্গিয়া পড়িয়াছে তাহা নহে, নৈতিক জগতের ভিত্তিও অপসারিত হইয়াছে। প্রকৃত সমস্যা হইল এই যে, আজ আমাদিগকে জীবনের সম্পূর্ণ নূতন এক আদর্শের সন্ধান করিতে হইবে। আমরা যুদ্ধোত্তর পুনর্গঠন, চারি প্রকার স্বাধীনতা এবং কাল্পনিক স্বর্গরাজ্যের সনদের বিষয় আলোচনা করিতে আরম্ভ করিয়াছি। রুশিয়ায় যাহা ঘটিতেছে, পৃথিবীর অবশিষ্টাংশের নিকট উহার তাৎপর্য্য আছে। আমরা বলশেভিকবাদ অপছন্দ করিতে পারি; কিন্তু উহার সামাজিক ও অর্থ-

নৈতিক পরিকল্পনা একটা গোটা জাতিকে পরিবর্ত্তিত করিয়াছে। আমি সামাজিক ব্যবস্থা সম্বন্ধে আলোচনা করিব না, ব্যক্তিগত ব্যবস্থা সম্বন্ধে আলোচনা করিব। প্রথমটি দ্বিতীয়টির উপর নির্ভর করে। ব্যষ্টির একটা পরিকল্পনা না থাকিলে সমষ্টিগত পরিকল্পনা রচনা করা সম্ভবপর নহে। আমাদের বিক্ষিপ্ত উদ্দেশ্যগুলির মধ্যে সমন্বয় সাধন করিতে হইলে সংহতির দরকার।

আজ যাহারা গ্রাজুয়েট হইয়া জীবনের ঘাতপ্রতিঘাতের সম্মুখীন হইবার জন্য আশা ও সাহসের সহিত অজানা যাত্রা-পথে অগ্রসর হইতেছেন আমার কথাগুলি আমি তাহাদিগকেই উদ্দেশ্য করিয়া বলিতেছি। আপনাদের অনেকেই হয়ত জীবনের কার্য্যপন্থা নির্ব্বাচিত করিয়াছেন; কেহ কেহ হয়ত এখনও করেন নাই। কি প্রকারের কার্য্য আপনি করিতেছেন তাহাতে কিছু আসে যায় না। যদি দক্ষতার সহিত উহা করিতে পারেন এবং মানুষের মত ইহা সম্পাদন করিতে পারেন। আপনি আইনজীবীই হন, চিকিৎসকই হন, ডাক্তারই হন, সাংবাদিক বা কৃষক হন তাহাই বড় কথা নহে। শেষ পর্য্যন্ত কার্য্যকলাপ দ্বারাই মানুষের বিচার হয় না—যে নৈতিক মূল্য মানুষ সৃষ্টি করিতে পারে, তদ্দ্বারাই তাহার বিচার হয়। আমাদের দৈনন্দিন কার্য্যকলাপ, সাহস এবং সংকল্প হইতেই অক্ষয় এবং স্থায়ী ফললাভ হইয়া থাকে এবং তাহাই আবার মানব-সমাজের আধ্যাত্মিক সম্পদের হ্রাস-বৃদ্ধি ঘটাইয়া থাকে। কোন কোন সময় সংশয়বাদী হওয়া যদিও প্রয়োজন তথাপি বিশ্বাসেরও ঠিক তেমনই প্রয়োজন রহিয়াছে। এমন কথাও শুনা যায়, বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে সংশয়বাদেরও প্রসার ঘটিয়াছে। এখানে সমবেত বিজ্ঞানবিদ্‌দের সম্মুখে বিজ্ঞান বা বৈজ্ঞানিক ধারা সম্পর্কে কিছু বলিতে স্বভাবতই আমি দ্বিধা করি। কিন্তু একথাও বলিতেছি, সংশয়বাদ বলিতে যাহা বুঝায়, বিজ্ঞানে তাহার কিঞ্চিৎমাত্রও প্রয়োজন নাই, কেননা বিজ্ঞান শেষ পর্য্যন্ত কর্ম্মের পথেই লইয়া যাইবে। অবিশ্বাসীর কোনও কর্ম্মস্পৃহা নাই। অপর পক্ষে বৈজ্ঞানিকরা সত্যের সন্ধান করিয়া চলিয়াছেন। কেননা, সত্যকে উপলব্ধি করিতেই তাঁহারা চাহেন। এক এক সময় হয়ত তাঁহারা সংশয়বাদী হইয়া উঠেন। কিন্তু যাহা কিছু জ্ঞাতব্য কেবলমাত্র তাহাই জানিবার জন্য তাঁহারা সংশয়বাদী। বিভিন্ন তিনিষের সমাবেশ করিবেন বলিয়াই তাঁহারা বিশ্লেষণও করিয়া থাকেন।

মানুষের জীবনের মূলে রহিয়াছে তাহার ইচ্ছাশক্তি। উহাই তাহাকে ব্যক্তিবিশেষরূপে গড়িয়া তোলে এবং নিজ সম্পর্কে সজাগ করিয়া তোলে। কিন্তু এই ইচ্ছাশক্তির চালনার জন্য জ্ঞান এবং আদর্শের প্রয়োজন রহিয়াছে। নৈতিক মূল্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা এবং সত্যিকার ধর্ম্মাচার থাকিলে জ্ঞান এবং আদর্শকে খুঁজিয়া পাওয়া যায়। কিন্তু মানুষের জীবন অবিভাজ্য। আধ্যাত্মিক জীবন সবল না থাকিলে দৈহিক দিক্ হইতেও কেহ সুস্থ থাকিতে পারে না।

অতঃপর স্যর আহামদ বলেন যে, সমস্ত ধর্ম্মের লক্ষ্যই হইতেছে ঐক্য, জড় জীবন ও আধ্যাত্মিক জীবনের মধ্যে ঐক্য, মানুষের সহিত মানুষের ঐক্য, ভ্রাতৃত্বই ধর্ম্ম। ব্যবহৃত ভাষাই ধর্ম্ম-সম্পর্কিত সমস্ত বিতর্কের মূল কারণ। আমরা ইহা ভুলিয়া যাই বলিয়াই ইহা অধিকতর তিক্ত হইয়া উঠে। এক দল লোক যাহা স্বীকার করে অপরে আবার তাহাই অস্বীকার করে—এবং ইহার ফলেই বিতর্কের সৃষ্টি হয়। যদি আমরা কেবল স্বীকার করিয়াই চলি এবং অস্বীকৃতি সম্পর্কে নীরব থাকি—তবেই এই বিতর্কের হাত এড়ান সম্ভবপর হইতে পারে। সমস্ত ব্যাপারই একটিমাত্র বিশ্বাসের উপর নির্ভর করিতেছে। ইহা হইতেছে এইরূপ—যদি আমাদিগকে বর্ত্তমান গোল-যোগ ও বিশৃঙ্খলা হইতে রক্ষা পাইতে হয় তাহা হইলে হৃদয়ের পরিবর্ত্তন দ্বারাই উহা সম্ভবপর। ধর্ম্ম-বিশ্বাস হইতে প্রত্যক্ষভাবে সমুদ্ভূত কর্ম্মদ্বারাই আমরা ঐ বিশৃঙ্খলা হইতে পরিত্রাণ পাইতে পারি। নূতন আলোকের সন্ধান পাইতে আমাদিগকে আর খুব বেশী অপেক্ষা করিতে হইবে না, ইহাই আমার বিশ্বাস। এই নূতন আলোকের জন্ম হইলেই আত্মা মুক্তিলাভ করিবে এবং আমরা নূতন বিশ্ব-সৃষ্টির অনুপ্রেরণা লাভ করিব। মানুষের বর্ত্তমান আধ্যাত্মিক বিশৃঙ্খলা ও নিষ্পীড়ন জড়-জাগতিক গোলযোগ

ও নির্যাতন হইতে অনেক বেশী গুরুত্বপূর্ণ। কেবলমাত্র ঐ আধ্যাত্মিক বিশৃঙ্খলা ও বেদনা হইতেই বিশ্বের পুনর্জন্ম সম্ভবপর। আপনি কোন একটি বিশেষ ধর্মমত গ্রহণ করুন বা না করুন তাহাতে খুব বেশী কিছু আসে যায় না। কিন্তু সত্যকে আপনি যে দৃষ্টিভঙ্গী লইয়াই দেখিয়া থাকেন না কেন ঠিক তদনুযায়ী কার্য্য করিবার সঠিক সঙ্কল্প ও আকাঙ্ক্ষা আপনার আছে কিনা তাহাই সর্ব্বাপেক্ষা বড় কথা। এই দৃষ্টিভঙ্গীর দিক্ হইতে সকল অকপট পুরুষ ও নারী একই বন্ধনে আবদ্ধ। এই অবস্থায় অনৈক্য অসম্ভব; কারণ আমরা এইভাবে একে অন্যের প্রতি শ্রদ্ধাশীল হইতে ও অন্যের দোষত্রুটির প্রতি সহিষ্ণু হইতে বাধ্য। সুতরাং আজ জ্ঞানের ততটুকু প্রয়োজন নাই যতটুকু প্রয়োজন সংকর্ম্মের ও সত্যাশ্রয়ের। সত্যের নিকট নিজের ব্যক্তিত্বকে সমর্পণ করিতে হইবে। ইহাই প্রত্যেক মানুষের ধর্ম্ম। এই নীতিতেই আপনাদের জীবনের প্রত্যেকটি কর্ম্মকে নিয়ন্ত্রিত করা উচিত।

আমাদের বর্ত্তমান সভ্যতা আজ ভাঙিয়া পড়িতেছে। গণতন্ত্র বিজয়লাভে সমর্থ হইয়াছে কিন্তু সেই বিজয় ফলপুষ্পে শোভিত হইতে পারে নাই। কারণ গণতন্ত্র যে কেবল গভর্ণমেণ্টের বাহ্যিক রূপ নয়, ইহা যে এক আভ্যন্তরীণ অনুশাসন—এই সত্যই পরিপূর্ণরূপে স্বীকৃত হয় নাই। কার্য্যক্ষেত্রে গণতন্ত্র প্রতিষ্ঠার আগে অন্তরের মধ্যেই তাহার প্রতিষ্ঠা হওয়া উচিত। বিভিন্ন জাতির মধ্যে এবং নিজেদের মধ্যে আজও আমরা ব্যবধানের প্রাচীর রক্ষা করিয়া চলিতেছি। উহাই পরস্পরের মধ্যে যোগাযোগ সৃষ্টিতে বাধা দিয়া বিরোধ পাকাইয়া তোলে। কিন্তু স্পষ্টতই দেখা যাইতেছে, আমাদের সমাজ পুনর্জীবন লাভ করিতেছে। বর্ত্তমান পৃথিবীর ছিন্নবিচ্ছিন্ন অংশ হইতে আমাদিগকে এক নূতন বিশ্ববিধান পুনরায় গড়িয়া তুলিতে হইবে। যদি আমরা বুদ্ধিবৃত্তিকে কাজে লাগাই এবং উহার পেছনে শুভ উদ্দেশ্য থাকে, তবে শান্তিপূর্ণভাবেই নূতন বিধান সৃষ্টি হইবে। পক্ষান্তরে যদি আমরা ঘটনাস্রোতকে ইচ্ছামত চলিতে দেই, তবে আমরা বিপর্য্যয়ের সম্মুখীন হইব। সে জন্যই মনে হয়, গঠনমূলক সংকল্পকে চালাইয়া নিবার জন্য ধর্ম্ম এবং নীতির প্রয়োজনীয়তা ঘোষণা করিতে হইবে। নিজেদের সম্পর্কে যদি আমাদের বিশ্বাস দৃঢ় না হয়, তবে বাহিরের কাহারও মনে আমরা আস্থা সৃষ্টি করিতে পারি না। উদ্দেশ্য সম্পর্কে আমাদিগকে সজাগ থাকিতে হইবে। মাঝে মাঝে আত্মপরীক্ষা দ্বারাই এ সজাগতা আসে। অনেক সময় মনে নৈরাশ্যের সৃষ্টি হয় এবং স্থবিরতা আসে। মনে রাখিতে হইবে, নিজে ঘুমাইয়া থাকিয়া পরকে ঘুম হইতে জাগানো যায় না। অতঃপর আমরা কেবল তিক্ত সমালোচক হিসাবে পরিগণিত হইব। সমালোচনা করিবার ক্ষমতা অবশ্য একটি গুণ; কিন্তু এই গুণ মধ্যে মধ্যে আত্মপরীক্ষা ও উন্নত আদর্শের পরিপন্থী অবাঞ্ছিত জিনিষগুলি উৎপাটিত করিবার কাজে নিয়োজিত করিতে হইবে। এই কাজ কোনও শিক্ষিত মানুষেরই উপেক্ষা করা উচিত নয়। ধ্বংসমূলক সমালোচনা নিন্দনীয়। গঠনমূলক সমালোচনাই সৃষ্টি করিতে সক্ষম। অনেকেই ভাবেন যে আমাদের এই জগতটা একটা দুঃখের স্থান। যদি তাই হয় তবে ইহাকে ভাঙিয়া ফেলুন। তবে মনে রাখিবেন, নিজের আকাঙ্ক্ষা অনুসারেই ইহাকে পুনরায় গড়িয়া তুলিতে হইবে।

# বিবেকানন্দ দর্শনে হাতে-খড়ি

[ শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন। ]

প্র:—বিবেকানন্দ'র নাম আপনি প্রথম কবে শোনেন ?

উ:—হিন্দু হষ্টেলে আমাদের এক সহপাঠী বন্ধু থাকত। হঠাৎ দেখি সে হষ্টেল ছেড়ে দিয়েছে। কয়েক মাস পর তার সঙ্গে দেখা হ'লো। আমরা কয়েকজন মিলে জিজ্ঞাসা করলাম,—"কি রে ? এত দিন তোর টিকি দেখা যায় নি যে ? কোথায় ছিলি ?" জবাব দিলে,—"আরে ভাই কর্ম্মভোগ। কয়েকটা ছোঁড়ার পাল্লায় প'ড়ে হষ্টেল দিলাম ছেড়ে।" জিজ্ঞাসা করলাম,—"গেলি কোথায় ?" বললে—"বিবেকানন্দ-বোর্ডিংয়ে।" "তারপর" ? জবাব—"এই ত দেখ্‌ছিস। আবার পুনর্ম্মূষিকো হষ্টেলে। সে বোর্ডিংয়ে বিবেকের আনন্দ হয় কিনা, ভাই, জানি না। উদরানন্দ তো হ'লো না।" এই আমি প্রথম শুনলাম বিবেকানন্দ'র নাম। অবশ্য ১৯০২ সনেই ; তখন সতীশবাবুর আবহাওয়াও সুরু হয়েছে। বিবেকানন্দ-দর্শনে আমার হাতে-খড়ির পর্ব্বটা দেখ্‌লি ? কেমন মনে হচ্ছে ?

:—কী আশ্চর্য্য ! যে-বিবেকানন্দ আপনার "রামকৃষ্ণ-সাম্রাজ্য" বা দ্বিতীয় "বৃহত্তর ভারতে"র প্রতিষ্ঠাতা সেই বিবেকানন্দ'র সঙ্গে আপনি নামে মাত্র পরিচিত হ'লেন এই ধরণের খোস-গল্পের ভেতর দিয়ে ? কেন, তখন কি রামকৃষ্ণ-পন্থীদের নাম কলিকাতার ছাত্র-মহলে জানা ছিল না ?

উ:—আমি ত কখনো গেরুয়া-পরা আধুনিক সন্ন্যাসী দেখিনি। আমার বন্ধুরা দেখেছিল কি না বলতে পারি না ; তবে বিবেকানন্দ'র মৃত্যুর সমসময়কালে তাঁর দল গুন্তিতে ভারি ছিল না। বেলুড়ে রামকৃষ্ণ মঠ চ'লত। রামকৃষ্ণ মিশনের কাজ তখনো ছড়িয়ে পড়েনি। কাজেই আজ-কালকার মতন ১৯০২-০৩ সনে কলিকাতার যেখানে-সেখানে রামকৃষ্ণ-সন্তানদের গেরুয়া নজরে পড়ত না।

প্র:—রামকৃষ্ণ-বিবেকানন্দ'র দল কলিকাতায় আর বাংলা-দেশে নামডাকা হ'লো কবে ?

উ:—১৯১০-১৪ সনে,—অর্থাৎ ১৯০৪-এর কয়েক বৎসর পর—রামকৃষ্ণ মিশন যুবক বাঙলার ভেতর স্থায়ী ঘর বসাতে পেরেছিল। "গৃহস্থ" পত্রিকায় আর "বিশ্বশক্তি" বইয়ে ( ১৯১৪ ) রামকৃষ্ণ-বিবেকানন্দ আন্দোলনের ক্রমবিকাশটা বিশ্লেষণ করেছি। দেখ্‌বি। কাজে লাগ্‌তে পারে।

প্র:—বিবেকানন্দ'র নাম তো শুনলেন ১৯০২ সনে। তাঁর সম্বন্ধে আপনার প্রথম ধারণা কী হ'ল ?

উ:—সোজা কথায় ব'লব যে, বিবেকানন্দ'র "নাম" ছাড়া কিছুই তখন আমার জানা ছিল না। তার "কাম" সম্বন্ধে কিছুই শুনিনি। বিবেকানন্দ যে একটা অতি-বড় কিছু তা আমার মগজে ঢোকে নি।

প্র:—তা হ'লে বিবেকানন্দ সম্বন্ধে অতি-প্রাথমিক জ্ঞান আপনি কবে কোথায় পেলেন ?

উ:—সতীশ বাবুর মজলিশে শুনতাম তাঁরই মুখে

বিবেকানন্দ-কথা। ১৮৯৩-৯৭ সনের বিবেকানন্দ সম্বন্ধে সতীশবাবু বল্‌তেন :—"বিবেকানন্দ'র বক্তৃতা সম্বন্ধে আষোঢ়িকা চ'তে খবর আস্‌ত। আর সে-সব আমি যেখানে-সেখানে বন্ধুবর্গের চেহেং প'ড়ে শুনাতাম।" এই সব কথায় মনে হ'তো,—তা হ'লে বিবেকানন্দ লোকটা একটা হাতী-ঘোড়া কিছু নিশ্চয়।

প্র:—বিবেকানন্দ সম্বন্ধে সেই আবহাওয়ায় আর কিছু জান্‌তে পেরেছিলেন।

উ:—সতীশবাবু বল্‌তেন,—"বিবেকানন্দ চায় কেবল ইন্‌স্পায়ার্ড ফ্যানাটিক" (একবগ্‌গা পাগল) লোক। যারা কোন-কিছুর জন্য ক্ষেপে না উঠে তাদের দ্বারা বিবেকানন্দ'র মতে কোনো কাজ হয় না।"

প্র:—এই সকল কথা আপনার কেমন লাগ্‌ত?

উ:—মনে হ'তো বিবেকানন্দ একটা জবরদস্ত-কিছু বটে। চাই একবগ্‌গা ক্যাপা। ঠিক বলেছে। একটা নতুন দর্শন সন্দেহ নেই। মামুলি লোক দিয়ে বড়-কিছু ঘটানো সম্ভব নয়। শুন্‌বামাত্র যেন একটা নয়া দুনিয়ায় প্রবেশ করা গেল।

প্র:—বিবেকানন্দ'র কাজকর্ম সম্বন্ধে আপনি তখনকার দিনে কী বুঝেছিলেন?

উ:—সহপাঠী বন্ধুদের আড্ডায় গুল্‌তান চল্‌তো। বোধ হয় শুনে থাকবে যে,—বিবেকানন্দ'র কাজ ছিল "সর্ব্বধর্ম্ম-সমন্বয়।"

:—সর্ব্বধর্ম্ম-সমন্বয়ের কাজটা আপনার কাছে কেমন মনে হয়েছিল?

উ:—ওটা এমন বিশেষ-কিছু গুরুত্বপূর্ণ চিজ মালুম হয় নি। তবে হাঁ, এও একটা কাজ বটে। এই দিকে চিন্তাও যাওয়া সম্ভব। এই পর্য্যন্ত।

:—সতীশবাবুর কাছে বিবেকানন্দ'র সর্ব্বধর্ম্ম-সমন্বয় সম্বন্ধে কিছু শুনেন নি? ধর্ম্মের আন্দোলন তাঁর চিন্তায় কেমন ছিল?

উ:—মনে পড়্‌ছে না। সতীশবাবুর আবহাওয়ায় ধর্ম্ম প্রধান কথা ছিল না। "সর্ব্বধর্ম্ম-সমন্বয়" পারিভাষিকটা আমি সতীশবাবুর মজ্‌লিসে পাই নি। সতীশবাবুর চিন্তায় ধর্ম্মের আন্দোলন বড় ঠাঁই অধিকার কর্‌ত কিনা সন্দেহ। অবশ্য শুনেছিলাম তিনি বিজয়কৃষ্ণ গোস্বামীর শিষ্য। এই হিসাবে তিনি বিপিন পালের, মনোরঞ্জন গুহঠাকুরতার আর অশ্বিনী দত্তের গুরুভাই। কিন্তু ধর্ম্ম নিয়ে মাতামাতি কর্‌তে তাঁকে কখনো দেখিনি। ধর্ম্ম-সংস্কার, ধর্ম্ম-বিপ্লব, ধর্ম্ম-প্রচার ইত্যাদি কাজ বা চিন্তার জন্য তিনি বোধ হয় বেশী সময় কাটাতেন না।

প্র:—আপনি বিবেকানন্দ'র "ইন্‌স্পায়ার্ড ফ্যানাটিক" কথাটার খুব তারিফ কর্‌তেন অথচ তাঁর সর্ব্বধর্ম্ম-সমন্বয় কাজটা তত-বেশী গ্রাহ্য কর্‌তেন না। এর মানে কী? অথবা এর কারণ কী?

উ:—১৯০২ সনে এর মানে বা কারণ ভেবে দেখেছিলাম কিনা সন্দেহ। সত্যি কথা,—এই সব প্রশ্ন মাথায় উঠেই নি। বোধ হয় "সর্ব্বধর্ম্ম-সমন্বয়"কে জীবনের কর্ম্মক্ষেত্র ক'রে নেবার দিকে মগজ যেত্‌ত না। অপর দিকে "একবগ্‌গা ক্যাপামি"র দাম সহজেই বুঝা গিয়াছিল। চরিত্র-গঠনের জন্য এই ক্যাপামির আবশ্যকতা স্বীকার করা কঠিন নয়। ভবিষ্যতের জন্য জীবন তৈরি করার সময় এইরূপ একবগ্‌গা ক্যাপামির আদর্শ জেনে রাখা ভাল। কিন্তু জীবনটা চালানো হবে ধর্ম্মের আন্দোলনে না অন্য কোনো আন্দোলনে তা প্রথম হতে অনেক সময়েই ঠিক করা হয়ত অসম্ভব। কর্ম্মক্ষেত্র যাই হ'ক তার জন্য চাই একবগ্‌গা ক্যাপামি। এই সূত্রটা সহজেই মরমে পশে। পশেছিলও বোধহয় তাই। একবগ্‌গা ক্যাপামির ভেতরই পাওয়া যায় যে-কোনো কর্ম্মক্ষেত্রের জন্য জীবন ঘুরাবার চাবী।

প্র:—সতীশ বাবুর সঙ্গে আপনার ব্যক্তিগত যোগাযোগ কিরূপ ছিল?

উ:—তাঁর সঙ্গে আমার ব্যক্তিগত মেলামেশা একদম

ছিল না বলা যেতে পারে। অন্যান্য অনেকের সাম্‌নে তিনি কথা বল্‌তেন। আমি আড্ডার অন্যতম হিসাবে শুনে যেতাম। এই বল্‌ছি ১৯০২ সনের কথা।

প্রঃ—১৯০২ সনের পর সতীশ বাবুর সঙ্গে আপনার ব্যক্তিগত যোগাযোগ বেড়েছিল ?

উঃ—ব্যক্তিগতভাবে তিনি আমাকে কখনো কোনো কথা ব'লেছেন কিনা মনে পড়্‌ছে না। ১৯০৫-০৯ সনে রাধাকুমুদ মুখোপাধ্যায়, রবীন্দ্রনারায়ণ ঘোষ (আমকাল রিপণ কলেজের প্রিন্সিপ্যাল) ইত্যাদির মতন আমিও তাঁর সঙ্গে এক বাড়ীতে কাটিয়েছি। প্রথম মেস্‌টা ছিল পাথুরীর ঘাটের পূর্ব্বে,—"ফীল্ড অ্যাণ্ড অ্যাকাডেমি" ক্লাবের দোতলায়। কর্ণওয়ালিস্ ষ্ট্রীটে ছিল ঠিকানা। দ্বিতীয় মেসের ঠিকানা ৩৮।২ শিবনারায়ণ দাসের লেন। তখন চল্‌ছিল গৌরবময় বঙ্গ-বিপ্লব। এমন কি একত্র বসবাসের সময়ও সতীশবাবু আমাকে একা ডেকে কোনো কথা বলেছেন কিনা সন্দেহ। আর আমিও বোধ হয় কখনো কিছু জিজ্ঞাসা করিনি।




"ইণ্টারন্যাশন্যাল লেবার রিভিউ"

( জেনেভা, সেপ্টেম্বর, ১৯৪২ ।

আমেরিকায় খাদ্য ব্যয় এবং নিউট্রিশন ।

২ । গ্রেট ব্রিটেনে অয়েন্ট প্রোডাকসান মেশিনারি সম্বন্ধে আধুনিক উন্নতি ।

৩ । মেক্সিকো, নেদারল্যাণ্ড প্রভৃতি স্থানে পুনর্গঠন খসড়া । কৃষি সম্বন্ধে ইণ্টার-আমেরিকান সভা—কানাডার নারীদের যুদ্ধ সময়ে নিয়োগ । আইরিস ট্রেড ইউনিয়ন কংগ্রেস ।

৪ । সংখ্যা ।

আমেরিকায় খাদ্য সম্বন্ধে লোকে কি রকম খরচা করিয়া থাকে এবং সেখানকার গভর্ণমেণ্ট সাধারণের নিউট্রিসন সম্বন্ধে কতটা সচেতন তাহা "আমেরিকার খাদ্য ব্যয় এবং নিউট্রিসন" নামক প্রবন্ধে কিছুটা আলোচনা করা হইয়াছে । ইহার লেখক হইলেন মিঃ রবার্ট মর্স উচবেরি । লেখক বিভিন্ন ওয়েজ-আর্ণারের কি রকম খাদ্যের খরচা এবং প্রতি ফ্যামিলির ষ্টাণ্ডার্ড বা মাপকাঠি সম্বন্ধে আলোচনা করিতে গিয়া তথ্য সংগ্রহ করিয়াছেন "ফুড কনসামপসান এণ্ড ডায়েটারি সারভেস ইন আমেরিকা" নামক পুস্তিকা হইতে । ইহাতে আমেরিকার বহু ষ্টেটের তথ্য দেওয়া হইয়াছে, যেমন ক্যানাডা, মেক্সিকো, কলাম্বিয়া, ভেনেজুয়েলা, ব্রেজিল, আর্জেন্টিনা এবং চিলি ।

নিম্নলিখিত তালিকাতে দেখানো হইয়াছে ডেট, ডিউরেসন এবং স্কোপ সম্বন্ধে । তালিকাটীতে যে সকল পর্য্যালোচনা করা হইয়াছে তৎসমুদয় আধুনিক তারিখের মধ্যেই পড়ে । সব চেয়ে পুরাতন যাহা তাহার তারিখ হইল ১৯৩৩ । ডিউরেসনগুলিতে বুঝায় ডিউরেসন অব দি ফুড কনসামপসান ।

আমেরিকান প্রদেশে "ফ্যামিলি লিভিং ষ্টাডিস" সম্বন্ধে পর্য্যালোচনার তালিকা

| | তারিখ | ডিউরেসন অব ষ্টাডি অব ফুড কনসামপসান | ফ্যামিলির সংখ্যা | লোকের সংখ্যা | স্কোপ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ভৌগোলিক | সামাজিক শ্রেণী | অন্যান্য |
| ক্যানাডা | | | | | | | |
| ব্রিটিশ ফ্যামিলি | ফেব্রু. ১৯৩৯ | ১ সপ্তাহ প্রত্যেকটী | | | ১২ সিটি | ওয়েজ-আর্ণার | |
| ফ্রেঞ্চ ফ্যামিলি | জানু. ১৯৩৯ | অক্টো. ফেব্রু. জুন. | | | | | |
| ইউনাইটেড ষ্টেটস্ | | | | | | | |
| ওয়েজ আর্ণার ষ্টাডি | ১৯৩৫-৩৬ | ১ সপ্তাহ প্রত্যেক-বার ৪ সিসন্ | | | ৪২ সিটি | ওয়েজ আর্ণার্স ও ক্লারিক্যাল | হোয়াইট ১২,৯০৩ নিগ্রো ১,৪৬৬ |

| দেশ | তারিখ | ডিস্ট্রিবিউশন অব ষ্টাডি অব ফুড কনসামপ্সান | ফ্যামিলির সংখ্যা | লোকের সংখ্যা | স্তোপ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ভৌগোলিক | সামাজিক শ্রেণী | অন্যান্য |
| | | ১ সপ্তাহ প্রত্যেক- | | | | | |
| হোয়াইট | | বার ৪ দিসন্ | | | আবহান | | |
| নর্থ আটলান্টিক | | | | | | | |
| ইষ্ট, সাউথ, সেন্ট্রাল | | | | | | | |
| প্যাসিফিক | | | | | | | |
| নিগ্রো সাউথ | | | | | | | |
| নিউএরতোরিকো | জুন ১৯৩৭ | | | | সানজুয়ান | ওয়েজ-আর্ণার | |
| সানজুয়ান | জুন ১৯৩৮ | | | | ২২ সিটি | | |
| ২২ সিটি | আগষ্ট ১৯৩৯ | | | | রুর‍্যালএরিয়া | | |
| রুর‍্যাল এরিয়া | | | | | | | |
| আর্জেনটিনা | | | | | | | |
| বুনোএরি | অক্টো ১৯৩৩ | ১ মাস | | — | বুনোএরি | | |
| " | ১৯৩৫ | ১ বৎসর | | ১,১৯৮ | শাওপুলো | | |
| ব্রেজিল | ১৯২৪ সেপ্টে | ১ মাস | | | | | |
| | ১৯৩৬ অক্টো | | | | ফেডারাল | | |
| | ১৯৩৭ | | | | | | |
| চিলি | জুলাই-আগষ্ট | | | | | | |
| | ১৯৩৫ | ১৪ দিন | ৫৮৩ | ৩,৩৮৩ | ১৫ সিটি | | |
| কলাম্বিয়া | ১৯৩৬ | ১ মাস | ২২৫ | ১,১৭২ | বোগোটা | | |

খাদ্য বিষয়ে খরচা অন্যান্য বিষয়ের খরচার অনুপাতে কি রকম হইয়া থাকে তাহা আলোচনা করিতে গিয়া লেখক বলেন যে, তাহা মানুষের আয় অনুসারে বিভিন্ন হয়। মানুষের যতই আয় বৃদ্ধি পায় সেই অনুপাতে তাহার খাদ্যের খরচা কমিয়া যায়, অবশ্য একটা বিশেষ অবস্থা পার হইবার পর থেকে। বিভিন্ন দেশে খাদ্য সম্বন্ধে খরচার হার পর্য্যালোচনা করিলে দেখা যায় যে, বিভিন্ন স্থানে ইকনমিক প্রেসারে বিভিন্ন গ্রুপের মধ্যে অনেক তফাৎ। নিম্নের তালিকায় দেখানো হইয়াছে কোন্ দেশে কত পারসেন্টেজ খাদ্য সামগ্রীর বিষয়ে খরচা হইয়া থাকে।

| দেশ | পারসেন্টেজ |
|---|---|
| ক্যানাডা | |
| ব্রিটিশ ক্যামিলি | |
| ফ্রেঞ্চ | |
| ইউনাইটেড ষ্টেটস্ | |
| ওয়েজ-আর্ণার ষ্টাডি | |
| আর্জেন্টিনা | |
| ১৯৩৩ | |
| ব্রেজিল : ১৯৩৬-৩৭ | |
| চিলি : ১৯৩৫ | |
| কলাম্বিয়া | |
| বোগোটা | |
| মেডেলিন | |
| এ্যাটিকুইয়া | |
| মেক্সিকো | |
| ফেডারাল ডিষ্ট্রীক্ট ১৯৩৪ | |
| ১৯৩৮ | |

"দি ক্রাইসিস অব আওয়ার এজ" ; পি এ সোরোকিন কর্তৃক লিখিত ; ই, পি, ডাটন এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ৩৩৮ ; মূল্য ৩·৫০ ডলার।

"সোসিয়াল ও কালচারাল ডিনামিক্স" নামক পুস্তকখানির সংক্ষিপ্ত আকারে উপরি উক্ত নামে আর একটী পুস্তক রচিত হইয়াছে। "অন দি টুইলাইট অব সেনসেট কালচার" বিষয়ে লাওয়েল লেকচার দেওয়া হইয়াছিল ১৯৪১ সনে। পুস্তকখানিতে তাহাই সঙ্কলিত হইয়াছে। 'সেনসেট আইডিয়েশানাল পোলারিটি' সম্বন্ধে ব্যতিরেকে অন্যান্য বিষয়গুলি প্রায় সবই "ডিনামিক্সের" পাঠকবর্গের নিকটে নূতন লাগিবে না। সোরোকিনের "আইডিয়েশানাল" শব্দটীর সংজ্ঞা বিশেষ পরিষ্কার না থাকায় এবং আরও কয়েকটী শব্দ উক্ত লেখকের তৈরী বলিয়া সাধারণ পাঠকের নিকট একটু গোলযোগ উপস্থিত করে। যেমন ওভার-রাইপ "সুপার-রাইপ", "ডিসইনটি-গ্রেটিং", "সেনসুয়াল সেনসেট কালচার" ইত্যাদি ধরণের শব্দ। লেখার মধ্যে যুক্তি-বহুলতা থাকিলেও সঙ্গতির অভাব নিবন্ধন লেখককে বাজেমাল প্রসার করিতে হইয়াছে অধিক পরিমাণে। "সেনসেট" কালচার সম্বন্ধে অবশ্য ১৫০০ খৃষ্টাব্দ হইতেই বলা যায় যে সাধারণ লোকের নিকট বিশেষ আদৃত নহে এবং সেই জিনিষকেই যখন সোরোকিন উচ্চাঙ্গের জিনিষ বলিয়া প্রমাণিত করিতে চাহিয়াছেন তখন তাঁহার অদৃষ্টে সাধারণের তীব্র সমালোচনা ও পর্য্যালোচনার বর্ষণ অনিবার্য্য। তাহা ছাড়া সোরোকিন আবার তার দোষগুলাকেই গুণের মধ্যে গণ্য করিয়া আর এক ফাঁস গলায় পরিয়াছেন। গতানুগতিক সমাজ ও লেখকের চিন্তাধারায় এতটুকু ঘা' দিলে তাঁহারা খাঁৎকে উঠিয়া "ডিফেন্স" আরম্ভ করেন কিন্তু পরকে যখন নিজেরা ক্রটী অক্রটী নির্ব্বিশেষে গালি দেন তখন বিশেষ দোষ থাকে না, এটাই আমাদের মনস্তত্ত্বের একটা দিক্। তবে একটা কথা বইখানি পড়িলেই চোখে লাগে যে সোরোকিন ৫০০—১২০০ পর্য্যন্ত "আইডিয়েশানাল" কালচার সম্বন্ধে বিবৃতি দিয়াছেন "গোল্ডেন এজ" বলিয়া ; এবং তাঁহার মতে আমরা যদি বাঁচিতে চাই তবে সেই যুগে প্রত্যাবর্ত্তন না করিলে আর উদ্ধার নাই। কিন্তু সেই যুগের নোংরা, নির্ম্মমতা, অজ্ঞতা, কামুকতা, রোগ, নিরাহার, শোষণ কার্য্য, অত্যাচার, যুদ্ধ, মানুষের সম্মানকে যে বাড়িয়ে চলার রীতি সে সব সম্বন্ধে একেবারে তিনি চুপ। মানুষের যেমন বাঁচিয়া থাকার অধিকার আছে তাহার আত্মসম্মান অক্ষুণ্ণ রাখার অধিকার ঠিক তেমনই আছে। আত্মসম্মানে ঘা' দিয়া মানুষ পশুত্বের পরিচয়ই দিয়া থাকে। এক স্থলে লেখক বলিয়াছেন যে খানিকটা জলকে বিষাক্ত করিবার জন্য অনেকখানি বিষ আবশ্যক করে না, কয়েক ফোঁটা বিষই যথেষ্ট। ইহার ভাবার্থ হইল যে আমাদের কৃষ্টিকে বিনষ্ট করবার জন্য খুব বেশী সংখ্যার বদমায়েস বা দুষ্ট লোকের আবশ্যক করে না, দু'দশজনই যথেষ্ট।

সোরোকিন এম্পিরিক্যাল কালচারকে বিশেষ স্থান দেন নাই। কারণ তিনি ইহাকে "সিউডো-সায়েন্স" বলিয়া মনে করেন। তাঁহার মেথড হইল "কোয়ানটিটেটিভ্ মেথড্"। অনেকে অবশ্য বলেন যে, সোরোকিনের প্রণালী ক্রটী-দুষ্ট, কারণ মুখের কথায় যে তথ্য সংগৃহীত হয় তাহা মানুষের মিথ্যা ও দুষ্টাচার সঙ্কলিতও হইতে পারে। কাজেই তাহা কতদূর বিশ্বাসযোগ্য তাহা বিবেচনা করা একান্ত কর্ত্তব্য।

"ইনট্রুইশন" সম্বন্ধে সোরোকিন লিখিয়াছেন (১০৫-১১২ পৃঃ)। তাহার মতে সকল সত্য জ্ঞানের অবশ্যম্ভাবী আনুষঙ্গিক অবস্থা হইল "মিস্টিসিসম" বা "সুপারসেনসরি" জ্ঞান। আসল সমস্যা হইল সেনসেট-আইডিয়েলিসটিক-আইডিয়েশানাল-ত্রিমার অন্তর্গত কি সূক্তি রহিয়াছে। একজন সমালোচক প্রশ্ন করিয়াছেন যে সোরোকিন ছাড়া উপরি উক্ত বাক্যগুলি অন্য কেহ যথাযথ সততা দিয়া নিজের অনুভূতির মধ্যে আনিতে পারেন কিনা। সাধারণভাবে দেখা যায় যে, সোরোকিন "সেনসেট" শব্দ ব্যবহার করিয়াছেন এপিথেট হিসাবে এবং আইডিয়েশানাল শব্দ ব্যবহার করিয়াছেন প্রশংসার স্থলে। ইহাতে কতদূর বিজ্ঞানের প্রসার হইয়াছে অথবা ঐ সকল তথ্য সমাজ বিজ্ঞানে কতদূর উপকারে আসে তাহা চিন্তার বিষয়।

"ইনট্রোডাকশান টু দি সোসিয়লজি অব আর্ট"; এ্যাডলফ্ সিসক্রিড্ টোমার্স কর্তৃক লিখিত; পৃঃ ৪২০।

সমাজ বিজ্ঞানের প্রত্যেকটী প্রধান প্রধান সমস্যার সহিত অঙ্কনবিদ্যার কতটা ঘনিষ্ঠতা তাহাই বর্ণিত হইয়াছে। রবার্ট ম্যাকাইভার যে লাইন অনুসারে চলিয়াছেন ঠিক সেইভাবেই লেখক সমাজ-বিজ্ঞানের দিক্ হইতে পুস্তকখানি লিখিতে প্রয়াস পাইয়াছেন। সেই জন্য লেখক পুস্তকখানিতে নিম্নলিখিত বিষয়বস্তুগুলি গ্রথিত করিয়াছেন যথা—"কমিউন্যাল আর্ট", "ক্লাস আর্ট" এবং "এ্যাসোসিয়েশানাল আর্ট"। প্রথমটী আবার নিম্নলিখিতভাবে বিভক্ত হইয়াছে—(ক) লিঙ্গিক আর্ট, (খ) ক্লাসন্যাল আর্ট, (গ) ইন্টার কমিউন্যাল ইনফ্লুয়েন্সেস্ অন আর্ট, দ্বিতীয়টীকে ঠিক ঐভাবে বিভক্ত করা হইয়াছে—করপোরেট এবং কম্পিটিটিভ্ ক্লাস সিস্টেম অব আর্ট, তৃতীয়টীকে বিভক্ত করা হইয়াছে "রিলিজিয়ন" এবং "ষ্টেট আপন আর্ট"। ইহাদের পূর্বে অবশ্য একটা অধ্যায়ে ভূমিকা এবং অপর অধ্যায়ে প্রণালী সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। এই ধরণের আর একখানি বইয়ের কথা এখানে উল্লেখ করা চলে। তাহার লেখক হইলেন মার্টিন ভারকেগাল। তাঁহার রচিত পুস্তকখানি হইল—ডের লেবেনস্রাউম ডেস কুন্স্টলেশ্ ইন ডের ফোরেনটিনিখেন রিনায়াসান্স আউফগাবেন উণ্ড আউফট্রাগেবের, ডেরকাসটাট উণ্ড কুন্স্ট-মার্কট্"; (লাইপজিগ, ১৯৩৮) পুস্তকখানিতে বুদ্ধিমত্তার প্রকাশ পাইয়াছে এবং মানুষের অভিজ্ঞতা এবং জানার ইচ্ছার যে ব্যাপকতা তাহা হইতে বেশ কিছু প্রকট হইয়া উঠিয়াছে। যদিও স্থানে স্থানে মতামত হয়তো সাধারণের সঙ্গে ভিন্ন। বইখানি লেখার উদ্দেশ্য এবং সার্থকতা সম্বন্ধে ভূমিকা এবং উপসংহারে কিছু কিছু আভাস দেওয়া হইয়াছে। ইহার সার্থকতা সম্বন্ধে বলিতে গিয়া লেখক দেখাইয়াছেন যে অঙ্কনবিদ্যাবিংগণ এবং অঙ্কন সমালোচকগণ সৌন্দর্য্য সম্বন্ধে "এ্যাবসলিউটিষ্ট" মত পোষণ করেন। কিন্তু মানব সংক্রান্ত সকল রকম প্রতিষ্ঠানই সম্বন্ধ-সূচক বা রিলেটিভিষ্ট—রাষ্ট্র, নীতি এবং শাসন প্রতিষ্ঠান হইতে এবসলিউটিস্ম্ যে দিন হইতে অপসারিত হইয়াছে, সেদিন হইতে দেখা যায় "কনসেপ্ট, দি ওড্, রাইটিউয়াসনেস, সাভারেনটী প্রভৃতি বিষয়ের অবান্তর ও নীরস তথ্যগুলির উপর আর তত বেশী নজর দেওয়া হয় না; বরং তাহাদের স্থলে যাহা মানবের প্রয়োজনীয় তথ্য তাহার অন্বেষণেই গবেষণার ধারা এক্ষণে চলিতেছে। কেবলমাত্র অঙ্কনবিদ্যাই একমাত্র শাস্ত্র রহিয়া গিয়াছে যেখানে এস্থেটিক ফিলসফারগণ এবং অঙ্কন সমালোচকগণ এবসলিউটিসমের চরণ ধরিয়া পড়িয়া রহিয়াছেন। সেই হিসাবে দেখিতে গেলে বলা চলে যে এই পুস্তকখানি এবসলিউটিসমের পরিপন্থীদের বিরুদ্ধে।

বইখানির শেষের দিকে দেখানো হইয়াছে এবসলিসমের সহিত রিলেটিভিসমের কোনখানে পার্থক্য। ঠিক এই ধরণের বৈপরীত্য দেখা যায় সাবজেকটিভিষ্ট ও অবজেক্টভিষ্টদের মতামত লইয়া। অন্যান্য সামাজিক ষ্ট্যাণ্ডার্ডের মত গুণ ভ্যালিউ বা ব্যক্তিগত বিশ্বাসও অবজেকটিভ্ বলা চলে। এইচ্ হ্যাভলিটের লিখিত "এ্যানাটমি অব ক্রিটিসিস্ম্" নামক বইখানি হইতে লেখক উপরি উক্ত আলোচনা সম্বন্ধে বহু স্থানে উল্লেখ করিয়াছেন।




১। "ইনট্রোডিউসিং অষ্ট্রেলিয়া" ; সি, হার্টলে গ্রাটান কর্তৃক লিখিত ; দি জন ডে কোম্পানী কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪২ , পৃঃ ৩৩১ ; মূল্য ৪ ডলার।

২। "এ হিস্ট্রি অব ফ্রেঞ্চ কানাডিয়ান পলিসিস" ফ্রাঙ্ক আর্ণল্ড হেইট কর্তৃক লিখিত ; দি ম্যাকমিল্যান কোম্পানী কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক , ১৯৪১ ; পৃঃ ২৮৫ ; মূল্য ২ ডলার ৫০ সেন্ট।

৩। পি. ই. পি. ( পোলিটিক্যাল ইকনমিক প্ল্যানিং), ব্রিটিশ রিকনস্ট্রাকসান এজেন্সিস প্ল্যানিং কর্তৃক প্রকাশিত ; লণ্ডন ; ৭ই এপ্রিল ; ১৯৪২।

৪। "আমেরিকা অর্গানাইসেস টু উইন দি ওয়ার" ; এ হ্যাণ্ডবুক অব আমেরিকান ওয়ার এফর্ট ; হারকুর্ট ব্রেস এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; পৃঃ ৩২৪ ; মূল্য ২ ডলার।

৫। "ডিসিস এণ্ড দি সোসিয়াল সিসটেম" ; আর্থার গিডহাম কর্তৃক লিখিত ; এর্ল্ড এ্যালেন এণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত ; মূল্য ১০ শিলিং ৬ পেন্স নেট।

৬। "ভার্সেলিস টোয়েন্টি ইয়ার্স আফটার" ; পল বার্ডসল কর্তৃক লিখিত ; জর্জ এ্যালেন এণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত ; লণ্ডন ; মূল্য ১৫ শিলিং নেট।

৭। "ইনসটিটিউট অন ওয়ার্ল্ড অর্গানিজেসন" ; এ ব্যালেন্স সিট অব দি ফাষ্ট গ্রেট এক্সপেরিমেন্ট ; আমেরিকান কাউন্সিল অন পাবলিক এ্যাফেয়ার্স ; ওয়াশিংটন ; ডি. সি. ১৯৪২ ; পৃঃ ৪২৬ ; মূল্য ৩.৭৫ ডলার।

৮। "ওয়েজেস এণ্ড প্রাইসেস" ; রবার্ট ই সানবার্স কর্তৃক লিখিত ; এইচ. ভানসিউ উইলসন কোম্পানি কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪২।

৯। "ফ্যাক্টরি ইন্সপেক্সন ইন গ্রেট ব্রিটেন" ; টি. কে. ভাজ কর্তৃক লিখিত ; জর্জ এ্যালেন এণ্ড আনউইন কর্তৃক প্রকাশিত ; মূল্য ১২ শিলিং ৬ পেন্স নেট।

১০। "ডেমক্রাশি ইন দি স্লাভস্" ; শ্রীরাম শর্মা কর্তৃক লিখিত , দি মিনার্ভা বুক সপ কর্তৃক প্রকাশিত , লাহোর ; ১৯৪০ ; পৃঃ ১৩৩।

১১। "দি কোক কালচার অব ইউকেটান" ; রবার্ট রেডফিল্ড কর্তৃক লিখিত ; ইউনিভার্সিটি অব শিকাগো প্রেস কর্তৃক প্রকাশিত ; শিকাগো ; ১৯৪১ ; পৃঃ ৪১৬ , মূল্য ৩.৫০ ডলার।

১২। "ক্যাথলিক এণ্ড সোসিয়াল থিওরি" ; উইলহেলম্ হুইয়ার কর্তৃক লিখিত ; বার্থলমিউ ল্যাভিয়ার কর্তৃক অনুবাদিত ; ফ্রান্স মুরেলের কর্তৃক ভূমিকা লিখিত ; বি. হার্ডার বুক কোম্পানি কর্তৃক প্রকাশিত ; পৃঃ ১৯৪০ ; সেপ্টেম্বর ; পৃঃ ৩৫০, মূল্য ২.৭৫ ডলার।

১৩। "ম্যান অব স্পেন ; ফ্রাঁসিস গুয়ারেজ ; গোসেফ এইচ ফিক্টার কর্তৃক লিখিত ; ম্যাকমিল্যান এণ্ড কোম্পানি কর্তৃক প্রকাশিত ; এল্. জে. নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ৩৪৯ ; মূল্য ২.৫০ ডলার।

১৪। "বায়গ্রাফি অব দি গডস্ ; এ ইউসটেস হেন্ডন কর্তৃক লিখিত ; দি ম্যাকমিল্যান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ৩৫২ ; মূল্য ২.৫০ ডলার।

# মার্কিণ চোখে আর্থিক ভারত*

শ্রীমন্মথনাথ সরকার, এম এ

ভারতবর্ষ এসিয়ার অন্তর্ভুক্ত একটা ত্রিভুজাকৃতি উপ-মহাদেশ। ইহার উত্তরাংশের চতুর্দ্দিক স্থলভাগ-বেষ্টিত; দক্ষিণাংশের পশ্চিম ও পূর্ব্বে যথাক্রমে ভারত মহাসাগর ও বঙ্গোপসাগর অবস্থিত। এই ত্রিভুজের ভূমি ইরাণের সীমান্ত হইতে পূর্ব্ব দিকে বার্ম্মা-সীমান্ত পর্য্যন্ত প্রসারিত। বার্ম্মা সীমান্তে জাপানীরা আজ জাগ্রত প্রহরীর মত দণ্ডায়মান। ভারতবর্ষ উত্তর-দক্ষিণে ২,০০০ মাইল দীর্ঘ এবং পূর্ব্ব-পশ্চিমে ২,৫০০ মাইল প্রশস্ত। মোট আয়তন ফল প্রায় ১,৫৭৮,০০০ বর্গ মাইল।

ভারতবর্ষ আয়তনে মার্কিণ যুক্তরাষ্ট্রের প্রায় অর্দ্ধেক; কিন্তু ইহার লোকসংখ্যা ১৯৪১ সনের আদম শুমারি অনুসারে ৩৮৯ মিলিয়ন। ভারতের জনসংখ্যার বাড়তির হার অত্যন্ত বেশী। গত ২০ বৎসরের মধ্যে লোকসংখ্যা বাড়িয়াছে ৬০ মিলিয়ন। ভারতের আর্থিক সম্পদ্ সম্বন্ধে মাপজোক লওয়ার সময় এই জনসংখ্যার অনুপাতটা গণ্য করার দরকার। কৃষিজাত দ্রব্য ও খনিজ পদার্থ লইয়া ভারতের সম্পদ মাপ-জোক করিলে বড় বড় অঙ্কই চোখে পড়িবে। কিন্তু ভারতের বিরাট জনসংখ্যার প্রয়োজন অনুসারে এই সম্পদ্ বিশেষ কিছুই নয়। একটু ঠাণ্ডা মেজাজে হিসাব করিলেই তাহা বেশ বুঝা যাইবে।

ভারতের সম্পদ প্রধানতঃ কৃষিজাত দ্রব্যাদিতেই সীমাবদ্ধ। বিগত কয়েক বৎসর যাবৎ ভারতের শিল্পোন্নতি ও শিল্প-প্রসার সম্বন্ধে অনেক কথাই শুনা যাইতেছে। কিন্তু ভারতবর্ষ পল্লী-প্রধান দেশরূপেই গণ্য। অর্থাৎ অধিকাংশ ভারতবাসী পল্লীগ্রামেই বসবাস করে। অতীতের তুলনায় বর্ত্তমানে ভারতবর্ষ যেন আরও বেশী পল্লী-নিষ্ঠ হইয়াছে। শতকরা ৮৯জন ভারতবাসী মুখ্য বা গৌণভাবে কৃষিকার্য্যের উপরেই নির্ভর করে। রীতিমতভাবে হিসাব করিয়া এই তথ্যটী ধরা গিয়াছে। শতকরা বাকী ১১জন লোক শিল্পকার্য্যে জীবনযাত্রা নির্ব্বাহ করে। মোটের উপর ভারতের কল-কারখানাগুলা কৃষিকার্য্যের বাড়তি লোকজনকে আদৌ গ্রহণ করিতে পারে নাই। পূর্ব্বেকার তুলনায় অবস্থা এখন বরং খারাপের দিকে। ১৮৯১ সনে মোট জনসংখ্যার শতকরা ৬১ জন কৃষিকার্য্যে নিযুক্ত ছিল; ১৯৩১ সনে এই অনুপাত দাঁড়াইয়াছে শতকরা ৭৩। পাশ্চাত্য জগৎ এবং প্রাচ্যের আর্থিক হিসাবে উহাতর দেশগুলির উল্টা অবস্থাই ভারতবর্ষে ঘটিয়াছে। ভারতবর্ষের আর্থিক জীবনে কৃষি-সম্পদই এখন পর্য্যন্ত শ্রেষ্ঠ স্থান দখল করিয়া রহিয়াছে।

এখন ভারতের কৃষি-সম্পদের দৌড় কতটুকু যাচাই করিয়া দেখা যাউক। ভারতে আবাদী জমির পরিমাণ ৩২০ মিলিয়ন একর। ৪০ কোটী অধিবাসীর যথোপযুক্ত আহার্য্য সরবরাহ ভারতের সবচেয়ে বড় সমস্যা। এই জন্য চার-পঞ্চমাংশ আবাদী জমি অর্থাৎ ২৫০ মিলিয়ন একর জমিতে খাদ্যশস্যের চাষ করা হয়। বাকী জমিতে কলকারখানার উপযোগী অর্থাৎ নগদ টাকা লাভের সহায়ক শস্যাদির আবাদ করা হয়।

ধান ভারতের শ্রেষ্ঠ খাদ্যশস্য। গড়ে শতকরা ৭০জন ভারতবাসী ভাত খাইয়া জীবনধারণ করে। পৃথিবীতে ভারতবর্ষেই সব চেয়ে বেশী জমিতে ধানের আবাদ (৭২ মিলিয়ন একর) হয়; ধান্য-উৎপাদক দেশ হিসাবেও (৫৭ বিলিয়ন পাউণ্ড) ভারতের স্থান একমাত্র চীনের নিম্নে। এই সমস্ত অঙ্ক ও মাপজোক বিশাল নিশ্চয়ই; তবুও বিগত দুই দশকের মধ্যে উৎপাদন হ্রাস পাইয়াছে ৮%, পক্ষান্তরে লোকসংখ্যা বাড়িয়াছে ১৮%। জমির উৎপাদিকা শক্তি ক্রমশঃ কমিয়া আসিতেছে। উৎপাদন

* "দি এগ্রিকাল্চারাল সিচুয়েশান" পত্রিকার ১৯৪২ সনের আগষ্ট সংখ্যায় ডাব্লিউ, লেড্‌ভিন্স্কী লিখিত প্রবন্ধ অবলম্বনে।

হ্রাসের ইহাই হইতেছে প্রধান কারণ। গত দুই দশকে একর প্রতি গড় উৎপাদন ২৯ বুশেল (১৯২২-২৬) হইতে ২৬ বুশেলে (১৯৩৭-৪১) পরিণত হইয়াছে। এই সময়ের মধ্যে জাপানে উৎপাদনের তারতম্য ঘটিয়াছে ৬৮ হইতে ৭৫ বুশেল। কাজেই দেখা যাইতেছে, ভারতে প্রয়োজনের উপযোগী ধান উৎপন্ন হয় না। মাথা-পিছু ধান খাদনের পরিমাণও ২০৫ থেকে ১৬২ পাউণ্ডে হ্রাস পাইয়াছে। এই হ্রাস-প্রাপ্ত খাদন-মাফিক ধানও ভারতবর্ষে উৎপন্ন হয় না। এই অভাব দূর করার জন্য ভারতের পক্ষে মোট চাউল সরবরাহের শতকরা ৬ হইতে ৮ ভাগ বাহ্য থেকে আমদানি করার দরকার। জাপানীরা ব্রহ্মা দখল করায় ভারতের চাউল-সরবরাহ পরিস্থিতি আরও শোচনীয় আকার ধারণ করিয়াছে।

ধানের পরেই গম ভারতবর্ষে দ্বিতীয় খাদ্য শস্যের স্থান অধিকার করিয়াছে। ভারতে গড়ে ৩১ মিলিয়ন একর জমিতে গমের আবাদ হয়, উৎপাদন দাঁড়ায় প্রায় ৩৭৫ মিলিয়ন বুশেল। বিগত কয়েক বৎসরের মধ্যে ধানের মত গমেরও আবাদ ও উৎপাদন কিছুই বাড়ে নাই। মাথাপিছু খাদনও (৩০ পাউণ্ড) অপরিবর্তিত অবস্থায় আছে। তবে পূর্বে যে বাড়তি গম রপ্তানি হইত তাহা এখন দেশের মধ্যেই ব্যবহৃত হইতেছে। পরিবর্তনের মধ্যে মাত্র এইটুকু দাঁড়াইয়াছে।

এই দুই প্রধান খাদ্যশস্য ছাড়া ভারতবর্ষে নানা জাতীয় ভুট্টা (৩০ মিলিয়ন একরেরও অধিক) যব ও ডাল জাতীয় শস্যও উৎপন্ন হয় যথেষ্ট পরিমাণে। ভারতবর্ষ দুনিয়ার সেরা ইক্ষু-উৎপাদক দেশ। ভারতবর্ষে প্রায় ৩ মিলিয়ন একর জমিতে ইক্ষুর চাষ হয়; চিনি উৎপন্ন হয় ৫ মিলিয়ন টন। তবে এই চিনি নিকৃষ্ট ধরণের। পরিমাণের দিক্ হইতে ভারত দুনিয়ায় শ্রেষ্ঠ তামাক-উৎপাদক দেশরূপেও গণ্য। আবাদের পরিমাণ ১,৪৯৭,০০০ একর; উৎপাদন ১,৩৭৫ মিলিয়ন পাউণ্ড।

ভারতের কৃষি-সম্পদের রাজ্যে গৃহ-পালিত জীব-জানোয়ার আর একটা মুখ্য স্থান অধিকার করিয়া রহিয়াছে। গৃহপালিত জীব-জানোয়ারের মধ্যে ভেড়া এবং ছাগলও আছে। এই দুই জানোয়ারের মোট সংখ্যা প্রায় ৩১০ মিলিয়ন। ভারতীয় কৃষকদের জীবনে এই সমস্ত জীব-জানোয়ার অপরিহার্য্য প্রভাব বিস্তার করিয়াই দণ্ডায়মান। কিন্তু সকলের উপরে স্থান গরু ও বলদের। ভারতের কৃষি-সম্পদ এই দুই জানোয়ারের অপূর্ব্ব সহনশীল পৃষ্ঠেই দাঁড়াইয়া আছে। তবে এই সমস্ত জীব-জানোয়ারের আর্থিক কিম্বা উহাদের দৈহিক ওজনের উপরেই নির্ভর করিতেছে। ভারতের গৃহপালিত জীব-জানোয়ারগুলির নির্ম্মম বাস্তব সত্য হইতেছে এই যে, এই সমস্ত জীব নিকৃষ্ট ধরণের। এইগুলি আকারে ছোট, কাজের অযোগ্য এবং নানাপ্রকার সংক্রামক ব্যাধিতেও ইহারা ভুগিয়া থাকে। ভারতের বন-বহুল অংশগুলিতে গোচারণ-ভূমি ক্রমশঃ আবাদী জমিতে পরিণত হওয়ায় পশুপালন বিষম সমস্যা হইয়া দাঁড়াইয়াছে। বিশেষজ্ঞদের মতে, ভারতবর্ষে যে পরিমাণে পশুখাদ্য উৎপন্ন হয়, তাহাতে মোট জানোয়ারের দুই-পঞ্চমাংশের পেট ভরিতে পারে। গৃহপালিত জীব-জানোয়ারের আধিক্যবশতঃ ভারতবর্ষ পৃথিবীর সেরা কাঁচা ও আধ-পাকা চামড়ার উৎপাদক দেশে পরিণত হইয়াছে। ভারতবর্ষে প্রায় ২০ মিলিয়ন গরুর ও ৬ মিলিয়ন মহিষের চামড়া, ২৮ মিলিয়ন ছাগল ও ছাগল ছানার এবং ১৯ মিলিয়ন মেষ ও মেষ-শাবকের চামড়া উৎপন্ন হয়।

ভারতবর্ষ তৈলবীজ, খইল ও তেল সম্পর্কেও দুনিয়ার অন্যতম শ্রেষ্ঠ উৎপাদক দেশরূপে গণ্য। ভারতবর্ষে ২৩ মিলিয়ন একর জমিতে নানা প্রকার তৈল বীজের চাষ-আবাদ হয়। তৈলবীজ সমূহের মধ্যে চীনা বাদামের স্থান সকলের উপরে। বৎসরে ৩ মিলিয়ন টন চীনা বাদামও ৩৪০,০০০ টন চীনা বাদামের তেল উৎপন্ন হয়। অন্যান্য তৈল বীজের মধ্যে মসিনা, রেড়ী, সরিষা ও তিল বিশেষরূপে উল্লেখযোগ্য। এই সমস্ত তৈলবীজ হইতে নিষ্কাশিত প্রায় এক মিলিয়ন টন তেল বিদেশে রপ্তানি হয়। বহুদূর সম্ভব ভারতবর্ষই কার্পাসের আদিম বাসভূমি। বহু বৎসর যাবৎ এই দেশ দুনিয়ার দ্বিতীয় শ্রেষ্ঠ কার্পাস উৎপাদক দেশরূপে গণ্য হইয়া আসিতেছে। বৎসরে

প্রায় ৬·৫ মিলিয়ন গাঁট ( বেল ) কার্পাস-তূলা উৎপন্ন হয়। ছুচিদায় তন্তু আবিষ্কারের শত চেষ্টা সত্ত্বেও পাট পৃথিবীতে সব চেয়ে সস্তা প্যাকিংয়ের উপাদানরূপে গণ্য হইয়া আসিতেছে। বৎসরে ভারতবর্ষে উৎপন্ন পাট প্রায় ৯ মিলিয়ন গাঁট।

ভারতবর্ষ মূলতঃ কৃষিপ্রধান দেশ হইলেও অন্যান্য পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জ ও মালয়ের মত কৃষি-প্রধান দেশের সহিত এই দেশের যথেষ্ট পার্থক্য দেখা যায়। ইহার কারণ হইতেছে এই যে, ভারতবর্ষ যেরূপ নানা প্রকার খনিজ সম্পদের অধিকারী এই দুই দেশ সেরূপ নয়। ভারতে কল-কারখানা সম্প্রসারণের সম্ভাবনাও সুবিশাল। মজুর এই দেশে মিলে লাখে লাখে, বাজারের এলাকাও অসীম। এই সমস্ত সুবিধা থাকিলেও অসুবিধাও রহিয়াছে বিস্তর। ভারতবাসীর ঘরে যে আয় হয় তাহাতে খুব কমই খরচ করা চলে। ভারতীয় মজুরের কাজের যোগ্যতাও খুব কম, পুঁজি-পাট্টারও নিতান্ত অভাব। ঔপনিবেশিক গভর্ণমেণ্ট ইতিপূর্ব্বে ভারতে ভারি ভারি শিল্প প্রবর্ত্তনে খুব কমই উৎসাহ প্রদর্শন করিয়াছেন। ফলে বর্ত্তমান সময় পর্য্যন্ত ভারতের শিল্প-প্রগতি বাধা-প্রাপ্ত হইয়াছে। বাধা-বিঘ্নগুলি হ্রাস বা একেবারে দূর করিতে পারিলে, ভারতবর্ষ এখনও সম্পূর্ণরূপে আত্ম-নির্ভরশীল ভাবেই শিল্পপ্রধান দেশে পরিণত হইতে পারে—ভারতে এমন অফুরন্ত প্রাকৃতিক সম্পদ্ রহিয়াছে।

ভারতের খনিজসম্পদ্ সম্পর্কে আলোচনা করা যাউক। ভারতবর্ষে অজস্র উচ্চ শ্রেণীর লোহার ওর বা পিণ্ড রহিয়াছে। অতি সহজেই এই ওর আহরণ করা চলে। লৌহ পিণ্ডের মৌজুদ ভাণ্ডারের পরিমাণ ৩ বিলিয়ন টন; এই সমস্ত পিণ্ডে লোহার হিস্সা পড়ে ৬৪%। লোহা ও ইস্পাত তৈরীর মূল উপাদান—কয়লা, কোক কয়লা ও ম্যাঙ্গানিজও পাওয়া যায় প্রচুর পরিমাণে। কয়লা-সম্পদের পরিমাণ ৫০ হইতে ৬০ বিলিয়ন টনের মধ্যে। এর মধ্যে ৫ বিলিয়ন টন উৎকৃষ্ট ধরণের এবং সহজেই উদ্ধার করা চলে। উন্নত শ্রেণীর ম্যাঙ্গানিজ উৎপাদক দেশ হিসাবে রুশিয়ার নীচেই ভারতের স্থান ( এক মিলিয়ন টনেরও অধিক )। ভারতবর্ষ পৃথিবীর শ্রেষ্ঠ অভ্র-উৎপাদক দেশেও পরিণত। মার্কিণ যুক্তরাষ্ট্র ও কানাডা অন্যান্য প্রধান উৎপাদক দেশরূপে গণ্য। কিন্তু এই তিন দেশে যত অভ্র উৎপন্ন হয়, মূল্যের দিক্ হইতে ভারত একাই তাহার ৮০%এর অধিকারী। ক্রোমাইট-উৎপাদক দেশ হিসাবেও ভারত পৃথিবীতে বড় আসন দাবী করিতে পারে। নিখুঁত ইস্পাত ও রণতরীর কাঠ-স্থানীয় চাদর তৈরীর উপযোগী ক্রোম ইস্পাত তৈরীর জন্য এই ধাতুর অত্যন্ত প্রয়োজন। ভারতে বক্সাইটও মিলে প্রচুর পরিমাণ। ভারতজাত বক্সাইট গুণেও ভাল। বক্সাইট হইতে এলুমিনিয়াম তৈরী হয়। ভারতবর্ষে জল-শক্তিও রহিয়াছে প্রচুর, তবে এই শক্তি এখনও সম্পূর্ণরূপে কাজে প্রযুক্ত হয় নাই। ভারতের কৃষি ছাড়া অন্যান্য সম্পদের মধ্যে জলশক্তিও রীতিমত গণ্য হইতে পারে।

ভারতের অধিকাংশ খনিজ-সম্পদ এখনও গঠনের পথে। মোটের উপর ভারতের খনিজ সম্পদ ও উহার ব্যবহারের মধ্যে মস্ত ফাঁক রহিয়াছে। মাত্র দুই-চারিটি শিল্প, বিশেষতঃ বস্ত্রশিল্প ছাড়া ভারতের শিল্পোন্নতি যৎপরোনাস্তি মন্থর গতিতেই অগ্রসর হইয়াছে। ১৯৩৪-৩৮ সনের মধ্যে ভারতবর্ষে প্রত্যেক বৎসর ২৩ মিলিয়ন টন কয়লা, আড়াই মিলিয়ন টন লৌহ-পিণ্ড, ৩৩,০০০ টন তামার পিণ্ড এবং ৮,০০০ টন বক্সাইট উৎপন্ন হইয়াছে। মোট খনিজ পদার্থ উৎপাদনের মূল্য দাঁড়াইয়াছে ৬৫ মিলিয়ন ডলার। যুদ্ধ প্রচেষ্টার মধ্যেও ভারতে ১৯৪১ সনে মাত্র ১,২৫০,০০০ টন ইস্পাত তৈরী হইয়াছে।

ভারতে যুদ্ধকালীন বিরাট চাহিদা প্রত্যহই বাড়িয়া চলিয়াছে, ফলে ভারতের ব্যাপক শিল্পোন্নতি সাধনের জরুরী চাহিদা উপস্থিত হইয়াছে। এই অভিমত নিঃসন্দেহেই প্রচার করা চলে। ভারতের দ্রুত শিল্পোন্নতি সাধন সম্পর্কে গ্রেট বৃটেনের মনোভাবেরও নির্দ্দিষ্ট এবং মৌলিক পরিবর্ত্তনের প্রয়োজন। এই সঙ্গে মার্কিণ যুক্ত-রাষ্ট্রের আর্থিক ও যন্ত্রপাতি-সম্পর্কিত সহায়তা সংযোজিত হওয়া আবশ্যক।

বর্ত্তমানে কৃষি ভারতের শ্রেষ্ঠ সম্পদ, অথচ কৃষি

কার্য্যের অবস্থা সন্তোষজনক নয়। এই জন্য ভারতের এইরূপ শিল্পোন্নতির আরও বেশী প্রয়োজন। ভারতে ৩২৫ মিলিয়ন একর জমিতে চাষ-আবাদ হয়। উৎপন্ন ফসলের গুণের কথা ছাড়িয়া দেওয়া যাক, পরিমাণের দিক্ হইতেও এই সমস্ত জমি দূর প্রাচ্যে ও দক্ষিণ-পূর্ব্ব এসিয়ায় প্রচলিত নিতান্ত সাদাসিধা আহার্য্য-ব্যবস্থা অনুযায়ী দেশবাসীর সর্ব্বনিম্ন প্রয়োজন-মাফিক আহার্য্য দ্রব্য সরবরাহ করিতে অক্ষম।

ভারতীয় কৃষক ও যথাযোগ্যভাবে আহার্য্য বস্ত্র ও অন্যান্য কৃষিজাত দ্রব্য উৎপাদন এবং এই সকলের সুযোগ-সুবিধা অনুধাবনে সক্ষম। তাহাদের মধ্যে অন্তর্নিহিত এমন কোন দোষ-ত্রুটী নাই যে জন্য তাহাদের পক্ষে কোন দুর্লঙ্ঘ্য বাধাবিঘ্ন রহিয়াছে। কিন্তু যে পারি-পার্শ্বিক অবস্থার মধ্যে ভারতীয় কৃষক কাজ করে ও জীবন অতিবাহিত করে, তাহা এইরূপ পরিবর্ত্তনের ঘোরতর পরিপন্থী। শিক্ষার অভাব, কৃষি বিজ্ঞানের সংসামান্য প্রয়োগ এবং ভূমি রাজস্ব প্রথা কৃষি প্রগতির ঘোরতর বিরোধিতা করিতেছে। ভূমি রাজস্ব প্রথা লক্ষ লক্ষ কৃষকের জীবন দুর্ব্বহ করিয়া তুলিয়াছে। উত্তরাধিকার আইনের ফলে জমিগুলি টুকরা টুকরা হইয়া যাইতেছে। সবচেয়ে বেশী অসুবিধা ঘটাইতেছে ভারতের দ্রুতগতিতে বর্দ্ধমান জনসংখ্যা। এই সমস্ত অসুবিধার ফলে জনপ্রতি ও একর প্রতি উৎপাদনের হার দুই-ই কমিয়াছে। ফলে দেশে এমন কৃষি-সম্পদ নাই যদ্দ্বারা মানুষ স্বচ্ছন্দে জীবন যাত্রা নির্ব্বাহ করিতে পারে। ভারতবর্ষের সর্ব্বত্র দারিদ্র্য ও ব্যাধির প্রকোপ জাতীয় বিশেষত্বে পরিণত হইয়াছে।

বিগত দুই দশকে ভারতে জনসংখ্যা বাড়তির হার অসুবিধাই সৃষ্টি করিয়াছে। দেশের যাহা কিছু সুখ সুবিধা সমস্তই বার্দ্ধিত জন-সংখ্যা গ্রাস করিয়া ফেলিয়াছে। লোক-বাড়তির বর্ত্তমান হার অব্যাহত থাকিলে, কৃষিকার্য্য ও শিল্প-উদ্যমের যতই শ্রীবৃদ্ধি ঘটুক না কেন, দেশবাসী তেমন সম্পদ-বৃদ্ধি যে ঘটিবে না তাহা নিঃসন্দেহেই বলা যাইতে পারে। রাজকীয় কৃষি কমিশন এ সম্বন্ধে যে সিদ্ধান্ত করিয়াছেন, এতদ্-প্রসঙ্গে তাহা স্মরণ করা দরকার। রাজকীয় কমিশন বলিয়াছেন—"দেশবাসীর সম্পদ-বৃদ্ধির জন্য আমরা যে সমস্ত প্রস্তাব করিয়াছি, তাহার দোষ খুব বেশী নয়। জমির উপর জন-সংখ্যার চাপ বৃদ্ধির ফলে যেসমস্ত অসুবিধা ঘটিবে, আমাদের প্রস্তাবোক্ত কার্য্যক্রম বড়জোর সেইগুলি ব্যাহত করিতে পারিবে। চাষীর ক্রয়শক্তি বৃদ্ধির প্রত্যেকটী দফার সঙ্গে সঙ্গে সেই অনুপাতে যদি লোক-সংখ্যা বাড়িয়া চলে, তাহা হইলে ভারতের মত বিরাট জনবহুল দেশের অধিবাসীদের কখনই জীবনযাত্রা প্রণালীর স্থায়ী উন্নতি সাধিত হইতে পারে না।

—ব্রজ গোপাল ঘোষ কর্তৃক কলিকাতা ওরিয়েন্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত।